উপনিষদাবলী।

মূল, অন্বয়, টিপ্পনী ও ভগবৎপূজ্যপাদ শ্রীমচ্ছঙ্করা-
চার্য্যকৃতভাষ্যানুযায়ী অনুবাদসহিত।

চতুর্থ খণ্ড।

(ছান্দোগ্য)

শ্রীহরিপদ চট্টোপাধ্যায়-সম্পাদিত।

বঙ্গীয়ব্রাহ্মণসভা-বিদ্যালয়াধ্যাপক—
কাব্য-ব্যাকরণ-স্মৃতি-সাংখ্য-বেদান্ততীর্থোপাধিক—
পণ্ডিত শ্রীযুক্ত নরেন্দ্রনাথ সিদ্ধান্তশাস্ত্রি-
কর্ত্তৃক সংশোধিত।

১২নং হরীতকীবাগান শাস্ত্রপ্রকাশ-কার্য্যালয়
হইতে সম্পাদককর্ত্তৃক প্রকাশিত।

অনুবাদক—
পণ্ডিত শ্রীযুক্ত সুরেশচন্দ্র কাব্যব্যাকরণতীর্থবেদান্তশাস্ত্রী।

১৩২৭। ৮৮০

নিবেদন।

উপনিষদাবলীর চতুর্থখণ্ড প্রকাশ করিতে, আমাদের নির্দ্ধারিত সময় অপেক্ষা কিছু অধিক বিলম্ব হইয়াছে। এজন্য আমরা আমাদের গ্রাহকবর্গের নিকটে অপরাধী হইয়াছি। সেই অপরাধের ক্ষমা প্রাপ্তির আশায় দুই একটী কারণ প্রদর্শন করিতে ইচ্ছা করি। প্রথমতঃ কলিকাতার বাজারে প্রায় দুই মাস কাল পর্য্যন্ত কাগজ অতিশয় দুষ্প্রাপ্য হইয়াছিল। কাগজ ও পুস্তক ব্যবসায়ীর নিকট কিংবা মুদ্রা-যন্ত্রালয়ে অনুসন্ধান করিলে আমাদের কথার সত্যতা প্রতিপন্ন হইবে। দ্বিতীয়তঃ—আমাদের উপনিষদাবলীর পূর্ব্বপ্রকাশিত তিন খণ্ডের প্রত্যেক খানির অপেক্ষা এই চতুর্থ খণ্ডের আকার ঠিক দ্বিগুণ। সেজন্যও দ্বিগুণ সময় আবশ্যক। অতএব আমাদের প্রদর্শিত উক্ত কারণ দুইটী বিচার করিয়া যদি গ্রাহকবর্গ আমাদিগকে ক্ষমা করেন, তাহা হইলে সুখী হইব। কাগজের দ্বিগুণাধিক দুর্ম্মূল্যতা সত্ত্বেও

মাত্র পুস্তকের আকার দ্বিগুণ বলিয়া আমরা এই খণ্ডের নগদ মূল্য পূর্ব্ব প্রকাশিত খণ্ডের দ্বিগুণ অর্থাৎ (২॥০) আড়াই টাকা স্থির করিলাম। কিন্তু আমাদের পূর্ব্ব প্রতিশ্রুতি অনুসারে গ্রাহকবর্গ পূর্ব্ব খণ্ডত্রয়ের ন্যায় এই দ্বিগুণ মূল্যের ও দ্বিগুণ আকারের চতুর্থখণ্ডও সেই এক টাকায় পাইবেন। অপিচ, কাগজের মূল্য উত্তরোত্তর বৃদ্ধিপ্রাপ্ত এবং দুর্ল্লভ হইলেও আমরা এই চতুর্থ খণ্ডে অন্যান্য খণ্ডের কাগজ অপেক্ষা অধিক মূল্যের উৎকৃষ্টতর কাগজ দিয়াছি, তাহা গ্রাহকবর্গ প্রত্যক্ষ করিতে পারিবেন। নিবেদন ইতি —

বিনীত সম্পাদক।

——০:*:০——

ছান্দোগ্য

অধ্যায়সূচী।

ছান্দোগ্যোপনিষৎ।

প্রথমোঽধ্যায়ঃ।

প্রথমঃ খণ্ডঃ।

ওঁ আপ্যায়ন্তু মমাঙ্গানি বাক্প্রাণশ্চক্ষুঃ শ্রোত্রমথো বলমিন্দ্রিয়াণি চ। সর্ব্বাণি সর্ব্বং ব্রহ্মোপনিষদং মাহং ব্রহ্ম নিরাকুর্য্যাং মা মা ব্রহ্ম নিরাকরোদনিরাকরণমস্ত্বনিরাকরণং মেঽস্তু তদাত্মনি নিরতে য উপনিষৎসু ধর্ম্মাস্তে ময়ি সন্তু তে ময়ি সন্তু॥ ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ॥

অনুবাদ। আমার অঙ্গসমূহ তৃপ্তিলাভ করুক; আমার বাক্, প্রাণ, চক্ষুঃ, শ্রোত্র, বল এবং ইন্দ্রিয়সমুদয় পরিতৃপ্ত হউক, সমস্ত বস্তুই ব্রহ্মস্বরূপ, অর্থাৎ ব্রহ্ম ভিন্ন কোন বস্তুর পৃথক্ সত্তা নাই, আমি

যেন ব্রহ্মকে নিরাকরণ না করি অর্থাৎ ব্রহ্ম যে আমি ইহা যেন বিস্মৃত না হই, ব্রহ্ম যেন আমাকে ত্যাগ না করেন, ব্রহ্মের প্রত্যাখ্যান নাই হউক, আমি যেন ব্রহ্মকে প্রত্যাখ্যান না করি ; আত্মাতে একাগ্রচিত্ত হইলে উপনিষৎপ্রতিপাদ্য ধর্ম্মসমূহ যেন আমাতে থাকে।

১। ওমিত্যেতদক্ষরমুদ্গীথমুপাসীতোমিতি হ্যুদ্গায়তি তস্যোপব্যাখ্যানম্।

অন্বয়ঃ। ওম্ ইত্যেতৎ অক্ষরম্ উদ্গীথম্ (উদ্গীথাবয়বত্বাৎ উদ্গীথশব্দবাচ্যম্) উপাসীত। হি (যতঃ) ওম্ ইতি [আদৌ উচ্চার্য্য] উদ্গায়তি (তস্মাৎ ওঙ্কার উদ্গীথশব্দবাচ্যঃ) তস্য (ওঙ্কারস্য) উপব্যাখ্যানম্ (এবং বিভূতিঃ এবং ফলমিত্যাদিকথনম্) [প্রবর্ত্ততে]।

অনুবাদ। ওম্ এই বর্ণটী পরমাত্মার প্রিয়তম নাম। ইহা উদ্গীথের* একটী অংশ। ইহাকে পরমাত্মার প্রতিমারূপে উপাসনা করিবে।

* সামবেদের একটী অংশের নাম উদ্গীথ।

ওঙ্কার উচ্চারণ করিয়া উদ্‌গান (সামগান) করিতে হয় বলিয়া ওঙ্কারকেই উদ্‌গীথ বলা হইয়াছে। এখন ওঙ্কারের উপাসনায় কি ফল পাওয়া যাইবে, তাহা বলা হইতেছে।

২। এষাং ভূতানাং পৃথিবী রসঃ পৃথিব্যা আপো রসোঽপামোষধয়ো রস ওষধীনাং পুরুষো রসঃ পুরুষস্য বাগ্ রসো বাচ ঋগ্ রস ঋচঃ সাম রসঃ সাম্ন উদ্গীথো রসঃ।

অন্বয়ঃ। পৃথিবী এষাং ভূতানাং (চরাচরাণাং) রসঃ (উৎপত্তিস্থিতিলয়কারণম্), আপঃ পৃথিব্যাঃ রসঃ (তত্র ওতপ্রোতত্বাদাশ্রয়ভূতঃ), ওষধয়ঃ অপাং রসঃ (তৎকার্য্যম্), পুরুষঃ (প্রাণিশরীরম্) ওষধীনাং রসঃ (কার্য্যম্, অন্নময়ত্বাৎ প্রাণিশরীরস্য) বাক্ পুরুষস্য রসঃ (সারঃ) ঋক্ (মন্ত্রাত্মকো বেদভাগঃ) বাচঃ রসঃ সাম (সামবেদঃ) ঋচঃ রসঃ (সারভূতঃ) উদ্গীথঃ(উদ্গীথাবয়ব ওঙ্কারঃ) সাম্নঃ রসঃ (সারতমঃ)।

অনুবাদ। পৃথিবী এই চরাচর ভূতসমূহের উৎপত্তি, স্থিতি ও লয়ের কারণ। এই পৃথিবী আবার জলের মধ্যে ওতপ্রোত হইয়া আছে। সেই জল

ইহতে তৃণ-লতাসমূহ উৎপন্ন হয়। উহাই আবার ভক্ষিত হইয়া জীবশরীররূপে পরিণত হয়। বাক্‌ই সেই জীবদেহের অলঙ্কার। বাকের অলঙ্কার ঋগ্‌বেদ, ঋগ্‌বেদের অলঙ্কার সামবেদ, আর এই ওঙ্কার ঐ সামবেদেরও অলঙ্কার অর্থাৎ তাহা হইতেও শ্রেষ্ঠ।

৩। স এষ রসানাং রসতমঃ পরমঃ পরার্ধ্যোঽষ্টমো যদুদ্গীথঃ।

অন্বয়ঃ। স এষঃ (পূর্ব্বপ্রকৃত-উদ্গীথাখ্য-ওঙ্কারঃ) রসানাং (উত্তরোত্তরং শ্রেষ্ঠানাং পৃথিব্যাদীনাং) রসতমঃ পরমঃ (পরমাত্মপ্রতীকত্বাৎ পরমাত্মতুল্যঃ) পরার্দ্ধ্যঃ (পরস্য ব্রহ্মণঃ অর্দ্ধং স্থানম্ অর্হতীতি পরার্দ্ধ্যঃ. ব্রহ্মাবলম্বনযোগ্যঃ) অষ্টমঃ (পৃথিব্যাদিরসসংখ্যায়াম্ অষ্টমঃ) যৎ (যঃ) উদ্গীথঃ (পূর্ব্বপ্রকৃত ওঙ্কারঃ)।

অনুবাদ। এই ওঙ্কার পর পর শ্রেষ্ঠ হইতেও শ্রেষ্ঠ হইয়া পৃথিবীপ্রভৃতি ভূতসমূহের মধ্যে সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট। ইহা পরমাত্মার প্রতিমা ও তাঁহার স্থান এবং পৃথিবীপ্রভৃতি সারভূত বস্তুসমূহের মধ্যে সংখ্যায় অষ্টম।

৪। কতমা কতমা ঋক্ কতমৎ কতমৎ সাম কতমঃ কতম উদ্গীথ ইতি বিমৃষ্টং ভবতি।

অন্বয়ঃ। কতমা কতমা ঋক্? কতমৎ কতমৎ সাম? কতমঃ কতম উদ্গীথঃ ইতি বিমৃষ্টং (বিতর্কঃ) ভবতি।

অনুবাদ। উহাদের মধ্যে ঋক্ই বা কোন্‌টী; সামই বা কোন্‌টী; আর উদ্‌গীথই বা কোন্‌টী এইরূপ সংশয় হইতেছে।

৫। বাগেব ঋক্ প্রাণঃ সাম ঋক্ ওমিত্যেতদক্ষর-মুদ্গীথস্তদ্বা এতন্মিথুনং যদ্বাক্ চ প্রাণশ্চ ঋক্ চ সাম চ।

অন্বয়ঃ। বাক্ এব ঋক্, প্রাণঃ সাম, ওমিতি এতদক্ষরম্ উদ্গীথঃ। তৎ এতৎ বৈ মিথুনং যৎ বাক্ চ প্রাণঃ চ, ঋক্ চ সাম চ।

অনুবাদ। এখন ঐ সংশয় দূর করিবার জন্য বলা হইতেছে যে, বাক্ই ঋক্, প্রাণই সাম আর "ওম্" এই বর্ণটাই উদ্‌গীথ। ঐ বাক্ ও প্রাণের মিথুনই (পরস্পর মিলন) ঋক্ ও সামের কারণ।

৬। তদেতন্মিথুনমোমিত্যেতস্মিন্নক্ষরে সংসৃজ্যতে

যদা বৈ মিথুনৌ সমাগচ্ছতঃ আপয়তো বৈ তাবন্যোন্যস্য কামম্।

অন্বয়ঃ। তদেতৎ মিথুনং (পূর্ব্বোক্তং বাক্‌প্রাণাত্মকম্) ওমিতি এতস্মিন্ অক্ষরে সংসৃজ্যতে (সম্মিলতে)। যদা বৈ মিথুনৌ (মিথুনভাবেন স্ত্রীপুরুষৌ) সমাগচ্ছতঃ [তদা] তৌ (মিথুনভাবেন সম্মিলিতৌ স্ত্রীপুরুষৌ) অন্যোন্যস্য কামম্ (অভীষ্টফলম্) বৈ আপয়তঃ (সম্পাদয়তঃ)।

অনুবাদ। পূর্ব্বে বাক্ ও প্রাণের যে মিথুনের কথা বলা হইল, তাহা এই ওঙ্কারে সম্মিলিত হয়। দেখা যায়—যখন কোন স্ত্রী ও পুরুষ পরস্পর মিথুনভাবে সম্মিলিত হয়, তখন তাহারা পরস্পরের অভিলাষ পূরণ করিয়া থাকে; সেই প্রকার ওঙ্কারও আপনার মধ্যবর্ত্তী এই বাক্ ও প্রাণের মিথুন দ্বারা স্বীয় উপাসকের অভিলাষ পূরণ করিয়া থাকেন।

৭। আপয়িতা হ বৈ কামানাং ভবতি য এতদেবং বিদ্বানক্ষরমুদ্গীথমুপাস্তে।

অন্বয়ঃ। যঃ, এতৎ (অক্ষরম্) এবং (প্রাপ্তিগুণযুক্তম্) বিদ্বান্ (জানন্) অক্ষরম্ উদ্গীথম্ (ওঙ্কারম্) উপাস্তে, [সঃ] হ বৈ কামানাম্ আপয়িতা (প্রাপকঃ) ভবতি।

অনুবাদ। যিনি ওঙ্কারকে এইরূপে জানিয়া তাহার উপাসনা করেন, তিনিই অভিলষিত ফল প্রদান করিতে পারেন।

৮। তদ্বা এতদনুজ্ঞাক্ষরং যদ্ধি কিঞ্চানুজানাত্যোমিত্যেব তদাহৈষা এব সমৃদ্ধির্যদনুজ্ঞা সমর্দ্ধয়িতা হ বৈ কামানাং ভবতি য এতদেবং বিদ্বানক্ষরমুদ্গীথমুপাস্তে।

অন্বয়ঃ। তৎ এতৎ (ওঙ্কারঃ) বৈ (এব) অনুজ্ঞাক্ষরম্ (অনুমোদনজ্ঞাপকম্ অক্ষরম্); যৎ হি কিঞ্চ অনুজানাতি তদা ওমিতি এব আহ। এষা উ এবা সমৃদ্ধিঃ, যৎ (যা) অনুজ্ঞা। যঃ, এতৎ (ওঙ্কারম্) এবং (প্রাপ্তিগুণতয়া) বিদ্বান্ (জানন্) অক্ষরম্ উদ্গীথম্ উপাস্তে [সঃ] হ বৈ কামানাং (যজমানস্য অভীষ্টানাং) সমর্দ্ধয়িতা।

অনুবাদ। ওম্ এই বর্ণটীর দ্বারা অনুমোদনও বুঝাইয়া থাকে। দেখা যায়, লোকে যখনই কিছু অনুমোদন করিয়া লয়, তখনই "ওম্" (হাঁ) এই বর্ণটি উচ্চারণ করে। এই জন্যই ইহা সমৃদ্ধির হেতু। আমরা আমাদের কাম্য বিষয় পাইবার সময় তাহা অনুমোদন করিয়া অর্থাৎ হাঁ ইহা পাইলাম

বলিয়া স্বীকার করি। যিনি ওঙ্কারকে এইরূপ সমৃদ্ধির হেতুরূপে জানিয়া তাহার উপাসনা করেন, তিনি তাঁহার যজমানকে সমৃদ্ধিযুক্ত করিতে পারেন।

৯। তেনেয়ং ত্রয়ী বিদ্যা বর্ত্ততে ওমিত্যাশ্রাবয়ত্যোমিতি শংসত্যোমিত্যুদ্গায়ত্যেতস্যৈবাক্ষরস্যাপচিত্যৈ মহিম্না রসেন।

অন্বয়ঃ। তেন (ওঙ্কারেণ) ইয়ং ত্রয়ী বিদ্যা (বেদশিক্ষা, বেদবিহিতং কর্ম্ম ইত্যর্থঃ) বর্ত্ততে। [তথাহি, সোমযাগে] ওমিতি আশ্রাবয়তি, ওমিতি শংসতি (স্তৌতি) ওমিতি উদ্গায়তি; [তৎকর্ম্ম] এতস্য অক্ষরস্য (পরমাত্মপ্রতীকস্য ওঙ্কারস্য) এব অপচিত্যৈ (পূজার্থম্) [এতস্যৈব] মহিম্না (মহত্ত্বসমুদ্ভূতেন) রসেন (হবিষা) [নিষ্পাদ্যতে]।

অনুবাদ। এই ওঙ্কার উচ্চারণ করিয়া বেদবিহিত যাগাদি ক্রিয়াসকল নিষ্পন্ন করা হয়। সেই জন্য দেখা যায়, সোমযাগে শ্রবণ, স্তবপাঠ ও সামগান সমস্তই ওঙ্কার উচ্চারণ করিয়া করিতে হয়। এই ওঙ্কার পরমাত্মার প্রতিমাস্বরূপ। ইহারই পূজার জন্য তাহার আপন মহিমা হইতে সমুদ্ভূত ঘৃতের দ্বারা যাগাদি ক্রিয়া নিষ্পন্ন হইয়া থাকে।

১০। তেনোভৌ কুরুতে যশ্চৈতদেবং বেদ যশ্চ ন বেদ। নানা তু বিদ্যা চাবিদ্যা চ যদেব বিদ্যয়া করোতি শ্রদ্ধয়োপনিষদা তদেব বীর্য্যবত্তরং ভবতীতি খল্বেতস্যৈবাক্ষরস্যোপব্যাখ্যানং ভবতি।

ইতি প্রথমঃ খণ্ডঃ।

অন্বয়ঃ। উভৌ তেন (ওঙ্কারেণ) [কর্ম্ম] কুরুতঃ। যশ্চ এবং (যথাযথম্) যশ্চ ন বেদ। তু (পূর্ব্বপক্ষং ব্যাবর্ত্তয়তি) বিদ্যা চ অবিদ্যা চ নানা (পরস্পরভিন্না)। বিদ্যয়া (বিজ্ঞানেন), শ্রদ্ধয়া, উপনিষদা (যোগেন) [যুক্তঃ সন্] যৎ এব [কর্ম্ম] করোতি, তৎ এব বীর্য্যবত্তরম্ (অবিদ্যাবতঃ কর্ম্মণোঽতিশয়েন ফলবত্তরম্) ভবতি, ইতি খলু এতস্য অক্ষরস্য (ওঙ্কারস্য) উপব্যাখ্যানম্ (ব্যাখ্যা, গুণকথনম্) ভবতি।

অনুবাদ। যিনি ওঙ্কারকে এইরূপে জানেন, আর যিনি জানেন না, তাঁহারা উভয়েই যাগাদি কর্ম্ম করিয়া থাকেন। কিন্তু এই জানা আর না জানার মধ্যে পার্থক্য আছে; যিনি জানিয়া যুক্তি ও বিশ্বাসের সহিত কর্ম্ম করেন, তিনিই অধিকতর ফল লাভ করেন। ইহাই ওঙ্কারের মাহাত্ম্য।

প্রথম খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

দ্বিতীয়ঃ খণ্ডঃ।

১। দেবাসুরা হ বৈ যত্র সংযেতিরে উভয়ে প্রাজাপত্যাস্তদ্ধ দেবা উদ্গীথমাজহ্রুরনেনৈনানভিভবিষ্যাম ইতি।

অন্বয়ঃ। প্রাজাপত্যাঃ (প্রজাপতেঃ জ্ঞানকর্ম্মাধিকৃতপুরুষস্য অপত্যানি) হ বৈ উভয়ে দেবাসুরাঃ (সাত্ত্বিক্য ইন্দ্রিয়বৃত্তয়ো দেবাঃ, রজস্তমোময্য ইন্দ্রিয়বৃত্তয়োঽসুরাঃ) যত্র (পরস্পরবিষয়াপহাররূপে যস্মিন্ নিমিত্তে) সংযতিরে (সংগ্রামং কৃতবন্তঃ) তৎ (তত্র) হ দেবাঃ, অনেন এনান্ অভিভবিষ্যামঃ, ইতি উদ্গীথং (উদ্গাত্রং কর্ম্ম) আজহ্রুঃ।

অনুবাদ। যিনি জ্ঞানী এবং কর্ম্মী, তাঁহার সাত্ত্বিক ইন্দ্রিয়বৃত্তিগুলির সহিত রাজসিক ও তামসিক ইন্দ্রিয়বৃত্তির পরস্পর বিরোধ উপস্থিত হয়। ইহারই নাম দেবাসুরের সংগ্রাম। ইহা প্রত্যেক মানুষের দেহে অনাদিকাল হইতে চলিয়া আসিতেছে। যুদ্ধকালে দেবতারা অর্থাৎ মানুষের সাত্ত্বিকপ্রবৃত্তিগুলি "আমরা ইহার দ্বারা এই অসুরদিগকে পরাভূত করিব" বলিয়া জ্যোতিষ্টোমপ্রভৃতি যজ্ঞের অনুষ্ঠান করিয়া তাহাকে সামগান করিয়াছিলেন।

২। তে হ নাসিক্যং প্রাণমুদ্গীথমুপাসাঞ্চক্রিরে তংহাসুরাঃ পাপ্মনা বিবিধুস্তস্মাত্তেনোভয়ং জিঘ্রতি সুরভি চ দুর্গন্ধি চ পাপ্মনা হ্যেষ বিদ্ধঃ।

অন্বয়ঃ। তে (দেবাঃ) হ নাসিক্যং (নাসিকায়াং ভবং) প্রাণম্ উদ্গীথম্ (উদ্গাতারম্) উপাসাঞ্চক্রিরে। অসুরাঃ হ তং পাপ্মনা (স্বগন্ধগ্রহণসামর্থ্যাভিমানেন) বিবিধুঃ। হি (যতঃ) এষঃ (নাসিকাধিষ্ঠিতঃ প্রাণঃ) পাপ্মনা বিদ্ধঃ, তস্মাৎ তেন [লোকঃ] সুরভি চ দুর্গন্ধি চ উভয়ং জিঘ্রতি।

অনুবাদ। তাহার পর দেবতারা (মানুষের সাত্ত্বিকপ্রবৃত্তিসমূহ) ঘ্রাণেন্দ্রিয়কে উদ্গাতা (সামগাতা) মনে করিয়া উপাসনা করিয়াছিলেন; কিন্তু অসুরেরা (মানুষের রাজসিক ও তামসিকপ্রবৃত্তিসমূহ) তাহাকে পাপযুক্ত করিয়াছিল। ঘ্রাণেন্দ্রিয় পাপযুক্ত হইয়াছিল বলিয়াই লোকে তাহার দ্বারা সুগন্ধ ও দুর্গন্ধ উভয়ই গ্রহণ করে।

৩। অথ হ বাচমুদ্গীথমুপাসাঞ্চক্রিরে তাংহাসুরাঃ পাপ্মনা বিবিধুস্তস্মাত্তয়োভয়ং বদতি সত্যং চানৃতং চ পাপ্মনা হ্যেষা বিদ্ধা।

অন্বয়ঃ। অথ হ [দেবাঃ] বাচং (বাগিন্দ্রিয়ং) উদ্গীথম্

(উদ্‌গাতারম্ উদ্‌গাতৃত্বেন ইত্যর্থঃ) উপাসাঞ্চক্রিরে। অসুরাঃ তাং হ পাপ্মনা (সুভাষণাভিমানেন) বিবিধুঃ। তস্মাৎ [লোকঃ] তয়া (বাচা) সত্যঞ্চ অনৃতঞ্চ উভয়ং বদতি ; হি এষা (বাক্) পাপ্মনা বিদ্ধা।

অনুবাদ। তাহার পর দেবতারা বাগিন্দ্রিয়কে উদ্‌গাতা বলিয়া উপাসনা করিয়াছিলেন; কিন্তু অসুরেরা তাহাকে পাপযুক্ত করিয়াছিল। বাগিন্দ্রিয় পাপযুক্ত হইয়াছিল বলিয়াই লোকে তাহার দ্বারা সত্য ও মিথ্যা উভয়ই বলিয়া থাকে।

৪। অথ হ চক্ষুরুদ্গীথমুপাসাঞ্চক্রিরে তদ্ধাসুরাঃ পাপ্মনা বিবিধুস্তস্মাত্তেনোভয়ং পশ্যতি দর্শনীয়ং চাদর্শনীয়ং চ পাপ্মনা হ্যেতদ্বিদ্ধম্।

অন্বয়ঃ। অথ [দেবাঃ] হ চক্ষুঃ উদ্গীথম্ (উদ্‌গাতৃত্বেন) উপাসাঞ্চক্রিরে। অসুরাঃ হ তৎ (চক্ষুঃ) পাপ্মনা (সুদর্শনাভিমানেন) বিবিধুঃ। তস্মাৎ [লোকঃ] তেন (চক্ষুষা) দর্শনীয়ঞ্চ অদর্শনীয়ঞ্চ উভয়ম্ পশ্যতি ; হি এতৎ পাপ্মনা বিদ্ধম্।

অনুবাদ। তাহার পর দেবতারা দর্শনেন্দ্রিয়কে উদ্‌গাতা বলিয়া উপাসনা করিয়াছিলেন;

কিন্তু অসুরেরা তাহাকে পাপযুক্ত করিয়াছিল। দর্শনেন্দ্রিয় পাপযুক্ত হইয়াছিল বলিয়াই লোকে তাহার দ্বারা ভাল মন্দ উভয়ই দেখিয়া থাকে।

৫। অথ হ শ্রোত্রমুদ্গীথমুপাসাঞ্চক্রিরে তদ্ধাসুরাঃ পাপ্মনা বিবিধুস্তস্মাত্তেনোভয়ং শৃণোতি শ্রবণীয়ং চাশ্রবণীয়ং চ পাপ্মনা হ্যেতদ্বিদ্ধম্।

অন্বয়ঃ। অথ [দেবাঃ] শ্রোত্রম্ উদ্গীথম্ উপাসাঞ্চক্রিরে। অসুরাঃ হ তৎ পাপ্মনা (প্রিয়শব্দগ্রহণাভিমানেন) বিবিধুঃ। তস্মাৎ [লোকঃ] তেন শ্রবণীয়ং চ অশ্রবণীয়ং চ উভয়ং শৃণোতি হি এতৎ পাপ্মনা বিদ্ধম্।

অনুবাদ। তাহার পর দেবতারা শ্রবণেন্দ্রিয়কে উদ্গাতা বলিয়া উপাসনা করিয়াছিলেন; কিন্তু অসুরেরা তাহাকে পাপযুক্ত করিয়াছিল। শ্রবণেন্দ্রিয় পাপযুক্ত হইয়াছিল বলিয়াই লোকে তাহার দ্বারা ভাল মন্দ উভয়ই শুনিয়া থাকে।

৬। অথ হ মন উদ্গীথমুপাসাঞ্চক্রিরে তদ্ধাসুরাঃ

পাপ্মনা বিবিধুস্তস্মাত্তেনোভয়ং সঙ্কল্পয়তে সঙ্কল্পনীয়ং চাসঙ্কল্পনীয়ং চ পাপ্মনা হ্যেতদ্বিদ্ধম্।

অন্বয়ঃ। অথ [দেবাঃ] মনঃ উদ্গীথম্ উপাসাঞ্চক্রিরে। অসুরাঃ হ তৎ পাপ্মনা (দুশ্চিন্তনাত্মামানেন) বিবিধুঃ। তস্মাৎ [লোকঃ] তেন সঙ্কল্পনীয়ং চ অসঙ্কল্পনীয়ং চ উভয়ং সঙ্কল্পয়তে; হি এতৎ পাপ্মনা বিদ্ধম্।

অনুবাদ। তাহার পর দেবতারা মনকে উদ্গাতা বলিয়া উপাসনা করিয়াছিলেন; কিন্তু অসুরেরা তাহাকে পাপযুক্ত করিয়াছিল। মন পাপযুক্ত হইয়াছিল বলিয়াই লোকে তাহার দ্বারা ভাল মন্দ উভয়ই কল্পনা করে।

৭। অথ হ য এবায়ং মুখ্যঃ প্রাণস্তমুদ্গীথমুপাসাঞ্চক্রিরে তংহাসুরা ঋত্বা বিদধ্বংসুর্যথাশ্মানমাখণমৃত্বা বিধ্বংসেৎ।

অন্বয়ঃ। অথ হ [দেবা.] যঃ এব অয়ং মুখ্যঃ প্রাণঃ, তম্ উদ্গীথম্ উপাসাঞ্চক্রিরে। [লোষ্টাদিকম্] যথা আখণং (খননাযোগ্যম্) অশ্মানং প্রস্তরং ঋত্বা (লব্ধা) বিধ্বংসেত, [তথা] অসুরাঃ হ তম্ ঋত্বা বিদধ্বংসুঃ।

অনুবাদ। তাহার পর দেবতারা প্রাণকেই উদ্গাতা বলিয়া উপাসনা করিয়াছিলেন। মৃত্তিকাখণ্ড যেমন দুর্ভেদ্য পাষাণ গাত্রে প্রতিহত হইয়া চূর্ণ হইয়া যায় অসুরেরাও তেমনই এই প্রাণে প্রতিহত হইয়া বিধ্বস্ত হইল।

৮। এবং যথাশ্মানমাখণমৃত্বা বিধ্বংসত এবং হৈব স বিধ্বংসতে য এবংবিদি পাপং কাময়তে যশ্চৈনমভিদাসতি স এষোশ্মাখণঃ।

অন্বয়ঃ। এবং যথা [লোষ্টানিকম্] আখণং (খননযোগ্যং) অশ্মানং (পাষাণং) ঋত্বা (প্রাপ্য) বিধ্বংসেত, এবং হ এব সঃ বিধ্বংসতে, যঃ এবংবিদি (প্রাণশুদ্ধতাভিজ্ঞে) পাপং কাময়তে, যঃ চ এনম্ অভিদাসতি (হিনস্তি), (যতঃ) সঃ এষঃ (প্রাণবিৎ) আখণঃ অশ্মা (প্রস্তরবৎ অভেদ্যঃ সঞ্জাতঃ)

অনুবাদ। মৃত্তিকাখণ্ড যেমন দুর্ভেদ্য পাষাণ গাত্রে প্রতিহত হইয়া চূর্ণ হয়, সেইরূপ যিনি প্রাণকে জানিয়াছেন—তাঁহার উপর যে পাপাচরণ করে, তাঁহাকে যে হিংসা করে, সে বিধ্বংস হয়,

কারণ তিনি প্রাণকে জানিয়া পাষাণের ন্যায় স্বয়ং দুর্ভেদ্য হইয়াছেন।

৯। নৈবৈতেন সুরভি ন দুর্গন্ধি বিজানাত্যপহতপাপ্মা হ্যেষ তেন যদশ্নাতি যৎ পিবতি তেনেতরান্ প্রাণানবত্যেতমু এবান্ততোঽবিত্বোৎক্রামতি ব্যাদদাত্যেবান্তত ইতি।

অন্বয়ঃ। [লোকঃ] এতেন (মুখ্যেন প্রাণেন) সুরভি দুর্গন্ধি ন এব বিজানাতি; হি এষঃ অপহতপাপ্মা (বিশুদ্ধঃ); [লোকঃ] তেন (প্রাণেন) যৎ অশ্নাতি, যৎ পিবতি, তেন (অশিতেন পীতেন চ) ইতরান্ প্রাণান্ (ঘ্রাণাদীন্) অবতি (পালয়তি) উ (বিতর্কে। অন্ততঃ (অন্তে, মরণকালে) এতম্ এব (মুখ্যং প্রাণম্, অর্থাৎ তস্য স্থিতিহেতু অন্নপানে) অবিত্বা (অপ্রাপ্য) [ঘ্রাণাদিপ্রাণসমুদায়ঃ] উৎক্রামতি। ইতি (অস্মাৎ) অন্ততঃ (মরণকালে) [লোকঃ] ব্যাদদাতি (মুখবিদারণং করোতি) এব।

অনুবাদ। এই প্রাণ পাপহীন বিশুদ্ধ বলিয়া লোকে ইহার দ্বারা সুগন্ধ বা দুর্গন্ধ কিছুই অনুভব করিতে পারে না। লোকে তাহার দ্বারা যাহা কিছু ভোজন বা পান করে, তাহাতে ঘ্রাণাদি

ইন্দ্রিয়গণ পরিপুষ্ট হয়; কিন্তু মৃত্যুকালে লোকে প্রাণের দ্বারা কিছু ভোজন বা পান করে না বলিয়াই ঘ্রাণাদি ইন্দ্রিয়গণ শরীর হইতে চলিয়া যায়, এই জন্যই লোকে মরিবার সময় মুখ বিস্ফারিত করিয়া মরে।

১০। তং হাঙ্গিরা উদ্গীথমুপাসাঞ্চক্রে এবাঙ্গিরসং মন্যন্তেঽঙ্গানাং যদ্রসঃ।

অন্বয়ঃ। অঙ্গিরাঃ হ তম্ (প্রাণং) উদ্গীথম্ (উদ্গাতৃত্বেন) উপসাঞ্চক্রে, [ঋষয়ঃ] এতম্ উ এব (প্রাণমেব) আঙ্গিরসং মন্যন্তে; যৎ (যস্মাৎ) [সঃ প্রাণঃ] অঙ্গানাং রসঃ (সারঃ)।

অনুবাদ। অঙ্গিরা এই প্রাণকেই উদ্গাতা বলিয়া উপাসনা করিয়াছিলেন। প্রাণই অঙ্গসমূহের মধ্যে শ্রেষ্ঠ বলিয়া ঋষিরা ইহাকেই অঙ্গিরা বলিয়া মনে করিয়া থাকেন।

১১। তেন তং হ বৃহস্পতিরুদ্গীথমুপাসাঞ্চক্র এতমু এব বৃহস্পতিং মন্যন্তে বাগ্‌ঘি বৃহতী তস্যা এষ পতিঃ।

অন্বয়ঃ। তেন (হেতুনা) বৃহস্পতিঃ হ তম্ উদ্গীথম্ উপাসাঞ্চক্রে। [ঋষযঃ] এতম্ (প্রাণম্) উ এব বৃহস্পতিং মন্যন্তে। হি বাক্ বৃহতী, এষঃ (প্রাণঃ) তস্যাঃ পতিঃ।

অনুবাদ। সেইজন্য বৃহস্পতি প্রাণকেই উদ্গাতা বলিয়া উপাসনা করিয়াছিলেন। বৃহৎ এই শব্দে বাক্‌ই বুঝাইয়া থাকে এবং এই প্রাণই সেই বাক্যের পতি অর্থাৎ প্রভু বলিয়া ঋষিরা ইহাকেই বৃহস্পতি বলেন।

১২। তেন তংহায়াস্য উদ্গীথমুপাসাঞ্চক্র এতমু এবায়াস্যং মন্যন্ত আস্যাদ্ যদয়তে।

অন্বয়ঃ। তেন আয়াস্যং হ তম্ উদ্গীথতম্ উপাসাঞ্চক্রে যৎ (যঃ) আস্যাৎ অয়তে (নিগচ্ছতি) এতম্ উ এব [ঋষয়ঃ] আয়াস্যং মন্যন্তে।

অনুবাদ। সেইজন্য আয়াস্য ঋষি প্রাণকেই উদ্গাতা বলিয়া উপাসনা করিয়াছিলেন। মুখ হইতে নির্গত হয় বলিয়া ঋষিরা ইহাকেই আয়াস্য বলেন।

১৩। তেন তংহ বকো দাল্‌ভ্যো বিদাঞ্চকার।

সহ নৈমিষীয়ানামুদ্গাতা বভূব স হ স্মৈভ্যঃ কামানা—গায়তি।

অন্বয়ঃ। দাল্‌ভ্যঃ (দল্‌ভপুত্রঃ) বকঃ হ তং (প্রাণং) তেন (পূর্ব্বোক্তগুণযোগেন) বিদাঞ্চকার নৈমিষীয়ানাং [ঋষীণাম্] উদ্গাতা (সামগাতা) বভূব। সঃ হ (বকঃ) এভ্যঃ (ঋষিভ্যঃ) কামান্ আগায়তি স্ম (গীতবান্)।

অনুবাদ। দল্‌ভের পুত্র বক নামে এক ঋষিও প্রাণকে ঐ সকল গুণে গুণবান্‌রূপে জানিয়াছিলেন। সেইজন্য নৈমিষারণ্যবাসী ঋষিদিগের নিকট সামগান করিয়া তাঁহাদের অভিলাষপূরণে সমর্থ হইয়াছিলেন।

১৪। আগাতা হ বৈ কামানাং ভবতি য এতদেবং বিদ্বানক্ষরমুদ্গীথমুপাস্ত ইত্যধ্যাত্মম্।

ইতি দ্বিতীয়ঃ খণ্ডঃ।

অন্বয়ঃ। সঃ, এবং বিদ্বান্ এতৎ (এতং প্রাণং) উদ্গীথম্ অক্ষরং উপাস্তে, [সঃ] বৈ কামানাং আগাতা (সম্যগাগায়কঃ) ভবতি হ ইতি অধ্যাত্মম্ (উদ্গীথোপাসনমিতি শেষঃ)।

অনুবাদ। যিনি প্রাণকে এই সকল গুণে গুণবান্ জানিয়া তাহাকেই সামগাতা বলিয়া উপাসনা করেন, তিনিই সকলের কামনাপূরণে সমর্থ হন। ইহাই ওঙ্কারের অধ্যাত্ম উপাসনা।

দ্বিতীয় খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

তৃতীয়ঃ খণ্ডঃ।

১। অথাধিদৈবতং য এবাসৌ তপতি তমুদ্গীথমুপাসীতোদ্যন্বা এষ প্রজাভ্য উদ্গায়তি উদ্যংস্তমোভয়মপহন্ত্যপহন্তা হ বৈ ভয়স্য তমসো ভবতি য এবং বেদ।

অন্বয়ঃ। অধিদৈবতম্ (দেবতাবিষয়কম্ উদ্গীথোপাসনম্ আরভ্যতে); যঃ এব অসৌ তপতি, তম্ উদ্গাতৃত্বেন) উপাসীত। এষঃ উদ্যন্ বৈ প্রজাভ্যঃ (জীবেভ্যঃ) উদ্গায়তি (অন-

হিতার্থম্ উদ্‌গাতা ইব উদ্‌গায়তি) ; উদ্যন্ তমঃ অপহন্তি ; যঃ এবং বেদ [সঃ] ভয়স্য তমসঃ (চ) অপহন্তা ভবতি।

অনুবাদ। এখন দেবতাবিষয়ক উদগীথ উপাসনার কথা আরম্ভ করা হইতেছে। যিনি জগতে উত্তাপ প্রদান করেন, সেই সূর্য্যকে সামগাতা বলিয়া উপাসনা করিবে। সামগাতা যেমন সামগান করিয়া জীবের অন্ন উৎপাদিত করেন, ইনিও তেমনই স্বীয় উদয়ের দ্বারা জীবের অন্ন বিধান করিতেছেন বলিয়া ইহাঁকেও সামগাতা বলিয়া মনে করা হয়। সূর্য্য উদিত হইয়া জগতের ভয় ও অন্ধকার নষ্ট করেন। যিনি তাঁহাকে ঐ রূপে জানেন, তিনিও নিজের জন্ম, মরণ, ভয় ও অজ্ঞানান্ধকারকে নষ্ট করিতে সমর্থ হন।

২। সমান উ এবায়ং চাসৌ চোষ্ণোঽয়মুষ্ণোঽসৌ স্বর ইতীমমাচক্ষতে স্বর ইতি প্রত্যাস্বর ইত্যমুং তস্মাদ্বা এতমিমমমুং চোদ্গীথমুপাসীত।

অন্বয়ঃ। অয়ং (প্রাণঃ) চ অসৌ (আদিত্যঃ) চ সমানঃ উ (এব)। [যতঃ] অয়ং চ উষ্ণঃ, অসৌ চ উষ্ণঃ, (অবয়ঃ) ইমং

(প্রাণং) স্বরঃ (গতিশীলঃ) ইতি আচক্ষতে। অমুং (সূর্য্যং) চ স্বরঃ (অস্তমিতঃ) ইতি প্রত্যাস্বরঃ (প্রত্যুদিতঃ) (ইতি চ আচক্ষতে) তস্মাৎ বৈ এতম্ ইমম্ (প্রাণম্) অমুং (সূর্য্যম্) উদ্গীথম্ উপাসীত।

অনুবাদ। এই প্রাণ এবং ঐ সূর্য্য উভয়েই সমানগুণসম্পন্ন। কারণ প্রাণও উষ্ণ, সূর্য্যও উষ্ণ। মৃত্যুকালে প্রাণ দেহ হইতে বহির্গত হইয়া আর ফিরিয়া আসে না বলিয়া প্রাণকে কেবল "স্বর" অর্থাৎ গতিশীল বলা হয়। সূর্য্য অস্তমিত হইয়া পুনর্ব্বার উদিত হন বলিয়া তাঁহাকে স্বর ও প্রত্যাস্বর দুই বলা হয়। সেই জন্য এই প্রাণ এবং ঐ সূর্য্য উভয়কেই সামগাথা বলিয়া উপাসনা করিবে।

৩। অথ খলু ব্যানমেবোদ্গীথমুপাসীত যদ্বৈ প্রাণিতি স প্রাণো যদপানিতি সোঽপানোঽথ যঃ প্রাণাপানয়োঃ সন্ধিঃ স ব্যানো যো ব্যানঃ সা বাক্ তস্মাদপ্রাণন্ননপানন্বাচমভিব্যাহরতি।

অন্বয়ঃ। অথ (প্রকারান্তরং সূচয়তি) খলু [লোকঃ] ব্যানং (প্রাণবৃত্তিবিশেষম্) উদ্গীথম্ উপাসীত। [পুরুষঃ] যৎ

প্রাণিতি (মুখনাসিকাভ্যাং বায়ুং বহির্নিঃসারয়তি) সঃ প্রাণঃ (বায়ুবৃত্তিবিশেষঃ)। [পুরুষঃ] যৎ অপানিতি (মুখনাসিকাভ্যাম্ অন্তরাকর্ষতি বায়ুম্) সঃ অপানঃ। অথ সঃ প্রাণাপানয়োঃ সন্ধিঃ (তয়োঃ অন্তরাবৃত্তিবিশেষঃ) সঃ ব্যানঃ। যঃ ব্যানঃ সা বাক্। তস্মাৎ অপ্রাণন্ অনপানন্ (তয়োর্ব্যাপারমকুর্বন্) [পুরুষঃ] বাচম্ অভিব্যাহরতি (উচ্চারয়তি)।

অনুবাদ। এখন ওঙ্কারের অন্য প্রকার উপাসনার কথা বলা হইতেছে। শ্রুতি বলিতেছেন— প্রাণের বৃত্তিবিশেষ ব্যানকেই ওঙ্কাররূপে উপাসনা করিবে। লোকে প্রাণরক্ষার জন্য বাহিরের বাতাসকে ভিতরে গ্রহণ ও ভিতরের দূষিত বাতাসকে বাহিরে পরিত্যাগ করে। ইহা একপ্রকার বায়ুরই ক্রিয়ায় হইয়া থাকে। বায়ুর এই দুই প্রকার ক্রিয়াকে যথাক্রমে অপান ও প্রাণ বলে। এই প্রাণ ও অপানের মধ্যে বায়ুর যে আর এক প্রকারের ক্রিয়া হয়, তাহাকেই ব্যান বলে। বায়ুর এই ক্রিয়ার দ্বারাই লোকে কথা কহিতে সমর্থ হয়। কারণ দেখা যায়, লোকে কথা কহিবার সময় নিশ্বাসগ্রহণ বা ত্যাগ কিছুই করে না।

৪। যা বাক্সাঋক্ তস্মাদপ্রাণন্নপানন্নৃচমভি-ব্যাহরতি যা ঋক্ তৎ সাম তস্মাদপ্রাণন্নপানন্ সাম গায়তি যৎ সাম স উদ্গীথস্তস্মাদপ্রাণন্নপানন্নুদ্গায়তি।

অন্বয়ঃ। যা বাক্ সা ঋক্ ; তস্মাৎ [পুরুষঃ] অপ্রাণন্ অনপানন্ (তয়োঃ ক্রিয়াম্ অকুর্ব্বন্) ঋচম্ অভিব্যাহরতি। যা ঋক্ তৎ সাম ; তস্মাৎ অপ্রাণন্ অনপানন্ সাম গায়তি। যৎ সাম, সঃ উদ্গীথঃ—তস্মাৎ অপ্রানন্ অনপানন্ চ উদ্গায়তি।

অনুবাদ। লোকে যেরূপ বাক্য উচ্চারণ করিবার সময় বায়ুর প্রাণ ও অপান ক্রিয়াকে রুদ্ধ করিয়া তাহার ব্যাননামক ক্রিয়ারই সাহায্য গ্রহণ করে, ঋগ্বেদ পাঠ করিবার সময়ও সেইরূপ করিয়া থাকে ; তাই ঋগ্বেদও একপ্রকার বাক্যবিশেষ। সামবেদ ঋগ্বেদেরই অন্তর্ভুক্ত। উদ্গীথ আবার ঐ সামবেদেরই এক অংশ, ইহাদেরও উচ্চারণের সময় কেবল ব্যানেরই সাহায্য আবশ্যক হয়।

৫। অতো যান্যন্যানি বীর্য্যবন্তি কর্ম্মাণি যথাগ্নের্ম্মন্থনমাজেঃ সরণং দৃঢ়স্য ধনুষ আযমনমপ্রাণন্নপানংস্তানি করোত্যেতস্য হেতোর্ব্যানমেবোদ্গীথমুপাসীত।

অন্বয়ঃ। অতঃ (বাক্যোচ্চারণাদিরূপাৎ) অন্যানি যানি বীর্য্যবন্তি কর্ম্মাণি [সন্তি] যথা অগ্নেঃ মন্থনম্, আজেঃ (লক্ষ্যসীমায়াঃ যুদ্ধভূমের্বা) সরণং (ধাবনম্) দৃঢস্য ধনুষঃ আয়মনম্ (আনমনম্) তানি [পুরুষঃ] অপ্রাণন্ অনপানন্ চ করোতি, এতস্য হেতোঃ ব্যানম্ এব উদগীথম্ উপাসীতম্।

অনুবাদ। কেবল যে বাক্যপ্রভৃতি উচ্চারণ করিতেই ব্যানের সাহায্য আবশ্যক করে, তাহা নহে; ইহা ব্যতীত আরও অনেক শক্তিসাধ্য কার্য্য আছে। যেমন কাষ্ঠে কাষ্ঠে ঘর্ষণ করিয়া অগ্নি উৎপাদন, যুদ্ধভূমিতে বা লক্ষ্যস্থলের অভিমুখে দ্রুতগমন, কিংবা অতি দৃঢ় ধনুতে গুণযোজনা। এই সকল কর্ম্মও লোকে প্রাণ ও অপানক্রিয়া স্থগিত রাখিয়া কেবল ব্যানের সাহায্যেই করিয়া থাকে। এইজন্য বায়ুর প্রাণ অপানপ্রভৃতি ক্রিয়াকে ছাড়িয়া দিয়া কেবল ব্যানকেই ওঙ্কাররূপে উপাসনা করিবে।

৬। খল্বুদ্গীথাক্ষরাণ্যুপাসীতোদ্গীথ ইতি প্রাণ এবোৎপ্রাণেন হ্যুত্তিষ্ঠতি বাগ্গীর্বাচো হ গির ইত্যাচক্ষতেঽন্নং থমন্নে হীদꣳ সর্বꣳ স্থিতম্॥

অন্বয়ঃ। (অধুনা) খলু উদ্‌গীথাক্ষরাণি (উদ্‌গীথশব্দস্য অবয়বভূতান্ উদিত্যাদিবর্ণান্) উৎ—গী—থ—ইতি উপাসীত। [তত্র] প্রাণ এব—উৎ—হি (যতঃ) [সর্ব্বজীবঃ] প্রাণেণ উত্তিষ্ঠতি। [তথা] বাক্ (এব) গীঃ, হ [পণ্ডিতাঃ] বাচঃ গির ইতি আচক্ষতে। অন্নম্ [এব] থম্, হি ইদং সর্ব্বং (জগৎ) অন্নে স্থিতম্।

অনুবাদ। তাহার পর উদ্‌গীথ এই শব্দের মধ্যে যে "উৎ" "গী" ও "থ" এই তিনটী অংশ আছে, ইহাদের উপাসনা করিবে। উহাদের মধ্যে প্রাণই হইতেছে "উৎ"; কারণ সমস্ত জীবই প্রাণের দ্বারাই উত্থিত হইয়া থাকে। আর বাক্যই হইতেছে গী; কেন না, পণ্ডিতেরা বাক্যকেই "গীঃ" শব্দে ব্যবহার করিয়া থাকেন এবং অন্নই হইতেছে "থ"; কারণ অন্নেই এই জগতের স্থিতি।

৭। দ্যৌরেবোদন্তরিক্ষং গীঃ পৃথিবী থমাদিত্য এবোদ্বায়ুর্গীরগ্নিস্থং সামবেদ এবোদ্‌যজুর্ব্বেদো গীঃ ঋগ্বেদস্থং দুগ্ধেঽস্মৈ বাগ্দোহং যো বাচো দোহোঽন্নবানন্নাদো ভবতি য এতান্যেবং বিদ্বানুদ্‌গীথাক্ষরাণ্যুপাস্ত উদ্‌গীথ ইতি॥

অন্বয়ঃ। দ্যৌঃ এব উৎ, অন্তরীক্ষম্ গীঃ, পৃথিবী—থম, আদিত্যঃ এব উৎ, বায়ুঃ গীঃ অগ্নিঃ থম্, সামবেদ এব উৎ যজুর্বেদঃ গীঃ, ঋগ্‌বেদ থম্। বাক্ (সামবেদাদিবাক্যং) অস্মৈ (উপাসকায়) বাচঃ যঃ দোহঃ (বাক্যস্য যৎ ফলং) [তং] দোহং দুগ্ধে (তৎ ফলং প্রদদাতি) যঃ এবং (উক্তরূপেণ) বিদ্বান্ এতানি উদ্গীথাক্ষরাণি "উৎ × গী × থম্" ইতি উপাস্তে [সঃ] অন্নবান্ অন্নাদঃ (প্রদীপ্তজাঠরাগ্নিঃ) ভবতি।

অনুবাদ। স্বর্গই হইতেছে "উৎ", কারণ উহা লোকত্রয়ের মধ্যে সকলের উপরে অবস্থিত; আকাশ হইতেছে "গী", কারণ ইহাই পৃথিবীকে গ্রাস করিয়া রাখিয়াছে এবং পৃথিবী "থ", কেন না, ইহার উপরেই সমস্ত রহিয়াছে। আবার সূর্য্য হইতেছে "উৎ" কেন না, তিনি গ্রহাদির উপর অবস্থান করিতেছেন। বায়ুকেও "গী" বলা হয়, কারণ ইহা অগ্নিপ্রভৃতিকেও গ্রাস করে। অগ্নিকে "থ" বলা যায় কারণ যজ্ঞাদি করিতে হইলে সেখানে অগ্নিস্থাপন করিতে হয়। তেমন আবার সামবেদকে "উৎ" বলা চলে, কারণ স্বর্গেও ইহার প্রচলন আছে। যজুর্ব্বেদকে "গী" বলা চলে, কারণ ইহারই মন্ত্রপাঠ করিয়া দেবতা-

দিগকে ঘৃত প্রদান করিলে তাঁহারা তাহা ভক্ষণ করেন। আর ঋগ্‌বেদকে "থ" বলা চলে, কারণ ইহাতেই সামবেদের স্থিতি। ঐ সমস্ত বেদের অন্তর্গত বাক্যগুলি তাহার উপাসকদিগকে নানাবিধ শুভ ফল প্রদান করিয়া থাকে। যিনি এইরূপ জানিয়া "উদ্‌গীথ" এই শব্দটীর উৎ প্রভৃতি এক একটি অংশের প্রাণাদি-রূপে উপাসনা করেন, তিনি প্রচুর অন্ন পাইয়া থাকেন এবং তাঁহার জঠরাগ্নির শক্তিও খুব বৃদ্ধি পায়।

৮। অথ খল্বাশীঃ সমৃদ্ধিরুপসরণানীত্যুপাসীত যেন সাম্না স্তোষ্যন্ স্যাত্তৎ সামোপধাবেৎ॥

ব্যাখ্যা। খলু (ইদানীং) আশীঃ সমৃদ্ধিঃ (আশিষঃ কাম্য-ফলস্য সমৃদ্ধিঃ যথা ভবেৎ তদুচ্যতে)। উপসরণানি (প্রাপ্ত-ব্যানি, ধ্যেয়ানি) ইতি (ইত্থং) উপাসীত, [নাসগাতা] যেন সাম্না স্তোষ্যন্ (স্তুতিং করিষ্যন্) স্যাৎ, তৎ সাম উপধাবেৎ (উৎপত্ত্যাদিভিঃ ধর্মৈঃ চিন্তয়েৎ)।

অনুবাদ। এখন কিরূপভাবে উপাসনা করিলে অভিলাষী বস্তুর প্রচুর পরিমাণে প্রাপ্তি হইতে পারে, তাহা বলা হইতেছে। প্রাপ্য বস্তুর এইরূপ

ভাবে উপাসনা করিতে হইবে, যিনি সামগাতা, তিনি সামবেদের যে অংশটুকু উচ্চারণ করিয়া স্তব করিবেন, সেই অংশটুকুকেই উৎপত্তিপ্রভৃতি ধর্ম্মবিশিষ্টরূপে উপাসনা করিতে হইবে।

৯। যস্যামৃচি তামৃচং যদার্ষেয়ং তমৃষিং যাং দেবতামভিষ্টোষ্যন্ স্যাত্তাং দেবতামুপধাবেৎ।

ব্যাখ্যা। যস্যাং ঋচি [তৎ সাম অস্তি] তাং (ঋচং) যদার্ষেয়ং (যেন ঋষিণা দৃষ্টং তৎ সাম) তং (ঋষিং) [উদ্গাতা] তাং দেবতাম্ অভিষ্টোষ্যন্ (আভিমুখ্যেন স্তুতিং করিষ্যন্) তাং দেবতাং [চ] উপধাবেৎ (চিন্তয়েৎ)।

অনুবাদ। সামবেদের সেই অংশটুকুতে ঋক্ মন্ত্রে আছে, সেই ঋক্‌কে তাহার যিনি দ্রষ্টা সেই ঋষিকে, এবং সামগাতা যে দেবতার উদ্দেশে স্তব পাঠ করিলেন, সেই দেবতাকেও চিন্তা করিতে হইবে।

১০। যেন ছন্দসা স্তোষ্যন্ স্যাত্তচ্ছন্দ উপধাবেদ্যেন স্তোমেন স্তোষ্যমাণঃ স্যাত্তংস্তোমমুপধাবেৎ।

ব্যাখ্যা। যেন ছন্দসা (গায়ত্রীপ্রভৃতিনা), স্তোষ্যন্ স্যাৎ

তৎ ছন্দঃ উপধাবেৎ (চিন্তয়েৎ) ; যেন স্তোমেন (ত্রিবৃৎপঞ্চদশাদিসামসমূহেন) স্তোষ্যমাণঃ স্যাৎ তং স্তোমম্ উপধাবেৎ।

অনুবাদ। গায়ত্রী প্রভৃতি যে সকল ছন্দের দ্বারা সেই স্তব পাঠ করা হইবে, সেই সকল ছন্দের এবং যে কয়সংখ্যক সামের দ্বারা সেই স্তুতি করা হইবে, সেই কয়সংখ্যক সামেরও ধ্যান করিতে হইবে।

১১। যাং দিশমভিষ্টোষ্যন্ স্যাত্তাং দিশমুপধাবেৎ।

ব্যাখ্যা। যং দিশম্ অভিষ্টোষ্যন্ (অভিমুখোন স্তুতিং করিষ্যন্) স্যাৎ তাং দিশম্ উপধাবেৎ (তদধিষ্ঠাতৃদেবতাদিভিঃ চিন্তয়েৎ) । ৫৫ । ১১

অনুবাদ। যে দিকে মুখ ফিরাইয়া স্তব পাঠ করিবে, সেই দিকের যিনি দেবতা, তাঁহার সহিত তাহার (সেই দিকের) ধ্যান করিবে।

১২। আত্মানমন্তত উপসৃত্য স্তুবীত কামং ধ্যায়ন্নপ্রমত্তোঽভ্যাশো হ যদস্মৈ স কামঃ সমৃধ্যেত যৎকামঃ স্তুবীতেতি যৎকামঃ স্তুবীতেতি।

প্রথমস্য তৃতীয়ঃ খণ্ডঃ ॥

ব্যাখ্যা। অন্ততঃ (অন্তে, পূর্ব্বোক্তক্রমেণ সামাদিচিন্তনানন্তরং) কামং (অভিলষিতফলং) ধ্যায়ন্ অপ্রমত্তঃ (স্বরাদ্যুচ্চারণে অনবধানঃ সন্) আত্মানম্ (স্বরূপম্) উপসৃত্য (নামগোত্রবর্ণাশ্রমাদিভিঃ সঞ্চিন্ত্য স্তুবীত। যৎকামঃ (যঃ কামঃ অস্য সোঽয়ং যৎকামঃ) [সন্] যৎ (যত্র) স্তুবীত, সঃ (অভীষ্টঃ) কামঃ অভ্যাশঃ (ক্ষিপ্রম্) হ (এব) অস্মৈ (যথোক্তজ্ঞানবতে) সমৃধ্যেত (সমৃদ্ধিং প্রাপ্নুয়াৎ)।

অনুবাদ। পূর্ব্বে যাহার যাহার ধ্যানের কথা বলা 'হইল' সামগাতা—তাহাদিগকে ধ্যান করিবার পর নিজ নাম, গোত্র, বর্ণ ও আশ্রমাদির সহিত আপনার ও (নিজের) ধ্যান করিয়া প্রার্থিত বস্তু ধ্যান করিবেন। কিন্তু ইহা অতি সাবধান হইয়া করিতে হইবে, উচ্চারণ করিবার সময় যেন বর্ণের মধ্যে কোনরূপ গণ্ডগোল না হয়। এইরূপে সাবধানে ধ্যান করিলে যে বস্তুরই অভিলাষ করিয়া স্তুতি করিবেন, তাহাই প্রচুর পরিমাণে নিশ্চিত পাইবেন।

ইতৃতীয় খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

চতুর্থঃ খণ্ডঃ।

১। ওমিত্যেতদক্ষরমুদ্গীথমুপাসীতোমিতি হ্যুদ্‌গায়তি তস্যোপব্যাখ্যানম্ ॥

অন্বয়ঃ। উদ্গীথম্ 'ওম্' ইতি এতৎ অক্ষরম্ (ওঙ্কারম্) উদ্গীথম্ (উদ্গীথরূপেণ) উপাসীত। হি (যতঃ) "ওম্" ইতি [আদৌ] [উচ্চার্য্য] উদ্‌গায়তি (সামগানং করোতি), তস্য (ওঙ্কারস্য) উপব্যাখ্যানম্ (ব্যাখ্যা আরভ্যতে)।

অনুবাদ। ওম্-বর্ণটীর উপাসনা করিবে। ওঙ্কার উচ্চারণ করিয়া উদ্‌গান (সামগান) করিতে হয় বলিয়া ওঙ্কারকেই উদ্গীথ বলে। এখন এই ওঙ্কারের মাহাত্ম্য বলা হইবে।

২। দেবা বৈ মৃত্যোর্বিভ্যতস্ত্রয়ীং বিদ্যাং প্রাবিশংস্তে ছন্দোভিরচ্ছাদয়ন্ যদেভিরচ্ছাদয়ংস্তচ্ছন্দসাং ছন্দস্ত্বম্ ॥

ব্যাখ্যা। দেবাঃ বৈ (ঐতিহ্যে) মৃত্যোঃ (মারকাৎ পাপাৎ) বিভ্যতঃ, ত্রয়ীং বিদ্যাং (বেদবিদ্যাং, কর্ম্ম ইত্যর্থঃ) প্রাবিশন্ (আরব্ধবন্তঃ)। তে (দেবাঃ) ছন্দোভিঃ (মন্ত্রৈঃ) অচ্ছাদয়ন্ (আত্মানম্ আচ্ছাদিতবন্তঃ) যৎ (যস্মাৎ) [দেবাঃ] এভিঃ (মন্ত্রৈঃ) [আত্মানম্] অচ্ছাদয়ন্, তৎ (তস্মাৎ) ছন্দসাং (ম·াণাং) ছন্দস্ত্বম্ (ছাদনাৎ ছন্দোনামধেয়ত্বং)।

অনুবাদ। এক সময়ে দেবতারা মৃত্যুর ভয়ে ভীত হইয়া বৈদিক ক্রিয়া-কলাপের অনুষ্ঠান আরম্ভ করিয়াছিলেন। তাঁহারা মৃত্যুর ভয়ে আপনাদিগকে বৈদিক মন্ত্রের দ্বারা আচ্ছাদিত করিয়াছিলেন; সেই জন্ম বৈদিক মন্ত্রের একটী নাম "ছন্দঃ"।

৩। তান্ তত্র মৃত্যুর্যথা মৎস্যমুদকে পরিপশ্যে-দেবং পর্য্যপশ্যদৃচি সাম্নি যজুষি। তে নু বিত্বোর্দ্ধ্বা ঋচঃ সাম্নো যজুষঃ স্বরমেব প্রাবিশন্।

ব্যাখ্যা। [লোকঃ] যথা উদকে (স্বল্পজলে) [সঞ্চরন্তম্] মৎস্যং পরিপশ্যেৎ; এবং তত্র ঋচি, সাম্নি, যজুষি, [প্রবিষ্টান্] তান্ (দেবান্) উ (এব) মৃত্যুঃ পর্য্যপশ্যৎ। তে (দেবাঃ) নু (বিতর্কে) বিদিত্বা (মৃত্যুঃ তান্ পশ্যতীতি জ্ঞাত্বা) ঋচঃ, সাম্নঃ যজুষঃ উর্দ্ধ্বাঃ (তেষাং কর্ম্মভ্যঃ ব্যাবৃত্তা সন্তঃ) স্বরমেব (ওঙ্কার-মেব প্রাবিশন্।

অনুবাদ। মৎস্যেরা অল্পজলে বিচরণ করিতে থাকিলে, লোকে যেমন তাহাদিগকে দেখিতে পায়, সেইরূপ মৃত্যুও সাম, ঋক্, যজুঃ এই তিন

বেদোক্ত কর্ম্মের অনুষ্ঠানকারী দেবতাদিগকে দেখিতে পাইয়াছিলেন। দেবতারা তাহা জানিতে পারিয়া পূর্ব্বোক্ত বৈদিক কর্ম্মের অনুষ্ঠান পরিত্যাগপূর্ব্বক ওঙ্কারের উপাসনা করিতে আরম্ভ করিয়াছিলেন।

৪। যদা বা ঋচমাপ্নোত্যোমিত্যেবাতিস্বরত্যেবꣳ সামৈবং যজুরেষ উ স্বরো যদেতদক্ষরমেতদমৃতমভয়ং তৎপ্রবিশ্য দেবা অমৃতা অভয়া অভবন্।

ব্যাখ্যা। যদা বা ঋচম্ আপ্নোতি (উচ্চারয়তি) [তদা] ওম্ ইতি এব অতিস্বরতি (আদরাতিশয়েন উচ্চারয়তি) এবং সাম এবং যজুঃ (ঋগিব সামযজুষোরপি ওঙ্কারোচ্চারণপূর্ব্বক-মুচ্চারণং ভবতি); এষঃ স্বরঃ—যৎ এতৎ অমৃতম্, অভয়ম্, অক্ষরম্ (ওঙ্কারঃ); তৎ (অক্ষরম্) প্রবিশ্য (আশ্রিত্য) [দেবাঃ] অমৃতাঃ অভয়াঃ অভবন্।

অনুবাদ। লোকে যখন ঋক্, সাম বা যজুর্ব্বেদোক্ত মন্ত্র পাঠ করে, তখন তাহার পূর্ব্বে অতি আদরের সহিত একবার ওঙ্কার উচ্চারণ করিয়া থাকে। এই ওঙ্কারকেই "স্বর" বলা হয়। ইহা অমৃত এবং অভয়। কারণ দেবতারা ইহাকেই আশ্রয় করিয়া অমৃত এবং অভয় হইয়াছেন।

৫। স য এতদেবং বিদ্বানক্ষরং প্রণৌত্যেতদেবাক্ষরংস্বরমমৃতমভয়ং প্রবিশতি তৎপ্রবিশ্য যদমৃতা দেবাস্তদমৃতো ভবতি।

ইতি চতুর্থঃ খণ্ডঃ ॥

ব্যাখ্যা। সঃ যঃ (অন্যোঽপি কশ্চিৎ) এতৎ (ওঙ্কারম্) এবং (অমৃতাভয়গুণকং) বিদ্বান্ প্রণৌতি (উপাস্তে) [সঃ] এতৎ এব স্বরম্ (স্বরশব্দাভিহিতং) অমৃতম্, অভয়ম্, অক্ষরম (ওঙ্কারং) প্রবিশতি। তৎ (অক্ষরং) প্রবিশ্য দেবাঃ যদমৃতাঃ (যেন রূপেণ অমরাঃ) [বভূবুঃ] তদমৃতঃ তেন রূপেণ অমরঃ) ভবতি।

অনুবাদ। যে কেহ এইরূপ জানিয়া ওঙ্কারের উপাসনা করেন, তিনিই সেই অমৃত, অভয়স্বরূপ "স্বর" ওঙ্কারের মধ্যে আশ্রয় পান। তাহার মধ্যে প্রবেশ করিয়া দেবতারা যেরূপে অমৃত হইয়াছিলেন, তাঁহারাও সেইরূপে অমৃত অর্থাৎ মরণহীন হন।

চতুর্থ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

পঞ্চমঃ খণ্ডঃ।

১। অথ খলু য উদ্গীথঃ স প্রণবো যঃ প্রণবঃ স উদ্গীথ ইত্যসৌ বা আদিত্য উদ্গীথ এষ প্রণব ওমিতি হ্যেষ স্বরন্নেতি।

ব্যাখ্যা। অথ (অনন্তরং) খলু যঃ উদ্গীথঃ, সঃ প্রণবঃ; যঃ প্রণবঃ স উদ্গীথঃ ইতি অসৌ আদিত্যঃ বৈ (এব) উদ্গীথঃ এষঃ প্রণবঃ। হি (যতঃ) এষঃ (সূর্য্যঃ) ওম্ ইতি স্বরন্ (উচ্চারয়ন্ গচ্ছন্ বা) এতি [অথঃ অসৌ সূর্য্য উদ্গীথঃ]।

অনুবাদ। এখন আবার অন্যপ্রকারে ওঙ্কার উপাসনার কথা বলা হইতেছে। ছান্দোগ্যে যাহাকে উদ্গীথ বলে, তাহাই ঋগ্বেদের প্রণব এবং ঋগ্বেদে যাহাকে প্রণব বলে, তাহাই ছান্দোগ্যের উদ্গীথ। ঐ সূর্য্যই উদ্গীথ এবং ইনিই আবার প্রণব; কারণ এই সূর্য্য ওঙ্কার উচ্চারণ করিতে করিতেই উদিত হন।

২। এতমু এবাহমভ্যগাসিষং তস্মান্মম ত্বমেকোঽসীতি হ কৌষীতকিঃ পুত্রমুবাচ রশ্মীংস্ত্বং পর্য্যাবর্ত্তয়াদ্বহবো বৈ তে ভবিষ্যন্তীত্যধিদৈবতম্।

ব্যাখ্যা। কৌষীতকিঃ [ঋষিঃ] হ পুত্রম্ উবাচ, অহম্ তু এতম্ (রশ্মিযুক্তং সূর্য্যং) [একত্বেন] এব অভ্যগাসিষম্ (গীতবান্ অস্মি, ধ্যাতবান্ অস্মি ইত্যর্থঃ) । তস্মাৎ (একোপাসনাৎ) ত্বং মম একঃ (পুত্রঃ) অসি ইতি (অতঃ) ত্বং রশ্মীন্ পর্য্যাবর্ত্তয়াৎ (পর্য্যাবর্ত্তয়, আদিত্যং রশ্মীন্ চ পৃথক্কৃত্য চিন্তয় ;) [ততশ্চ] তে বহবঃ [পুত্রাঃ] ভবিষ্যন্তি, ইতি অধিদৈবতং দেবতাবিষয়কম্ উপাসনম্ ।

অনুবাদ। কৌষীতকি ঋষি তাঁহার পুত্রকে বলিয়াছিলেন যে, আমি সূর্য্যকে তাঁহার কিরণের সহিত অভিন্নভাবে উপাসনা করিয়াছিলাম বলিয়া তোমাকেই একমাত্র পুত্ররূপে পাইয়াছি, অতএব তুমি সূর্য্য এবং তাঁহার কিরণগুলিকে পৃথক্‌রূপে উপাসনা করিবে, তাহা হইলে তোমার অনেক পুত্র হইবে। ইহাই দেবতা-বিষয়ক উপাসনা।

৩। অথাধ্যাত্মং য এবায়ং মুখ্যঃ প্রাণস্তমুদ্গীথমুপাসীতোমিতি হ্যেষ স্বরন্নেতি ॥

ব্যাখ্যা। অথ (অনন্তরম্) অধ্যাত্মম্ (আত্মবিষয়কম্ উপা-

সনম্) [পুরুষঃ] য এব অয়ং মুখ্যঃ প্রাণঃ (পঞ্চবৃত্ত্যাত্মনঃ) তম্ (প্রাণম্) উদ্গীথম্ (উদ্গীথত্বেন) উপাসীত; হি (যতঃ) এষঃ (প্রাণঃ) ওম্ ইতি স্বরন্ (উচ্চারয়ন্, অনুজ্ঞাং কুর্ব্বন্ ইব) এতি (বাগাদিপ্রবৃত্ত্যর্থম্ আগচ্ছতি)।

অনুবাদ। এখন আত্মবিষয়ক উপাসনার কথা বলা হইতেছে। পূর্ব্বে যে মুখ্য প্রাণের কথা বলা হইয়াছে, তাহাকেই উদ্গীথরূপে উপাসনা করিবে। কারণ এই প্রাণই যেন ওঙ্কার উচ্চারণ করিয়া বাগাদি ইন্দ্রিয়দিগকে স্বস্ব কার্য্যে প্রবৃত্ত হইবার অনুমতি প্রদান করেন।

৪। এতমু এবাহমভ্যগাসিষং তস্মান্মম ত্বমেকোঽসীতি হ কৌষীতকিঃ পুত্রমুবাচ প্রাণাংস্ত্বং ভূমানমভিগায়তাদ্বহবো বৈ মে ভবিষ্যন্তীতি॥

ব্যাখ্যা। কৌষীতকিঃ [ঋষিঃ] হ পুত্রম্ উবাচ অহম্ উ এতম্ (প্রাণম্) [একত্বেন] এব অভ্যগাসিষম্ (গীতবান্ অস্মি, ধ্যাতবান্ অস্মি) তস্মাৎ (একোপাসনাৎ) ত্বং মম একঃ [পুত্রঃ] অসি ইতি ; [অতঃ] ত্বং মে বহবঃ [পুত্রাঃ] বৈ ভবিষ্যন্তি ইতি (এবমভিপ্রায়েণ) প্রাণান্ ভূমানং (বহুত্বগুণ-

যুক্তান্) [ছেদেন] অভিগায়তাৎ (আভিমুখ্যেন গানং কুরু, পৃথক্‌কৃত্য চিন্তয় ইত্যর্থঃ) ।

অনুবাদ। কৌষীতকি ঋষি তাঁহার পুত্রকে বলিয়াছিলেন যে, আমি কেবলমাত্র প্রাণকে উপাসনা করিয়াছিলাম বলিয়া তোমাকেই একমাত্র পুত্ররূপে পাইয়াছি, অতএব তুমি "আমার যেন অনেক পুত্র হয়" এই বলিয়া বহুত্বগুণযুক্ত প্রাণসমূহকে উপাসনা কর।

৫। অথ খলু য উদ্‌গীথঃ স প্রণবো যঃ প্রণবঃ স উদ্‌গীথ ইতি হোতৃষদনাদ্ধৈবাপি দুরুদ্‌গীথমনুসমাহরতীত্যনুসমাহরতীতি।

ইতি পঞ্চমঃ খণ্ডঃ ॥

ব্যাখ্যা। অথ খলু যঃ উদ্‌গীথঃ, সঃ প্রণবঃ, যঃ প্রণবঃ সঃ উদ্‌গীথঃ, ইতি [প্রণবোদ্‌গীথয়োরেকত্বদর্শনযুক্তং, তস্য ইদানীং ফলম্ উচ্যতে] হোতৃষদনাৎ (হোতৃস্থানাৎ, হোতৃকর্ম্মণঃ ইত্যর্থঃ) অপি হ দুরুদ্‌গীতম্ (দুষ্টং উদ্‌গানং কৃতং চেৎ) [উদ্‌গাতা]; [তৎ] অনুসমাহরতি (প্রতিকরোতি) দ্বিরুক্তিরাদরার্থা।

অনুবাদ। পূর্ব্বে যে "যাহাই উদ্‌গীথ,

"তাহাই প্রণব এবং যাহাই প্রণব, তাহাই উদ্‌গীথ" বলিয়া প্রণব এবং উদ্‌গীথকে এক সঙ্গে উপাসনা করিবার কথা বলা হইয়াছিল, এখন তাহার ফলের কথা বলা হইতেছে। হোতার কার্য্যে যদি কোন উচ্চারণগত দোষ ঘটে, তবে এই উপাসনায় তাহার ক্ষালন হইয়া যায়।

পঞ্চম খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

ষষ্ঠঃ খণ্ডঃ।

১। ইয়মেব ঋক্ অগ্নিঃ সাম তদেতদেতস্যা সাম্‌ন্যধ্যূঢ়ং সাম তস্মাদৃচ্যধ্যূঢ়ং সাম গীয়ত ইয়মেব সাঽগ্নিরমস্তৎ সাম।

ব্যাখ্যা। ইয়ং (পৃথিবী) এব ঋক্, অগ্নিঃ সাম; তৎ (প্রসিদ্ধঃ) এতৎ (পূর্ব্বোক্তং) সাম এতস্যাম্ (ঋচি) অধ্যূঢ়ং (প্রতিষ্ঠিতং); তস্মাৎ [সামগৈঃ] ঋচি অধ্যূঢ়ং সাম গীয়তে; ইয়ং (পৃথিবী) এব সা (সামশব্দস্য প্রথমাক্ষরঃ) অগ্নিঃ অমঃ (সামশব্দস্য শেষাক্ষরদ্বয়ং) তৎ (পৃথিব্যগ্নিদ্বয়ং) [মিলিতং সৎ] সাম।

অনুবাদ। এই পৃথিবীকে ঋগ্‌বেদ এবং অগ্নিকে সামবেদ বলিয়া জানিবে। ঐ অগ্নিরূপী সামবেদ এই পৃথিবীরূপী ঋগ্‌বেদের উপর প্রতিষ্ঠিত; সেইজন্য সামগাতারা সামকে ঋক্ মন্ত্রে প্রতিষ্ঠিত বলিয়া গান করিয়া থাকেন। এখন ঐ সামশব্দের ব্যুৎপত্তি কি তাহা বলা হইতেছে। সাম শব্দের 'সা' বলিতে পৃথিবীকে বুঝিতে হইবে এবং 'অম' বলিতে অগ্নিকে বুঝিতে হইবে। অতএব এই পৃথিবী এবং অগ্নি মিলিত হইয়া সামশব্দ গঠিত হইয়াছে।

২। অন্তরিক্ষমেব ঋক্ বায়ুঃ সাম তদেতদেতস্যা-মৃচ্যধ্যূঢ়ং সাম তস্মাদৃচ্যধ্যূঢ়ং সাম গীয়তেঽন্তরিক্ষমেব সা বায়ুরমস্তৎসাম।

ব্যাখ্যা। অন্তরিক্ষম্ এব ঋক, বায়ুঃ সাম; তৎ এতৎ (বায়ুসংজ্ঞকং) সাম এতস্যাম্ (অন্তরিক্ষরূপায়াম্) ঋচি অধ্যূঢ়ং (প্রতিষ্ঠিতং)। তস্মাৎ [সামগৈঃ] ঋচি অধ্যূঢ়ং সাম গীয়তে। অন্তরিক্ষম্ এব "সা", বায়ুঃ "অমঃ" তৎ [মিলিতং সৎ] সাম (সামশব্দঃ) [সম্পদ্যতে]।

অনুবাদ। আকাশকে ঋক্ এবং বায়ুকে

সাম বলিয়া জানিবে। এই বায়ুরূপী সাম ঐ আকাশ-রূপী ঋকে অধিষ্ঠিত হইয়া রহিয়াছে। সেইজন্য যাঁহারা সামগান করেন, তাঁহারা সামকে ঋকে অধিষ্ঠিত ভাবিয়াই গান করিয়া থাকেন। সামশব্দের "সা" বলিতে আকাশকে, "অম" বলিতে বায়ুকে বুঝাইয়া থাকে। ঐ দুইটী অংশ মিলিত হইয়া সামশব্দ গঠিত হইয়াছে।

৩। দ্যৌরেব ঋগাদিত্যঃ সাম তদেতদেতস্যামৃচ্যধ্যূঢ়ꣳসাম তস্মাদৃচ্যধ্যূঢ়ꣳ সাম গীয়তে দ্যৌরেব সাদিত্যোঽমস্তৎ সাম।

ব্যাখ্যা। দ্যৌঃ এব ঋক্, আদিত্যঃ সাম; তৎ এতৎ (আদিত্যাখ্যং) সাম, এতস্যাং (দ্যুলোকরূপায়াং) ঋচি অধ্যূঢ়ং (অধিষ্ঠিতং)। তস্মাৎ [সামগৈঃ] ঋচি অধ্যূঢ়ং (অধিষ্ঠিতং) সাম গীয়তে। দ্যৌঃ এব "সা" আদিত্যঃ "অমঃ" তৎ (অংশদ্বয়ং) [মিলিতং সৎ] সাম (সামশব্দঃ) [সম্পন্নায়তে]।

অনুবাদ। দ্যুলোককে ঋক এবং সূর্য্যকে সাম বলিয়া জানিবে। এই সূর্য্যরূপী সাম ঐ দ্যুলোকরূপী ঋকে অধিষ্ঠিত হইয়া রহিয়াছে।

সেইজন্য যাঁহারা সাম গান করেন তাঁহারা তাহাকে ঋকে অধিষ্ঠিত ভাবিয়াই করিয়া থাকেন। সামশব্দের "সা" বলিতে দ্যুলোককে এবং "অম" বলিতে সূর্য্যকে বুঝাইয়া থাকে। ঐ দুইটী অংশ মিলিত হইয়া সামশব্দটী উৎপন্ন হইয়াছে।

৪। নক্ষত্রাণ্যেব ঋক্ চন্দ্রমাঃ সাম তদেতদেতস্যামৃচ্যধ্যূঢ়ং সাম তস্মাদৃচ্যধ্যূঢ়ং সাম গীয়তে নক্ষত্রাণ্যেব সা চন্দ্রমা অমস্তৎ সাম।

ব্যাখ্যা। নক্ষত্রাণি এব ঋক্, চন্দ্রমাঃ সাম; তৎ এতৎ (চন্দ্রাখ্যং) সাম, এতস্যাং (নক্ষত্ররূপায়াং) ঋচি অধ্যূঢ়ং (অধিষ্ঠিতং)। তস্মাৎ [সামগৈঃ] ঋচি অধ্যূঢ়ং সাম গীয়তে। নক্ষত্রাণি এব "সা" চন্দ্রমাঃ "অমঃ" তৎ (অংশদ্বয়ং) [মিলিতং সৎ] সাম (সামশব্দঃ) [নিষ্পদ্যতে]।

অনুবাদ। তারকাগুলি হইতেছে ঋক্, আর ঐ চন্দ্রমা হইতেছে সাম। ঐ চন্দ্ররূপী সাম এই তারকাপুঞ্জরূপী ঋকে অধিষ্ঠিত হইয়া রহিয়াছে। সেইজন্য যাঁহারা সামগান করেন তাঁহারা তাহাকে ঋকে অধিষ্ঠিত ভাবিয়াই করেন। সামশব্দের "সা"

বলিতে তারকাগুলিকে এবং "অম" বলিতে চন্দ্রমাকে বুঝাইয়া থাকে। এই অংশ দুইটী মিলিত হইয়া সামশব্দটী উৎপন্ন হয়।

৫। অথ যদেতদাদিত্যস্য শুক্লং ভাঃ সৈব ঋগথ যন্নীলং পরঃ কৃষ্ণং তৎ সাম তদেতদেতস্যামৃচ্যধ্যূঢ়ং সাম তস্মাদৃচ্যধ্যূঢ়ং সাম গীয়তে।

ব্যাখ্যা। অথ (প্রকারান্তরং প্রচরতি) আদিত্যস্য যৎ এতৎ (পরিদৃশ্যমানং) শুক্লং ভাঃ (দীপ্তিঃ) সা (দীপ্তিঃ) এব ঋক্; অথ যৎ নীলং পরঃ কৃষ্ণম্ (অতিশয়েন কার্ষ্ণ্যং) তৎ সাম; তৎ এতৎ (সূর্য্যস্য কৃষ্ণদীপ্তিসংজ্ঞকং) সাম, এতস্যাং (শুক্লদীপ্তিরূপায়াং) ঋচি অধ্যূঢ়ং (অধিষ্ঠিতম্)। তস্মাৎ [সামগৈঃ] ঋচি অধ্যূঢ়ং সাম গীয়তে।

অনুবাদ। এখন আর এক প্রকারের উপাসনার কথা বলা হইতেছে। সূর্য্যের যে শুভ্র কিরণমালা ইহাই ঋক্, আর শাস্ত্রের আলোচনায় যাঁহাদের বুদ্ধি পরিমার্জ্জিত হইয়াছে, তাঁহারা যে ইহাতে এক প্রকার গাঢ় কৃষ্ণবর্ণের আভা দেখিতে পান, তাহাই সাম, সূর্য্যের ঐ কৃষ্ণ আভারূপী

সাম তাঁহার এই শুভ্র আভারূপী ঋকে অধিষ্ঠিত হইয়া রহিয়াছে। সেইজন্য যাঁহারা সামগান করেন, তাঁহারা তাহাকে ঋকে অধিষ্ঠিত ভাবিয়াই করেন॥

৬। অথ যদেবৈতদাদিত্যস্য শুক্লং ভাঃ সৈব সাথ যন্নীলং পরঃ কৃষ্ণং তদমস্তৎসামাথ য এষোঽন্তরাদিত্যে হিরণ্ময়ঃ পুরুষো দৃশ্যতে হিরণ্যশ্মশ্রুহিরণ্যকেশ আপ্রণখাৎ সর্ব্ব এব সুবর্ণঃ।

ব্যাখ্যা। অথ (প্রকারান্তরং প্রদর্শয়তি) আদিত্যস্য যৎ এব এতৎ (প্রসিদ্ধং) শুক্লং (শুক্লা) ভাঃ সা (ভাঃ) এব সা (সামশব্দস্য প্রথমার্দ্ধাক্ষরম্); অথ যৎ নীলং পরঃ কৃষ্ণং (অতিশয়েন কার্ষ্ণ্যং) তৎ 'অমঃ" (সামশব্দস্য দ্বিতীয়ার্দ্ধাক্ষরম্); তৎ (অংশদ্বয়ং) [মিলিতং সৎ] সাম (সামশব্দঃ) [নিষ্পদ্যতে]। অথ (প্রকারান্তরে) অন্তরাদিত্যে (সূর্য্যমণ্ডলমধ্যে) যঃ এষঃ হিরণ্ময়ঃ (সুবর্ণোজ্জ্বলঃ, জ্যোতির্ম্ময়ঃ) হিরণ্যশ্মশ্রুঃ (হিরণ্যবৎ, সুবর্ণাবৎ উজ্জ্বলশ্মশ্রুঃ) হিরণ্যকেশঃ পুরুষঃ দৃশ্যতে [যোগিভিঃ] [যস্য] আ প্রণখাৎ (নখাগ্রপর্য্যন্তম্) সর্ব্ব এব [অবয়বঃ] সুবর্ণঃ (সুবর্ণবৎ উজ্জ্বলঃ)।

অনুবাদ। সূর্য্যের যে এই শুভ্র বর্ণের আভা, ইহাই সাম শব্দের "সা", আর সেই

যে গাঢ় কৃষ্ণ আভা, তাহাই সামশব্দের "অম"; ঐ অংশ দুইটী মিলিত হইয়া সামশব্দটী সিদ্ধ হইয়াছে। আর একটী কথা, সূর্য্যমণ্ডলের মধ্যে যে একজন জ্যোতির্ম্ময় পুরুষকে দেখিতে পাওয়া যায়,—যাঁহার শ্মশ্রুগুলি, মস্তকের কেশগুলি পর্য্যন্ত—এমন কি নখগুলির অগ্রদেশ হইতে আরম্ভ করিয়া সমস্ত শরীরই সুবর্ণের মত উজ্জ্বল।

৭। তস্য যথা কপ্যাসং পুণ্ডরীকমেবমক্ষিণী তস্যোদিতি নাম স এষ সর্ব্বেভ্যঃ পাপ্মভ্য উদিত উদেতি হ বৈ সর্ব্বেভ্যঃ পাপ্মভ্যো য এবং বেদ।

ব্যাখ্যা। তস্য (সুবর্ণবর্ণস্য পূর্ব্বোক্তস্য পুরুষস্য) যথা কপ্যাসং (কপিঃ মর্কটঃ আস্যতে উপবিশ্যতে অনেন ইতি "কপ্যাসং" কপেঃ স্বভাবলোহিতং পুচ্ছাধঃস্থানম্) ইব পুণ্ডরীকং (রক্তপদ্মং) এবং (ঈদৃশং) অক্ষিণী; তস্য (পুরুষস্য) উৎ ইতি নাম [যতঃ] সঃ এষঃ (পুরুষঃ) সর্ব্বেভ্যঃ পাপ্মভ্যঃ (পাপেভ্যঃ) উদিতঃ (উত্তীর্ণঃ)। যঃ এবং বেদ সঃ সর্ব্বেভ্যঃ পাপ্মভ্যঃ উদেতি (উদ্গাচ্ছতি)।

অনুবাদ। বানরের লাঙ্গুলের অধোভাগের ন্যায় লোহিতাভ পদ্মের মত দুইটী চক্ষুঃ। ইনি

সমস্ত পাপ হইতে উর্দ্ধে অবস্থান করিতেছেন বলিয়া ইহাঁর নাম হইতেছে "উৎ"; যিনি ইহাঁকে এইরূপে জানেন, তিনিও সমস্ত পাপ হইতে উর্দ্ধে অবস্থান করেন।

৮। তস্য ঋক্ চ সাম চ গেষ্ণৌ তস্মাদুদ্গীথস্ত-স্মাত্ত্বেবোদ্গাতৈতস্য হি গাতা স এষ যে চামুষ্মাৎ পরাঞ্চো লোকাস্তেষাং চেষ্টে দেবকামানাং চেত্যধি-দৈবতম্ ॥

ইতি ষষ্ঠঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। ঋক্ চ সাম চ তস্য পুরুষস্য গেষ্ণৌ (পর্ব্বণী); তস্মাৎ [সঃ পুরুষঃ] উদ্গীথঃ (উদ্গীথবুদ্ধ্যা উপাস্যঃ); তু (পুনঃ) তস্মাৎ (পুরুষরূপোদ্গীথগানাৎ) এবঃ (তৎপাঠকঃ) উদ্গাতা (উদ্গাতৃসংজ্ঞিতঃ) [ভবতি]; হি (যতঃ) [সঃ] এতস্য (উদ্গীথপুরুষস্য) গাতা; সঃ এষঃ (উৎসংজ্ঞকঃ পুরুষঃ) যে চ অমুষ্মাৎ সূর্য্যাৎ পরাঞ্চঃ (পরবর্ত্তিনঃ, উর্দ্ধস্থাঃ) লোকাঃ, তেষাং (লোকানাং) চ (অপি) দেব-কামানাং (দেবতাভিলাষাণাং) চ (অপি) ইষ্টে (প্রভুর্ভবতি) [ন কেবলং তেষাং প্রভুতা, চ শব্দাৎ ধারয়িতা চ, জায়তে]। ইতি অধিদৈবতং (দেবতাবিষয়কম্ উদ্গীথস্বরূপম্) [কথিতম্ ইতি শেষঃ]।

অনুবাদ। ঋক্ এবং সাম এই দুই বেদ তাঁহার দুই পর্ব্ব বলিয়াই তাঁহাকে উদ্গীথরূপে উপাসনা করিবার কথা বলা হইয়াছে এবং সেই জন্যই যিনি এই পুরুষরূপী উদ্গীথের গান করেন তাঁহাকে উদ্গাতা বলা হয়। সূর্য্যমণ্ডলের উর্দ্ধে যে সমস্ত লোক আছে এবং দেবতারা যে সমস্ত বিষয়ের অভিলাষী, এই হিরণ্ময় পুরুষই তাহাদের একমাত্র প্রভু—ঈশ্বর। ইহাই উদ্গীথের দেবতা-বিষয়ক স্বরূপ।

ষষ্ঠ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

সপ্তমঃ খণ্ডঃ।

১। অথাধ্যাত্মং বাগেব ঋক্ প্রাণঃ সাম তদে-তদেতস্যামৃচ্যধ্যূঢ়ং সাম তাস্মদৃচ্যধ্যূঢ়ং সাম গীয়তে বাগেব সা প্রাণোঽমস্তৎ সাম।

ব্যাখ্যা। অথ (অনন্তরং) অধ্যাত্মম্ (দেহবিষয়কম্) [উপা-সনম্ উচ্যতে]; বাক্ (বাগিন্দ্রিয়ম্) এব ঋক্, প্রাণ সাম; তৎ এতৎ (পূর্ব্বোক্তং প্রাণরূপং) সাম, এতস্যাং (বাগ্‌রূপায়াং)

ঋচি অধ্যূঢং (অধিষ্ঠিতম্) ; তস্মাৎ ঋচি অধ্যূঢং (অধিষ্ঠিতং) সাম (সামগৈঃ) গীয়তে। বাক্ এব সা (সামশব্দস্য প্রথমার্দ্ধাক্ষরম্) প্রাণঃ অমঃ (সামশব্দস্য দ্বিতীয়ার্দ্ধাক্ষরম্) তৎ (অংশদ্বয়ং) [মিলিতং সৎ] সাম (সাম ইতি শব্দঃ নিষ্পন্নঃ)।

অনুবাদ। দেবতাবিষয়ক উপাসনার কথা বলিয়া এখন দেহবিষয়ক উপাসনার কথা বলিতেছেন; বাগিন্দ্রিয়কে ঋক্ এবং প্রাণকে সামবেদ বলিয়া মনে করিবে। এই প্রাণরূপী সাম ঐ বাগিন্দ্রিয়রূপী ঋকে অধিষ্ঠিত রহিয়াছে। সেইজন্য যাঁহারা সামগান করেন, তাঁহারা তাহাকে ঋকে স্থাপিত করিয়াই করেন। বাগিন্দ্রিয়ই "সা" আর প্রাণই "অম"। ঐ 'সা' আর 'অম,' মিলিত হইয়াই সামশব্দটী উৎপন্ন হইয়াছে।

২। চক্ষুরেব ঋগাত্মা সাম তদেতদেতস্যামৃচ্যধ্যূঢ়ং সাম তস্মাদৃচ্যধ্যূঢ়ং সাম গীয়তে চক্ষুরেব সাত্মাঽমস্তৎসাম।

ব্যাখ্যা। চক্ষুঃ এব ঋক্; আত্মা (নয়ননিপতিতপুরুষপ্রতিবিম্বঃ) সাম, তৎ এতৎ (পূর্ব্বোক্তং চক্ষুষি পুরুষপ্রতিবিম্বাত্মকং) সাম এতস্যাং (নয়নরূপায়াং) ঋচি অধ্যূঢ়ং (অধিষ্ঠিতম্),

তস্মাৎ ঋচি অধ্যূঢং সাম গীয়তে। চক্ষুঃ এব "সা" (সামশব্দস্য প্রথমার্দ্ধাক্ষরম্), আত্মা "অম" (দ্বিতীয়ার্দ্ধাক্ষরম্) তৎ [মিলিতং সৎ] সাম [ভবতি]।

অনুবাদ। চক্ষুই ঋক্, আর তাহাতে নিপতিত পুরুষের প্রতিবিম্বই সাম। ঐ প্রতিবিম্বরূপী সাম এই চক্ষুরূপী ঋকে অধিষ্ঠিত রহিয়াছে। সেই জন্য যাঁহারা সাম-গাতা, তাঁহারা সামকেও ঋকে অধিষ্ঠিত ভাবিয়াই গান করিয়া থাকেন। চক্ষুই সামশব্দের 'সা', আর তাহার প্রতিবিম্বই 'অম'। ঐ 'সা' আর 'অম' মিলিত হইয়াই সামশব্দটী নিষ্পন্ন হয়।

৩। শ্রোত্রমেবর্ঙ্মনঃ সাম তদেতদেতস্যামৃচ্যধ্যূঢ়ং সাম তস্মাদৃচ্যধ্যূঢ়ং সাম গীয়তে শ্রোত্রমেব সা মনোঽমস্তৎ সাম।

ব্যাখ্যা। শ্রোত্রম্ এব ঋক্, মনঃ, সাম তৎ এতৎ (পূর্ব্বোক্তং মনোরূপং) সাম, এতস্যাং (শ্রোত্ররূপায়াং) ঋচি অধ্যূঢ়ং, তস্মাৎ ঋচ অধ্যূঢ়ং সাম গীয়তে। শ্রোত্রমেব "সা" মনঃ "অমঃ" তৎ (দ্বয়ং) [মিলিতং সৎ] সাম [ভবতি]।

অনুবাদ। শ্রবণেন্দ্রিয়ই ঋক্ আর অন্তঃকরণ সাম। অন্তঃকরণরূপী সাম এই শ্রবণরূপী ঋকে অধিষ্ঠিত রহিয়াছে। সেইজন্য সামগান করিবার সময় তাহাকে ঋকে অধিষ্ঠিত বলিয়া মনে করা হয়। শ্রবণেন্দ্রিয়ই "সা" আর অন্তঃকরণ "অম"। ঐ সা আর অম মিলিত হইয়া সামশব্দ নিষ্পন্ন হইয়াছে।

৪। অথ যদেতদক্ষ্ণঃ শুক্লং ভাঃ সৈবর্গথ যন্নীলং পর কৃষ্ণং তৎ সাম তদেতদেতস্যামৃচ্যধ্যূঢ়ং সাম তস্মাদৃচ্যধ্যূঢ়ং সাম গীয়তে অথ যদেবৈতদক্ষ্ণঃ শুক্লং ভাঃ সৈব সাঽথ যন্নীলং পরঃ কৃষ্ণং তদমস্তৎ সাম।

ব্যাখ্যা। অথ (প্রকারান্তরং সূচয়তি) অক্ষ্ণঃ যৎ এতৎ (পরিদৃশ্যমানং) শুক্লং (শুক্লা) ভাঃ, সা (ভাঃ) এব ঋক্; অথ যৎ নীলং পরঃ কৃষ্ণং (অতিশয়েন কার্ষ্ণ্যং) তৎ সাম; তৎ এতৎ (পূর্ব্বোক্তং চক্ষুষঃ গাঢ়কৃষ্ণবর্ণাত্মকং) সাম, এতস্যাম্ (চক্ষুষঃ শুক্লভারূপায়াং) ঋচি অধ্যূঢ়ং (অধিষ্ঠিতম্) তস্মাৎ ঋচি অধ্যূঢ়ং সাম গীয়তে। অথ যৎ এব এতৎ অক্ষ্ণঃ শুক্লং (শুক্লা) ভাঃ, সা এব "সা",—অথ যৎ নীলং পরঃ কৃষ্ণং,—তৎ 'অমঃ' তৎ (দ্বয়ং) [মিলিতং সৎ] সাম [ভবতি]।

অনুবাদ। চক্ষুর যে শুক্ল আভা,

ইহাই ঋক্, আর যাহা গাঢ় কৃষ্ণবর্ণের আভা তাহাই সাম। এই গাঢ় কৃষ্ণবর্ণের আভারূপী সাম, ঐ শুক্ল আভারূপী ঋকে অধিষ্ঠিত হইয়া রহিয়াছে; সেইজন্য সাম-গান করিতে হইলে তাহাকে ঋকে অধিষ্ঠিত বলিয়া মনে করিতে হয়। চক্ষুর যে এই শুক্ল আভা তাহাই "সা" আর যে গাঢ় নীল কৃষ্ণবর্ণের আভা, তাহাই "অম"। ঐ "সা"আর "অম"মিলিত হইয়াই সামশব্দ নিষ্পন্ন হইয়াছে।

৫। অথ য এষোঽন্তরক্ষিণি পুরুষো দৃশ্যতে সৈব ঋক্ তৎ সাম তদুক্থং তদ্ যজুস্তদ্ ব্রহ্ম তস্যৈতস্য তদেব রূপং যদমুষ্য রূপং যাবমুষ্য গেষ্ণৌ তৌ গেষ্ণৌ যন্নাম তন্নাম।

ব্যাখ্যা। অথ যঃ এষঃ অন্তরক্ষিণি (অক্ষিমধ্যে) পুরুষঃ (নয়ননিপতিতপ্রতিবিম্বাত্মকঃ) দৃশ্যতে, সা (সঃ পুরুষঃ) এব ঋক্, তৎ (স এব পুরুষঃ) সাম, তৎ (স এব পুরুষঃ) উক্থম্ (সামাবয়ববিশেষঃ), তৎ (স এব পুরুষঃ) যজুঃ (স্বাহা-স্বধাবষট্কারাদিরূপং) তৎ (স এব পুরুষঃ) ব্রহ্ম (ত্রয়ো বেদাঃ) তস্য এতস্য (চক্ষুর্মধ্যবর্ত্তিনঃ পুরুষস্য) তৎ এব রূপং, যৎ অমুষ্য (সূর্য্যমণ্ডলমধ্যবর্ত্তিনঃ পুরুষস্য) রূপং (হিরণ্যকেশাদি); [তথা]

অমুষ্য (সূর্য্যমণ্ডলমধ্যবর্ত্তিনঃ পুরুষস্য) যৌ গেষ্ণৌ (পাদপর্ব্ব-দ্বয়ং) তৌ [এব অস্য চক্ষুর্মধ্যবর্ত্তিনঃ পুরুষস্য] গেষ্ণৌ [তস্য] যৎ নাম ("উৎ" ইত্যাদি) [অস্যাপি] তৎ (এব) নাম।

অনুবাদ। আর চক্ষুর মধ্যে যে একটী পুরুষ দেখা যায়. তিনিই হইতেছেন ঋক্, তিনিই সাম, তিনিই উক্‌থ (স্তোত্রবিশেষ), তিনিই যজুঃ (স্বাহা, স্বধা, বষট্‌কার প্রভৃতি) এবং তিনিই ব্রহ্ম অর্থাৎ বেদত্রয়। সূর্য্যমণ্ডলের মধ্যে যে পুরুষ আছেন বলিয়া বলা হইয়াছে, তাঁহার যে নাম, যে দুইটী পর্ব্ব এবং যেমন উজ্জ্বল সুবর্ণের মত জ্যোতির্ম্ময়রূপ, ইহারও সেই নাম. সেই দুইটী পর্ব্ব, তেমনি উজ্জ্বল সুবর্ণের মত জ্যোতির্ম্ময় রূপ।

৬। স এষ যে চৈতস্মাদর্বাঞ্চো লোকাস্তেষাং চেষ্টে মনুষ্যকামানাং চেতি তদ্ য ইমে বীণায়াং গায়-ন্ত্যেতং তে গায়ন্তি তস্মাত্তে ধনসনয়ঃ।

ব্যাখ্যা। স এষঃ (পূর্ব্বোক্তঃ চক্ষুর্ম্মধ্যবর্ত্তী পুরুষঃ) এতস্মাৎ (আধ্যাত্মিকাৎ আত্মনঃ) অর্ব্বাঞ্চঃ (অধোবর্ত্তিনঃ) যে চ লোকাঃ, তেষাং চ (অপি) [লোকানাম্] মনুষ্যকামানাঞ্চ (মানবাভি-

লষিতবিষয়ানাং চ) ঈষ্টে (প্রভুর্ভবতি)। তৎ (তস্মাৎ) যে ইমে (জনাঃ) বীণায়াং গায়ন্তি, তে (জনাঃ) এতং (অক্ষি-পুরুষম্) [এব] গায়ন্তি; তস্মাৎ তে (গায়কাঃ) ধনসনয়ঃ (ধনিনঃ) [ভবন্তি]।

অনুবাদ। চক্ষুর মধ্যে যে পুরুষটী আছেন, তিনি তাঁহার নিম্নভাগে যে সমস্ত লোক আছে এবং মানুষের যে সমস্ত অভিলষিত বিষয়, তাহাদের উপর কর্ত্তৃত্ব করিয়া থাকেন। যাহারা বীণাযন্ত্রে গান করে, তাহারা ইহারই গান করে বলিয়া অনেক ধনরত্ন পাইয়া থাকে।

৭। অথ য এতদেবং বিদ্বান্ সাম গায়ত্যুভৌ স গায়তি সোঽমুনৈব স এষ যে চামুষ্মাৎ পরাঞ্চো লোকাস্তাংশ্চাপ্নোতি দেবকামাংস্তাংশ্চ।

ব্যাখ্যা। অথ (অনন্তরং) [উপাসনাফলম্ উচ্যতে] যঃ এবং (উক্তপ্রকারেণ) বিদ্বান্ (জানন্) এতৎ (পূর্ব্ববর্ণিতম্) সাম গায়তি, সঃ (গায়কঃ) উভৌ (পূর্ব্বোক্তৌ চাক্ষুষাদিত্য-পুরুষৌ) গায়তি, সঃ (গায়কঃ) অমুনা (আদিত্যেন) যে চ অমুষ্মাৎ (আদিত্যাৎ) পরাঞ্চঃ (অধোবর্ত্তিনঃ) লোকাঃ, তান্ দেবকামান্ (দেবতাভিলাষস্য বিষয়ান্) চ সঃ এষঃ (গায়কঃ) [সূর্য্যমণ্ডলে দেবোভূত্বা] আপ্নোতি।

অনুবাদ। যিনি এইরূপে সমস্ত জানিয়া যথার্থরূপে সামগান করিতে পারেন, তিনিই সূর্য্য এবং চক্ষুর মধ্যে যে দুইজন পুরুষ আছেন, তাঁহাদের উভয়েরই গান করিতে পারেন। যিনি এইরূপে গান করেন, তিনিও সূর্য্যমণ্ডলের ঊর্দ্ধদিকে যে সমস্ত লোক আছে এবং দেবতাদিগের যাহা অভিলষিত বিষয়, তাহা পাইয়া থাকেন।

৮। অথানেনৈব যে চৈতস্মাদর্ব্বাঞ্চো লোকাস্তাংশ্চাপ্নোতি মনুষ্যকামাংশ্চ তস্মাদু হৈবংবিদুদ্গাতা ব্রূয়াৎ।

ব্যাখ্যা। অথ (প্রকারান্তরং সূচয়তি) [সঃ গায়কঃ] অনেন (অক্ষিপুরুষরূপেণ) এব, যে চ (অপি) এতস্মাৎ (অক্ষিমধ্যবর্ত্তিনঃ পুরুষাৎ) অর্ব্বাঞ্চঃ (অধোবর্ত্তিনঃ) তান্ মনুষ্যকামান্ (মানবাভিলাষ-বিষয়ান্) চ (অপি) আপ্নোতি। তস্মাৎ উ হ এবংবিদ্ (পূর্ব্বোক্তজ্ঞানবান্) উদ্গাতা [যজমানং] ব্রূয়াৎ।

অনুবাদ। সেই উপাসক অক্ষিপুরুষরূপে ইহার নিম্নভাগে যে সমস্ত লোক আছে, তাহা-

দিগকে এবং মনুষ্যদিগের অভিলষিত বিষয়সমূহকে লাভ করিয়া থাকেন।

৯। কং তে কামমাগায়ানীত্যেষ হ্যেব কাম-গানস্যেষ্টে য এবং বিদ্বান্ সাম গায়তি সাম গায়তি।

ইতি সপ্তমঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। [হে যজমান] তে (তুভ্যং কং কামং (অভিলষিতং) আগায়ানি? হি এষ এব কামগানস্য ঈষ্টে (উদ্গানেন কামং সম্পাদয়িতুং সমর্থঃ) যঃ (সামগায়কঃ) এবং (পূর্ব্বোক্তরূপং) বিদ্বান্ (জানন্) সাম গায়তি। [দ্বিরুক্তিঃ উপাসনা-সমাপ্ত্যর্থা]।

অনুবাদ। সেইজন্য যিনি সামবেদের গায়ক তিনি তাঁহার যজমানকে বলিবেন যে তোমার কোন্ কোন্ অভিলাষ পূরণ করিবার জন্য আমি সামগান করিব? কারণ যে সাম-গাতা এইরূপে সমস্ত জানিয়া সামগান করেন, তিনিই তাহার দ্বারা লোকের অভিলাষ পূরণ করিতে সমর্থ হন।

সপ্তম খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

অষ্টমঃ খণ্ডঃ।

১। ত্রয়ো হোদ্গীথে কুশলা বভূবুঃ শিলকঃ শালাবত্যশ্চৈকিতায়নো দাল্‌ভ্যঃ প্রবাহণো জৈবলি-রিতি তে হোচুরুদ্গীথে বৈ কুশলাঃ স্মো হন্তোদ্গীথে কথাং বদাম ইতি।

ব্যাখ্যা। শালাবত্যঃ (শলাবতঃ পুত্রঃ) শিলকঃ, দাল্‌ভ্যঃ (দল্‌ভবংশীয়ঃ) চৈকিতায়নঃ, জৈবলিঃ (জীবলস্য পুত্রঃ) প্রবাহণঃ ইতি (নামধেয়াঃ) ত্রয়ঃ হ উদ্গীথে (উদ্গীথ-বিজ্ঞানে) কুশলাঃ বভূবুঃ। তে (শিলকাদয়ঃ) হ ঊচুঃ [যৎ, বয়ং] বৈ উদ্গীথে (উদ্গীথবিজ্ঞানে) কুশলাঃ স্মঃ; হন্ত (সম্মতিজিজ্ঞাসায়াং) উদ্গীথে কথাং বদামঃ (বিচারং কুর্ম্ম ইতি ভাবঃ)।

অনুবাদ। পূর্ব্বকালে শলাবতের পুত্র শিলক, দল্‌ভবংশীয় চৈকিতায়ন, আর জীবলের পুত্র প্রবাহণ এই তিন জন ঋষি উদ্গীথবিদ্যায় নিপুণ ছিলেন। এক দিন তাঁহারা বলিলেন যে, নিশ্চয়ই আমরা উদ্গীথ-বিদ্যায় পাণ্ডিত্যলাভ করিয়াছি। অতএব এস, আমরা পরস্পরে এই বিষয়ের বিচার করি।

২। তথেতি হ সমুপবিবিশুঃ স হ প্রবাহণো জৈবলিরুবাচ ভগবন্তাবগ্রে বদতাং ব্রাহ্মণয়োর্বদতো-র্বাচংং শ্রোষ্যামীতি।

ব্যাখ্যা। [তে শিলকাদয়স্ত্রয়ঃ] তথা (এবমস্তু) ইতি [উক্ত্বা] সমুপবিবিশুঃ হ; [তেষু মধ্যে] সঃ (পূর্ব্বোক্তঃ) জৈবলিঃ (জীবলকুমারঃ) প্রবাহণ হ উবাচ, ভগবন্তৌ (শিলকঃ চৈকিতায়নশ্চ ইত্যর্থঃ) অগ্রে বদতাং (বিচারং কুরুতাম্) বদতোঃ (বিচারং কুর্ব্বতোঃ) ব্রহ্মণয়োঃ (ভবতোঃ) বাচং (বিচারকথাং) শ্রোষ্যামি ইতি।

অনুবাদ। 'তাহাই হউক' বলিয়া তাঁহারা উপবেশন করিলেন। তাহাদের মধ্যে জীবলের পুত্র প্রবাহণ বলিলেন, "আগে আপনারাই বিচার করুন, আমি পূজনীয় ব্রাহ্মণদ্বয়ের বিচার শ্রবণ করিব।"

৩। স হ শিলকঃ শালাবত্যশ্চৈকিতায়নং দাল্ভ্যমুবাচ হন্ত ত্বা পৃচ্ছানীতি পৃচ্ছেতি হোবাচ।

ব্যাখ্যা। সঃ (পূর্ব্বোক্তঃ) শালাবত্যঃ (শলাবতঃ পুত্রঃ) শিলকঃ হ দাল্ভ্যং (দল্ভবংশীয়ং) চৈকিতায়নং উবাচ— হন্ত (যদি অনুমতির্ভবেৎ) [তদা] ত্বা (ত্বাং) পৃচ্ছানি ইতি "পৃচ্ছ" ইতি হ [চৈকিতায়নঃ] উবাচ।

অনুবাদ। তখন শলাবতের পুত্র সেই শিলক দল্‌ভবংশীয় চৈকিতায়নকে জিজ্ঞাসা করিল যে, তোমার যদি মত হয়, তবে আমি তোমাকে প্রশ্ন জিজ্ঞাসা করি ; তিনি বলিলেন আচ্ছা জিজ্ঞাসা কর।

৪। কা সাম্নো গতিরিতি স্বর ইতি হোবাচ স্বরস্য কা গতিরিতি প্রাণ ইতি হোবাচ প্রাণস্য কা গতিরিত্যন্নমিতি হোবাচান্নস্য কা গতিরিত্যাপ ইতি হোবাচ।

ব্যাখ্যা। [শিলকচৈকিতায়নয়োঃ প্রশ্নোত্তরং কথয়তি] সাম্নঃ (সামাংশস্য উদ্‌গীথস্য) কা গতিঃ (পরমাশ্রয়ঃ) ? ইতি স্বরঃ (নিষাদগান্ধাররূপঃ) ইতি হ [চৈকিতায়নঃ] উবাচ। স্বরস্য কা গতিঃ (পরমাশ্রয়ঃ) ? ইতি প্রাণঃ [পঞ্চবৃত্ত্যাত্মকঃ] ইতি হ [শিলকপ্রশ্নানন্তরং চৈকিতায়নঃ] উবাচ। প্রাণস্য কা গতিঃ ইতি (শিলকস্য প্রশ্নে) অন্নম্‌ ইতি হ উবাচ (চৈকিতায়নঃ) অন্নস্য কা গতিঃ ইতি [প্রশ্নে] আপঃ ইতি হ উবাচ [চৈকিতায়নঃ]।

অনুবাদ। শিলক জিজ্ঞাসা করিলেন, সামবেদের অংশ এই যে উদ্‌গীথ, ইহার প্রকৃত আশ্রয়

কোন্‌টী ? চৈকিতায়ন উত্তর দিলেন—"সমগ্র সামবেদ যখন গানময়, তখন নিষাদ, গান্ধার প্রভৃতি স্বরগুলি-কেই তাহার প্রকৃত আশ্রয় বলিব।" শিলক জিজ্ঞাসা করিলেন,—"আচ্ছা, ঐ স্বরের প্রকৃত আশ্রয় কি ?" চৈকিতায়ন বলিলেন,"স্বরগুলি যখন প্রাণের সাহায্যেই অভিব্যক্ত হয়, তখন প্রাণকে তাহাদের প্রকৃত আশ্রয় বলিব।" শিলক পুনর্ব্বার জিজ্ঞাসা করিলেন, "প্রাণের প্রকৃত আশ্রয় কোন্‌টী ?" চৈকিতায়ন উত্তর দিলেন ;—"যখন অন্নের দ্বারাই প্রাণের স্থিতি হয়, তখন অন্নই তাহার প্রকৃত আশ্রয়", শিলক আবার জিজ্ঞাসা করিলেন, অন্নের প্রকৃত আশ্রয় কি ? দাল্‌ভ্য উত্তর দিলেন, 'জল', কারণ জলের দ্বারাই অন্নের উৎ-পত্তি হয়।

৫। অপাং কা গতিরিত্যসৌ লোক ইতি হোবাচামুষ্য লোকস্য কা গতিরিতি ন স্বর্গং লোক-মতিনয়েদিতি হোবাচ স্বর্গং বয়ং লোকং সামাভি-সংস্থাপয়ামঃ স্বর্গসংস্তাবং হি সামেতি।

ব্যাখ্যা। [পুনরপি আহ শিলকঃ] অপাং কা গতিঃ ?

ইতি অসৌ লোকঃ (স্বর্গলোকঃ) ইতি হ উবাচ [চৈকিতায়নঃ] অমুষ্য লোকস্য (স্বর্গলোকস্য) কা গতিঃ? ইতি। (প্রশ্নে) [চৈকিতায়ন] উবাচ স্বর্গং লোকম্ অতি (অতিক্রম্য) [সাম] ন নয়েৎ (লোকান্তরং ন প্রাপয়েৎ). হি (যতঃ) সাম স্বর্গসংস্তাবং (স্বর্গরূপেণ সংস্তাবঃ স্তুতয়স্তু তৎ তথা) ইতি (হেতোঃ) বয়ং সাম স্বর্গং লোকং অভিসংস্থাপয়ামঃ (প্রতিষ্ঠাপয়ামঃ)।

অনুবাদ। শিলক জিজ্ঞাসা করিলেন, "আচ্ছা ঐ জলের আবার প্রকৃত আশ্রয় কোন্‌টী?" চৈকিতায়ন বলিলেন ;—"যে জল যখন বৃষ্টিরূপে স্বর্গ হইতেই পতিত হয়, তখন ইহার আশ্রয় স্বর্গই হইবে।" শিলক আবার জিজ্ঞাসা করিলেন যে "আচ্ছা ঐ স্বর্গেরই বা প্রকৃত আশ্রয় কি?" এবার চৈকিতায়ন বলিলেন যে—"সামবেদকে স্বর্গলোকের ঊর্দ্ধে লইয়া যাইও না; আমরা উহাকে স্বর্গলোকেই প্রতিষ্ঠিত বলিয়া জানি এবং সেইজন্য স্বর্গরূপেই উহার স্তুতি করিয়া থাকি।"

৬। তং হ শিলকঃ শালাবত্যশ্চৈকিতায়নং দাল্‌ভ্যমুবাচাপ্রতিষ্ঠিতং বৈ কিল তে দাল্‌ভ্য সাম

যস্ত্বেতর্হি ব্রূয়ান্মূর্ধা তে বিপতিষ্যতীতি মূর্ধা তে বিপতে-দিতি।

ব্যাখ্যা। শালাবত্যঃ শিলকঃ, তং দাল্‌ভ্যং চৈকিতায়নং উবাচ—[হে] দাল্‌ভ্য (দল্‌ভবংশীয়) তে (তব, তদুক্তমিত্যর্থঃ) সাম কিল অপ্রতিষ্ঠিতং (স্থিতিহীনং) বৈ (এব), যঃ (বাদী) তু এতর্হি (এতস্মিন্‌কালে) [এবং অপ্রতিষ্ঠিতস্য সাম্নঃ প্রতিষ্ঠিতত্ববাদেন মিথ্যাবাদাপরাধিনং ত্বাং] ব্রূয়াৎ "তে মূর্দ্ধা বিপতিষ্যতি" ইতি; [তর্হি] তে (তব চৈকিতায়নস্য) মূর্দ্ধা বিপতেৎ [অবশ্যমেব নিপতেৎ]।

অনুবাদ। শলাবতের পুত্র শিলক সেই দল্‌ভবংশীয় চৈকিতায়নকে বলিলেন; ওগো দাল্‌ভ্য! তোমার সাম যে প্রতিষ্ঠাহীন হইয়া গেল! এখন যদি কোন সামতত্ত্বজ্ঞ ব্যক্তি তোমার ঐ মিথ্যা কথা সহ্য করিতে না পারিয়া বলেন যে, তোমার মস্তক পতিত হইবে, তাহা হইলে নিশ্চয়ই তোমার মস্তকটী পড়িয়া যাইবে।

৭। হন্তাহমেতদ্ভগবত্তো বেদানীতি বিদ্ধীতি হোবাচামুষ্য লোকস্য কা গতিরিত্যয়ং লোক ইতি

হোবাচাস্য লোকস্য কা গতিরিতি ন প্রতিষ্ঠাং লোক-মতি নয়েদিতি হোবাচ প্রতিষ্ঠাং বয়ং লোকꣳ সামা-ভিসꣳস্থাপয়ামঃ প্রতিষ্ঠাসꣳস্তাবꣳ হি সামেতি।

ব্যাখ্যা। [এবমভিহিতঃ দাল্‌ভ্য উবাচ] হন্ত (ভোঃ) অহম্ এতৎ (সামপ্রতিষ্ঠাতত্ত্বম্) ভগবতঃ [সকাশাৎ] বেদানি ইতি বিদ্ধি ইতি [শিলকঃ] হ উবাচ। অমুষ্য লোকস্য (স্বর্গলোকস্য) কা গতিঃ (প্রতিষ্ঠা) ইতি [দাল্‌ভ্যেন জিজ্ঞাসিতঃ শিলকঃ] উবাচ হ" অয়ং লোকঃ (পৃথিবীলোকঃ) ইতি। অস্য লোকস্য কা গতিঃ ইতি [দাল্‌ভ্যেন পুনরপি পৃষ্টঃ শিলকঃ] উবাচ হ প্রতিষ্ঠাং লোকং (স্থিতিহেতুত্বেন অভিমতং পৃথিবীলোকং) অতি (অতিক্রম্য) [সাম] ন নয়েৎ (লোকান্তরং ন প্রাপয়েৎ) বয়ং প্রতিষ্ঠাং লোকং (স্থিতিহেতুভূতং পৃথিবীলোকং) সাম (অভিসংস্থাপয়ামঃ প্রতিষ্ঠাপয়ামঃ) হি (যতঃ) সাম প্রতিষ্ঠা-সংস্তাবং (প্রতিষ্ঠাত্বেন পৃথিবীরূপেণ সংস্তাবঃ স্তুতির্যস্য তৎ তথা) ইতি।।

অনুবাদ। শিলক, চৈকিতায়নকে এইরূপ বলিলে তিনি তাহার উত্তরে বলিলেন, "আচ্ছা তাহা হইলে আমি এই সামের যথার্থ প্রতিষ্ঠা কোথায়, তাহা আপনার নিকট হইতেই জানিতে চাই"। শিলক তাহার

উত্তরে বলিলেন "আচ্ছা, তবে জানিয়া লও। তখন চৈকিতায়ন প্রশ্ন করিলেন" আচ্ছা, তাহা হইলে ঐ স্বর্গলোকের প্রকৃত আশ্রয় কোন্‌টী? শিলক বলিলেন এই "পৃথিবীই স্বর্গলোকের প্রকৃত আশ্রয়। এই কথা শুনিয়া চৈকিতায়ন পুনর্ব্বার প্রশ্ন করিলেন যে, "তাহা হইলে এই পৃথিবীরই বা প্রকৃত আশ্রয় কোন্‌টী?" তাহার উত্তরে শিলক বলিলেন যে "সামই তাহার আশ্রয় স্থান, এই পৃথিবী হইতে অন্যত্র লইয়া যাইও না। থাকিবার যোগ্য এই পৃথিবীতেই আমরা সামকে স্থাপিত করিয়াছি, সেই জন্য পৃথিবীতে প্রতিষ্ঠিতরূপেই আমরা সামের স্তুতি করিয়া থাকি।"

৮। তং হ প্রবাহণো জৈবলিরুবাচান্তবদ্বৈ কিল তে শালাবত্য সাম যস্ত্বেতর্হি ব্রূয়ান্মূর্ধা তে বিপতিষ্যতীতি মূর্ধা তে বিপতেদিতি হন্তাহমেতদ্ভগবত্তো বেদানীতি বিদ্ধীতি হোবাচ।

ইতি অষ্টমঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। জৈবলিঃ (জীবলপুত্রঃ) প্রবাহণঃ তং (শালাবত্যং) হউবাচ, [হে] শালাবত্য তব সাম কিল অন্তবৎ

(সাম্নঃ) সঃ তু (পুনঃ) এবমনুচিতার্থম্ অসহিষ্ণুঃ সন্ এতর্হি (এতস্মিন্ কালে) ব্রূয়াৎ তে মূর্দ্ধা বিপতিষ্যতি ইতি তর্হি তে (তব) মূর্দ্ধা বিপতেৎ ইতি। [অনন্তরং শালাবত্য আহ] হন্ত (উৎসুক্যং সূচয়তি) অহং ভগবতো (ভবতঃ সকাশাৎ) এতৎ (সুপ্রতিষ্ঠিতং সাম) বেদানি ইতি বিদ্ধি (জানীহি) ইতি [প্রবাহণঃ] উবাচ।

অনুবাদ। তখন জীবলপুত্র প্রবাহণ তাঁহাকে বলিলেন "ওগো শালাবত্য, তোমারও সাম যে শান্ত হইয়া পড়িল। যদি কেহ তোমার এই অনুচিত বাক্য সহ্য করিতে না পারিয়া এখন বলেন যে, তোমার মস্তক খসিয়া পড়িবে, তাহা হইলে নিশ্চয়ই তোমার মস্তক খসিয়া পড়িবে। তখন শিলক বলিলেন, তাহা হইলে আমি এই সামের যথার্থ প্রতিষ্ঠা কোথায় তাহা আপনার নিকট হইতে জানিতে চাই। প্রবাহণ তখন বলিলেন "আচ্ছা তবে অবগত হউন"।

অষ্টম অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত।

নবমঃ খণ্ডঃ।

১। অস্য লোকস্য কা গতিরিত্যাকাশ ইতি হোবাচ সর্ব্বাণি হ বা ইমানি ভূতান্যাকাশাদেব সমুৎপদ্যন্ত আকাশং প্রত্যস্তং যন্ত্যাকাশো হ্যেবৈভ্যো জ্যায়ানাকাশঃ পরায়ণম্।

ব্যাখ্যা। [প্রাপ্তানুমতিঃ শালাবত্য আহ] অস্য লোকস্য (পৃথিবীলোকস্য) কা গতিঃ (প্রতিষ্ঠা) ইতি ? আকাশঃ [গতিঃ] ইতি হ প্রবাহণ উবাচ। বৈ (যস্মাৎ) সর্ব্বাণি ভূতানি (স্থাবরজঙ্গমানি) আকাশাৎ এব সমুৎপদ্যন্তে, আকাশং প্রতি অস্তং যন্তি (গচ্ছন্তি); হি (যস্মাৎ) আকাশ এব এভ্যঃ (সর্ব্বেভ্যঃ ভূতেভ্যঃ) জ্যায়ান্; [তস্মাৎ] আকাশঃ (এব) পরায়ণম্ (পরমা প্রতিষ্ঠা)।

অনুবাদ। শিলক তখন প্রবাহণকে জিজ্ঞাসা করিলেন যে, তাহা হইলে এই পৃথিবীর পরম আশ্রয় কি ? প্রবাহণ বলিলেন আকাশ। কারণ এই চরাচর নিখিল জগৎ আকাশ হইতেই উৎপন্ন হইতেছে এবং উহাতে যাইয়াই আবার বিলীন হইয়াছে। আর এই আকাশই সমুদায় সৃষ্ট পদার্থ হইতে

অতিশয় মহান্; সেই জন্য আকাশই তাহাদের আশ্রয়।

২। স এষ পরোবরীয়ানুদ্গীথঃ স এষোঽনন্তঃ পরোবরীয়ো হাস্য ভবতি পরোবরীয়সো হ লোকাঞ্জয়তি য এতদেবং বিদ্বান্ পরোবরীয়াংসমুদ্গীথমুপাস্তে।

ব্যাখ্যা। সঃ (পূর্ব্বোক্তঃ) উদ্গীথঃ পরোবরীয়ান্ (সর্ব্বোত্তমঃ) এষঃ (অনন্তরোক্তঃ পরমাত্মা)। সঃ এষঃ (পরমাত্মরূপী উদ্গীথঃ) অনন্তঃ। যঃ (উপাসকঃ) এবং (পূর্ব্বোক্তপ্রকারং) বিদ্বান্ (জানন্) এতৎ (এতং) পরোবরীয়াংসম্ উদ্গীথম্ উপাস্তে; [সঃ] পরোবরীয়সঃ (উত্তরোত্তরোৎকৃষ্টান্) লোকান্ জয়তি; অস্য (উপাসকস্য) [জীবনঞ্চ] পরোবরীয়ঃ (উত্তরোত্তরোৎকৃষ্টং) হ ভবতি।

অনুবাদ। পূর্ব্বে যে উদ্গীথের কথা বলা হইয়াছে, তাহাই সর্ব্বোত্তম পরমাত্মস্বরূপ, সেই জন্য ইহাকেই অনন্ত বলা হয়। যিনি এইরূপ জানিয়া ঐ পরমাত্মরূপী সর্ব্বোত্তম উদ্গীথের উপাসনা করেন, তিনিই সর্ব্বোত্তম লোকসমুদায়কে জয় করিতে সমর্থ হন এবং তাঁহার নিজের জীবনও সর্ব্বোৎকৃষ্ট হইয়া থাকে।

৩। তদ্ধৈতমতিধন্বা শৌনক উদরশাণ্ডিল্যা-য়োক্ত্বোবাচ যাবত্ত এনং প্রজায়ামুদ্গীথং বেদি-ষ্যন্তে পরোবরীয়ো হৈভ্যস্তাবদস্মিঁল্লোকে জীবনং ভবিষ্যতি।

ব্যাখ্যা। [পূর্ব্বোক্তলক্ষণোদ্গীথজ্ঞঃ] শৌনকঃ (শুনক-পুত্রঃ) অতিধন্বা (ঋষিঃ) তং (পূর্ব্বোক্তপ্রকারং) এতং (উদ-গীথতত্ত্বং) উদরশাণ্ডিল্যায় (শিষ্যায়) উক্ত্বা (উপদিশ্য) উবাচ, হ-যাবৎ তে প্রজায়াঃ (বংশে ইত্যর্থঃ) এতং (পূর্ব্বোক্তপ্রকারং) উদ্গীথং বেদিষ্যন্তে তাবৎ [তাসাং] জীবনম্ এভ্যঃ (সাধারণ-জীবনেভ্যঃ) পরোবরীয়ঃ (উত্তরোত্তরোৎকৃষ্টতরং) হ (এব) ভবিষ্যতি।

অনুবাদ। পূর্ব্বে যে উদ্গীথ বিদ্যার কথা হইল, তাহার সমস্ত তত্ত্ব অবগত হইয়া শুনকের পুত্র অতিধন্বা নামে এক ঋষি তাঁহার শিষ্য উদরশাণ্ডিল্যকে উপদেশ দিয়া বলিয়াছিলেন যে, যে পর্য্যন্ত তোমার বংশের সন্তানেরা যথাযথরূপে উদ্গীথ বিদ্যা শিক্ষা করিবে, সেই পর্য্যন্ত তাহাদের জীবন সাধারণ প্রাণীর জীবন অপেক্ষা দিন দিন শ্রেষ্ঠ হইবে।

৪। তথামুষ্মিঁল্লোকে লোক ইতি স য এতমেবং বিদ্বানুপাস্তে পরোবরীয় এব হাস্যাস্মিঁল্লোকে জীবনং ভবতি তথাঽমুষ্মিন্ লোকে। লোক ইতি লোকে লোক ইতি।

ইতি নবমঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। [ইদানীম্ উদ্গীথবিদঃ পারলৌকিকং ফলমাহ—তথেতি] [পূর্ব্বোক্তোদ্গীথ বদঃ] অমুষ্মিন্ লোকে (পরলোকে) [অপি] লোকঃ (ভোগস্থানং) তথা (ঐহিকবৎ পরোবরীয়ান্) [ভবতি] ইতি চ। সঃ যঃ (কশ্চিৎ) এতম্ (উদ্গীথম্) এবং (পূর্ব্বোক্তরূপং) বিদ্বান্ উপাস্তে, অস্য (উপাসকস্য) জীবনম্ অস্মিন্ লোকে এব পরোবরীয়ঃ ভবতি হ। তথা (ঐহিকবৎ) অমুষ্মিন্ লোকে (পরলোকে) লোকঃ [পরোবরীয়ান্] ভবতি ইতি। [দ্বিরুক্তিঃ খণ্ডসমাপ্তি-সূচনার্থঃ]।

অনুবাদ। সেইরূপ পরলোকেও তাঁহা-দের স্থান সর্ব্বশ্রেষ্ঠ হইবে। বর্ত্তমান যুগেও যদি কেহ পূর্ব্বোক্তরূপে উদ্গীথের তত্ত্বসমূহ অবগত হইয়া তাহার উপাসনা করেন, তবে ইহলোকে ও পরলোকে তাঁহার জীবন সর্ব্বোৎকৃষ্ট হয়।

নবম অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত।

১। মটচীহতেষু কুরুষ্বাধিক্যা সহ জায়য়োষস্তির্হ চাক্রায়ণ ইভ্যগ্রামে প্রদ্রাণক উবাস।

ব্যাখ্যা। [উদগীথোপাসনপ্রসঙ্গেন প্রস্তাবপরিহার-বিষয়কমপি উপাসনম্ ইদানীম্ আরভ্যতে] কুরুষু (কুরু-দেশস্থশস্যেষু) মটচীহতেষু (বজ্রাগ্নিদগ্ধেষু) [সৎসু] চাক্রায়ণঃ (চক্রস্য পুত্রঃ) উষস্তিঃ [দেশমধ্যে দুর্ভিক্ষে জাতে অন্না-ভাবাৎ] প্রদ্রাণকঃ (দুরবস্থাং প্রাপ্তঃ সন্) আটিক্যা (অনুপজাতস্ত্রীজনোচিতচিহ্নয়া) জায়য়া সহ ইভ্যগ্রামে (ধনিক-বহুলে হস্তিপকপ্রচুরে বা গ্রামে) উবাস।

অনুবাদ। এখন উদ্‌গীথ উপাসনার প্রসঙ্গে প্রস্তাব ও পরিহার নামে আরও দুইটা উপাসনার বিষয় বলিবার উপক্রম করা হইতেছে। এক সময়ে কুরুদেশের সমস্ত শস্য বজ্রের অগ্নিতে দগ্ধ হওয়ায় সেখানে ভয়ঙ্কর দুর্ভিক্ষ উপস্থিত হইয়াছিল। সেই জন্য সেইদেশের একজন লোক অত্যন্ত দুরবস্থায় পড়িয়া তাঁহার বালিকা স্ত্রীর সহিত অন্য একটী ধনিবহুল গ্রামে গিয়া বাস করিয়াছিলেন। তিনি চক্রের পুত্র উষস্তি।

২। স হেভ্যং কুল্মাষান্ খাদন্তং বিভিক্ষে তংহোবাচ। নেতোঽন্যে বিদ্যন্তে যচ্চ যে ম ইম উপনিহিতা ইতি।

ব্যাখ্যা। সঃ (উষস্তিঃ) কুল্মাষান্ (কুৎসিতান্ মাষান্) খাদন্তম্ ইভ্যং বিভিক্ষে। [ইভ্যঃ] হ তম্ (উষস্তিম্) উবাচ; ইতঃ (ময়া ভক্ষ্যমাণেভ্যঃ কুল্মাষেভ্যঃ) অন্যে (অনুচ্ছিষ্টাঃ কুল্মাষাঃ) ন বিদ্যন্তে—ইমে যৎ চ যে (কুল্মাষাঃ) মে (মম) [ভোজনপাত্রে] উপনিহিতাঃ ইতি।

অনুবাদ। একদিন তিনি আহার-সংগ্রহের জন্য ভ্রমণ করিতে করিতে হঠাৎ একজন ইভ্যকে (ইতর বা ধনীব্যক্তিকে) অতিকুৎসিত মাষকলাই খাইতে দেখিয়া তাহার নিকট কিছু খাদ্য প্রার্থনা করিয়াছিলেন। তখন ইভ্য তাহার এই প্রার্থনায় বলিল যে, এই ভোজনপাত্রে যতগুলি উচ্ছিষ্ট মাষকলাই রহিয়াছে, তাহা ছাড়া আমার আর কিছু নাই।

৩। এতেষাং মে দেহীতি হোবাচ তানস্মৈ প্রদদৌ হন্তানুপানমিত্যুচ্ছিষ্টং বৈ মে পীতং স্যাদিতি হোবাচ।

ব্যাখ্যা। [ইভ্যেন এবমভিহিত উষস্তিঃ] এতেষাং (কুৎসিতমাষাণাং) [অংশং] মে দেহি ইতি হ উবাচ। [ইভ্যঃ]

তান্ (কুল্মাষান্ মাষান্) অস্মৈ (উষস্তয়ে) প্রদদৌ ; [আহ চ] হন্ত (যদি তব অনুমতির্ভবেৎ, তদা) অনুপানং (মাষভক্ষণস্য অনন্তরম্ পেয়ম্ উদকং) [তে দদানি ?] ইতি ; [তথা সতি] মে (মম) উচ্ছিষ্টং বৈ (এব) পীতং স্যাৎ ইতি হ [উষস্তিঃ] উবাচ।

অনুবাদ। ইভ্যের কথা শুনিয়া উষস্তি বলিলেন, এই কুল্মাষ আমাকে প্রদান কর। ইভ্য সমস্তই তাঁহাকে প্রদান করিল। অনন্তর ইভ্য তাহার উচ্ছিষ্ট পানীয় জল দিতে যাইলে উষস্তি বলিলেন,—যদি এই জল পান করি, তবে তোমার উচ্ছিষ্ট পান করা হইবে।

৪। ন স্বিদেতেঽপ্যুচ্ছিষ্টা ইতি ন বা অজীবিষ্যমিমানখাদন্নিতি হোবাচ কামো ম উদপানমিতি।

ব্যাখ্যা। স্বিৎ (বিতর্কং সূচয়তি) এতে (ময়া দত্তাঃ কুল্মাষাঃ) ন উচ্ছিষ্টাঃ ? ইত্যুবাচ ইভ্যঃ উষস্তিঃ হ উবাচ – ইমান্ (কুল্মাষান্) অখাদন্ [অহং] ন বৈ (এব) অজীবিষ্যম্ ইতি ; উদপানং (উদকপানং) [পুনঃ] মে (মম) কামঃ (প্রচুরম্ ইচ্ছাধীনম্)।

অনুবাদ। ইভ্য বলিল—আমার প্রদত্ত

এই কুৎসিৎ মাষকলাইগুলি কি উচ্ছিষ্ট নহে? উসস্তি ব'ললেন, তোমার উচ্ছিষ্ট এই কুৎসিৎ মাষকলাইগুলি না খাইলে আমি বাঁচিতাম না; কিন্তু জল পান করা আমার ইচ্ছার অধীন, তাহা আমি অন্যস্থল হইতেও সংগ্রহ করিতে পারিব।

৫। স হ খাদিত্বাতিশেষাঞ্জায়ায়া আজহার সাগ্র এব সুভিক্ষা বভূব তান্ প্রতিগৃহ্য নিদধৌ।

ব্যাখ্যা। সঃ (উষস্তিঃ) হ খাদিত্বা অতিশেষান্ (অবশিষ্টান্) জায়ায়ৈ আজহার। সা অগ্রে এব সুভিক্ষা (ভিক্ষয়া প্রাপ্তান্না) বভূব। [অতঃ] তান্ (কুল্মাষান্) [স্ত্রীস্বভাবরক্ষণশীলত্বভাবাৎ] [স্বামিনঃ সকাশাৎ] প্রতিগৃহ্য নিদধৌ।

অনুবাদ। উষস্তি তাহার কিছু অংশ খাইয়া অবশিষ্ট তাহার স্ত্রীর জন্য লইয়া আসিলেন। কিন্তু সে পূর্ব্বেই ভিক্ষায় প্রচুর খাদ্যদ্রব্য পাইয়াছিল বলিয়া সে গুলি স্বামীর নিকট হইতে লইয়া রাখিয়া দিল।

৬। স হ প্রাতঃ সংজিহান উবাচ যদ্বতান্নস্য লভেমহি লভেমহি ধনমাত্রাং রাজাসৌ যক্ষ্যতে স মা সর্ব্বৈরার্ত্বিজ্যৈর্বৃণীতেতি।

ব্যাখ্যা। সঃ (উষস্তিঃ) হ প্রাতঃ সঞ্জিহানঃ (শয্যাং ত্যজন্) [পত্নীম্] উবাচ; বত (খেদে) যৎ (যদি) অন্নস্য [স্তোকং ভোক্তুং] লভেমহি [ততঃ সমর্থঃ সন্] ধনমাত্রাং (ধনস্য অংশং) লভেমহি। [যতঃ] অসৌ রাজা যক্ষ্যতে। সঃ (রাজা) মা (মাং) সর্বৈঃ আর্ত্বিজ্যৈঃ (ঋত্বিক্‌কর্মভিঃ ঋত্বিক্‌-কর্মপ্রয়োজনায় ইত্যর্থঃ) বৃণীত ইতি।

অনুবাদ। তিনি প্রভাতে শয্যা ত্যাগ করিয়া তাঁহার স্ত্রীর প্রতি লক্ষ্য করিয়া বলিলেন যে, যদি কিছু আহার করিতে পাইতাম, তাহা হইলে একটু শক্তি পাইয়া অর্থ সংস্থানের চেষ্টা করিতে পারিতাম। কারণ একজন রাজা যজ্ঞ করিতেছেন, তিনি আমাকে তাঁহার পুরোহিতের কর্ম্মে নিযুক্ত করিতে পারেন।

৭। তং জায়োবাচ হন্ত পত ইম এব কুল্মাষা ইতি তান্ খাদিত্বাঽমুং যজ্ঞং বিততমেয়ায়।

ব্যাখ্যা। জায়া তম্ উবাচ—হন্ত (ঔৎসুক্যং সূচয়তি) পতে, ইমে এব কুল্মাষাঃ সন্তি ইতি তান্ খাদিত্বা অমুং বিততং (বিস্তারিতং) যজ্ঞং এয়ায়।

অনুবাদ। তখন তাঁহার স্ত্রী আনন্দের

সহিত তাঁহাকে বলিলেন যে, প্রভো! আপনি কাল যে মাষকলাইগুলি সংগ্রহ করিয়া আনিয়াছিলেন, সেইগুলি খাইয়াই এখন সেই সুবিস্তৃত যজ্ঞক্ষেত্রে গমন করুন।

৮। তত্রোদ্গাতৃনাস্তাবে স্তোষ্যমাণানুপোপবিবেশ স হ প্রস্তোতারমুবাচ।

ব্যাখ্যা। তত্র (যজ্ঞক্ষেত্রে) [গত্বা] আস্তাবে (স্তোত্রভূমৌ) উদ্গাতৄন্ (পুরুষান্) [আসাদ্য] স্তোষ্যমাণান্ উপ (সমীপে) উপবিবেশ। স হ প্রস্তোতারম্ উবাচ।

অনুবাদ। সেই যজ্ঞক্ষেত্রের যে স্থানে বসিয়া সামগাতারা স্তোত্র পাঠ করিতেছিলেন, তিনি তাহাদের নিকটে গিয়া বসিলেন; বসিয়া প্রস্তাব পাঠকারীকে বলিলেন।

৯। প্রস্তোতর্যা দেবতা প্রস্তাবমন্বায়ত্তা তাং চেদবিদ্বান্ প্রস্তোষ্যসি মূর্ধা তে বিপতিষ্যতীতি।

ব্যাখ্যা। [হে] প্রস্তোতঃ (প্রস্তাবাংশস্য পাঠক), যা দেবতা প্রস্তাবম্ অন্বায়ত্তা, তাম্ অবিদ্বান্ চেৎ প্রস্তোষ্যসি (প্রস্তাবং পাঠিষ্যসি) [তর্হি] তে মূর্ধা বিপতিষ্যতি ইতি।

অনুবাদ। হে প্রস্তোতঃ! এই প্রস্তাবের যিনি অধিষ্ঠাতৃদেবতা, তাঁহাকে না জানিয়া যদি তুমি প্রস্তাব পাঠ কর, তবে তোমার মস্তক খসিয়া পড়িবে।

১০। এবমেবোদ্গাতারমুবাচোদ্গাতর্যা দেবতোদ্গীথমন্বায়ত্তা তাং চেদবিদ্বানুদ্গাস্যসি মূর্দ্ধা তে বিপতিষ্যতীতি।

ব্যাখ্যা। [সঃ উষস্তিঃ] এবমেব (পূর্ব্ববদেব) উদ্গাতারম্ উবাচ [হে] উদ্গাতঃ, যা দেবতা উদ্গীথম্ অন্বায়ত্তা, তাং চেৎ অবিদ্বান্ উদগাস্যতি মূর্দ্ধা তে বিপতিষ্যতি ইতি।

অনুবাদ। এইরূপ ভাবে উদ্গাতাকেও বলিলেন যে, হে উদ্গাতঃ! তোমার ঐ উদ্গীথের যিনি দেবতা, তাঁহাকে না জানিয়া যদি তুমি উদ্গান কর, তবে তোমার মস্তক খসিয়া পড়িবে।

১১। এবমেব প্রতিহর্ত্তারমুবাচ প্রতিহর্ত্তর্যা দেবতা প্রতিহারমন্বায়ত্তা তাং চেদবিদ্বান্ প্রতিহরিষ্যসি মূর্দ্ধা তে বিপতিষ্যতীতি তে হ সমারতাস্তূষ্ণীমাসাঞ্চক্রিরে।

ইতি দশমঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। এবমেব (পূর্ব্ববদেব) প্রতিহর্ত্তারম্ (প্রতিহার পাঠকং) উবাচ। [হে] প্রতিহর্ত্তঃ যা দেবতা প্রতিহারম্ অন্বায়ত্তা তাং চেৎ অবিদ্বান্ প্রতিহরিষ্যসি (প্রতিহারং পঠিষ্যসি) মূর্দ্ধা তে বিপতিষ্যতি ইতি, তে হ সমারতাঃ (নিবৃত্তব্যাপারাঃ সন্তঃ) তূষ্ণীম্ আসাঞ্চক্রিরে।

অনুবাদ। প্রতিহারপাঠককেও ঐরূপভাবে বলিলেন যে, হে প্রতিহর্ত্তঃ! তোমার ঐ প্রতিহারের যিনি দেবতা তাঁহাকে না জানিয়া যদি তুমি প্রতিহার পাঠ কর, তবে তোমার মস্তক খসিয়া পড়িবে। তখন তাহারা সকলেই কার্য্য হইতে বিরত হইয়া নীরবে বসিয়া রহিলেন।

দশম খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

একাদশঃ খণ্ডঃ।

১। অথ হৈনং যজমান উবাচ ভগবন্তং বা অহং বিবিদিষাণীত্যুষস্তিরস্মি চাক্রায়ণ ইতি হোবাচ।

ব্যাখ্যা। অথ যজমানঃ (যজ্ঞকর্ত্তা রাজা) হ এনম্ (উষস্তিং) উবাচ ; অহং ভগবন্তং বৈ বিবিদিষাণি ইতি। [অহং] চাক্রায়ণঃ (চক্রস্য পুত্রঃ) উষস্তিঃ অস্মি ইতি হ উবাচ [সঃ উষস্তিঃ]।

অনুবাদ। তাহার পর যিনি যজমান, সেই রাজা স্বয়ং তাঁহাকে জিজ্ঞাসা করিলেন যে, আপনার পরিচয় জানিতে ইচ্ছা হইতেছে। তখন উষস্তি বলিলেন যে, আমি চক্রের পুত্র, আমার নাম উষস্তি।

২। স হোবাচ ভগবন্তং বা অহমেভিঃ সর্ব্বৈরার্ত্বিজ্যৈঃ পর্য্যৈশিষং ভগবতো বা অহমবিত্ত্যান্যানবৃষি।

ব্যাখ্যা। সঃ (যজমানঃ রাজা) হ উবাচ, অহং ভগবন্তং বৈ এভিঃ সর্ব্বৈঃ আর্ত্বিজ্যৈঃ (ঋত্বিক্‌কর্ম্মভিঃ ঋত্বিক্‌কর্ম্মার্থম্ ইত্যর্থঃ) পর্য্যৈশিষম্ (অন্বেষণং কৃতবান্ অস্মি) ভগবতঃ অবিত্ত্যা (অলাভেন) বৈ (এব) অহম্ অন্যান্ (ব্রাহ্মণান্) অবৃষি (যজ্ঞকর্ম্মসু বৃতবান্ অস্মি)।

অনুবাদ। তখন রাজা বলিলেন যে, হাঁ আমি পূর্ব্বেই আপনার গুণের কথা শুনিয়াছি এবং সেইজন্য আমার এই ঋত্বিক্‌কর্ম্মে আপনাকেই বরণ

করিব বলিয়া আপনার অনেক অন্বেষণও করিয়াছিলাম। অবশেষে আপনাকে না পাইয়াই ইহাঁদিগকে বরণ করিয়াছি।

৩। ভগবাংস্ত্বেব মে সর্ব্বৈরার্ত্বিজ্যৈরিতি তথেত্যথ তর্হ্যেত এব সমতিসৃষ্টাঃ স্তুবতাং যাবত্ত্বেভ্যো ধনং দদ্যাস্তাবন্মম দদ্যা ইতি তথেতি হ যজমান উবাচ।

ব্যাখ্যা। [অদ্যাপি] ভগবান্ তু এব মে সর্ব্বৈঃ আর্ত্বিজ্যৈঃ [সম্পন্নঃ অস্তু] ইতি [রাজ্ঞা অভিহিতঃ উষস্তিঃ] তথা ইতি [আহ]। অথ তর্হি এতে এব (ত্বয়া পূর্ব্বং বৃতাঃ) সমতিসৃষ্টাঃ (ময়া সম্যক্ প্রসন্নেন অনুজ্ঞাতাঃ) স্তুবতাং; তু (কিন্তু) [ত্বং] এভ্যঃ (ঋত্বিগ্‌ভ্যঃ) যাবৎ (যৎ পরিমাণং) ধনং দদ্যাঃ, তাবৎ (তৎপরিমাণং) [ধনং] মম (মহ্যং) দদ্যাঃ ইতি। যজমানঃ (রাজা) তথা ইতি হ উবাচ।

অনুবাদ। 'এখন তবে আপনিই আমার সমস্ত ঋত্বিকের কার্য্য সম্পন্ন করুন।' রাজার এই কথায় উষস্তি বলিলেন, আচ্ছা তাহাই হইবে; আমি ইহাঁদিগকে প্রসন্নচিত্তে আদেশ প্রদান করিলে ইহাঁরা নিজেরাই প্রস্তাবাদি পাঠ করিতে পারিবেন। তবে তোমাকে শুধু এইটুকু দেখিতে হইবে যে, এই কার্য্যের

জন্য ইহাঁরা যে পরিমাণ অর্থ পাইবেন, আমাকেও তাহাই দিতে হইবে। রাজা বলিলেন, আচ্ছা তাহাই হইবে।

৪। অথ হৈনং প্রস্তোতোপসসাদ প্রস্তোতর্যা দেবতা প্রস্তাবমন্বায়ত্তা তাং চেদবিদ্বান্ প্রস্তোষ্যসি মূর্দ্ধা তে বিপতিষ্যতীতি মা ভগবানবোচৎ কতমা সা দেবতেতি।

ব্যাখ্যা। অথ হ প্রস্তোতা এনম্ (উষস্তিং) উপসসাদ। [হে] প্রস্তোতঃ (প্রস্তাবপাঠক) যা দেবতা প্রস্তাবমন্বায়ত্তা (অনুগতা) চেৎ তাম্ অবিদ্বান্ প্রস্তোষ্যসি মূর্দ্ধা তে বিপতিষ্যতি ইতি (এতৎ) ভগবান্ (পূজনীয়ো ভবান্) [পূর্ব্বং] মা (মাং) অবোচৎ; [ইদানীং ভবানেব ব্রবীতু] কতমা সা দেবতা ইতি।

অনুবাদ। উষস্তির কথা শুনিয়া তখন প্রস্তোতা বিনীতভাবে তাঁহার সমীপে উপস্থিত হইয়া বলিলেন যে, প্রভো! আপনি যে আমাকে বলিয়াছিলেন "হে প্রস্তোতঃ! তোমার প্রস্তাবের যিনি অধিষ্ঠাত্রী দেবতা, তাঁহাকে না জানিয়া যদি তুমি

প্রস্তাব পাঠ কর, তবে তোমার মস্তক খসিয়া পড়িবে, এখন আপনি আমাকে অনুগ্রহ করিয়া বলুন যে, প্রস্তাবের সেই দেবতাটী কে?

৫। প্রাণ ইতি হোবাচ সর্ব্বাণি হ বা ইমানি ভূতানি প্রাণমেবাভিসংবিশন্তি প্রাণমভ্যুজ্জিহতে সৈষা দেবতা প্রস্তাবমন্বায়ত্তা তাং চেদবিদ্বান্ প্রাস্তোষ্যো মূর্দ্ধা তে ব্যপতিষ্যত্তথোক্তস্য ময়েতি।

ব্যাখ্যা। প্রাণঃ [সা দেবতা] ইতি হ উবাচ [উষস্তিঃ] হ (যস্মাৎ) ইমানি সর্ব্বাণি ভূতানি [প্রলয়কালে] প্রাণম্ এব অভিসংবিশন্তি (তত্রৈব লীয়ন্তে), (উৎপত্তিকালে চ) প্রাণম্ অভি (লক্ষীকৃত্য) উজ্জিহতে (উৎপদ্যন্তে)। সা এষা [প্রাণ-রূপা] দেবতা, প্রস্তাবম্ অন্বায়ত্তা; চেৎ তাং অবিদ্বান্ প্রাস্তোষ্যঃ (প্রস্তাবনং কৃতবান্ ভবেঃ) [তর্হি] তথা (পূর্ব্বোক্ত-রূপেণ, মূর্দ্ধা তে বিপতিষ্যতি) ইতি ময়া উক্তস্য (নিষিদ্ধস্য) তে (তব) মূর্দ্ধা ব্যপতিষ্যৎ।

অনুবাদ। তখন উষস্তি বলিলেন যে, প্রাণই সেই দেবতা। কারণ এই দৃশ্যমান চরাচর জগৎ প্রলয়কালে তাহাতেই লীন হইয়া থাকে এবং

উৎপত্তিকালে তাহা হইতেই উত্থিত হয়। এই প্রাণই প্রস্তাবের অধিষ্ঠাতৃ দেবতা। ইঁহাকে না জানিয়া যদি তুমি প্রস্তাব পাঠ করিতে, তাহা হইলে আমার নিষেধ না শুনিয়া ঐরূপ করায় তোমার মস্তক নিশ্চয়ই খসিয়া পড়িত।

৬। অথ হৈনমুদ্গাতোপসসাদোদ্গাতর্যা দেবতোদ্গীথমন্বায়ত্তা তাং চেদবিদ্বানুদ্গাস্যসি মূর্দ্ধা তে বিপতিষ্যতীতি মা ভগবানবোচৎ কতমা সা দেবতেতি।

ব্যাখ্যা। অথ উদ্গাতা চ এনং (উষস্তিং) উপসসাদ, [হে] উদ্গাতঃ! যা দেবতা উদ্গীথম্ অন্বায়ত্তা, চেৎ তাং অবিদ্বান্ উদ্গাস্যসি মূর্দ্ধা তে বিপতিষ্যতি ইতি (এতৎ) ভগবান্ মা (মাং) [পূর্ব্বম্] অবোচৎ [অধুনা ভবানেব ব্রবীতু] কতমা সা দেবতা ইতি?

অনুবাদ। তাহার পর উদ্গাতা সবিনয়ে তাঁহার সমীপে আসিয়া বলিলেন, প্রভো, আপনি যে আমাকে বলিয়াছিলেন "হে উদ্গাতা তোমার উদ্গীথের যিনি দেবতা তাঁহাকে না জানিয়া যদি তুমি উদ্গীথ পাঠ কর তাহা হইলে তোমার মস্তক খসিয়া

পড়িবে।" এখন আপনিই আমাকে অনুগ্রহ করিয়া বলুন যে উদ্গীথের সেই দেবতাটী কে ? ।

৭। আদিত্য ইতি হোবাচ সর্ব্বাণি হ বা ইমানি ভূতান্যাদিত্যমুচ্চৈঃ সন্তং গায়ন্তি সৈষা দেবতোদ্গীথ-মন্বায়ত্তা তাং চেদবিদ্বানুদগাস্যো মূর্দ্ধা তে ব্যপতিষ্য-ত্তথোক্তস্য ময়েতি।

ব্যাখ্যা। আদিত্যঃ [সা দেবতা] ইতি হ উবাচ উষস্তিঃ। হ (যস্মাৎ) ইমানি বৈ সর্ব্বাণি ভূতানি উচ্চৈঃ সন্তং (উৰ্দ্ধস্থং) আদিত্যং গায়ন্তি। সা এষা (আদিত্যরূপা) দেবতা উদ্গীথম্ অন্বায়ত্তা, চেৎ তাং অবিদ্বান্ উদ্গাস্যঃ (উদ্গীথপাঠম্ অকার্ষীঃ) [তর্হি] ময়া তথা (পূর্ব্বোক্তরূপেণ) উক্তস্য (নিষিদ্ধস্য) তে মূর্দ্ধা ব্যপতিষ্যৎ ইতি।

অনুবাদ। তখন উষস্তি বলিলেন যে, সূর্য্যই সেই দেবতা; কারণ এই দৃশ্যমান চরাচর জগৎ ঐ উৰ্দ্ধলোকস্থ সূর্য্যেরই উপাসনা করিয়া থাকে। এই সূর্য্য উদ্গীথের অধিষ্ঠাতৃদেবতা ইহাকে না জানিয়া যদি তুমি উদ্গীথ পাঠ করিতে, তাহা হইলে আমার নিষেধ সত্ত্বেও ঐরূপ করায় নিশ্চয়ই তোমার মস্তক খসিয়া পড়িত।

৮। অথ হৈনং প্রতিহর্ত্তোপসসাদ প্রতিহর্ত্তর্যা দেবতা প্রতিহারমন্বায়ত্তা তাং চেদবিদ্বান্ প্রতিহরিষ্যসি মূর্দ্ধা তে বিপতিষ্যতীতি মা ভগবানবোচৎ কতমা সা দেবতেতি।

ব্যাখ্যা। অথ হ প্রতিহর্ত্তা এনম্ উপসসাদ; [হে] প্রতিহর্ত্তঃ। (প্রতিহারপাঠক) যা দেবতা প্রতিহারম্ অন্বায়ত্তা, চেৎ তাং অবিদ্বান্ প্রতিহরিষ্যসি, মূর্দ্ধা তে বিপতিষ্যতি ইতি (এতৎ) ভগবান্ মা (মাং) অবোচৎ, অধুনা ভবানেব ব্রবীতু কতমা সা দেবতা ইতি।

অনুবাদ। অবশেষে প্রতিহর্ত্তাও সেইরূপ বিনীতভাবে তাঁহার সমীপে আসিয়া বলিলেন যে, প্রভো! আপনি যে আমাকে বলিয়াছিলেন, "হে প্রতিহর্ত্তঃ! তোমার প্রতিহারের যিনি দেবতা, তাঁহাকে না জানিয়া যদি তুমি প্রতিহার পাঠ কর, তাহা হইলে নিশ্চয়ই তোমার মস্তক খসিয়া পড়িবে।" এখন অনুগ্রহ করিয়া আপনিই আমাকে বলুন যে, প্রতিহারের সে দেবতাটী কে?

৯। অন্নমিতি হোবাচ সর্ব্বাণি হ বা ইমানি ভূতান্যন্নমেব প্রতিহরমাণানি জীবন্তি সৈষা দেবতা

প্রতিহারমবায়স্তা তাং চেদবিদ্বান্ প্রত্যাহরিষ্যো মূর্দ্ধা তে ব্যপতিষ্যত্তথোক্তস্য ময়েতি তথোক্তস্য ময়েতি।

ইতি একাদশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। অন্নং [সা দেবতা] ইতি হ উবাচ [উষস্তিঃ] হ (যস্মাৎ) ইমানি সর্ব্বাণি ভূতানি (স্থাবরজঙ্গমাত্মকানি) বৈ (এব), অন্নম্ এব প্রতিহরমাণানি (আহরণং কুর্ব্বন্তি নন্তি) জীবন্তি; সা এষা (অন্নরূপা) দেবতা প্রতিহারম্ অন্বায়ত্তা, চেৎ তাং (দেবতাং) অবিদ্বান্ প্রত্যাহরিষ্যঃ (প্রতিহারপাঠম্ অকার্ষীঃ) [তর্হি] ময়া তথা (পূর্ব্বোক্তরূপেণ) উক্তস্য (নিষিদ্ধস্য) তে (তব) মূর্দ্ধা ব্যপতিষ্যৎ। [দ্বিরুক্তিঃ খণ্ডসমাপ্ত্যর্থা]।

অনুবাদ। তখন উষস্তি বলিলেন যে, অন্নই সেই দেবতা। কারণ এই দৃশ্যমান স্থাবর জঙ্গমাত্মক জগৎ ঐ অন্ন আহার করিয়াই জীবিত রহিয়াছে। এই অন্নরূপ দেবতাই প্রতিহারের দেবতা। তাঁহাকে না জানিয়া যদি তুমি প্রতিহার পাঠ করিতে,তাহা হইলে আমার নিষেধ সত্ত্বেও ঐরূপ করায় তোমার মস্তক নিশ্চয়ই খসিয়া পড়িত।

একাদশ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

দ্বাদশঃ খণ্ডঃ।

১। অথাতঃ শৌব উদ্গীথস্তদ্ধ বকো দাল্ভ্যো গ্লাবো বা মৈত্রেয়ঃ স্বাধ্যায়মুদ্বব্রাজ।

ব্যাখ্যা। অথ অতঃ (অতঃপরম্) তৎ (তত্র বিষয়ে) শৌবঃ (শ্বভিঃ দৃষ্টঃ) উদ্গীথঃ (সামগানং) [প্রস্তূয়তে] দাল্ভ্যঃ (দল্ভস্য অপত্যং) বকঃ মৈত্রেয়ঃ (মিত্রায়াশ্চ অপত্যং) গ্লাবঃ বা [বকঃ গ্লাবশ্চ ইতি একস্যৈব মুনেঃ পিতৃমাতৃদত্তং পৃথক্ নামদ্বয়ং] স্বাধ্যায়ম্ উদ্গীথাধ্যয়নম্ [কর্ত্তুম্ ইতি শেষঃ] উদ্বব্রাজ (জলসমীপনির্জ্জনপ্রদেশং জগাম)।

অনুবাদ। এক্ষণে সারমেয়সম্বন্ধীয় উদ্গীথের কথা বলা হইতেছে। এক ঋষি ছিলেন তাঁহাকে তাঁহার পিতা দল্ভ 'বক' এবং তাঁহার মাতা মিত্রা গ্লাব' এই নাম দিয়াছিলেন। এক সময়ে তিনি উদ্গীথপাঠের জন্য কোন নির্জ্জন স্থানে গমন করেন।

২। তস্মৈ শ্বা শ্বেতঃ প্রাদুর্বভূব তমন্যে শ্বান উপসমেত্যোচুরন্নং নো ভগবানাগায়ত্বশনায়াম বা ইতি।

ব্যাখ্যা। [উদ্গীথাধ্যয়নেন তোষিতা দেবতা ঋষির্বা শ্বরূপং গৃহীত্ব] শ্বেতঃ শ্বা [সন্] তস্মৈ (বকায় সময়ে)

[তদনুগ্রহার্থম্] প্রাদুর্ব্বভূব। অন্যে শ্বানঃ উপসমেত্য তম্ (শ্বেতং শ্বানম্) ঊচুঃ, ভগবন্ অন্নং নঃ (অস্মভ্যম্) আগায়তু (সম্যক্ গানেন অন্নং নিষ্পাদয়তু) [যস্মাৎ বয়ং] অশনায়াম (অশিতুম্ ইচ্ছামঃ) বৈ (এব) ইতি।

অনুবাদ। তাঁহার উদ্গীথপাঠে সন্তুষ্ট হইয়া কোন দেবতা শুভ্রবর্ণ এক কুকুর-মূর্ত্তিতে তাহার সমীপে উপস্থিত হইলেন। তখন আরও কতকগুলি ছোট ছোট কুকুর সেই শুভ্রবর্ণের কুকুর-টীর নিকট আসিয়া বলিল, "প্রভো! আমরা বড় ক্ষুধার্ত্ত হইয়াছি, আপনি সাম গান করিয়া আমাদের কিছু খাইতে দিন।"

৩। তান্ হোবাচেহৈব মা প্রাতরুপসমীয়াতেতি তদ্ধ বকো দাল্ভ্যো গ্লাবো বা মৈত্রেয়ঃ প্রতিপালয়াঞ্চকার।

ব্যাখ্যা। [এবমভিহিতঃ শ্বেতঃ শ্বা] তান্ (অন্যান্ শুনঃ) উবাচ হ ইহ এব প্রাতঃ [যূয়ং] মা (মাং) উপসমীয়াত (সমাগচ্ছত) ইতি। বকো দাল্ভ্যঃ গ্লাবঃ মৈত্রেয়ঃ বা তৎ (তত্র) প্রতিপালয়াঞ্চকার (প্রতীক্ষিত)।

অনুবাদ। তখন শ্বেতবর্ণের কুকুরটী তাহাদিগকে বলিল "তোমরা প্রভাতে এখানেই আমার নিকট আসিও।" সেই বক ঋষিও সেখানে তাহাদের আগমন প্রতীক্ষা করিতে লাগিলেন।

৪। তে হ যথৈবেদং বহিষ্পবমানেন স্তোষ্যমাণাঃ সংরব্ধাঃ সর্পন্তীত্যেব মাসসৃপুস্তে হ সমুপবিশ্য হিং চক্রুঃ।

ব্যাখ্যা। তে (পূর্ব্বোক্তাঃ শ্বানঃ) [তত্র এব ঋষেঃ সমীপম্ আগত্য] হ [যজ্ঞকর্ম্মণি] বহিষ্পবমানেন (স্তোত্রবিশেষেণ) স্তোষ্যমাণাঃ [উদ্গাতারঃ] যথা ইদং (এবম্ প্রকারম্) সংরব্ধাঃ (পরস্পরং মিলিতাঃ সন্তঃ) সর্পন্তি (পরিক্রামন্তি) এবম্ আ (সমন্ততঃ) সসৃপুঃ তে (শ্বানঃ) হ সমুপবিশ্য (ঋষেঃ সমীপে উপবিষ্টাঃ সন্তঃ) হিম্ (ইতি শব্দং) চক্রুঃ।

অনুবাদ। পূর্ব্বোক্ত কুকুরসকল সেই ঋষির কাছে আসিয়া—উদ্গাতারা যজ্ঞস্থলে পরস্পর মিলিত হইয়া বহিষ্পবমান নামক স্তোত্র পাঠ করিতে করিতে যেরূপ ভাবে পরিক্রম করিতে থাকে, সেইরূপ ভাবে পরিক্রমণ করিতে লাগিল। তাহার পর সকলে একত্র উপবেশন করিয়া "হিং" এইরূপ শব্দ করিতে আরম্ভ করিল।

৫। ওঁ৩মদা৩মোং৩পিবা৩মোঁ৩দেবো বরুণঃ প্রজাপতিঃ সবিতা৩২ন্নমিহা২হরদন্নপতে২হন্নমিহাহরা২-হরো৩মিতি।

ইতি দ্বাদশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। [অধুনা "ওম্" ইত্যাদিনা হিঙ্কারস্বরূপমাহ] ওম্ অদাম, ওম্ পিবাম, ওম্ দেবঃ (প্রকাশমানঃ) বরুণঃ (বর্ষণকারী) প্রজাপতিঃ (আহারদানেন প্রজানাং পালকঃ) সবিতা (সর্বেষাং জনয়িতা) ইহ (প্রদেশে) অন্নম্ আহরৎ (আহরতু)। [এবং হিংকারানন্তরং তে শ্বানঃ পুনরপ্যাহুঃ] [হে] অন্নপতে! (সূর্য্য) ইহ (প্রদেশে) অন্নম্ আহর (প্রযচ্ছ) আহর ওম্ ইতি (দ্বিরুক্তিরাদরার্থা)।

অনুবাদ। এখন ঐ "হিং" শব্দের কি অর্থ, তাহা বলা হইতেছে। তাহারা ওঙ্কার গান করিতে করিতে বলিতে লাগিল, 'আমরা ভোজন করিব, আমরা পান করিব, যিনি বর্ষণ করেন, যিনি প্রজাগণকে পালন করেন, যিনি এই চরাচর জগৎকে প্রসব করেন, সেই সূর্য্যদেব এখানে আমাদের জন্য অন্ন-প্রদান করুন। তাহার পর তাহারা আবার বলিতে লাগিল, "হে অন্নপতে! আমাদিগকে এখানে অন্ন প্রদান করুন।

দ্বাদশ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

ত্রয়োদশঃ খণ্ডঃ।

১। অয়ং বাব লোকো হাউকারো বায়ুর্হা ইকারশ্চন্দ্রমা অথকার আত্মেহকারোঽগ্নিরীকারঃ।

ব্যাখ্যা। [উদ্গীথাদিসামাংশবিষয়কম্ উপাসনম্ উক্তম্। অধুনা সামাবয়বস্তোভাক্ষরবিষয়কম্ উপাসনম্ কথ্যতে] অয়ং লোকঃ (দৃশ্যমানং ভুবনং) বাব (প্রসিদ্ধিং সূচয়তি) হাউ-কারঃ রথন্তরসাম্নি প্রসিদ্ধঃ স্তোভঃ); বায়ুঃ হাইকারঃ (বামদেব্যসাম্নি প্রসিদ্ধঃ স্তোভঃ), চন্দ্রমা অথকারঃ, আত্মা ইহকারঃ অগ্নিঃ ঈকারঃ (অথকারাদয়ঃ সর্ব্বে স্তোভভেদাঃ)।

অনুবাদ। পূর্ব্বে যে উপাসনার বিষয় বলা হইয়াছে, তাহা সামবেদের উদ্গীথাদি অংশবিশেষের উপাসনা। তাই এখন সামবেদের স্তোভনামক অংশান্তরের 'হাউ' প্রভৃতি অক্ষরবিষয়ক উপাসনার কথা বলা হইতেছে,—এই পরিদৃশ্যমান পৃথিবীকে সামবেদের অন্তর্গত স্তোভনামক অংশের 'হাউকার' (অক্ষর-বিশেষ) বায়ুকে 'হাইকার' চন্দ্রমাকে 'অথকার' আত্মাকে 'ইহকার' এবং অগ্নিকে 'ঈকার' বলিয়া উপাসনা করিবে।

২। আদিত্য উকারো নিহব একারো বিশ্বেদেবা ঔহোইকারঃ প্রজাপতির্হিঙ্কারঃ প্রাণঃ স্বরোঽন্নং যা বাগ্বিরাট্।

ব্যাখ্যা। আদিত্যঃ উকারঃ, নিহবঃ (আহ্বানং) একারঃ বিশ্বেদেবাঃ (অগ্নিধারাদয়ঃ) ঔহোয়িকারঃ, প্রজাপতিঃ হিঙ্কার প্রাণঃ স্বরঃ, অন্নং যা, বাক্ বিরাট, (অত্র উকারাদয়ঃ সর্বে স্তোভভেদাঃ)।

অনুবাদ। সূর্য্যকে উকার, আহ্বানকে একার, অগ্নিধারাদি বিশ্বেদেবতাদিগকে ঔহোয়িকার প্রজাপতিকে হিঙ্কার, প্রাণকে স্বর, অন্নকে যা এবং বাক্যকে বিরাট্ বলিয়া উপাসনা করিবে। [এখানে উকার হইতে আরম্ভ করিয়া বিরাট্ পর্য্যন্ত সমস্তই স্তোভের অংশবিশেষ। সূর্য্যাদিবুদ্ধিতে ইহাদের উপাসনা করিবার কথা বলা হইতেছে।]

৩। অনিরুক্তস্ত্রয়োদশঃ স্তোভঃ সঞ্চরো হুঙ্কারঃ।

ব্যাখ্যা। অনিরুক্তঃ (অব্যক্তত্বাৎ ইদন্তয়া নির্দ্দেষ্টুম্ অশক্যঃ কারণস্বরূপঃ) সঞ্চরঃ (নানারূপেণ বিকল্প্যমানঃ ত্রয়োদশ স্তোভঃ) হুঙ্কারঃ। [কারণবুদ্ধ্যা হুঙ্কারম্ উপাসীত ইতি আশয়ঃ]।

অনুবাদ। কারণরূপে অব্যক্ত ও কার্য্য-

রূপে নানাবিধ আকারে কল্পিত এরূপ ত্রয়োদশটী স্তোভকে হুঙ্কার বলিয়া উপাসনা করিবে।

৪। দুগ্ধেঽস্মৈ বাগ্দোহং যো বাচো দোহোঽন্নবানন্নাদো ভবতি য এতামেবꣳ সাম্নামুপনিষদং বেদোপনিষদং বেদ ইতি।

ইতি ত্রয়োদশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। [অধুনা স্তোভাক্ষরোপাসনাফলমাহ] যঃ এবং (পূর্ব্বোক্তপ্রকারেণ) সাম্নাং (সামাবয়বস্তোভাক্ষরাণাং) এতাম্ উপনিষদং (বিজ্ঞানং) বেদ, বাচঃ (বাগিন্দ্রিয়স্য) যঃ দোহঃ (সারঃ) [তং] দোহং (সারং) বাক্ অস্মৈ (বিদুষে) দুগ্ধে (দদাতি) [স বিদ্বান্] অন্নবান্ অন্নাদঃ [চ] ভবতি।

অনুবাদ। এখন সামবেদের অন্তর্গত স্তোভের হাইপ্রভৃতি অক্ষরের উপাসনায় কি ফল লাভ হয়, তাহা বলা হইতেছে। যিনি এইরূপে সামবেদের অন্তর্গত স্তোভাংশের অক্ষরসমূহের তত্ত্ব অবগত হইতে পারিয়াছেন, বাগিন্দ্রিয় সেই বিদ্বান্‌কে তাহার সারভাগ প্রদান করিয়া থাকে; তিনি প্রচুর অন্ন লাভ করেন এবং নিজেও প্রচুর অন্ন ভোজন করিয়া থাকেন।

ত্রয়োদশ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত। ৫॥

দ্বিতীয়োঽধ্যায়ঃ।

প্রথমঃ খণ্ডঃ।

১। ওঁ সমস্তস্য খলু সাম্ন উপাসনꣳসাধু যৎখলু সাধু তৎসামেত্যাচক্ষতে যদসাধু তদসামেতি।

ব্যাখ্যা। সমস্তস্য সাম্নঃ উপাসনং খলু (নিশ্চয়ে) সাধু; খলু (যস্মাৎ) যৎ সাধু (নির্দোষং) তৎ সাম ইতি আচক্ষতে (কথয়ন্তি পণ্ডিতা ইতি শেষঃ)। যৎ [চ] অসাধু (অশোভনং) তৎ অসাম ইতি [আচক্ষতে পণ্ডিতা ইতি শেষঃ।

অনুবাদ। এতক্ষণ পর্য্যন্ত উদ্‌গীথ প্রভৃতি সামবেদের অংশ বিশেষের উপাসনার কথা বলিয়া আসা হইয়াছে; এখন সমগ্র সামের উপাসনার কথা বলা হইতেছে। সমগ্র সামের উপাসনা খুব ভাল; কারণ জগতে যাহা কিছু ভাল তাহাকেই সাম বলিয়া বলা হয়, আর যাহা কিছু মন্দ তাহাকেই অসাম বলিয়া বলা হয়।

২। তদুতাপ্যাহুঃ সাম্নৈনমুপাগাদিতি সাধুনৈনমুপাগাদিত্যেব তদাহুরসাম্নৈনমুপাগাদিত্যসাধুনৈনমুপাগাদিত্যেব তদাহুঃ।

ব্যাখ্যা। তৎ (তত্র সাধ্বসাধুবিচারে) উত (বিতর্কে) [জনাঃ] আহুঃ অপি (সম্ভাবনায়াং); [অয়ং জন্] সাম্না (শোভনব্যবহারেণ) এনং (রাজানং স্বামিনং বা) উপাগাৎ (প্রাপ্তঃ) ইতি যৎ, সাধুনা (শোভনব্যবহারেণ) এনম্ উপাগাৎ ইত্যেব (অবধারণে) [জনাঃ] আহুঃ। [তথা] অসাম্না (অশোভন্ বৃত্ত্যা) এনম্ (জনম্) উপাগাৎ ইতি [চ যৎ আহুঃ] তৎ [খলু] অসাধুনা (অভদ্রব্যবহারেণ) এনম্ উপাগাৎ ইত্যেব আহুঃ।

অনুবাদ। এই ভালমন্দের বিভাগবিষয়ে লোকেও বলিয়া থাকে যে, অমুক ব্যক্তি সাম দ্বারা ইহাকে লাভ করিয়াছে; ইহাতে এই কথাই বলা হইয়া থাকে যে, ভাল ব্যবহারের দ্বারাই সে ইহাকে লাভ করিয়াছে; আর যে অসাম দ্বারা ইহাকে প্রাপ্ত হওয়া গিয়াছে বলা হয়, তাহাতেও এই কথাই বলা হইয়া থাকে যে, মন্দ ব্যবহারের দ্বারাই ইহাকে পাওয়া গিয়াছে।

৩। অথোতাপ্যাহুঃ সাম নো বতেতি যৎসাধু ভবতি সাধু বতেত্যেব তদাহুরসাম নো বতেতি যদসাধু ভবত্যসাধু বতেত্যেব তদাহুঃ।

ব্যাখ্যা। অথ (প্রকারান্তরং প্রদর্শ্যতি) [জনাঃ] উত (বিতর্কে) আহুঃ অপি নঃ বত (কৃপায়াং) সাম [সংবৃত্তম্] ইতি; যৎ সাধু (শোভনং) ভবতি সাধু বত ইতি এব (অনেনৈবকথনেন) [জনাঃ] তৎ (সাধু—শোভনং) আহুঃ। [তথা] নঃ অসাম (অশোভনং) বত [সংবৃত্তম্] ইতি, যৎ অসাধু ভবতি, অসাধু বত ইতি এব (অনেনৈব কথনেন) [জনাঃ] তৎ (অসাধু অশোভনং) আহুঃ।

অনুবাদ। আবার দেখা যায় লোকে এরূপও বলিয়া থাকে যে, আমাদের সাম সিদ্ধ হইয়াছে; এই কথায় তাহারা ইহাই বুঝাইতে চাহে যে, যাহা ভাল তাহাই হইয়াছে। আর যখন বলিয়া থাকে আমাদের অসাম হইয়াছে, তখন তাহারা ঐ কথায় ইহাই বলিতে চাহে যে যাহা ভাল নহে তাহাই তাহাদের হইয়াছে।

৪। স য এতদেবং বিদ্বান্ সাধু সামেত্যুপাস্তে হভ্যাশো হ যদেনং সাধবো ধর্ম্মা আ চ গচ্ছেয়ুরূপ চ নমেয়ুঃ।

ইতি প্রথমঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। সঃ যঃ এতৎ (সাম) এবং (সাধুগুণযুক্তং) বিদ্বান্ (জানন্) "সাধু সাম" ইতি উপাস্তে এনং (উপাসকং) সাধবঃ (শোভনাঃ) ধর্ম্মাঃ আগচ্ছেয়ুঃ চ উপ চ নমেয়ুঃ (উপনমেয়ুশ্চ ভোগ্যরূপেণ উপতিষ্ঠেয়ুঃ ইত্যর্থঃ)।

অনুবাদ। যে কোন লোক সামকে এইরূপে জানিয়া যদি তাহাকে সাধুত্বগুণযুক্তরূপে উপাসনা করেন, তবে অবিলম্বেই ভাল ভাল গুণগুলি তাঁহার নিকট আসিয়া উপস্থিত হয় এবং তাঁহার উপভোগ্য হইয়া দাঁড়ায়।

প্রথম খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

দ্বিতীয়ঃ খণ্ডঃ।

১। লোকেষু পঞ্চবিধꣳসামোপাসীত পৃথিবী হিঙ্কারোঽগ্নিঃ প্রস্তাবোঽন্তরিক্ষমুদ্গীথ আদিত্যঃ প্রতিহারো দ্যৌর্নিধনমিত্যূর্দ্ধ্বেষু।

ব্যাখ্যা। [অধুনা সাধু-দৃষ্টি-বিশিষ্টানি উপাস্যানি সমস্তানি সামানি উচ্যন্তে] লোকেষু (পৃথিব্যাদিষু) পঞ্চবিধং (পঞ্চ-

প্রকারং) সাম উপাসীত [সাধক ইতি শেষঃ], [তদ্ যথা] পৃথিবী হিঙ্কারঃ (হিংকারে পৃথিবীদৃষ্টিঃ কর্ত্তব্যা), অগ্নিঃ প্রস্তাবঃ (প্রস্তাবে অগ্নিদৃষ্টিঃ কর্ত্তব্যা), অন্তরীক্ষম্ উদ্গীথঃ (উদ্গীথে অন্তরীক্ষদৃষ্টিঃ কর্ত্তব্যা), আদিত্যঃ প্রতিহারঃ (প্রতিহারে আদিত্যবুদ্ধিঃ করণীয়া), দ্যৌঃ নিধনং (নিধনে স্থিতৌ স্বর্গবুদ্ধিঃ কর্ত্তব্যা) ইতি (এষা উপাসনা) উর্দ্ধেষু (উর্দ্ধস্থেষু লোকেষু) [উপদিষ্টা] ।

অনুবাদ। হিংকার, প্রস্তাব প্রভৃতি পঞ্চপ্রকার সামকে পৃথিবী, অগ্নিপ্রভৃতি বুদ্ধিতে (অর্থাৎ পৃথিবী ও অগ্নি ইত্যাদি মনে করিয়া) উপাসনা করিবে। যেমন উর্দ্ধলোক বিষয়ে উপাসনায় বলা হইয়াছে যে হিংকারকে পৃথিবী বলিয়া প্রস্তাবকে অগ্নি বলিয়া—উদগীথকে আকাশ বলিয়া—প্রতিহারকে সূর্য্য বলিয়া এবং নিধনকে স্বর্গ বলিয়া উপাসনা করিবে।

২। অথাবৃত্তেষু দ্যৌর্হিঙ্কার আদিত্যঃ প্রস্তাবোঽন্তরিক্ষমুদ্গীথোঽগ্নিঃ প্রতিহারঃ পৃথিবী নিধনম্।

ব্যাখ্যা। অথ (অনন্তরং) আবৃত্তেষু (অধোমুখেষু লোকেষু)

[পঞ্চপ্রকারসামোপাসনা উচ্যতে] ; দ্যৌঃ (স্বর্গঃ) হিংকারঃ ; আদিত্যঃ (সূর্য্যঃ) প্রস্তাবঃ ; অন্তরীক্ষম্ (আকাশঃ) উদ্গীথঃ ; অগ্নিঃ প্রতিহারঃ ; পৃথিবী নিধনম্ ; [পূর্ব্ববৎ হিংকারাদৌ স্বর্গাদিবুদ্ধিঃ করণীয়া] ।

অনুবাদ। আবার অধোমুখ লোক-সমুদায়ের উপাসনায় বলা হইয়াছে, হিংকারকে স্বর্গ বলিয়া, প্রস্তাবকে সূর্য্য বলিয়া, উদ্গীথকে আকাশ বলিয়া, প্রতিহারকে অগ্নি বলিয়া ও নিধনকে পৃথিবী বলিয়া উপাসনা করিবে।

৩। কল্পন্তে হাস্মৈ লোকা উর্দ্ধাশ্চাবৃত্তাশ্চ য এতদেব বিদ্বাংল্লোকেষু পঞ্চবিধং সামোপাস্তে।

ইতি দ্বিতীয়ঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। যঃ (উপাসকঃ) এতৎ (সাম) এবং (পূর্ব্বোক্ত-গুণযুক্তং) বিদ্বান্ (জানন্) লোকেষু (পৃথিব্যাদিষু) পঞ্চবিধং (হিংকারাদিপঞ্চপ্রকারং) সাম উপাস্তে, উর্দ্ধাঃ (উপরি-স্থিতাঃ) চ আবৃত্তাঃ (অধোমুখাঃ) চ লোকাঃ হ (অবধারণে) অস্মৈ (উপাসকায়) কল্পন্তে (তদ্‌ভোগ্যতয়া উপতিষ্ঠন্তে)।

অনুবাদ। যিনি সামকে এইরূপে জানিয়া

পৃথিবীপ্রভৃতি পাঁচটী লোকে হিংকারপ্রভৃতি পাঁচ-প্রকার সামের উপাসনা করেন, তিনি উৰ্দ্ধ ও অধোমুখে অবস্থিত পূর্ব্বোক্ত পাঁচটী লোককে উপ-ভোগরূপে পাইয়া থাকেন।

দ্বিতীয় খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

তৃতীয়ঃ খণ্ডঃ।

১। বৃষ্টৌ পঞ্চবিধং সামোপাসীত পুরোবাতো হিঙ্কারো মেঘো জায়তে স প্রস্তাবো বর্ষতি স উদ্গীথো বিদ্যোততে স্তনয়তি স প্রতিহারঃ।

ব্যাখ্যা। [অধুনা ভিন্নপ্রকারং পঞ্চবিধসামোপাসন-মুচ্যতে] :-বৃষ্টৌ (বর্ষণবিষয়ে) পঞ্চবিধং সাম উপাসীত, তথাহি পুরোবাতঃ (পূর্ব্বদিকসমাগতো বায়ুঃ) হিংকারঃ, [তস্মাৎ বায়োঃ] মেঘঃ জায়তে, সঃ (মেঘঃ) প্রস্তাবঃ [যৎ] বর্ষতি, সঃ (তদ্বর্ষণম্) উদ্গীথঃ। [যৎ] বিদ্যোততে স্তনয়তি (গর্জ্জতি) চ সঃ (তৎ বিদ্যোতনং গর্জ্জনঞ্চ) প্রতিহারঃ।

অনুবাদ। এখন বৃষ্টিতে পাঁচ প্রকার সামের উপাসনার কথা বলা হইতেছে। বর্ষার সময় পূর্ব্বদিক হইতে যে বায়ু আসে, তাহাকে হিংকার বলিয়া এবং সেই বায়ু হইতে যে মেঘের উৎপত্তি হয়, তাহাকে প্রস্তাব বলিয়া, আর ঐ মেঘ হইতে যে বর্ষণ হয়, তাহাকে উদ্গীথ বলিয়া—বিদ্যুৎ-প্রকাশ ও মেঘগর্জ্জনকে প্রতিহার বলিয়া উপাসনা করিবে।

২। উদ্গৃহ্লাতি তন্নিধনং বর্ষতি। হাস্মৈ বর্ষয়তি হ য এতদেবং বিদ্বান্ বৃষ্টৌ পঞ্চবিধং সামোপাস্তে।

ইতি তৃতীয়ঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। [যৎ] উদ্গৃহ্লাতি (বর্ষণোদকং গৃহ্লাতি) তৎ (বর্ষণোদকগ্রহণম্) নিধনম্। যঃ এবং (পূর্ব্বোক্তপ্রকারঃ) বিদ্বান্ (জানন্) এতৎ পঞ্চবিধং সাম বৃষ্টৌ উপাস্তে, অস্মৈ (উপাসকায়) [মেঘঃ] বর্ষতি হ [বৃষ্ট্যভাবেঽপি] বর্ষয়তি।

অনুবাদ। বর্ষায় পৃথিবীতে যে জল সঞ্চয় হয়, তাহাকে নিধনরূপে জানিয়া যিনি সামকে বর্ষার বায়ু ও মেঘপ্রভৃতিতে হিংকারাদি পাঁচ প্রকার সামের

উপাসনা করেন, তাঁহার জন্য মেঘ বর্ষণ করে এবং বৃষ্টি না হইলেও বর্ষণ করিয়া থাকে।

তৃতীয় খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

চতুর্থঃ খণ্ডঃ।

১। সর্ব্বাস্বপ্সু পঞ্চবিধং সামোপাসীত মেঘো যৎ সংপ্লবতে স হিঙ্কারো যদ্বর্ষতি স প্রস্তাবো যাঃ প্রাচ্যঃ স্যন্দন্তে স উদ্গীথো যাঃ প্রতীচ্যঃ স প্রতিহারঃ সমুদ্রো নিধনম্।

ব্যাখ্যা। সর্ব্বাসু অপ্সু পঞ্চবিধং (পূর্ব্বোক্তপ্রকারং) সাম উপাসীত। [তথাহি] মেঘো যৎ সংপ্লবতে (পরস্পরং একীভাবেন ঘনতাং প্রতিপদ্যতে) সঃ (তৎ সংপ্লবনং) হিঙ্কারঃ; যৎ বর্ষতি সঃ (তদ্বর্ষণম্) প্রস্তাবঃ; যাঃ প্রাচ্যঃ (পূর্ব্বদিগ্গামিন্যঃ) [নদ্যঃ গঙ্গাদ্যাঃ] স্যন্দন্তে (ক্ষরন্তি) সঃ (তৎ স্যন্দনম্) উদ্গীথঃ। যাঃ প্রতীচ্যঃ (পশ্চিমদিগ্গামিন্যঃ)

(বহ্ব্যঃ নর্ম্মদাদ্যাঃ) স্যন্দন্তে, সঃ (তৎ স্যন্দনম্) প্রতিহারঃ, সমুদ্রঃ নিধনম্ [অপামাধারত্বাৎ]

অনুবাদ। এখন জলে পাঁচপ্রকার সামের উপাসনার কথা বলা হইতেছে। মেঘের পর মেঘ জমিয়া যখন গাঢ় হইয়া থাকে, তখন তাহাকে হিংকার বলিয়া—তাহার পর সেই গাঢ় মেঘ হইতে যে বর্ষণ আরম্ভ হয়, তাহাকে প্রস্তাব বলিয়া—পূর্ব্বদিকের গঙ্গাদি নদী হইতে যে জল ক্ষরিত হয়, তাহাকে উদ্গীথ বলিয়া—আর পশ্চিম দিকের নর্ম্মদাপ্রভৃতি নদী হইতে যে জল ক্ষরিত হয়, তাহাকে প্রতিহার বলিয়া এবং সমুদ্রকে নিধন বলিয়া উপাসনা করিবে।

২। ন হাপ্সু প্রৈত্যপ্সুমান্ ভবতি য এতদেবং বিদ্বান্ সর্ব্বাস্বপ্সু পঞ্চবিধং সামোপাস্তে।

ইতি চতুর্থঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। যঃ এবং (পূর্ব্বোক্তপ্রকারং) এতৎ (সাম) বিদ্বান্ (জানন্) সর্ব্বাসু অপ্সু (পূর্ব্বোক্তেষু পঞ্চবিধেষু সলিলেষু) পঞ্চবিধং (পূর্ব্বোক্তং) সাম উপাস্তে, সঃ (উপাসকঃ)

অপ্সু ন ভ (এব) প্রৈতি (ম্রিয়তে) [নেচ্ছতি চেৎ] অপ্সু-মান (প্রচুরজলশ্চ) ভবতি।

অনুবাদ। যিনি সামকে এইরূপে জানিয়া পূর্ব্বকথিত পাঁচপ্রকার জলে পাঁচ প্রকার সামের উপাসনা করেন, তিনি ইচ্ছা না করিলে কখনও জলে ডুবিয়া মরেন না এবং নিজেও প্রচুর জলশালী হন।

চতুর্থ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

পঞ্চমঃ খণ্ডঃ।

১। ঋতুষু পঞ্চবিধꣳ সামোপাসীত বসন্তো হিঙ্কারো গ্রীষ্মঃ প্রস্তাবো বর্ষা উদ্গীথঃ শরৎ প্রতিহারো হেমন্তো নিধনম্।

ব্যাখ্যা। ঋতুষু (বসন্তাদিষু) পঞ্চবিধং সাম উপাসীত। বসন্তঃ হিংকারঃ, গ্রীষ্মঃ প্রস্তাবঃ, বর্ষা উদ্গীথঃ, শরৎ প্রতিহারঃ, হেমন্তঃ [হেমন্তশিশিরৌ একীকৃত্য অত্র উচ্যতে] নিধনম্। [হিংকারাদিং বসন্তাদিবুদ্ধ্যা উপাসীত]।

২। ভবন্তি হাস্য পশবঃ পশুমান্ ভবতি য এত-দেবং বিদ্বান্ পশুষু পঞ্চবিধং সামোপাস্তে।

ইতি ষষ্ঠঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। যঃ এবং এতৎ বিদ্বান্ (জানন্) পশুষু (পূর্ব্বোক্তেষু ছাগাদিষু) পঞ্চবিধং সাম উপাস্তে, অস্য (উপাসকস্য) পশবো ভবন্তি হ (এব) [কিঞ্চ অয়ং] পশুমান্ (প্রচুরপশুসম্পন্নঃ চ) ভবতি।

অনুবাদ। যিনি ইহা এইরূপ জানিয়া পূর্ব্বোক্ত ছাগাদি পাঁচ প্রকার পশুতে পাঁচ প্রকার সামের উপাসনা করেন, তাঁহার অনেক পশু লাভ হয় এবং তাহারা তাঁহার উপভোগ্য হইয়া থাকে।

ষষ্ঠ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

সপ্তমঃ খণ্ডঃ।

১। প্রাণেষু পঞ্চবিধং পরোবরীয়ঃ সামোপাসীত প্রাণো হিঙ্কারো বাক্ প্রস্তাবশ্চক্ষুরুদ্গীথঃ শ্রোত্রং প্রতিহারো মনো নিধনং পরোবরীয়াংসি বা এতানি।

ব্যাখ্যা। প্রাণেষু (ইন্দ্রিয়েষু) পঞ্চবিধং পরোবরীয়ঃ (উত্তরোত্তরশ্রেষ্ঠত্বগুণসম্পন্নং) সাম উপাসীত। প্রাণঃ (ঘ্রাণেন্দ্রিয়ং) হিংকারঃ; বাক্ (বাগিন্দ্রিয়ং) প্রস্তাবঃ; চক্ষুঃ উদগীথঃ; শ্রোত্রং প্রতিহারঃ; মনো নিধনম্। এতানি (ঘ্রাণাদীনি ইন্দ্রিয়াণি) পরোবরীয়াংসি (উত্তরোত্তরশ্রেষ্ঠত্বগুণসম্পন্নানি) বৈ (এব)।

অনুবাদ। ঘ্রাণাদি পাঁচপ্রকার ইন্দ্রিয়ে উত্তরোত্তর শ্রেষ্ঠতাগুণযুক্ত সামের উপাসনার কথা বলা হইতেছে। ঘ্রাণেন্দ্রিয়কে হিঙ্কার বলিয়া, বাগিন্দ্রিয়কে প্রস্তাব বলিয়া, চক্ষুকে উদ্গীথ বলিয়া, কর্ণকে প্রতিহার বলিয়া এবং মনকে নিধন বলিয়া উপাসনা করিবে। ঘ্রাণাদি ইন্দ্রিয়গুলি উত্তর উত্তর শ্রেষ্ঠ।

২। পরোবরীয়ো হাস্য ভবতি পরোবরীয়সো হ লোকাঞ্জয়তি য এতদেবং বিদ্বান্ প্রাণেষু পঞ্চবিধং পরোবরীয়ঃ সামোপাস্ত ইতি তু পঞ্চবিধস্য।

ইতি সপ্তমঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। যঃ (উপাসকঃ) এতৎ এবং বিদ্বান্ প্রাণেষু

(ঘ্রাণাদিষু ইন্দ্রিয়েষু) পঞ্চবিধং পরোবরীয়ঃ (উত্তরোত্তরশ্রেষ্ঠত্ব গুণযুক্তং) সাম উপাস্তে, অস্য (উপাসকস্য) [জীবনং] পরোবরীয়ঃ হ (এব) ভবতি। [কিঞ্চায়ং] পরোবরীয় সঃ হ (এব) লোকান্ (স্বর্গাদীন্) জয়তি ; ইতি তু পঞ্চবিধস্য [সামোপাসনম্ উক্তম্]।

অনুবাদ। যিনি সামকে পূর্ব্বোক্ত প্রকারে জানিয়া ঘ্রাণাদি পাঁচটী ইন্দ্রিয়ে তাঁহাদের উপাসনা করেন, তিনি শ্রেষ্ঠ জীবন লাভ করেন, এবং তিনি উৎকৃষ্ট উৎকৃষ্ট স্বর্গাদিলোকসমুদায় জয় করিয়া থাকেন। ইহাই পাঁচপ্রকার সামের উপাসনা।

সপ্তম খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

অষ্টমঃ খণ্ডঃ।

১। অথ সপ্তবিধস্য বাচি সপ্তবিধꣳ সামোপাসীত যৎ কিঞ্চ বাচো হুমিতি স হিঙ্কারো যৎ প্রেতি স প্রস্তাবো যদেতি স আদিঃ।

ব্যাখ্যা। অথ (অনন্তরং) সপ্তবিধস্য [সাম্নঃ উপাসনা কথ্যতে]। বাচি সপ্তবিধং সাম উপাসীত। বাচঃ (শব্দস্য) যৎ কিঞ্চ (যৎ কিঞ্চিৎ) "হুম্" ইতি সঃ (হুম্ ইতিরূপং) হিংকারঃ (পূর্ব্বকথিতসামাবয়ববিশেষঃ), যৎ প্রেতি (প্র-ইতি রূপং) সঃ প্রস্তাবঃ, যৎ এতি (আ ইতি রূপং) সঃ আদিঃ (সর্ব্বাদিত্বাৎ আদিঃ ওঙ্কারঃ)।

অনুবাদ। এখন আবার শব্দবিষয়ে সাত প্রকারের সাম উপাসনার কথা বলা হইতেছে। শব্দের মধ্যে যাহা কিছু "হুম্" এইপ্রকার রূপবিশিষ্ট তাহাকে হিংকার বলিয়া, যাহা "প্র" এইপ্রকার রূপ-বিশিষ্ট, তাহাকে প্রস্তাব বলিয়া এবং যাহা 'আ' এই প্রকার রূপ-বিশিষ্ট তাহাকে আদি অর্থাৎ ওঙ্কার বলিয়া উপাসনা করিবে।

২। যদুদিতি স উদ্গীথো যৎ প্রতীতি স প্রতিহারো যদুপেতি স উপদ্রবো যন্নীতি তন্নিধনম্।

ব্যাখ্যা। [শব্দস্য] যৎ 'উৎ' ইতি [রূপং], সঃ 'উদ্গীথঃ' যৎ 'প্রতি' ইতি [রূপং] সঃ 'প্রতিহারঃ' যৎ 'উপ' ইতি [রূপং] সঃ 'উপদ্রবঃ' (সামাবয়ববিশেষঃ) যৎ 'নি' ইতি [রূপং] তৎ নিধনম্।

অনুবাদ। শব্দের মধ্যে যাহা "উৎ" এই-প্রকার রূপ-বিশিষ্ট, তাহাকে উদ্গীথ বলিয়া, যাহা 'প্রতি' এইপ্রকার রূপ বিশিষ্ট, তাহাকে প্রতিহার বলিয়া, যাহা 'উপ' এইপ্রকার রূপবিশিষ্ট, তাহাকে উপদ্রব (সামবেদেরই একটা অংশবিশেষ) বলিয়া, যাহা 'নি' এইপ্রকার রূপ-বিশিষ্ট, তাহাকে নিধন বলিয়া উপাসনা করিবে।

৩। দুগ্ধেঽস্মৈ বাগ্দোহং যো বাচো দোহোঽন্নবানন্নাদো ভবতি য এতদেবং বিদ্বান্ বাচি সপ্তবিধꣳ সামোপাস্তে।

ইতি অষ্টমঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। যঃ (জনঃ) এতৎ এবং বিদ্বান্ বাচি (শব্দে) সপ্তবিধং সাম উপাস্তে, বাক্ অস্মৈ (উপাসকায়) দোহং (দুগ্ধং) দুগ্ধে (প্রদদাতি) [কোঽসৌ দোহঃ ? ইতি আহ] বাচঃ যঃ দোহঃ (দোহনযোগ্যঃ প্রদানযোগ্য অংশ ইত্যর্থঃ) [তম্ ইতি শেষঃ] [কিঞ্চ অয়ং] অন্নবান্ (প্রচুরান্নসম্পন্নঃ) অন্নাদঃ (অন্নোপভোক্তা চ) ভবতি।

অনুবাদ। যিনি ইহা এইরূপ জানিয়া

শব্দবিষয়ে সাত প্রকার সামের উপাসনা করেন, শব্দ সেই উপাসককে তাহার যাহা কিছু সার অংশ আছে, তাহা প্রদান করে, বিশেষতঃ তিনি প্রচুর অন্নের অধিকারী হন এবং স্বয়ং প্রচুর অন্ন উপভোগ করিয়া থাকেন।

অষ্টম খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

নবমঃ খণ্ডঃ।

১। অথ খল্বমুমাদিত্যং সপ্তবিধং সামোপাসীত সর্ব্বদা সমস্তেন সাম মাং প্রতি মাং প্রতীতি সর্ব্বেণ সমস্তেন সাম।

ব্যাখ্যা। অথ (অনন্তরং) খলু (নিশ্চয়ে) অমুম্ (দৃশ্যমানং) আদিত্যং (সূর্য্যং) সপ্তবিধং সাম উপাসীত (সপ্তবিধে সামনি সূর্য্যবুদ্ধিঃ করণীয়া) [সূর্য্যঃ হি] সর্ব্বদা সমঃ (একরূপঃ) তেন (হেতুনা) সাম। তথাহি,—মাং প্রতি মাং প্রতি ইতি (সূর্য্যঃ মম আভিমুখ্যেন বর্ত্ততে ইতি) [সর্ব্বেষাং জনানাং তুল্যা বুদ্ধির্জায়তে] সর্ব্বেণ জনেন সমঃ (তুল্যরূপঃ) তেন (সমানরূপত্বেন হেতুনা) [সূর্য্যঃ] সাম।

অনুবাদ। এখন সূর্য্যজ্ঞানে সাত প্রকার সামের উপাসনার কথা বলা হইতেছে। সকল সময়েই সূর্য্য একরূপ; কখনও তাঁহার কোনই পরিবর্ত্তন হয় না, এইজন্য তাঁহাকে 'সাম' বলিয়া বলা হইয়াছে; বিশেষতঃ প্রত্যেক ব্যক্তিই মনে করে যে, "সূর্য্য কেবল আমার সম্মুখেই প্রকাশ পাইতেছেন"। এইরূপে সকলের এক প্রকার জ্ঞান জন্মাইয়া দেন বলিয়া সূর্য্যকে 'সাম' বলিয়া বলা হইয়াছে।

২। তস্মিন্নিমানি সর্ব্বাণি ভূতান্যন্বায়ত্তানীতি বিদ্যাত্তস্য যৎপুরোদয়াৎ স হিঙ্কারস্তদস্য পশবোঽন্বায়ত্তাস্তস্মাত্তে হিংকুর্ব্বন্তি হিঙ্কারভাজিনো হ্যেতস্য সাম্নঃ।

ব্যাখ্যা। ইমানি সর্ব্বাণি (চরাচরাত্মকানি) ভূতানি তস্মিন্ সূর্য্যে অন্বায়ত্তানি (অনুগতানি) ইতি বিদ্যাৎ। তস্য (সূর্য্যস্য) উদয়াৎ পুরা (পূর্ব্বং) যৎ (রূপং) সঃ (তৎরূপং) হিঙ্কারঃ। পশবঃ (গবাদয়ঃ) অস্য (সূর্য্যস্য) তৎ (রূপং) অন্বায়ত্তাঃ (অনুগতা); তস্মাৎ (হেতোঃ) তে (পশবঃ) হিং কুর্ব্বন্তি। [তে পশবঃ] এতস্য সাম্নঃ হিংকারভাজিনঃ (হিংকারাখ্যসামাবয়ববিশেষভজনস্বভাবাঃ)।

অনুবাদ। পরে যে সকল পদার্থের নাম উল্লেখ করিব, তাহারা সূর্য্যকে অবলম্বন করিয়া অবস্থান করিতেছে বলিয়া জানিবে। উদিত হইবার পূর্ব্বে সূর্য্যের যেরূপ প্রকাশ পায়, তাহাকে "হিঙ্কার" বলিয়া উপাসনা করিতে হয়। গোপ্রভৃতি পশু-সকল সূর্য্যের ঐ উদয়-পূর্ব্বকালীন হিঙ্কাররূপকে অবলম্বন করিয়াই রহিয়াছে, তজ্জন্য তাহারা 'হিং' এইরূপ শব্দ উচ্চারণ করিয়া থাকে। এই জন্যই তাহারা সামবেদের অংশবিশেষ হিঙ্কারকে ভজনা করিয়া থাকে।

৩। অথ যৎপ্রথমোদিতে স প্রস্তাবস্তদস্য মনুষ্যা অন্বায়ত্তাস্তস্মাত্তে প্রস্তুতিকামাঃ প্রশংসাকামাঃ প্রস্তাব্-ভাজিনো হ্যেতস্য সাম্নঃ।

ব্যাখ্যা। অথ (প্রাকারান্তরং সূচয়তি) প্রথমোদিতে [সূর্য্যে] যৎ [রূপং] সঃ (সূর্য্যস্য তৎ রূপং) প্রস্তাবঃ; মনুষ্যাঃ অস্য (সূর্য্যস্য) তৎ (রূপং) অন্বায়ত্তাঃ (অনুগতাঃ) তস্মাৎ তে (মনুষ্যাঃ) প্রস্তুতিকামাঃ প্রশংসাকামাঃ [চ ভবন্তি]। হি (যতঃ) [তে মানবাঃ] প্রস্তাবভাজিনঃ (প্রস্তাবাংশং ভজন্তে)।

[একার্থত্বেঽপি স্তুতিপ্রশংসয়োরত্র প্রত্যক্ষাপরোক্ষভাবেন ভেদো বোধ্যঃ]।

অনুবাদ। সূর্য্য যখন প্রথম উদিত হন, তখন তাঁহার যে "রূপ" প্রকাশ পায়, তাহাকে প্রস্তাব বলিয়া উপাসনা করিতে হয়। সূর্য্যের ঐ প্রথমোদয়কালীন প্রস্তাবনামক রূপকে অবলম্বন করিয়া মনুষ্যেরা অবস্থান করিতেছে। তাই তাহারা নিজেদের স্তুতি ও প্রশংসা কামনা করিয়া থাকে এবং ঐ জন্যই তাহারা সামবেদের প্রস্তাবভাগের উপাসনাও করিয়া থাকে।

৪। অথ যৎ সঙ্গববেলায়াং স আদিস্তদস্য বয়াংস্যন্বায়ত্তানি তস্মাত্তান্যন্তরিক্ষেঽনারম্ভণান্যাদায়াত্মানং পরিপতন্ত্যাদিভাজীনি হ্যেতস্য সাম্নঃ।

ব্যাখ্যা। অথ সঙ্গববেলায়াং (প্রভাতাৎ পরং মুহূর্ত্তত্রয়াত্মকে কালে) যৎ (সূর্য্যস্য রূপম্) সঃ আদিঃ (সামাবয়ববিশেষঃ) বয়াংসি (পক্ষিণঃ) অস্য (সূর্য্যস্য) তৎ (প্রভাতকালীনং রূপং) অন্বায়ত্তানি (অনুগতানি), তস্মাৎ তানি (বয়াংসি) অনারম্ভণানি (আলম্বনরহিতানি) [সন্তি], আত্মানং (স্বশরীরম্) আদায়

অন্তরীক্ষে পরিপতন্তি (পরিভ্রমন্তি); হি (যস্মাৎ) [তানি পূর্ব্বোক্তানি বয়াংসি] এতস্য সাম্নঃ আদিভাজীনি (আদিভাগং ভজন্তে)।

অনুবাদ। প্রভাতে যখন সূর্য্যের লোহিত কিরণমালা আসিয়া ধরণীর শ্যাম অঙ্গকে চুম্বন করে, তখন তাহার (সূর্য্যের) যে রূপমাধুরী প্রকাশ পায়, তাহাকে "আদি" (সামবেদের একটী অংশবিশেষ) বলিয়া উপাসনা করিতে হয়। পক্ষিগণ সূর্য্যের এই প্রভাতকালীন রূপমাধুরী বড় ভালবাসে; তাই তাহারা তখন নীড় পরিত্যাগ করিয়া নীল আকাশে উড়িয়া বেড়ায়। এইজন্য ইহাদিগকে সামবেদের আদিনামক অংশের ভজনাকারী বলিয়া মনে করা হয়

৫। অথ যৎ সম্প্রতি মধ্যন্দিনে স উদ্গীথস্তদস্য দেবা অন্বায়ত্তাস্তস্মাত্তে সত্তমাঃ প্রাজাপত্যানামুদ্গীথ-ভাজিনো হ্যেতস্য সাম্নঃ।

ব্যাখ্যা। অথ (প্রকারান্তরং সূচয়তি) সম্প্রতি মধ্যন্দিনে (মধ্যাহ্নকালে) যৎ (সূর্য্যস্য রূপম্) সঃ (তৎরূপম্)

উদ্গীথঃ ; দেবাঃ অস্য (সূর্য্যস্য) তৎ (রূপং) অন্বায়ত্তাঃ। তস্মাৎ তে (দেবাঃ) প্রাজাপত্যানাং (প্রজাপতিসৃষ্টপ্রাণিনাং) [মধ্যে] সত্তমাঃ (শ্রেষ্ঠাঃ) ; হি (যস্মাৎ) তে (দেবাঃ) এতস্য সাম্নঃ উদ্গীথভাজিনঃ (উদ্গীথাংশ ভজন্তে)।

অনুবাদ। তাহার পর দ্বিপ্রহরের সময় সূর্য্যের যে রূপমাধুরী প্রকাশ পায়, তাহাকে উদ্গীথ বলিয়া উপাসনা করিতে হয়। দেবতারা সূর্য্যের এই দ্বিপ্রহরের তীব্র রূপমাধুরীর বড় ভক্ত ; তাই তাঁহারা প্রজাপতির সৃষ্ট জীবদিগের মধ্যে শ্রেষ্ঠ আসন লাভ করিয়াছেন এবং এইজন্যই ইহাঁরা সামবেদের উদ্গীথাংশের ভজনা করিয়া থাকেন।

৬। অথ যদূর্দ্ধং মধ্যন্দিনাৎ প্রাগপরাহ্ণাৎ স প্রতিহারস্তদস্য গর্ভা অন্বায়ত্তাস্তস্মাত্তে প্রতিহৃতা নাবপদ্যন্তে প্রতিহারভাজিনো হ্যেতস্য সাম্নঃ।

ব্যাখ্যা। অথ (অনন্তরে) মধ্যন্দিনাৎ ঊর্দ্ধম্, অপরাহ্ণাৎ [চ] প্রাক্ যৎ (আদিত্যস্য রূপং) সঃ (তৎরূপং) প্রতিহারঃ ; গর্ভাঃ অস্য (সূর্য্যস্য) তৎ (রূপং) অন্বায়ত্তাঃ। তস্মাৎ, তে (গর্ভাঃ) প্রতিহৃতাঃ (ঊর্দ্ধদেশে বিধৃতাঃ) [সন্তঃ] ন অব-

পতন্তি (ন অধঃপতন্তি); হি (যস্মাৎ) [তে গর্ভাঃ] এতস্য সাম্নঃ প্রতিহারভাজঃ (প্রতিহারং ভজন্তে)।

অনুবাদ। দ্বিপ্রহরের পর এবং অপরাহ্ণের পূর্ব্বে সূর্য্যের যে রূপপ্রভা বিকশিত হয়, তাহাকে প্রতিহার বলিয়া উপাসনা করিতে হইবে; গর্ভসকল সূর্য্যের এই "রূপকে" অবলম্বন করিয়া অবস্থান করিতেছে। তাই তাহারা উর্দ্ধদেশে বিধৃত হইয়া রহিয়াছে, নিম্নে পড়িয়া যায় না। এই জন্যই উহারা সামবেদের "প্রতিহার" অংশের ভজনাকারী।

৭। অথ যদূর্দ্ধমপরাহ্ণাৎ প্রাগস্তময়াৎ স উপদ্রবস্তদস্যারণ্যা অন্বায়ত্তাস্তস্মাত্তে পুরুষং দৃষ্ট্বা কক্ষং শ্বভ্রমিত্যুপদ্রবন্ত্যুপদ্রবভাজিনো হ্যেতস্য সাম্নঃ।

ব্যাখ্যা। অথ অপরাহ্ণাৎ উর্দ্ধং অস্তময়াৎ (সায়ংকালাৎ) চ প্রাক্ যৎ (আদিত্যস্য রূপং) সঃ (তস্য তৎ রূপং) উপদ্রবঃ (সামভাগবিশেষঃ); আরণ্যাঃ (বনবাসিনঃ পশবঃ) অস্য (সূর্য্যস্য) তৎ (রূপং) অন্বায়ত্তাঃ (অনুগতাঃ)। তস্মাৎ তে (পশবঃ) পুরুষং দৃষ্ট্বা কক্ষং (অরণ্যং) শ্বভ্রং (গর্ত্তং) [বা]

উপদ্রবন্তি (দ্রুতং গচ্ছন্তি) হি (যস্মাৎ) তে (আরণ্যাঃ জীবাঃ) এতস্য সাম্নঃ উপদ্রবভাজিনঃ (উপদ্রবং ভজন্তে)।

অনুবাদ। অপরাহ্ণের পর এবং সায়ংকালের পূর্ব্বে সূর্য্যের যে শান্তরূপ জাগিয়া উঠে, তাহাকে সামবেদের অংশবিশেষ উপদ্রব বলিয়া উপাসনা করিবে। সূর্য্যের এই শান্তরূপ অরণ্যনিবাসী পশুদিগের বড় প্রিয়, তাই তাহারা মানুষকে দেখিতে পাইয়া সূর্য্যের সেই স্নিগ্ধরূপ-বিশিষ্ট অরণ্য বা গর্ত্তের মধ্যে দ্রুত গমন করিয়া থাকে, এই জন্যই উহাদিগকে সামবেদের উপদ্রবাংশের ভজনাকারী বলা হয়।

৮। অথ যৎ প্রথমাস্তমিতে তন্নিধনং তদস্য পিতরোহন্বায়ত্তাস্তস্মাত্তান্নিদধতি নিধনভাজিনো হ্যেতস্য সাম্ন এবং খল্বমুমাদিত্যং সপ্তবিধং সামোপাস্তে।

ইতি নবমঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। অথ, প্রথমস্তমিতে (অস্তগমনোন্মুখে) [সূর্য্যে] যৎ (রূপং) তৎ (রূপং) নিধনম্। পিতরঃ অস্য (সূর্য্যস্য) তৎ (রূপং) অন্বায়ত্তাঃ; তস্মাৎ তান্ (পিতৃ-পুরুষান্) [কুশেষু]

নিদধতি (গৃহস্থা ইতি শেষঃ) ; হি (যস্মাৎ) [তে পিতরঃ] এতস্য সাম্নঃ নিধনভাজিনঃ (নিধনং ভজন্তে) । এবম্ (অনেন প্রকারেণ) [সঃ] যঃ অমুম্ আদিত্যং সপ্তবিধং সাম উপাস্তে [তস্য তদাপত্তিঃফলম্] ।

অনুবাদ। তাহার পর দিবসের অবসানে অস্তগমনোন্মুখ সূর্য্যের যে শেষ রূপজ্যোতিঃ ফুটিয়া উঠে, তাহাকে সামবেদের অংশবিশেষ "নিধন" বলিয়া উপাসনা করিবে ; আমাদের পিতৃপিতামহগণ সূর্য্যের এই অস্তগমনোন্মুখ নিধননামক রূপকে অবলম্বন করিয়া অবস্থান করিতেছেন ; তাই আমরা শ্রাদ্ধের সময় তাঁহাদিগকে কুশের উপর স্থাপিত করিয়া থাকি ; এইরূপে সূর্য্যজ্ঞানে সাতপ্রকার সামের উপাসনা কেমন করিয়া করিতে হয়, তাহা বলা হইল।

নবম খণ্ডের অনুবাদ সমাপ্ত।

দশমঃ খণ্ডঃ।

১। অথ খল্বাত্মসম্মিতমতিমৃত্যু সপ্তবিধꣳ সামোপাসীত হিঙ্কার ইতি ত্র্যক্ষরং প্রস্তাব ইতি ত্র্যক্ষরং তৎ সমম্।

ব্যাখ্যা। অথ (আদিত্যবৃদ্ধ্যা সামোপাসনানন্তরং) খলু আত্মসম্মিতং (আত্মনঃ স্বস্য সাম্নাবয়বস্য অক্ষরস্য তুল্যতয়া মিতম্ সাম্নাবয়বাক্ষরসমানাক্ষরযুতম্) অতিমৃত্যু (মরণভয়-নিবারকম্) সপ্তবিধং সাম উপাসীত। হিংকারঃ ইতি ত্র্যক্ষরং (ত্রিভিঃ অক্ষরৈঃ যুতম্), প্রস্তাব ইতি ত্র্যক্ষরম্ [ইতি হেতোঃ] তৎ (সাম্নঃ হিংকারপ্রস্তাবভাগদ্বয়ং) সমম্ (তুল্যাক্ষরযোগাৎ সমানম্)।

অনুবাদ। সূর্য্যোপাসনার পর, এখন গণনায় পরস্পর সমানবর্ণবিশিষ্ট সামবেদের সাতটী অংশের উপাসনার কথা বলা হইতেছে। হিংকার এবং প্রস্তাব সামবেদের দুইটী অংশের দুইটী পৃথক্ নাম। এই দুইটীর প্রত্যেক্টীতে তিনটী করিয়া অক্ষর আছে; অতএব ইহারা পরস্পরের সমান।

২। আদিরিতি দ্ব্যক্ষরং প্রতিহার ইতি চতুরক্ষরং তত ইহৈকং তৎ সমম্।

ব্যাখ্যা। আদিঃ ইতি দ্ব্যক্ষরং (বর্ণদ্বয়যুক্তং), প্রতিহারঃ ইতি চতুরক্ষরম্ (বর্ণচতুষ্টয়যুক্তং), ততঃ (প্রতিহারশব্দাৎ) একম্ (অক্ষরম্) [আনীয়] ইহ (আদিশব্দে) [দীয়তে, ততঃ] তৎ (আদিপদং) সমং (বর্ণত্রয়তয়া প্রতিহারপদেন তুল্যং) [ভবতি]।

অনুবাদ। আদি এই পদটীতে দুইটী এবং প্রতিহার এই পদটীতে চারিটী বর্ণ আছে। এখন প্রতিহার এই পদটী হইতে একটী বর্ণ লইয়া আদি এই পদটীতে যোগ করিয়া দিলে প্রত্যেকে তিনটী করিয়া বর্ণ হওয়ায় পরস্পর সমান হইবে।

৩। উদ্গীথ ইতি ত্র্যক্ষরমুপদ্রব ইতি চতুরক্ষরং ত্রিভিস্ত্রিভিঃ সমং ভবত্যক্ষরমতিশিষ্যতে ত্র্যক্ষরং তৎ সমম্।

ব্যাখ্যা। উদ্গীথঃ ইতি ত্র্যক্ষরম্, উপদ্রব ইতি চতুরক্ষরম্; [অতঃ এতৎ শব্দদ্বয়ং] ত্রিভিঃ ত্রিভিঃ (অক্ষরৈঃ) [পরস্পরং] সমং ভবতি; অক্ষরম্ (একং বকারাত্মকম্) অতিশিষ্যতে (অতিরিক্তো ভবতি)। [অতঃ] ত্র্যক্ষরং তৎ (পদদ্বয়ং) সমং (সমাক্ষরযুক্তমেব) [ভবতি]।

অনুবাদ। উদ্গীথ এই পদটিতে তিনটী এবং উপদ্রব এই পদটীতে চারিটী বর্ণ আছে। এখন উপদ্রবের শেষ অক্ষর বকারকে ত্যাগ করিলে প্রত্যেকের তিনটী করিয়া অক্ষর হওয়ায় পরস্পরে সমান হইবে।

৪। নিধনমিতি ত্র্যক্ষরং তৎ সমমেব ভবতি তানি হ বা এতানি দ্বাবিংশতিরক্ষরাণি।

ব্যাখ্যা। নিধনম্ ইতি ত্র্যক্ষরম্; তৎ (নিধনপদং) সমম্ (বর্ণত্রয়ত্তয়া, অন্যেষাং বর্ণত্রয়যুক্তানাং সামাবয়বপদানাং তুল্যম্) এব ভবতি। তানি এতানি, হ বৈ (নিরর্থকৌ নিপাতৌ) দ্বাবিংশতিঃ অক্ষরাণি (ভবন্তি)।

অনুবাদ। নিধন এই শব্দটীতে তিনটী অক্ষর আছে, সামবেদের অন্যান্য অংশগুলির মধ্যে যাহাদের নাম এইরূপ তিনটী অক্ষরবিশিষ্ট, তাহারা নিধন এই পদটীর সহিত সমান। সামবেদের সাতটী অংশের পরস্পরের নামাক্ষর সংখ্যা বাইশটী মাত্র।

৫। একবিংশত্যাদিত্যমাপ্নোত্যেকবিংশো বা

ইতোঽসাবাদিত্যো দ্বাবিংশেন পরমাদিত্যাজ্জয়তি তন্নাকং তদ্বিশোকম্।

ব্যাখ্যা। একবিংশত্যা (পূর্বোক্তয়া সামাবয়বাক্ষরসংখ্যয়া) আদিত্যং (মৃত্যুরূপং) [উপাসকঃ] আপ্নোতি। হি (যতঃ) ইতঃ (অস্মাৎ লোকাৎ) অসৌ আদিত্যঃ [দ্বাদশমাসপঞ্চঋতু-ত্রৈলোক্যসংখ্যয়া] একবিংশঃ (একবিংশতিসংখ্যকঃ); দ্বাবিংশেন (পূর্বোক্তাৎ অতিরিক্তেন একেন অক্ষরেণ) আদিত্যাৎ পরং (স্থানং) জয়তি, তৎ (স্থানং) নাকং (সুখময়ং) তৎ চ বিশোকং (সর্বশোকবিরহিতং)।

অনুবাদ। তাহার মধ্যে একুশটী অক্ষর দ্বারা মরণরূপী সূর্য্যকে পাওয়া যায়। কারণ তিনি আমাদের এই লোক হইতে গণনায় একবিংশ অর্থাৎ বারটী মাস, পাঁচটী ঋতু এবং তিনটী লোককে অতিক্রম করিয়া তবে আমরা তাঁহাকে পাইয়া থাকি। অবশিষ্ট দ্বাবিংশ অক্ষরটীর দ্বারা আমরা সূর্য্যের পরবর্ত্তী—যে স্থানটীকে জয় করি, সেখানে শোক বা দুঃখ বলিয়া কিছুই নাই, কেবল সুখময়।

৬। আপ্নোতি হাদিত্যস্য জয়ং পরো হাস্যাদিত্যজয়াজ্জয়ো ভবতি য এতদেবং বিদ্বানাত্মসম্মিতমতিমৃত্যু সপ্তবিধং সামোপাস্তে সামোপাস্তে।

ইতি দশমঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। [উপাসকঃ] আদিত্যস্য জয়ম্ আপ্নোতি হ, যঃ (জনঃ) এতৎ (পূর্ব্বোক্তং সাম) এবং (যথোক্তপ্রকারং) বিদ্বান্ (জানন্) আত্মসম্মিতং (স্ব-সমানাক্ষরযুতং) অতিমৃত্যু (মরণভয়বিনাশকং) সপ্তবিধং (পূর্ব্বোক্তং) সাম উপাস্তে, অস্য (উপাসকস্য) আদিত্যজয়াৎ পরঃ জয়ঃ ভবতি। [সপ্তবিধসামোপাসনাসমাপ্ত্যর্থা দ্বিরুক্তিঃ]।

অনুবাদ। লোক সূর্য্যকে জয় করিয়া তাহার পরবর্ত্তী বিশোকনামক স্থানকে পাইয়া থাকে। যিনি এইরূপ জানিয়া পরস্পর তুল্যবর্ণবিশিষ্ট মরণভয়নিবারক সপ্তবিধ সামের উপাসনা করেন, তাঁহার সূর্য্য জয় অপেক্ষাও অতি উত্তম স্থান জয় করিয়া থাকেন।

দশম খণ্ডের অনুবাদ সমাপ্ত।

একাদশঃ খণ্ডঃ।

১। মনো হিংকারো বাক্‌প্রস্তাবশ্চক্ষুরুদ্গীথঃ শ্রোত্রং প্রতিহারঃ প্রাণো নিধনমেতদ্গায়ত্রং প্রাণেষু প্রোতম্।

ব্যাখ্যা। [ইদানীং গায়ত্রাদিনামোল্লেখপূর্ব্বকং সামোপাসনান্তরাণি উচ্যন্তে। [তথাহি] মনো হিঙ্কারঃ, বাক্ প্রস্তাবঃ, চক্ষুঃ উদ্গীথঃ, শ্রোত্রং প্রতিহারঃ প্রাণঃ (পঞ্চবৃত্তিকঃ মুখ্যঃ প্রাণঃ) নিধনম্। এতৎ (পূর্ব্বোক্তং) গায়ত্রং (গায়ত্রনামধেয়ং সাম) প্রাণেষু প্রোতং (অনুস্যূতং) [তস্য প্রাণাধীনত্বাৎ]।

দশম খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

অনুবাদ। এখন সামের গায়ত্রপ্রভৃতি নামের উল্লেখ করিয়া পৃথক্‌ভাবে তাহার উপাসনার কথা বলা হইতেছে। মনকে হিঙ্কার, বাগিন্দ্রিয়কে প্রস্তাব, চক্ষুকে উদ্গীথ, শ্রবণেন্দ্রিয়কে প্রতিহার এবং প্রাণকে নিধন বলিয়া উপাসনা করিবে। সামের এই গায়ত্রনামক উপাসনা প্রাণেতে প্রতিষ্ঠিত।

২। স য এবমেতদ্গায়ত্রং প্রাণেষু প্রোতং বেদ

প্রাণী ভবতি সর্ব্বমায়ুরেতি জ্যোগ্ জীবতি মহান্ প্রজয়া পশুভির্ভবতি মহান্ কীর্ত্ত্যা মহামনাঃ স্যাত্তদ্ ব্রতম্।

ইতি একাদশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। সঃ যঃ (কশ্চিৎ জনঃ) এতৎ (পূর্ব্বোক্তং) গায়ত্রং (সাম) এবম্ (পূর্ব্বোক্তেন প্রকারেণ) প্রাণেষু প্রোতং (প্রতিষ্ঠিতং) বেদ, সঃ (গায়ত্রোপাসকঃ) প্রাণী (অবিকলেন্দ্রিয়ঃ) ভবতি, সর্ব্বম্ আয়ুঃ (শতবর্ষং) এতি প্রাপ্নোতি, জ্যোক্ (স্বপরোপকারসমর্থঃ) জীবতি। প্রজয়া (পুত্রাদিভিঃ) পশুভিঃ (গবাদিভিঃ) [অপি] মহান্ (শ্রেষ্ঠঃ) ভবতি কীর্ত্ত্যা (যশসা চ) মহান্ [ভবতি]; মহামনাঃ (উদারচিত্তঃ) স্যাৎ। [গায়ত্রোপাসকস্য] এতৎ (মহামনস্ত্বং) ব্রতং (নিয়মবিশেষঃ)।

অনুবাদ। যিনি এই গায়ত্রনামক সামো-পাসনাকে পূর্ব্বোক্তপ্রকারে প্রাণেতেই প্রতিষ্ঠিত বলিয়া জানেন, তাঁহার ইন্দ্রিয়গুলি কখনও বিকল হয় না। তিনি শত বৎসর জীবনধারণ করিয়া নিজের এবং পরের উপকার করিতে সমর্থ হন এবং কীর্ত্তি, পশু ও পুত্রাদির দ্বারা শ্রেষ্ঠতা লাভ করেন। তাহাকে উদারহৃদয় হইতে

হয়, কারণ ইহাই তাঁহাদের (গায়ত্রোপাসকগণের) জীবনের ব্রত।

একাদশ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

দ্বাদশঃ খণ্ডঃ।

১। অভিমন্থতি স হিংকারো ধূমো জায়তে স প্রস্তাবো জ্বলতি স উদ্গীথোঽঙ্গারা ভবন্তি স প্রতিহার উপশাম্যতি তন্নিধনঞ্চ সংশাম্যতি তন্নিধনমেতদ্রথন্তরমগ্নৌ প্রোতম্।

ব্যাখ্যা। অভিমন্থতি (অগ্ন্যুৎপাদনার্থং মথ্নাতি) [যৎ] সঃ (তৎ মন্থনং) হিঙ্কার, [যৎ] ধূমো জায়তে সঃ প্রস্তাবঃ, [যৎ] জ্বলতি সঃ উদ্গীথঃ, [যৎ] অঙ্গারাঃ ভবন্তি সঃ প্রতিহারঃ, [যৎ] উপশাম্যতি (ক্ষীণতাং প্রাপ্নোতি) তৎ নিধনম্; [যৎ] সংশাম্যতি (নিঃশেষং নির্ব্বাতি) তৎ [অপি] নিধনম্, এতৎ (যথোক্তং) রথন্তরং [নাম সাম] অগ্নৌ প্রোতং (প্রতিষ্ঠিতম্)।

অনুবাদ। যাঁহাদের প্রাণশক্তি ও ইন্দ্রিয়শক্তি পূর্ণমাত্রায় বর্ত্তমান আছে, তাঁহারাই কাষ্ঠে

কাষ্ঠে ঘর্ষণ করিয়া তাহা হইতে অগ্নি উৎপাদন করিতে পারেন, এই জন্য প্রাণজ্ঞানে সাম উপাসনার পর এই অগ্ন্যুৎপাদনজ্ঞানে সাম উপাসনার কথা বলা হইতেছে। অগ্নি প্রজ্বলিত করিবার জন্য কাষ্ঠে কাষ্ঠে যে ঘর্ষণ করিতে হয়, তাহাই হিঙ্কার। তাহাতে যে ধূম উৎ-উৎপন্ন হয়, তাহা প্রস্তাব। অবশেষে যে অগ্নি প্রজ্ব লিত হইয়া উঠে, তাহাই উদ্গীথ। তাহার ফলে যে অঙ্গার উৎপন্ন হয়, তাহা প্রতিহার। অগ্নি একটু ক্ষীণ হইয়া আসিলে তাহাকে নিধন এবং একেবারে যখন নির্ব্বাণ প্রাপ্ত হয়, তখনও তাহাকে নিধন বলিয়াই উপাসনা করিবে। এই রথন্তরনামক সামটী অগ্নিতে প্রতিষ্ঠিত।

২। স য এবমেতদ্রথন্তরমগ্নৌ প্রোতং বেদ ব্রহ্মবর্চ্চস্যন্নাদো ভবতি সর্ব্বমায়ুরেতি জ্যোগ্ জীবতি মহান্ প্রজয়া পশুভির্ভবতি মহান্ কীর্ত্ত্যা ন প্রত্যঙ্ঙগ্নিমাচামেন্ন নিষ্ঠীবেত্তদ্ ব্রতম্।

ইতি দ্বাদশঃ খণ্ডঃ।

ত্রয়োদশঃ খণ্ডঃ।

১। উপমন্ত্রয়তে স হিঙ্কারো জ্ঞপয়তে স প্রস্তাবঃ স্ত্রিয়া সহ শেতে স উদ্গীথঃ প্রতি স্ত্রীং সহ শেতে স প্রতিহারঃ কালং গচ্ছতি তন্নিধনং পারং গচ্ছতি তন্নিধনমেতদ্বামদেব্যং মিথুনে প্রোতম্।

ব্যাখ্যা। [উত্তরাধরারণিস্থানীয়য়োঃ স্ত্রীপুংসয়োঃ গ্রাম্য-ধর্ম্মে প্রবৃত্তয়োঃ মন্থনসামান্যাৎ মন্থনদৃষ্টানন্তরং মৈথুনদৃষ্টিং বিদ-ধাতি।] [নায়কস্থানীয়ঃ পুরুষঃ যৎ] উপমন্ত্রয়তে (অভিলাষ-পূরণায় নায়িকায়ৈ সঙ্কেতং নিবেদয়তি [প্রাথমিকত্বাৎ] সঃ হিঙ্কারঃ, জ্ঞপয়তে (বিলাসোপকরণেন যৎ সন্তোষয়তি) সঃ প্রস্তাবঃ, স্ত্রিয়া (নায়িকায়া) সহ [যৎ] শেতে (একশয্যাম্ অধিরোহতি) সঃ উদ্গীথঃ, স্ত্রীং প্রতি [যৎ] সহ শেতে (অভি-মুখীভূয় শেতে) সঃ প্রতিহারঃ, [যৎ] কালং গচ্ছতি (মৈথুন ব্যাপারেণ সময়মতিবাহয়তি) তৎ নিধনম্। [যৎ চ, তস্য] পারং (সমাপ্তিং) গচ্ছতি তৎ (অপি) নিধনম্। এতৎ বাম দেব্যং [নাম, সাম] মিথুনে প্রোতং (প্রতিষ্ঠিতম্)।

অনুবাদ। পুরুষ নিজের অভিলাষ পূরণের জন্য স্ত্রীকে যে সঙ্কেতস্থানের ইঙ্গিত করে, তাহাই হিঙ্কার, বিলাস দ্রব্য দ্বারা তাহাকে যে সন্তুষ্ট

অনুবাদ। যিনি এই গাঢ় কৃষ্ণবর্ণের অমৃতকে ভালরূপে জানিতে পারেন, তিনি তাঁহাদেরই মধ্যে একজন হইয়া—তাঁহাদেরই মত চন্দ্রকে প্রধান মানিয়া—এই অমৃতকে দেখিয়াই তৃপ্তিলাভ করেন। তিনিও এই অমৃতকে দেখিতে পাইয়াও অবকাশ না থাকায় উদাসীন হইয়াই থাকেন। আবার অবকাশ পাইলেই তাহা লাভ করিবার জন্য যত্ন প্রকাশ করেন।

৪। স যাবদাদিত্যঃ পশ্চাদুদেতা পুরস্তাদস্তমেতা দ্বিস্তাবদুত্তরত উদেতা দক্ষিণতোঽস্তমেতা মরুতামেব তাবদাধিপত্যংস্বারাজ্যং পর্য্যেতা।

ইতি নবমঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। যাবৎ (যাবন্তং কালং ব্যাপ্য) আদিত্যঃ পশ্চাৎ (পশ্চিমায়াং দিশি) উদেতা, পুরস্তাৎ (পূর্ব্বস্যাং চ দিশি) অস্তম্ এতা, দ্বিঃ তাবৎ (ততঃ দ্বিগুণং কালং ব্যাপ্য) সঃ (উপাসকঃ) উত্তরতঃ উদেতা, দক্ষিণতঃ [চ] অস্তমেতা, মরুতাম্ (বায়ূনাম্) এব তাবৎ (তাবন্তং কালং ব্যাপ্য) আধিপত্যং স্বারাজ্যং [চ] পর্য্যেতা।

অনুবাদ। যতকাল সূর্য্য পশ্চিমদিকে উদিত হইয়া পূর্ব্বদিকে অস্তমিত হন, তাহার দ্বিগুণ কাল তিনি উত্তর দিকে উদিত হইয়া দক্ষিণ দিকে অস্তমিত হন এবং ততকাল তিনি বায়ুদিগের মত অমৃত উপভোগ করিয়া স্বাধীনভাবে জীবন যাপন করেন।

নবম খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

দশমঃ খণ্ডঃ।

১। অথ যৎ পঞ্চমমমৃতং তৎ সাধ্যা উপজীবন্তি ব্রহ্মণা মুখেন ন বৈ দেবা অশ্নন্তি ন পিবন্ত্যেতদেবামৃতং দৃষ্ট্বা তৃপ্যন্তি।

ব্যাখ্যা। অথ, যৎ পঞ্চমম্ অমৃতং (শোভনরূপম্) সাধ্যাঃ (দেবযোনিবিশেষাঃ) ব্রহ্মণা মুখেন (ব্রহ্মপ্রধানাঃ সন্তঃ) তৎ (অমৃতং) উপজীবন্তি, [বস্তুতস্তু] দেবাঃ ন বৈ অশ্নন্তি, ন বা পিবন্তি, [কিন্তু] এতৎ রূপম্ এব দৃষ্ট্বা (অনুভূয়) তৃপ্যন্তি।

অনুবাদ। সাধ্যগণ ব্রহ্মকেই প্রধান মানিয়া

পঞ্চম অমৃতকে পান করিয়া থাকেন; প্রকৃতপক্ষে তাঁহারা ভোজন বা পান কিছুই করেন না; কেবল এই অমৃতকে দেখিয়াই তৃপ্তি লাভ করেন।

২। ত এতদেব রূপমভিসংবিশন্ত্যেতস্মাদ্রূপাদুদ্যন্তি।

ব্যাখ্যা। তে (সাধ্যাঃ) এতৎ এব রূপম্ (পঞ্চমামৃতম্) অভি (লক্ষীকৃত্য) সংবিশন্তি (উদাসতে), এতস্মাদ্ রূপাৎ (পঞ্চমামৃতোপভোগায়) উদ্যন্তি (যতন্তে)।

অনুবাদ। তাঁহারা এই অমৃতকে দেখিতে পাইয়াও অবকাশ না থাকায়, উদাসীন হইয়া থাকেন; আবার অবকাশ পাইলেই তাহার ভোগের জন্য চেষ্টা করেন।

৩। স য এতদেবমমৃতং বেদ সাধ্যানামেবৈকো ভূত্বা ব্রহ্মণৈব মুখেনৈতদেবামৃতং দৃষ্ট্বা তৃপ্যতি স এতদেব রূপমভিসংবিশত্যেতস্মাদ্রূপাদুদেতি।

ব্যাখ্যা। যঃ (জনঃ) এতৎ এব অমৃতং বেদ, সঃ সাধ্যানাম্ (দেবযোনিবিশেষাণাম্) এব একঃ (অন্যতমঃ) ভূত্বা

ব্রহ্মণা এব মুখেন (ব্রহ্মপ্রধানঃ সন্) এতৎ এব অমৃতং দৃষ্ট্বা (অনুভূয়) তৃপ্যতি ; সঃ (উপাসকঃ) এতৎ এব রূপম্ অভি (লক্ষীকৃত্য) সংবিশতি (উদাস্তে) এতস্মাৎ রূপাৎ (এতৎ এব রূপম্ উপভোক্তুমিত্যর্থঃ) উদেতি (চেষ্টতে)।

অনুবাদ। যিনি এই পঞ্চম অমৃতকে ভালরূপে জানিতে পারেন, তিনি তাঁহাদেরই মধ্যে একজন তাঁহাদেরই মত ব্রহ্মকে প্রধান মানিয়া এই অমৃতকে দেখিয়াই তৃপ্তিলাভ করেন। তিনিও—এই অমৃতকে দেখিতে পাইয়াও অবকাশ না পাওয়ায় উদাসীন হইয়া থাকেন। আবার অবকাশ পাইলেই তাহা লাভ করিবার জন্য যত্ন প্রকাশ করেন।

৪। স যাবদাদিত্য উত্তরত উদেতা দক্ষিণতোঽস্তমেতা দ্বিস্তাবদূর্দ্ধমুদেতার্বাগস্তমেতা সাধ্যানামেব তাবদাধিপত্যং স্বারাজ্যং পর্য্যেতা।

ইতি দশমঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। আদিত্যঃ যাবৎ (যাবন্তং কালং ব্যাপ্য) উত্তরতঃ (উত্তরস্যাং দিশি) উদেতা (উদয়িষ্যতি), দক্ষিণতঃ (দক্ষিণস্যাং

দিশি) অস্তম্ এতা (গমিষ্যতি) সঃ (উপাসকঃ) দ্বিঃ তাবৎ (দ্বিগুণিতেন কালেন) উর্দ্ধম্ উদেতা, অর্বাক্ (অধঃ) [চ] অস্তম্ এতা। তাবৎ (তাবন্তং কালং ব্যাপ্য) সাধ্যানাম্ এব আধিপত্যং (তৎসদৃশং প্রভুত্বং) স্বারাজ্যং (স্বাধীনতাং) [চ] পর্য্যেতা (অধিগন্তা ভবিষ্যতি)।

অনুবাদ। যত কাল সূর্য্য উত্তর দিকে উদিত হইয়া দক্ষিণ দিকে অস্তমিত হন, তাহার দ্বিগুণ কাল তিনি উর্দ্ধদিকে উদিত হইয়া নীচের দিকে অস্তমিত হন এবং তত কাল তিনি সাধ্যদিগের মত অমৃত উপভোগ করিয়া স্বাধীনভাবে জীবন যাপন করেন।

দশম খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

একাদশঃ খণ্ডঃ।

১। অথ তত উর্দ্ধ উদেত্য নৈবোদেতা নাস্তমেতৈকল এব মধ্যে স্থাতা তদেষ শ্লোকঃ।

ব্যাখ্যা। অথ (কথান্তরং সূচয়তি) ততঃ (তস্মাৎ জীবাত্ম-

গ্রহকালাৎ অনন্তরং) উর্দ্ধঃ (ব্রহ্মীভূতঃ সন্) [সূর্য্যঃ] উদেত্য (স্বমহিম্নি প্রকাশং লব্ধ্বা) নৈব উদেতা (ন পুনরুদেষ্যতি এব) ন [বা] অস্তম্ এতা (গন্তা) একলঃ (অদ্বিতীয়ঃ লোহিতাদিরূপরহিতঃ ইত্যর্থঃ) [সন্] মধ্যে (স্বাত্মনি এব) স্থাতা (স্থাস্যতি)। তৎ (তস্মিন্ বিষয়ে) এষঃ শ্লোকঃ [বর্ত্ততে]।

অনুবাদ। তাহার পর, সূর্য্য ব্রহ্মভাব প্রাপ্ত হইয়া আর উদিত বা অস্তমিত হন না; কেবল একাকী স্বীয় আত্মার মধ্যে নিজমহিমায় প্রদীপ্ত হইয়া অবস্থান করেন। এ বিষয়ে একটী শ্লোক আছে ;

২। ন বৈ তত্র ন নিম্লোচ নোদিয়ায় কদাচন।
দেবাস্তেনাহংং সত্যেন মা বিরাধিষি ব্রহ্মণেতি॥

ব্যাখ্যা। ন বৈ (যস্মাৎ অহং ব্রহ্মলোকাৎ আগতঃ তস্মিন্ ত্বয়া যৎ উদয়াস্তময়ৌ পৃষ্টৌ তৌ নৈব স্তঃ)। তত্র (ব্রহ্মলোকে) কদাচন [সূর্য্যঃ] ন নিম্লোচ (অস্তম্ অগমৎ), ন উদিয়ায় (উদগাৎ চ ন পুনরভূৎ) [উদয়াস্তময়বর্জ্জিতঃ ব্রহ্মলোকঃ ইতি কথম্ উপপন্নম্? ইতি জিজ্ঞাসিতঃ সন্ শপথমিব করোতি] [হে] দেবাঃ [যূয়ং সাক্ষিভূতাঃ শৃণুত] [যথা ময়া উক্তং সত্যং বচঃ]

তেন সত্যেন (সত্যবচনেন) অহং ব্রহ্মণা (ব্রহ্মস্বরূপেণ) মা বিরাধিষি (বিরুদ্ধঃ ন ভবেয়ম্)।

অনুবাদ। "আমি যে ব্রহ্মলোক হইতে আসিয়াছি সেখানে, তোমরা যে সূর্য্যের উদয়াস্তের কথা জিজ্ঞাসা করিতেছ, তাহা নাই। সেখানে সূর্য্য কখনও উদিত বা অস্তমিত হন না। তোমরা আমার কথায় অবিশ্বাস করিও না। [আমি দেবতার নামে শপথ করিয়া বলিতেছি যে] হে দেবগণ ! আমি তোমাদিগকে এ বিষয়ে সাক্ষী মানিতেছি ; তোমরা আমার এই কথা শ্রবণ কর। আমি যখন সত্য কথা বলিতেছি, তখন ব্রহ্মপ্রাপ্তি বিষয়ে আমার কোন বাধা ঘটিবে না"।

৩। ন হ বা অস্মা উদেতি ন নিম্লোচতি সকৃদ্দিবা হৈবাস্মৈ ভবতি য এতামেবং ব্রহ্মোপনিষদং বেদ।

ব্যাখ্যা। যঃ (জনঃ) এতাং ব্রহ্মোপনিষদং (বেদগুহ্যং) বেদ (জানাতি), অস্মৈ (ব্রহ্মবিদে) ন বৈ (নৈব) হ (প্রসিদ্ধৌ) [সূর্য্যঃ] উদেতি, ন চ নিম্লোচতি (অস্তমিতঃ ভবতি) ; [কিন্তু] অস্মৈ (ব্রহ্মবিদুষে) সকৃৎ দিবা হ এব (সদৈব দিবা ভবতি) [স্বয়ংজ্যোতিষ্ট্বাৎ]।

অনুবাদ। যিনি এই গোপনীয় ব্রহ্ম-বিদ্যাকে জানিতে পারিয়াছেন, তাঁহার নিকটেও সূর্য্য কোনদিন উদিত বা অস্তমিত হন না। তিনি নিজেই প্রকাশস্বরূপ বলিয়া সকল সময়েই তাঁহার নিকট দিনমান।

৪। তদ্ধৈতদ্ ব্রহ্মা প্রজাপতয় উবাচ প্রজাপতির্মনবে মনুঃ প্রজাভ্যস্তদ্ধৈতদুদ্দালকায়ারুণয়ে জ্যেষ্ঠায় পুত্রায় পিতা ব্রহ্ম প্রোবাচ।

ব্যাখ্যা। তৎ (পূর্ব্বোক্তং) হ (প্রসিদ্ধৌ) এতৎ (মধু-বিজ্ঞানং) ব্রহ্মা প্রজাপতয়ে আহ; প্রজাপতিঃ মনবে (বৈবস্বতায়), মনুঃ [চ] প্রজাভ্যঃ [ইক্ষ্বাকুপ্রভৃতিভ্যঃ] [প্রোবাচ] [কিঞ্চ], তৎ হ (প্রসিদ্ধং) এতৎ (মধুবিজ্ঞানং) ব্রহ্ম (ব্রহ্ম-বিজ্ঞানং) পিতা (অরুণঃ) জ্যেষ্ঠায় পুত্রায় আরুণয়ে (উদ্দালক নাম্নে স্বতনয়ায়) প্রোবাচ।

অনুবাদ। এই প্রসিদ্ধ মধুবিদ্যা ব্রহ্মা প্রথমে প্রজাপতিকে বলিয়াছিলেন। প্রজাপতি মনুকে এবং মনু আবার—নিজের পুত্র ইক্ষ্বাকু-প্রভৃতিকে শিখাইয়াছিলেন। অরুণ আবার এই বিদ্যা নিজের জ্যেষ্ঠপুত্র উদ্দালককেও শিখাইয়াছিলেন।

৫। ইদং বাব তজ্জ্যেষ্ঠায় পুত্রায় পিতা ব্রহ্ম প্রব্রূয়াৎ প্রণায্যায় বান্তেবাসিনে।

ব্যাখ্যা। তৎ (গুরুপরম্পরাগতং) বাব (প্রসিদ্ধং) ইদং ব্রহ্ম (মধুবিদ্যাং) পিতা জ্যেষ্ঠায় পুত্রায় প্রব্রূয়াৎ; বা [আচার্য্যঃ] প্রণায্যায় (যোগ্যায়) অন্তেবাসিনে (শিষ্যায়) [প্রব্রূয়াদিতি শেষঃ]।

অনুবাদ। এই বিদ্যা পিতা কেবল তাঁহার জ্যেষ্ঠ পুত্রকে, আর গুরু তাঁহার যোগ্য শিষ্যকে বলিবেন।

৬। নান্যস্মৈ কস্মৈচন যদ্যপ্যস্মা ইমামদ্ভিঃ পরিগৃহীতাং ধনস্য পূর্ণাং দদ্যাদেতদেব ততো ভূয় ইত্যেতদেব ততো ভূয় ইতি।

ইত্যেকাদশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। [পিতা আচার্য্যঃ বা] [এতাং মধুবিদ্যাম্] অন্যস্মৈ (জ্যেষ্ঠপুত্র-যোগ্যশিষ্যভিন্নায়) কস্মৈচন ন [দদ্যাৎ]। যদ্যপি [কশ্চিৎ জনঃ] অস্মৈ (আচার্য্যায়) [বিদ্যাবিনিময়েন] অদ্ভিঃ পরিগৃহীতাং (সমুদ্রপরিবেষ্টিতাং সসাগরামিতি ভাবঃ) ধনস্য পূর্ণাং (ভোগোপকরণযুক্তাং) ইমাং (পৃথিবীং) দদ্যাৎ,

[তথাপি ন প্রক্রয়াৎ ইতি ভাবঃ]। [যস্মাৎ] এতৎ (মধুবিজ্ঞানং) ততঃ (পৃথিবীদানাৎ) ভূয়ঃ (বহুতরফলজনকং) [ভবতীতি শেষঃ]। দ্বিরুক্তিরাদরার্থা।

অনুবাদ। আর কাহাকেও বলিবেন না। কেহ যদি এই বিদ্যার বিনিময়ে ধন-পরিপূর্ণ সমগ্র পৃথিবীও দান করিতে চাহে, তাহা হইলেও ইহা বলিবেন না। কারণ সেই ধন-পরিপূর্ণা পৃথিবী হইতেও এই বিদ্যা অধিক ফল দিয়া থাকে।

একাদশ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

দ্বাদশঃ খণ্ডঃ।

১। গায়ত্রী বা ইদং সর্ব্বং ভূতং যদিদং কিঞ্চ বাগ্ বৈ গায়ত্রী বাগ্ বা ইদং সর্ব্বং ভূতং গায়তি চ ত্রায়তে চ।

ব্যাখ্যা। ইদং সর্ব্বং ভূতং (প্রাণিজাতং); কিঞ্চ ইদং যৎ (স্থাবরজঙ্গমং) [তৎ] সর্ব্বং গায়ত্রী বৈ (এব)। বাক্ বৈ (এব) গায়ত্রী; [যস্মাৎ ইয়ং গায়ত্রী] বাক্ (শব্দরূপা সতী) ইদং সর্ব্বং ভূতং গায়তি (অয়ম্ অশ্বঃ, অসৌ গৌঃ ইত্যাদিনাম্না

নির্দ্দিশতি) চ ত্রায়তে (মাভৈঃ ইত্যেবং সমাশ্বাসনেন ভয়াৎ রক্ষতি)।

অনুবাদ। আমরা যাহা কিছু পদার্থ দেখিতে পাইতেছি, এ সমস্তই গায়ত্রী। কারণ এই শব্দাত্মক গায়ত্রীই পদার্থগুলির নাম নির্দ্দেশ করিয়া দিয়াছেন; ইনি আবার "ভীত হইও না" বলিয়া ভয় হইতে রক্ষাও করিয়া থাকেন।

২। যা বৈ সা গায়ত্রীয়ং বাব সা যেয়ং পৃথিব্যস্যাং হীদং সর্ব্বং ভূতং প্রতিষ্ঠিতমেতামেব নাতিশীয়তে।

ব্যাখ্যা। যা বৈ (এব) সা (পূর্ব্বোক্তা) গায়ত্রী ইয়ং বাব (প্রসিদ্ধৌ) সা যা ইয়ং পৃথিবী; [সর্ব্বভূতসম্বন্ধাৎ পৃথিব্যাঃ গায়ত্রীত্বং সাধয়তি] হি (যস্মাৎ) অস্যাং (পৃথিব্যাম্) [এব] সর্ব্বং ভূতং (স্থাবরজঙ্গমাত্মকং বস্তুনিচয়ং) প্রতিষ্ঠিতং [সৎ] এতাম্ এব পৃথিবীং ন অতিশীয়তে (ন অতিবর্ত্ততে)।

অনুবাদ। আমরা যাহা কিছু পদার্থ দেখিতে পাইতেছি, এ সমস্তই যেমন গায়ত্রী, তেমন পৃথিবীও গায়ত্রী। কারণ এই পদার্থগুলি পৃথিবীস্থ

মধ্যেই রহিয়াছে,—পৃথিবীকে অতিক্রম করিয়া কোথাও নাই।

৩। যা বৈ সা পৃথিবীয়ং বাব সা যদিদমস্মিন্ পুরুষে শরীরমস্মিন্ হীমে প্রাণাঃ প্রতিষ্ঠিতা এতদেব নাতিশীয়ন্তে।

ব্যাখ্যা। যা বৈ (এব) সা (গায়ত্র্যাত্মিকা) পৃথিবী, ইয়ং (বক্ষ্যমাণা) বাব (প্রসিদ্ধৌ) সা (ইদমেব সা ইত্যর্থঃ) [কিং তৎ? ইত্যাহ] অস্মিন্ পুরুষে (দেহেন্দ্রিয়াদিসমষ্টিরূপে) যৎ শরীরং [বর্ত্ততে ইতি শেষঃ] হি (যস্মাৎ) ইমে প্রাণাঃ (ভূতশব্দবাচ্যাঃ) অস্মিন্ (শরীরে) প্রতিষ্ঠিতাঃ [সন্তঃ] এতৎ (শরীরম্) এব ন অতিশীয়ন্তে (ন অতিবর্ত্তন্তে) [অতঃ শরীরং পৃথিবীবৎ ভূতশব্দবাচ্যপ্রাণপ্রতিষ্ঠানাৎ গায়ত্রী]।

অনুবাদ। পৃথিবীর মত আমাদের এই শরীরও গায়ত্রী, কারণ পৃথিবীর মধ্যে পদার্থগুলির ন্যায় প্রাণগুলি আমাদের এই শরীরের মধ্যেই রহিয়াছে, শরীরকে অতিক্রম করিয়া কোথাও নাই।

৪। যদ্ বৈ তৎ পুরুষে শরীরমিদং বাব তদ্যদিদমস্মিন্নন্তঃ পুরুষে হৃদয়মস্মিন্ হীমে প্রাণাঃ প্রতিষ্ঠিতা এতদেব নাতিশীয়ন্তে।

ব্যাখ্যা। যৎ বৈ (এব) তৎ (পূর্ব্বোক্তং গায়ত্র্যাত্মকং) পুরুষে (দেহেন্দ্রিয়াদিসমষ্টিরূপে) শরীরম্; —ইদং (বক্ষ্যমাণং) বাব (প্রসিদ্ধৌ) তৎ তস্মিন্ পুরুষে (শরীরে) অন্তঃ (মধ্যে) যৎ ইদং হৃদয়ং (হৃৎপদ্মং); [এতত্তেন হৃৎপদ্মস্য গায়ত্রীত্বং সাধয়তি] হি [যস্মাৎ] অস্মিন্ (হৃদয়ে) ইমে প্রাণাঃ (ভূত শব্দবাচ্যাঃ) প্রতিষ্ঠিতাঃ [সন্তঃ] এতৎ (হৃদয়ম্) এব ন অতি-শীয়ন্তে (ন অতিবর্ত্তন্তে) [অতঃ শরীরবৎ হৃদয়মপি ভূতশব্দ-বাচ্যপ্রাণপ্রতিষ্ঠানাৎ গায়ত্রী]।

অনুবাদ। শরীরের ন্যায় আমাদের এই হৃদয়ও গায়ত্রী; কেননা প্রাণগুলি যেমন আমাদের শরীরের মধ্যে রহিয়াছে তেমন আবার হৃদয়ের মধ্যেও রহিয়াছে—হৃদয়কে অতিক্রম করিয়া কোথাও নাই।

৫। সৈষা চতুষ্পদা ষড়্‌বিধা গায়ত্রী তদেতদৃচাভ্যনূক্তম্।

ব্যাখ্যা। সা (প্রসিদ্ধা) এষা গায়ত্রী চতুষ্পদা (চতুর্ভিশ্চরণৈঃ যুক্তা) ষড়্‌বিধা (বাগ্‌ভূতপৃথিবীশরীরহৃদয়প্রাণপ্রকারা) তৎ এতৎ (গায়ত্র্যানুগতং ব্রহ্ম) ঋচা (মন্ত্রেণ) অভ্যনূক্তম্ (প্রকাশিতম্)।

অনুবাদ। গায়ত্রীনামক ছন্দের যেমন চারিটী চরণ, তেমনি এই গায়ত্রীরও চারিটী চরণ অর্থাৎ অংশ আছে এবং তাহার যেমন প্রত্যেক চরণে ছয়টী করিয়া অক্ষর থাকে, তেমনি ইহারও প্রত্যেক অংশে বাক্, ভূত, পৃথিবী, শরীর, হৃদয় ও প্রাণ এই ছয়টী করিয়া পদার্থ আছে। এ কথা মন্ত্রেও বলা হইয়াছে।

৬। তাবানস্য মহিমা ততো জ্যায়াংশ্চ পুরুষঃ। পাদোঽস্য সর্ব্বা ভূতানি ত্রিপাদস্যামৃতং দিবীতি।

ব্যাখ্যা। অস্য (গায়ত্র্যাখ্যস্য ব্রহ্মণঃ) তাবান্ (যাবান্ চতুষ্পাৎ ষড়্‌বিধশ্চ ব্রহ্মণো বিকারঃ পাদঃ গায়ত্রীতি ব্যাখ্যাতঃ তৎপরিমাণঃ) মহিমা (বিভূতিবিস্তারঃ); ততঃ (তস্মাৎ সর্ব্ববিকারলক্ষণাৎ গায়ত্র্যাখ্যাৎ ব্রহ্মণঃ) জ্যায়ান্ (মহত্তরশ্চ) পুরুষঃ (পূর্ণস্বরূপঃ পরমেশ্বরঃ)। সর্ব্বা (সর্ব্বাণি) ভূতানি (নিখিলবস্তুজাতানি) অস্য (পূর্ণব্রহ্মণঃ) পাদঃ (একতমঃ অংশঃ); অমৃতং (অবিকারি) ত্রিপাৎ (পাদত্রয়ং) অস্য (পূর্ণব্রহ্মণঃ) দিবি (প্রকাশময়ে স্বরূপে) [প্রতিষ্ঠিতমস্তীতি শেষঃ]।

অনুবাদ। এতক্ষণ পর্য্যন্ত যাহা বলা হইল,

তাহা কেবল এই গায়ত্রীনামক কার্য্য ব্রহ্মেরই মহিমার কথা; পরমপুরুষ ইহা অপেক্ষাও অধিক মহিমান্বিত। এই বিকারময় বিরাট্ বিশ্ব ইঁহার একটী মাত্র অংশ; বাকী আর তিনটী অংশ, তাঁহার নির্ব্বিকার স্বরূপেই অবস্থিত রহিয়াছে।

৭। যদ্ বৈ তদ্ ব্রহ্মেতীদং বাব তদ্যোঽয়ং বহির্দ্ধা পুরুষাদাকাশো যো বৈ স বহির্দ্ধা পুরুষাদাকাশঃ।

৮। অয়ং বাব স যোঽয়মন্তঃপুরুষ আকাশো যো বৈ সোঽন্তঃপুরুষ আকাশঃ।

৯। অয়ং বাব স যোঽয়মন্তর্হৃদয় আকাশস্তদেতৎ-পূর্ণমপ্রবর্ত্তি পূর্ণমপ্রবর্ত্তিনীং শ্রিয়ং লভতে য এবং বেদ।

ইতি দ্বাদশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। যৎ বৈ তৎ (গায়ত্র্যাখ্যং) ব্রহ্ম ইতি [উক্তং] ইদং বাব তৎ—যঃ অয়ং পুরুষাৎ (শরীরাৎ) বহির্দ্ধা (বহিরবস্থিতঃ) আকাশঃ। [তথা] অয়ং (বক্ষ্যমাণঃ) বাব সঃ (শরীরাৎ বহিরবস্থিতঃ ভূতাকাশঃ) যঃ অযং (প্রসিদ্ধঃ) পুরুষে (জীবশরীরে) অন্তঃ (মধ্যে) [স্থিতঃ] আকাশঃ। [তথা]

অযং বাব সঃ (দেহান্তর্গতাকাশঃ) যঃ অযং হৃদয়ে অন্তঃ 'হৃদয়-মধ্যে) আকাশঃ। তৎ এতৎ (হৃদযাকাশঃ) পূর্ণম্ অপ্রবর্ত্তি (নিয়তমেকরূপম্)। সঃ (জনঃ) এবং (অনেন প্রকারেণ) [পূর্ব্বোক্তং হৃদয়াকাশং] বেদ (জানাতি) [সঃ] পূর্ণাম্ অপ্রবর্ত্তিনীং (নিয়তামেকরূপাং) শ্রিয়ং (সম্পদং) লভতে।

অনুবাদ। যখন ব্রহ্মের ধ্যান করিতে আরম্ভ করা যায়, তখন প্রথম মনে হয়, আমাদের এই শরীরের বাহিরের আকাশই ব্রহ্ম, ধ্যান একটু গাঢ় হইয়া আসিলে মনে হয়, আমাদের শরীরের মধ্যবর্ত্তী আকাশই ব্রহ্ম। ধ্যান যখন বেশ গাঢ় হইয়া আসে তখনই মনে হয় যে, আমাদের এই হৃদয়-মধ্যবর্ত্তী আকাশই ব্রহ্ম। এই হৃদয়-মধ্যবর্ত্তী আকাশ অখণ্ড ও নিয়তই একরূপ। যিনি এই আকাশের উপাসনা করেন, তিনি পূর্ণ এবং অবিনশ্বর সম্পদ্ লাভ করেন।

দ্বাদশ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

ত্রয়োদশঃ খণ্ডঃ।

১। তস্য হ বা এতস্য হৃদয়স্য পঞ্চ দেবসুষয়ঃ স যোঽস্য প্রাঙ্ সুষিঃ স প্রাণস্তচ্চক্ষুঃ স আদিত্যস্তদেতে-ত্তেজোঽন্নাদ্যমিত্যুপাসীত তেজস্ব্যন্নাদো ভবতি য এবং বেদ।

ব্যাখ্যা। তস্য (পূর্ব্বোক্তস্য) এতস্য (হৃদয়স্য) হ বা পঞ্চ দেবসুষয়ঃ (দেবতাধিষ্ঠিতানি পঞ্চচ্ছিদ্রাণি স্বর্গলোকদ্বার-ভূতানি) [সন্তি] [তত্র] অস্য (হৃদয়স্য) যঃ (প্রসিদ্ধঃ) প্রাক্ সুষিঃ (পূর্ব্বভাগস্থচ্ছিদ্রং) সঃ প্রাণঃ, তৎ চক্ষুঃ, সঃ আদিত্যঃ, [তস্মিন্ তেষাং প্রাণাদীনাম্ অবস্থানাদিতি ভাবঃ]। [উপা-সকঃ] তৎ এতৎ (প্রাণাখ্যং ব্রহ্ম) তেজঃ অন্নাদ্যং (তেজো-রূপেণ অন্নাদ্যরূপেণ চ) উপাসীত। যঃ এবং বেদ, [সঃ] তেজস্বী অন্নাদঃ [চ] ভবতি।

অনুবাদ। পূর্ব্বে যে আমাদের হৃদয়ের কথা বলা হইয়াছে, সেই হৃদয়ের পাঁচটী ছিদ্র আছে; সেই ছিদ্রগুলির আবার এক এক জন অধিষ্ঠাত্রী দেবতা আছেন। তাহাদের মধ্যে যেটী পূর্ব্বদিকের ছিদ্র, তাহার মধ্য দিয়া প্রাণবায়ু সঞ্চরণ করে, এই প্রাণবায়ুর সহিত

আমাদের চক্ষুঃ এবং আকাশস্থ সূর্য্যের যোগ আছে। যিনি স্বর্গে যাইতে ইচ্ছা করেন তিনি প্রাণরূপী ব্রহ্মকে তেজঃ ও অন্নাদ্য এই দুইটী গুণে গুণবান্ ভাবিয়া উপাসনা করিবেন। তাহা হইলে তিনি তেজস্বী হন এবং অগ্নিমান্দ্য ব্যাধি তাহাকে কখনই আক্রমণ করিতে পারে না।

২। অথ যোঽস্য দক্ষিণঃ সুষিঃ স ব্যানস্তচ্ছ্রোত্রং স চন্দ্রমাস্তদেতচ্ছ্রীশ্চ যশশ্চেত্যুপাসীত শ্রীমান্ যশস্বী ভবতি য এবং বেদ।

ব্যাখ্যা। অথ অস্য (হৃদয়স্য) যঃ দক্ষিণঃ সুষিঃ (দক্ষিণ-ভাগস্থচ্ছিদ্রং) সঃ ব্যানঃ (প্রাণবিশেষঃ), তৎ শ্রোত্রং, সঃ চন্দ্রমাঃ। [উপাসকঃ], তৎ এতৎ (ব্যানাখ্যং ব্রহ্ম) শ্রীঃ চ যশঃ চ (শ্রীরূপেণ যশোরূপেণ চ) উপাসীত। যঃ (উপাসকঃ) এবং (শ্রী-যশোগুণযুক্ততয়া) [এতৎ] বেদ (উপাস্তে), [সঃ] শ্রীমান্ যশস্বী চ ভবতি।

অনুবাদ। আর হৃদয়ের যে দক্ষিণদিকের ছিদ্র, তাহার মধ্য দিয়া ব্যাননামক বায়ু অনবরত সঞ্চরিত হইতেছে। এই ব্যান বায়ুর সহিত আমা-

দের এই শ্রবণেন্দ্রিয়ের এবং আকাশস্থ চন্দ্রমার যোগ আছে। যিনি স্বর্গে যাইতে ইচ্ছা করেন, তিনি এই ব্যানরূপী ব্রহ্মকে শ্রী ও যশঃসম্পন্ন বলিয়া উপাসনা করিবেন। তাহা হইলে তিনি নিজেও শ্রীমান্ ও যশস্বী হইবেন।

৩। অথ যোঽস্য প্রত্যঙ্ সুষিঃ সোঽপানঃ সা বাক্ সোঽগ্নিস্তদেতদ্ ব্রহ্মবর্চসমন্নাদ্যমিত্যুপাসীত ব্রহ্মবর্চস্ব্যন্নাদো ভবতি য এবং বেদ।

ব্যাখ্যা। অথ অস্য (হৃদয়স্য) যঃ প্রত্যঙ্ সুষিঃ (পশ্চিমভাগস্থচ্ছিদ্রঃ) সঃ অপানঃ, সা বাক্, সঃ অগ্নিঃ; তৎ এতৎ (অপানাখ্যং ব্রহ্ম) ব্রহ্মবর্চসম্ অন্নাদ্যং [চ] ইতি (এতদ্গুণদ্বয়োপেতম্) উপাসীত। যঃ এবং (এতদ্গুণদ্বয়োপেততয়া) বেদ (উপাসীত), [সঃ] ব্রহ্মবর্চসী (সচ্চরিত্রতয়া, বেদাধ্যয়নাৎ চ জনিতেন জ্যোতিষা যুক্তঃ) অন্নাদঃ (প্রভূতান্নভোগী) [চ] ভবতি।

অনুবাদ। আর হৃদয়ের যে পশ্চিমদিকের ছিদ্র, তাহার মধ্য দিয়া অপাননামক বায়ু অনবরত সঞ্চরণ করিতেছে। এই অপাননামক বায়ুর সহিত

আমাদের বাগিন্দ্রিয় এবং অগ্নির যোগ আছে। যিনি স্বর্গে যাইতে ইচ্ছা করেন, তিনি সেই অপানরূপী ব্রহ্মকে, ব্রহ্ম-জ্যোতিঃ এবং অন্নাদ্য এই দুইটী গুণে গুণবান্ ভাবিয়া উপাসনা করিবেন। তাহা হইলে তিনি নিজেও ব্রহ্ম জ্যোতিঃ প্রাপ্ত হন এবং তাঁহার কখনও অগ্নিমান্দ্য ব্যাধি হয় না।

৪। অথ যোঽস্যোদঙ্ সুষিঃ স সমানস্তন্মনঃ স পর্জন্যস্তদেতৎ কীর্ত্তিশ্চ ব্যুষ্টিশ্চেত্যুপাসীত কীর্ত্তিমান্-ব্যুষ্টিমান্ ভবতি য এবং বেদ।

ব্যাখ্যা। অথ অস্য (হৃদয়স্য) যঃ উদঙ্ সুষিঃ (উত্তরভাগস্থচ্ছিদ্রং তৎস্থঃ বায়ুবিশেষঃ ইত্যর্থঃ) সঃ সমানঃ (সমানাখ্যং ব্রহ্ম) তৎ মনঃ, সঃ পর্জ্জন্যঃ (বৃষ্ট্যাত্মকঃ দেবঃ)। [উপাসকঃ] তৎ এতৎ (সমানাখ্যং ব্রহ্ম) কীর্ত্তিশ্চ ব্যুষ্টিশ্চ ইতি (এতদ্গুণদ্বয়যুক্তং) উপাসীত। যঃ (উপাসকঃ) এবং (এতদ্গুণদ্বয়োপেততয়া) বেদ (উপাস্তে) [সঃ] কীর্ত্তিমান্ ব্যুষ্টিমান্ [চ] ভবতি। [আত্মপরোক্ষং বিশ্রুতত্বং কীর্ত্তিঃ, আত্মাপরোক্ষং বিশ্রুতত্বং ব্যুষ্টিঃ]।

অনুবাদ। আর হৃদয়ের যে উত্তরদিকের

ছিদ্র, তাহার মধ্য দিয়া 'সমান'-নামক বায়ু অনবরত সঞ্চরণ করিতেছে। এই 'সমান'-নামক বায়ুর সহিত আমাদের মনঃ এবং আকাশস্থ মেঘের যোগ আছে। যিনি স্বর্গে যাইতে ইচ্ছা করেন, তিনি এই সমানরূপী ব্রহ্মকে কীর্ত্তি ও ব্যুষ্টি এই দুইটী গুণে গুণবান্ ভাবিয়া উপাসনা করিবেন। তাহা হইলে তিনি নিজেও কীর্ত্তিমান্ ও ব্যুষ্টিমান্ হইবেন। (যে যশঃ আমরা নিজেরা অনুভব করিয়া থাকি, তাহাকে ব্যুষ্টি বলে এবং যাহা আমরা নিজেরা অনুভব করি না, তাহাকে কীর্ত্তি বলে)।

৫। অথ যোঽস্যোর্দ্ধ্বঃ সুষিঃ স উদানঃ স বায়ুঃ স আকাশস্তদেতদোজশ্চ মহশ্চেত্যুপাসীতৌজস্বী মহস্বান্ ভবতি য এবং বেদ।

ব্যাখ্যা। অথ অস্য (হৃদয়স্য) যঃ ঊর্দ্ধ্বঃ সুষিঃ (উপরিভাগস্থ-ছিদ্রং, তৎস্থঃ বায়ুবিশেষঃ) সঃ উদানঃ, সঃ বায়ুঃ, সঃ আকাশঃ, তৎ এতৎ। উদানাখ্যং ব্রহ্ম) ওজঃ (বলং) চ মহঃ (প্রকাশঃ) চ ইতি (এতদ্গুণদ্বয়যুক্তং) উপাসীত। যঃ এবং (পূর্ব্বোক্ত-গুণদ্বয়যুক্ততয়া) বেদ (উপাস্তে (সঃ) ওজস্বী মহস্বান্ চ ভবতি।

অনুবাদ। আর হৃদয়ের যে ঊর্দ্ধদিকের ছিদ্র, তাহার মধ্য দিয়া উদাননামক বায়ু অনবরত সঞ্চরিত হইতেছে। এই উদাননামক বায়ুর সহিত আমাদের এই প্রাণ এবং বাহিরের আকাশের যোগ আছে; যিনি স্বর্গে যাইতে ইচ্ছা করেন, তিনি সেই উদানরূপী ব্রহ্মকে ওজঃ এবং মহঃ এই দুইটী গুণে গুণবান্ ভাবিয়া উপাসনা করিবেন। তাহা হইলে তিনি নিজেও শক্তিমান্ ও দীপ্তিমান্ হইবেন।

৬। তে বা এতে পঞ্চ ব্রহ্মপুরুষাঃ স্বর্গস্য লোকস্য দ্বারপাঃ স য এতানেবং পঞ্চ ব্রহ্মপুরুষান্ স্বর্গস্য লোকস্য দ্বারপান্ বেদাস্য কুলে বীরো জায়তে প্রতিপদ্যতে স্বর্গং লোকং য এতানেবং পঞ্চ ব্রহ্মপুরুষান্ স্বর্গস্য লোকস্য দ্বারপান্ বেদ।

ব্যাখ্যা। তে বৈ এতে (পঞ্চসুষিসম্বন্ধপ্রাণাদয়ঃ) পঞ্চ ব্রহ্মপুরুষাঃ (রাজপুরুষাঃ ইব ব্রহ্মাধীনপুরুষাঃ) স্বর্গস্য (হৃদয়স্য) লোকস্য দ্বারপাঃ (দ্বারপালাঃ ইব)। সঃ যঃ (কশ্চিৎ), স্বর্গস্য লোকস্য দ্বারপান্ এতান্ পঞ্চ ব্রহ্মপুরুষান্ (প্রাণাদীন্) বেদ, অস্য কুলে বীরঃ জায়তে। যঃ এবং (অনেন প্রকারেণ) স্বর্গস্য লোকস্য দ্বারপান্ বেদ, সঃ স্বর্গং লোকং প্রতিপদ্যতে (লভতে)।

অনুবাদ। চক্ষুঃ, শ্রোত্র, বাক্, মনঃ এবং প্রাণ আমাদের এই পাঁচটী ইন্দ্রিয়কে ব্রহ্মপুরুষ অর্থাৎ ব্রহ্মের অধীন পুরুষ বলা হয়। কারণ ইহারা ব্রহ্মের হৃদয়পুরীর প্রহরী, যিনি এই পাঁচটী ইন্দ্রিয়কে ব্রহ্মপুরীর প্রহরী বলিয়া জানেন, তাঁহার বংশে বলবান্ পুত্র জন্মগ্রহণ করে এবং তিনি নিজেও স্বর্গলোক প্রাপ্ত হন।

৭। অথ যদতঃ পরো দিবো জ্যোতির্দীপ্যতে বিশ্বতঃ পৃষ্ঠেষু সর্ব্বতঃপৃষ্ঠেষনুত্তমেষু লোকেষ্বিদং বাব তদ্ যদিদমস্মিন্নন্তঃ পুরুষে জ্যোতিস্তস্যৈষা দৃষ্টিঃ।

ব্যাখ্যা। [অধুনা পূর্ণব্রহ্মণঃ স্বরূপং নিরূপয়তি] অথ (প্রকারান্তরং সূচয়তি) অতঃ (অস্মাৎ) দিবঃ (দ্যুলোকাৎ) পরঃ (পরং) যৎ জ্যোতিঃ (জ্যোতির্ম্ময়ং ব্রহ্ম) বিশ্বতঃ পৃষ্ঠেষু সর্ব্বতঃ পৃষ্ঠেষু (সংসারস্য উপরি) অনুত্তমেষু উত্তমেষু (সত্যাদিষু) লোকেষু দীপ্যতে। ইদং বাব তৎ যৎ ইদং জ্যোতিঃ পুরুষে অন্তঃ (মধ্যে) [অস্তীতি শেষঃ]।

অনুবাদ। ব্রহ্মপুরুষের উপাসনা করিয়া লোকে যে স্বর্গলোক লাভ করিয়া থাকে, সমগ্র বিশ্ব

ও সত্যপ্রভৃতি লোকের উপরে প্রদীপ্ত এই ব্রহ্ম-জ্যোতিঃ তাহারও উপরে অবস্থান করিতেছে। আমাদের শরীরের অভ্যন্তরে যে জ্যোতিঃ রহিয়াছে, তাহাও এই ব্রহ্ম।

৮। যত্রৈতদস্মিঞ্ছরীরে সংস্পর্শেনোষ্ণিমানং বিজানাতি তস্যৈষা শ্রুতির্যত্রৈতৎ কর্ণাবপিগৃহ্য নিনদমিব নদথুরিবাগ্নেরিব জ্বলত উপশৃণোতি তদেতদ্দৃষ্টং চ শ্রুতং চেত্যুপাসীত চক্ষুষ্যঃ শ্রুতো ভবতি য এবং বেদ য এবং বেদ।

ইতি ত্রয়োদশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। তস্য (দেহপ্রবিষ্টস্য পরমাত্মজ্যোতিষঃ) এষা দৃষ্টিঃ (ত্বগিন্দ্রিয়গম্যতা) [উচ্যতে]। যত্র (যস্মিন কালে) অস্মিন্ (অনুভূয়মানে) শরীরে এতৎ (ক্রিয়াবিশেষণং) স্পর্শেন উষ্ণিমানং (উষ্ণতাং) বিজানাতি [এষা উষ্ণতা এব দেহপ্রবিষ্টস্য পরমাত্মজ্যোতিষঃ লিঙ্গম্] তস্য (শরীরমনুপ্রবিষ্টস্য পরমাত্ম-জ্যোতিষঃ) এষা শ্রুতিঃ (শ্রবণেন্দ্রিয়গম্যতা) যত্র (যস্মিন্ কালে) এতৎ (যথা স্যাৎ তথা) কর্ণৌ অপিগৃহ্য (আচ্ছাদ্য) নিনদম্ ইব (রথঘোষম্ ইব) নদথুরিব (ঋষভকূজিতমিব) [অথবা] জ্বলতঃ

অগ্নেঃ [ধ্বনিঃ] ইব উপশৃণোতি, [এষা ধ্বনিশ্রুতিঃ পরমাত্মজ্যোতিষঃ শ্রাবণং লিঙ্গং]। তৎ এতৎ (পূর্ব্বপ্রক্রান্তং পরমাত্মজ্যোতিঃ) দৃষ্টং চ শ্রুতং চ ইতি (দৃষ্টশ্রুতত্বগুণযোগেন) উপাসীত। যঃ [এতৎ পরমাত্মজ্যোতিঃ] এবং (অনেন প্রকারেণ) বেদ (জানাতি) [সঃ] চক্ষুষ্যঃ (দর্শনীয়ঃ) শ্রুতঃ লোকপ্রসিদ্ধঃ [চ] ভবতি। [দ্বিরুক্তিরাদরার্থা]।

অনুবাদ। আমাদের এই শরীরের মধ্যেই যে ব্রহ্মজ্যোতিঃ রহিয়াছে, তাহা আমরা নিম্নলিখিত দুইটী উপায়ে বুঝিতে পারি ; (১) যখন আমরা এই শরীরকে স্পর্শ করিয়া উষ্ণতা অনুভব করি ; (২) এবং যখন দুইটী অঙ্গুলি দ্বারা কর্ণ রুদ্ধ করিয়া তাহার মধ্যে প্রজ্জ্বলিত অগ্নি বা রথচক্রের ন্যায় শব্দ শুনিতে পাই। যিনি এই সুপ্রসিদ্ধ ব্রহ্মজ্যোতিকে দৃষ্ট ও শ্রুত বলিয়া উপাসনা করেন, তিনি নিজেও দেখিতে সুশ্রী এবং প্রসিদ্ধ হইয়া থাকেন।

ত্রয়োদশ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

চতুর্দ্দশঃ খণ্ডঃ।

১। সর্ব্বং খল্বিদং ব্রহ্ম তজ্জলানিতি শান্ত উপাসীতাথ খলু ক্রতুময়ঃ পুরুষো যথা ক্রতুরস্মিঁল্লোকে পুরুষো ভবতি তথেতঃ প্রেত্য ভবতি স ক্রতুং কুর্ব্বীত।

ব্যাখ্যা। তজ্জলান্ (তস্মাৎ ব্রহ্মণঃ সর্ব্বম্ ইদং জায়তে, তস্মিন্ এব লীয়তে, তেনৈব চ প্রাণিতি ইতি। হেতোঃ) সর্ব্বং খলু ইদং (প্রত্যক্ষাদিবিষয়ং নামরূপবিকৃতং জগৎ) ব্রহ্ম (কারণাত্মনা ব্রহ্মস্বরূপম্ এব); [অতঃ উপাসকঃ] শান্তঃ (রাগদ্বেষাদিদোষরহিতঃ সন্) উপাসীত। অথ খলু (যস্মাৎ) পুরুষঃ (জীবঃ) ক্রতুময়ঃ (সঙ্কল্পাত্মকঃ) [তস্মাৎ] পুরুষঃ অস্মিন্ লোকে (বর্ত্তমানে জন্মনি) যথাক্রতুঃ (যাদৃশসঙ্কল্পবান্) ভবতি ইতঃ (অস্মাৎ লোকাৎ) প্রেত্য (পরলোকং গত্বা) তথা ভবতি (তাদৃশসঙ্কল্পানুসারেণ জন্মান্তরং লভতে)। [অতঃ] সঃ (পুরুষঃ) ক্রতুং (বক্ষ্যমাণাং সঙ্কল্পাত্মিকাম্ উপাসনাং) কুর্ব্বীত।

অনুবাদ। এই সমস্তই সেই ব্রহ্ম হইতে উৎপন্ন হইয়াছে, তাঁহাতেই অবস্থান করিতেছে এবং অন্তিমকালে তাঁহাতেই লয় প্রাপ্ত হইবে; অতএব আমরা যাহা কিছু দেখিতে পাইতেছি, এগুলি বস্তুতঃ ব্রহ্ম ভিন্ন আর কিছুই নহে, এইজন্য যিনি উপাসক,

তিনি কাহারও প্রতি বিদ্বেষ বা অনুরাগ ভাবাপন্ন না হইয়াই উপাসনা করিবেন। জীব যখন সঙ্কল্পাত্মক, তখন সে এ জীবনে যেমন সঙ্কল্প করিবেন, মৃত্যুর পর ভবিষ্য জীবনে সেইরূপ হইয়া জন্ম গ্রহণ করিবেন। অতএব আমরা পরে যে সঙ্কল্পাত্মক উপাসনার কথা বলিতেছি, জীব তাহার অনুষ্ঠান করিবে।

২। মনোময়ঃ প্রাণশরীরো ভারূপঃ সত্যসঙ্কল্প আকাশাত্মা সর্ব্বকর্ম্মা সর্ব্বকামঃ সর্ব্বগন্ধঃ সর্ব্বরসঃ সর্ব্বমিদমভ্যাত্তোঽবাক্যনাদরঃ।

ব্যাখ্যা। মনোময়ঃ (মনঃপ্রধানঃ) প্রাণশরীরঃ (প্রাণ লিঙ্গশরীরম্ এব শরীরং যস্য সঃ) ভারূপঃ (চৈতন্যস্বরূপঃ) সত্যসঙ্কল্পঃ (অমোঘেচ্ছঃ) আকাশাত্মা (আকাশ ইব নির্লেপস্বভাবঃ) সর্ব্বকর্ম্মা (সর্ব্বং জগৎ কর্ম্মস্বরূপং যস্য সঃ) সর্ব্বকামঃ (সর্ব্বে কামাঃ দোষহীনাঃ যস্য সঃ) সর্ব্বগন্ধঃ (সর্ব্বে গন্ধাঃ সুখকরাঃ যস্য সঃ) সর্ব্বরসঃ (সর্ব্বে রসাঃ সুখদাঃ যস্য সঃ) সর্ব্বম্ ইদম্ (জগৎ) অভ্যাত্তঃ (অভিব্যাপ্নুবন্ অবস্থিতঃ) অবাকী (বাগিন্দ্রিয়রহিতঃ, সর্ব্বেন্দ্রিয়রহিতঃ ইত্যর্থঃ) অনাদরঃ (সর্ব্বকামতয়া অপ্রাপ্তপ্রাপ্তৌ আগ্রহবিরহিতঃ)।

অনুবাদ। আমাদের হৃদয়ের অন্তস্তলে

যে নিত্য শুদ্ধ আত্মা অবস্থান করিতেছেন, তিনি স্বয়ং উদাসীন বলিয়া আমাদের মনের প্রবৃত্তি ও নিবৃত্তিতেই তাঁহার প্রবৃত্তি ও নিবৃত্তি হয় বুঝিতে হইবে এবং আমাদের প্রাণের জ্ঞানশক্তি ক্রিয়াশক্তিতেই তিনি জ্ঞানশক্তি ও ক্রিয়াশক্তি-বিশিষ্ট হইয়া থাকেন। তিনি চিন্ময়। তাঁহার সঙ্কল্প অমোঘ। তিনি আকাশের ন্যায় নির্লেপ। এই বিচিত্র বিশ্ব তাঁহারই কার্য্য। এই জগতের সমস্ত পবিত্র কামনা, পূত গন্ধ, সুখকর রস তাঁহারই। তিনিই এই নিখিল বিশ্বকে অভিব্যাপ্ত করিয়া অবস্থান করিতেছেন, অথচ তাঁহার কোন ইন্দ্রিয়ই নাই। তিনি নিজের পূর্ণস্বরূপে সর্ব্বদাই অবস্থান করিতেছেন বলিয়া বাহিরের কোন বস্তু লাভ করিতে তাঁহার একটুও আগ্রহ নাই।

৩। এষ ম আত্মান্তর্হৃদয়েঽণীয়ান্ ব্রীহের্বা যবাদ্বা সর্ষপাদ্বা শ্যামাকাদ্বা শ্যামাকতণ্ডুলাদ্বা এষ ম আত্মান্তর্হৃদয়ে জ্যায়ান্ পৃথিব্যা জ্যায়ানন্তরিক্ষাজ্জ্যায়ান্দিবো জ্যায়ানেভ্যো লোকেভ্যঃ।

ব্যাখ্যা। এষঃ (পূর্ব্বোক্তগুণসম্পন্নঃ) মে অন্তর্হৃদয়ে (হৃদয়-পদ্মমধ্যে) [অবস্থিতঃ] আত্মা ব্রীহেঃ (ধান্যবিশেষাৎ) বা, যবাৎ বা, সর্ষপাৎ বা, শ্যামাকাৎ বা, শ্যামাকতণ্ডুলাৎ বা অণীয়ান ; মে (মম) অন্তর্হৃদয়ে [অবস্থিতঃ] এষঃ (পূর্ব্বোক্ত এব) আত্মা পৃথিব্যাঃ জ্যায়ান্ (মহত্তরঃ), অন্তরিক্ষাৎ জ্যায়ান্, দিবঃ (দ্যুলোকাৎ) জ্যায়ান্, [কিং বহুনা] এভ্যঃ লোকেভ্যঃ (স্বর্গাদিভ্যঃ) [অপি] জ্যায়ান্।

অনুবাদ। আমার হৃদয়পদ্মে অবস্থিত এই আত্মাই ধান্য হইতে, যব হইতে, সর্ষপ হইতে, শ্যামাধান হইতে, এমন কি অতি ক্ষুদ্র যে শ্যামা ধানের চাউল তাহা হইতেও ক্ষুদ্র। ইনিই আবার পৃথিবী হইতে, গগনমণ্ডল হইতে এবং দ্যুলোক হইতে—এমন কি এই সমস্ত লোক হইতেও মহত্তর।

৪। সর্ব্বকর্ম্মা সর্ব্বকামঃ সর্ব্বগন্ধঃ সর্ব্বরসঃ সর্ব্বমিদমভ্যাত্তোঽবাক্যনাদর এষ ম আত্মান্তর্হৃদয় এতদ্ ব্রহ্মৈতমিতঃ প্রেত্যাভিসম্ভবিতাস্মীতি যস্য স্যাদদ্ধা ন বিচিকিৎসাস্তীতি হ স্মাহ শাণ্ডিল্যঃ শাণ্ডিল্যঃ

ইতি চতুর্দ্দশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। এষঃ সর্ব্বকর্ম্মা, সর্ব্বকামঃ, সর্ব্বগন্ধঃ, সর্ব্বরসঃ, ইদং সর্ব্বম্ অভ্যাত্তঃ, অবাকী, অনাদরঃ,আত্মা, মে অন্তর্হৃদয়ে [বর্ত্ততে ইতি শেষঃ]। এতৎ ব্রহ্ম [এষঃ] ইতঃ প্রেত্য (পরলোকং গত্বা) এতম্ (আত্মানম্) অভিসংভবিতাস্মি (প্রাপ্তা অস্মি) ইতি যস্য অদ্ধা (নিশ্চয়ঃ) স্যাৎ, বিচিকিৎসা (সংশয়ঃ) ন অস্তি [সঃ পরলোকমেত্য তৎ প্রতিপদ্যতে] ইতি হ শাণ্ডিল্যঃ আহ স্ম।

অনুবাদ। এই বিশ্ব তাঁহারই কার্য্য; এখানকার সমস্ত পবিত্র কামনা, পূত গন্ধ, সুখকর রস তাঁহারই। তিনিই এই নিখিল বিশ্বকে অভিব্যাপ্ত করিয়া অবস্থান করিতেছেন। তাঁহার কোন ইন্দ্রিয়ই নাই। তিনি পরিপূর্ণ স্বরূপে সর্ব্বদাই অবস্থান করিতেছেন বলিয়া বাহিরের কোন বস্তুই লাভ করিতে তাঁহার একটুও আগ্রহ হয় না।

চতুর্দ্দশ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

পঞ্চদশঃ খণ্ডঃ।

১। অন্তরিক্ষোদরঃ কোশো ভূমিবুধ্নো ন জীর্য্যতি

দিশো হ্যস্য স্রক্তয়ো দ্যৌরস্যোত্তরং বিলং স এষ কোশো বসুধানস্তস্মিন্ বিশ্বমিদং শ্রিতম্।

ব্যাখ্যা। অন্তরিক্ষোদরঃ (অন্তরিক্ষম্ উদরম্ অন্তশ্ছিদ্রম্ যস্য সঃ), ভূমিবুধ্নঃ (ভূমিঃ বুধ্নঃ মূলং যস্য সঃ) [অয়ং ত্রৈলোক্যাত্মকঃ] কোশঃ (কোশঃ ইব) [কর্ম্মফলরূপধনধারণাৎ ধনাগারঃ ইত্যর্থঃ] ন জীর্য্যতি (ন নশ্যতি) [সহস্রযুগকালাবস্থায়িত্বাৎ তস্য] দিশঃ হি অস্য (ভুবনকোশস্য) স্রক্তয়ঃ (কোণাঃ) দ্যৌঃ অস্য উত্তরং (ঊর্দ্ধদেশস্থং) বিলং (রন্ধ্রং)। সঃ এষঃ (যথোক্তগুণঃ) কোশঃ বসুধানঃ (বসূনি জীবানাং কর্ম্মফলানি ধীয়ন্তে স্থাপ্যন্তে অস্মিন্ ইতি) তস্মিন্ ইদং বিশ্বং শ্রিতম্ (স্থিতম্)।

অনুবাদ। এই যে ভুবনরূপ কোশগৃহ, ইহা অতি দীর্ঘকালেও জীর্ণ হয় না। অনন্ত ব্যোমমণ্ডলই ইহার মধ্যভাগ; বিপুলা পৃথ্বী ইহার নিম্নতল; দশটী দিক্ ইহার দশটী কোণ এবং দ্যুলোকই ইহার ঊর্দ্ধদিকের ছিদ। জীবের কর্ম্মফলরূপ ধন ইহাতে রক্ষিত হইয়াছে বলিয়া ইহাকে কোশগৃহ অর্থাৎ ধনাগার বলে। ইহারই মধ্যে আবার নিখিল বিশ্বও অবস্থিত রহিয়াছে।

২। তস্য প্রাচী দিগ্ জুহূর্নাম সহমানা নাম দক্ষিণা রাজ্ঞী নাম প্রতীচী সুভূতানামোদীচী তাসাং বায়ুর্বৎসঃ স য এতমেবং বায়ুং দিশাং বৎসং বেদ ন পুত্ররোদং রোদিতি সোঽহমেতমেবং বায়ুং দিশাং বৎসং বেদ মাপুত্ররোদং রুদম্।

ব্যাখ্যা। তস্য (পূর্ব্বোক্তস্য কোশস্য) প্রাচী দিক্ জুহূঃ নাম (যজ্ঞিয়পাত্রবিশেষঃ); দক্ষিণা [দিক্] সহমানা নাম (যজ্ঞিয়পাত্রবিশেষঃ), প্রতীচী [দিক] রাজ্ঞী নাম, উদীচী (দিক্) সুভূতা নাম। তাসাং (দিশাম্) বায়ুঃ (এব) বৎসঃ। যঃ (জনঃ) দিশাং বৎসম্, এতম্ বায়ুম্, এবম্ (যথোক্তগুণং) বেদ (জানাতি) সঃ পুত্রদীর্ঘজীবিতার্থী) পুত্ররোদং ন রোদিতি (পুত্রমরণনিমিত্তকং রোদনম্ অস্য ন ভবতীত্যর্থঃ)। সঃ অহং (পুত্রদীর্ঘজীবিতার্থী) দিশাম্ এতং বৎসং বায়ুম্ এবং (যথোক্তগুণং) বেদ (জানে) [অতঃ অহং] পুত্ররোদং মা রুদম্ (পুত্রমরণনিমিত্তকং রোদনং মম মাভূৎ)।

অনুবাদ। যাজ্ঞিকেরা পূর্ব্বাভিমুখ হইয়া হোম করেন বলিয়া এই ভুবনরূপ কোশাগারের পূর্ব্বদিকের নাম "জুহূ"। দক্ষিণদিকে যে যমপুরী আছে, সেখানে পাপীদিগকে পাপের ফল সহ্য করিতে

হয়; এই জন্য দক্ষিণ দিকের নাম "সহমানা"। সূর্য্য অস্তমিত হইলে সন্ধ্যার সময় পশ্চিমাকাশ রক্তরাগে রঞ্জিত হয় বলিয়া পশ্চিমদিকের নাম রাজ্ঞী এবং প্রভূত ঐশ্বর্য্যশালী ধনেশ্বর কুবের উত্তর দিকের, অধীশ্বর, তাই উত্তর দিকের নাম "সুভূতা"। এই চারিটী দিক্ হইতে যে বায়ু উত্থিত হয়, তাহাকে ইহাদের স্নেহময় পুত্র বলিয়া কল্পনা করা হয়। যিনি পুত্রের দীর্ঘজীবন প্রার্থনা করিয়া চারিটী দিক্ হইতে সমুত্থিত এই বায়ুকে ইহাদের স্নেহময় পুত্ররূপে উপাসনা করেন, তাঁহাকে কখনও পুত্রের জন্য কাঁদিতে হয় না। আমি আমার পুত্রের দীর্ঘ জীবন কামনা করিয়া চারিটী দিক্ হইতে সমুত্থিত এই বায়ুকে তাহাদেরই স্নেহময় পুত্ররূপে উপাসনা করিয়াছি, অতএব আমাকে যেন কখনও আমার পুত্রের জন্য কাঁদিতে না হয়।

৩। অরিষ্টং কোশং প্রপদ্যেঽমুনাঽমুনাঽমুনা প্রাণং প্রপদ্যেঽমুনাঽমুনাঽমুনা ভূঃ প্রপদ্যেঽমুনাঽমুনা-

হমুনা ভুবঃ প্রপদ্যেহমুনাহমুনাহমুনা স্বঃ প্রপদ্যেহমুনা-হমুনাহমুনা ।

ব্যাখ্যা। [অহং] অমুনা অমুনা অমুনা (অমুকনামধেয়েন মম পুত্রেণ) [মম পুত্রস্য দীর্ঘায়ুষ্ট্বং নিমিত্তীকৃত্য ইত্যর্থঃ] অরিষ্টং (অবিনাশিনং) কোশং (পূর্ব্বকথিতং ভুবনকোশাখ্যং) প্রপদ্যে, শরণাপন্নোঽস্মি [অত্র অমুনামুনামুনেতি ত্রিকৃত্বস্তনয়-সংজ্ঞাং গৃহ্লাতি উপাসকঃ] [তথা] অমুনা অমুনা অমুনা প্রাণং প্রপদ্যে, অমুনা অমুনা অমুনা ভূঃ প্রপদ্যে, অমুনা অমুনা অমুনা ভুবঃ প্রপদ্যে, অমুনা অমুনা অমুনা স্বঃ প্রপদ্যে, [অন্যোঽংশানাং ব্যাখ্যা উক্তাংশস্য ইব] ।

অনুবাদ। আমি আমার পুত্রের দীর্ঘ-জীবন কামনা করিয়া পূর্ব্বের সেই শাশ্বত কোশ এবং এই প্রাণ, ভূর্লোক, ভুবর্লোক এবং স্বর্লোকের শরণা-পন্ন হইতেছি। [পুত্রের নাম তিনবার উচ্চারণ করিয়া এই মন্ত্রটী পাঠ করিতে হয়, তাই এখানে "অমুনা" এই শব্দটী তিনবার লিখিত হইয়াছে।]

৪। স যদবোচং প্রাণং প্রপদ্য ইতি প্রাণো বা ইদং সর্ব্বং ভূতং যদিদং কিঞ্চ তমেব তৎ প্রাপৎসি ।

ব্যাখ্যা। সঃ (অহং) "প্রাণং প্রপদ্যে" ইতি যৎ অবোচং

চম (উক্তবান্ অস্মি), [সঃ] প্রাণঃ বৈ (এব) ইদং সর্ব্বং ভূতং (বস্তু) যৎ ইদং কিঞ্চ ; তৎ (তস্মাৎ) তম্ (প্রাণম্) এব প্রাপৎসি (প্রপন্নোঽস্মি)।

অনুবাদ। আমি এই যে বলিলাম, "আমি প্রাণের শরণাপন্ন হইতেছি" এখানে প্রাণ বলিতে আমরা যাহা কিছু দেখিতে পাইতেছি, সে সমস্তকেই বুঝাইতেছে। আমি সেই প্রাণেরই শরণাপন্ন হইয়াছি।

৫। অথ যদবোচং ভূঃ প্রপদ্য ইতি পৃথিবীং প্রপদ্যেঽন্তরিক্ষং প্রপদ্যে দিবং প্রপদ্যে ইত্যেব তদবোচম্।

ব্যাখ্যা। অথ ''ভূঃ প্রপদ্যে' ইতি যৎ অবোচম্ [অহম্ ইতি শেষঃ] তৎ "পৃথিবীং প্রপদ্যে" "অন্তরিক্ষং প্রপদ্যে" "দিবং প্রপদ্যে" ইত্যেব অবোচম্। [অত্র ভূঃশব্দেন ভূরাদিলোকত্রয়ং গৃহ্যতে]।

অনুবাদ। আর আমি যে বলিলাম, "আমি ভূর্লোকের শরণাপন্ন হইতেছি" এখানে ভূঃ বলিতে ভূলোক, দ্যুলোক এবং অন্তরিক্ষলোক এই

তিন লোকই বুঝাইতেছে। আমি এই তিন লোকেরই শরণাপন্ন হইতেছি, ইহা বুঝিতে হইবে।

৬। অথ যদবোচং ভুবঃ প্রপদ্য ইত্যগ্নিং প্রপদ্যে বায়ুং প্রপদ্য আদিত্যং প্রপদ্য ইত্যেব তদবোচম্।

ব্যাখ্যা। অথ "ভুবঃ প্রপদ্যে" ইতি যৎ অবোচম্ তৎ অগ্নিং প্রপদ্যে, বায়ুং প্রপদ্যে, আদিত্যং প্রপদ্যে ইতি এব অবোচম্।

অনুবাদ। আর আমি যে বলিলাম, "আমি ভুবর্লোকের শরণাপন্ন হইতেছি" এখানে ভুবর্লোক বলিতে অগ্নি, বায়ু এবং সূর্য্যকে বুঝাইতেছে। আমি এই তিনেরই শরণাপন্ন হইতেছি, ইহা বুঝিতে হইবে।

৭। অথ যদবোচং স্বঃ প্রপদ্য ইতি ঋগ্বেদং প্রপদ্যে যজুর্ব্বেদং প্রপদ্যে সামবেদং প্রপদ্য ইত্যেব তদবোচং তদবোচম্।

ইতি পঞ্চদশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। অথ "স্বঃ প্রপদ্যে" ইতি যৎ অবোচম্, তৎ ঋগ্বেদং প্রপদ্যে, যজুর্ব্বেদং প্রপদ্যে সামবেদং প্রপদ্যে ইতি এব অবোচম্।

অনুবাদ। আর যে বলিলাম, "আমি স্বর্লোকের শরণাপন্ন হইতেছি" এখানে এই স্বর্লোক বলিতে ঋগ্বেদ, যজুর্বেদ আর সামবেদকে বুঝাইতেছে। আমি যে এই তিনেরই শরণাপন্ন হইতেছি, ইহা বুঝিতে হইবে।

পঞ্চদশ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

ষোড়শঃ খণ্ডঃ।

১। পুরুষো বাব যজ্ঞস্তস্য যানি চতুর্বিংশতিবর্ষাণি তৎ প্রাতঃসবনং চতুর্বিংশত্যক্ষরা গায়ত্রী গায়ত্রং প্রাতঃসবনং তদস্য বসবোঽন্বায়ত্তাঃ প্রাণা বাব বসব এতে হীদংসর্ব্বং বাসয়ন্তি।

ব্যাখ্যা। [অধুনা আত্মনঃ দীর্ঘজীবনায় পুরুষযজ্ঞোপাসনা বিধীয়তে।] পুরুষঃ বাব (এব) যজ্ঞঃ, তস্য (পুরুষস্য) [জীবিত-কালস্য] যানি চতুর্বিংশতিবর্ষাণি, তৎ প্রাতঃসবনং (প্রাতঃ-কালানুষ্ঠেয়ং কর্ম্ম) [পুরুষনামধেয়স্য যজ্ঞস্য ইতি শেষঃ]। গায়ত্রী (নাম ছন্দঃ), চতুর্বিংশত্যক্ষরা [ভবতি ইতি শেষঃ]। প্রাতঃসবনং (বিধিতঃ আচরণীয়স্য বাহ্যযজ্ঞস্য প্রাতঃকালানু-

ষ্ঠেয়ং কর্ম্ম)। [অপি] গায়ত্রং (গায়ত্রীছন্দস্কং) [পূর্ব্বকথিতেন চতুর্বিংশতিবর্ণপরিমিতেন গায়ত্রীনামধেয়েন ছন্দসা বহিরনুষ্ঠিতে বিহিতযজ্ঞে প্রাতঃপঠনীয়ানাং স্তোত্রাদীনাং পাঠঃ ভবতি ইতি দৃশ্যতে। অতঃ এতেন বিহিতযজ্ঞপ্রাতঃপঠিতছন্দোবর্ণসংখ্যাসাদৃশ্যেন পুরুষস্য প্রাথমিকং জীবনম্ এব পুরুষরূপস্য যজ্ঞস্য প্রাতঃসবনম্ ইতি ভাবঃ]। অস্য (পুরুষযজ্ঞস্য) [বহিরনুষ্ঠিতস্য বিহিতযজ্ঞস্য ইব] তৎ (চতুর্বিংশতিবর্ষাত্মকং প্রাতঃসবনং) বসবঃ (তদাখ্যাঃ দেবাঃ অন্বায়ত্তাঃ অধিষ্ঠাতৃতয়া অনুগতাঃ)। [কে তাবৎ অত্র বসুনামধেয়াঃ? ইত্যাহ] প্রাণাঃ বাগাদীনি ইন্দ্রিয়াণি পঞ্চ বায়বশ্চ। বাব (এব) বসবঃ; হি (যতঃ) এতে (প্রাণাঃ) সর্ব্বম্ ইদং (প্রাণিজাতং) বাসয়ন্তি (দেহে বসৎসু প্রাণেষু সর্ব্বম্ ইদং প্রাণিজাতং বসতি, অন্যথা ন বসতীত্যর্থঃ)।

অনুবাদ। মানুষ তাহার সুদীর্ঘ জীবন ব্যাপিয়া যেন একটী যজ্ঞেরই অনুষ্ঠান করিতেছে। বেদে যে দিবসব্যাপী যজ্ঞসমূহের কথা বলা হইয়াছে, তাহার প্রভাতকালের অনুষ্ঠানগুলিতে যে মন্ত্র পাঠ করা হয়, তাহা প্রায়ই চব্বিশ অক্ষরের গায়ত্রী ছন্দে রচিত। এই সাদৃশ্য লইয়াই বলা হয় যে, মানুষ তাহার শৈশব হইতে যৌবনমধ্যাহ্নপর্য্যন্ত চব্বিশ বৎসর

ধরিয়া যেন এই জীবনব্যাপী যজ্ঞের প্রভাতীয় অনুষ্ঠান-গুলিই (প্রাতঃসবন) সম্পন্ন করিতেছে। আবার বৈদিক যজ্ঞের প্রভাতীয় অনুষ্ঠানগুলির অধিপতি যেমন অষ্টবসু সেইরূপ এ যজ্ঞের প্রভাতীয় অনুষ্ঠানের অধিপতি হইতেছেন বাক্‌প্রভৃতি পাঁচটী ইন্দ্রিয় এবং প্রাণপ্রভৃতি পাঁচটী বায়ু। ইহাদিগকেও বসু বলে; কারণ ইহারা যতদিন দেহের মধ্যে বাস করে, ততদিনই দেহের আর আর উপাদানগুলি ঠিক্ থাকে, নচেৎ তাহারা বিকৃত হইয়া যায়।

২। তং চেদেতস্মিন্ বয়সি কিঞ্চিদুপতপেৎ স ব্রূয়াৎ প্রাণা বসব ইদং মে প্রাতঃসবনং মাধ্যন্দিনং সবনমনুসন্তনুতেতি মাহং প্রাণানাং বসূনাং মধ্যে যজ্ঞো বিলোপ্সীয়েত্যুদ্ধৈব তত এত্যগদো হ ভবতি।

ব্যাখ্যা। এতস্মিন্ (প্রাথমিকেন) বয়সি [বর্ত্তমানং] তং (যজ্ঞরূপিণং পুরুষং) কিঞ্চিৎ (মরণশঙ্কাজনকব্যাধিপ্রভৃতি) উপতপেৎ (দুঃখম্ উৎপাদয়েৎ) চেৎ (যদি), [তদা] সঃ (যজ্ঞপুরুষঃ) ব্রূয়াৎ (আত্মানং যজ্ঞং মন্যমানঃ বক্ষ্যমাণম্ ইমং মন্ত্রং জপেৎ) "প্রাণাঃ বসবঃ (হে বসুসংজ্ঞকাঃ মে প্রাণাঃ) ইদং

মে (যজ্ঞরূপিণঃ মম) প্রাতঃসবনং (প্রাতঃকালানুষ্ঠেয়ং কর্ম্ম) [বর্ত্ততে ইতি শেষঃ]; [তৎ, যূয়ং] মাধ্যন্দিনং সবনং অনুসন্তনুত (মাধ্যন্দিনসবনসম্বন্ধীয়েন আয়ুষা সহিতং একীকৃত্য বিস্তৃতং কুরুত)। যজ্ঞঃ (যজ্ঞরূপী) অহং বসুনাং (বসুনামধেয়ানাং) [প্রাতঃসবনেশ্বরাণাং যুষ্মাকং] প্রাণানাং মধ্যে মা বিলোপ্সীয় (ন বিলুপ্যেয়ং, ন ম্রিয়েয়ম্ এতস্মিন্ প্রাথমিকে জীবনে ইত্যর্থঃ) ইতি (অনেন জপেন) ততঃ (তস্মাৎ উপতাপাৎ) [সঃ] উদেতি [উদগম্য চ] অগদঃ (নীরোগঃ) হ ভবতি।

অনুবাদ। যিনি আপনাকে একটী যজ্ঞ বলিয়া ভাবিতে শিখিয়াছেন, তিনি যদি তাঁহার নবীন বয়সেই এমন কোনও রোগে আক্রান্ত হন যে, যাহার ফলে তাঁহার মৃত্যু পর্য্যন্তও ঘটিতে পারে, তবে তিনি যেন এই বলিয়া ধ্যান করেন যে "হে আমার বসুনাম-ধারী প্রাণগণ! তোমরা আমার এই নবীন বয়সকে আমার প্রৌঢ় বয়সের সঙ্গে যোগ করিয়া দাও; আমি আমাকে যজ্ঞরূপেই ভাবনা করিয়া থাকি—এই নবীন বয়সেই যেন আমাকে এই সংসার ছাড়িয়া যাইতে না হয়"। তাহা হইলে তাঁহার ব্যাধি বিদূরিত হইবে এবং তিনি নীরোগ হইয়া উঠিবেন।

৩। অথ যানি চতুশ্চত্বারিংশদ্বর্ষাণি তন্মাধ্যন্দিনꣳ সবনং চতুশ্চত্বারিꣳশদক্ষরা ত্রিষ্টুপ্ ত্রৈষ্টুভং মাধ্যন্দিনꣳ সবনং তদস্য রুদ্রা অন্বায়ত্তাঃ প্রাণা বাব রুদ্রা এতে হীদꣳ সর্ব্বꣳ রোদয়ন্তি।

ব্যাখ্যা। অথ (অনন্তরং) যানি চতুশ্চত্বারিংশৎ বর্ষাণি, [পুরুষজীবিতকালস্য ইতি শেষঃ]। তৎ [পুরুষযজ্ঞস্য] মাধ্যন্দিনং সবনং (মধ্যাহ্নকালানুষ্ঠেয়ং কর্ম্ম); ত্রিষ্টুপ্ (তন্নাম ছন্দঃ) চতুশ্চত্বারিংশদক্ষরা [ভবতি]; মাধ্যন্দিনং সবনং (বিহিতঃ আচরণীয়স্য বহিরনুষ্ঠিতস্য যজ্ঞস্য মধ্যাহ্নকালানুষ্ঠেয়ং কর্ম্ম) [অপি] ত্রৈষ্টুভং (ত্রিষ্টুপ্ছন্দোবদ্ধমন্ত্রসম্পাদ্যম্) অস্য (পুরুষরূপিণঃ যজ্ঞস্য) তৎ (মাধ্যন্দিনং সবনং) [বহিরনুষ্ঠিতস্য বিহিতযজ্ঞস্য ইব ইতি ভাবঃ] রুদ্রাঃ অন্বায়ত্তাঃ (অধিপতিতয়া অনুগতাঃ)। [কে পুনঃ অত্র রুদ্রনামধেয়াঃ? ইত্যাহ] প্রাণাঃ বাব (এব) রুদ্রাঃ; হি (যতঃ) এতে (রুদ্রনামধেয়াঃ প্রাণাঃ) সর্ব্বম্ ইদম্ (প্রাণিজাতং) রোদয়ন্তি।

অনুবাদ। বৈদিক যজ্ঞসমূহের মধ্যাহ্ন-কালের অনুষ্ঠানগুলিতে যে মন্ত্র পাঠ করা হয়, তাহা চুয়াল্লিশ অক্ষরের ত্রিষ্টুভ্ ছন্দে রচিত। এই অক্ষর সংখ্যার সাদৃশ্য লইয়া বলা হয় যে, মানুষ তাহার

যৌবনমধ্যাহ্ন হইতে আরম্ভ করিয়া প্রৌঢ় বয়সের শেষ পর্য্যন্ত এই দীর্ঘ চুয়াল্লিশ বৎসর ধরিয়া যেন এই জীবন যজ্ঞের মধ্যাহ্নকালের অনুষ্ঠানগুলিই করিয়া যাইতেছে। আবার বৈদিক যজ্ঞের মধ্যাহ্নকালের অনুষ্ঠানগুলির অধিপতি যেমন রুদ্রদেবতা, তেমন এ যজ্ঞেরও মধ্যাহ্নকালের অনুষ্ঠানগুলির অধিপতি বাক্‌প্রভৃতি পঞ্চ ইন্দ্রিয় এবং পঞ্চ প্রাণ। ইহাদিগকেও রুদ্র বলে; কারণ জীবনের এই ভাগেই ইহারা অপেক্ষাকৃত নিষ্ঠুর হইয়া উঠে এবং অন্যকে রোদন করায়।

৪। তং চেদেতস্মিন্ বয়সি কিঞ্চিদুপতপেৎ স ব্রূয়াৎ প্রাণা রুদ্রা ইদং মে মাধ্যন্দিনꣳ সবনং তৃতীয়সবনমনুসন্তনুতেতি মাহং প্রাণানাꣳ রুদ্রাণাং মধ্যে যজ্ঞো বিলোপ্সীয়েত্যুদ্ধৈব তত এত্যগদো হ ভবতি।

ব্যাখ্যা। এতস্মিন্ (মাধ্যমিকে) বয়সি [বর্ত্তমানং] তং (যজ্ঞরূপিণং পুরুষং) কিঞ্চিৎ (মরণশঙ্কাজনকং রোগাদি) উপতপেৎ (ক্লেশম্ উৎপাদয়েৎ) চেৎ (যদি), [তদা] সঃ (যজ্ঞপুরুষঃ) ব্রূয়াৎ (বক্ষ্যমাণং মন্ত্রং জপেৎ) "প্রাণাঃ রুদ্রাঃ,

(হে রুদ্রসংজ্ঞকাঃ মে প্রাণাঃ,) মে (যজ্ঞরূপিণঃ মম) ইদং মাধ্যন্দিনং সবনং (মাধ্যমিকং বয়ঃ বর্ত্ততে ইতি শেষঃ), [তৎ মম মাধ্যমিকং বয়ঃ, যূয়ং] তৃতীয়সবনম্ অনুসন্তনুত (তৃতীয়-সবনসম্বন্ধীয়েন একোনসপ্ততিম্ আরভ্য আয়ুষা একীকৃত বিস্তৃতং কুরুত)। যজ্ঞঃ (যজ্ঞরূপী) অহং রুদ্রাণাং (রুদ্রনাম-ধেয়ানাং) [মাধ্যন্দিনসবনাধিপতীনাং যুষ্মাকং] প্রাণানাং মধ্যে মা বিলোপ্সীয় (ন বিলপ্যেয়ম্) [এতস্মিন্ মাধ্যমিকে জীবনে ন ম্রিয়েয়ম্ ইত্যর্থঃ]। ইতি (অনেন জপেন) ততঃ (তস্মাৎ) উপতাপাৎ [সঃ যজ্ঞপুরুষঃ] উদেতি; [উদ্গম্য চ] অগদঃ (নীরোগঃ) হ ভবতি।

অনুবাদ। যিনি আপনাকে একটী যজ্ঞ বলিয়া ভাবিতে শিখিয়াছেন, তিনি যদি তাঁহার এই প্রৌঢ় বয়সে এমন কোন দুঃখজনক রোগের দ্বারা আক্রান্ত হন, যাহার ফলে তাঁহার মৃত্যুপর্য্যন্ত ঘটিতে পারে, তবে তিনি যেন এই বলিয়া জপ করেন যে "হে আমার রুদ্রনামধারী প্রাণগণ! তোমরা আমার এই প্রৌঢ় বয়সকে আমার বৃদ্ধবয়সের সঙ্গে এক করিয়া দাও। আমি যখন আমাকে যজ্ঞ বলিয়াই ভাবনা করিতে শিখিয়াছি, তখন যেন এই প্রৌঢ় বয়সেই

আমাকে সংসার ছাড়িয়া যাইতে না হয়"। তাহা হইলে তিনি ব্যাধি হইতে মুক্তিলাভ করিয়া নীরোগ হইয়া উঠিবেন।

৫। অথ যাগ্যষ্টাচত্বারিংশদ্বর্ষাণি তৃতীয়সবনমষ্টাচত্বারিংশদক্ষরা জগতী জাগতং তৃতীয়সবনং তদস্যাদিত্যা অন্বায়ত্তাঃ প্রাণা বাবাদিত্যা এতে হীদং সর্বমাদদতে।

ব্যাখ্যা। অথ (মাধ্যন্দিনসবনসম্বন্ধীয়স্য আয়ুষঃ অনন্তরং) যানি অষ্টাচত্বারিংশদ্বর্ষাণি [পুরুষজীবিতকালস্য ইতি শেষঃ] তৎ (তানি অষ্টাচত্বারিংশদ্বর্ষাণি) তৃতীয়সবনং (পুরুষরূপিণঃ যজ্ঞস্য সায়ংকালানুষ্ঠেয়ং কর্ম্ম)। জগতী (নাম ছন্দঃ) অষ্টাচত্বারিংশদক্ষরা (ভবতীতি শেষঃ)। তৃতীয়সবনং (বিধিতঃ আচরণীয়স্য বহিরনুষ্ঠেয়স্য সায়ংকালকরণীয়ং কর্ম্ম) [অপি] জাগতং (জগতীচ্ছন্দোবদ্ধমন্ত্রনিষ্পাদ্যং); অস্য (পুরুষরূপিণঃ যজ্ঞস্য) [বহিরনুষ্ঠেয়স্য বিহিতযজ্ঞস্য ইব ইতি ভাবঃ] তৎ (অষ্টাচত্বারিংশদ্বর্ষাত্মকং সায়ংকালানুষ্ঠেয়ং তৃতীয়সবনং) আদিত্যাঃ অন্বায়ত্তাঃ (অধিপতিতয়া অনুগতাঃ)। হি (যস্মাৎ) এতে (বক্ষ্যমাণাঃ প্রাণাঃ) সর্ব্বম্ ইদং (রূপরসাদিগুণজাতং) আদদতে (গৃহ্নন্তি); [অতঃ] প্রাণাঃ (বাগাদিকরণলক্ষকং) বাব (এব) আদিত্যাঃ।

অনুবাদ। আর বৈদিক যজ্ঞের সায়ং-কালীন অনুষ্ঠানগুলিতে যে মন্ত্র পাঠ করা হয়, তাহা আটচল্লিশ অক্ষরের জগতী ছন্দে রচিত হয় বলিয়া এই অক্ষর সংখ্যার সাদৃশ্যে বলা হয় যে, মানুষ তাহার বার্দ্ধক্য জীবনের প্রথম দিন হইতে আরম্ভ করিয়া শেষ দিন পর্য্যন্ত, এই দীর্ঘ আটচল্লিশ বৎসর ধরিয়া যেন এই জীবনযজ্ঞের সায়ংকালীন অনুষ্ঠানগুলিই করিতে থাকে। আবার বৈদিক যজ্ঞের সায়ংকালীন অনুষ্ঠান-গুলির অধিপতি যেমন আদিত্যগণ, সেইরূপ এ যজ্ঞেরও সায়ংকালীন অনুষ্ঠানগুলির অধিপতি পঞ্চ ইন্দ্রিয় ও পঞ্চপ্রাণ। শব্দস্পর্শপ্রভৃতি গুণগুলি গ্রহণ করে বলিয়া ইহাদিগকেও আদিত্য বলিয়াই বলা হয়।

৬। তং চেদেতস্মিন্ বয়সি কিঞ্চিদুপতপেৎ স ব্রূয়াৎ প্রাণা আদিত্যা ইদং মে তৃতীয়সবনমায়ুরনু-সন্তনুতেতি মাহং প্রাণানামাদিত্যানাং মধ্যে যজ্ঞো বিলোপ্সীয়েত্যুদ্ধৈব তত এত্যগদো হৈব ভবতি।

ব্যাখ্যা : এতস্মিন (মাধ্যমিকং বয়ঃ অতিক্রম্যৈব অন্তিমে)

বয়সি [বর্ত্তমানং] তং (যজ্ঞরূপিণং পুরুষং) কিঞ্চিৎ (মরণ-ভীতিজনকং রোগাদি) উপতপেৎ (ক্লেশম্ উৎপাদয়েৎ) চেৎ (যদি), [তদা] সঃ (যজ্ঞরূপী পুরুষঃ) ব্রূয়াৎ (বক্ষ্যমাণং মন্ত্রং জপেৎ) "প্রাণাঃ আদিত্যাঃ (হে আদিত্যসংজ্ঞকাঃ মে প্রাণাঃ) মে (যজ্ঞরূপিণঃ মম) ইদং তৃতীয়সবনং (তৃতীয়সবনসম্বন্ধীয়ম্ আয়ুঃ আরব্ধম্ ইতি শেষঃ) ; [যূয়ং, তৎ তৃতীয়সবনসম্বন্ধীয়ম্ ইদানীম্ আরব্ধং মম], আয়ুঃ অনুসন্তনুত (অবধিং প্রাপয়ত, ষোড়শোত্তরবর্ষশতং যাবৎ নয়ত ইত্যর্থঃ) । যজ্ঞঃ (যজ্ঞরূপী) অহম্ আদিত্যানাং (আদিত্যসংজ্ঞকানাং) [তৃতীয়সবনাধি-পতীনাং যুষ্মাকং] প্রাণানাং মধ্যে মা বিলোপ্সীয় (ন বিলু-প্যেয়ং, আয়ুষঃ অবধিম্ অপ্রাপ্য ন ম্রিয়েয়ম্) । ইতি (অনেন জপেন) ততঃ (তস্মাৎ উপতাপাৎ) উদেতি [উদ্গম্য] অগদঃ (নীরোগঃ) ভবতি ।

অনুবাদ। আপনার এই সুদীর্ঘ জীবন ধরিয়া যেন একটী যজ্ঞেরই অনুষ্ঠান হইতেছে এইরূপ যিনি চিন্তা করিতে অভ্যস্ত হইয়াছেন, তিনি যদি তাঁহার এই বার্দ্ধক্য জীবনের প্রথম ভাগে এমন কোন কষ্টকর রোগে আক্রান্ত হন, যাহার ফলে তাঁহার মৃত্যু-পর্য্যন্ত ঘটিতে পারে, তবে তিনি যেন এই বলিয়া জপ করেন যে "হে আমাব আদিত্যনামধারী প্রাণগণ!

তোমরা আমার এই বার্দ্ধক্য জীবনের প্রথম ভাগকে ইহার শেষভাগের সঙ্গে যোগ করিয়া দাও। আমি যখন আমার এই দীর্ঘ জীবনধারাকে দিবসব্যাপী একটী পূর্ণাঙ্গ যজ্ঞ বলিয়াই ভাবিয়া আসিতেছি, তখন যেন এই বার্দ্ধক্যজীবনের প্রথমভাগেই আমাকে পৃথিবী ছাড়িয়া যাইতে না হয়, আমি যেন দীর্ঘায়ুঃ হইয়া ১১৬ বৎসর পর্য্যন্ত জীবিত থাকিয়া আমার এই জীবনযজ্ঞের অবসান করিয়া যাইতে পারি।” তাহা হইলে তিনি ব্যাধি হইতে মুক্তি লাভ করিয়া নীরোগ হইয়া উঠিবেন।

৭। এতদ্ধ স্ম বৈ তদ্বিদ্বান্ হ মহিদাস ঐতরেয়ঃ স কিং ম এতদুপতপসি যোঽহমনেন ন প্রেষ্যামীতি স হ ষোড়শং বর্ষশতমজীবৎপ্রহ ষোড়শং বর্ষশতং জীবতি য এবং বেদ।

ইতি ষোড়শঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। ঐতরেয়ঃ (ইতরানামিকায়াঃ কস্যাশ্চিৎ স্ত্রিয়ঃ পুত্রঃ) [নামতঃ] মহীদাসঃ, এতৎ (পুরুষযজ্ঞদর্শনং) বিদ্বান্

(জানন্) আহ স্ম ["হে রোগং] সঃ (ত্বং) কিং (কথং) মে (মম) এতং (পীড়নং) উপতপসি (পীড়যসি)? যঃ অহং অনেন (তব পীড়নেন) ন প্রেষ্যামি (ন মরিষ্যামি) ইতি। যঃ (জনঃ) এবং (কথিতরূপং) বেদ (জানাতি) সঃ (উপাসকঃ) হ (নিশ্চয়ে) ষোড়শং বর্ষশতং (ষোড়শাধিকবর্ষশতং) জীবতি।

অনুবাদ। ইতরার পুত্র মহীদাস, তাঁহার সুদীর্ঘ জীবনধারাকে এইরূপে একটী পূর্ণাঙ্গ যজ্ঞ বলিয়া ভাবনা করিতে অভ্যস্ত হইয়াছিলেন, সেজন্য যখন তিনি মৃত্যুসম্ভাবী ভীষণ কষ্টকর রোগে আক্রান্ত হইয়াছিলেন, তখন তিনি তাঁহার রোগকে সম্বোধন করিয়া বলিয়াছিলেন যে, "হে রোগ! তুমি যখন আমাকে মারিতে পারিবে না, তখন কেন এমন করিয়া আমাকে কষ্ট দিতেছ?" যিনি এইরূপে আপনার সমগ্র জীবন ধরিয়া নিজকে একটী যজ্ঞ বলিয়া চিন্তা করিতে পারেন, তিনি নিশ্চয়ই দীর্ঘায়ুঃ হইয়া ১১৬ বৎসর বাঁচিয়া থাকিতে পারেন।

ষোড়শ খণ্ডের অনুবাদ সমাপ্ত।

সপ্তদশঃ খণ্ডঃ।

১। স যদশিশিষতি যৎ পিপাসতি যন্ন রমতে তা অস্য দীক্ষাঃ।

ব্যাখ্যা। সঃ (পূর্ব্বখণ্ডোক্তযজ্ঞপুরুষঃ) যৎ অশিশিষতি (অশিতুং ভোক্তুম্ ইচ্ছতি), যৎ পিপাসতি (পাতুম ইচ্ছতি), যং [চ] ন রমতে (অভিলষিতবস্তুনঃ অপ্রাপ্তেঃ প্রীতিং যৎ ন অনুভবতি), তাঃ (পূর্ব্বোক্তাঃ ইচ্ছাঃ) অস্য (যজ্ঞপুরুষস্য) দীক্ষাঃ। [বিধিতঃ অনুষ্ঠেয়স্য যজ্ঞস্য দীক্ষাঃ যথা কষ্টসাধ্যাঃ ইমাঃ অপি তথা ইত্যর্থঃ] ।

অনুবাদ। ভোজন বা পান করিবার ইচ্ছা হইলেই মানুষ সকল সময়ে তাহা পূর্ণ করিতে পারে না, কিংবা কোন বস্তু পাইবার অভিলাষ হইলেই সে তাহা তখনই লাভ করিতে পারে না ; এইজন্য জীবনে তাহাকে যে দুঃখ ও অসন্তোষ ভোগ করিতে হয়, ইহাই এই জীবন-যজ্ঞের দীক্ষা।

২। অথ যদশ্নাতি যৎ পিবতি যদ্ রমতে তদুপসদৈরেতি।

ব্যাখ্যা। অথ [সঃ যজ্ঞপুরুষঃ] যৎ অশ্নাতি (ভুঙ্ক্তে),

যৎ পিবতি, যৎ রমতে (অভিলষিতবস্তুপ্রাপ্তৌ সুখী ভবতি) তৎ (পানাশনাদিকং সর্ব্বম্) উপসদৈঃ (পয়োভক্ষণযুক্তৈঃ যজ্ঞাঙ্গবিশেষৈঃ) [সাম্যম্] এতি (প্রাপ্নোতি)।

অনুবাদ। দীক্ষার ন্যায় বৈদিক যজ্ঞের 'উপসদ' বলিয়া একটী অনুষ্ঠান আছে, কিন্তু দুগ্ধ পান করিয়া এই অনুষ্ঠানটী করিবার বিধান আছে বলিয়া দীক্ষার ন্যায় ইহাতে কোন কষ্ট নাই। অধিকন্তু সুখ আছে, তাই মানুষ যখন তাহার ইচ্ছামত ভোজন বা পান করিতে কিংবা নিজের অভিলষিত বস্তু লাভ করিতে সমর্থ হয়, তখন তাহার জীবনের এই অংশটুকুর সহিত বৈদিক যজ্ঞের এই বিশিষ্ট অনুষ্ঠানটীর সাদৃশ্য দেখিতে পাওয়া যায়।

৩। অথ যদ্ধসতি যজ্জক্ষতি যন্মৈথুনং চরতি স্তুতশস্ত্রৈরেব তদেতি।

ব্যাখ্যা। অথ [সঃ যজ্ঞপুরুষঃ] যৎ হসতি, যৎ জক্ষতি (ভক্ষয়তি), যৎ মৈথুনং চরতি, তৎ (হসনভক্ষণাদিকং সর্ব্বম্) স্তুতশস্ত্রৈঃ (তত্তন্নামধেয়ৈঃ সামাংশবিশেষৈঃ [সাম্যম্] এতি প্রাপ্নোতি।

অনুবাদ। মানুষ যে হাসে, আহার করে, স্ত্রী সহবাস করে, সেগুলি যেন তাহার এই জীবনযজ্ঞের স্তোত্রাদি পাঠ বা গান।

৪। অথ যত্তপো দানমার্জবমহিংসা সত্যবচনমিতি তা অস্য দক্ষিণাঃ

ব্যাখ্যা। অথ যৎ তপঃ (কৃচ্ছ্র চান্দ্রায়ণাদি), দানম্, আর্জ্জবম্, (সরলতা), অহিংসা, সত্যবচনম্ ইতি তাঃ অস্য (পুরুষযজ্ঞস্য) [ধর্ম্মপুষ্টিকরত্বসাদৃশ্যেন] দক্ষিণাঃ।

অনুবাদ। আর মানুষ যে সত্য কথা বলে, তপস্যা করে, দান করে, হিংসা করে না এবং সরলতা দেখায়, এই গুলিই যেন তাহার জীবনযজ্ঞের দক্ষিণা, কারণ দক্ষিণার ন্যায় এগুলিও ধর্ম্মেরই পুষ্টি সাধন করিয়া থাকে।

৫। তস্মাদাহুঃ সোষ্যত্যসোষ্টেতি পুনরুৎপাদনমেব স্য তন্মরণমেবাস্যাবভৃথঃ।

ব্যাখ্যা। [যস্মাৎ পুরুষঃ এব যজ্ঞঃ] তস্মাৎ [যদা মাতা তং যজ্ঞরূপিণং পুরুষং জনয়িষ্যতি তদা অন্যে জনাঃ আহুঃ ইয়ং নারী] সোষ্যতি (প্রসবং কারয়িষ্যতি)। [তস্মিন্ পুরুষে জাতে

সতি] 'অসোষ্ট (প্রসূতা চ) ইতি (এতৎ) এব অস্য (পুরুষ-যজ্ঞস্য) পুনঃ উৎপাদনং, [যৎ মরণং] তৎ মরণম্ এব অস্য অবভৃথঃ (সমাপ্তিস্নানসদৃশঃ)।

অনুবাদ। মাতা যখন তাঁহার সন্তান প্রসব করেন, তখন লোকে বলিয়া থাকে যে 'অমুক লোক প্রসব করিবে বা প্রসব করিয়াছে।' এই যে মাতৃগর্ভ হইতে ধরণীর বক্ষে প্রথম অবতরণ, ইহাই এই জীবনযজ্ঞের উৎপত্তি বা আরম্ভ। আর দীর্ঘ জীবনের অবসানে যে মৃত্যুর কোলে ঢলিয়া পড়া, তাহাই যজ্ঞশেষের স্নান "অবভৃথ"।

৬। তদ্ধৈতদ্‌ঘোর আঙ্গিরসঃ কৃষ্ণায় দেবকী-পুত্রায়োক্ত্বোবাচাপিপাস এব স বভূব সোঽন্তবেলায়া-মেতত্রয়ং প্রতিপদ্যেতাক্ষিতমস্যচ্যুতমসি প্রাণসংশিত-মসীতি তত্রৈতে দ্বে ঋচৌ ভবতঃ।

ব্যাখ্যা। ঘোরঃ (নাম) আঙ্গিরসঃ (অঙ্গিরোনন্দনঃ) তৎ হ (প্রসিদ্ধৌ) এতৎ (পুরুষযজ্ঞদর্শনম্) দেবকীপুত্রায় কৃষ্ণায় (শিষ্যভূতায় ইত্যর্থঃ) উক্ত্বা [পুনরপি] উবাচ (বক্ষ্য-মাণং মন্ত্রত্রয়মিতি শেষঃ)। সঃ [শিষ্যভূতঃ কৃষ্ণঃ) অপিপাসঃ

(বিদ্যান্তরেভ্যঃ নিস্পৃহঃ) এব বভূব। সঃ (যথোক্তযজ্ঞবিৎ পুরুষঃ) অন্তবেলায়াং (মরণকালে) এতৎ ত্রয়ং (বক্ষ্যমাণং মন্ত্রং) প্রতিপদ্যেত (জপেৎ)। [কিং তৎ? ইত্যাহ] "অক্ষিত" (অক্ষতম্) অসি" [ইত্যেকং], "অচ্যুতম্ (স্বরূপাৎ অপ্রচ্যুতম্) অসি" [ইতি দ্বিতীয়ম্]; "প্রাণসংশিতম্" (প্রাণস্য সংশিতম্ সম্যক্ তনূকৃতং সূক্ষ্মং তত্ত্বম্) অসি" ইতি তৃতীয়ং। তত্র (এতস্মিন্ বিদ্যাস্তুতিপরে অর্থে) দ্বে ঋচৌ (মন্ত্রৌ) ভবতঃ।

অনুবাদ। দেবকীনন্দন কৃষ্ণ অঙ্গিরার পুত্র ঘোর নামক একজন ঋষির নিকট হইতে এই উপাসনা শিক্ষা করিয়া অন্যান্য উপাসনার প্রতি স্পৃহা-হীন হইয়াছিলেন। সেই ঋষি আরও বলিয়াছিলেন যে, যিনি এই উপাসনার রহস্য অবগত আছেন, তিনি যেন তাঁহার মৃত্যুকালে এই মন্ত্র তিনটী এই বলিয়া জপ করেন যে, "তুমি অক্ষত, তুমি কখনও তোমার স্বভাব হইতে স্খলিত হও না, তুমি তোমার প্রাণের সূক্ষ্ম তত্ত্ব"। এ বিষয়ে আরও দুইটী মন্ত্র আছে।

৭। আদিৎপ্রত্নস্য রেতসঃ উদ্বয়ন্তমসস্পরি

জ্যোতিঃ পশ্যন্ত উত্তরং স্বঃ পশ্যন্ত উত্তরং দেবং দেবত্রা সূর্য্যমগন্ম জ্যোতিরুত্তমমিতি জ্যোতিরুত্তমমিতি।

ইতি সপ্তদশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। আদিৎ ['আৎ' 'ইৎ' ইত্যত্র আকারস্য অনুবন্ধঃ তকারঃ, ইৎশব্দশ্চ অনর্থকঃ] প্রত্নস্য (পুরাণস্য) রেতসঃ (জগতঃ বীজভূতস্য ব্রহ্মণঃ), তমসঃ (অজ্ঞানাৎ) পরি (পরস্তাৎ) উত্তরং (উৎকৃষ্টতরং) জ্যোতিঃ, আ (সম্যক্) পশ্যন্তঃ, [তথা] স্বঃ (স্বহৃদয়স্থং) উত্তরং জ্যোতিঃ বা পশ্যন্তঃ (সাক্ষাৎ কুর্ব্বন্তঃ) বয়ং, দেবং (দ্যোতমানং) দেবত্রা (দেবেষু) সূর্য্যং (রসানাং রশ্মীনাং জগতঃ প্রাণানাং চ প্রেরয়িতারম্) উত্তমং জ্যোতিঃ উদগন্ম (উদগতাঃ, প্রাপ্তাঃ স্ম) [অত্র উদিতি ব্যবহিতেন শব্দেন অগন্ম ইত্যস্য শব্দস্য অন্বয়] [দ্বিরুক্তিঃ পুরুষযজ্ঞোপনিষৎসমাপ্ত্যর্থা]।

অনুবাদ। এই বিচিত্র বিশ্বের বীজরূপী, পুরাণ পুরুষের পরম প্রকাশ—যাহা অজ্ঞানকে অতিক্রম করিয়া, তমকে ধ্বস্ত করিয়া বিশ্বের সর্ব্বত্র দ্যোতিত হইতেছেন, আমরা তাঁহাকে অন্তর্লোকে, দ্যুলোকে, হৃদয়ে এবং আদিত্যে উপলব্ধি করিয়াছি।

ইতি সপ্তদশ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

অষ্টাদশঃ খণ্ডঃ।

১। মনো ব্রহ্মেত্যুপাসীতেত্যধ্যাত্মমথাধিদৈবত-মাকাশো ব্রহ্মেত্যুভয়মাদিষ্টং ভবত্যধ্যাত্মং চাধিদৈবতং চ।

ব্যাখ্যা। মনঃ ব্রহ্ম ইতি উপাসীত; (মনসি ব্রহ্মদৃষ্টিঃ করণীয়া) ইতি (এতৎ উপাসনম্) অধ্যাত্মং (আত্মসম্বন্ধি, শরীরসম্বন্ধী ইত্যর্থঃ)। অথ (অধ্যাত্মোপাসনানন্তরম্) অধি-দৈবতম্ (দেবতাসম্বন্ধি) [উপাসনম্ উচ্যতে ইতি শেষঃ] আকাশঃ ব্রহ্ম ইতি [উপাসীত ইতি শেষঃ] [আকাশে ব্রহ্ম-দৃষ্টিঃ করণীয়া ইত্যর্থঃ] [অতঃ] অধ্যাত্মম্ অধিদৈবতম্ ইতি উভয়ং (উপাসনম্) আদিষ্টম্ (উপদিষ্টং) ভবতি [ইতি শেষঃ]।

অনুবাদ। আমাদের অন্তর্লোকের মধ্যে মনঃ আর বহির্লোকের মধ্যে আকাশ অতি সূক্ষ্ম; তাই এই দুইটাকেই ব্রহ্ম মনে করিয়া উপাসনা করিবে। এই দুইটা উপাসনার প্রথমটাকে অধ্যাত্ম আর দ্বিতীয়টাকে অধিদৈব বলা হয়।

২। তদেতচ্চতুষ্পাদ্ ব্রহ্ম বাক্ পাদঃ প্রাণঃ পাদশ্চক্ষুঃ পাদঃ শ্রোত্রং পাদ ইত্যধ্যাত্মমথাধিদৈবতমগ্নিঃ

পাদো বায়ুঃ পাদ আদিত্যঃ পাদো দিশঃ পাদ ইত্যু-ভয়মেবাদিষ্টং ভবত্যধ্যাত্মং চৈবাধিদৈবতং চ।

ব্যাখ্যা। তৎ এতৎ (পূর্ব্বোক্তং মনোনামকং) ব্রহ্মচতুষ্পাৎ (অংশচতুষ্টয়যুক্তম্) [কে তে অংশাঃ তস্য? ইত্যাহ;] বাক্ (বাগিন্দ্রিয়ং), পাদঃ (তস্য মন-আখ্যস্য ব্রহ্মণঃ একঃ অংশঃ), প্রাণঃ (ঘ্রাণেন্দ্রিয়ং) পাদঃ (দ্বিতীয়ঃ অংশঃ) [তথা] চক্ষুঃ পাদঃ, শ্রোত্রং পাদঃ ইতি অধ্যাত্মং (আত্মসম্বন্ধি) এতে চত্বারঃ পাদাঃ। অথ অধিদৈবতং (দেবতাসম্বন্ধি আকাশাখ্যস্য ব্রহ্মণঃ ইত্যর্থঃ) অগ্নিঃ পাদঃ, বায়ুঃ পাদঃ, আদিত্যঃ পাদঃ, দিশঃ পাদঃ, ইতি অধ্যাত্মম্ অধিদৈবতং চ উভয়ম্ এব ব্রহ্ম আদিষ্টম্ (উপদিষ্টং) ভবতি।

অনুবাদ। ব্রহ্মের যেমন চারিটী পাদ বা অংশ কল্পনা করা হইয়াছে, তেমনি আমাদের এই শরীরমধ্যবর্ত্তী মনঃ এবং বাহিরের এই আকাশকেও ব্রহ্ম মনে করা হইয়াছে বলিয়া ইহাদেরও চারিটী করিয়া পাদ বা অংশ কল্পনা করা হইতেছে। তাহার মধ্যে চক্ষুঃ, কর্ণ, নাসিকা এবং জিহ্বা এই চারিটী ইন্দ্রিয় মনের, আর অগ্নি, বায়ু, সূর্য্য এবং দিক্‌সমূহ এই চারিটী আকাশের পাদ বা অংশ। এখানে মনঃ

এবং আকাশ এই অধ্যাত্ম এবং অধিদৈব উভয় প্রকার ব্রহ্মের কথাই বলা হইল।

৩। বাগেব ব্রহ্মণশ্চতুর্থঃ পাদঃ সোঽগ্নিনা জ্যোতিষা ভাতি চ তপতি চ তপতি চ ভাতি চ কীর্ত্ত্যা যশসা ব্রহ্মবর্চসেন য এবং বেদ।

ব্যাখ্যা। [তত্র আধ্যাত্মিকেষু পাদেষু মধ্যে] বাক্ এব [মনোময়স্য] ব্রহ্মণঃ চতুর্থঃ পাদঃ; সঃ (বাক্ পাদঃ) অগ্নিনা জ্যোতিষা (তৈলঘৃতাদ্যাগ্নেয়াশনেন) [হৃষ্টা সতী বাক্] ভাতি চ তপতি চ (বদনায় উৎসাহবতী ভবতীত্যর্থঃ)। যঃ এবং (যথোক্তরূপং) বেদ, [সঃ উপাসকঃ] কীর্ত্ত্যা, যশসা, ব্রহ্মবর্চ্চসেন (অধ্যয়নাদিজনিতেন তেজসা) ভাতি চ তপতি চ।

অনুবাদ। আমাদের এই বাগিন্দ্রিয়কে মনোময় ব্রহ্মের একটী পাদ বা অংশ বলা হইয়াছে। ঘৃত, তৈলপ্রভৃতি তেজস্কর পদার্থ ভক্ষণ করিলে ইহা বিশুদ্ধ হইয়া উৎকর্ষ প্রাপ্ত হয়। যিনি ইহা জানেন, তিনি কীর্ত্তি, যশঃ এবং বেদাধ্যয়নাদিজনিত তেজের দ্বারা তেজোময় ও দীপ্তিময় হইয়া উঠেন।

৪। প্রাণ এব ব্রহ্মণশ্চতুর্থঃ পাদঃ স বায়ুনা

জ্যোতিষা ভাতি চ তপতি চ ভাতি চ তপতি চ কীর্ত্ত্যা যশসা ব্রহ্মবর্চ্চসেন য এবং বেদ।

৫। চক্ষুরেব ব্রহ্মণশ্চতুর্থঃ পাদঃ স আদিত্যেন জ্যোতিষা ভাতি চ তপতি চ ভাতি চ তপতি চ কীর্ত্ত্যা যশসা ব্রহ্মবর্চ্চসেন য এবং বেদ।

৬। শ্রোত্রমেব ব্রহ্মণশ্চতুর্থঃ পাদঃ স দিগ্‌ভি-র্জ্যোতিষা ভাতি চ তপতি চ ভাতি চ তপতি চ কীর্ত্ত্যা যশসা ব্রহ্মবর্চ্চসেন য এবং বেদ।

ইত্যষ্টাদশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। প্রাণঃ (ঘ্রাণেন্দ্রিয়ং) এব ব্রহ্মণঃ (মনোরূপিণঃ) চতুর্থঃ পাদঃ, সঃ (পাদঃ) বায়ুনা (গন্ধযুক্তেন) জ্যোতিষা ভাতি চ তপতি চ। যঃ এবং বেদ [সঃ] কীর্ত্ত্যা, যশসা, ব্রহ্ম-বর্চ্চসেন ভাতি চ তপতি)।

ব্যাখ্যা। চক্ষুঃ এব ব্রহ্মণঃ চতুর্থঃ পাদঃ, সঃ (পাদঃ) [রূপগ্রহণায়] আদিত্যেন জ্যোতিষা ভাতি চ তপতি চ। যঃ এবং বেদ, [সঃ] কীর্ত্ত্যা,যশসা, ব্রহ্মবর্চ্চসেন ভাতি চ তপতি চ।

ব্যাখ্যা। শ্রোত্রম্ এব ব্রহ্মণঃ চতুর্থঃ পাদঃ, সঃ (পাদঃ) [শব্দগ্রহণায়] দিগ্‌ভিঃ জ্যোতিষা (দিগ্‌রূপোক্তেতক কারণেন ইত্যর্থঃ) ভাতি চ তপতি চ। যঃ (উপাসকঃ) এবং বেদ [সঃ] কীর্ত্ত্যা, যশসা, ব্রহ্মবর্চ্চসেন ভাতি চ তপতি চ।

অনুবাদ। আমাদের এই চক্ষুঃ, কর্ণ, নাসিকা ইহাদিগকেও সেই মনোময় ব্রহ্মের এক একটী পাদ বা অংশ বলা হইয়াছে। ইহাদের মধ্যে চক্ষুঃ সূর্য্যের সাহায্যে উৎকর্ষ প্রাপ্ত হইয়া রূপগ্রহণে, কর্ণ দিক্ সমুদায় বা আকাশের সাহায্যে উৎকর্ষ প্রাপ্ত হইয়া শব্দগ্রহণে এবং নাসিকা সুগন্ধ ও বায়ুর সাহায্যে উৎকর্ষ প্রাপ্ত হইয়া গন্ধগ্রহণে সমর্থ হইয়া থাকে। যিনি এই সমস্ত যথাযথরূপে জানেন, তিনি কীর্ত্তি, যশঃ এবং বেদাধ্যয়নাদিজনিত তেজের দ্বারা তেজোময় ও দীপ্তিময় হইয়া উঠেন।

অষ্টাদশ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

ঊনবিংশঃ খণ্ডঃ।

১। আদিত্যো ব্রহ্মেত্যাদেশস্তস্যোপব্যাখ্যানমসদেবেদমগ্র আসীত্তৎ সদাসীত্তৎ সমভবত্তদাণ্ডং নিরবর্ত্তত তৎসংবৎসরস্য মাত্রামশয়ত তন্নিরভিদ্যত তে আণ্ডকপালে রজতং চ সুবর্ণং চাভবতাম্ ;

ব্যাখ্যা। [ব্রহ্মণঃ অংশতয়া কথিতে আদিত্যে সকলব্রহ্ম-দৃষ্টিবিধানার্থমিদমারভ্যতে] আদিত্যঃ ব্রহ্ম ইতি আদেশঃ (উপদেশঃ) তস্য (এতস্য আদিত্যস্য) উপব্যাখ্যানম্ (ব্যাখ্যানেন বিশদীকরণম্) [ইদানীং ক্রিয়তে] ইদং। (অভিব্যক্তনামরূপং জগৎ) অগ্রে (উৎপত্তেঃ প্রাক্) অসৎ (নামরূপাভ্যাম্ অনভিব্যক্তম্) আসীৎ; তৎ (অপ্রকটিতনামরূপং জগৎ) সৎ (সূক্ষ্মতয়া বিদ্যমানং) আসীৎ; তৎ (সূক্ষ্মং জগৎ) সমভবৎ [অল্পতরনামরূপব্যাকরণেন অঙ্কুরীভূতং বীজমিব অভবৎ ইত্যর্থঃ); তৎ (ক্রমেণ স্থূলীভবৎ জগৎ) আণ্ডং (অণ্ডমিত্যর্থঃ, দৈর্ঘ্যস্য ছান্দসত্বাৎ নিরবর্ত্তত) তৎ (অণ্ডাকৃতিমৎ জগৎ) সংবৎসরস্য মাত্রাং (সংবৎসরপরিমিতকালমিত্যর্থঃ) অশয়ত (শয়িতমিব নিষ্পন্দতয়া স্থিতম অভূৎ); [তদনন্তরং চ] তৎ (অণ্ডং) নিরভিদ্যত (স্বয়ম্ এব দ্বিখণ্ডিতম্ অভূৎ), তে আণ্ডকপালে (অণ্ডস্য উর্দ্ধাধোভাগৌ) রজতং চ সুবর্ণঞ্চ অভবতাম।

অনুবাদ। সূর্য্যকে ব্রহ্ম মনে করিয়া উপাসনা করিবার কথা পূর্ব্বে বলা হইয়াছে, এখন সেই সূর্য্যেরই বিশেষ ব্যাখ্যা করা হইতেছে। এই বিপুল বিচিত্র বিশ্ব সৃষ্টির পূর্ব্বে এমন ছিল না; তখন বীজের মত অতি সূক্ষ্মরূপেই অবস্থান করিতেছিল। তাহার পর ক্রমে তাহা অভিব্যক্ত হইবার উপক্রম

করিল; ধীরে ধীরে সৃষ্টির ঈষৎ অঙ্কুর উদ্ভূত হইল। তাহা ক্রমে স্থূলতর, স্থূলতম হইয়া একটী সুবৃহৎ ডিম্বে পরিণত হইল। ডিম্বটী এক বৎসর ধরিয়া নিস্পন্দ হইয়াই পড়িয়া রহিল। তাহার পর একদিন তাহা আপনাআপনিই দুই ভাগে বিভক্ত হইয়া ভাঙ্গিয়া গেল,তখন তাহার একটী ভাগ সুবর্ণময় এবং অন্যটী রৌপ্যময় হইল।

২। তদ্ যদ্রজতꣳ সেয়ং পৃথিবী, যৎ সুবর্ণꣳ সা দ্যৌর্যজ্জরায়ু তে পর্ব্বতা যদুল্বꣳ সমেঘো নীহারো যা ধমনয়স্তা নদ্যো যদ্বাস্তেয়মুদকꣳ স সমুদ্রঃ।

ব্যাখ্যা। তৎ (তয়োঃ অণ্ডকপালয়োঃ মধ্যে) যৎ রজতং (রৌপ্যময়ং নিম্নকপালং) সা ইয়ং (দৃশ্যমানা) পৃথিবী। যৎ সুবর্ণম্ (স্বর্ণময়ম্ ঊর্দ্ধকপালং) সা দ্যৌঃ (দ্যুলোকঃ), যৎ জরায়ু তে (তৎ ইত্যর্থঃ বিধেয়প্রাধান্যাৎ বহুত্বং পুংস্ত্বং চ) পর্ব্বতাঃ। যৎ উল্বং (সূক্ষ্মং গর্ভবেষ্টনং) তৎ সমেঘঃ নীহারঃ (মেঘৈঃ সহ বর্ত্তমানং হিমং)। যাঃ ধমনয়ঃ (শিরাঃ) তাঃ নদ্যঃ; যৎ বাস্তেয়ং (বস্তৌ মূত্রাশয়ে ভবং) উদকং সঃ সমুদ্রঃ।

অনুবাদ। সেই রৌপ্যময় ভাগটীই এই

পৃথিবী, আর স্বর্ণময় ভাগটী ঐ দ্যুলোক। ডিম্বটী যখন দ্বিখণ্ডিত হইয়া ভাঙ্গিয়া গিয়াছিল, তখন তাহার গাত্রে জরায়ুর যে অংশ লাগিয়াছিল, তাহার স্থূলভাগ হইতে এই পর্ব্বত উৎপন্ন হইল। আর যে সূক্ষ্মভাগ বা অংশ (উল্ব) তাহা হইতে মেঘ ও নীহার জন্মগ্রহণ করিল। নবজাত সেই বিশ্ব-শিশুর দেহের শিরাগুলি নদী হইল, আর তাহার মূত্রাশয়ের মধ্যবর্ত্তী সলিলরাশিই এই সমুদ্র হইল।

৩। অথ যত্তদজায়ত সোঽসাবাদিত্যস্তং জায়মানং ঘোষা উলূলবোঽনূদতিষ্ঠন্ত সর্ব্বাণি চ ভূতানি চ সর্ব্বে চ কামাস্তস্মাত্তস্যোদয়ং প্রতি প্রত্যায়নং প্রতি ঘোষা উলূলবোঽনূত্তিষ্ঠন্তি সর্ব্বাণি চ ভূতানি সর্ব্বে চৈব কামাঃ।

ব্যাখ্যা। অথ তৎ (তস্মিন্ অণ্ডে) যৎ (গর্ভরূপং) অজায়ত সঃ অসৌ আদিত্যঃ; জায়মানং চ তম্ (সূর্য্যং) অনু (লক্ষী-কৃত্য) উলূলবঃ (বিস্তীর্ণরবাঃ) ঘোষাঃ (শব্দাঃ). সর্ব্বাণি চ ভূতানি (স্থাবরজঙ্গমানি), সর্ব্বে চ কামাঃ (তেষাং ভূতানাং কামনাবিষয়াঃ স্ত্রীবস্ত্রান্নাদয়ঃ ইত্যর্থঃ) উদতিষ্ঠন্ [ধনিকপুত্রোৎপত্তৌ ইব] (উত্থিতাঃ বভূবুঃ)। [যস্মাৎ ভূতানাং কামানাং

চ উৎপত্তিঃ সূর্য্যজন্মনিমিত্তা] তস্মাৎ, [অধুনাপি] তস্য (সূর্য্যস্য) উদয়ং প্রতি (লক্ষীকৃত্য) [সূর্য্যোদয়কালে ইত্যর্থঃ], [তস্য] প্রত্যায়নং (অস্তগমনং) [চ] প্রতি (লক্ষীকৃত্য), অস্তগমনকালে ইত্যর্থঃ] সর্ব্বাণি চ ভূতানি, সর্ব্বে চ কামাঃ, উলূলবঃ (বিস্তীর্ণরবাঃ ঘোষাঃ অনুতিষ্ঠন্তি (আবির্ভবন্তি) ।

অনুবাদ। তাহার পর সেই ব্রহ্মাণ্ডমধ্যে সূর্য্যের উৎপত্তি হইল। বিশ্বজননীর নবজাত এই আদিম সন্তানের জন্মলাভে দিকে দিকে উচ্চ আনন্দ-ধ্বনি উত্থিত হইল। স্থাবরজঙ্গমাত্মক নিখিল ভুবনের উদ্ভব হইল; কামনার বিষয়সকল সৃষ্ট হইল। এ সমস্ত সূর্য্যেরই জন্য হইয়াছিল বলিয়া এখনও সূর্য্যের উদয় ও অস্তগমনকালে আনন্দধ্বনি উত্থিত হয়; পাখী গাহে, ফুল ফোটে, তারা উঠে। স্থাবরজঙ্গমাত্মক এই নিখিল পৃথ্বী যেন নবভূষণে ভূষিতা হইয়া আবার নূতন হইয়াই উপস্থিত হয়।

৪। স য এতমেবং বিদ্বানাদিত্যং ব্রহ্মেত্যুপাস্তেঽভ্যাশো হ যদেনꣳ সাধবো ঘোষা আ চ গচ্ছেয়ুরুপ চ নিম্রেড়েরন্নিম্রেড়েরন্ ।

ইত্যেকোনবিংশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। যঃ (কশ্চিৎ উপাসকঃ), এবং (অনেন রূপেণ) এতম্ আদিত্যং বিদ্বান্ (জানন্) আদিত্যং ব্রহ্ম ইতি উপাস্তে, [সঃ অন্তিমে ব্রহ্মভাবং প্রতিপদ্যতে।] অভ্যাশঃ (শীঘ্রং) হ (নিশ্চয়ে) সাধবঃ (শুভাঃ) ঘোষাঃ এনম্ আগচ্ছেয়ুঃ চ, উপনিম্রেড়েরন্ চ (সুখম্ উৎপাদয়েয়ুঃ)।

অনুবাদ। যে কেহ এইরূপে এই মহামহিমান্বিত সূর্য্যকে জানিয়া তাঁহাকে ব্রহ্মজ্ঞানে উপাসনা করেন, তিনি অচিরে পাপহারী সুমধুর ধ্বনিসকল শ্রবণ করেন এবং অন্তিমে ব্রহ্মভাব প্রাপ্ত হন।

একবিংশ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

তৃতীয় অধ্যায় সমাপ্ত।

অথ চতুর্থোঽধ্যায়ঃ।

প্রথমঃ খণ্ডঃ।

১। ওঁ জানশ্রুতির্হ পৌত্রায়ণঃ শ্রদ্ধাদেয়ো বহুদায়ী বহুপাক্য আস স হ সর্ব্বত আবসথান্মাপয়াঞ্চক্রে সর্ব্বত এব মেঽৎস্যন্তীতি।

ব্যাখ্যা। পৌত্রায়ণঃ (পুত্রস্য পৌত্রঃ), জানশ্রুতিঃ (নাম কশ্চিৎ রাজা) হ (ঐতিহ্যে) শ্রদ্ধাদেয়ঃ (শ্রদ্ধাপুরঃসরং দেয়ং দাতব্যং যস্য সঃ) বহুদায়ী (বহু প্রভূতং দাতুং শীলং যস্য সঃ) বহুপাক্যঃ (বহু প্রভূতং পাক্যং পচনীয়ম্ অন্নাদিকং যস্য সঃ) আস (বভূব)। সঃ (জানশ্রুতিঃ) হ (প্রসিদ্ধৌ) সর্ব্বতঃ (সর্ব্বাভ্যঃ এব দিগ্ভ্যঃ) [আগত্য পান্থাঃ] মে অন্নং অৎস্যন্তি (ভক্ষয়িষ্যন্তি) ইতি (এবমভিপ্রায়ঃ) সর্ব্বতঃ (সর্ব্বাসু দিক্ষু) আবসথান্ (পান্থনিবাসান্) মাপয়াঞ্চক্রে (কারয়ামাস)।

অনুবাদ। এক সময়ে পুত্রনামে এক রাজার পৌত্র জানশ্রুতি কোন এক দেশে রাজত্ব করিতেন। ব্রাহ্মণপ্রভৃতি দানের উপযুক্ত পাত্রদিগকে

শ্রদ্ধার সহিত প্রভূত অর্থ প্রদান করাই তাঁহার স্বভাব ছিল। অন্নদানও তাঁহার অল্প ছিল না; প্রত্যহ বহুভোজনার্থী তাঁহার গৃহে সমবেত হইত। প্রচুর-পরিমাণে ভোজ্য দ্রব্য প্রস্তুত হইত। "চারিদিক হইতে পথিকগণ আসিয়া আমার অন্ন ভোজন করুন" এই মনে করিয়া তিনি দেশের সর্ব্বত্র পান্থশালা নির্ম্মাণ করাইয়াছিলেন।

২। অথ হ হংসা নিশায়ামতিপেতুস্তদ্ধৈবং হংসো হংসমভ্যুবাদ হো হোঽয়ি ভল্লাক্ষ ভল্লাক্ষ জানশ্রুতেঃ পৌত্রায়ণস্য সমং দিবা জ্যোতিরাততং তন্মাপ্রসাঙ্ক্ষীস্তত্ত্বা মা প্রধাক্ষীরিতি।

ব্যাখ্যা। অথ হ হংসাঃ (হংসরূপাঃ ঋষয়ঃ) নিশায়াম্ অতিপেতুঃ (নিদাঘে হর্ম্ম্যতলস্থস্য রাজ্ঞঃ জানশ্রুতে দৃষ্টিপথে পতিতবন্তঃ)। তৎ (তস্মিন্ কালে) হ (ঐতিহ্যে) [পততাং হংসানাং মধ্যে একঃ] হংসঃ, [অগ্রতঃ পতন্তং অন্যং] হংসং এবম্ (বক্ষ্যমাণপ্রকারং) অভ্যুবাদ—হো হো অয়ি ভল্লাক্ষ, ভল্লাক্ষ, পৌত্রায়ণস্য (পুত্রপৌত্রস্য) দিবা (দিবসেন) সমং (তুল্যং) জ্যোতিঃ আততং (ব্যাপ্তং) [বর্ত্ততে], [ত্বং] তৎ (জ্যোতিঃ) মা প্রসাঙ্ক্ষীঃ (তেন জ্যোতিষাসক্তিং সম্বন্ধং মা

কার্ষীঃ) তৎ (জ্যোতিঃ) ত্বা (ত্বাং) মা প্রধাক্ষীঃ [প্রধাক্ষীৎ ইত্যর্থঃ—দহ্নং মা—কার্ষীৎ]।

অনুবাদ। একদিন গ্রীষ্মকালের রাত্রিতে রাজা যখন হর্ম্ম্যতলে শয়ান আছেন, এমন সময়ে কয়েকজন ঋষি তাঁহার এই দেবদুর্লভ অলৌকিক আচরণে সন্তুষ্ট হইয়া হংসের রূপ ধারণপূর্ব্বক তাঁহার দৃষ্টিপথে উপস্থিত হইলেন ; রাজা শুনিলেন,পশ্চাদ্‌গামী একটী হংস তাহার অগ্রগামী হংসকে সম্বোধন করিয়া বলিতেছে যে, "ওহে ও ভল্লাক্ষ, ভল্লাক্ষ, তুমি কি দেখিতেছ না যে মহারাজ জানশ্রুতির প্রফুল্ল শরীরকান্তি দীপ্ত দিবার ন্যায় আকাশে ছড়াইয়া রহিয়াছে ? তোমার যেন উহার সহিত কোন সংস্পর্শ না ঘটে, তাহা হইলে তোমাকে দগ্ধ করিয়া ফেলিবে।

৩। তমু হ পরঃ প্রত্যুবাচ কম্বর এনমেতৎসন্তং সযুগ্বানমিব রৈক্কমাত্থেতি যো নু কথং সযুগ্বা রৈক্ক ইতি।

ব্যাখ্যা। পরঃ (অগ্রগামী হংসঃ) হ (ঐতিহ্যে) তম্ (পশ্চাদ্গামিনং হংসম্) উ (বিতর্কে) প্রত্যুবাচ "অরে (নিকৃষ্টোহয়ং রাজা বরাকঃ ইতি ভাবঃ) উ (বিতর্কে) [ত্বং]

কং সন্তং (প্রাণিমাত্রং) এনম্ (জানশ্রুতিং রাজানং) সযুগ্বানং (যুগ্বা ক্ষুদ্রশকটী, তয়া সহ বর্ত্তমানং, শকটিকায়াঃ নিম্নভাগেঃ অবতিষ্ঠমানং) রৈক্বম্ ইব (রৈক্বসদৃশম্) ইতি আত্থ (ব্রবীষি)? [এবম্ উক্তঃ অপরঃ আহঃ] যঃ সযুগ্বা রৈক্বঃ [ত্বয়া উচ্যতে] [সঃ] কথং নু [স্যাৎ] ইতি।

অনুবাদ। পশ্চাদগামী হংসের এই কথায় অগ্রগামী হংসটী অবজ্ঞার সহিত উত্তর করিল, "তুমি এই সামান্য রাজার মাহাত্ম্য আর ঘোষণা করিও না, ইহাকে কি তুমি, ক্ষুদ্র শকটিকার অধোভাগে নিয়ত অবস্থানকারী মহাত্মা রৈক্বের সহিত তুলনা করিতে চাও?" এই কথা শুনিয়া পশ্চাদ্গামী হংসটী জিজ্ঞাসা করিল,"আচ্ছা, তুমি যে মহাত্মা রৈক্বের কথা বলিতেছ" তিনি কেমন?

৪। যথা কৃতায়বিজিতায়াধরেয়াঃ সংযন্ত্যেবমেনং সর্ব্বং তদভিসমেতি যৎ কিঞ্চ প্রজাঃ সাধু কুর্ব্বন্তি যস্তদ্বেদ যৎ স বেদ স ময়ৈতদুক্ত ইতি।

ব্যাখ্যা। কৃতায় বিজিতায় (পাশকস্য চতুরঙ্কে কৃতনামধেয়ে ভাগে বিজিতে সতি ইত্যর্থঃ) যথা অধরেয়াঃ (ত্রিদ্ব্যে-

কাষ্কাঃ পাশকস্য ত্রেতাদ্বাপরকলিনামানঃ ভাগাঃ) সংযন্তি (তত্রৈব চতুরঙ্কে ভাগে অন্তর্ভবন্তি), এবং (তথা) সর্ব্বং তৎ (ত্রেতাদিস্থানীয়ং) এনম্ (কৃতস্থানীয়ং রৈকম্) অভিসমেতি (রৈক্বে অন্তর্ভবতি ইত্যর্থঃ) । [কিং তৎ সর্ব্বম্ ইত্যাহ] প্রজাঃ (সর্ব্বে প্রাণিনঃ) যৎ কিঞ্চ সাধু (শোভনং ধর্ম্মজাতং) কুর্ব্বন্তি [তৎ সর্ব্বং রৈকস্য ধর্ম্মে অন্তর্ভবতি ইত্যর্থঃ] । সঃ (রৈকঃ) যৎ বেদ (জানাতি) [অপরোঽপি] যঃ [কশ্চিৎ] তৎ বেদ [সোঽপি রৈকবৎ ফলং প্রাপ্নোতি] । ময়া (ভল্লাক্ষেণ অগ্রগামিনা হংসেন) এবম্ভূতগুণসম্পন্নঃ) সঃ (রৈকঃ) উক্তঃ ইতি।

অনুবাদ। অগ্রগামী হংস বলিল, "পাশার যে দিকের গাত্রে চারিটী অঙ্ক লিখিত আছে, খেলার সময় যদি সেই দিকের জয় হয়, তাহা হইলে যেমন অবশিষ্ট তিনটী দিকের অঙ্ক সংখ্যাগুলি চারি সংখ্যার অঙ্কেরই অন্তর্ভুক্ত হয়, তেমনি এই নিখিল-বিশ্ববাসী যাহা কিছু পূত, পুণ্যজনক কর্ম্মের অনুষ্ঠান করিতেছে, সে সমস্তই সেই সর্ব্ব পদার্থে আত্মানুভূতি-সম্পন্ন ব্রহ্মজ্ঞ রৈক্বেরই পুণ্য কর্ম্মের মধ্যে অন্তর্ভুক্ত হইতেছে। যে কেহ রৈক্বের মত এইরূপ আত্মজ্ঞ হইবেন, তিনি

পূর্ব্বকথিত ফলের অধিকারী হইবেন । তুমি যে রৈক্কের কথা শুনিতে চাহিতেছিলে, তিনি এইরূপ ব্রহ্মজ্ঞানসম্পন্ন ।”

৫। তদু হ জানশ্রুতিঃ পৌত্রায়ণ উপশুশ্রাব স হ সঞ্জিহান এব ক্ষত্তারমুবাচাঙ্গারে হ সযুগ্বানমিব রৈক্কমাত্থেতি যো নু কথং সযুগ্বা রৈক্ক ইতি ।

ব্যাখ্যা । পৌত্রায়ণঃ (পুত্রপৌত্রঃ) জানশ্রুতিঃ উ (অপি) তৎ (আত্মনঃ কুৎসারূপং হংসবাক্যং) হ (ঐতিহ্যে) উপশুশ্রাব (হর্ম্ম্যতলস্থঃ সন্ অশ্রৌষীৎ)। সঃ (জানশ্রুতিঃ) হ সঞ্জিহানঃ (প্রভাতে শয্যাং পরিত্যজন্) এব [আত্মনঃ সমীপস্থং স্তুতিকর্ত্তারং] ক্ষত্তারম্ (সারথিম্ , উবাচ — [হে] অঙ্গ (বৎস) অরে [মাং] সযুগ্বানং (শকটিকাযাঃ অধস্তাৎ অবতিষ্ঠমানং) রৈক্কম্ ইব (রৈক্কসদৃশং) [কথং] আত্থ (ব্রবীষি) [ত্বয়া মম যা স্তুতিঃ ক্রিয়তে, অস্যাঃ স এব ভাজনং নাহম্ অযোগ্যঃ ইতি ভাবঃ] অথবা রৈক্কং গত্বা মম তদদিদৃক্ষাম্ আত্থ ত্বমিতি শেষঃ; অস্মিন্ পক্ষে ইব-শব্দঃ অবধারণার্থঃ অনর্থকঃ বা বক্তব্যঃ [সারথিঃ সঃ রাজাভিপ্রায়মবগম্য রৈক্কানয়নকামঃ সন্ তস্য চিহ্নম্ অবগন্তুম্ ইচ্ছন্ উবাচ] যঃ সযুগ্বা রৈক্কঃ [ভবতা

কথ্যতে] [সঃ] কথং স্বু সাং ? (কিম্পরিচয়োঽয়ং রৈক্বঃ উক্তার্থঃ)।

অনুবাদ। রাজা ও হংসের মুখে আপনার নিন্দা ও রৈক্বের প্রশংসা শুনিয়া সেই কথাই বার বার দুঃখিতচিত্তে স্মরণ করিতে করিতে রজনীর অবশিষ্টাংশ অতিবাহিত করিলেন। প্রভাতে যখন তিনি স্তুতিপাঠকের বন্দনাগীত শুনিতে শুনিতে শয্যা ত্যাগ করিতেছিলেন, সেই সময়েই একজন স্তাবককে সমীপে অবলোকন করিয়া বলিলেন, "দেখ বাপু! তোমরা আমাকে আর কেন স্তুতি করিতেছ? আমি কখনই সেই মহাত্মা রৈক্বের ন্যায় গুণসম্পন্ন নহি। এই বন্দনাগীতের একমাত্র যোগ্যপাত্র তিনিই, তোমরা তাঁহারই স্তুতি করিও।" স্তুতিপাঠক রাজার মনোভাব বুঝিতে পারিয়া রৈক্বের সংবাদ লইবার জন্য তাঁহাকে জিজ্ঞাসা করিলেন যে, "আচ্ছা, আপনি যে মহাত্মা রৈক্বের কথা বলিতেছেন, তিনি কেমন?" রাজা এই কথার উত্তরে তিনি যাহা হংসের মুখে শুনিয়াছিলেন, তাহাই বলিলেন।

৬। যথা কৃতায়বিজিতায়াধরেয়াঃ সংযন্ত্যে-বমেনং সর্ব্বং তদভিসমেতি যৎ কিঞ্চ প্রজাঃ সাধু কুর্ব্বন্তি যস্তদ্বেদ যৎ স বেদ স ময়ৈতদুক্ত ইতি।

ব্যাখ্যা। অস্য চতুর্থশ্রুতেঃ অন্বয়ে দ্রষ্টব্যঃ]।

অনুবাদ। চতুর্থশ্রুতির অনুবাদের অবিকল সমান]

৭। স হ ক্ষত্তান্বিষ্য নাবিদমিতি প্রত্যেয়ায় তং হোবাচ যত্রারে ব্রাহ্মণস্যান্বেষণা তদেনমর্চ্ছেতি।

ব্যাখ্যা। সঃ (পূর্ব্বোক্তঃ) ক্ষত্তা (রাজভৃত্যঃ) হ অন্বিষ্য (গ্রামনগরাদৌ ইতস্ততঃ রৈক্বম্ অনুসন্ধায়) ন অবিদন্ (ন জ্ঞাতবান্ কুত্র সঃ তিষ্ঠতি ইতি। ইতি মত্বা প্রত্যেয়ায় (প্রতিনিবৃত্তঃ বভূব)। [জানশ্রুতিঃ] তম্ (ক্ষত্তারম্) উবাচ—অরে [ক্ষত্তঃ] যত্র (নদীপুলিনকাননাদৌ নির্জ্জনে প্রদেশে। ব্রাহ্মণস্য (ব্রহ্মবিদঃ) অন্বেষণা [ভবতি ইতি শেষঃ], তৎ (তত্র) এনম্ (রৈক্বং) অর্চ্ছ (ঋচ্ছ, গচ্ছ তত্রৈব তস্য অন্বেষণং কুরু ইত্যর্থঃ)।

অনুবাদ। রাজার নিকট সে রৈক্বের

কথা শুনিয়া তাঁহারই অন্বেষণে কিছুদিন গ্রামে গ্রামে, নগরে নগরে ঘুরিয়া বেড়াইল; তাহার পর ফিরিয়া আসিয়া বলিল যে "আমি তাঁহাকে খুঁজিয়া পাইলাম না"। রাজা তাহার কথা শুনিয়া বলিলেন যে, "নির্জ্জন নদীতটে, বিজন-অরণ্য প্রভৃতি জনহীন শান্তিপূর্ণ স্থানগুলি ব্রহ্মবিদ্ ঋষিগণের বড় প্রিয়; তুমি সেখানে গিয়া ইহার অনুসন্ধান কর"।

৮। সোঽধস্তাচ্ছকটস্য পামানং কষমাণমুপোপবিবেশ তং হাভ্যুবাদ ত্বং নু ভগবঃ সযুগ্বা রৈক্ক ইত্যহং হ্যরা৩ ইতি হ প্রতিজজ্ঞে স হ ক্ষত্তাহবিদমিতি প্রত্যেয়ায়।

ইতি প্রথমঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। [ইত্যুক্তঃ] সঃ (ক্ষত্তা) [বিজনে দেশে তং যথানির্দ্দেশম্ অন্বিষ্য] শকটস্য অধস্তাৎ (নিম্নদেশে) পামানঃ (কণ্ডূয়নং) কষমাণং (কণ্ডূয়মানং) [দৃষ্ট্বা, অয়ম্ এব সঃ রৈক্কঃ ইতি নিশ্চিত্য তস্য] উপ (সমীপে) উপবিবেশ (সবিনয়ম্ উপবিষ্টবান্), তং (রৈক্কং) হ অভ্যুবাদ [সঃ ক্ষত্তা]

ভগবঃ (হে ভগবন্) ত্বং নু (বিতর্কে, কিম্ সযুগ্বা রৈক্বঃ? ইতি)। অরাঽ (অরে, অনাদরং সূচয়তি) অহং হি (অহম্ এব) [সযুগ্বা রৈক্বঃ] ইতি প্রতিজজ্ঞে (প্রত্যুত্তরবান্)। [ততঃ] সঃ ক্ষত্তা হ অবিদং (রৈক্বং জ্ঞাতবান্ অস্মি) ইতি [মত্বা] প্রত্যেয়ায় (জানশ্রুতিসমীপং প্রত্যাগতবান্)।

অনুবাদ। রাজার কথায় সে আবার নির্জন প্রদেশে রৈক্বের অনুসন্ধান করিতে লাগিল। একদিন দেখিতে পাইল, একখানি শকটের নিম্নভাগে একজন কণ্ডূয়নরত ঋষি বসিয়া আছেন। সে ইঁহাকে রৈক্ব বলিয়া মনে করিয়া বিনীতভাবে তাঁহার সমীপে গিয়া উপবেশন করিল, তাহার পর ধীরে ধীরে জিজ্ঞাসা করিল, "ভগবন্! আপনিই কি সেই রৈক্ব? যিনি একখানি শকটিকার অধোভাগে উপবেশন করিয়া থাকেন?" রৈক্ব তখন মনে মনে গার্হস্থ্যজীবনের চিত্র আঁকিতেছিলেন; তিনি দেখিলেন যে, এই দীনহীন ক্ষুদ্র লোকটা এবিষয়ে তাঁহাকে কিছুই সাহায্য করিতে পারিবে না; তাই তিনি অবজ্ঞার সহিত উত্তর করিলেন যে, "ওরে, হাঁ আমিই সেই রৈক্ব"। তখন

সেই রাজভৃত্য "জানিয়াছি" মনে করিয়া ফিরিয়া আসিল। ৮

প্রথম খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

দ্বিতীয়ঃ খণ্ডঃ।

১। তদু হ জানশ্রুতিঃ পৌত্রায়ণঃ ষট্ শতানি গবাং নিষ্কমশ্বতরীরথং তদাদায় প্রতিচক্রমে তং হাভ্যুবাদ।

২। রৈক্কেমানি ষট্ শতানি গবাময়ং নিষ্কোঽয়মশ্বতরীরথো নু ম এতাং ভগবো দেবতাং শাধি যাং দেবতামুপাস্স ইতি।

ব্যাখ্যা। [ভৃত্যবচনাদ্ রৈকস্য গার্হস্থ্যং প্রতি অভিপ্রায়ং ধনার্থিতাঞ্চ বুদ্ধ্বা।] পৌত্রায়ণঃ জানশ্রুতিঃ হ গবাং ষট্শতানি, নিষ্কং (স্বর্ণময়কণ্ঠহারং) অশ্বতরীরথং (অশ্বতরীভ্যাং যুক্তং রথম্) তৎ (এতৎ সর্ব্বধনাদিকং) আদায় (গৃহীত্বা) প্রতিচক্রমে (রৈক্কং প্রতি জগাম)। [গত্বা চ] অভ্যুবাদ হ তং (রৈক্কং)।

ব্যাখ্যা। [হে] রৈক্ক, ইমানি (ভবতঃ পুরোবর্ত্তীনি) গবাং ষট্‌শতানি, অয়ং নিষ্কঃ (স্বর্ণহারঃ), অয়ং [চ] অশ্বতরীরথঃ [এতৎ সর্ব্বং ত্বদর্থং ময়া আনীতং], ভগবঃ ! (হে ভগবন্ পূজনীয় মহাপুরুষ !) [ত্বমপি, এতৎ সর্ব্বং ময়ানীতং গৃহীত্বা] এতাং (ভবদারাধিতাং) দেবতাং মে (মাং) অনুশাধি, যাং (দেবতাং) [ত্বমেব] উপাস্‌সে (আরাধয়সি)।

অনুবাদ। ভৃত্যের মুখে ব্রহ্মনিষ্ঠ রৈক্কের সমস্ত সংবাদ অবগত হইয়া মহারাজ জানশ্রুতি ছয় শত গাভী, অশ্বতরী প্রচালিত রথ, স্বর্ণময়কণ্ঠহার প্রভৃতি প্রভূত ধনসম্পত্তি লইয়া তাঁহার সমীপে গমন করিলেন। তাহার পর তাঁহাকে সম্বোধন করিয়া বলিলেন যে,—"হে রৈক্ক ! আমি আপনার জন্য এই ছয় শত গরু, স্বর্ণময় এই কণ্ঠহার, আর অশ্বতরীযুক্ত এই রথ আনিয়াছি, দেব ! আপনি আমার এই অকিঞ্চিৎকর উপহার গ্রহণ করিয়া আপনি স্বয়ং যে দেবতার উপাসনা করেন, আমাকেও তাঁহারই উপাসনা শিক্ষা দিন।

৩। তমু হ পরঃ প্রত্যুবাচাহ হারে ত্বা শূদ্র

তবৈব সহ গোভিরস্ত্বিতি তদুহ পুনরেব জানশ্রুতিঃ পৌত্রায়ণঃ সহস্রং গবাং নিষ্কমশ্বতরীরথং দুহিতরং তদাদায় প্রতিচক্রমে।

ব্যাখ্যা। তং (এবম্ উক্তবন্তং রাজানং) পরঃ (রৈক্কঃ) প্রত্যুবাচ, শূদ্র! (হে হংসবচনাৎ শোকাদ্রবীভূত জানশ্রুতে!) [ত্বৎপ্রদত্তা ইয়ং] হারেত্বা (হারেণ যুক্তা ইত্বা গন্ত্রী ক্ষুদ্রশকটীত্যর্থঃ) গোভিঃ (যুষ্মৎ প্রদত্তাভিঃ) সহ তব এব অস্তু [এতাবতা অপর্য্যাপ্তেন ধনেন ন মে প্রয়োজনম্ ইতি ভাবঃ] [উ হ ইতি নিপাতঃ অত্র নিরর্থকঃ] পৌত্রায়ণঃ জানশ্রুতিঃ তৎ (রৈক্কস্য মনোগতং অভিমতং) [জ্ঞাত্বা] পুনরেব গবাং সহস্রং, নিষ্কং, অশ্বতরীরথং দুহিতরং [চ স্বং], তৎ (সর্ব্বম্) আদায় প্রতিচক্রমে (রৈক্কং প্রতিজগাম)। তং (রৈক্কং) হ অভ্যুবাদ [জানশ্রুতিঃ]—[হে] রৈক্কঃ ইদং (পুরোবর্ত্তি) গবাং সহস্রং, অয়ং নিষ্কঃ, অয়ং অশ্বতরীরথঃ, ইয়ং (মে দুহিতা) জায়া (ভবতো জায়ার্থং ময়া আনীতা) যস্মিন্ (গ্রামে) আস্সে (ত্বং নিবসসি) [সঃ] অয়ং গ্রামঃ [ত্বদর্থে ময়া কল্পিতঃ], [ত্বমেব হে] ভগবঃ! (ভগবন্) [এতৎ সর্ব্বং ময়ানীতং গৃহীত্বা] মা (মাং) অনুশাধি এব (শিক্ষয়, উপদিশেত্যর্থঃ)।

অনুবাদ। মহারাজ জানশ্রুতির প্রদত্ত উপহারগুলিতে সুখে এবং স্বচ্ছন্দে আদর্শ গার্হস্থ্য-

জীবন যাপন করিবার উপযোগিতা নাই দেখিয়া রৈক্ক যেন একটু অসন্তুষ্ট হইয়াই উত্তর করিলেন, "হে শোকার্ত্ত জানশ্রুতে! এই রথ, অশ্ব, গাড়ী এসকল তোমারই থাক্, তুমি গৃহস্থ মানুষ, এগুলি তোমারই উপকারে লাগিতে পারে; আমি উহা লইয়া কি করিব?" রাজা ঋষির মনোভাব অবগত হইয়া পুনর্ব্বার এক হাজার গরু, অশ্বতরীযুক্ত রথ, সোনার কণ্ঠহার এবং বিবাহযোগ্যা আপনার কন্যাকে সঙ্গে লইয়া তাঁহার নিকটে আসিয়া উপস্থিত হইলেন। তাহার পর তিনি রৈক্ককে সম্বোধন করিয়া বলিলেন যে, "এবার আমি আপনার জন্য এক হাজার গরু, অশ্বপ্রচালিত রথ, স্বর্ণময় কণ্ঠহার এবং আপনাকে গার্হস্থ্যজীবনে প্রতিষ্ঠিত করিবার জন্য বিবাহযোগ্যা আমার এক কিশোরী কন্যাকেও সঙ্গে করিয়া আনিয়াছি। আর যে গ্রামে আপনি বাস করিতেছেন, ইহাও আপনাকে দান করিব সঙ্কল্প করিয়াছি। দেব, আপনি অনুগ্রহ পূর্ব্বক এগুলি গ্রহণ করিয়া, কোন্ দেবতার আরাধনা আপনি করিয়া থাকেন, তাহা আমাকে বলিয়া দিন।

৪। তদ্ধ হাভ্যুবাদ রৈক্কেদণ্ড সহস্রং গবাময়ং নিষ্কোঽয়মশ্বতরীরথ ইয়ং জায়াঽয়ং গ্রামো যস্মিন্নাসেঽন্বেব মা ভগবঃ শাধীতি।

৫। তস্যা হ মুখমুপোদ্গৃহ্ণন্নুবাচাজহারেমাঃ শূদ্রানেনৈব মুখেন লাপয়িষ্যথা ইতি তে হৈতে রৈক্কপর্ণানাম মহাবৃষেষু যত্রাস্মা উবাস তস্মৈ হোবাচ।

ইতি দ্বিতীয়ঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। [তদা রৈক্কঃ] তস্যাঃ (স্বজায়ার্থং পরিকল্পিতায়াঃ রাজদুহিতুঃ) মুখম্ উপোদগৃহ্নন্ (তন্মুখেনেব বিদ্যাগ্রহণদ্বারং জানন্) [যদ্বা তস্যাঃ রাজকন্যকায়াঃ মুখম্ হস্তাভ্যাং উত্থাপ্য ধারয়ন্ ললনামুখশোভামবলোক্য মুগ্ধঃ সন্ ইতি ভাবঃ] উবাচ [হে] শূদ্র! [যৎ] ইমাঃ (গাঃ) আজহার (আহৃতবান্) [তৎ ভদ্রং কৃতবান্] অনেন (কন্যয়া সাকং গবাদিসম্পৎসম্প্রদানলক্ষণেন) এব মুখেন (উপায়েন) আলাপয়িষ্যথাঃ (মাম্ আলাপয়সি ইত্যর্থঃ) ইতি। [অধুনা ময়া তুভ্যং অবশ্যম্ বিদ্যা দাতব্যা ইত্যর্থঃ]।

ব্যাখ্যা। তে এতে (জানশ্রুতিনা রৈক্কায় প্রদত্তাঃ গ্রামাঃ) মহাবৃষেষু (নামপ্রদেশেষু) হ রৈক্কপর্ণাঃ (ইতি নাম্না খ্যাতাঃ) যত্র [সঃ রৈক্কঃ] উবাস। [রাজা জানশ্রুতিঃ তান্ গ্রামান্]

অস্মৈ (রৈক্কায়) [প্রাদাৎ]; [অনন্তরং] সঃ (রৈক্কঃ) তস্মৈ (ধনং দত্তবতে রাজ্ঞে) উবাচ হ [বিদ্যাম্]।

অনুবাদ। রৈক্ক তখন রাজার সেই কিশোরী কন্যার লজ্জাবনত মুখখানি স্বহস্তে ঈষৎ উত্তোলিত করিয়া বলিলেন যে, হে শোকার্ত্ত জানশ্রুতে, তুমি যে গবাদি অন্যান্য উপহারসম্ভার আনিয়াছ, তাহা অবশ্য ভালই করিয়াছ; কিন্তু কেবল এই নিষ্কলঙ্ক পবিত্র মুখখানিই আজ আমাকে কথা কহিতে ও তোমাকে উপদেশ দিতে বাধ্য করিতেছে, তাহার পর তিনি জানশ্রুতিকে ব্রহ্মবিদ্যা শিক্ষা দিয়াছিলেন। রাজা যে গ্রামগুলি রৈক্ককে দান করিয়াছিলেন,সেগুলি মহাবৃষপ্রদেশে এখনও রৈক্কপর্ণ নামে বিখ্যাত হইয়া রহিয়াছে।

দ্বিতীয় খণ্ডের অনুবাদ সমাপ্ত

তৃতীয়ঃ খণ্ডঃ।

১। বায়ুর্বাব সংবর্গো যদা বা অগ্নিরুদ্বায়তি

বায়ুমেবাপ্যেতি যদা সূর্য্যোঽস্তমেতি বায়ুমেবাপ্যেতি যদা চন্দ্রোঽস্তমেতি বায়ুমেবাপ্যেতি।

ব্যাখ্যা। [কথং সঃ রৈক্কঃ বিদ্বান্ উক্তবান্ ইত্যাশঙ্ক্য তদুক্তিপ্রকারং দর্শয়তি] বায়ুঃ (বাহ্যঃ বায়ুঃ) বাব (এব) সংবর্গঃ (অগ্ন্যাদীনাং বক্ষ্যমাণানাং সর্ব্বেষাং সংগ্রাহকঃ, সংগ্রাসকঃ, সংহারকো বা ইত্যর্থঃ) [বায়োঃ সংবর্গত্বমেব ইদানীং প্রদর্শয়তি] যদা বৈ অগ্নিঃ উদ্‌বায়তি (নির্ব্বাতি), [তদা সঃ] বায়ুম্ এব অপ্যেতি (বায়ুস্বরূপতাং প্রাপ্নোতি), যদা সূর্য্যঃ অস্তম্ এতি [তদা সঃ] বায়ুম্ এব অপ্যেতি (বায়ুস্বরূপতাং প্রাপ্নোতি), যদা চন্দ্রঃ অস্তম্ এতি [তদা সঃ] বায়ুম্ এব অপ্যেতি (বায়ুরূপতাং গচ্ছতি) [সূর্য্যাচন্দ্রমসোঃ প্রলয়কালে এব বায়ুরূপতাপ্রাপ্তিঃ সম্ভবতি]।

অনুবাদ। জানশ্রুতিকে সম্বোধন করিয়া রৈক্ক বলিতে লাগিলেন যে, "দেখুন মহারাজ, আমরা বাহিরে যাহা কিছু বস্তু দেখিতে পাইতেছি, এ সমস্তই একদিন বায়ুতেই বিলীন হইয়া যাইবে, বায়ুই ইহাদিগকে গ্রাস করিবে, সংহার করিবে; এই জন্য বায়ুকেই ইহাদের সংবর্গ বা সংহারক বলিয়া জানিবেন। তাই আমরা দেখিতে পাই যে অগ্নি নির্ব্বাপিত

হইয়া বায়ুতেই মিশিয়া যায়, সূর্য্য এবং চন্দ্রও অস্তমিত হইবার সময় বায়ুর মধ্যেই অদৃশ্য হইয়া যায়। সেইরূপ আবার জল যখন শুকাইয়া যায়, তখন সে বায়ুর মধ্যেই বিলীন হইয়া যায়। এইরূপে এক বায়ুই বহির্জগতের নিখিল বস্তুকে সংহার করিয়া থাকে। এই জন্য এই বায়ুকে নিখিল বস্তুর সংবারক বা সংহারক বলিয়া উপাসনা করিবেন। ইহাকে অধিদৈবত (দেবতাবিষয়ক) উপাসনা বলে।

২। যদাপ উচ্ছুষ্যন্তি বায়ুমেবাপিয়ন্তি বায়ুর্হ্যেবৈতান্ সর্ব্বান্ সংবৃঙ্ক্ত ইত্যধিদৈবতম্।

ব্যাখ্যা। যদা আপঃ উচ্ছুষ্যন্তি (ঊর্দ্ধং গত্বা শুষ্কতাং প্রাপ্নুবন্তি) [তদা তাঃ] বায়ুম্ এব অপিযন্তি (তত্রৈব লীয়ন্তে)। হি (যতঃ) বায়ুঃ এব এতান্ সর্ব্বান্ (অগ্ন্যাদীন্) সংবৃঙ্ক্তে (সংহরতি) [অতো বায়ুঃ সংবর্গগুণঃ উপাস্য ইত্যর্থঃ] ইতি অধিদৈবতং (দেবতাবিষয়িকা সংবর্গোপাসনা কথিতা)।

অনুবাদ। এখন অধ্যাত্ম অর্থাৎ শরীর সম্বন্ধীয় উপাসনার কথা বলা হইতেছে। বহির্জগতে যেমন এক বায়ুই সকলের সংহর্ত্তা, অন্তর্জগতেও

তেমনই এক প্রাণ সকলের সংহর্ত্তা। এইজন্য মানুষ যখন নিদ্রিত হয়, তখন তাহার বাগিন্দ্রিয় প্রাণের মধ্যেই বিলীন হইয়া যায়; সেইরূপ তাহার চক্ষুঃ, কর্ণ ও মনঃ এই ইন্দ্রিয়গুলিও সেই প্রাণের মধ্যেই লয় প্রাপ্ত হয়, সেই প্রাণই তাহাদিগকে সংবরণ করে, সংহার করে, গ্রাস করে। এইজন্য এই প্রাণকে অন্তর্জগতের নিখিল বস্তুর সংবারক বা সংহারক মনে করিয়া উপাসনা করিবেন।

৩। অথাধ্যাত্মং প্রাণো বাব সংবর্গঃ স যদা স্বপিতি প্রাণমেব বাগপ্যেতি প্রাণং চক্ষুঃ প্রাণং শ্রোত্রং প্রাণং মনঃ প্রাণো হ্যেবৈতান্ সর্ব্বান্ সংবৃঙ্‌ক্ত ইতি।

ব্যাখ্যা। অথ (দেবতাবিষয়কসংবর্গোপাসনানন্তরং) অধ্যাত্মং (আত্মবিষয়কং শরীরবিষয়কমিত্যর্থঃ) [সংবর্গোপাসনম্ উচ্যতে]—প্রাণঃ (পঞ্চবৃত্ত্যাত্মকঃ মুখ্যঃ ইত্যর্থঃ) বাব (এব) সংবর্গঃ (অনন্তরকথিতঃ বায়ুরিব সোঽপি শরীরমধ্যবর্ত্তিনাং বাগাদীনাং সর্ব্বেষাং সংগ্রাহকঃ, সংহারক ইত্যর্থঃ) সঃ (প্রসিদ্ধঃ জীবঃ) যদা স্বপিতি [তদা] বাক্ প্রাণম্ এব অপ্যেতি (অপিগতা ভবতি, লীনা ভবতি ইত্যর্থঃ) [তথা] চক্ষুঃ প্রাণং, শ্রোত্রং প্রাণং, মনঃ প্রাণং (চক্ষুরাদিকং এতৎ সর্ব্বম্ ইন্দ্রিয়ং প্রাণে এব

নীয়ন্তে ইত্যর্থঃ) হি (যস্মাৎ) প্রাণঃ এব এতান্ সর্ব্বান্ (বাগাদীন্) সংবৃঙ্‌ক্তে (সংহরতি) ইতি [প্রাণঃ এব সংবর্গঃ]।

অনুবাদ। তাহা হইলে সমগ্র জগতের মধ্যে সর্ব্ব শুদ্ধ দুইটা সংবঞ্জন অর্থাৎ সংহরণ-গুণযুক্ত পদার্থ আমাদের জ্ঞানগোচর হইল দেখিতেছি। ইহাদের মধ্যে বায়ু বহির্জ্জগতের আর প্রাণ অন্তর্জ্জগতের সংবারক বা সংহারক।

৪। তৌ বা এতৌ দ্বৌ সংবর্গৌ বায়ুরেব দেবেষু প্রাণঃ প্রাণেষু।

ব্যাখ্যা। তৌ এতৌ দ্বৌ বৈ সংবর্গৌ (সংহরণগুণসম্পন্নৌ) [তত্র] দেবেষু (অগ্ন্যাদিষু মধ্যে) বায়ুঃ এব [একঃ সংবর্গঃ] প্রাণেষু (বাগাদিষু ইন্দ্রিয়েষু মধ্যে) প্রাণঃ (পঞ্চবৃত্ত্যাত্মকঃ মুখ্যঃ ইত্যর্থঃ) [অপরঃ সংবর্গঃ] [জ্ঞেয়ঃ ইত্যর্থঃ]।

অনুবাদ। সেই এই দুইটাই সংবর্গ দেবগণের মধ্যে বায়ু এবং বাগাদি ইন্দ্রিয়বর্গের মধ্যে মুখ্য প্রাণই সংবর্গ।

৫। অথ হ শৌনকং চ কাপেয়মভিপ্রতারিণং চ কাক্ষসেনিং পরিবিষ্যমাণৌ ব্রহ্মচারী বিভিক্ষে তস্মা উ হ ন দদতুঃ।

ব্যাখ্যা। অথ [এতয়োঃ সংবর্গয়োঃ বায়ুপ্রাণয়োঃ স্তুত্যর্থম্ অধুনা কাচিৎ আখ্যায়িকা আরভ্যতে] হ (ঐতিহ্য) কাপেয়ং (কপিকুলোৎপন্নং) চ শৌনকং (শুনকপুত্রং) [তথা] কাক্ষসেনিম্ (কক্ষসেনপুত্রং) অভিপ্রতারিণং চ [ভোজনায় উপবিষ্টৌ, পাচকেন চ] পরিবিষ্যমাণৌ [এতৌ] ব্রহ্মচারী [দেশান্তরাৎ আগত্য কশ্চিৎ ইতি শেষঃ] বিভিক্ষে (ভিক্ষাং প্রার্থিতবান্) [তৌ চ] তস্মৈ (ব্রহ্মচারিণে) উ (বিতর্কে) ন হ (নৈব) দদতুঃ (ভিক্ষাং দত্তবন্তৌ)।

অনুবাদ। এবিষয়ে একটী গল্প প্রচলিত আছে ; পুরাকালে কপিকুলজাত শৌনক আর কক্ষসেনের পুত্র অভিপ্রতারী যখন একত্র উপবেশন করিয়া আহার করিতেছিলেন, একজন পাচক তাঁহাদিগকে পরিবেষণ করিতেছিল, সেই সময়ে কোথা হইতে একজন ব্রহ্মচারী আসিয়া তাঁহাদের নিকট ভিক্ষা চাহিল। তাঁহারা তাহার কথাবার্ত্তার ভঙ্গি দেখিয়া মনে করিলেন যে, লোকটা নিজেকে ব্রহ্মবিদ্ বলিয়া মনে মনে খুব অভিমান পোষণ করিতেছে, তাই তাঁহারা "দেখি এ কি বলে" এই মনে করিয়া তাহাকে কিছুই দিলেন না।

৩। স হোবাচ মহাত্মনশ্চতুরো দেব একঃ কঃ স জগার ভুবনস্য গোপাস্তং কাপেয় নাভিপশ্যন্তি মর্ত্ত্যা অভিপ্রতারিন্ বহুধা বসন্তং যস্মৈ বা এতদন্নং তস্মা এতন্ন দত্তমিতি।

ব্যাখ্যা। সঃ (ব্রহ্মচারী) উবাচ হ (ঐতিহ্যে) [হে] কাপেয়, [হে] অভিপ্রতারিন্, ভুবনস্য গোপাঃ (গোপায়িতা, রক্ষিতা ইত্যর্থঃ) [যঃ] একঃ দেবঃ চতুরঃ (চতুঃসংখ্যকান্) মহাত্মানঃ (যথাক্রমম্ অগ্ন্যাদীন্ বাগাদীন্ চ) জগার (গ্রাসিতবান্) সঃ (দেবঃ) কঃ? (কিংনামধেয়ঃ ভবতীতি কিং ভবদ্ভ্যাং জ্ঞায়তে?) মর্ত্ত্যাঃ (আত্মজ্ঞানবিরহিততয়া পুনঃ পুনর্ম্মরণশীলাঃ) বহুধা (অধ্যাত্মাধিদৈবতাধিভূতভেদৈঃ) বসন্তং (বর্ত্তমানং) তং (দেবং) ন অভিপশ্যন্তি (ন জানন্তি) যস্মৈ (দেবায়; যং দেবম্ উদ্দিশ্য ইত্যর্থঃ) বৈ (এব) এতৎ (অন্নং) [প্রত্যহং ভক্ষণায় সংস্ক্রিয়তে সংক্রিয়তে চ] তস্মৈ (দেবায়) এতৎ অন্নং (ভবদীয়ভক্ষণায় উপস্থিতং) ন দত্তম্ ইতি।

অনুবাদ। তখন সেই ব্রহ্মচারী তাহাদিগকে সম্বোধন করিয়া বলিতে লাগিল যে, "হে কাপেয়, হে অভিপ্রতারিন্; তোমরা কি জান, যিনি এই নিখিল ভুবনের পরিপালয়িতা, যিনি বায়ুরূপে প্রবল-

শক্তিসম্পন্ন অগ্নি, সূর্য্য, চন্দ্র ও জল এই চারিটী পদার্থকে এবং প্রাণরূপে আমাদের চক্ষু, কর্ণ, জিহ্বা ও মনঃ এই চারিটী শ্রেষ্ঠ ইন্দ্রিয়কেও গ্রাস করিতেছেন, তিনি কে? ধরণীর এই মরণশীল অধিবাসীরা বাহুরূপে বিরাজমান এই দেবতাকে জানিতে পারে না। প্রতি দিন যে দেবতার উদ্দেশে নানাবিধ ভোজ্যদ্রব্য আহরণ করা হইতেছে, রন্ধন করা হইতেছে, তোমরা কিন্তু তোমাদের এই পাচক পরিবিষ্ট অন্ন সেই দেবতাকে নিবেদন করিয়া দিলে না।

৭। তদু হ শৌনকঃ কাপেয়ঃ প্রতিমন্বানঃ প্রত্যেয়ায়াত্মা দেবানাং জনিতা প্রজানাং হিরণ্যদংষ্ট্রো বভসোহনসূরির্মহান্তমস্য মহিমানমাহুরনদ্যমানো যদনন্নমত্তীতি বৈ বয়ং ব্রহ্মচারিন্নেদমুপাস্মহে দত্তাস্মৈ ভিক্ষামিতি।

ব্যাখ্যা। কাপেয়ঃ শৌনকঃ তৎ (ব্রহ্মচারিবচনং) হ প্রতিমন্বানঃ (পর্য্যালোচয়ন্) প্রত্যেয়ায় (তৎসমীপং জগাম) [গত্বা চ, যং ত্বম্ অবোচঃ 'নাভিপশ্যন্তি মর্ত্ত্যাঃ" ইতি তং বয়ং জানীমঃ ইত্যাহ] [কিদৃশঃ অয়ং দেবঃ ইতি আহ] আত্মা (সর্ব্বস্য স্থাবরজঙ্গমস্য আত্মভূতঃ), দেবানাং (অগ্ন্যাদীনাং অধিদৈবতঃ)

প্রজানাং (বাগাদীনাম্ অধ্যাত্মম্) জনিতা (বায়ুরূপেণ প্রাণরূপেণ চ উৎপাদয়িতা), হিরণ্যদংষ্ট্রঃ (অভঙ্গুরদন্তঃ), বভসঃ (ভক্ষণশীলঃ) অনসূরিঃ (মেধাবী), অনত্মমানঃ (স্বয়ং অন্যৈঃ অভক্ষ্যমাণঃ সন্) যৎ অনন্নং (অগ্নেঃ তরাঃ, অভক্ষ্যম, অগ্নিবাগাদিদেবতারূপম্) অত্তি ইতি ; অস্য (দেবস্য স্থাবরজঙ্গমস্য আত্মনঃ) মহান্তং মহিমানং আহুঃ (ব্রহ্মবিদঃ ইতি শেষঃ) । [হে] ব্রহ্মচারিন্, বয়ম্ ইদং (ব্রহ্ম) আ উপাস্মহে [ততঃ সঃ শৌনকঃ] অস্মৈ (ব্রহ্মচারিণে) ভিক্ষাং দত্ত ইতি [ভৃত্যান্ আদিষ্টবান্]।

অনুবাদ। তখন শৌনক মনে মনে ব্রহ্মচারীর এই কথা আলোচনা করিয়া তাঁহার নিকটে গিয়া বলিলেন যে,"তুমি যে দেবতাকে ধরণীর মরণশীল অধিবাসীরা দেখিতে পায় না বলিয়া বলিলে, আমরা কিন্তু তাঁহাকে দেখিয়া থাকি। তিনি স্থাবর জঙ্গম নিখিল পদার্থেরই আত্মা, প্রলয়কালে তিনিই সূর্য্যাদি চারিটা দ্যোতনশীল পদার্থকে বায়ুরূপে গ্রাস করিয়া সৃষ্টির প্রারম্ভে আবার উহাদিগকে সেই বায়ু হইতেই উৎপাদন করিতেছেন। সেইরূপ আবার তিনি বাগাদি ইন্দ্রিয়নিচয়কেও প্রাণরূপে গ্রাস করিয়া তাহা হইতেই উহাদিগকে পুনর্ব্বার অভিব্যক্ত করিতেছেন।

তত্ত্বদর্শীরা এই মহাপরাক্রমী, অভয়দত্ত, সংহরণশীল দেবের অপার মহিমার কথা বলিয়া গিয়াছেন। অগ্নি বাক্‌প্রভৃতি পদার্থগুলি কাহারও ভক্ষ্য না হইলেও ইনি কিন্তু ইহাদের সকলকেই ভক্ষণ করিয়া থাকেন; অথচ ইঁহাকে কেহই ভক্ষণ করিতে পারে না। হে ব্রহ্মচারিন্! আমরা এই দেবতারই উপাসনা করিয়া থাকি, এখন তোমরা ইঁহাকে ভিক্ষা দাও।"

৮। তস্মা উ হ দদুস্তে বা এতে পঞ্চান্যে পঞ্চান্যে দশ সন্তস্তৎকৃতং তস্মাৎ সর্ব্বাসু দিক্ষ্বন্নমেব দশ কৃতও্ঁ সৈষা বিরাড়ন্নাদী তয়েদও্ঁ সর্ব্বং দৃষ্টও্ঁ সর্ব্বমস্যেদং দৃষ্টং ভবত্যন্নাদো ভবতি য এবং বেদ য এবং বেদ।

ইতি তৃতীয়ঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। [তদ্বচনাৎ ভৃত্যাঃ] তস্মৈ (ব্রহ্মচারিণে) উ হ দদুঃ (ভিক্ষামিতি শেষঃ)। তে বৈ এতে অন্যে (বাক্‌প্রাণচক্ষুঃশ্রোত্রমনোভ্যঃ ভিন্নাঃ) পঞ্চ (অধিদৈবতম্ অগ্ন্যাদয়ঃ) অন্যে (অগ্নিবায়ুপৃথিবীজলাকাশাদিভ্যঃ ভিন্নাঃ) চ পঞ্চ (অধ্যাত্মং বাগাদয়ঃ), [এতে প্রত্যেমানাঃ প্রসিদ্ধাশ্চ মিলিত্বা, সংখ্যয়া] দশ সন্তঃ, তৎ (প্রসিদ্ধং) কৃতং (কৃতয়োপলক্ষিতং কৃতসংজ্ঞিতং দ্যূতং) [ভবন্তীত্যর্থ], তস্মাৎ (পঞ্চপরসংখ্যাসাদৃশ্যাৎ) কৃতং

(কৃতসংজ্ঞিতাঃ) [সন্তঃ] দশ (অগ্ন্যাদয়ঃ, বাগাদয়শ্চ) সর্ব্বাসু দিক্ষু অন্নং অন্নরূপাঃ [ভবন্তি, দশাক্ষরায়াঃ বিরাজঃ অন্নরূপত্বাৎ ইতি ভাবঃ] সা এবা (কৃতরূপেণ কল্পিতাঃ দশসংখ্যাতাঃ অগ্ন্যাদয়ঃ বাগাদয়শ্চ) বিরাট্ (পরস্পরসংখ্যাসাদৃশ্যাৎ বিরাট্-স্বরূপাশ্চ) অন্নাদী (অন্নভক্ষিণী ত্যর্থঃ)। তয়া (বিরাট্‌রূপয়া) ইদং (দশদিক্‌স্থং) সর্ব্বং (জগৎ) দৃষ্টং (উপলব্ধম্)। যঃ (উপাসকঃ) এবং বেদ, অস্য (কৃতসংখ্যাভূতস্য এবংবিদঃ) ইদং (দশদিক্‌স্থং) সর্ব্বং (জগৎ) দৃষ্টং (উপলব্ধং ভবতি) [কিঞ্চ যথোক্তদর্শী সঃ] অন্নাদশ্চ (অন্নভোক্তা চ) ভবতি।

অনুবাদ। তখন ভৃত্যগণ তাঁহাকে ভিক্ষা প্রদান করিল। সূর্য্যাদির পঞ্চ সংখ্যার সহিত বাগাদির পঞ্চ, সংখ্যা যুক্ত হইলে উভয়ে মিলিয়া দশ হয়; তখন সেই দশ সংখ্যার সাদৃশ্যে পাশাখেলার "কৃত" এই সুপ্রসিদ্ধ সংজ্ঞার সূর্য্যাদি ও বাগাদি দশটী পদার্থকে অভিহিত করা হয়। তখন এই কৃতনামধারী সূর্য্যাদি ও বাগাদি দশটী পদার্থকে দশটী দিকের অন্ন বলিয়া মনে করা হয়; উহাদিগকেই আবার সংখ্যাসাদৃশ্যে অন্নভোগী বিরাট্ বলিয়াও মনে করা হইয়া থাকে। যিনি এইরূপ উপাসনা করেন, তিনি

দশদিগবর্ত্তী নিখিল পৃথ্বীকে ভক্ষ্য-ভক্ষকরূপী বিরাট্-কর্ত্তৃক পরিব্যাপ্ত দেখিয়া থাকেন এবং তিনি নিজেও প্রচুর অন্ন ভোগ করিয়া থাকেন।

তৃতীয় খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

চতুর্থঃ খণ্ডঃ।

১। সত্যকামো হ জাবালো জবালাং মাতরমামন্ত্রয়াঞ্চক্রে ব্রহ্মচর্য্যং ভবতি বিবৎস্যামি কিং গোত্রো-হহমস্মীতি।

ব্যাখ্যা। সত্যকামঃ হ (ঐতিহ্যে) জাবালঃ (জাবালা-পুত্রঃ) জাবালাং মাতরম্ আমন্ত্রয়াঞ্চক্রে (আহূতবান্)—ভবতি (হে পূজনীয়ে) [অহং] ব্রহ্মচর্য্যং (বেদাধ্যয়নায় নিয়ম-বিশেষম্) [আশ্রিত্য] বিবৎস্যামি (গুরুগৃহে বাসং করিষ্যামি) [অতঃ] নু (পৃচ্ছামি ত্বাং) কিং গোত্রঃ অহম্ অস্মি (মম গোত্রস্য কা আখ্যা?) ১

অনুবাদ। জবালা-তনয় সত্যকাম তাহার মাতা জবালাকে সম্বোধন করিয়া বলিল যে, "মা, আমি ব্রহ্মচর্য্য অবলম্বন করিয়া গুরুগৃহে বাস

করিতে ইচ্ছা করিতেছি, আপনি বলুন, আমার গোত্র কি?" ১

২। সা হৈনমুবাচ নাহমেতদ্বেদ তাত যদ্গোত্র-স্ত্বমসি, বহ্বহং চরন্তী পরিচারিণী যৌবনে ত্বামলভে সাহমেতন্ন বেদ যদ্গোত্রস্ত্বমসি, জবালা তু নামাহমস্মি সত্যকামো নাম ত্বমসি স সত্যকাম এব জাবালো ব্রুবীথা ইতি।

ব্যাখ্যা। [এবং জিজ্ঞাসিতা] সা হ (জবালা) এনং (পুত্রং সত্যকামং) উবাচ—তাত (হে বৎস,) ত্বং যদ্গোত্রঃ (যস্মিন্ গোত্রে জাতঃ) অহম্ এতৎ ন বেদ (জানামি)। [ভর্ত্তৃ-গৃহে] বহু (বিচিত্র প্রকারং যথা স্যাৎ তথা) চরন্তী (অতিথী-নাম্ অভ্যাগতাদীনাঞ্চ সমাগমাৎ গৃহকার্য্যজাতং কুর্ব্বতী) পরিচারিণী (তেষাং পরিচরণশীলা এব অহং যৌবনে ত্বাম্ অলভে (লব্ধবতী) [তদা এব মম যৌবনকালে তব পিতা চ উপরতঃ অতঃ নিত্যাতিথিপরিচরণাসক্তচিত্ততয়া অপ্রবীণতয়া অপরি-পক্কসাংসারিকবুদ্ধিতয়া চ তদানীং তব পিতুঃ সকাশাৎ গোত্রাদিজ্ঞানলাভে মম মতির্নাসীৎ তস্মাৎ] সা [অতিথি-পরিচরণশীলা অপরিণতসাংসারিকজ্ঞানা চ] অহম্ এতৎ ন বেদ, যদ্গোত্রঃ ত্বম্ অসি। তু (কিন্তু) অহং জবালা নাম অস্মি

ত্বং চ সত্যকামঃ নাম অসি [এতন্মাত্রম্ এবাহং জানামি] [অতঃ আচার্য্যসমীপে] সঃ (সত্যকামনামা ত্বং) [অহং] সত্যকামঃ এব জাবালঃ (জবালাপুত্রঃ) [অস্মীতি] ব্রবীথাঃ (ব্রূবীথাঃ) ইতি।

অনুবাদ। মাতা তখন সত্যকামকে সম্বোধন করিয়া বলিলেন যে, "বাবা, তোমার যে কি গোত্র, তাহা আমি জানি না। শ্বশুরবাড়ীতে আমাকে নানাপ্রকারের সাংসারিক কার্য্যে সর্ব্বদাই ব্যস্ত থাকিতে হইত, তাহার উপর আবার নিত্যই অতিথি অভ্যাগত আসিতেন; তাঁহাদের পরিচর্য্যার ভারও আমারই উপর ন্যস্ত ছিল, এই সকল বিষয়ে সর্ব্বদা মনঃ পড়িয়া থাকিত বলিয়া, গোত্রপ্রভৃতির কথা জানিয়া লইবার ইচ্ছা আমার প্রায়ই হইত না, আর প্রবীণার মত তাঁহার নিকট এই সকল বিষয় জিজ্ঞাসা করিতেও আমার বড় লজ্জা হইত। কারণ তখন আমার যৌবন কাল—তখনও আমি বাড়ীর বধূ—গৃহিণী হইতে পারি নাই। এই সময়ে আমি তোমাকে পাইলাম তোমার জন্মগ্রহণের পরেই তিনি আমাকে

অনাথা করিয়া চিরদিনের জন্য চলিয়া গিয়াছেন। তাই বাছা, তুমি যে কোন্ গোত্রে জন্ম গ্রহণ করিয়াছ, তাহা আমি তোমাকে বলিতে পারিলাম না। আমি কেবল এইটুকু জানি যে, আমার নাম জবালা আর তোমার নাম সত্যকাম। যদি তোমার আচার্য্যদেব তোমাকে পরিচয় জিজ্ঞাসা করেন, তবে তুমি বলিও যে, "আমি জবালার পুত্র, আমার নাম সত্যকাম।"

৩। স হ হারিদ্রুমতং গৌতমমেত্যোবাচ ব্রহ্মচর্য্যং ভগবতি বৎস্যাম্যুপেয়াং ভগবন্তমিতি।

ব্যাখ্যা। সঃ (সত্যকামঃ) হ হারিদ্রুমতং (হরিদ্রুমৎ-পুত্রং) গৌতমং (গোতমবংশীয়ম্ আচার্য্যম্) এত্য উবাচ— ভগবতি (পূজনীয়ে) [ত্বয়ি] ব্রহ্মচর্য্যং বৎস্যামি। [অতঃ] ভগবন্তং (ত্বাং) উপেয়াম্ (শিষ্যরূপেণ অন্তিকম্ উপাগচ্ছেয়ম্) ইতি।

অনুবাদ। তখন সত্যকাম হরিদ্রুমানের পুত্র গৌতম ঋষির নিকট গমন করিয়া বলিল যে, "দেব, আমি ব্রহ্মচর্য্য-ব্রত অবলম্বনপূর্ব্বক বেদ অধ্যয়ন করিব মনে করিয়া আপনার কাছে

আসিয়াছি; আপনি আমাকে শিষ্যরূপে গ্রহণ করুন।

৪। তং হোবাচ কিংগোত্রো নু সোম্যাসীতি। স হোবাচ নাহমেতদ্বেদ ভো যদ্গোত্রোঽহমস্ম্যপৃচ্ছং মাতরং সা মা প্রত্যব্রবীদ্ বহ্বহং চরন্তী পরিচারিণী যৌবনে ত্বামলভে; সাহমেতন্ন বেদ যদ্গোত্রস্ত্বমসি, জবালা তু নামাহমস্মি সত্যকামো নাম ত্বমসীতি; সোঽহং সত্যকামো জাবালোঽস্মি ভো ইতি।

ব্যাখ্যা। [এবমুক্তবন্তং] তং (সত্যকামং) হ উবাচ (গৌতম ইতি শেষঃ), নু (ভোঃ) সৌম্য, [ত্বং] কিংগোত্রঃ (কস্মিন্ গোত্রে জাতঃ) অসি? ইতি। সঃ উবাচ হ অহম্ এতৎ ন বেদ (জানামি), অহং যদ্গোত্রঃ (যস্মিন্ গোত্রে জাতঃ) অস্মি ইতি। মাতরং (মম জননীম্ অপি) অপৃচ্ছং (গোত্রনামাদিকম্ জিজ্ঞাসিতবান্ অহম্ অস্মি); সা (মে জননী) মা (মাং) প্রত্যব্রবীৎ (প্রত্যুক্তবতী)—"অহং বহু চরন্তী পরিচারিণী যৌবনে ত্বাম্ অলভে; সা অহম্ এতৎ ন বেদ, যদ্গোত্রঃ ত্বম্ অসি। অহং তু জবালা নাম অস্মি, ত্বং চ সত্যকামঃ নাম অসি ইতি।" ভোঃ (গৌতম) সঃ অহং সত্যকামঃ জাবালঃ (জবালাপুত্রঃ) অস্মি ইতি।

অনুবাদ। এই কথা শুনিয়া গৌতম তাহাকে জিজ্ঞাসা করিলেন যে, "হে সৌম্য, তোমার গোত্র কি?" সে উত্তর করিল যে, "দেব, আমি যে কোন্ গোত্রে জন্মলাভ করিয়াছি, তাহা তো আমি জানি না। আমি আমার মাকেও একথা জিজ্ঞাসা করিয়াছিলাম; তিনি আমাকে বলিয়াছিলেন যে, "যৌবনকালে আমি যখন অতিথি-অভ্যাগতের পরিচর্য্যায় এবং গার্হস্থ্য কর্ম্মে অত্যধিক আসক্ত হইয়া পড়িয়াছিলাম; সেই সময় আমি তোমাকে লাভ করি; তাহার পরই তোমার পিতার মৃত্যু ঘটে; তাই আর তাঁহার নিকট হইতে তোমার গোত্র জানিয়া লইবার অবকাশ আমার ঘটিয়া উঠে নাই; সেইজন্য তোমার গোত্র কি, তাহা আমি জানি না; আমি কেবল এইটুকু জানি যে, আমার নাম জবালা আর তুমি আমার পুত্র সত্যকাম।" অতএব দেব, আমি সেই জবালার পুত্র সত্যকাম।

৫। তꣳ হোবাচ নৈতদব্রাহ্মণো বিবক্তুমর্হতি। সমিধꣳ সোম্যাহরোপ ত্বা নেষ্যে ন সত্যাদগা ইতি

তমুপনীয় কৃশানামবলানাং চতুঃশতা গা নিরাকৃত্যোবাচেমাঃ সোম্যানুসংব্রজেতি তা অভিপ্রস্থাপয়ন্নুবাচ নাসহস্রেণাবর্ত্তয়েতি স হ বর্ষগণং প্রোবাস তা যদা সহস্রং সম্পেদুঃ।

ইতি চতুর্থঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। [তৎ শ্রুত্বা গৌতমঃ] তং (সত্যকামং) হ উবাচ, অব্রাহ্মণঃ এতৎ (ঈদৃশং সারল্যপূর্ণং বচনং) ন বিবক্তুম্ অর্হতি। [যতঃ ত্বং] সত্যাৎ (ব্রাহ্মণজাতিধর্ম্মাৎ সত্যভাষণাৎ ইত্যর্থঃ) ন অগাঃ (ন স্খলিতঃ অসি) [অতঃ, হে] সোম্য, সমিধং (যজ্ঞকাষ্ঠং) [ত্বম্] আহর (সমানয়,) ত্বা (ত্বাম্) [অহম্] উপনেষ্যে (উপনীতং করিষ্যামি); [ইত্যুক্ত্বা, সঃ গৌতমঃ] তং (সত্যকামং) উপনীয় কৃশানাম্, অবলানাং [গবাং যূথাৎ] চতুঃশতাঃ গাঃ নিরাকৃত্য (ততঃ গোযূথাৎ অপকৃষ্য) উবাচ [হে] সৌম্য, ইমাঃ (যূথাৎ পৃথক্কৃতাঃ গাঃ) অনুসংব্রজ (অনুগচ্ছ) ইতি [গৌতমেন আদিষ্টঃ সত্যকামঃ]; তাঃ গাঃ অভিপ্রস্থাপয়ন্ (অরণ্যং প্রতি নয়ন্) উবাচ, অসহস্রেণ (যাবৎ ন সহস্রসংখ্যা পূর্য্যতে, তাবৎ) ন আবর্ত্তেয় (ন প্রত্যাগচ্ছেয়ম্) [ইত্যুক্ত্বা] সঃ হ বর্ষগণং (দীর্ঘকালমিত্যর্থঃ) প্রোবাস (প্রবাসং

কৃতবান্)। যদা (যস্মিন্ কালে, যাবতা কালেন ইত্যর্থঃ) তাঃ (গাবঃ) সহস্রং সহস্রসংখ্যাকাঃ সম্পেদুঃ ["তদা এনম্ ঋষভঃ উক্তবান্" ইতি পরেণ অন্বয়ঃ]।

অনুবাদ। তখন গৌতম সত্যকামকে বলিলেন যে, "বৎস, সত্যকাম, আমি বুঝিতেছি—তুমি নিশ্চিতই ব্রাহ্মণ; কারণ ব্রাহ্মণ ব্যতীত আর কেহই এমন সারল্যপূর্ণ সত্য কথা বলিতে পারে না। তুমি যখন সত্য কথা বলিয়া ব্রাহ্মণ-জাতির সনাতন ধর্ম্ম সত্য হইতে ভ্রষ্ট হও নাই, তখন তুমি সমিধ্ লইয়া আইস, আমি তোমায় উপনয়ন প্রদান করিব"; এই বলিয়া ঋষি তাহাকে উপনীত করিয়া কৃশ ও দুর্ব্বল গরুর পাল হইতে চারিশত গরু পৃথক্ করিয়া সত্যকামকে বলিলেন যে, "হে সৌম্য, তুমি ইহাদের পশ্চাৎ পশ্চাৎ গমন কর"। সত্যকাম সেই গরুর পালকে বনে লইয়া যাইবার সময় বলিয়া গেল যে, "যতদিন না এই চারিশত গরু একহাজারে পরিণত হইতেছে, তত দিন আমি ফিরিতেছি না"। এইজন্য যতদিন না গরুর সংখ্যা এক হাজারে পরিণত হইয়া-

ছিল, ততদিন তাহাকে প্রবাসী হইয়া থাকিতে হইয়াছিল।

চতুর্থ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

পঞ্চমঃ খণ্ডঃ।

১। অথ হৈনমৃষভোঽভ্যুবাদ সত্যকাম ৩ ইতি ভগব ইতি হ প্রতিশুশ্রাব প্রাপ্তাঃ সোম্য সহস্রꣳ স্মঃ প্রাপয় ন আচার্যকুলম্।

২। ব্রহ্মণশ্চ তে পাদং ব্রবাণীতি ব্রবীতু মে ভগবানিতি তস্মৈ হোবাচ প্রাচী দিক্কলা প্রতীচি দিক্কলা দক্ষিণা দিক্কলোদীচী দিক্কলৈষ বৈ সোম্য চতুষ্কলঃ পাদো ব্রহ্মণঃ প্রকাশবান্নাম।

ব্যাখ্যা। অথ (গবাং সহস্রসংখ্যাপূরণানন্তরং) ঋষভঃ (সত্যকামায় প্রীতঃ, ঋষভশরীরম্ অনুপ্রবিশ্য ঋষভভাবাপন্নঃ দিগধিপতিঃ পবনদেবঃ) এনং (সত্যকামং) অভ্যুবাদ (কথিতবান্)— সত্যকাম ইতি (সম্বোধ্য ইত্যর্থঃ)। [অসৌ সত্যকামঃ] ভগবঃ (ভগবন্) ইতি প্রতিশুশ্রাব (প্রত্যুক্তবান্)। [ঋষভঃ পুনঃ

আহ] সৌম্য. [বয়ং) সহস্রং প্রাপ্তাঃ স্মঃ [বয়ম্ অধুনা সহস্র-সংখ্যকাঃ ভবামঃ, অতঃ পূর্ণা তে প্রতিজ্ঞা] [ত্বম্ ইদানীং] প্রাপয় (নয়) নঃ (অস্মান্) আচার্য্যকুলং (গুরুগৃহম্)।

ব্যাখ্যা। [কিঞ্চ অহং] তে (তুভ্যং) ব্রহ্মণঃ (পরমাত্মনঃ) পাদং (অংশং) চ ব্রবাণি [কথয়ানি] ইতি। ভগবান্ (পূজনীয়ঃ ভবান্) ব্রবীতু মে (মহ্যং) ইতি [আহ সত্যকামঃ]; তস্মৈ (সত্যকামায়) হ উবাচ [ঋষভঃ], প্রাচী দিক্ কলা (ব্রহ্মণঃ পাদস্য একতমঃ অংশঃ) [তথা] প্রতীচী দিক্ কলা, দক্ষিণা দিক্ কলা, উদীচী দিক্ কলা। [হে] সৌম্য, এষঃ বৈ (এব) ব্রহ্মণঃ প্রকাশবান্ নাম চতুষ্কলঃ (কলাচতুষ্টয়যুতঃ) পাদঃ (চতুর্থভাগঃ)।

অনুবাদ। তাহার পর এইরূপে গরু লইয়া বনে বনে ঘুরিতে ঘুরিতে যখন সহস্রসংখ্যা পূর্ণ হইয়া গেল, তখন একদিন দিক্‌সমূহের অধিপতি বায়ু, তাহাকে নিত্যই শ্রদ্ধাপূর্ব্বক তপস্যা করিতে দেখিয়া, তাহার প্রতি সন্তুষ্ট হইয়া ব্রহ্মবিদ্যা শিক্ষা দিবার জন্য একটী বৃষভদেহে প্রবেশপূর্ব্বক আহ্বান করিলেন, "সত্যকাম!" সে বিনীতভাবে তাঁহার নিকট আসিলে তিনি বলিলেন যে, "শুন বৎস্য সত্যকাম,

আমরা ত সংখ্যায় এখন সহস্রই হইয়াছি, তোমার প্রতিজ্ঞা পূর্ণ হইয়াছে, তুমি এখন আমাদিগকে তোমার গুরুগৃহে লইয়া চল; আর আমি চতুষ্পাৎ পরব্রহ্মের একটী পাদের কথা তোমাকে বলিতে চাই।” সত্যকাম বলিলেন “দেব, আপনি আমাকে উপদেশ প্রদান করুন।” তখন তিনি তাহাকে বলিতে লাগিলেন—“এই যে পূর্ব্বদিক্ দেখিতেছ, ইহাই সেই চারিপাদবিশিষ্ট পরমাত্মার একটী পাদের একটীমাত্র কলা; এইরূপ পশ্চিম, দক্ষিণ ও উত্তর এই তিনটী দিক্ও সেই পাদের আর তিনটী কলা। বৎস্য সত্যকাম, সর্ব্বশুদ্ধ এই চারিটী কলা বা অংশই ব্রহ্মের প্রকাশবান্নামক একটী পাদ।

৩। স য এতমেবং বিদ্বাংশ্চতুষ্কলং পাদং ব্রহ্মণঃ প্রকাশবানিত্যুপাস্তে প্রকাশবানস্মিঁল্লোকে ভবতি প্রকাশবতো হ লোকাঞ্জয়তি য এতমেবং বিদ্বাংশ্চতুষ্কলং পাদং ব্রহ্মণঃ প্রকাশবানিত্যুপাস্তে।

ইতি পঞ্চমঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। যঃ (কশ্চিৎ) এবং (যথোক্তপ্রকারং) বিদ্বান্ (জানন্) এতং ব্রহ্মণঃ চতুষ্কলং পাদং প্রকাশবান্ ইতি উপাস্তে, সঃ (উপাসকঃ) অস্মিন্ লোকে (পৃথিব্যাং) প্রকাশবান্ (প্রখ্যাতিমান্) ভবতি। [তথা মৃতঃ সন্] প্রকাশবতঃ হ লোকান্ জয়তি (দ্যুতিমতঃ দেবনিবাসান্ প্রাপ্নোতি ইত্যর্থঃ) যঃ এবং বিদ্বান্ ব্রহ্মণঃ চতুষ্কলঃ পাদং প্রকাশবান্ ইতি উপাস্তে [ইতি দ্বিরুক্তিঃ পাদপরিসমাপ্ত্যর্থা]।

অনুবাদ। যিনি পূর্ব্বোক্ত প্রকারে সমস্ত অবগত হইয়া ব্রহ্মের এই কলাচতুষ্টয়বিশিষ্ট পাদকে "প্রকাশবান্" বলিয়া উপাসনা করেন, ইহলোকে তিনি প্রতিষ্ঠা লাভ করেন এবং মৃত্যুর পর দ্যুতিমান্ দেবলোক সকল প্রাপ্ত হইয়া থাকেন।

পঞ্চম খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

ষষ্ঠঃ খণ্ডঃ।

১। অগ্নিষ্টে পাদং বক্তেতি স হ শ্বোভূতে গা অভিপ্রস্থাপয়াঞ্চকার তা যত্রাভিসায়ং বভূবুস্তত্রাগ্নি-

মুপসমাধায় গা উপরুধ্য সমিধমাধায় পশ্চাদগ্নেঃ প্রাঙুপোপবিবেশ।

ব্যাখ্যা। [হে সৌম্য সত্যকাম] অগ্নিঃ তে (তুভ্যং) পাদং (উক্তাৎ অপরং ব্রহ্মণঃ অংশং) বক্তা (বক্ষ্যতি) ইতি [উক্ত্বা উপররাম সঃ ঋষভঃ]। সঃ (সত্যকামঃ) হ শ্বোভূতে (পরেদ্যুঃ) [নিত্যকর্ম্ম সমাপ্য আচার্য্যগৃহং লক্ষীকৃত্য] গাঃ অভিপ্রস্থাপয়াঞ্চকার। তাঃ (শনৈশ্চরন্ত্যঃ গাবঃ) যত্র (যস্মিন্ দেশে) সায়ং (সন্ধ্যায়াং) অভিসংবভূবুঃ (সম্মিলিতাঃ বভূবুঃ) তত্র অগ্নিম্ উপসমাধায় (প্রজ্বাল্য) গাঃ উপরুধ্য (বদ্ধা) সমিধম্ আধায় (গৃহীত্বা) অগ্নেঃ পশ্চাৎ প্রাক্ (প্রাঙ্মুখঃ সন্) উপবিবেশ [ঋষভবাক্যং ধ্যায়ন্ ইত্যর্থঃ]।

অনুবাদ। ‘চতুষ্পাদ্ ব্রহ্মের একটি পাদের কথা আমি তোমাকে বলিলাম; আর একটী পাদের বিষয় অগ্নি তোমাকে উপদেশ দিবেন’ এই বলিয়া তিনি নীরব হইলেন। সত্যকামও পরদিন প্রভাত হইলে নিত্য কর্ম্ম সমাপন করিয়া সেই এক সহস্র গাভীকে গুরুগৃহাভিমুখে প্রচালিত করিলেন। ধীরে ধীরে বিচরণ করিতে করিতে তাহারা সন্ধ্যার সময় যেখানে আসিয়া মিলিত হইল, সত্যকাম সেখানে

অগ্নি প্রজ্বলিত করণান্তর, সেই একসহস্র গাভীকে যথাস্থানে বন্ধনপূর্ব্বক যজ্ঞিয় কাষ্ঠ সংগ্রহ করিয়া আনিল, তাহার পর পূর্ব্বমুখ হইয়া অগ্নির পশ্চাদ্‌-ভাগে উপবেশন করিয়া বৃষদেহে আবির্ভূত পবনদেব যে কথা বলিয়া গিয়াছিলেন, তাহাই একাগ্রচিত্তে চিন্তা করিতে লাগিল।

২। তমগ্নিরভ্যুবাদ সত্যকাম ৩ ইতি ভগব ইতি হ প্রতিশুশ্রাব।

ব্যাখ্যা। অগ্নিঃ তম্ (সত্যকামম্) অভ্যুবাদ [হে] সত্য-কাম ইতি, ভগবঃ (ভগবন্) ইতি হ প্রতিশুশ্রাব (প্রত্যুক্তবান্) [সত্যকামঃ ইতি শেষঃ]।

অনুবাদ। তখন অগ্নি ডাকিলেন—"সত্যকাম!" সত্যকাম উত্তর দিল—"ভগবন্"।

৩। ব্রহ্মণঃ সোম্য তে পাদং ব্রবাণীতি ব্রবীতু মে ভগবানিতি তস্মৈ হোবাচ পৃথিবী কলান্তরিক্ষং কলা দ্যৌঃ কলা সমুদ্রঃ কলৈষ বৈ সোম্য চতুষ্কলঃ পাদো ব্রহ্মণোঽনন্তবান্নাম।

ব্যাখ্যা। [হে] সৌম্য, ব্রহ্মণঃ পাদং (উক্তাৎ অপরং দ্বিতীয়ম্ অংশম্) [অহং] তে (তুভ্যং) ব্রবাণি (কথয়ানি) ইতি [উবাচ অগ্নিঃ], ভগবান্ (পূজনীয়ঃ ভবান্) মে (মহ্যং) ব্রবীতু (উপদিশতু) ইতি [আহ সত্যকামঃ; ততঃ সঃ অগ্নিঃ] তস্মৈ (সত্যকামায়) হ উবাচ পৃথিবী কলা (পরমাত্মনঃ পাদস্য একতমঃ অংশঃ) [তথা] অন্তরিক্ষং কলা, দ্যৌঃ (দ্যুলোকঃ) কলা, সমুদ্রঃ কলা [হে] সৌম্য, এষঃ (উক্তপ্রকারঃ) বৈ (এব) ব্রহ্মণঃ চতুষ্কলঃ (কলাচতুষ্টয়যুক্তঃ) পাদঃ, "অনন্তবান্" নাম।

অনুবাদ। "বৎস, আমি তোমাকে পরমাত্মার দ্বিতীয় পাদের বিষয় উপদেশ দিতে ইচ্ছা করি। "দেব, আমাকে বলুন, আমি শুনিতেছি।" তখন অগ্নি তাহাকে বলিতে লাগিলেন, শুন বৎস, "এই যে জীবধাত্রী ধরিত্রী জননীকে দেখিতেছ,—ইঁনিই হইতেছেন সেই চারিপাদবিশিষ্ট পরমাত্মার দ্বিতীয় পাদের অন্যতম কলা বা অংশমাত্র। এইরূপ অনন্ত আকাশ, দীপ্ত দ্যুলোক, বিশাল বারিধি এগুলিও ব্রহ্মের ঐ দ্বিতীয় পাদের এক একটী কলা বা অংশ মাত্র। সর্ব্বশুদ্ধ এই

চারিটী কলা বা অংশ ব্রহ্মের 'অনন্তবান্' নামক দ্বিতীয় পাদ।"

৪। স য এতমেবং বিদ্বাংশ্চতুষ্কলং পাদং ব্রহ্মণোঽনন্তবানিত্যুপাস্তেঽনন্তবানস্মিঁল্লোকে ভবত্যনন্তবতো হ লোকাঞ্জয়তি য এতমেবং বিদ্বাংশ্চতুষ্কলং পাদং ব্রহ্মণোঽনন্তবানিত্যুপাস্তে।

ইতি ষষ্ঠঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। যঃ (কশ্চিৎ) এবং (অনেন প্রকারেণ) বিদ্বান্ (জানন্) ব্রহ্মণঃ এতং (পূর্ব্বোক্তং) চতুষ্কলং (চতুরবয়বম্) পাদম্ অনন্তবান্ ইতি (অনন্তবত্ত্বগুণেন) উপাস্তে, সঃ (বিদ্বান্) অস্মিন্ লোকে অনন্তবান্ (অপারগুণাধারঃ) ভবতি, [তথা] অনন্তবতঃ লোকান্ জয়তি [মৃতঃ সন্ শাশ্বতান্ লোকান্ অধিকরোতি ইত্যর্থঃ] ["যঃ এতম্ এবম্" ইত্যাদি পূর্ব্ববৎ পাদপরিসমাপ্তিদ্যোতিকা দ্বিরুক্তিঃ]।

অনুবাদ। যে কেহ এইরূপে সমস্ত অবগত হইয়া ব্রহ্মের কলাচতুষ্টয়-বিশিষ্ট এই পাদকে অনন্তবান্ বলিয়া উপাসনা করেন, তিনিই ইহ জগতে

মহামহিমশালী হন এবং মৃত্যুর পর নিত্য ও শাশ্বত লোকসকল লাভ করেন।

ষষ্ঠ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

সপ্তমঃ খণ্ডঃ।

১। হংসস্তে পাদং বক্তেতি স হ শ্বোভূতে গা অভিপ্রস্থাপয়াঞ্চকার তা যত্রাভিসায়ং বভূবুস্তত্রাগ্নিমুপসমাধায় গা উপরুধ্য সমিধমাধায় পশ্চাদগ্নেঃ প্রাঙুপোপবিবেশ।

ব্যাখ্যা [হে সৌম্য সত্যকাম,] হংসঃ তে (তুভ্যং) পাদং (মহাত্মনঃ অপরং, ব্রহ্মণঃ তৃতীয়ভাগং) বক্তা (বক্ষ্যতি) ইতি [উক্ত্বা বিররাম সঃ অগ্নিঃ]; সঃ হ (সত্যকামঃ) শ্বোভূতে (রাত্রেরবসানাৎ পূর্বদিবসে সমায়াতে) গাঃ অভিপ্রস্থাপয়াঞ্চকার) গুরুগৃহাভিমুখং প্রেরিতবান্)। তাঃ (শনৈঃ চরন্ত্যঃ গাবঃ) যত্র (যস্মিন্ দেশে) সায়ং (সন্ধ্যাকালে) অভিসংবভূবুঃ (একীবভূবুঃ) তত্র অগ্নিম্ উপসমাধায় (প্রজ্বাল্য) গাঃ উপরুধ্য (বদ্ধ্বা) সমিধং (যজ্ঞিয়কাষ্ঠং) আধায় (হস্তাভ্যাং ধৃত্বা) অগ্নেঃ পশ্চাৎ, প্রাক্ (পূর্বমুখঃ সন্) উপবিবেশ [অগ্নিবচনং মনসা আলোচয়ন্ ইতি শেষঃ]।

অনুবাদ। "সূর্য্যের অধিষ্ঠাত্রী দেবতা হংসরূপে আগমন করিয়া পরমাত্মার অবশিষ্ট দুইটী পাদের মধ্যে তৃতীয় পাদের বিষয় তোমাকে উপদেশ দিবেন" এই বলিয়া অগ্নি নীরব হইলেন। সত্যকামও রাত্রি প্রভাত হইলে গরুগুলিকে আবার গৃহাভিমুখে পরিচালিত করিল। তাহার পর যাইতে যাইতে যেখানে সন্ধ্যা হইয়া আসিল, সত্যকাম সেখানে অগ্নি জ্বালিয়া, গরুগুলিকে যথাস্থানে বন্ধন করিয়া, সমিধ্ সংগ্রহ করিয়া আনিল। তাহার পর পূর্ব্বমুখ হইয়া অগ্নির পশ্চাদ্ভাগে উপবেশনপূর্ব্বক অগ্নির কথামত সূর্য্যের অধিষ্ঠাত্রী দেবতার প্রতীক্ষা করিতে লাগিল।

২। তং হংস উপনিপত্যাভ্যুবাদ সত্যকাম ৩ ইতি ভগব ইতি হ প্রতিশুশ্রাব।

ব্যাখ্যা। হংসঃ (সূর্য্যস্য আধিষ্ঠাত্রী দেবতা) উপনিপত্য (তৎসকাশে অন্তরিক্ষাৎ অবতীর্য্য) তম্(সত্যকামম্) অভ্যুবাদ—[হে] সত্যকাম ইতি, ভগবঃ (ভগবান্ ইতি) হ প্রতিশুশ্রাব।

অনুবাদ। তখন আকাশ হইতে তিনি

নামিয়া আসিয়া সত্যকামের সমীপে উপবেশন করিয়া ডাকিলেন—"সত্যকাম!" সত্যকাম বিনীতভাবে উত্তর করিল—"ভগবন্—দেব"।

৩। ব্রহ্মণঃ সোম্য তে পাদং ব্রবাণীতি ব্রবীতু মে ভগবানিতি তস্মৈ হোবাচাগ্নিঃ কলা সূর্য্যঃ কলা চন্দ্রঃ কলা বিদ্যুৎ কলৈষ বৈ সোম্য চতুষ্কলঃ পাদো ব্রহ্মণো জ্যোতিষ্মান্নাম।

ব্যাখ্যা। [হে] সোম্য, [অহং] তে (তুভ্যং) ব্রহ্মণঃ পাদং ব্রবাণি ইতি [আহ সঃ হংসঃ]; ব্রবীতু মে ভগবান্ ইতি [উবাচ সত্যকামঃ]। [তদা সঃ হংসঃ, সূর্য্যাধিষ্ঠাতৃদেবঃ] তস্মৈ (সত্যকামায়) উবাচ হ অগ্নিঃ কলা (পরমাত্মনঃ তৃতীয়ভাগস্য অবান্তরঃ কশ্চিৎ অংশঃ), [তথা]-সূর্য্যঃ কলা, চন্দ্রঃ কলা, বিদ্যুৎ কলা। [হে] সোম্য, এষঃ (কথিতরূপঃ) বৈ (এব) চতুষ্কলঃ (কলানামধেয়াংশ-চতুষ্টয়বিশিষ্টঃ) ব্রহ্মণঃ পাদঃ জ্যোতিষ্মান্ নাম।

অনুবাদ। "বৎস! আমি তোমাকে ব্রহ্মের তৃতীয় পাদের বিষয় কিছু বলিতে চাই!" সত্যকাম বলিল—"দেব, বলুন আমি শুনিতেছি।" তখন তিনি

তাহাকে বলিতে লাগিলেন.—"এই যে অগ্নি দেখিতেছ, ইহাই ব্রহ্মের তৃতীয় পাদের অন্যতম কলা বা একটী মাত্র অংশ। সেইরূপ সূর্য্য, চন্দ্র ও বিদ্যুৎ ইহারাও ব্রহ্মের ঐ তৃতীয় পাদের এক একটী কলা বা অংশ-মাত্র। বৎস সত্যকাম, এই চারিটী কলা বা অংশ ব্রহ্মের জ্যোতিষ্মান্-নামক তৃতীয়পাদ।

৪। স য এতমেবং বিদ্বাংশ্চতুষ্কলং পাদং ব্রহ্মণো জ্যোতিষ্মানিত্যুপাস্তে জ্যোতিষ্মানস্মিঁল্লোকে ভবতি জ্যোতিষ্মতো হ লোকাঞ্জয়তি য এতমেবং বিদ্বাংশ্চতুষ্কলং পাদং ব্রহ্মণো জ্যোতিষ্মানিত্যুপাস্তে।

ইতি সপ্তমঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। সঃ যঃ (কশ্চিৎ) এবং বিদ্বান্, ব্রহ্মণঃ এতং চতুষ্কলং পাদং জ্যোতিষ্মান্ ইতি (জ্যোতিষ্মত্ত্বগুণেন) উপাস্তে; [সঃ উপাসকঃ জীবন্, এব] অস্মিন্ লোকে জ্যোতিষ্মান্, [দীপ্তি-মান্] ভবতি। [তথা মৃতঃ সন্] জ্যোতিষ্মতঃ (দীপ্তিময়ান্) লোকান্ (চান্দ্রাদিলোকান্,) জয়তি (অধিকরোতি)।

অনুবাদ। যে কেহ এইরূপে সমস্ত অবগত হইয়া কলাচতুষ্টয়বিশিষ্ট ব্রহ্মের এই পাদকে

জ্যোতিষ্মান্ বলিয়া উপাসনা করেন, তিনিই এই ধরিত্রী মাতার ক্রোড়ে দীপ্তিমান্ হইয়াই অবস্থান করেন, মরণের পরেও তিনি জ্যোতিষ্মান্ চন্দ্রাদিলোক সকলই লাভ করিয়া থাকেন।

সপ্তম খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

অষ্টমঃ খণ্ডঃ।

১। মদ্গুষ্টে পাদং বক্তেতি স হ শ্বোভূতে গা অভিপ্রস্থাপয়াঞ্চকার তা যত্রাভিসায়ং বভূবুস্তত্রাগ্নি-মুপসমাধায় গা উপরুধ্য সমিধমাধায় পশ্চাদগ্নেঃ প্রাঙু-পোপবিবেশ।

ব্যাখ্যা। [হে সৌম্য সত্যকাম] মদ্গুঃ (জলচরঃ পক্ষি-বিশেষঃ) তে (তুভ্যং) পাদং (ময়া কপিলাদ্ অপরং, ব্রহ্মণঃ চতুর্থভাগং) বক্তা (বক্ষ্যতি) ইতি [উক্ত্বা বিররাম সঃ হংসঃ]; সঃ হ (সত্যকামঃ) শ্বোভূতে (রাত্রেরবসানাৎ আগামিনি দিবসে সমায়াতে) গাঃ অভিপ্রস্থাপয়াঞ্চকার (গুরুগৃহাভিমুখং প্রেষিত-বান্); তাঃ (গাবঃ) যত্র (যস্মিন্ দেশে) সায়ং (সন্ধ্যায়াং)

অভিসংবভূবুঃ (একীবভূবুঃ) তত্র অগ্নিম্ উপসমাধায় (প্রজ্বাল্য) গাঃ উপরুধ্য (তাসাং প্রত্যেকং যথাস্থানং বদ্ধা) সমিধং (যজ্ঞ-কাষ্ঠং) আধায় (হস্তাভ্যাং গৃহীত্বা) প্রাক্ (পূর্ব্বাভিমুখঃ সন্) অগ্নেঃ পশ্চাৎ উপবিবেশ [প্রাণরূপিণং মদ্গুনামানং ব্রহ্মপাদো-পদেষ্টারং ধ্যায়ন্]।

অনুবাদ। "ব্রহ্মের অবশিষ্ট চতুর্থ পাদটী জলচরপক্ষিরূপী প্রাণ তোমাকে উপদেশ দিবেন" এই বলিয়া তিনি নীরব হইলেন। সত্যকামও রজনী প্রভাত হইলে গরুগুলিকে আচার্য্যভবনা-ভিমুখে পরিচালিত করিলেন। তাহার পর যাইতে যাইতে যেথানে সন্ধ্যা হইয়া আসিল, সত্যকাম, সেখানে অগ্নি জ্বালিয়া গরুগুলিকে যথাস্থানে বাঁধিয়া রাখিয়া সমিধ্ সংগ্রহ করিয়া আনিল; তাহার পর অগ্নির পশ্চাদ্ভাগে পূর্ব্বাভিমুখ হইয়া উপবেশনপূর্ব্বক সূর্য্যের কথা মত প্রাণদেবতার অপেক্ষা করিতে লাগিল।

২। তং মদ্গুরুপনিপত্যাভ্যুবাদ সত্যকাম৩ ইতি ভগব ইতি হ প্রতিশুশ্রাব।

ব্যাখ্যা। মদ্গুঃ (জলচরপক্ষিরূপী প্রাণঃ) উপনিপত্য (ঊর্দ্ধাৎ সত্যকামসমীপম্ অবতীর্য্য) তং (সত্যকামং) অভ্যু-বাদ [হে] সত্যকাম, ইতি। ভগবঃ (ভগবন্) ইতি [আহ সঃ সত্যকামঃ]।

অনুবাদ। তখন প্রাণদেবতা, জলচর পক্ষীর রূপ ধরিয়া আকাশ হইতে নামিয়া সত্যকামের সমীপে উপবিষ্ট হইয়া ডাকিলেন—"সত্যকাম!" সত্যকামও বিনীতভাবে উত্তর করিল—"ভগবন্" "বৎস, আমি তোমাকে ব্রহ্মের চতুর্থ পাদের বিষয় কিছু বলিতে চাই।" সত্যকাম বলিল, দেব, আজ্ঞা করুন, আমি শুনিতেছি।"

৩। ব্রহ্মণঃ সোম্য তে পাদং ব্রবাণীতি ব্রবীতু মে ভগবানিতি তস্মৈ হোবাচ প্রাণঃ কলা চক্ষুঃ কলা শ্রোত্রং কলা মনঃ কলৈষ বৈ সোম্য চতুষ্কলঃ পাদো ব্রহ্মণঃ আয়তনবান্নাম।

ব্যাখ্যা। [হে] সোম্য, [অহং] তে (তুভ্যং) ব্রহ্মণঃ পাদং ব্রবাণি (কথয়ানি) ইতি [উবাচ সঃ মদ্গুঃ]; ব্রবীতু মে ভগবান্ ইতি [সত্যকামোঽপি উবাচ]; [তদা সঃ মদ্গুরূপী

প্রাণঃ] তস্মৈ (সত্যকামায়) উবাচ হ প্রাণঃ কলা (পরমাত্মনঃ চতুর্থভাগস্য অবান্তরঃ কশ্চিদ্ অংশঃ), [তথা] চক্ষুঃ কলা, শ্রোত্রং কলা, মনঃ কলা, [হে] সৌম্য, এষঃ (উক্তরূপঃ) বৈ (এব) ব্রহ্মণঃ চতুষ্কলঃ পাদঃ আয়তনবান্ নাম।

অনুবাদ। তখন সেই প্রাণদেবতা তাহাকে বলিতে লাগিলেন,—"বৎস সত্যকাম! এই যে স্পন্দনাত্মক প্রাণশক্তি দেখিতেছ—ইহাই ব্রহ্মের চতুর্থপাদের অন্যতম কলা বা একটী মাত্র অংশ। সেইরূপ চক্ষুঃ, শ্রোত্র এবং মনঃ ইহারাও ঐ পাদের এক একটী কলা বা অংশমাত্র। সর্ব্বশুদ্ধ এই চারিটী কলা বা অংশই ব্রহ্মের আয়তনবান্-নামক চতুর্থ পাদ।

৪। স য এতমেবং বিদ্বাংশ্চতুষ্কলং পাদং ব্রহ্মণ আয়তনবানিত্যুপাস্তে আয়তনবানস্মিঁল্লোকে ভবত্যায়তনবতো হ লোকাঞ্জয়তি য এতমেবং বিদ্বাংশ্চতুষ্কলং পাদং ব্রহ্মণ আয়তনবানিত্যুপাস্তে ॥

ইতি অষ্টমঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। সঃ যঃ (কশ্চিৎ) এবং বিদ্বান্ ব্রহ্মণঃ এতং চতু-

কলং পাদম আয়তনবান্ ইতি (আয়তনবত্ত্বগুণেন) উপাস্তে, [সঃ উপাসকঃ] অস্মিন্ লোকে আয়তনবান্ (প্রকৃষ্টাশ্রয়সম্পন্নঃ) ভবতি; আয়তনবতঃ হ লোকান্ জয়তি (মৃতঃ সন্ সাবকাশান্ লোকান্ প্রাপ্নোতি ইত্যর্থঃ)। [যঃ এবম্ ইত্যাদি পূর্ব্ববৎ পাদপরিসমাপ্তিদ্যোতিকা দ্বিরুক্তিঃ।]

অনুবাদ। যে কেহ এইরূপে সমস্ত অবগত হইয়া চারিটী-কলাবিশিষ্ট ব্রহ্মের এই পাদকে আয়তনবান্ বলিয়া উপাসনা করেন, তিনিই তাঁহার জীবদ্দশায় উৎকৃষ্ট আশ্রয়সকল লাভ করেন এবং মরণের পরেও (তিনি) সুদূর বিতত লোকসকল অধিকার করিয়া থাকেন।

অষ্টম খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

নবমঃ খণ্ডঃ।

১। প্রাপ হাচার্য্যকুলং তমাচার্য্যোঽভ্যুবাদ সত্যকাম ৩ ইতি ভগব ইতি হ প্রতিশুশ্রাব।

ব্যাখ্যা। [সঃ সত্যকামঃ, এবং পর্য্যটন্ ব্রহ্মবিৎ সন্]

আচার্য্যকুলং (গুরুগৃহং) হ (নিশ্চয়ে) প্রাপ (প্রাপ্তবান্); আচার্য্যঃ (গৌতমঃ) তম্ (সত্যকামম্) অভ্যুবাদ ; সত্যকাম ইতি [সত্যকামশ্চ) ভগবঃ (ভগবান্) ইতি হ প্রতিশুশ্রাব (প্রত্যুক্তবান্)।

অনুবাদ। সত্যকাম এইরূপে ফিরিবার পথে ব্রহ্মের ষোলটী কলা বা অংশ সম্বন্ধে জ্ঞানলাভ করিয়া গুরুগৃহে উপস্থিত হইলেন। আচার্য্য গৌতম তাহাকে আহ্বান করিলেন "সত্যকাম!" সত্যকাম উত্তর করিলেন—"দেব, ভগবন্"।

২। ব্রহ্মবিদিব বৈ সোম্য ভাসি কো নু ত্বানু-শশাসেত্যন্যে মনুষ্যেভ্য ইতি হ প্রতিজজ্ঞে ভগবাংস্ত্বেব মে কামে ব্রূয়াৎ।

৩। শ্রুতং হ্যেব মে ভগবদ্দৃশেভ্য আচার্য্যাদ্ধ্যেব বিদ্যা বিদিতা সাধিষ্ঠং প্রাপয়তীতি তস্মৈ হৈতদেবো-বাচাত্র হ ন কিংচন বীয়ায়েতি বীয়ায়েতি।

ইতি নবমঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। [হে] সোম্য, [ত্বং] ব্রহ্মবিৎ ইব (ব্রহ্মজ্ঞবৎ) বৈ (নিশ্চয়ে) ভাসি (প্রকাশসে) ; কঃ নু ত্বা (ত্বাম্) অনু-

শশাস (ব্রহ্ম বিদ্যায়াম্ উপদিদেশ) ? ইতি। মনুষ্যেভ্যঃ অন্যে (দেবতাঃ) [মাম্ অনুশাসন্] ইতি হ প্রতিযজ্ঞে (প্রতিজ্ঞাতবান্) [সঃ সত্যকামঃ] তু (কিন্তু) ভগবান্ (পূজনীয়ঃ ভবান্) এব মে (মহ্যং) কামে (অভীষ্টব্রহ্মবিষয়ে) ব্রুয়াৎ (কথয়েৎ)।

ব্যাখ্যা। হি (যতঃ) মে (মম, ময়া ইত্যর্থঃ) ভগবদ্দৃশেভ্যঃ (ভগবৎসদৃশেভ্যঃ) শ্রুতম্ (জ্ঞাতম্) এব [যৎ] বিদ্যা আচার্য্যাৎ বিদিতা (বিজ্ঞাতা) এব সাধিষ্ঠং (সাধুতমতাম্) প্রাপয়তি (প্রাপ্নোতি ইত্যর্থঃ) হ ইতি। [আচার্য্যঃ গৌতমশ্চ শ্রুত্বা এতৎ] তস্মৈ (সত্যকামায়) এতৎ (এতাং দৈবৈঃ উক্তাং বিদ্যাম্) এব উবাচ হ ; ন কিঞ্চন বীয়ায় (ষোড়শকলবিদ্যায়াঃ একদেশমাত্রম্ অপি ন পরিত্যক্তম্ অভূৎ ইত্যর্থঃ) ইতি। বীয়ায় ইতি দ্বিরুক্তিঃ বিদ্যাপরিসমাপ্তিসূচিকা।

অনুবাদ। "বৎস, তোমাকে যেন ঠিক্ ব্রহ্মবিদের ন্যায় দেখাইতেছে,তাই জিজ্ঞাসা করিতেছি, কে তোমাকে এ বিষয়ে শিক্ষা দিয়াছেন ?" সত্যকাম প্রতিজ্ঞা করিয়া বলিলেন যে, "দেব, আমি কোন মানুষের নিকট হইতে শিক্ষা লাভ করি নাই, দেবতারাই আমাকে এ বিষয়ে শিক্ষা দিয়াছেন। কিন্তু তাহা হইলেও আপনিই পুনর্ব্বার আমায় এই চিরাভীষ্ট ব্রহ্মজ্ঞান বিষয়ে উপদেশ প্রদান করুন।

কারণ, আমি আপনাদের মত লোকের নিকটই শুনিয়াছি যে, গুরুর নিকট হইতে শিক্ষালব্ধ বিদ্যাই অধিকতর ফলপ্রদ হইয়া থাকে।” সত্যকামের এই কথা শুনিয়া আচার্য্য গৌতম তাঁহাকে বায়ু, অগ্নি, সূর্য্য ও প্রাণদেবতার নিকট হইতে সে যাহা শিখিয়া আসিয়াছিল, অবিকল তাহাই বলিয়া গেলেন, কিছুই বাদ দিলেন না।

নবম খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

দশমঃ খণ্ডঃ।

১। উপকোসলো হ বৈ কামলায়নঃ সত্যকামে জাবালে ব্রহ্মচর্য্যমুবাস তস্য হ দ্বাদশবর্ষাণ্যগ্নীন্ পরিচচার স হ স্মান্যানন্তেবাসিনঃ সমাবর্ত্তয়ংস্তং হ স্মৈব ন সমাবর্ত্তয়তি।

ব্যাখ্যা। কামলায়নঃ (কমলপুত্রঃ) উপকোসলঃ (নাম) হ (প্রসিদ্ধো) বৈ সত্যকামে জাবালে (জবালাপুত্রে) ব্রহ্মচর্য্যং

(বেদাধ্যয়নার্থম্ নিয়মবিশেষম্) [আশ্রিত্য] উবাস ; [তস্য] দ্বাদশবর্ষাণি [ব্যাপ্য] তস্য (আচার্য্যস্য সত্যকামস্য) অগ্নীন্ [চ] পরিচচার (অগ্নিপরিচর্য্যাং চ কৃতবান), সঃ (সত্যকামঃ) হ অন্যান্ অন্তেবাসিনঃ (শিষ্যান্) সমাবর্ত্তয়ন্ (তেষাং সমাবর্ত্তনাখ্যসংস্কারঃ সাধয়ন্) [তান্ ব্রহ্মচর্য্যং সমাপয্য গৃহং প্রতি প্রেষয়ন্] তম্ (উপকোশলং , হ ন এব সমাবর্ত্তয়তি স্ম (গৃহস্থাশ্রমং প্রতি ন প্রেষয়তি স্ম) ।

অনুবাদ। কমলপুত্র উপকোসল, জবালা-পুত্র সত্যকামের নিকট ব্রহ্মচর্য্য-ব্রত অবলম্বন করিয়া বাস করিতেছিলেন। তিনি বার বৎসর ধরিয়া তাঁহার অগ্নির পরিচর্য্যা করিলেও আচার্য্য কিন্তু এক-মাত্র উপকোসলকে ব্যতীত তাঁহার অন্যান্য শিষ্য-গণকে বেদবিদ্যা শিক্ষা দিয়া গৃহে ফিরিয়া যাইবার আদেশ দিলেন।

২। তং জায়োবাচ তপ্তো ব্রহ্মচারী কুশলমগ্নী-ন্পরিচচারীন্মা ত্বাগ্নয়ঃ পরিপ্রবোচন্ প্রব্রূহ্যস্মা ইতি তস্মৈ হাপ্রোচ্যৈব প্রবাসাং চক্রে।

ব্যাখ্যা। জায়া (সত্যকামপত্নী) তম্ (সত্যকামং) উবাচ, তপ্তঃ (তপোযুক্তঃ) ব্রহ্মচারী কুশলম্ (সম্যক্) অগ্নীন্ পরি-

চচারীৎ (সেবিতবান্), [অতঃ অগ্নিভক্তস্য অস্য উপকোসলস্য সমাবর্ত্তনে ত্বয়া অনুমতিরবশ্যমেব দেয়া, অপি তু ন দীয়তে, এতস্মাৎ হেতোঃ অস্মদ্ভক্তং ন সমাবর্ত্তয়তি ইতি মত্বা] অগ্নয়ঃ ত্বা (ত্বাং) মা পরিপ্রবোচন্ (তব নিন্দাং ন চক্রুঃ) ; [অতঃ] অস্মৈ (উপকোসলায়) প্রব্রূহি (বিদ্যাম্ উপদিশ) । [সত্যকামঃ চ] তস্মৈ (উপকোসলায়) অপ্রোচ্য (বিদ্যাম্ অনুপদিশ্য) এব প্রবাসাঞ্চক্রে (প্রবাসং গতঃ) ।

অনুবাদ । আচার্য্য সত্যকামের পত্নী এই আশ্চর্য্য ব্যবহার লক্ষ্য করিয়া তাঁহাকে বলিবেন, "প্রভো ! এই তেজস্বী ব্রহ্মচারী তো উত্তমরূপেই অগ্নিসমূহের পরিচর্য্যা করিয়াছেন, তবে কেন আপনি এই অগ্নির প্রতি শ্রদ্ধাশীল ব্রাহ্মণকুমারকে বেদবিদ্যা শিক্ষা দিয়া গৃহে প্রত্যাবৃত্ত হইবার আদেশ প্রদান করিলেন না ? অগ্নিরা আবার 'আমাদের ভক্তকে বেদবিদ্যা শিক্ষা দিয়া গৃহে ফিরিয়া যাইবার আদেশ প্রদান করিল না' ভাবিয়া আপনার নিন্দা না করেন ; অতএব ইহাকে বেদবিদ্যা শিক্ষা দেওয়াই ভাল বলিয়া আমার মনে হয় ।" কিন্তু সত্যকাম তাহাকে বেদবিদ্যা শিক্ষা না দিয়াই প্রবাসে চলিয়া গেলেন ।

৩। স হ ব্যাধিনানশিতুং দধ্রে; তমাচার্য্যজায়োবাচ ব্রহ্মচারিন্নশান কিংনু নাশ্নাসীতি ; স হোবাচ বহব ইমেঽস্মিন্ পুরুষে কামা নানাত্যয়া ব্যাধিভিঃ প্রতিপূর্ণোঽস্মি নাশিষ্যামীতি।

ব্যাখ্যা। সঃ উপকোসলঃ) হ (ঐতিহ্য) ব্যাধিনা (মনোদুঃখেন) অনশিতুং (অশনং পরিত্যক্তুং) দধ্রে (মনো ধৃতবান্) [দৃঢ়নিশ্চয়ঃ সঞ্জাতঃ ইত্যর্থঃ] ; আচার্য্যজায়া (সত্যকামপত্নী) তম্ (উপকোসলম্) উবাচ [হে] ব্রহ্মচারিন্ অশান (অশনং গৃহাণ), কিং নু (কস্মাৎ কারণাৎ) ন অশ্নাসি (ন ভক্ষয়সি) সঃ (উপকোসলঃ) হ উবাচ [আচার্য্যপত্নীং] অস্মিন্ পুরুষে (ময়ি) নানাত্যয়াঃ (বহুবিঘ্নবিহতাঃ) কামাঃ (অভিলাষাঃ) [বর্ত্তন্তে]। ব্যাধিভিঃ (অপূর্ণকামতয়া মানসিকৈঃ ক্লেশৈঃ) প্রতিপূর্ণঃ (পরিপূর্ণঃ) অস্মি [অহম্ ইতি শেষঃ] ; [অতঃ] ন অশিষ্যামি (কিঞ্চিদপি ন ভক্ষয়িষ্যামিঃ)।

অনুবাদ। উপকোসল ইহা দেখিয়া মনের দুঃখে আহার পরিত্যাগ করিবার সঙ্কল্প করিলেন ; তখন গুরুপত্নী আসিয়া তাহাকে বলিলেন যে, "হে ব্রহ্মচারিন্, তুমি ভোজন করিতেছ না কেন ? আমি বলিতেছি তুমি ভোজন কর"। গুরুপত্নীর এই কথায়

উপকোসল উত্তর করিলেন যে "আমাতে আমার অনেক কামনা, অনেক বাসনা অপূর্ণ রহিয়া গিয়াছে, তাই দুঃখে আমার হৃদয় পরিপূর্ণ, আমি কিছুই খাইব না।

৪। অথ হাগ্নয়ঃ সমূদিরে তপ্তো ব্রহ্মচারী কুশলং নঃ পর্যচারীদ্ধন্তাস্মৈ প্রব্রবামেতি তস্মৈ হোচুঃ।

ব্যাখ্যা। অথ (উপকোসলস্য অনশনাধ্যবসায়ানন্তরং) হ অগ্নয়ঃ (গার্হপত্যাদয়ঃ ত্রয়োঽপি) সমূদিরে (সম্ভূয় উক্তবন্তঃ) তপ্তঃ (তপস্যাপরায়ণঃ) ব্রহ্মচারী (ব্রহ্মচর্য্যব্রতাবলম্বী অযম্ উপকোসলঃ) নঃ (অস্মান্) কুশলং (নিপুণং যথা স্যাৎ তথা) পর্য্যচারীৎ (সেবিতবান্); হন্ত (অধুনা) অস্মৈ (উপকোসলায়) প্রব্রবাম (ব্রহ্মবিদ্যাম্ এতদভিলষিতাম্ উপদিশামঃ) ইতি (নিশ্চিত্য) তস্মৈ (উপকোসলায়) হ উচুঃ (উপদিষ্টবন্তঃ) [কিম্ ইত্যাহ] প্রাণঃ ব্রহ্ম, কং ব্রহ্ম, খং ব্রহ্ম ইতি।

অনুবাদ। উপকোসলকে উপবাস করিতেই স্থিরসঙ্কল্প দেখিয়া গার্হপত্যপ্রভৃতি অগ্নিত্রয় পরস্পর মিলিত হইয়া বলিয়াছিলেন যে, "এই তপস্যাপরায়ণ ব্রহ্মচারী উপকোসল অতি উত্তমরূপেই আমা-

সেবা করিয়াছে, অতএব এস, আমরা অতি আনন্দের সহিত ইহাকে ব্রহ্মবিদ্যা শিক্ষা দান করি।” এইরূপ পরামর্শ করিয়া তাঁহারা উপকোসলকে বলিলেন যে, প্রাণ, ক এবং খকে ব্রহ্ম বলিয়া জানিবে।

৫। প্রাণো ব্রহ্ম কং ব্রহ্ম খং ব্রহ্মেতি স হোবাচ বিজানাম্যহং, যৎ প্রাণো ব্রহ্ম কঞ্চ তু খঞ্চ ন বিজানামীতি ; তে হোচুর্যদ্বাব কং তদেব খং যদেব খং তদেব কমিতি প্রাণং চ হাস্মৈ তদাকাশং চোচুঃ॥

ইতি দশমঃ খণ্ডঃ।

৩। বেথ যথাসৌ লোকো ন সম্পূর্য্যত ৩ ইতি ন ভগব ইতি বেথ যথা পঞ্চম্যামাহুতাবাপঃ পুরুষ-বচসো ভবন্তীতি নৈব ভগব ইতি।

ব্যাখ্যা। [প্রবাহণঃ তং শ্বেতকেতুং উবাচ, যদি অনুশিষ্টঃ অসি পিত্রা, তদা] বেথ (জানাসি ত্বং কুমার,) প্রজাঃ জীবাঃ) [মরণানন্তরম্] ইতঃ (অস্মাৎ লোকাৎ) অধি (উর্দ্ধং লোকং) যৎ প্রযন্তি (গচ্ছন্তি ?) ইতি। [অপরঃ শ্বেতকেতুঃ আহ] ভগবঃ (হে ভগবন্) ন (নাহং বেদ্মি ইত্যর্থঃ) ইতি। বেথ যথা (যেন প্রকারেণ) পুনরাবর্ত্তন্তে (ইমং লোকং পুনঃ প্রত্যাগচ্ছন্তি)। ন ভগবঃ (ভগবন্,) ইতি [আহ শ্বেতকেতুঃ]— বেথ (জানীষে) দেবযানস্য পিতৃযানস্য চ পথোঃ (মার্গয়োঃ) ব্যাবর্ত্তনা (পরস্পরবিয়োগস্থানম্ ?) ন ভগবঃ (ভগবন্) ইতি [পুনরপি আহ শ্বেতকেতুঃ]।

ব্যাখ্যা। বেথ (জানাসি কিং) যথা (যেন কারণেন) অসৌ লোকঃ (পিতৃসম্বন্ধী চন্দ্রলোকঃ) ন সম্পূর্য্যতে

(বহুভিঃ প্রয়দ্ভিঃ অপি সম্পূর্ণঃ ন ভবতি)। [শ্বেতকেতুঃ পুনরবদেব আহ—] ন ভগবঃ (ভগবন্) ইতি। বেথ, পঞ্চম্যাম্ আহুতৌ (হুতায়াং সত্যাং) আপঃ (সোমাজ্যরূপাঃ) যথা (যেন প্রকারেণ) পুরুষবচসোঃ (পুরুষপদবাচ্যাঃ) ভবন্তি? ইতি ভগবঃ (ভগবন্) নৈব (বেদ্মি ইত্যর্থঃ) [আহ— শ্বেতকেতুঃ]।

অনুবাদ। তখন প্রবাহণ শ্বেতকেতুকে জিজ্ঞাসা করিলেন যে, "কুমার, যদি পিতা তোমাকে উপদেশ দিয়া থাকেন, তবে বল দেখি, এই প্রাণি-সকল মৃত্যুর পর এই পৃথিবী হইতে উর্দ্ধে কোন্ লোকে প্রস্থান করে?" শ্বেতকেতু উত্তর করিলেন, 'তাহা তো আমি জানি না দেব'। "আচ্ছা, জান কি তাহারা আবার কেমন করিয়া এই পৃথিবীতে ফিরিয়া আসে?" শ্বেতকেতু পুনরায় উত্তর করিলেন—"না ভগবন্, আমি জানি না।" প্রবাহণ পুনরায় জিজ্ঞাসা করিলেন "আচ্ছা, তুমি কি দেবযান ও পিতৃযান পথদুইটী পরস্পর যেখান হইতে পৃথক্ হইয়া গিয়াছে তাহা জান?" শ্বেতকেতু পুনর্ব্বার উত্তর করিলেন, "না ভগবন্, আমি জানি না।"

অনুবাদ। তখন প্রবাহণ আবার জিজ্ঞাসা করিলেন, "তুমি কি জান দেবযানপথে নিত্য বহুলোক চন্দ্রলোকে গমন করিলেও তাহা পূর্ণ হইতেছে না কেন?" শ্বেতকেতু বলিলেন, "না ভগবন্ আমি তাহা জানি না।" "তুমি জান কি? পঞ্চসংখ্যক আহুতি দ্বারা আহূতঃ সোম ঘৃতাদি দ্রব্য কেমন করিয়া ক্রমে ক্রমে জীবরূপে পরিণত হয়? না ভগবন্, আমিত ইহা জানিই না।"

৪। অথানু কিমনুশিষ্টোঽবোচথ যো হীমানি ন বিদ্যাৎ কথংসোঽনুশিষ্টো ব্রুবীতেতি স হায়স্তঃ পিতুরর্দ্ধমেয়ায় তংহোবাচাঽননুশিষ্য বাব কিল মা ভগবানব্রবীদনু ত্বাশিষমিতি।

ব্যাখ্যা। অথ (অনন্তরং) [প্রবাহণঃ উবাচ] [এবম্ অজ্ঞঃ সন্] কিং (কস্মাৎ) [ত্বং] অনুশিষ্টঃ (পিত্রা উপদিষ্টঃ অস্মি ইতি) অবোচথাঃ (উক্তবান্ অসি?) হি (যতঃ) যঃ (জনঃ) ইমানি (পূর্ব্বোক্তানি প্রশ্নোত্তরাণি) ন বিদ্যাৎ সঃ কথং [বিদ্বৎসমিতিষু] অনুশিষ্টঃ (উপদিষ্টঃ অস্মি ইতি) ব্রুবীত ইতি, সঃ (শ্বেতকেতুঃ) হ আয়স্তঃ (রাজ্ঞা এবম্ আয়-সিতঃ ক্লেশিতঃ সন্) পিতুঃ অর্দ্ধম্ (স্থানং সমীপম্ ইত্যর্থঃ)

প্রথায (জগাম); [গত্বা চ] তং (পিতরং) হ উবাচ—ভগবান্ (পূজনীয়ঃ ভবান্) মা (মাং) কিল অননুশিষ্য (অনুশাসনম্ উপদেশম্ অদত্ত্বৈব) ত্বা (ত্বাম্) অন্বশিষম্ (অনুশিষ্টবান্ অস্মি) ইতি অব্রবীৎ [মম সমাবর্ত্তনকালে ইত্যর্থঃ)।

অনুবাদ। তখন প্রবাহণ বলিলেন, "যদি কিছু না-ই জান, তবে কেন পণ্ডিতসভায় আসিয়া বলিলে যে, আমি সব জানি, পিতা আমাকে সব শিখাইয়াছেন? যে লোক আমার এই কয়টী প্রশ্নের উত্তরও জানে না, সে কেমন করিয়া নিজেকে শিক্ষিত বলিয়া পরিচয় দিতে পারে?" রাজার এই কথায় শ্বেতকেতু বড় ব্যথিত হইয়া গৃহে পিতার নিকট গমন করিলেন। সেখানে গিয়া তাঁহাকে বলিলেন, 'আপনি আমাকে ভাল করিয়া শিক্ষা না দিয়াই কেন বলিয়াছিলেন যে তোমাকে আমি শিক্ষা দিয়াছি, তুমি বেশ শিক্ষিত হইয়াছ।'

৫। পঞ্চ মা রাজন্যবন্ধুঃ প্রশ্নানপ্রাক্ষীত্তেষাং নৈকঞ্চনাশকং বিবক্তুমিতি। স হোবাচ যথা মা ত্বং তদৈতানবদো যথাহমেষাং নৈকঞ্চন বেদ যদ্যহমিমানবেদিষ্যং কথং তে নাবক্ষ্যমিতি।

ব্যাখ্যা। রাজন্যবন্ধুঃ (রাজন্যাঃ বন্ধবঃ অস্য ইতি রাজন্য-বন্ধুঃ, স্বয়ং তু দুর্বৃত্তঃ এব ইত্যভিপ্রায়ঃ) মা (মাং) পঞ্চ প্রশ্নান্ অপ্রাক্ষীৎ (পৃষ্টবান্)। [অহং তু] তেষাং (প্রশ্নানাং) একঞ্চন (একমপি) বিবক্তুং (বিশেষেণ অর্থতঃ নির্দেষ্টুং) ন অশকম্ (শক্তঃ ন অভবম্) ইতি। সঃ (পিতা) হ উবাচ— তুং তদা (আগতমাত্র এব) মা (মাং) যথা এতান্ (পঞ্চ-প্রশ্নান্) অবদঃ (কথিতবান্ অসি) যথা, "অহম্ এষাম্ একঞ্চন [অপি] ন বেদ" ইতি, [তথা অহম্ অপি এষাম্ একমপি প্রশ্নং বিবক্তুং ন জানে], যদি অহম্ ইমান্ (প্রশ্নান্) অবেদিষ্যম্ (বিদিতবান্ অস্মি), কথং তে (তুভ্যং) [প্রিয়ায় পুত্রায় পুরা সমাবর্ত্তনকালে] ন অবক্ষ্যম্ (ন উক্তবান্ অস্মি)? ইতি [অতঃ পাত্রভূতস্য তব অনুপদেশাৎ মদীয়ম্ এতদবিষয়কম্ অজ্ঞানমেব ত্বয়া বোদ্ধব্যম্ ইতি]।

অনুবাদ। "সেই পঞ্চালদেশের রাজা আমাকে পাঁচটী প্রশ্ন জিজ্ঞাসা করিয়াছিল, আমি কিন্তু তাহার একটীও উত্তর করিতে পারি নাই।' পিতা বলিলেন, তুমি যখন আসিয়াই আমার নিকট প্রশ্ন-কয়টী উল্লেখ করিয়া বলিয়াছিলে যে, "আমি ইহার একটীরও উত্তর করিতে পারি নাই" তখন আমিও চিন্তা করিয়া তোমারই মত তাহাদের কোনটীরও

উত্তর করিতে পারি নাই। যদি আমি ঐ প্রশ্ন কয়-টীর উত্তর জানিতাম, তবে কেন তোমার মত যোগ্য পুত্রকে তাহা না বলিব?

৬। স হ গৌতমো রাজ্ঞোঽর্দ্ধমেয়ায় তস্মৈ হ প্রাপ্তায়ার্হাঞ্চকার, স হ প্রাতঃ সভাগ উদেয়ায়, তং হোবাচ মানুষস্য ভগবন্ গৌতম বিত্তস্য বরং বৃণীথা ইতি। স হোবাচ তবৈব রাজন্ মানুষং বিত্তং যামেব কুমারস্যান্তে বাচমভাষথাস্তামেব মে ব্রূহীতি। স হ কৃচ্ছ্রীবভূব

ব্যাখ্যা। সঃ গৌতমঃ (গোতমগোত্রপ্রসূতঃ শ্বেতকেতোঃ পিতা, আরুণিঃ) রাজ্ঞঃ (প্রবাহণস্য) অর্দ্ধং (স্থানম্) এয়ায় (জগাম) হ। [স চ প্রবাহণঃ] প্রাপ্তায় (গৃহাগতায়) তস্মৈ (গৌতমায়) অর্হাং (পূজাং) চকার হ। সঃ (গৌতমঃ) হ প্রাতঃ (প্রভাতে) সভাগে (রাজনি প্রবাহণে সভাং গতে সতি) উদেয়ায় (তস্মিন্ সভাস্থলে রাজ্ঞঃ সমীপে উপতস্থৌ)। [রাজা প্রবাহণঃ] তম্ (গৌতমং শ্বেতকেতুপিতরম্) উবাচ হ, "ভগবন্ (দেব) গৌতম, মানুষস্য (মনুষ্যসম্বন্ধিনঃ) বিত্তস্য (রত্নাদি-পার্থিবসম্পদঃ) বরং (প্রার্থনাং) বৃণীথাঃ (প্রার্থয়েথাঃ) ইতি। সঃ হ উবাচ—হে রাজন্! মানুষং বিত্তম্ (পার্থিবসম্পৎ) তব এব [তিষ্ঠতু], কুমারস্য (বালকস্য, মম পুত্রস্য) অন্তে

(সমীপে) যাম্ এব বাচং (পঞ্চপ্রশ্নরূপাম্) অভাষথাঃ (উক্তবান্ অসি) তাম্ এব (বাচং) [প্রশ্নানাং পূর্ব্বেষাম্ উত্তররূপাম্ ইতি শেষঃ] মে (মহ্যং) ব্রূহি ইতি ; [এতদাকর্ণ্য] সঃ (রাজা) কৃচ্ছ্রী (কথং তু ইদম্ ইতি দুঃখী) বভূব।

অনুবাদ। গোতম তখন নিজেই রাজার নিকট গমন করিলেন। রাজাও তাঁহাকে গৃহে পাইয়া যথাবিধি পূজা করিলেন। পরদিন প্রভাতে রাজা সভায় উপস্থিত হইলে গোতম তাঁহার সহিত গিয়া দেখা করিলেন। তখন রাজা তাঁহাকে বলিলেন, 'দেব, আপনি মানুষের প্রিয় যে পার্থিব সম্পৎ ভালবাসেন, তাহা আমার কাছে প্রার্থনা করুন।' তাহা শুনিয়া গোতম বলিলেন—"মহারাজ, মানুষের প্রিয় পার্থিব সম্পদ্‌গুলি আপনারই থাক, আপনি কেবল আমার পুত্রের নিকট যে পাঁচটী প্রশ্ন করিয়াছিলেন, তাহার উত্তর কয়টী আমাকে বলুন।' রাজা গোতমের এই অন্যায় প্রার্থনায় ক্ষুব্ধ হইয়া মনে করিলেন—"ইহা কিরূপ হইল।"।

৭। তথ্‌হ চিরং বসেত্যাজ্ঞাপয়াঞ্চকার

তং হোবাচ যথা মা ত্বং গৌতমাবদো যথেয়ং ন প্রাক্ ত্বত্তঃ পুরা বিদ্যা ব্রাহ্মণান্ গচ্ছতি তস্মাদু সর্ব্বেষু লোকেষু ক্ষত্রস্যৈব প্রশাসনমভূদিতি তস্মৈ হোবাচ।

ইতি তৃতীয়ঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। [ততঃ সঃ প্রবাহণঃ] তং (গৌতমং) চিরং (দীর্ঘকালং) বস (অত্র তিষ্ঠ) ইতি আজ্ঞাপয়াঞ্চকার (আদিদেশ)। তম্ (গৌতমং) উবাচ হ [রাজা]—[হে] গৌতম! ত্বং যথা (যেন প্রকারেণ) মা (মাং) অবদঃ (তাম্ এব বিদ্যালক্ষণাং বাচং মে ব্রূহি' ইতি যাচিতবান্ অসি) [অতঃ ত্বম্ এব ইদানীং জানীহি]; [কিন্তু অত্র অস্তি কিঞ্চিৎ বক্তব্যং]—[যস্মাৎ] ইয়ং বিদ্যা (পঞ্চপ্রশ্নাত্মিকা) যথা (যেন প্রকারেণ) ত্বত্তঃ প্রাক্ (পূর্ব্বং) ব্রাহ্মণান্ পুরা ন গচ্ছতি [ব্রাহ্মণাঃ ন অনয়া বিদ্যয়া অনুশাসিতবন্তঃ] তস্মাৎ (অস্মিন্ বিদ্যাবিষয়ে ব্রাহ্মণানাম্ অজ্ঞাননিবন্ধনাৎ) উ (এব) সর্ব্বেষু লোকেষু ক্ষত্রস্য (ক্ষত্রিয়জাতেঃ) প্রশাসনম্ (অনয়া বিদ্যয়া শিষ্যাণাম্ উপদেশদানকর্তৃত্বম্) অভূৎ ইতি [উক্ত্বা, রাজা] তস্মৈ (গৌতমায়) উবাচ হ [বিদ্যাম্]।

অনুবাদ। তখন রাজা তাঁহাকে যেন

নিয়ম, সেইরূপ ভাবে বিদ্যা দান করিবার ইচ্ছায় বলিলেন যে, "আপনাকে তবে এখন এখানে দীর্ঘকাল অপেক্ষা করিতে হইবে।" তাহার পর তিনি ব্রাহ্মণকে প্রত্যাখ্যান করা বা দীর্ঘকাল বসাইয়া কষ্ট দেওয়া উচিত নহে মনে করিয়া পুনর্ব্বার গৌতমকে বলিলেন যে, "দেখুন, আপনি যখন সর্ব্ববিদ্যায় বিশারদ ব্রাহ্মণ হইয়াও কেবল এইটীই জানা না থাকায় আমাকে তাহা বলিবার জন্য অনুরোধ করিতেছেন, তখন আমি ইহা আপনাকে নিশ্চয়ই বলিব ; কিন্তু জানিবেন যে, আপনার পূর্ব্বে কোন ব্রাহ্মণই এই বিদ্যা জানিতেন না। সেই জন্য সমস্ত জগতের মধ্যে কেবল ক্ষত্রিয়েরাই ইহার গুরু ছিলেন। এতদিন কেবল তাঁহারাই বিনীতভাবে সমাগত শিষ্যদিগকে ইহা শিক্ষা দিয়া আসিয়াছেন।" প্রবাহণ এই বলিয়া তাঁহাকে প্রথমে পঞ্চাগ্নি বিদ্যা বিষয়ে উপদেশ দিতে আরম্ভ করিলেন।

তৃতীয় খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

চতুর্থঃ খণ্ডঃ।

১। অসৌ বাব লোকো গৌতমাগ্নিস্তস্যাদিত্য এব সমিদ্রশ্ময়ো ধূমোঽহরর্চিশ্চন্দ্রমা অঙ্গারা নক্ষত্রাণি বিস্ফুলিঙ্গাঃ।

ব্যাখ্যা। [হে] গৌতম ! অসৌ (ঊর্দ্ধস্থঃ) বাব (প্রসিদ্ধঃ) লোকঃ (দ্যুলোকঃ) অগ্নিঃ (পঞ্চমাহুতেঃ আধারস্বরূপঃ)। তস্য (দ্যুলোকরূপিণঃ অগ্নেঃ) আদিত্যঃ (সূর্য্যঃ) এব সমিৎ (কাষ্ঠস্থানীয়ঃ) ; [সূর্য্যরূপিণা কাষ্ঠেন হি ইদ্ধঃ সন্ অসৌ অগ্নিরূপী দ্যুলোকঃ দীপ্যতে ইতি ভাবঃ], রশ্ময়ঃ (সূর্য্যকিরণাঃ) ধূমঃ (ধূমঃ ইব সূর্য্যরূপিণঃ হোমীয়কাষ্ঠাৎ সমুত্থানাৎ), অহঃ (দিনং) অর্চ্চিঃ (শিখা) [প্রকাশসাদৃশ্যাৎ সূর্য্যকার্য্যাৎ চ], চন্দ্রমাঃ অঙ্গারাঃ (শিখারূপিণঃ অহ্নঃ প্রশমে প্রকাশাৎ) ; নক্ষত্রাণি বিস্ফুলিঙ্গাঃ (অঙ্গাররূপিণঃ চন্দ্রমসঃ অবয়বা ইব বিপ্রকীর্ণত্বসাদৃশ্যাৎ ইতি ভাবঃ)।

অনুবাদ। রাজা বলিলেন—"দেখ গৌতম, ঐ যে ঊর্দ্ধে অনেক দূরে স্বর্গলোক দেখা যাইতেছে—উহাই অগ্নি ; ঐ অগ্নির সমিধ্ অর্থাৎ কাষ্ঠ স্বয়ং সূর্য্য আর তাঁহার কিরণগুলি উহার ধূম। উজ্জ্বল দিনগুলিই সেই অগ্নির এক একটী শিখা। চন্দ্রমা

তাহার অঙ্গার আর তারকাগুলিই তাহার স্ফুলিঙ্গ বা অগ্নিকণা।

২। তস্মিন্নেতস্মিন্নগ্নৌ দেবাঃ শ্রদ্ধাং জুহ্বতি তস্যা আহুতেঃ সোমো রাজা সম্ভবতি।

ইতি চতুর্থঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। দেবাঃ (যজমানপ্রাণাঃ, পক্ষে অগ্ন্যাদয়শ্চ) তস্মিন্ এতস্মিন্ (পূর্ব্বোক্তে) অগ্নৌ (দ্যুলোকরূপিণি বহ্নৌ) শ্রদ্ধাং (শ্রদ্ধাপূর্ব্বকসম্পাদিতাম্ অগ্নিহোত্রাহুতিপরিণতাং সূক্ষ্মাপ্‌স্বরূপাং) জুহ্বতি। তস্যাঃ (শ্রদ্ধারূপায়াঃ) আহুতেঃ রাজা (দীপ্তিমান্) সোমঃ (চন্দ্রঃ) সম্ভবতি (জায়তে, উৎপদ্যতে ইত্যর্থঃ)।

অনুবাদ। পূর্ব্বের ঐ অগ্নিতেই দেবতারা অগ্নিহোত্র যজ্ঞে শ্রদ্ধা-পূর্ব্বক আহুত সোমরস, ঘৃত প্রভৃতির পরিণাম, সূক্ষ্ম জলকণিকাকে আহুতিরূপে প্রদান করেন। সেই আহুতি হইতে দীপ্তিমান্ চন্দ্রের উৎপত্তি হয়।

চতুর্থ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

পঞ্চমঃ খণ্ডঃ।

১। পর্জ্জন্যো বাব গৌতমাগ্নিস্তস্য বায়ুরেব সমিদভ্রং ধূমো বিদ্যুদর্চিরশনিরঙ্গারা হ্রাদনয়ো বিস্ফুলিঙ্গাঃ।

ব্যাখ্যা। [অধুনা পঞ্চমহোমপর্য্যায়ম্ উক্ত্বা, দ্বিতীয়ম্ আহ]—হে গৌতম! পর্জ্জন্যঃ (মেঘঃ, বৃষ্ট্যুপকরণাভিমানিনী দেবতা ইত্যর্থঃ) বাব (এব) অগ্নিঃ; তস্য (মেঘরূপিণঃ অগ্নেঃ) বায়ুঃ এব সমিৎ [বায়ুনা হি মেঘরূপী অগ্নিঃ সমিধ্যতে ইতি ভাবঃ]; অভ্রং (জলভৃতঃ মেঘঃ) ধূমঃ (ধূমবদ্ দৃশ্যমানত্বাৎ ধূম ইত্যর্থঃ) বিদ্যুৎ (তড়িদেব) অর্চিঃ (প্রকাশসাদৃশ্যাৎ শিখা) অশনিঃ (বজ্রং) অঙ্গারাঃ (বিদ্যুদ্রূপার্চিঃসম্পর্কাৎ) হ্রাদনয়ঃ (মেঘগর্জ্জনানি) বিস্ফুলিঙ্গাঃ (স্ফুলিঙ্গবৎ বিপ্রকীর্ণ স্বভাবাঃ)।

অনুবাদ। রাজা বলিলেন,—'দেখ গৌতম, প্রসিদ্ধ মেঘগুলিই অগ্নি আর বায়ু তাহার কাষ্ঠ; কারণ প্রায়ই দেখা যায় যে, পূর্ব্বে বায়ু প্রবল হইলেই আকাশে মেঘ জমিয়া বৃষ্টি হইয়া থাকে। সেইরূপ জলভরা, ধূম্রবর্ণ পুঞ্জ পুঞ্জ মেঘমালাই

ঐ অগ্নির ধূম, বিদ্যুৎ শিখা, বজ্র অঙ্গার আর মেঘ গর্জ্জনই স্ফুলিঙ্গরাশি।

২। তস্মিন্নেতস্মিন্নগ্নৌ দেবাঃ সোমꣳ রাজানং জুহ্বতি তস্যা আহুতের্বর্ষꣳ সম্ভবতি।

ইতি পঞ্চমঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। তস্মিন্ এতস্মিন্ (পূর্ব্বোক্তলক্ষণে) অগ্নৌ (পর্জ্জন্য-রূপিণি বহ্নৌ) দেবাঃ (যজমানপ্রাণাঃ পক্ষে অগ্ন্যাদয়শ্চ) সোমং রাজানং (শ্রদ্ধাহুতিপরিণতং দীপ্তিমন্তং চন্দ্রমসং) জুহ্বতি (আহুতিরূপেণ অর্পয়ন্তি); তস্যাঃ (সোমরূপায়াঃ) আহুতেঃ বর্ষং (বৃষ্টিং) সম্ভবতি।

অনুবাদ। এই অগ্নিতেই দেবতারা চন্দ্রকে আহুতি প্রদান করেন। সেই আহুতি হইতেই বৃষ্টির উৎপত্তি হয়।

পঞ্চম খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

ষষ্ঠঃ খণ্ডঃ।

১। পৃথিবী বাব গৌতমাগ্নিস্তস্যাঃ সংবৎসর এব সমিদাকাশো ধূমো রাত্রিরর্চির্দিশোঽঙ্গারা অবান্তরদিশো বিস্ফুলিঙ্গাঃ।

ব্যাখ্যা। [তৃতীয়াহুতিরিদানীমুচ্যতে];—হে গৌতম! পৃথিবী বাব (এব) অগ্নিঃ; তস্যাঃ (অগ্নিরূপায়াঃ পৃথিব্যাঃ) সংবৎসরঃ এব সমিৎ [যতঃ তাবতা এব কালেন সমিদ্ধা পৃথিবী শস্যাদি-নিষ্পত্তয়ে ভবতি]; আকাশঃ ধূমঃ [যতঃ অগ্নের্ধূমবৎ পৃথিব্যা ইব উত্থিতঃ আকাশঃ দৃশ্যতে]; রাত্রিঃ অর্চিঃ (শিখা) [মলিনায়াঃ পৃথিব্যাঃ অর্চিসোঽপি মালিন্যৌচিত্যাৎ]; দিশঃ অঙ্গারাঃ [প্রশান্তত্বসাদৃশ্যাৎ]; অবান্তরদিশঃ (অগ্ন্যাদ্যাঃ) বিস্ফু-লিঙ্গাঃ [ক্ষুদ্রত্বসামান্যাৎ]।

অনুবাদ। রাজা আবার বলিলেন—"দেখ গৌতম, এই পৃথিবীই অগ্নি; সংবৎসরই এই অগ্নির কাষ্ঠ; আকাশই ইহার ধূম; রাত্রিই ইহার শিখা; দিক্‌গুলি ইহার অঙ্গার আর অগ্নি, বায়ু প্রভৃতি কোণগুলিই বিস্ফুলিঙ্গ।

২। তস্মিন্নেতস্মিন্নগ্নৌ দেবা বর্ষং জুহ্বতি তস্যা আহুতেরন্নং সম্ভবতি।

ইতি ষষ্ঠঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। তস্মিন্ এতস্মিন্ অগ্নৌ (পৃথিবীরূপিণি বহ্নৌ) দেবাঃ (যজমানপ্রাণাঃ) বর্ষং (সামাহুতিপরিণতং) জুহ্বতি, তস্যাঃ (বর্ষরূপায়াঃ) আহুতেঃ অন্নং (ব্রীহিযবাদি) সম্ভবতি।

অনুবাদ। দেবতারা এই পৃথিবীরূপ অগ্নিতেই বৃষ্টির আহুতি প্রদান করেন। সেই আহুতি হইতে ধান্যাদি শস্যসমূহ অন্ন) উৎপন্ন হয়।

ষষ্ঠ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

সপ্তমঃ খণ্ডঃ।

১। পুরুষো বাব গৌতমাগ্নিস্তস্য বাগেব সমিৎ-প্রাণো ধূমো জিহ্বার্চিশ্চক্ষুরঙ্গারাঃ শ্রোত্রং বিস্ফুলিঙ্গাঃ।

ব্যাখ্যা। [চতুর্থাহুতিরধুনা উচ্যতে] ;—হে গৌতম! পুরুষঃ বাব (এব) অগ্নিঃ ; তস্য (পুরুষরূপিণঃ অগ্নেঃ) বাক্ এব সমিৎ [বাচা হি মুখেন সমিধ্যতে পুরুষঃ ন মূকঃ] ; প্রাণঃ (শ্বাসপ্রশ্বাসাত্মকঃ প্রাণবায়ুঃ) ধূমঃ (ধূম ইব মুখাৎ নির্গমনসাদৃশ্যাৎ) ; জিহ্বা অর্চিঃ (শিখা, লোহিতত্বসামান্যাৎ) ; চক্ষুঃ অঙ্গারাঃ (ভাসসমাশ্রয়ণাৎ), শ্রোত্রং (পুরুষস্য শ্রবণেন্দ্রিয়মেব) বিস্ফুলিঙ্গাঃ (বিপ্রকীর্ণত্বসাদৃশ্যাৎ)।

অনুবাদ। রাজা পুনর্ব্বার বলিতে লাগিলেন যে, 'দেখ গৌতম, আবার এই পুরুষই অগ্নি। বাক্যই তাহার সমিৎ, প্রাণই ধূম, জিহ্বা শিখা, চক্ষুগুলি অঙ্গার আর কর্ণগুলি তাহার বিস্ফুলিঙ্গ।

২। তস্মিন্নেতস্মিন্নগ্নৌ দেবা অন্নং জুহ্বতি তস্যা আহুতে রেতঃ সম্ভবতি।

ইতি সপ্তমঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। তস্মিন্ এতস্মিন্ অগ্নৌ (পুরুষরূপিণি বহ্নৌ) দেবাঃ অন্নং (ব্রীহ্যাদিকং) জুহ্বতি; তস্যাঃ (অন্নরূপায়াঃ) আহুতেঃ রেতঃ (শুক্রং) সম্ভবতি।

অনুবাদ। এই পুরুষরূপী অগ্নিতে দেবতারা ধান্যাদি শস্যের আহুতি প্রদান করেন। সেই আহুতি হইতে শুক্রের উৎপত্তি হয়।

সপ্তম খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

অষ্টমঃ খণ্ডঃ।

১। যোষা বাব গৌতমাগ্নিস্তস্যা উপস্থ এব সমিদ্ যদুপমন্ত্রয়তে স ধূমো যোনিরর্চির্যদন্তঃ করোতি তেঽঙ্গারা অভিনন্দা বিস্ফুলিঙ্গাঃ।

ব্যাখ্যা। [অধুনা পঞ্চমী আহুতিরুচ্যতে]; —হে গৌতম! যোষা (যোষিৎ—স্ত্রী) বাব অগ্নিঃ; তস্যাঃ (অগ্নিরূপায়াঃ স্ত্রিয়ঃ) উপস্থ এব সমিৎ [যতঃ তেনৈব সা পুত্রাদ্যুৎপাদনায় সমিধ্যতে]; যৎ উপমন্ত্রয়তে (নারী যৎ নরমাত্মসকাশমাকারয়তি) সঃ (তৎ উপমন্ত্রণং) ধূমঃ [যোষাগ্নিসমুত্থানাৎ ইতি ভাবঃ]; যোনিঃ অর্চিঃ [লোহিতত্বাৎ]; যৎ অন্তঃকরোতি তে অঙ্গারাঃ; অভিনন্দাঃ (সুখলবাঃ) বিস্ফুলিঙ্গাঃ [ক্ষুদ্রত্বাৎ]।

অনুবাদ। দেখ গৌতম, "রমণীই প্রকৃত অগ্নি আর উপস্থ এই রমণীরূপী অগ্নির সমিধ্ বা কাষ্ঠ। সে যে মৃদু মৃদু মধুর বাক্যে পুরুষকে আহ্বান করে, তাহাই ধূম, তাহার লোহিতাভ যোনিপ্রদেশই এই অগ্নির শিখা; রমণ-কালে শুক্র যে অভ্যন্তরে—জরায়ুমধ্যে প্রবেশ করে, তাহাই অঙ্গার, আর ঐ সময়ে যে অল্পকালব্যাপী সুখানুভূতি হয়, তাহাই বিস্ফুলিঙ্গ।

২। তস্মিন্নেতস্মিন্নগ্নৌ দেবা রেতো জুহ্বতি তস্যা আহুতের্গর্ভঃ সম্ভবতি।

ইত্যষ্টমঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। তস্মিন্ এতস্মিন্ অগ্নৌ (স্ত্রীরূপিণি বহ্নৌ) দেবাঃ রেতঃ (শুক্রং) জুহ্বতি (আহুতিরূপেণ অর্পয়ন্তি), তস্যাঃ (রেতোরূপায়াঃ) আহুতেঃ গর্ভঃ সম্ভবতি।

অনুবাদ। এই রমণীরূপী অগ্নিতে দেবতারা শুক্রের আহুতি দিয়া হোম করেন। তাহার পর সেই আহুতি হইতেই গর্ভের উৎপত্তি হয়।

অষ্টম খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

নবমঃ খণ্ডঃ।

১। ইতি তু পঞ্চম্যামাহুতাবাপঃ পুরুষবচসো ভবন্তীতি স উল্বাবৃতো গর্ভো দশ বা নব বা মাসানন্তঃ শয়িত্বা যাবদ্ বাথ জায়তে।

ব্যাখ্যা। ইতি (এবং) তু পঞ্চম্যাম্ আহুতৌ [হুতায়াং সত্যাং] আপঃ (শ্রদ্ধাশব্দবাচ্যাঃ) পুরুষবচসঃ (পুরুষনামানঃ)

ভবন্তি ইতি। সঃ গর্ভঃ উল্বাবৃতঃ (জরায়ুবেষ্টিতঃ সন্) দশ বা নব বা মাসান্, যাবদ্ বা (যথাসম্ভবং বা কালং ব্যাপ্য) অন্তঃ (মাতৃকুক্ষৌ) শয়িত্বা (অবস্থায়) জায়তে উৎপদ্যতে।

অনুবাদ। এইরূপে পর পর পাঁচটী আহুতি দিয়া হোম করিলে, তবে সেই শ্রদ্ধাশব্দ-বাচ্য, জলকণিকাই ক্রমে ক্রমে গর্ভরূপে পরিণত হইয়া পুরুষনামের যোগ্য হয়। তাহার পর সেই ভ্রূণরূপী শিশু নয় কিংবা দশ মাস বা যতদিন সম্ভব ততদিন মাতৃগর্ভে অবস্থান করিয়া পরে ভূমিষ্ঠ হয়।

২। স জাতো যাবদায়ুষং জীবতি তং প্রেতং দিষ্টমিতোঽগ্নয় এব হরন্তি যত এবেতো যতঃ সম্ভূতো ভবতি।

ইতি নবমঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। সঃ (পূর্ব্বকথিতঃ গর্ভঃ) জাতঃ (ভূমিষ্ঠঃ সন্) যাবদায়ুষং (আয়ুষ্কালং ব্যাপ্য) জীবতি [ততঃ] প্রেতং (মৃতং) তং (পুরুষং) [ঋত্বিজঃ পুত্রাদয়শ্চ] দিষ্টং (কর্ম্মণা নির্দ্দিষ্টং পরলোকং প্রতি) ইতঃ (অস্মাদেব বাসস্থানাৎ) অগ্নয়ে (অন্ত্যেষ্টি-ক্রিয়ার্থম্) হরন্তি (নয়ন্তি) ; যতঃ (যস্মাৎ অগ্নেঃ) এব ইতঃ

(শ্রদ্ধাদ্যাহুতিক্রমেণ আগতঃ) যতঃ (যেভ্যশ্চ পঞ্চভ্যঃ অগ্নিভ্যঃ)
সম্ভূতঃ (জাতঃ) [তস্মৈ এব অগ্নয়ে হরন্তি]।

অনুবাদ। সেই শিশু ভূমিষ্ঠ হইয়া তদিনষ তাহার আয়ুঃ (থাকে) ততদিন বাঁচিয়া থাকে; তাহার পর মরিয়া গেলে, যাহাতে সে শীঘ্র শীঘ্র পরলোকের পথে প্রস্থান করিতে পারে, তাহারই জন্ম তাহার পুরোহিত বা পুত্রগণ সেই শবদেহের অন্ত্যেষ্টিক্রিয়া করিবার জন্ম গ্রাম হইতে দূরে লইয়া যায়। সেখানে গিয়া যে অগ্নি হইতে শ্রদ্ধাদি আহুতিপরম্পরায় সে তাহার এই মনুষ্যশরীর লাভ করিয়াছিল, সেই অগ্নিতেই তাহা নিবেদন করা হয়।

নবম খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

দশমঃ খণ্ডঃ।

১। তদ্ য ইত্থং বিদুর্যে চেমেঽরণ্যে শ্রদ্ধা তপ ইত্যুপাসতে তেঽর্চিষমভিসম্ভবন্ত্যর্চিষোঽহরহ্ন আপূর্য্য-

মাণপক্ষমাপূর্য্যমাণপক্ষাদ্ যান্ ষড়ুদঙ্ঙেতি মাসাংস্তান্।

২। মাসেভ্যঃ সংবৎসরং সংবৎসরাদাদিত্যমাদিত্যাচ্চন্দ্রমসং চন্দ্রমসো বিদ্যুতং তৎ পুরুষো মানবঃ স এনং ব্রহ্ম গময়ত্যেষ দেবযানঃ পন্থা ইতি।

ব্যাখ্যা। [অধুনা "যেন যন্তিতোঽধি প্রজাঃ প্রযন্তি" ইত্যস্য প্রশ্নস্য উত্তরং বক্তুমুপক্রমতে]; যে (গৃহস্থাঃ) ইত্থং (এবম্প্রকারম্) তৎ (পঞ্চাগ্নিদর্শনম্) বিদুঃ (জানীয়ুঃ) যে চ (যেঽপি) ইমে (বৈখানসাঃ পরিব্রাজকাশ্চ) অরণ্যে "শ্রদ্ধা তপ" ইত্যুপাসতে (শ্রদ্ধালবঃ সন্তঃ তপশ্চাম্ আচরন্তি)। তে (তপস্বিনঃ) [মৃত্যোরনন্তরং] অর্চ্চিষম্ (অর্চ্চিরভিমানিনীং দেবতাং) অভিসম্ভবন্তি (প্রাপ্নুবন্তি)—অর্চ্চিষঃ (অর্চ্চিরভিমানিনীদেবতাসমীপাৎ) অহঃ (অহরভিমানিনীং দেবতাং), অহ্নঃ (অহর্দেবতাতঃ) আপূর্য্যমাণপক্ষং (শুক্লপক্ষাভিমানিনীং দেবতাং), আপূর্য্যমাণপক্ষাৎ (শুক্লপক্ষদেবতাতঃ) যান্ ষট্ মাসান্ [ব্যাপ্য, সূর্য্যঃ] উদঙ্ (উত্তরাং দিশম্) এতি (গচ্ছতি), তান্ (ষট্ উত্তরায়ণমাসান্ তদভিমানিনী দেবতাম্ ইত্যর্থঃ) মাসেভ্যঃ (উক্তোত্তরায়ণাখ্যেভ্যঃ ষণ্মাসেভ্যঃ) সংবৎসরম্ (তদভিমানিনীং দেবতাং), সংবৎসরাৎ আদিত্যম্ (সূর্য্যাধিষ্ঠাতৃদেবতাং), আদিত্যাৎ চন্দ্রমসং (চন্দ্রমসোঽধিষ্ঠাতৃদেবতাং), চন্দ্রমসঃ (সকাশাৎ) বিদ্যুতং

(বিদ্যুদধিষ্ঠাত্রীং দেবীং) [অভিসংভবতি ইতি পদং সর্ব্বত্র অধ্যাহৃতে]। সঃ (প্রসিদ্ধঃ) অমানবঃ (মনুষ্যসৃষ্টিবহির্ভূতঃ) পুরুষঃ তৎ (তত্র) [আগত্য] এনং (তপস্বিনং) ব্রহ্ম (ব্রহ্মলোকং— হিরণ্যগর্ভলোকং) গময়তি (প্রাপয়তি); এষঃ (উচ্যমানোঽয়ং) পন্থা, দেবযান ইতি [নাম্না প্রসিদ্ধঃ]।

অনুবাদ। গৃহস্থদিগের মধ্যে যাঁহারা এই পঞ্চাগ্নিবিদ্যায় অভিজ্ঞ—তাঁহারা, আর যাঁহারা বনে বসিয়া শ্রদ্ধাপূর্ব্বক তপস্যা করেন, সেই বাণপ্রস্থ ও সন্ন্যাসিগণও মৃত্যুর পর ব্রহ্মলোকে যাইবার জন্য প্রথমে জ্যোতির্লোকের যিনি অধিষ্ঠাত্রী দেবতা, তাঁহার নিকট গমন করেন। তিনি তাঁহাদিগকে অহর্লোকের অধিষ্ঠাত্রী দেবতার নিকট লইয়া যান। অহর্লোকের সেই দেবতা আবার তাঁহাদিগকে সঙ্গে করিয়া শুক্ল পক্ষের যিনি অধিষ্ঠাত্রী দেবতা, তাঁহার নিকট পৌঁছাইয়া দেন, তিনি আবার সূর্য্য যে ছয়মাস উত্তর দিকে গমন করেন, সেই ছয় মাসের যিনি অধিষ্ঠাত্রী দেবতা, তাঁহার নিকট লইয়া যান। তিনি সেখান হইতে তাঁহাদিগকে সংবৎসরের যিনি অধিষ্ঠাত্রী

দেবতা, তাঁহার নিকট পৌঁছাইয়া দেন। সেখান হইতে তাঁহারা যথাক্রমে সূর্য্য ও চন্দ্রলোকের অধিষ্ঠাত্রী দেবতার সহিত বিদ্যুল্লোকে আসিয়া উপস্থিত হন; তখন ঊর্দ্ধ হইতে একজন জ্যোতির্ম্ময় অমানব পুরুষ নামিয়া আসিয়া তাঁহাদিগকে ব্রহ্মলোকে লইয়া যান। আমরা এইমাত্র যে পথের কথা বলিলাম, ইহা দেবযান নামে প্রসিদ্ধ।

৩। অথ য ইমে গ্রাম ইষ্টাপূর্ত্তে দত্তমিত্যুপাসতে তে ধূমমভিসম্ভবন্তি ধূমাদ্রাত্রিং রাত্রেরপরপক্ষমপরপক্ষাদ্ যান্ ষড়্ দক্ষিণৈতি মাসাংস্তান্নৈতে সম্বৎসরমভিপ্রাপ্নুবন্তি।

৪। মাসেভ্যঃ পিতৃলোকং পিতৃলোকাদাকাশমাকাশাচ্চন্দ্রমসমেষ সোমো রাজা তদ্দেবানামন্নং তং দেবা ভক্ষয়ন্তি।

ব্যাখ্যা। অথ (বিবরান্তরারম্ভে) যে ইমে (গৃহস্থাঃ) ইষ্টাপূর্ত্তে (অগ্নিহোত্রাদিবৈদিকং কর্ম্ম, লোকহিতায় বাপীকূপতড়াগাদিখননং চ) দত্তম্ (শরণাগতরক্ষণং প্রাণিণাম্ অহিংসনাদিকং চ) ইতি (এবংবিধং কর্ম্ম-

নিচয়ং) উপাসতে (তদাসক্তচিত্তাঃ সন্তঃ অনুতিষ্ঠন্তি), তে (অনুষ্ঠাতারঃ) ধূম্ (ধূমাভিমানিনীং দেবতাং) অভিসম্ভবন্তি (সর্ব্বতঃ প্রতিপদ্যন্তে)। ধূমাৎ রাত্রিং (তদভিমানিনীং দেবতাম্ ইত্যর্থঃ), রাত্রেঃ অপরপক্ষম্ (কৃষ্ণপক্ষাভিমানিনীং দেবতাং), অপরপক্ষাৎ (কৃষ্ণপক্ষাৎ) যান্ ষট্ মাসান্ [বায়ুঃ, সূর্য্যঃ] দক্ষিণা (দক্ষিণাম্ দিশাং) এতি (গচ্ছতি) তান্ (দক্ষিণায়ন-ষণ্মাসান্) [অভিসম্ভবন্তি ইতি শেষঃ]। এতে (ইষ্টাপূর্ত্তাদ্য-নুষ্ঠাতারঃ কেবলকর্ম্মিণ ইত্যর্থঃ) সংবৎসরং (তদভিমানিনীং দেবতাং) ন অভিপ্রাপ্নুবন্তি (ন প্রতিপদ্যন্তে)।

ব্যাখ্যা। মাসেভ্যঃ (উক্তেভ্যঃ দক্ষিণায়নষণ্মাসেভ্যঃ) পিতৃ-লোকং (পিতৃলোকাভিমানিনীং দেবতাং), পিতৃলোকাৎ (পিতৃলোকদেবতাতঃ) আকাশম্ (তদধিষ্ঠাত্রীং দেবীং), আকা-শাৎ (তদধিষ্ঠাতৃদেবতায়াঃ) চন্দ্রমসং (চন্দ্রমসোঽধিষ্ঠাতৃ-দেবতাং)। এষঃ (অনন্তরোক্তঃ চন্দ্রঃ) সোমঃ রাজা (ব্রাহ্ম-ণানাম্ ইতি শেষঃ) তৎ (সঃ সোমঃ) দেবানাং (ইন্দ্রাদীনাং) অন্নম্ (উপভোগ্যম্); দেবাঃ তং (চন্দ্রমসং) ভক্ষয়ন্তি (উপ-ভুঞ্জতে)।

অনুবাদ। পক্ষান্তরে, যে সকল গৃহস্থ গ্রামে বসিয়া তদ্গতচিত্তে কেবল অগ্নিহোত্রাদি যজ্ঞ, বাপী কূপাদি-খনন, যথাশক্তি দানপ্রভৃতি কর্ম্মগুলি

বাহ্য কর্ম্মেই লিপ্ত থাকেন, তাঁহারা মৃত্যুর পর প্রথমে ধূমলোকের অধিষ্ঠাত্রী দেবতার নিকট উপস্থিত হন। তাহার পর যথাক্রমে রজনী, কৃষ্ণপক্ষ ও দক্ষিণায়নের অধিষ্ঠাত্রী দেবতাদিগের সাহায্যে তাঁহারা একেবারে পিতৃলোকে আসিয়া উপস্থিত হন,—সংবৎসরের যিনি অধিষ্ঠাত্রী দেবতা, তাঁহার নিকট আর তাহাকে যাইতে হয় না। ইহার পর সেখান হইতে তাঁহারা অন্তরিক্ষ লোকে উন্নীত হইয়া অবশেষে চন্দ্রলোকে আসিয়া উপস্থিত হন। এই চন্দ্রের আর একটী নাম সোম। ইনি ব্রাহ্মণদিগের রাজা, আবার দেবতাদিগের উপভোগ্য; দেবতারা মিলিত হইয়া ইহাঁকে উপভোগ করেন।

৫। তস্মিন্ যাবৎ সম্পাতমুষিত্বাথৈতমেবাধ্বানং পুনর্নিবর্ত্তন্তে যথেতমাকাশমাকাশাদ্বায়ুং বায়ুর্ভূত্বা ধূমো ভবতি ধূমো ভূত্বাভ্রং ভবতি।

৬। অভ্রং ভূত্বা মেঘো ভবতি মেঘো ভূত্বা প্রবর্ষতি ত ইহ ব্রীহিযবা ওষধিবনস্পতয়স্তিলমাষা

ইতি জায়ন্তেঽতো বৈ খলু দুর্নিষ্প্রপতরং যো যো হ্যন্নমত্তি যো রেতঃ সিঞ্চতি তদ্ভূয় এব ভবতি।

ব্যাখ্যা। তস্মিন্ (চন্দ্রমণ্ডলে) যাবৎ সম্পাতং (ইষ্টাপূর্ত্তাদিচন্দ্রলোকপ্রাপ্তিহেতুভূতকর্ম্মক্ষয়পর্য্যন্তম্) উষিত্বা (অবস্থায়) অথ (তদনন্তরম্) যথেতং (যথাগতং) [চন্দ্রলোকারোহণানুসারেণ ইতি যাবৎ] এতম্ এব অধ্বানং (যেন এব ধূমাদিমার্গেণ আরূঢ়ং, তমেব মার্গং) পুনঃ নিবর্ত্তন্তে (প্রত্যবরোহন্তে) [অত্র পুনরিতি প্রয়োগাৎ পূর্ব্বমপি অসকৃৎ চন্দ্রমণ্ডলং গতাঃ নিবৃত্তাশ্চ আসন্ ইতি গম্যতে]। [উপভোগনিমিত্তানাং কর্ম্মণাং ক্ষয়ে চন্দ্রলোকাৎ স্খলিতাঃ সন্তঃ] আকাশম্ (অন্তরিক্ষম্ এব প্রথমং প্রতিপদ্যন্তে), আকাশাৎ বায়ুং (প্রতিপদ্যন্তে ইতি শেষঃ), বায়ুঃ ভূত্বা (বায়ুভাবং—বায্বাত্মকতামেব প্রাপ্য) ধূমঃ ভবতি (ধূমাত্মকতাং প্রাপ্নোতি), ধূমঃ ভূত্বা (ধূমভাবানন্তরম্) অভ্রং ভবতি (জলভূতমেঘস্বরূপতাম্ অধিগচ্ছতি), অভ্রং ভূত্বা (অভ্রভাবপ্রাপ্ত্যনন্তরং) মেঘঃ ভবতি (জলবর্ষিজলদভাবংপ্রতিপদ্যতে), মেঘঃ ভূত্বা (জলবর্ষিজলদভাব প্রতিপত্ত্যনন্তরং) প্রবর্ষতি [অনুশয়ী জীবঃ বারিবর্ষণেন সাকং ধরণীতলমেব প্রতিপদ্যতে ইতি ভাবঃ]; তে (বারিধারয়া পৃথিবীমাগতা অনুশয়িনঃ জীবাঃ) ইহ (জগতি) ব্রীহিযবাঃ (ব্রীহয়ঃ—ধান্যানি যবাশ্চ) ওষধিবনস্পতয়ঃ (ওষধয়ঃ তৃণ-

লতাগুল্মাঃ, বনস্পতয়ঃ —বৃক্ষাশ্চ), তিলমাষাঃ (তিলাঃ—মাষাশ্চ) জায়ন্তে (তত্তদ্রূপতাম্ এব প্রতিপদ্যন্তে)। অতঃ (অস্মাৎ ব্রীহিযবাদিভাবাৎ) বৈ (এব) খলু (নিশ্চযে) দুর্নিষ্প্রপতরম্ [অত্র বৈদিকাৎ তকারঃ একঃ লুপ্তঃ দ্রষ্টব্যঃ, দুর্নিষ্প্রপততরমিতি এব সাধু ; দুর্নির্গমনতরমিত্যর্থঃ,—ব্রীহিযবাদিভাবঃ এব দুর্নিষ্প্রপতঃ, তস্মাৎ অপি দুর্নিষ্প্রপতাৎ রেতঃসিগ্‌দেহসম্বন্ধঃ দুর্নিষ্প্রপততর ইত্যর্থঃ] যঃ যঃ (প্রাণী) হি (নিশ্চয়ে) অন্নম্ (অনুশয়িভিঃ সংশ্লিষ্টং ব্রীহ্যাদিকম্) অত্তি (ভক্ষয়তি), যশ্চ (প্রাণী রেতঃ সিঞ্চতি (ঋতুকালে স্ত্রীসংসর্গং করোতি) তদ্ভূয়ঃ [তস্য প্রাণিনঃ কালে যঃ সন্তানঃ সংপদ্যতে স বাহুল্যেন তদাকৃতিরেব রেতঃসিগাকৃতিরেব ইত্যর্থঃ] ভবতীতি শেষঃ।

অনুবাদ। যতদিন পর্য্যন্ত না পুণ্যকর্ম্মের ফলগুলি নিঃশেষে উপভোগ করা হয়, ততদিন পর্য্যন্ত সেই চন্দ্রলোকে বাস করিয়া, তাহার পর যে পথ দিয়া সেখানে গমন করা হয়, সেই পথ দিয়াই পুনরায় ফিরিয়া আসিতে হয়। পুণ্য কর্ম্মের ফলগুলির উপভোগ শেষ হইয়া গেলে, তাঁহাদের জলময় ভোগদেহ জলেই বিলীন হইয়া যায়। তখন তাঁহারা সেখান হইতে অন্তরিক্ষলোকে নামিয়া আসেন ; অন্তরীক্ষ লোক

হইতে আবার বায়ুলোকে আসিয়া অবতরণ করেন, এখানে আসিয়া তাঁহারা প্রথমে বায়ুর মত হইয়া বায়ুর সহিতই মিশিয়া থাকেন; তাহার পর ক্রমে ক্রমে ধূম্রবর্ণ বাষ্পপুঞ্জ, জলপূর্ণ জলদজাল, অবশেষে বর্ষণকারী মেঘমালায় পরিণত হইয়া বৃষ্টিধারার সহিত ধরিত্রী মাতার বক্ষে আসিয়া অবতরণ করেন। এখানে আসিয়া তাঁহারা ধান, যব, তিল, মাষকলাই প্রভৃতি শস্য, ছোট ছোট তৃণ, ছোট ছোট লতা. কিংবা বৃহৎ বনস্পতি হইয়াই জন্মগ্রহণ করেন। এই ধান্য-যবরূপ শস্য জন্মগ্রহণ করার অবস্থা হইতে বাহির হইয়া আরও উন্নত অবস্থায় যাওয়া বড়ই কষ্টকর। যে সকল প্রাণী ঐ ধান, যব প্রভৃতি শস্যগুলি ভক্ষণ করে এবং যথা সময়ে রমণীসহবাসও করিয়া থাকে, তাঁহাদের শস্যের সহিত ভক্ষিত ঐ সকল জীবাত্মা আপন সন্তানরূপে আপনারই অনুরূপ হইয়া জন্মগ্রহণ করেন।

৭। তদ্ য ইহ রমণীয়চরণা অভ্যাশো হ যত্তে রমণীয়াং যোনিমাপদ্যেরন্ ব্রাহ্মণযোনিং বা ক্ষত্রিয়যোনিং বা বৈশ্যযোনিং বাথ য ইহ কপূয়চরণা অভ্যাশো হ

যত্তে কপূয়াং যোনিমাপদ্যেরন্ শ্বযোনিং বা শূকরযোনিং বা চাণ্ডালযোনিং বা।

ব্যাখ্যা। তৎ (তত্র, তেষু অনুশয়িষু মধ্যে) যে (অনুশয়িনঃ) ইহ (অস্মিন্ লোকে) রমণীয়চরণাঃ (শোভনকর্ম্মাণঃ) তে (অনুশয়িনঃ) হ [রেতঃসিগ্‌যোগানন্তরং] রমণীয়াং (উৎকৃষ্টাং) যোনিং আপদ্যেরন্ (প্রাপ্নুয়ুঃ) ইতি যৎ, [তৎ] অভ্যাশঃ (ক্ষিপ্রমেব)। [যোনিবিশেষমেব অধুনা আহ—তে স্বকর্ম্মানুসারেণ] ব্রাহ্মণযোনিং বা ক্ষত্রিয়যোনিং বা বৈশ্যযোনিং বা [আপদ্যেরন্]। অথ (পক্ষান্তরে যে (অনুশয়িনঃ) ইহ (অস্মিন্ লোকে) কপূয়চরণাঃ (কুৎসিতাচরণাঃ) তে (অনুশয়িনঃ) [রেতঃসিগ্‌যোগানন্তরং] হ (নিশ্চয়ে) কপূয়াং (কুৎসিতাং) যোনিম্ আপদ্যেরন্ ইতি যৎ [তৎ] অভ্যাসঃ (ক্ষিপ্রমেব)। [যোনিভেদমেবাধুনাহ] শ্বযোনিং (কুক্কুরযোনিং) বা, শূকরযোনিং বা, চণ্ডালযোনিং বা [স্বস্বকর্ম্মানুসারেণ তে তাঃ আপদ্যেরন্ ইত্যর্থঃ]।

অনুবাদ। ত্রিদিব হইতে চ্যুত জীবাত্মারা যখন শস্য জন্ম হইতে ক্রমে জীবজন্মগ্রহণের উপক্রম করেন, তখন তাঁহাদের মধ্যে যাঁহারা পূর্ব্বজন্মে পুণ্যকর্ম্মের অনুষ্ঠান করিয়াছিলেন, অবিলম্বেই তাঁহারা

ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য প্রভৃতি উৎকৃষ্ট বর্ণেই জন্মগ্রহণ করেন। আর যাঁহারা তাহা না করিয়া কেবল পাপের অনুষ্ঠানই করিয়াছিলেন, তাঁহারাও তৎক্ষণাৎ কুকুর, শূকর, চণ্ডালপ্রভৃতি হীনজাতিতেই জন্মগ্রহণ করেন।

৮। অথৈতয়োঃ পথোর্ন কতরেণ চ ন তানীমানি ক্ষুদ্রাণ্যসকৃদাবর্ত্তীনি ভূতানি ভবন্তি জায়স্ব ম্রিয়স্বেত্যেতত্তৃতীয়ং স্থানং তেনাসৌ লোকো ন সম্পূর্যতে তস্মাজ্জুগুপ্সেত তদেষ শ্লোকঃ।

ব্যাখ্যা। অথ (প্রকারান্তরং সূচয়তি) [যে তু ন বিদ্যাসেবিনঃ, নাপি ইষ্টাপূর্ত্তাদিকর্ম্মানুষ্ঠাতারঃ, তে] এতয়োঃ (পূর্ব্বোক্তয়োঃ) পথোঃ (দেবযানপিতৃযানয়োঃ) [মধ্যে] কতরেণ চ ন (অন্যতরেণাপি পথা ইত্যর্থঃ) ন [গচ্ছন্তি ইতি শেষঃ], [তে] তানি (প্রসিদ্ধানি) ইমানি (অনুভূয়মানানি) অসকৃদাবর্ত্তীনি (পুনঃপুনরাগমনস্বভাবানি) "জায়স্ব ম্রিয়স্ব" (পুনঃপুনর্জায়ন্তে ম্রিয়ন্তে চ) [অথবা সর্ব্বেশ্বরঃ পরমাত্মা তান্ মার্গদ্বয়পতিতান্ অবলোক্য ত্বং জায়স্ব, ত্বং ম্রিয়স্ব ইতি প্রেরয়ত্যেব এতান্] ইতি ক্ষুদ্রাণি ভূতানি ভবন্তি। এতৎ (ক্ষুদ্রজন্তুলক্ষ-

গম্) [পূর্ব্বোক্তৌ পন্থানৌ অপেক্ষ্য, সংসরতাম্ জনানাম্] তৃতীয়ং স্থানম্। তেন (হেতুনা) অসৌ লোকঃ (চন্দ্রাখ্যঃ) ন সংপূর্য্যতে (সম্পূর্ণঃ ন ভবতি)। [যস্মাৎ এবং কষ্টা সংসারগতিঃ] তস্মাৎ [মাভূৎ এবংবিধে সংসারমহোদধৌ ঘোরে মম পাতঃ ইতি] জুগুপ্সেত (বীভৎসেত), তৎ (এতস্মিন্ বিষয়ে) এষঃ (বক্ষ্যমাণঃ) শ্লোকঃ [পঞ্চাগ্নিবিদ্যাস্তুতয়ে অস্তি ইতি শেষঃ]।

অনুবাদ। যাঁহারা উপাসনা বা কর্ম্মানুষ্ঠান কিছুই করেন না, এই দুইটী পথের কোনও পথেই গমন করিবার অধিকার তাঁহাদের একটুও নাই, তাঁহারা শুধু ক্ষুদ্র জন্তুরূপে জন্মলাভ করিয়া জন্ম-মরণ প্রবাহ-পথে ঘূর্ণিত হইতে হইতেই চলিয়াছেন, ভাবী জীবনের উন্নতির জন্য ভাল কাজ করিবার কিংবা একটু ভোগ করিবার সময়ও তাঁহাদের নাই। পূর্ব্বোক্ত দেবযান ও পিতৃযানকে অপেক্ষা করিয়াই ইহাকে সংসারী জীবের তৃতীয় স্থান বলিয়া বলা হইয়াছে। যাঁহারা ধূমযান দ্বারা চন্দ্রলোকে গমন করেন, তাঁহাদিগকে আবার এই পৃথিবীতেই ফিরিয়া আসিতে হয় বলিয়া এবং যাঁহারা উপাসনা বা কর্ম্মানুষ্ঠান কিছুই করেন না, তাঁহাদিগের নিকট

ঐ ধূমযান পথটীও স্বল্প বলিয়া এই চন্দ্রলোক আর কিছুতেই পরিপূর্ণ হইয়া উঠে না। সংসারী জীব হইয়া জন্ম লাভ করিতেই যখন এত কষ্ট, তখন যাহাতে আর ঐ সংসারী জীব না হইতে হয়, তাহার চেষ্টা করিবে; এই সংসার-জীবনকে ঘৃণা করিবে। এই বিষয়ে একটী শ্লোকে বলা হইয়াছে।

৯। স্তেনো হিরণ্যস্য সুরাং পিবংশ্চ গুরোস্তল্পমাবসন্ ব্রহ্মহা চৈতে পতন্তি চত্বারঃ পঞ্চমশ্চাচরংস্তৈরিতি।

ব্যাখ্যা। হিরণ্যস্য (ব্রাহ্মণস্বর্ণস্য) স্তেনঃ (অপহর্ত্তা) [ব্রাহ্মণঃ সন্] সুরাং পিবনং (সুরাপায়ী), গুরোঃ তল্পং (শয্যাং) আবসনং (গুরুপত্নীম্ উপগচ্ছন্), ব্রহ্মহা (ব্রাহ্মণঘাতী) চ, এতে চত্বারঃ; [তথা] তৈঃ সহ (স্বর্ণচোরপ্রভৃতিভিঃ সার্দ্ধং) আচরন্ (ব্যবহরন্) পঞ্চমঃ চ পতন্তি ইতি (পতিতা ভবন্তি ইতি শেষঃ)।

অনুবাদ। যে ব্যক্তি ব্রাহ্মণের সোনা চুরি করে, যে নিজে ব্রাহ্মণ হইয়াও মদ্যপায়ী হয়, যে গুরুপত্নীর সহিত সহবাস করে, আর যে ব্রাহ্মণ-ঘাতী

হয়, সর্ব্বশুদ্ধ এই চারিজন এবং যে নিজে কিছু না করিয়াও এই সকল লোকের সহিত সংসর্গ করে, সে ব্যক্তিও পতিত হয়।

১০। অথ হ য এতানেবং পঞ্চাগ্নীন্ বেদ ন সহ তৈরপ্যাচরন্ পাপ্মনা লিপ্যতে শুদ্ধঃ পূতঃ পুণ্যলোকো ভবতি য এবং বেদ য এবং বেদ।

ইতি দশমঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। অথ হ যঃ (জনঃ) এতান্ পঞ্চ অগ্নীন্ (পূর্ব্বোক্তান্ দ্যুলোকপ্রভৃতীন্) এবং (যথোক্তপ্রকারং) বেদ (উপাস্তে) [সঃ উপাসকঃ] তৈঃ সহ (পূর্ব্বোক্তৈঃ মহাপাতকিভিঃ সার্দ্ধং) আচরন্ (ব্যবহরন্ অপি) [ইতরজনবৎ] পাপ্মনা ন লিপ্যতে। যঃ (জনঃ) এবং (পূর্ব্বোক্তং পঞ্চভিঃ প্রশ্নৈঃ পৃষ্টং সমস্তম্ অর্থজাতম্) বেদ (জানাতি), [সঃ উপাসকঃ তেনৈব পঞ্চাগ্নিবেদনেন] শুদ্ধঃ, পূতঃ, পুণ্যলোকঃ (প্রাজাপত্যাদিপবিত্রলোকভাগী চ) ভবতি। দ্বিরুক্তিঃ প্রশ্নোত্তরপরিসমাপ্তিসূচিকা।

অনুবাদ। যিনি পূর্ব্বের ঐ দ্যুলোকপ্রভৃতি পাঁচটী পদার্থকে যেমন বলা হইয়াছে, ঠিক সেইভাবে অগ্নিজ্ঞানে উপাসনা করিতে পারেন,

তিনি যদি এই পাঁচজন মহাপাতকীর সহিত সংসর্গ করেন, তাহা হইলেও পাপ তাঁহাকে স্পর্শ করিতে পারে না। যিনি পূর্ব্বের সেই প্রশ্ন কয়টীর উত্তর জানেন, তিনি শুদ্ধ ও পবিত্র হইয়া পুণ্যলোক লাভ করিয়া থাকেন।

দশম খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

একাদশঃ খণ্ডঃ।

১। প্রাচীনশাল ঔপমন্যবঃ সত্যযজ্ঞঃ পৌলুষি-রিন্দ্রদ্যুম্নো ভাল্লবেয়ো জনঃ শার্করাক্ষ্যো বুড়িল আশ্বতরাশ্বিস্তে হৈতে মহাশালা মহাশ্রোত্রিয়াঃ সমেত্য মীমাংসাঞ্চক্রুঃ কো নু আত্মা কিং ব্রহ্মেতি।

ব্যাখ্যা। ঔপমন্যবঃ (উপমন্যুপুত্রঃ) প্রাচীনশালঃ, পৌলুষিঃ (পুলুষপুত্রঃ) সত্যযজ্ঞঃ, ভাল্লবেয়ঃ (ভাল্লবিপুত্রঃ) ইন্দ্রদ্যুম্নঃ,

শার্করাক্ষ্যঃ (শর্করাক্ষপুত্রঃ) জনঃ, আশ্বতরাশ্বিঃ (অশ্বতরপুত্রঃ) বুড়িলঃ তে হ এতে (পঞ্চ অপি) মহাশালাঃ (মহাগৃহস্থাঃ) মহাশ্রোত্রিয়াঃ (শ্রুতাধ্যয়নবৃত্তসম্পন্নাঃ) সমেত্য (কচিৎ একত্র মিলিতাঃ সন্তঃ) নঃ (অস্মাকং) আত্মা কঃ (কঃ পদার্থ)? [প্রসিদ্ধং] ব্রহ্ম চ কিং (কিংস্বরূপং) ইতি মীমাংসাং (বিচারণাং) চক্রুঃ (কৃতবন্তঃ)।

অনুবাদ। এক সময়ে উপমন্যুপুত্র প্রাচীনশাল, পুলুষিতনয় সত্যযজ্ঞ, ভাল্লবিনন্দন ইন্দ্রদ্যুম্ন, শর্করাক্ষসুত জন এবং অশ্বতরাশ্বিপুত্র বুড়িল, এই পাঁচজন গৃহী একত্র মিলিত হইয়া আত্মা ও ব্রহ্মের যথার্থ স্বরূপ কি, তাহা নির্ণয় করিবার জন্য বিচার করিতে আরম্ভ করিয়াছিলেন। তাঁহাদের প্রত্যেকেরই অনেকগুলি করিয়া বড় বড় গৃহ ছিল এবং তাঁহারা নিজেরাও অধ্যয়নশীল, সচ্চরিত্র ও আচারবান্ ছিলেন।

২। তে হ সম্পাদয়াঞ্চক্রুরুদ্দালকো বৈ ভগবন্তোঽয়মারুণিঃ সম্প্রতীমমাত্মানং বৈশ্বানরমধ্যেতি তং হন্তাভ্যাগচ্ছামেতি তং হাভ্যাজগ্মুঃ।

ব্যাখ্যা। তে (প্রাচীনশালাদয়ঃ সর্ব্বে) [মীমাংসন্তোঽপি নিশ্চয়মলভমানাঃ] সম্পাদয়াঞ্চক্রুঃ (আত্মনঃ উপদেষ্টারং নির্ণীতবন্তঃ) ভগবন্তঃ (ভোঃ পূজ্যাবন্তঃ) [যূয়ং শৃণুত, যন্মৈতং প্রস্তাবম্] উদ্দালকঃ বৈ (উদ্দালক ইতি নাম্না প্রসিদ্ধঃ) অয়ম্ আরুণিঃ (অরুণপুত্রঃ) সম্প্রতি (ইদানীং) ইমং (অস্মদভিপ্রেতং) বৈশ্বানরম্ আত্মানম্ অধ্যেতি (স্মরতি—জানাতীত্যর্থ)। হন্ত (হর্ষং সূচয়তি) তম্ (উদ্দালকং) অভ্যাগচ্ছামঃ [যদি সম্মতিঃ ভবেৎ ভবতাং, তদা বয়ং তৎসমীপং গচ্ছামঃ], ইতি (এবং নিশ্চিত্য) তম্ (উদ্দালকম্) হ অভ্যাজগ্মুঃ (তদভিমুখং গতবন্তস্তে প্রাচীনশালাদয়ঃ পঞ্চ)।

অনুবাদ। যখন তাঁহারা বিচার করিয়াও কিছুই নির্ণয় করিতে পারিলেন না তখন কাহার নিকট গিয়া ইহা শিখিয়া আসিবেন, তাহা স্থির করিতে বসিলেন। একজন প্রস্তাব করিলেন যে, "বর্ত্তমান সময়ে অরুণের পুত্র উদ্দালকই আমাদের এই চিরবাঞ্ছিত বিশ্বমূর্ত্তি আত্মার বিষয় ভালরূপ জানেন। বড় আহ্লাদের বিষয়, আপনারা যদি সকলে ইহাতে সম্মত হন, তবে আমরা তাঁহারই

নিকট গমন করি” এইরূপ স্থির করিয়া তাঁহারা সকলে সেই উদ্দালকের নিকট গমন করিলেন।

৩। স হ সম্পাদয়াঞ্চকার প্রক্ষ্যন্তি মামিমে মহাশালা মহাশ্রোত্রিয়াস্তেভ্যো ন সর্ব্বমিব প্রতিপৎস্যে হন্তাহমন্যমভ্যনুশাসানীতি।

৪। তান্ হোবাচাশ্বপতির্বৈ ভগবন্তোঽয়ং কৈকেয়ঃ সম্প্রতীমমাত্মানং বৈশ্বানরমধ্যেতি তং হন্তাভ্যাগচ্ছামেতি তং হাভ্যাজগ্মুঃ।

ব্যাখ্যা। সঃ (উদ্দালকঃ) হ (ঐতিহ্য) [তান্ প্রাচীনশালাদীন্ আলোক্যৈব তদাগমনপ্রয়োজনম্ অবগম্য] সম্পাদয়াঞ্চকার (স্থিরীকৃতবান্) মহাশালাঃ, (মহাগৃহস্থাঃ) মহাশ্রোত্রিয়াঃ (শ্রুতাধ্যয়নবৃত্তসম্পন্নাঃ) ইমে (প্রাচীনশালাদয়ঃ) মাং প্রক্ষ্যন্তি (বৈশ্বানরবিষয়িকাং পৃচ্ছাং করিষ্যন্তি); [অহং পুনঃ] তেভ্যঃ [প্রাচীনশালাদিভ্যঃ] সর্ব্বম্ ইব [ইহ পৃষ্টং প্রশ্নাদিকমিতি শেষঃ] ন প্রতিপৎস্যে (প্রতিপত্তেরভাবাৎ বক্তুং ন উৎসহে) [অতঃ] হন্ত (বিষাদং সূচয়তি) [অহমেষাম্] অন্যম্ (উপদেষ্টারম্) অভ্যনুশাসানি (উপদিশানি) ইতি।

ব্যাখ্যা। [এবং স্থিরীকৃত্য সঃ উদ্দালকঃ] তান্ (প্রাচীন-শালাদীন্) হ উবাচ ভগবন্তঃ (ভোঃ পূজাবন্তঃ) [যূয়ং শৃণুত], অশ্বপতিঃ বৈ (অশ্বপতিঃ ইতি নাম্না প্রসিদ্ধঃ) অয়ং কৈকেয়ঃ (কেকয়পুত্রঃ) সম্প্রতি (অধুনা) ইমং (ভবতাং মম চ অভি-প্রেতম্) বৈশ্বানরম্ আত্মানম্ অধ্যেতি (স্মরতি জানাতি ইত্যর্থঃ)। হন্ত [যদি সম্মতিঃ ভবেৎ ভবতাং সর্ব্বেষাং, তদা] তম্ (অশ্বপতিমেব রাজানম্) অভ্যাগচ্ছাম ইতি। [এবং নিশ্চিত্য] তম্ (অশ্বপতিমেব) অভ্যাজগ্মুঃ [উদ্দালকেন সার্দ্ধং প্রাচীন-শালাদয়ঃ সর্ব্বে গতবন্তঃ]।

অনুবাদ। উদ্দালক তাহাদিগকে দেখিয়াই আসিবার কারণ বুঝিয়া মনে মনে স্থির করিতে লাগিলেন যে,—এই সকল অধ্যয়নশীল, সচ্চরিত্র ও আচারবান্ সম্পন্ন গৃহী এখানে আসিয়াই আমাকে বিশ্বব্যাপী আত্মার কথা জিজ্ঞাসা করিবেন; আমি কিন্তু তাঁহাদের জিজ্ঞাসিত প্রশ্নগুলির প্রকৃত উত্তর বলিতে পারিব বলিয়া সাহস করিতে পারিতেছি না। ভাল কথা, ইহাঁদিগকে অন্য কাহারও নিকটে উপদেশ লাভ করিতে বলিয়া দিই।" এই বলিয়া ঋষিকুমার সেই উদ্দালক, প্রাচীনশালাপ্রভৃতিকে

সম্বোধন করিয়া বলিলেন যে, "শুনুন্ আপনারা,—বর্ত্তমানকালে কেকয়ের পুত্র মহারাজ অশ্বপতিই আপনাদের এবং আমারও চিরবাঞ্ছিত এই বিশ্বমূর্ত্তি আত্মার বিষয় ভালরূপ জানেন। বড় আনন্দের বিষয়, আপনারা যদি সকলে ইহাতে সম্মতি প্রদান করেন, তবে সকলে মিলিত হইয়া তাঁহারই নিকট যাই। এইরূপ স্থির করিয়া তাঁহারা সকলে রাজা অশ্বপতির নিকট গমন করিলেন।

৫। তেভ্যো হ প্রাপ্তেভ্যঃ পৃথগর্হাণি কারয়াঞ্চকার,স হ প্রাতঃ সঞ্জিহান উবাচ—ন মে স্তেনো জনপদে ন কদর্য্যো ন মদ্যপো নানাহিতাগ্নির্নাবিদ্বান্ স্বৈরী স্বৈরিণী কুতঃ। যক্ষ্যমাণো বৈ ভগবন্তোঽহমস্মি যাবদেকৈকস্মা ঋত্বিজে ধনং দাস্যামি তাবদ্ভগবদ্ভ্যো দাস্যামি বসন্তু ভগবন্ত ইতি।

ব্যাখ্যা। [রাজা অশ্বপতিঃ] প্রাপ্তেভ্যঃ (গৃহম্ আগতেভ্যঃ) তেভ্যঃ (প্রাচীনশালাদিভ্যঃ) পৃথক্ (পৃথক্ পৃথক্) অর্হাণি (পূজনানি) [পুরোহিতাদিভিঃ] কারয়াঞ্চকার (কারিতবান্)। সঃ (রাজা) হ (ঐতিহ্যে) প্রাতঃ সংজিহানঃ (শয্যাং ত্যজন্) উবাচ, মে (মম) জনপদে স্তেনঃ (চৌরঃ) ন (বর্ত্তত ইতি

শেষঃ)। [তথা] কদর্য্যঃ (বিভবে সতি অদাতা) ন, মদ্যপঃ (ব্রাহ্মণঃ সন্ সুরাপায়ী) ন, অনাহিতাগ্নিঃ (শক্তঃ সন্ অগ্নিহোত্রমকুর্ব্বাণঃ) ন, অবিদ্বান্ (অধিকারানুরূপাং বিদ্যাম্ অজানন্) ন; স্বৈরী (পরদারগামী) ন [বর্ত্ততে ইত্যধ্যাহৃত্য সর্ব্বত্রান্বয়ঃ]। [অতএব] স্বৈরিণী (পরপুরুষগামিনী) কুতঃ (কস্মাৎ)? ভগবন্তঃ (ভোঃ পূজ্যাবন্তঃ) [যূয়ং শৃণুত], অহং [কতিভিরেব দিনৈঃ] যক্ষ্যমাণঃ (যজ্ঞং করিষ্যন্) বৈ (এব) অস্মি। [তস্মিন্ যজ্ঞে] একৈকস্মৈ ঋত্বিজে (হোতৃপ্রভৃতিব্রতিনে) যাবৎ (যৎপরিমাণং) ধনং দাস্যামি [অতঃ] ভগবন্তঃ বসন্তু (তিষ্ঠন্তু মমালয়ে ইতি শেষঃ)।

অনুবাদ। রাজা গৃহাগত সেই প্রাচীনশালপ্রভৃতির প্রত্যেককে পৃথক্ পৃথক্রূপে পূজা করাইয়া ছিলেন। পরদিন প্রভাতে উঠিয়া তিনি তাঁহাদের নিকট আসিয়া বিনীতভাবে বলিলেন যে, "আপনারা আমার নিকট হইতে এই ধন গ্রহণ করুন," তাঁহারা তাহাতে অসম্মত হইলে, তিনি মনে করিলেন যে, "বুঝি আমার কোন দোষ আছে" তাই ইঁহারা এই ধন গ্রহণ করিতে অস্বীকৃত হইতেছেন" সেইজন্য রাজা আপনার ও প্রজাবর্গের

সচ্চরিত্রতা প্রতিপাদন করিবার নিমিত্ত বলিলেন যে, “আমার এই রাজ্যমধ্যে কোথাও চোর কিংবা কৃপণ বা মাতাল কিছুই নাই। লম্পট নাই, সুতরাং কুলটাও থাকিতে পারে না। প্রত্যেকেই স্ব স্ব জাতীয় শিক্ষায় শিক্ষিত; ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যের মধ্যে ক্ষমতা থাকিলে অগ্নিহোত্র যজ্ঞ করেন না, এমন কেহই নাই। আপনারা মনে রাখিবেন—আমি সম্প্রতি একটী যজ্ঞ আরম্ভ করিতেছি, তাহাতে এক একজন ব্রতীকে আমি যতগুলি করিয়া মুদ্রা দিব, আপনাদিগকেও তাহাই দিব। অনুগ্রহ করিয়া আপনারা এই কয়দিন আমার এই গৃহেই থাকিয়া যান।

৬। তে হোচুর্যেন হৈবার্থেন পুরুষশ্চরেত্তং হৈব বদেদাত্মানমেবেমং বৈশ্বানরং সম্প্রত্যধ্যেষি তমেব নো ব্রূহীতি।

ব্যাখ্যা। [রাজা এবমুক্তাঃ] তে (প্রাচীনশালাদয়ঃ) হ ঊচুঃ, পুরুষঃ যেন অর্থেন (প্রয়োজনেন) হ এব চরেৎ (পুরুষান্তরং গচ্ছেৎ) [সঃ পুরুষঃ আদৌ তমেব অপরং পুরুষং] তং

(স্বস্ত আগমন-প্রয়োজনম্) হ এব বদেৎ (কথয়েৎ)। [আগমনপ্রয়োজনমেবাস্মাভিঃ উচ্যতে] সম্প্রতি (ইদানীং) ইমম্ (অস্মদভিপ্রেতং) বৈশ্বানরং (বিশ্বব্যাপকং) আত্মানম্ [ত্বম্] এব অধ্যেষি (স্মরসি জানাসি ইত্যর্থঃ); তম্ (আত্মানম্) এব নঃ (অস্মভ্যং) ব্রূহি (কথয়)।

অনুবাদ। রাজার এই কথায় তাঁহারা উত্তর করিলেন যে, কেহ যখন কোন প্রয়োজনের জন্য অন্য কাহারও নিকট গমন করে, তখন সকলের পূর্ব্বে সে আপনার প্রয়োজনের কথাটী তাঁহাকে খুলিয়া বলে। অতএব আমরা কেন আসিয়াছি, তাহা পূর্ব্বে জানিয়া, তবে আপনার যাহা বলিবার থাকে, বলিবেন। বর্ত্তমানকালে একমাত্র আপনিই আমাদের চিরবাঞ্ছিত বিশ্বমূর্ত্তি ভগবান্ বৈশ্বানরের বিষয় ভালরূপ জানেন, আপনি আমাদিগকে তাঁহারাই কথা বলুন—আমরা তাঁহাকেই জানিতে চাই।

৭। তান্ হোবাচ প্রাতর্বঃ প্রতিবক্তাস্মীতি তে হ সমিৎপাণয়ঃ পূর্ব্বাহ্নে প্রতিচক্রমিরে তান্ হানুপনীয়ৈবৈতদুবাচ।

ইত্যেকাদশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। [তৈরেবমুক্তঃ সন্ রাজা] তান্ (প্রাচীনশালাদীন্) হ উবাচ প্রাতঃ (আগামিনি প্রভাতে) বঃ (যুষ্মভ্যং) প্রতিবক্তা অস্মি (প্রশ্নস্ত অস্ত প্রত্যুত্তরং দাতা অস্মি) ইতি; [প্রভাতায়াং রজন্যাম্] তে (প্রাচীনশালাদয়ঃ) পূর্ব্বাহ্নে (দিবসস্ত পূর্ব্বভাগে) সমিৎপাণয়ঃ [সন্তঃ, হস্তৈঃ সমিদ্‌ভারং সংধৃত্বা] প্রতিচক্রমিরে (রাজসকাশং গতবন্তঃ)। [স চ নৃপতিঃ] তান্ (প্রাচীনশালাদীন্) অনুপনীয় (উপনয়নম্ অদত্ত্বৈব) এতৎ (বক্ষ্যমাণং বৈশ্বানরবিজ্ঞানম্) উবাচ।

অনুবাদ। রাজা তাঁহাদিগের এই সাগ্রহ প্রার্থনায় সম্মত হইয়া বলিলেন যে, "কল্য প্রভাতে আমি আপনাদিগকে ইহার উত্তর প্রদান করিব।" রাত্রি প্রভাত হইলেই তাঁহারা সকলে যজ্ঞীয় কাষ্ঠ সংগ্রহ করিয়া রাজার নিকট গমন করিলে, রাজা তাঁহাদিগকে উপনয়ন না দিয়াই বিদ্যা শিক্ষা দিলেন।

একাদশ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

দ্বাদশঃ খণ্ডঃ।

১। ঔপমন্যব কং ত্বমাত্মানমুপাস্স ইতি দিবমেব

ভগবো রাজন্নিতি হোবাচৈষ বৈ সুতেজা আত্মা বৈশ্বানরো যং ত্বমাত্মানমুপাস্সে তস্মাত্তব সুতং প্রসুতমাসুতং কুলে দৃশ্যতে।

ব্যাখ্যা। [নৃপতিরুবাচ] ঔপমন্যব (হে ঔপমন্যুতনয়), ত্বং কং (পদার্থং) আত্মানং [বৈশ্বানরম্ মত্বা] উপাস্সে (আরাধয়সি)? [হে] ভগবঃ (ভগবন্) রাজন্, দিবম্ এব (দ্যুলোকম্ এব) [বৈশ্বানরাত্মত্বেনাহম্ আরাধয়ামি] ইতি হ উবাচ { উক্তবান্ সঃ ঔপমন্যব] ; [রাজা পুনরপি উবাচ]— ত্বং যং (দ্যুলোকং) আত্মানম্ [মত্বা] উপাস্সে (পূর্ব্ববদেবারাধয়সি), এষঃ (দ্যুলোকঃ) বৈ (এব) সুতেজাঃ (শোভনতেজঃসম্পন্নঃ ; বৈশ্বানরঃ আত্মা (বৈশ্বানরস্য আত্মনঃ অবয়বভূতঃ) ; তস্মাৎ (সুতেজসঃ বৈশ্বানরস্য উপাসনাৎ) তব কুলে (বংশে) সুতং (সোমরূপং লতারসম্) প্রসুতং (অহীনে প্রকর্ষেণ সুতং), আসুতং (পুনঃ সত্রে) দৃশ্যতে [অতীব যাজ্ঞিকা ভবদ্বংশীয়া ইতি ভাবঃ]।

অনুবাদ। রাজা জিজ্ঞাসা করিলেন, "ঔপমন্যব, তুমি কাহাকে বিশ্বমূর্ত্তি আত্মা মনে করিয়া উপাসনা করিয়া থাক ?' ঔপমন্যব উত্তর করিলেন, 'দেব, আমি দ্যুলোককেই বৈশ্বানর আত্মা মনে করিয়া

উপাসনা করিয়া থাকি।' রাজা বলিলেন,—'তুমি যাহাকে আত্মা মনে করিয়া উপাসনা করিয়া থাক, সেই দ্যুলোক বিশ্বব্যাপী পরমাত্মার তেজোময় একটা অংশ মাত্র। তাই তোমার বংশে নানাবিধ যজ্ঞে সোমলতাকে নানারূপে নিষ্পীড়ন করিয়া রস বহির্গত করা হয়, অর্থাৎ তোমার বংশে যাঁহারা জন্ম গ্রহণ করিয়াছেন, তাঁহারা নানাবিধ যজ্ঞে বিশেষ পারদর্শী।

২। অৎস্যন্নং পশ্যসি প্রিয়মত্ত্যন্নং পশ্যসি প্রিয়ং ভবত্যস্য ব্রহ্মবর্চসং কুলে য এতমেবমাত্মানং বৈশ্বানরমুপাস্তে মূর্দ্ধা ত্বেষ আত্মন ইতি হোবাচ মূর্দ্ধা তে ব্যপতিষ্যদ্ যন্মাং নাগমিষ্য ইতি।

ইতি দ্বাদশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। [তথা এতস্মাদেব উপাসনাৎ হেতোঃ, ত্বং] অন্নম্ (ভোজনীয়ং) অৎসি [দীপ্তাগ্নিঃ সন্ ভক্ষয়সি], প্রিয়ং (প্রিয়জনং চ) পশ্যসি। যঃ (কশ্চিৎ) এতম্ (আদৌ উক্তং) বৈশ্বানরম্ আত্মানম্ এবম্ উপাস্তে [ত্বদ্বৎ সোঽপি উপাসকঃ] অন্নম্ অত্তি, প্রিয়ং [চ] পশ্যতি। তু (কিন্তু) এষঃ (দ্যুলোকঃ) আত্মনঃ (বৈশ্বানরস্য) মূর্দ্ধা (শিরোভাগঃ [ন সমগ্রমূর্ত্তিঃ];

যৎ (যদি) [ত্বং] মাং (মৎসমীপং) ন আগমিষ্যঃ, [তদা] তে (তব) মূর্দ্ধা (মস্তকং) ব্যপতিষ্যৎ (নিশ্চিতমেব পতেৎ) ইতি হ উবাচ [ঔপমন্যবং, সঃ নৃপতিরশ্বপতিঃ]।

অনুবাদ। তুমি এইরূপে উপাসনা কর বলিয়াই অন্নভোজন ও প্রিয়জনের মুখ সন্দর্শন করিতে পাইতেছ, তোমার মত আর কেহ যদি এই বিশ্বব্যাপী পরমাত্মার উপাসনা করেন, তিনিও অন্নভোজন ও প্রিয়জনের মুখ সন্দর্শন করিতে পাইবেন এবং তাঁহার বংশের সন্তানেরা সদাচার ও বেদাধ্যয়নাদি-জনিত পবিত্রতেজে তেজোময় হইয়া দীপ্তি পাইতে থাকিবেন। কিন্তু মনে রাখিও, তেজোময় ঐ দ্যুলোক কেবল বিশ্বব্যাপী পরমাত্মার একটা অংশ—তাঁহার শীর্ষদেশ মাত্র। তুমি যদি আমার কাছে না আসিতে—চিরদিনই যদি পরমাত্মার ঐ শীর্ষদেশকে তাঁহার সমগ্র অবয়ব মনে করিয়া উপাসনা করিতে, তাহা হইলে তোমার মস্তক নিশ্চয়ই খসিয়া পড়িত।

ইতি দ্বাদশ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

ত্রয়োদশঃ খণ্ডঃ।

১। অথ হোবাচ সত্যযজ্ঞং পৌলুষিং প্রাচীনযোগ্য কং ত্বমাত্মানমুপাস্স ইত্যাদিত্যমেব ভগবো রাজন্নিতি হোবাচৈষ বৈ বিশ্বরূপ আত্মা বৈশ্বানরো যং ত্বমাত্মানমুপাস্সে তস্মাত্তব বহু বিশ্বরূপং কুলে দৃশ্যতে।

ব্যাখ্যা। অথ (অনন্তরং) পৌলুষিং (পুলুষিতনয়ং) সত্যযজ্ঞং হ উবাচ (জিজ্ঞাসিতবান্) [স রাজা];—[হোঃ] প্রাচীনযোগ্য, ত্বং কং (পদার্থম্) আত্মানম্ [বৈশ্বানরং মত্বা] উপাস্সে (আরাধয়সি)? ইতি [জিজ্ঞাসিতঃ সন্ প্রাচীনযোগ্যঃ] উবাচ, হ [হে] ভগবঃ (ভগবন্) রাজন্, আদিত্যং (সূর্য্যমেব) [বৈশ্বানরাত্মত্বেন অহমারাধয়ামি]. ইতি [উক্তঃ স রাজা পুনরপি উবাচ], ত্বং যম্ (আদিত্যম্) আত্মানং [মত্বা] উপাস্সে (পূর্ব্বোক্তেন আরাধয়সি), এষঃ (আদিত্যঃ) বৈ (এব) বিশ্বরূপঃ (সর্ব্বরূপাধারঃ) বৈশ্বানরঃ আত্মা (বৈশ্বানরস্য আত্মনঃ অবয়বভূতঃ); তস্মাৎ (বিশ্বরূপস্য আত্মনঃ উপাসনাৎ) তব কুলে (বংশে) বহু বিশ্বরূপং (ইহ পরলোকোপাকরণম্) দৃশ্যতে।

অনুবাদ। তাহার পর রাজা পুলুষিতনয় সত্যযজ্ঞকে বলিলেন—'প্রাচীনযোগ্য, তুমি কাহাকে

বিশ্বমূর্ত্তি আত্মা মনে করিয়া উপাসনা করিয়া থাক?'
প্রাচীনযোগ্য উত্তর করিলেন,—'দেব,আমি সূর্য্যকেই
বিশ্বব্যাপী আত্মা মনে করিয়া উপাসনা করিয়া থাকি।'
রাজা বলিলেন, তুমি যাহাকে আত্মা মনে করিয়া
উপাসনা করিয়া থাক' সেই সূর্য্য,বিশ্বব্যাপী পরমাত্মার
"সর্ব্বরূপের আধার" একটী অংশমাত্র; তুমি এই
বিশ্বরূপের উপাসনা কর বলিয়াই তোমার বংশে—
যাহাতে ইহলোক ও পরলোকের উপকার হয় - মঙ্গল
ঘটে, এরূপ বহুবিধ কর্ম্মের অনুষ্ঠান হইয়া থাকে।

২। প্রবৃত্তোঽশ্বতরীরথো দাসীনিষ্কোঽৎস্যন্নং
পশ্যসি প্রিয়মত্ত্যন্নং পশ্যতি প্রিয়ং ভবত্যস্য ব্রহ্মবর্চসং
কুলে য এতমেবমাত্মানং বৈশ্বানরমুপাস্তে চক্ষুষ্ট্বেতদা-
ত্মন ইতি হোবাচান্ধোঽভবিষ্যদ্ যন্ মাং নাগমিষ্য ইতি।

ইতি ত্রয়োদশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। [অপি চ এতস্মাদেব উপাসনাৎ হেতোঃ তাব্‌
অমু] প্রবৃত্তঃ অশ্বতরীরথঃ (অশ্বতরীভ্যাং যুক্তঃ রথঃ) দাসী-
নিষ্কঃ (দাসীভির্যুক্তঃ নিষ্কঃ কণ্ঠহারঃ) [তথা] অন্নং (অন্ন-
মীয়ম্) অৎসি (দীপ্তাগ্নিঃ সন্ ভক্ষয়সি), প্রিয়ং (প্রিয়জনং)
পশ্যসি। যঃ (জনঃ) এবং (পূর্ব্বোক্তং) বৈশ্বানরম্ আত্মানম্

এব উপাস্তে (আরাধতে) [ত্বমিব সোঽপি উপাসকঃ) অন্নম্ অত্তি, প্রিয়ং [চ] পশ্যতি; অস্য (উপাসকস্য) কুলে ব্রহ্মবর্চ্চসং (সদাচারবেদাধ্যয়নাদিজনিতং পবিত্রং তেজঃ) ভবতি (সং জায়তে)। তু (কিন্তু) এষঃ (আদিত্যঃ) আত্মনঃ বৈশ্বানরস্য চক্ষুঃ (নয়নং) [নেত্রং সমগ্রা মূর্ত্তিঃ], যৎ (যদি) [ত্বং] মাং (মৎসমীপং) ন আগমিষ্যঃ [তদা] অন্ধঃ অভবিষ্যঃ ইতি চ উবাচ [স নৃপতিঃ]।

অনুবাদ। এই উপাসনার জন্যই তোমার গৃহে রথসমূহ অশ্বতরীযুক্ত হইয়া সর্ব্বদাই শোভা পায়, বাড়ীর দাসীরা পর্য্যন্ত সোনার কণ্ঠহার পরিয়া থাকে; তুমিও প্রচুর ভোজ্যদ্রব্য নিত্য উপভোগ কর এবং প্রিয়জনের মুখসন্দর্শনও করিতে পাও। তোমার মত আর কেহ যদি এই বিশ্বব্যাপী পরমাত্মাকে এইরূপে উপাসনা করেন, তিনিও অন্নভোজন ও প্রিয়জনের মুখ সন্দর্শন করিয়া থাকেন এবং তাঁহার বংশজাত সন্তানেরা সদাচার ও বেদাধ্যয়নাদিজনিত পবিত্র তেজে তেজোময় হইয়া দীপ্তি পান। কিন্তু এই সূর্য্য বিশ্বব্যাপী পরমাত্মার একটী অবয়ব—তাঁহার চক্ষুঃমাত্র,

তুমি যদি আমার কাছে না আসিতে, পরমাত্মার এই নয়নকেই তাহার সমগ্র মূর্ত্তি মনে করিয়া চিরদিন উপাসনা করিতে, তাহা হইলে তোমার নয়ন দুইটী নষ্ট হইয়া যাইত, তুমি নিশ্চয়ই অন্ধ হইতে।

ইতি ত্রয়োদশ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

চতুর্দ্দশঃ খণ্ডঃ।

১। অথ হোবাচেন্দ্রদ্যুম্নং ভাল্লবেয়ং বৈয়াঘ্রপদ্য কং ত্বমাত্মানমুপাস্স ইতি বায়ুমেব ভগবো রাজন্নিতি হোবাচৈষ বৈ পৃথগ্বর্ত্মাত্মা বৈশ্বানরো যং ত্বমাত্মান-মুপাস্সে তস্মাত্ত্বাং পৃথগ্বলয় আয়ন্তি পৃথগ্রথশ্রেণয়ো-হনুযন্তি।

ব্যাখ্যা। অথ (অনন্তরং) ভাল্লবেয়ং (ভাল্লবিনন্দনঃ) ইন্দ্রদ্যুম্নং উবাচ [স রাজা], -[ভোঃ] বৈয়াঘ্রপদ্য, ত্বং কম্ (পদার্থং) আত্মানম্ [বৈশ্বানরং মত্বা] উপাস্সে ? ইতি [জিজ্ঞাসিতঃ সন্ বৈয়াঘ্রপদ্যঃ] উবাচ হ—[হ] ভগবঃ (ভগবন্) রাজন্, বায়ুমেব [বৈশ্বানরাত্মতয়া উপাসে] ইতি [উক্তঃ স রাজা, পুনরপি উবাচ] ত্বং যম্ (বায়ুং) আত্মানং [মত্বা] উপাস্সে,

এষঃ (বায়ুঃ) বৈ (এব) পৃথগ্‌বর্ত্মা (বিভিন্নমার্গঃ) বৈশ্বানরঃ আত্মা (বৈশ্বানরস্য আত্মনঃ অবয়বভূতঃ) তস্মাৎ (পৃথগ্বর্ত্মনঃ আত্মনঃ উপাসনাৎ) পৃথক্ (বিভিন্নদিগাগতাঃ) বলয়ঃ (বস্ত্রান্নাদিরূপাঃ) আয়ান্তি (আগচ্ছন্তি), পৃথক্ (বিভিন্নাঃ) রথশ্রেণয়ঃ (রথপঙ্‌ক্তয়শ্চ) অনুযন্তি (অনুগচ্ছন্তি ত্বামিতি শেষঃ)।

অনুবাদ। তাহার পর রাজা ভাল্লবিনন্দন ইন্দ্রদ্যুম্নকে জিজ্ঞাসা করিলেন, 'বৈয়াঘ্রপদ্য, তুমি কাহাকে বিশ্বমূর্ত্তি আত্মা মনে করিয়া উপাসনা করিয়া থাক?' বৈয়াঘ্রপদ্য উত্তর করিলেন, 'দেব, আমি বায়ুকেই বিশ্বমূর্ত্তি আত্মা মনে করিয়া উপাসনা করিয়া থাকি।' রাজা বলিলেন, 'তুমি যাহাকে আত্মা মনে করিয়া উপাসনা করিয়া থাক, সেই বায়ু বিশ্বমূর্ত্তি পরমাত্মার "বিভিন্নদিগ্‌গামী" একটী অংশ মাত্র। তুমি তাঁহার এই বিভিন্নদিগ্‌গামী অংশটীরই উপাসনা কর বলিয়াই বিভিন্ন দিক্ হইতে উপহার-সমূহ আসিয়া তোমারই নিকট উপস্থিত হইতেছে, বিভিন্নপ্রকারের রথশ্রেণীও তোমারই অনুগমন করিতেছে।

২। অৎস্যন্নং পশ্যসি প্রিয়মত্ত্যন্নং পশ্যতি প্রিয়ং ভবত্যস্য ব্রহ্মবর্চসং কুলে য এতমেবমাত্মানং বৈশ্বানরমুপাস্তে প্রাণস্ত্বেষ আত্মন ইতি হোবাচ প্রাণস্ত উদক্রমিষ্যদ্ যন্ মাং নাগমিষ্য ইতি।

ইতি চতুর্দ্দশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। [কিঞ্চ অস্যাদেব উপাসনাৎ হেতোঃ] অন্নং (ভোজ্যং) অৎসি (ভক্ষয়সি), প্রিয়ং (জনং) [চ] পশ্যসি; যঃ (জনঃ) এতম্ (আদৌ উক্তং) বৈশ্বানরম্ আত্মানম্ এব উপাস্তে, [ত্বমিব সোঽপি উপাসকঃ] অন্নম্ অত্তি প্রিয়ং, [চ] পশ্যতি, অস্য কুলে ব্রহ্মবর্চ্চসং (বেদাধ্যয়নাদিজং তেজঃ) ভবতি। তু (কিন্তু) এষঃ (বায়ুঃ) আত্মনঃ (বৈশ্বানরস্য) প্রাণঃ। যৎ (যদি) [ত্বং] মাং (মৎসকাশং) ন আগমিষ্যঃ [তদা] তে (তব) প্রাণঃ উদক্রমিষ্যৎ (উৎক্রান্তঃ অভবিষ্যৎ) ইতি হ উবাচ [রাজা]।

অনুবাদ। এই উপাসনার জন্যই তুমি নিজেও প্রচুর ভোজ্য দ্রব্য নিত্য উপভোগ করিতেছ এবং প্রিয়জনের মুখ সন্দর্শনও করিতে পাইতেছ। তোমার মত আর কেহ যদি এই বিশ্বব্যাপী

পরমাত্মাকে এইরূপে উপাসনা করেন, তিনিও অন্নভোজন ও প্রিয়জনের মুখ সন্দর্শন করিয়া থাকেন. এবং তাঁহার বংশের সন্তানেরা সদাচার ও বেদাধ্যয়নাদি-জনিত পবিত্র তেজে দীপ্তিমান্ হন। কিন্তু এই বায়ু বিশ্বব্যাপী পরমাত্মার একটী অংশ, তাঁহার প্রাণমাত্র; অতএব তুমি যদি আমার কাছে না আসিয়া চিরদিনই বিশ্বব্যাপী পরমাত্মার এই একটী মাত্র অবয়বকেই তাঁহার সমগ্র মূর্ত্তি মনে করিয়া উপাসনা করিতে, তাহা হইলে নিশ্চয়ই তোমার প্রাণনাশ ঘটিত, তুমি মৃত্যুমুখে পতিত হইতে।

চতুর্দ্দশ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

পঞ্চদশঃ খণ্ডঃ।

১। অথ হোবাচ জনং শার্করাক্ষ্য কং ত্বমাত্মানমুপাস্স ইত্যাকাশমেব ভগবো রাজন্নিতি হোবাচৈষ বৈ বহুল আত্মা বৈশ্বানরো যং ত্বমাত্মানমুপাস্সে তস্মাত্ত্বং বহুলোঽসি প্রজয়া চ ধনেন চ।

ব্যাখ্যা। অথ জনং হ উবাচ [রাজা], শার্করাক্ষ্য [হে শার্করাক্ষসুত,] ত্বং কং (পদার্থং) আত্মানম্ (বৈশ্বানরাখ্যং) [জ্ঞাত্বা] উপাস্সে ? ইতি [জিজ্ঞাসিতঃ সন্ শার্করাক্ষ্যঃ] হ উবাচ—[হে] ভগবঃ (ভগবন্) রাজন্ আকাশম্ এব [উপাসে ইতি শেষঃ], [পুনরপি প্রত্যাহতবান স রাজা] ত্বং যম্ (আকাশম) আত্মানং [মত্বা] উপাস্সে, এষঃ (আকাশঃ) বৈ (এব) বহুলঃ (সর্ব্বগত্বাদিগুণযুক্তঃ) বৈশ্বানরঃ আত্মা (বিশ্বব্যাপিনঃ আত্মনঃ অবয়বভূতঃ) তস্মাৎ (এতস্যৈব আত্মনঃ উপাসনাৎ) ত্বং প্রজয়া (পুত্রপৌত্রাদিরূপয়া) চ ধনেন (হিরণ্যাদিনা) চ বহুলঃ (সমৃদ্ধঃ অসি) ॥

অনুবাদ। এবার রাজা জনকে জিজ্ঞাসা করিলেন,—'শার্করাক্ষ্য, তুমি কাহাকে বিশ্বমূর্ত্তি আত্মা মনে করিয়া উপাসনা করিয়া থাক ?' শার্করাক্ষ্য উত্তর করিলেন,—'ভগবন্, আমি আকাশকেই বিশ্বব্যাপী আত্মা মনে করিয়া উপাসনা করিয়া থাকি।' রাজা বলিলেন, 'তুমি যাহাকে আত্মা মনে করিয়া উপাসনা করিয়া থাক, সেই আকাশ বিশ্বব্যাপী পরমাত্মার সর্ব্বব্যাপী একটী অংশ মাত্র। তুমি তাঁহার এই সর্ব্বব্যাপী অংশের উপাসনা কর বলিয়াই সন্ততি ও সম্পদে সমৃদ্ধ হইতেছ।'

২। অংস্যন্নং পশ্যসি প্রিয়মত্ত্যন্নং পশ্যতি প্রিয়ং ভবত্যস্য ব্রহ্মবর্চসং কুলে য এতমেবমাত্মানং বৈশ্বানর-মুপাস্তে সন্দেহস্ত্বেষ আত্মন ইতি হোবাচ সন্দেহস্তে ব্যশীর্য্যদ্ যন্ মাং নাগমিষ্য ইতি।

ইতি পঞ্চদশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। [কিঞ্চ এতস্মাৎ এব উপাসনাৎ হেতোঃ, ত্বং] অন্নম্ অৎসি, প্রিয়ং [চ] পশ্যসি। যঃ এতং বৈশ্বানরম্ আত্মা-নম্ এব উপাস্তে [ত্বমিব সোঽপি] অন্নম্ অত্তি, প্রিয়ং [চ] পশ্যতি ; [তথা] অস্য (উপাসকস্য) কুলে ব্রহ্মবর্চ্চসং (সদা-চারবেদাধ্যয়নাদি-জনিতং তেজঃ) ভবতি। তু (কিন্তু) এষঃ (আকাশঃ) আত্মনঃ (বৈশ্বানরস্য) সন্দেহঃ (দেহমধ্যভাগঃ) যৎ (যদি) [ত্বং] মা (মাং) ন আগমিষ্যঃ, [তদা] তে (তব) সন্দেহঃ (দেহমধ্যভাগঃ) ব্যশীর্য্যৎ (শীর্ণম্ অভবিষ্যৎ) ইতি হ উবাচ (স রাজা)।

অনুবাদ। এই উপাসনার জন্যই নিজেও প্রচুর অন্ন ভোজন এবং প্রিয়জনের মুখসন্দর্শন করিতে পাইতেছ। আর কেহ যদি তোমার মত ইহাঁকে এই-রূপে উপাসনা করেন, তিনিও অন্নভোজন ও প্রিয়-

জনের মুখাদি দর্শন করিয়া থাকেন এবং তাঁহার বংশে সদাচার ও বেদাধ্যয়নাদিজনিত পবিত্র তেজঃ প্রকাশ পায়। কিন্তু এই আকাশ বিশ্বব্যাপী পরমাত্মার একটী অংশ—তাঁহার বিরাট্শরীরের মধ্যভাগ মাত্র। তুমি যদি আমার কাছে কখনও না আসিতে—চিরদিন যদি আত্মা মনে করিয়া তাঁহার এই শরীরের মধ্যভাগেরই উপাসনা করিতে, তাহা হইলে তোমারও শরীরের মধ্যভাগটা নিশ্চয়ই অত্যাস্থ শীর্ণ হইয়া পড়িত।

পঞ্চদশ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

ষোড়শঃ খণ্ডঃ।

১। অথ হোবাচ বুড়িলমাশ্বতরাশ্বিং বৈয়াঘ্রপদ্য কং ত্বমাত্মানমুপাস্স ইত্যপ এব ভগবো রাজন্নিতি হোবাচৈষ বৈ রয়িরাত্মা বৈশ্বানরো যং ত্বমাত্মানমুপাস্সে তস্মাত্ত্বং রয়িমান্ পুষ্টিমানসি।

ব্যাখ্যা। অথ (অনন্তরং) আশ্বতরাশ্বিং (অশ্বতরাশ্বতনয়ং),

বুড়িলম্ উবাচ [পৃষ্টবান্ সঃ রাজা], বৈয়াঘ্রপদ্য, ত্বং কং (পদার্থং) আত্মানং [মত্বা] উপাস্সে? ইতি [জিজ্ঞাসিতঃ বৈয়াঘ্রপদ্যঃ] উবাচ হ, [হ] ভগবঃ (ভগবন্) রাজন্, অপঃ (জলানি) এব [বৈশ্বানরাত্মত্বেন অহমুপাসে]; [এতদবগম্য রাজা উবাচ], ত্বং যং (জলরূপং পদার্থং) আত্মানম্ [মত্বা] উপাস্সে, এষঃ (জলরূপঃ পদার্থঃ) বৈ (এব) রয়িঃ (ধনরূপঃ) বৈশ্বানরঃ আত্মা (বিশ্বব্যাপিনঃ আত্মনঃ অবয়বভূতঃ), তস্মাৎ (অস্যৈব আত্মনঃ উপাসনাৎ) ত্বং রয়িমান (ধনবান্) [তথা] পুষ্টিমান্ (শরীরেণ পুষ্টঃ) অসি।

অনুবাদ। রাজা এবার অশ্বতরাশ্বের পুত্র বুড়িলকে সম্বোধন করিয়া বলিলেন যে, 'বৈয়াঘ্রপদ্য, তুমি কাহাকে বিশ্বব্যাপী আত্মা মনে করিয়া উপাসনা করিয়া থাক?' বুড়িল উত্তর করিল—'ভগবন! আমি জলরাশিকেই বিশ্বব্যাপী আত্মা মনে করিয়া উপাসনা করিয়া থাকি।' রাজা বলিলেন—তুমি যাহাকে আত্মা মনে করিয়া উপাসনা করিয়া থাক, সেই জলরাজি বিশ্বব্যাপী পরমাত্মার যথাক্রমে অন্ন ও ও ধনাগমের একটী অবান্তর হেতুরূপী অংশমাত্র। তুমি তাঁহাকে কেবল ধন ও অন্নের কারণরূপে

উপাসনা কর বলিয়াই নিজেও কেবল ধনবান্ ও অন্নবান্ হইয়া দিন দিন পুষ্টি লাভ করিতেছ।

২। অৎস্যন্নং পশ্যসি প্রিয়মত্ত্যন্নং পশ্যতি প্রিয়ং ভবত্যস্য ব্রহ্মবর্চসং কুলে, য এতমেবমাত্মানং বৈশ্বানরমুপাস্তে বস্তিস্ত্বেষ আত্মন ইতি হোবাচ, বস্তিস্তে ব্যভেৎস্যদ্ যন্ মাং নাগমিষ্য ইতি।

ইতি ষোড়শঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। কিঞ্চ ত্বং অন্নং অৎসি, প্রিয়ং চ পশ্যসি। অন্যো২পি। যঃ এতং বৈশ্বানরম্ আত্মানম্ এবম্ উপাস্তে, [সো২পি] অন্নম্ অত্তি, প্রিয়ং [চ] পশ্যতি, অস্য কুলে ব্রহ্মবর্চসং ভবতি। তু (কিন্তু) এষঃ (জলরূপঃ পদার্থঃ) আত্মনঃ (বৈশ্বানরস্য) বস্তিঃ (মূত্রাশয়ঃ)। যৎ (যদি) [ত্বং] মা (মাং) ন আগমিষ্যঃ [তদা] তে (তব) বস্তিঃ (মূত্রাশয়ঃ) ব্যভেৎস্যৎ (বিশেষেণ বিদীর্ণমভবিষ্যৎ) ইতি হ উবাচ [রাজা]।

অনুবাদ। আর নিজেও প্রচুর অন্ন ভোগ করিতেছ এবং প্রিয়জনের মুখ সন্দর্শনও করিতে পাইতেছ। তোমার মত আর কেহ যদি এইরূপে ইহার উপাসনা করেন, তবে তিনিও অন্নভোজন ও

প্রিয়জনের মুখ সন্দর্শন করিয়া থাকেন। কিন্তু এই জলরাশি বিশ্বব্যাপী পরমাত্মার একটী অংশ—তাঁহার মূত্রাশয় মাত্র। তুমি যদি কোনও দিন আমার কাছে না আসিতে, চিরদিন যদি আত্মা মনে করিয়া তাঁহার মূত্রাশয়রূপী জলরাশিরই উপাসনা করিতে, তাহা হইলে নিশ্চয়ই তোমার মূত্রাশয় বিদীর্ণ হইয়া যাইত।

ষোড়শ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

সপ্তদশঃ খণ্ডঃ।

১। অথ হোবাচোদ্দালকমারুণিং গৌতম কং ত্বমাত্মানমুপাস্স ইতি পৃথিবীমেব ভগবো রাজন্নিতি হোবাচৈষ বৈ প্রতিষ্ঠাত্মা বৈশ্বানরো যং ত্বমাত্মানমুপাস্সে তস্মাত্ত্বং প্রতিষ্ঠিতোঽসি প্রজয়া চ পশুভিশ্চ।

ব্যাখ্যা। অথ আরুণিঃ (অরুণতনয়ং) উদ্দালকম্ উবাচ [জিজ্ঞাসিতবান্ সঃ রাজা]—গৌতম, ত্বং কং (পদার্থং) আত্মানং (মত্বা) উপাস্সে? ইতি [পৃষ্টঃ গৌতমঃ] উবাচ হ,

[হে] ভগবঃ (ভগবন্) রাজন্, পৃথিবীম্ এব [বৈশ্বানরাত্মত্বেন অহম্ উপাসে]; [এতদাকর্ণ্য রাজা আহ] ত্বং যম্ আত্মানম্ [জ্ঞাত্বা] উপাস্সে এষঃ (পৃথিবীরূপঃ পদার্থঃ) বৈ (এব) প্রতিষ্ঠা (পাদৌ) বৈশ্বানরঃ আত্মা (বৈশ্বানরস্য আত্মনঃ অবয়বভূতঃ)। তস্মাৎ (এতস্যৈব আত্মনঃ উপাসনাৎ) ত্বং প্রজয়া (সন্তত্যা) পশুভিঃ (গবাদিভিশ্চ ; প্রতিষ্ঠিতঃ (সমৃদ্ধঃ) অসি।

অনুবাদ। সর্ব্বশেষে রাজা—অরুণের পুত্র উদ্দালককে জিজ্ঞাসা করিলেন 'গৌতম, তুমি কাহাকে বিশ্বব্যাপী আত্মা মনে করিয়া উপাসনা করিয়া থাক?' গৌতম উত্তর করিল—'দেব, আমি এই পৃথিবীকেই বিশ্বব্যাপী আত্মা মনে করিয়া উপাসনা করিয়া থাকি।' রাজা ইহা শুনিয়া বলিলেন, 'তুমি যাহাকে আত্মা ভাবিয়া উপাসনা কর, সেই পৃথিবী বিশ্বব্যাপী পরমাত্মার প্রতিষ্ঠার হেতুভূত একটী অংশমাত্র। তুমি তাঁহাকে কেবল প্রতিষ্ঠার কারণ মনে করিয়াই উপাসনা করিয়া আসিতেছ বলিয়া, নিজেও কেবল প্রজা ও পশু বিষয়েই প্রতিষ্ঠা লাভ করিয়া আসিয়াছ।'

২। অৎস্যন্নং পশ্যসি প্রিয়মত্ত্যন্নং পশ্যতি প্রিয়ং ভবত্যস্য ব্রহ্মবর্চসং কুলে য এতমেবমাত্মানং বৈশ্বানরমুপাস্তে পাদৌ ত্বেতাবাত্মন ইতি হোবাচ পাদৌ তে ব্যম্লাস্যেতাং যন্মাং নাগমিষ্য ইতি।

ইতি সপ্তদশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। [অপি চ] অন্নম্ অৎসি, প্রিয়ং পশ্যসি [ইতি শেষঃ], [ত্বমিব অন্যোঽপি] যঃ এতং বৈশ্বানরম্ আত্মানম্ এবম্ উপাস্তে [সোঽপি] অন্নম্ অত্তি, প্রিয়ং পশ্যতি, অস্য (উপাসকস্য) কুলে ব্রহ্মবর্চসম্ (বেদাধ্যয়নাদিজনিতং পবিত্রং তেজঃ) ভবতি। তু (কিন্তু) এষঃ (পৃথিবীরূপঃ পদার্থঃ) আত্মনঃ বৈশ্বানরস্য পাদৌ, যৎ (যদি) [ত্বং] মা (মাং) ন আগমিষ্যঃ [তদা] তে (তব) পাদৌ ব্যম্লাস্যেতাং (শিথিলীভূতৌ অভবিষ্যতাম্) ইতি হ উবাচ [রাজা]।

অনুবাদ। এইজন্য নিজেও প্রচুর অন্ন ভোগ করিতেছ এবং প্রিয়জনের মুখ সন্দর্শন করিতে পাইতেছ। তোমার মত আর কেহ যদি এইরূপে ইহাঁকে উপাসনা করিত, তবে সে ব্যক্তিও অন্নভোজন ও প্রিয়-

জনের মুখ সন্দর্শন করিতে পাইত এবং তাহার বংশেও পবিত্র ব্রহ্মজ্যোতিঃ প্রকাশ পাইত। কিন্তু এই পৃথিবী, বিশ্বব্যাপী পরমাত্মার একটী অংশ তাঁহার পদতলমাত্র। তুমি যদি কোনও দিন আমার কাছে না আসিতে, চিরদিনই যদি বিশ্বব্যাপী আত্মা মনে করিয়া তাহার পদতলরূপী এই পৃথিবীরই উপাসনা করিতে, তাহা হইলে নিশ্চয়ই তোমার পা দুইখানি শিথিল হইয়া পড়িত; তুমি আর হাঁটিতে পারিতে না।

অষ্টাদশঃ খণ্ডঃ।

১। তান্ হোবাচৈতে বৈ খলু যূয়ং পৃথগিবেম-মাত্মানং বৈশ্বানরং বিদ্বাংসোঽন্নমথ; যস্ত্বেতমেবং প্রাদেশমাত্রমভিবিমানমাত্মানং বৈশ্বানরমুপাস্তে স সর্ব্বেষু লোকেষু সর্ব্বেষু ভূতেষু সর্ব্বেষ্বাত্মস্বন্নমত্তি।

ব্যাখ্যা। তান্ (যথোক্তবৈশ্বানরদর্শনবতঃ প্রাচীনশালা-দীন্) উবাচ হ—[সঃ রাজা অশ্বপতিঃ], এতে যূয়ং বৈ খলু

ইমং বৈশ্বানরম্ আত্মানং [অপৃথগ্‌ভূতম্ একম্ অপি সন্তং] পৃথগিব (ভেদবন্তমিব কৃত্বা) বিদ্বাংসঃ (জানন্তঃ) অন্নং (কেবলং ভোজ্যদ্রব্যম্ এব) অত্থ (ভক্ষয়থ) ; তু (কিন্তু) যঃ (জনঃ) এতং (পূর্ব্বোক্তং) এবম্ (দ্যুমূর্দ্ধাদিভেদবিশিষ্টং) প্রাদেশমাত্রং (দ্যুলোকাদিপৃথিবীপর্য্যন্তপ্রদেশপরিমাণম্) অভিবিমানং (প্রত্যগাত্মতয়া অহমিতি জ্ঞায়মানং) আত্মানং বৈশ্বানরম্ উপাস্তে, সঃ (বিদ্বান্) সর্ব্বেষু লোকেষু (স্বর্গাদিষু), সর্ব্বেষু ভূতেষু (চরাচরেষু), সর্ব্বেষু আত্মসু (শরীরেন্দ্রিয়মনোবুদ্ধিষু), অন্নম্ অত্তি [বৈশ্বানরাত্মজ্ঞঃ সর্ব্বাত্মা সন্ সর্ব্বেষাং প্রাণিনাম্ অন্নমত্তি] ।

অনুবাদ। তখন রাজা তাহাদিগকে সম্বোধন করিয়া বলিলেন, 'দেখ তোমরা কেহই সেই বিরাট্ পুরুষের পূর্ণস্বরূপ বুঝিতে পার নাই, বস্তুতঃ তিনি এক হইলেও তোমরা অবয়বভেদে তাঁহাকে বিভিন্নরূপে জানিয়াছ বলিয়াই কেবল ভোজ্য দ্রব্যই ভোগ করিবার অধিকার পাইয়াছ ; কিন্তু যিনি দ্যুলোক হইতে ভূলোকপর্য্যন্ত ব্যাপ্ত এই বিরাট্পুরুষকে নিজের আত্মা মনে করিয়াই উপাসনা করেন, তিনি নিখিল জগতের সমস্ত প্রাণীর ভোজ্য বস্তু একাকীই উপভোগ করিয়া থাকেন।

২। তস্য হ বা এতস্যাত্মনো বৈশ্বানরস্য মূর্দ্ধৈব সুতেজাশ্চক্ষুর্বিশ্বরূপঃ প্রাণঃ পৃথগ্বর্ত্মাত্মা সন্দেহো বহুলো বস্তিরেব রয়িঃ পৃথিব্যেব পাদাবুর এব বেদি-র্লোমানি বর্হির্হৃদয়ং গার্হপত্যো মনোঽন্বাহার্য্যপচন আস্যমাহবনীয়ঃ।

ইত্যষ্টাদশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। তস্য (পূর্ব্বোক্তস্য) এতস্য বৈশ্বানরস্য আত্মনঃ হ বৈ (প্রসিদ্ধিং সূচয়তি), সুতেজাঃ (শোভনতেজঃসম্পন্নঃ দ্যুলোকঃ) মূর্দ্ধা এব (শির এব) বিশ্বরূপঃ (সর্ব্বরূপাধারঃ সূর্য্যঃ) চক্ষুঃ; পৃথগ্বর্ত্মাত্মা (বিভিন্নমার্গগামী বায়ুঃ) প্রাণঃ, বহুলঃ (সর্ব্বব্যাপী আকাশঃ) সন্দেহঃ (শরীর-মধ্যভাগঃ); রয়িঃ (অন্নকারণং সলিলম্) বস্তিঃ এব (মূত্রাশয়ঃ এব, পৃথিবী (প্রতিষ্ঠাহেতুভূতা) পাদৌ এব। [তথা এতস্য বৈশ্বানরাত্ম-জ্ঞানিনঃ ভোজনকর্ত্তুঃ] উরঃ এব বেদিঃ [আকারসাদৃশ্যাৎ] লোমানি বর্হিঃ [বেদ্যামিব উরসি আস্তীর্ণত্ব-সামান্যাৎ] হৃদয়ং গার্হপত্যঃ, মনঃ অন্বাহার্য্যপচনঃ, আস্যং (মুখবিবরং) আহব-নীয়ঃ [অগ্নিরিতি শেষঃ]।

অনুবাদ। জ্যোতির্ম্ময় দ্যুলোকই এই বিরাট্পুরুষের মস্তক, নিখিলরূপের আধার ঐ

সূর্য্যই তাঁহার চক্ষুঃ; দিগ্‌দিগন্তপ্রধাবিত বায়ু তাঁহার প্রাণ; সর্ব্বব্যাপী আকাশ তাঁহার শরীরের মধ্যভাগ; বিপুল জলরাশিই তাঁহার মূত্রাশয়, আর এই ধরণীই তাহার চরণকমল। যিনি এই বিশ্বব্যাপী বিরাট্‌পুরুষকে আপনার হৃদয়গুহাশায়ী আত্মা বলিয়াই অনুভব করিয়াছেন—জানিয়াছেন, তিনি আপনার দৈনিক আহারকেই অগ্নিহোত্র যজ্ঞ বলিয়া মনে করিবেন। এই যজ্ঞে তাঁহার বক্ষঃস্থল বেদি হইবে, তাঁহার লোমগুলি কুশ হইবে, হৃদয়, গার্হপত্য অগ্নি হইবে, তাঁহার মনঃ,অন্বাহার্য্যপচন হইবে, আর তাঁহার মুখগহ্বর আহবনীয় হইবে।

ইতি অষ্টাদশ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

একোনবিংশঃ খণ্ডঃ।

১। তদ্ যদ্ভক্তং প্রথমমাগচ্ছেত্তদ্ধোমীয়ꣳ স যাং প্রথমামাহুতিং জুহুয়াত্তাং জুহুয়াৎ প্রাণায় স্বাহেতি প্রাণস্তৃপ্যতি।

ব্যাখ্যা। তৎ (তত্র এবং সতি) [পূর্ব্বোক্তন্যায়েন বৈশ্বানরাত্মধ্যানিনঃ প্রাত্যহিকভোজনে অগ্নিহোত্ররূপেণ কল্পিতে সতি ইত্যর্থঃ] যৎ ভক্তং প্রথমং (ভোজনকালে) আগচ্ছেৎ (ভোজনায় আত্মসকাশম্ উপস্থিতং ভবেৎ), তৎ (প্রথমাগতং গ্রাসান্নং) হোমীয়ং (হোমনবন্থি, হোমরূপেণ তৎপ্রক্ষেপণীয়ং)। সঃ (ভোজনায় উপবিষ্টঃ বিশ্বনরাত্মবিৎ) যাং প্রথমাম্ আহুতিং জুহুয়াৎ (আহুতিরূপেণ কল্পিতং প্রথম-গ্রাসান্নং অশ্নীয়াৎ) তাং (আহুতিং—আহুতিরূপেণ কল্পিতমন্নং) প্রাণায় স্বাহা, ইতি [মন্ত্রেণ] জুহুয়াৎ। [তেন হোমেন] প্রাণঃ [ভোক্তুরিতি শেষঃ] তৃপ্যতি।

অনুবাদ। বিরাট্পুরুষের সেই উপাসক, এইরূপ মনে মনে সমস্ত কল্পনা করিয়া ভোজন করিতে বসিবেন;—ভোজনকালে অন্নের যে প্রথম গ্রাস তাঁহার হস্তগত হইবে, তাহার দ্বারাই তিনি সেই হোমকার্য্য নির্ব্বাহ করিবেন। তিনি "প্রাণায় স্বাহা" বলিয়া প্রথম আহুতি প্রদান করিবেন। তাহাতে প্রাণের তৃপ্তি হইবে।

২। প্রাণে তৃপ্যতি চক্ষুস্তৃপ্যতি চক্ষুষি তৃপ্যত্যা-দিত্যস্তৃপ্যত্যাদিত্যে তৃপ্যতি দ্যৌস্তৃপ্যতি দিবি

তৃপ্যন্ত্যাং যৎ কিঞ্চ দ্যৌশ্চাদিত্যশ্চাধিতিষ্ঠতস্তত্তৃপ্যতি তস্যানুতৃপ্তিং তৃপ্যতি প্রজয়া পশুভিরন্নাদ্যেন তেজসা ব্রহ্মবর্চসেনেতি।

ইত্যেকোনবিংশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। প্রাণে তৃপ্যতি [সতি] চক্ষুঃ তৃপ্যতি, চক্ষুষি তৃপ্যতি আদিত্যঃ (তস্য অধিষ্ঠাত্রী দেবতা সূর্য্যঃ) তৃপ্যতি, আদিত্যে তৃপ্যতি [সতি] দ্যৌঃ (সূর্য্যাধারমন্তরিক্ষং) তৃপ্যতি, দিবি তৃপ্যন্ত্যাং (তৃপ্তায়াং সত্যাং) দ্যৌঃ চ আদিত্যশ্চ যৎ কিঞ্চ (বস্তু) অধিতিষ্ঠতঃ (স্বামিভাবেন পরিপালয়তঃ) তৎ (সর্ব্বং) তৃপ্যতি ; তস্য (সূর্য্যাদিনা পরিপালিতস্য সর্ব্বস্য বস্তুজাতস্য ; তৃপ্তিম্ অনু (লক্ষীকৃত্য) [তৃপ্তঃ পশ্চাদিত্যর্থঃ], [স্বয়ং ভোক্তাপি] প্রজয়া (সন্তত্যা), পশুভিঃ (গবাদিভিঃ), অন্নাদ্যেন (অন্নভক্ষণনিমিত্তেন) তেজসা (কায়কান্ত্যা), ব্রহ্মবর্চসেন (অধ্যয়নাদিজনিতেন জ্যোতিষা) তৃপ্যতি ইতি।

অনুবাদ। প্রাণের তৃপ্তিতে চক্ষুর তৃপ্তি, চক্ষুর তৃপ্তিতে তাহার অধিষ্ঠাত্রী দেবতা সূর্য্যের তৃপ্তি, সূর্য্যের তৃপ্তিতে তাহার আশ্রয়দাতা দ্যুলোকের তৃপ্তি, দ্যুলোক তৃপ্তি লাভ করিলে, সে এবং সূর্য্য যাহাদিগের প্রভু—পরিপালয়িতা, তাহারা সকলে তৃপ্তিলাভ করে ;

তাহাদের তৃপ্তির পর গবাদি পশু, পুত্র, পৌত্রাদি এবং শারীরিক ও আধ্যাত্মিক জ্যোতির দ্বারা স্বয়ং ভোক্তাও তৃপ্তিলাভ করিয়া থাকেন।

ইতি ঊনবিংশ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

বিংশঃ খণ্ডঃ।

১। অথ যাং দ্বিতীয়াং জুহুয়াত্তাং জুহুয়াদ্ব্যানায় স্বাহেতি ব্যানস্তৃপ্যতি।

ব্যাখ্যা। অথ (অনন্তরং) যাং দ্বিতীয়াম্ (আহুতিং) জুহুয়াৎ, তাং "ব্যানায় স্বাহা" ইতি [মন্ত্রেণ জুহুয়াৎ, [তেন চ হোমেন] ব্যানঃ (প্রাণবায়ুবিশেষঃ) তৃপ্যতি।

অনুবাদ। তাহার পর দ্বিতীয় বার যে আহুতি দ্বারা হোম করিবেন, তাহা "ব্যানায় স্বাহা" বলিয়া করিবেন। তাহা হইলে ব্যানের তৃপ্তি হইবে।

২। ব্যানে তৃপ্যতি শ্রোত্রং তৃপ্যতি শ্রোত্রে তৃপ্যতি চন্দ্রমাস্তৃপ্যতি চন্দ্রমসি তৃপ্যতি দিশস্তৃপ্যন্তি দিক্ষু তৃপ্যন্তীষু যৎকিংচ দিশশ্চ চন্দ্রমাশ্চাধিতিষ্ঠন্তি

তত্তৃপ্যতি তস্যানুতৃপ্তিং তৃপ্যতি প্রজয়া পশুভিরন্নাদ্যেন তেজসা ব্রহ্মবর্চসেনেতি।

ইতি বিংশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। ব্যানে তৃপ্যতি (সতি) শ্রোত্রং তৃপ্যতি, শ্রোত্রে তৃপ্যতি (সতি) চন্দ্রমাঃ তৃপ্যতি, চন্দ্রমসি তৃপ্যতি (সতি) দিশঃ তৃপ্যন্তি, দিক্ষু তৃপ্যন্তীষু (সতীষু) চন্দ্রমাঃ দিশঃ চ যৎ কিঞ্চ (বস্তুজাতং) আধিতিষ্ঠন্তি (স্বামিত্বেন পরিপালয়ন্তি) তৎ (সর্ব্বং) তৃপ্যতি, তস্য তৃপ্তিম্ অনু (তৃপ্তেঃ পশ্চাৎ ইত্যর্থঃ) [স্বয়ং ভোক্তাঽপি] প্রজয়া (সন্তত্যা) পশুভিঃ, অন্নাদ্যেন (অন্ন-ভক্ষণনিমিত্তেন) তেজসা (দৈহিকদীপ্ত্যা) ব্রহ্মবর্চ্চসেন (ব্রহ্ম-জ্যোতিষা চ) তৃপ্যতি।

অনুবাদ। ব্যানের তৃপ্তিতে শ্রবণেন্দ্রিয় তৃপ্ত হয়। শ্রবণেন্দ্রিয়ের তৃপ্তিতে তাহার অধিষ্ঠাত্রী দেবতা চন্দ্র তৃপ্ত হন, চন্দ্র তৃপ্তিলাভ করিলে তাহার আশ্রয় দিঙ্মণ্ডল তৃপ্ত হয়, দিঙ্মণ্ডল তৃপ্ত হইলে, সে ও চন্দ্র যাহাদিগের প্রভু—পরিপালয়িতা, তাহারা তৃপ্তি লাভ করে। তাহাদের তৃপ্তির পর, সন্ততি, গৃহপাল্য পশু, দেহের কান্তি এবং বেদাধ্যয়নাদিজনিত তেজের দ্বারা স্বয়ং ভোক্তাও তৃপ্তিলাভ করেন।

ইতি বিংশখণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

একবিংশঃ খণ্ডঃ।

১। অথ যাং তৃতীয়াং জুহুয়াত্তাং জুহুয়াদপানায় স্বাহেত্যপানস্তৃপ্যতি।

ব্যাখ্যা। অথ (অতঃপরং) যাং তৃতীয়াং (আহুতিং) জুহুয়াৎ, তাম্ "অপানায় স্বাহা" ইতি [মন্ত্রেণ] জুহুয়াৎ [তয়ৈব আহুত্যা] অপানঃ তৃপ্যতি।

অনুবাদ। তাহার পর যে তৃতীয়া আহুতি প্রদান করিবেন, তাহা "অপানায় স্বাহা" এই মন্ত্রে প্রদান করিবেন। তাহা হইলে অপান বায়ু তৃপ্ত হইবে।

২। অপানে তৃপ্যতি বাক্ তৃপ্যতি, বাচি তৃপ্যন্ত্যা-মগ্নিস্তৃপ্যত্যগ্নৌ তৃপ্যতি পৃথিবী তৃপ্যতি, পৃথিব্যাং তৃপ্যন্ত্যাং যৎ কিংচ পৃথিবী চাগ্নিশ্চাধিতিষ্ঠতস্তত্তৃপ্যতি, তস্যানু তৃপ্তিং তৃপ্যতি প্রজয়া পশুভিরন্নাদ্যেন তেজসা ব্রহ্মবর্চসেনেতি।

ইত্যেকবিংশঃ খণ্ডঃ

ব্যাখ্যা। অপানে তৃপ্যতি (সতি) বাক্ (বাগিন্দ্রিয়ং)

তৃপ্যতি, বাচি তৃপ্যন্ত্যাম্ (তৃপ্তায়াং সত্যাম্) অগ্নিঃ (বাগধিপতিঃ) তৃপ্যতি, অগ্নৌ তৃপ্যতি (সতি) পৃথিবী (তদাশ্রয়ভূতা) তৃপ্যতি, পৃথিব্যাং তৃপ্যন্ত্যাং (তৃপ্তায়াং সত্যাং) পৃথিবী চ অগ্নিশ্চ যৎ কিঞ্চ (বস্তুজাতং) অধিতিষ্ঠতঃ (প্রভুরূপেণ পালয়তঃ) তৎ (সর্ব্বং) তৃপ্যতি তস্য তৃপ্তিম্ অনু (পশ্চাৎ) [স্বয়ং ভোক্তাঽপি) প্রজয়া, পশুভিঃ, অন্নাদ্যেন তেজসা, ব্রহ্মবর্চ্চসেন [চ] তৃপ্যতি।

অনুবাদ। অপান বায়ুর তৃপ্তিতে বাগিন্দ্রিয় তৃপ্তিলাভ করিবে। বাগিন্দ্রিয় তৃপ্তিলাভ করিলে তাহার অধিষ্ঠাত্রী দেবতা অগ্নিও তৃপ্তিলাভ করিবেন। অগ্নির তৃপ্তিতে তাহার আধার পৃথিবীও তৃপ্তিলাভ করিবে। পৃথিবী তৃপ্তিলাভ করিলে অগ্নি ও পৃথিবী অধিপতিরূপে যাহাদিগকে পালন করেন, তাহারা তৃপ্তিলাভ করিবে। তাহারা তৃপ্তিলাভ করিলে স্বয়ং ভোক্তাও পুত্রপৌত্রাদি কর্ত্তৃক গৃহপাল্য গবাদি পশুর দ্বারা, শারীরিক দীপ্তি ও আধ্যাত্মিক জ্যোতির দ্বারা সমৃদ্ধ হইয়া তৃপ্তিলাভ করেন।

একবিংশ খণ্ডের অনুবাদ সমাপ্ত।

দ্বাবিংশঃ খণ্ডঃ।

১। অথ যাং চতুর্থীং জুহুয়াত্তাং জুহুয়াৎ সমানায় স্বাহেতি সমানস্তৃপ্যতি।

ব্যাখ্যা। অথ যাং চতুর্থীং (আহুতিং) জুহুয়াৎ, তাং "সমানায় স্বাহা" ইতি (অনেন মন্ত্রেণ) জুহুয়াৎ [তেন চ আহুতি-প্রদানেন] সমানঃ তৃপ্যতি।

অনুবাদ। তাহার পর যে চতুর্থী আহুতি প্রদান করিবেন, তাহা যেন যজমান "সমানায় স্বাহা" এই মন্ত্রে প্রদান করেন। তাহা হইলে সমান, বায়ু তৃপ্তিলাভ করিবে।

২। সমানে তৃপ্যতি মনস্তৃপ্যতি, মনসি তৃপ্যতি পর্জন্যস্তৃপ্যতি, পর্জন্যে তৃপ্যতি বিদ্যুত্তৃপ্যতি, বিদ্যুতি তৃপ্যন্ত্যাং যৎ কিংচ বিদ্যুচ্চ পর্জন্যশ্চাধিতিষ্ঠতস্তত্তৃপ্যতি তস্যানুতৃপ্তিং তৃপ্যতি, প্রজয়া পশুভিরন্নাদ্যেন তেজসা ব্রহ্মবর্চসেনেতি।

ইতি দ্বাবিংশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। সমানে তৃপ্যতি (সতি) মনঃ তৃপ্যতি, মনসি

তৃপ্যতি পর্জ্জন্যঃ তৃপ্যতি, পর্জ্জন্যে তৃপ্যতি (সতি বিদ্যুৎ তৃপ্যতি বিদ্যুতি তৃপ্যন্ত্যাং (তৃপ্তায়াং সত্যাং) বিদ্যুৎ চ পর্জ্জন্যশ্চ যৎ কিঞ্চ (কিমপি বস্তুজাতং) অধিতিষ্ঠতঃ (অধিপতিরূপেণ পালয়তঃ) তৎ (সর্ব্বং) তৃপ্যতি, তস্য তৃপ্তিম্ অনু (অনন্তরং) [স্বয়ং ভোক্তাঽপি] প্রজয়া, পশুভিঃ, অন্নাদ্যেন তেজসা, ব্রহ্মবর্চ্চসেন [চ] তৃপ্যতি।

অনুবাদ। সমান বায়ুর তৃপ্তিতে মনের তৃপ্তি হইবে। মনের তৃপ্তিতে তাহার অধিষ্ঠাত্রী দেবতা পর্জ্জন্য তৃপ্তিলাভ করিবেন। পর্জ্জন্যের তৃপ্তিতে তাহার আধার বিদ্যুৎ তৃপ্তিলাভ করিবে। বিদ্যুৎ তৃপ্তিলাভ করিলে পর্জ্জন্য এবং বিদ্যুৎ যাহাদিগের পরিপালয়িতা—প্রভু, তাহারাও তৃপ্তিলাভ করিবে। তাহার পর যিনি যজমান অর্থাৎ ভোক্তা, তিনিও পুত্রপৌত্রাদি কর্তৃক গৃহপাল্য গবাদি পশুরদ্বারা এবং শারীরিক দীপ্তি ও আধ্যাত্মিক জ্যোতির দ্বারা সমৃদ্ধ হইয়া তৃপ্তি লাভ করেন।

দ্বাবিংশ খণ্ডের অনুবাদ সমাপ্ত।

ত্রয়োবিংশঃ খণ্ডঃ।

১। অথ যাং পঞ্চমীং জুহুয়াত্তাং জুহুয়াদুদানায় স্বাহেত্যুদানস্তৃপ্যতি।

ব্যাখ্যা। অথ যাং পঞ্চমীং (আহুতিং) জুহুয়াৎ, তাং "উদানায় স্বাহা" ইতি [মন্ত্রেণ] জুহুয়াৎ; [তেন চ আহুতিদানেন] উদানঃ তৃপ্যতি।

অনুবাদ। ভোক্তা তাহার পর যে পঞ্চমী আহুতি প্রদান করিবেন, তাহা যেন "উদানায় স্বাহা" এই মন্ত্রে প্রদান করেন; তাহা হইলে উদান বায়ু তৃপ্তিলাভ করিবে।

২। উদানে তৃপ্যতি ত্বক্ তৃপ্যতি, ত্বচি তৃপ্যন্ত্যাং বায়ুস্তৃপ্যতি, বায়ৌ তৃপ্যত্যাকাশস্তৃপ্যত্যাকাশে তৃপ্যতি যৎ কিংচ বায়ুশ্চাকাশশ্চাধিতিষ্ঠতস্তত্তৃপ্যতি, তস্যানুতৃপ্তিং তৃপ্যতি প্রজয়া পশুভিরন্নাদ্যেন তেজসা ব্রহ্মবর্চসেনেতি।

ইতি ত্রয়োবিংশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। উদানে তৃপ্যতি (সতি) ত্বক্ (ত্বগিন্দ্রিয়ং)

তৃপ্যতি, ত্বচি তৃপ্যন্ত্যাং (সত্যাং) বায়ুঃ (তদধিষ্ঠাত্রী দেবতা) তৃপ্যতি, বায়ৌ তৃপ্যতি (সতি) আকাশঃ (তদাশ্রয়ঃ) তৃপ্যতি, আকাশে তৃপ্যতি (সতি) বায়ুশ্চ আকাশশ্চ যৎ কিঞ্চ (বস্তুজাতম্) অধিতিষ্ঠতঃ (অধিপতিরূপেণ পালয়তঃ) তৎ (সর্ব্বং) তৃপ্যতি, তস্য তৃপ্তিম্ অনু (তৃপ্তেঃ পশ্চাৎ) [স্বয়ং ভোক্তাঽপি] প্রজয়া, পশুভিঃ, অন্নাদ্যেন তেজসা, ব্রহ্মবর্চ্চসেন [চ] তৃপ্যতি।

অনুবাদ। উদানের তৃপ্তিতে ভোক্তার ত্বগিন্দ্রিয় তৃপ্তিলাভ করিবে। ত্বকের তৃপ্তিতে তাহার অধিষ্ঠাত্রী দেবতা বায়ু তৃপ্তিলাভ করিবেন। বায়ুর তৃপ্তিতে তাহার আধার আকাশের তৃপ্তি হইবে। আকাশের তৃপ্তিতে বায়ু এবং আকাশ যাহাদিগের পালনকারী—প্রভু, তাহারাও তৃপ্তি লাভ করিবে। তাহার পর স্বয়ং ভোক্তাও পুত্রপৌত্রাদি কর্ত্তৃক গৃহপালিত পশুর দ্বারা, দৈহিক কান্তি ও আধ্যাত্মিক জ্যোতির দ্বারা সমৃদ্ধ হইয়া তৃপ্তিলাভ করেন।

ত্রয়োবিংশ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

চতুর্ব্বিংশঃ খণ্ডঃ।

১। স য ইদমবিদ্বানগ্নিহোত্রং জুহোতি যথাঙ্গারানপোহ্য ভস্মনি জুহুয়াত্তাদৃক্ তৎ স্যাৎ।

ব্যাখ্যা। [বৈশ্বানরোপাসনায়াঃ স্তুতিরিদানীমুচ্যতে] সঃ যঃ (কশ্চিৎ জনঃ) ইদং (উক্তবিধানং বৈশ্বানরোপাসনম্) অবিদ্বান্ (অজানন্) অগ্নিহোত্রং জুহোতি (অগ্নিহোত্রাখ্যং নিত্যানুষ্ঠেয়ং যাগম্ আচরতি), যথা অঙ্গারান্ (আহুতিযোগ্যান্ প্রজ্বলিতকাষ্ঠখণ্ডান্) অপোহ্য (পরিত্যজ্য) ভস্মনি (অনাহুতিযোগ্যনির্ব্বাপিতানলে) জুহুয়াৎ, তৎ (বিদ্যাম্ অজানতঃ অগ্নিহোত্রহবনং) তাদৃক্ (ভস্মাহুতিবৎ) স্যাৎ (নিষ্ফলীভবতি)।

অনুবাদ। যদি কোন লোক এই বিশ্বব্যাপী বিরাট্ পুরুষের উপাসনা না জানিয়াই অগ্নিহোত্র যজ্ঞের অনুষ্ঠান করেন, তবে প্রজ্বলিত অগ্নিরাশিকে উপেক্ষা করিয়া ভস্মে আহুতি প্রদান করিলে তাহা যেমন নিষ্ফল হইয়া যায়, তাঁহার সেই অনুষ্ঠানও সেইরূপ নিষ্ফল হইয়া যায়।

২। অথ য এতদেবং বিদ্বানগ্নিহোত্রং জুহোতি তস্য সর্ব্বেষু লোকেষু ভূতেষু সর্ব্বেষাত্মসু হুতং ভবতি।

ব্যাখ্যা। অথ (পক্ষান্তরে) যঃ (জনঃ) এতৎ (বৈশ্বানরোপাসনং) এবম্ (উক্তপ্রকারেণ) বিদ্বান্ (জানন্) অগ্নিহোত্রং (জুহোতি) তস্য (বিদ্যাবতঃ) সর্ব্বেষু লোকেষু (দ্যুলোকাদিষু) সর্ব্বেষু ভূতেষু (চরাচরেষু) সর্ব্বেষু চ আত্মসু (দেহেন্দ্রিয়মনোবুদ্ধিপ্রভৃতিষু তেষু আত্মকল্পনাব্যপদেশাৎ ইতি শেষঃ) হুতং (অগ্নিহোত্রাহুতিদানং) ভবতি [স এব বিদ্বান্ সর্ব্বপ্রাণিনাম্ অন্নম্ অত্তি ইত্যর্থঃ]।

অনুবাদ। আর যিনি এই বিশ্বব্যাপী বিরাট্ পুরুষের উপাসনা জানিয়া অগ্নিহোত্র যজ্ঞের অনুষ্ঠান করেন, তিনি সমগ্র লোকের, সমগ্র জীবের এবং বিভিন্ন দেহেন্দ্রিয়াদিরও ভোগ্য বস্তু উপভোগ করিয়া থাকেন।

৩। তদ্ যথেষীকাতূলমগ্নৌ প্রোতং প্রদূয়েতৈবং হাস্য সর্ব্বে পাপ্মানঃ প্রদূয়ন্তে য এতদেবং বিদ্বানগ্নিহোত্রং জুহোতি।

ব্যাখ্যা। [কিঞ্চ] তৎ (প্রসিদ্ধং) ইষীকাতূলং (ইষীকায়াঃ মুঞ্জামধ্যবর্ত্তিনঃ শরাকৃতিতৃণবিশেষস্য তূলঃ প্রসূনভাগঃ) যথা অগ্নৌ প্রোতং (প্রক্ষিপ্তং) [সৎ] প্রদূয়েত (প্রদহ্যেত) এবং (ইষীকাতূলমিব) যঃ (জনঃ) এতৎ (বৈশ্বানরোপাসনং)

এবং (যথোক্তপ্রকারেণ) বিদ্বান্ (জানন্) অগ্নিহোত্রং জুহোতি, অস্য (সর্ব্বাত্মকভূতস্য বৈশ্বানরোপাসকস্য) সর্ব্বে পাপ্মনঃ (প্রারব্ধবর্জ্জং সঞ্চিতানি ক্রিয়মাণানি চ পাপানি) প্রদূয়ন্তে (প্রকর্ষেণ দহ্যন্তে)।

অনুবাদ। যিনি এই বিশ্বব্যাপী বিরাট্ পুরুষের উপাসনা যথাযথরূপে জানিয়া অগ্নিহোত্র যজ্ঞের অনুষ্ঠান করেন, তাঁহার ফলোন্মুখব্যতীত সঞ্চিত ও ক্রিয়মাণ পাপকর্ম্মসকল যেমন মুঞ্জা-মধ্যবর্ত্তী তৃণের কোমল অংশটুকু অগ্নিতে স্পৃষ্ট হইবামাত্রই দগ্ধ হইয়া যায়, তেমনি অতি সত্বর সম্পূর্ণরূপে দগ্ধ হইয়া যায়।

৪। তস্মাদু হৈবংবিদ্ যদ্যপি চণ্ডালায়োচ্ছিষ্টং প্রযচ্ছেদাত্মনি হৈবাস্য তদ্বৈশ্বানরে হুতং স্যাদিতি তদেষ শ্লোকঃ।

ব্যাখ্যা। তস্মাৎ (হেতোঃ) উ এবংবিৎ (বৈশ্বানরাত্মবিদ্ যদি চণ্ডালায় (অত্যন্তাধমায় উচ্ছিষ্টানর্হায়) উচ্ছিষ্টং (প্রতিষিদ্ধমপি ভুক্তাবশিষ্টং ভোজ্যং) প্রযচ্ছেৎ (দদ্যাৎ), [তথাপি] তৎ (উচ্ছিষ্টং ভোজ্যং) অস্য (বৈশ্বানরোপাসকস্য) আত্মনি বৈশ্বানরে (চণ্ডালদেহস্থে) হুতং (অর্পিতং) স্যাৎ ইতি।

অনুবাদ। অতএব যদি এই বিরাট্ পুরুষের উপাসক, অতি নীচ, অত্যন্ত অধম, উচ্ছিষ্ট প্রদানেরও অযোগ্য চণ্ডালকেই উচ্ছিষ্ট প্রদান করেন, তবে শাস্ত্রের নিয়ম লঙ্ঘন করার জন্য তাঁহার অধর্ম্ম হওয়া দূরের কথা, অধিকন্তু সর্ব্বভূতে আত্মানুভূতিসম্পন্ন, বিশ্বাত্মার উপাসক সেই পুরুষের, চণ্ডালের দেহে যে আপনারই আত্মা রহিয়াছেন, তাহাতেই উহা অর্পিত হয় বলিয়া—তৃপ্তিই হইয়া থাকে। এ বিষয়ে একটী শ্লোক ও আছে।

৫। যথেহ ক্ষুধিতা বালা মাতরং পর্য্যুপাসতে।
এবংসর্বাণি ভূতান্যগ্নিহোত্রমুপাসত ইতি।

চতুর্বিংশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। যথা ইহ (লোকে) ক্ষুধিতাঃ (ক্ষুধার্ত্তাঃ) বালাঃ (শিশবঃ) মাতরং পর্য্যুপাসতে (কদা মে মাতা অন্নং প্রযচ্ছতীতি সেবন্তে) এবং বালকবদেব) সর্ব্বাণি ভূতানি (প্রাণিনঃ) অগ্নিহোত্রম্ (প্রাত্যহিকং ভোজনং) উপাসতে (কদা তু অসৌ ভোক্ষ্যতে ইতি সাগ্রহম্ অপেক্ষন্তে) দ্বিরুক্তিরধ্যায়পরিসমাপ্ত্যর্থা।

অনুবাদ। জগতেও দেখা যায়, যেমন ছোট ছোট ছেলে মেয়েরা ক্ষুধা পাইলে "মা, তুমি আমাকে কখন খাবার দেবে" বলিয়া মায়ের কাছে আসিয়া বার বার প্রার্থনা করিতে থাকে, তেমনি প্রত্যেক প্রাণীও "কখন আমি চারিটী খাইব" মনে করিয়া সাগ্রহে দৈনিক ভোজনের অপেক্ষা করিয়া থাকে।

চতুর্ব্বিংশ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

পঞ্চম অধ্যায় সমাপ্ত।

ষষ্ঠোঽধ্যায়ঃ।

প্রথমঃ খণ্ডঃ।

১। ওঁ শ্বেতকেতুর্হারুণেয় আস তং হ পিতো-বাচ শ্বেতকেতো বস ব্রহ্মচর্য্যং ন বৈ সোম্যাস্মৎ-কুলীনোঽননূচ্য ব্রহ্মবন্ধুরিব ভবতীতি।

ব্যাখ্যা। আরুণেয়ঃ (আরুণিপুত্রঃ) শ্বেতকেতুঃ (শ্বেত-কেতুনামা কশ্চিৎ ব্রাহ্মণকুমারঃ) আস হ (পুরাকালে বভূব)। পিতা (আরুণিঃ) তম্ (শ্বেতকেতুম্) উবাচ হ, [হে] শ্বেতকেতো [অস্মাকং কুলস্য অনুরূপং গুরুং গত্বা] ব্রহ্মচর্য্যং বস (বেদা-ধ্যয়নায় ব্রহ্মচর্য্যাশ্রমম্ অবলম্বস্ব) [ত্বমিতি শেষঃ]। বৈ (যতঃ) সোম্য (হে প্রিয়দর্শন), অস্মৎকুলীনঃ (অস্মাকং কুলজঃ) অননূচ্য (অনধীত্য) ব্রহ্মবন্ধুঃ ইব ভবতি (ব্রাহ্মণান্ বন্ধূন্ কথয়ন্তি, ন তু স্বয়ং ব্রাহ্মণোচিতাচারঃ ইত্যর্থঃ)।

অনুবাদ। পূর্ব্বকালে অরুণতনয় উদ্দা-লকের শ্বেতকেতু নামে একটী পুত্র ছিল। একদিন পিতা উদ্দালক পুত্রকে সম্বোধন করিয়া বলিলেন, "বৎস শ্বেতকেতু, তুমি আমাদের বংশের যোগ্য কোন গুরুর নিকট গমন করিয়া বেদবিদ্যা শিক্ষার

জন্য ব্রহ্মচারী হইয়া সেখানে অবস্থান কর। কারণ আমাদের বংশে অধ্যয়ন না করিয়া কেহই আচারহীন মূর্খ হইয়া ছিলেন না।

২। স হ দ্বাদশবর্ষ উপেত্য চতুর্ব্বিংশতিবর্ষঃ সর্ব্বান্ বেদানধীত্য মহামনা অনূচানমানী স্তব্ধ এয়ায় তং হ পিতোবাচ শ্বেতকেতো যন্নু সোম্যেদং মহামনা অনূচানমানী স্তব্ধোঽস্যুত তমাদেশমপ্রাক্ষ্যঃ।

৩। যেনাশ্রুতং শ্রুতং ভবত্যমতং মতমবিজ্ঞাতং বিজ্ঞাতমিতি কথং নু ভগবঃ স আদেশো ভবতীতি।

ব্যাখ্যা। [জনকেন এবমাদিষ্টঃ] সঃ (শ্বেতকেতুঃ) হ (ঘটনায়াঃ পুরাবৃত্ততাং সূচয়তি) দ্বাদশবর্ষঃ (দ্বাদশবর্ষবয়স্কঃ সন্) উপেত্য (অধ্যয়নায় গুরুসকাশং গত্বা) [যাবতা কালেন] চতুর্বিংশতিবর্ষঃ (চতুর্বিংশবর্ষবয়স্কঃ বভূব) [তাবতা চ কালেন সঃ] সর্ব্বান্ (চতুরোঽপি) বেদান্ অধীত্য মহামনাঃ (বেদপারগতয়া অন্যৈরসমানঃ অহমিতি গর্ব্বিতচেতাঃ) অনূচানমানী (বিদ্বন্মন্যঃ) স্তব্ধঃ (অবিনীতশ্চ) [সন্] এয়ায় [গুরুকুলাৎ পিতুরালয়ম্ আগতবান্]। পিতা (আরুণিঃ) [তনয়ং তাদৃশম্ অবলোক্য] তং (তনয়ং শ্বেতকেতুম্ উবাচ হ, [হে] সোম্য, শ্বেতকেতো, [ত্বং] যৎ নু (পৃচ্ছাং সূচয়তি) ইদং, মহামনাঃ,

অনূচানমানী স্তব্ধশ্চ অসি [উপাধ্যায়াৎ কস্ময়া অতিশয়ঃ প্রাপ্তঃ ?] উত (অপিচ অহং পৃচ্ছামি) তম্ (মহিমান্বিতং) আদেশম্ (কেবলেন শাস্ত্রাচার্য্যোপদেশেন বেদ্যং পরমাত্মরূপিণং পরম-পদার্থম্) অপ্রাক্ষ্যঃ (স্বাচার্য্যং পৃষ্টবান্ অসি ত্বম্ ?)।

ব্যাখ্যা। যেন (আদেশেন শাস্ত্রাচার্য্যোপদিষ্টেন পরম-বস্তুনা শ্রুতেন, মতেন জ্ঞাতেন চ সতা) অশ্রুতং (কদাচিৎ অপি শ্রবণপথপতিতং যৎ কিঞ্চ, তৎ সর্ব্বং) শ্রুতং ভবতি, [তথা] অমতং (কদাচিদপি মননপথা পতিতং যৎ কিঞ্চ, তৎ সর্ব্বং) মতং [ভবতি], অবিজ্ঞাতং (কদাচিৎ অপি বিজ্ঞান-পথপতিতং যৎ কিঞ্চ বস্তুজাতং, সর্ব্বং) বিজ্ঞাতং [ভবতি] ইতি [জিজ্ঞাসিতঃ শ্বেতকেতুঃ উবাচ], ভগবঃ (হে ভগবন্) নু (পৃচ্ছাম্যহং) কথং (কেন প্রকারেণ) সঃ (ভবদভিহিতঃ) আদেশঃ (শাস্ত্রাচার্য্যোপদিষ্টঃ পরমপদার্থঃ) ভবেৎ (ভবিতু-মর্হতি ?) [যতঃ অদ্ভুতমসম্ভবমপ্রসিদ্ধং চ এতৎ, যৎ অন্যবিজ্ঞা-নেন অন্যদ্ বিজ্ঞাতং ভবতীতি]।

অনুবাদ। শ্বেতকেতু তখন দ্বাদশ বৎসরের বালক; সে পিতার এই আদেশে উপযুক্ত গুরুর অনুসন্ধান করিয়া বার বৎসর ধরিয়া তাঁহার নিকট সমগ্র বেদ অধ্যয়ন করিল; তাহার পর সে যখন চতুর্ব্বিংশতি বর্ষের যুবক হইয়া গৃহে ফিরিয়া

আসিল, তখন সমগ্র বেদবিদ্যা অধ্যয়ন করিয়া সে যে একজন মহাপণ্ডিত হইয়া পড়িয়াছে, এইরূপ একটা দারুণ অভিমান তাহার হৃদয়ে স্থান পাইয়াছিল; তাই সে আপনাকে সকলের অপেক্ষা শ্রেষ্ঠ মনে করিত বলিয়া কাহারও সহিত বিনীত ব্যবহার করিত না, সর্ব্বত্র কেবল ঔদ্ধত্যই প্রকাশ করিত। পুত্রের বিদ্যার্জ্জনের এইরূপ শোচনীয় পরিণাম দেখিয়া পিতা তাহাকে জিজ্ঞাসা করিলেন,—"বৎস শ্বেতকেতু, তুমি দেখিতেছি বিদ্যার্জ্জন করিয়া অহঙ্কারী ও উদ্ধতপ্রকৃতি হইয়া আসিয়াছ; আচ্ছা, জিজ্ঞাসা করি, যাহার বিষয় একবার শুনিলে জগতে আর কিছুই শুনিবার অবশিষ্ট থাকে না, যাহাকে একটী বার বিচার করিয়া বুঝিতে পারিলে কিছুই আর বুঝিবার থাকে না, যে বস্তুটীকে একবারমাত্র হৃদয়ঙ্গম করিতে পারিলে জগতের সমস্তই জানা হইয়া যায়,—তুমি কি তোমার গুরুর নিকট এমন কোন বস্তুর বিষয় জিজ্ঞাসা করিয়াছিলে?' শ্বেতকেতু পিতার মুখে অদ্ভুত কথা

শুনিয়া বলিল, "দেব, ইহা তো আমি বুঝিতেই পারিতেছি না, যে একটী মাত্র বস্তুকে জানিলে কেমন করিয়া জগতের সমস্ত বস্তুকেই জানা যাইতে পারে!"

৪। যথা সোম্যৈকেন মৃৎপিণ্ডেন সর্ব্বং মৃন্ময়ং বিজ্ঞাতং স্যাদ্বাচারম্ভণং বিকারো নামধেয়ং মৃত্তিকেত্যেব সত্যম্।

৫। যথা সোম্যৈকেন লোহমণিনা সর্ব্বং লোহময়ং বিজ্ঞাতং স্যাদ্বাচারম্ভণং বিকারো নামধেয়ং লোহমিত্যেব সত্যম্।

৬। যথা সোম্যৈকেন নখনিকৃন্তনেন সর্ব্বং কার্ষ্ণায়সং বিজ্ঞাতং স্যাদ্বাচারম্ভণং বিকারো নামধেয়ং কৃষ্ণায়সমিত্যেব সত্যমেবং সোম্য স আদেশো ভবতীতি।

ব্যাখ্যা। [হে] সোম্য, যথা একেন মৃৎপিণ্ডেন [বিজ্ঞাতেন] সর্ব্বং মৃন্ময়ং (ঘটশরাবাদিমৃদ্‌বিকারজাতং) বিজ্ঞাতং স্যাৎ; [অতঃ] বিকারঃ (মৃত্তিকাকার্য্যভূতঃ ঘটশরাবাদিঃ) বাচারম্ভণম্ (বাগালম্বনম্) [শব্দমাত্রাত্মকঃ ন বস্তুতত্ত্বমিতি

ভাবঃ] নামধেয়ং (নাম এব) ; [পরমার্থতঃ] মৃত্তিকা ইত্যেব সত্যং [বস্তুতত্ত্বং, তত্র মৃদ্‌বিকারে ঘটাদৌ বর্ত্ততে ইতি শেষঃ] ।

ব্যাখ্যা। [হে] সোম্য, যথা একেন লোহমণিনা (সুবর্ণ-পিণ্ডেন) [বিজ্ঞাতেন সতা] সর্ব্বং লোহময়ং (সুবর্ণবিকারঃ কটককেয়ূরাদ্যলঙ্কারনিচয়ঃ) বিজ্ঞাতং স্যাৎ। [অতঃ] বিকারঃ (সুবর্ণকার্য্যভূতঃ কটককেয়ূরাদ্যলঙ্কারনিচয়ঃ) বাচারম্ভণম্ (বাগালম্বনং শব্দমাত্রাত্মকঃ, ন বস্তুতত্ত্বমিত্যর্থঃ) নামধেয়ং (নামৈব) [নামাতিরিক্তং ন কিমপি বস্তুতঃ পার্থক্যনিদানং তত্র বর্ত্ততে ইত্যর্থঃ] ; [পরমার্থতঃ] লোহম্ ইত্যেব সত্যং [তত্র অলঙ্কারাদৌ সুবর্ণমিতি একমেব সত্যবস্তু বিদ্যতে, নান্যৎ কিমপি ইত্যর্থঃ] ।

ব্যাখ্যা। হে সোম্য, যথা একেন নখনিকৃন্তনেন (নখ-চ্ছেদিনা অস্ত্রবিশেষেণ) [তদুপলক্ষিতেন কৃষ্ণায়সপিণ্ডেন ইত্যর্থঃ] সর্ব্বং কার্ষ্ণায়সং (কৃষ্ণায়সবিকারভূতং বস্তুজাতং) বিজ্ঞাতং স্যাৎ। বিকারঃ (কৃষ্ণায়সকার্য্যভূতঃ নখনিকৃন্তনাদিঃ) বাচারম্ভ-ণম্ (বাগালম্বনম্) [শব্দমাত্রাত্মকং বস্তুযাথার্থ্যং] নামধেয়ং (নামৈব) ; [যথার্থতঃ] কৃষ্ণায়সম্ ইতি এব সত্যং [বস্তুতত্ত্বং বর্ত্ততে তত্র নখনিকৃন্তনাদৌ বিকারভূতে পদার্থে ইতি ভাবঃ] হে সোম্য, সঃ (ময়া উপদিষ্টঃ) আদেশঃ (শাস্ত্রাচার্য্যোপদেশ-বেদ্যঃ পরমপদার্থঃ) [চ] এবং (উক্তপ্রকারঃ) ভবতি ইতি শেষঃ।

অনুবাদ। পিতা বলিলেন—"বৎস, শ্বেত-কেতু, যেমন জগতে দেখা যায় যে, অল্প পরিমাণ মৃত্তিকার বিষয় জানিলেই লোকে তাহা হইতে উৎপন্ন ঘটশরাবপ্রভৃতি মাটীর পাত্রগুলিকেও জানিতে পারে, তাহাদিগকে আর পৃথক্ করিয়া জানিতে হয় না; কারণ, সেগুলি যে মৃত্তিকারই রূপান্তর—মৃত্তিকা ছাড়া আর কিছুই নহে। বাহিরের ভেদ কেবল নাম ও রূপ লইয়া; সেই নামও আবার কতকগুলি শব্দ ব্যতীত আর কিছুই নহে। তেমনি বৎস, অল্পপরিমাণ সুবর্ণের বিষয় অবগত হইলেই লোকে তাহার দ্বারা প্রস্তুত বিভিন্ন নামের ও বিভিন্ন রূপের স্বর্ণালঙ্কারগুলিকেও জানিতে পারে, তাহাদিগকে আর পৃথক্ করিয়া জানিতে হয় না; কারণ সেগুলি যে স্বর্ণেরই বিকার—স্বর্ণেরই রূপান্তর মাত্র। তাহারা তো মূলে সুবর্ণ ছাড়া আর কিছুই নহে। ভেদ কেবল নামে আর রূপে; সে নামও আবার কতকগুলি শব্দ ভিন্ন আর কিছুই নহে। সেইরূপ আবার একটী নরুণ প্রস্তুত

হইবার উপযোগী অল্পপরিমিত ইস্পাতকে জানিয়াই লোকে তাহা হইতে উৎপন্ন বিবিধ অস্ত্র-শস্ত্রাদির বিষয়ও জানিতে পারে, তাহাদিগকে আর পৃথক্ করিয়া জানিতে হয় না। কারণ সেগুলিও ইস্পাত ব্যতীত আর কিছুই নহে, ভেদ কেবল পৃথক্ পৃথক্ নাম ও রূপ লইয়া; সে নাম ও আবার কতকগুলি নিত্যপরিবর্ত্তনশীল শব্দসমষ্টি ভিন্ন আর কিছুই নহে। বৎস, শ্বেতকেতু, আমি যে বস্তুটীর কথা বলিয়াছি, তাহাও ঠিক্ এইরূপই।

৭। ন বৈ নূনং ভগবন্তস্ত এতদবেদিষুর্যদ্ধ্যেতদবেদিষ্যন্ কথং মে নাবক্ষ্যন্নিতি ভগবাংস্ত্বেবমেতদ্‌ব্রবীত্বিতি তথা সোম্যেতি হোবাচ।

ইতি প্রথমঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। [পিত্রা এবম্ উক্তঃ শ্বেতকেতুরুবাচ।], ভগবন্তঃ (পূজনীয়াঃ) তে (মম উপাধ্যায়াঃ) ন বৈ (নৈব) এতৎ (ভবদভিহিতং বস্তু) অবেদিষুঃ (অজ্ঞাসিষুঃ) ; যৎ (যদি) এতৎ হি (নিশ্চয়েন) অবেদিষ্যন্ [তদা] মে (প্রিয়শিষ্যায় মহ্যং) কথং ন অবক্ষ্যন্ (অকথয়িষ্যন্) ইতি (অস্মাৎ হেতোঃ) ভগবান্

(পুজনীয়ঃ ভবান্) এব তৎ (যেন জ্ঞাতেন মম সর্ব্বজ্ঞত্বং স্যাৎ তৎ বস্তু) মে (মহ্যং) ব্রবীতু ইতি। হে সৌম্য, তথা (অস্তু ইতি শেষঃ) ইতি হ (ঐতিহ্যে) উবাচ [আরুণিরিতি শেষঃ]।

অনুবাদ। পিতার এই কথায় পুনর্ব্বার গুরুগৃহে প্রেরিত হইবার ভয়ে শ্বেতকেতু বলিল, 'নিশ্চয়ই আমার গুরুদেব এরূপ কোন বস্তুর কথা জানিতেন না,—যদি জানিতেন, তবে আমি তাঁহার প্রিয়শিষ্য,—আমাকে না বলিবেন কেন? অতএব আপনিই আমাকে সেই বস্তুটীর কথা বলুন, যাহাকে জানিলে জগতের কিছুই আর জানিতে অবশিষ্ট থাকে না; সমস্তই জানা হইয়া যায়।' পিতা তাহার এই প্রস্তাবে সম্মত হইয়া বলিতে লাগিলেন।

প্রথম খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

দ্বিতীয়ঃ খণ্ডঃ।

১। সদেব সোম্যেদমগ্র আসীদেকমেবাদ্বিতীয়ং তদ্ধৈক আহুরসদেবেদমগ্র আসীদেকমেবাদ্বিতীয়ং তস্মাদসতঃ সজ্জায়ত।

ব্যাখ্যা। [হে] সোম্য, ইদং (নামরূপক্রিয়াভিব্যক্তং জগৎ) অগ্রে (উৎপত্তেঃ প্রাক্) একম্ অদ্বিতীয়ং সৎ (অস্তিতামাত্রং সূক্ষ্মং বস্তু) এব আসীৎ। তৎ (তত্র—এতস্মিন্ উৎপত্তেঃ প্রাক্ বস্তুনিরূপণবিষয়ে) একে (বৈনাশিকাঃ বৌদ্ধবিশেষাঃ) আহুঃ (কথয়ন্তি) ইদং (জগৎ) অগ্রে (উৎপত্তেঃ পূর্ব্বং) একম্ অদ্বিতীয়ম্ অসৎ (সদভাবমাত্রং) এব আসীৎ; তস্মাৎ অসতঃ (অভাবাৎ) সৎ (বিদ্যমানং কার্য্যং) জায়ত (অজায়ত, সমুৎপন্নমভবৎ ইত্যর্থঃ)।

অনুবাদ। 'বৎস, এই সূর্য্য-চন্দ্র-গ্রহ নক্ষত্র খচিত, নদ-নদী-ভূধর-সমাকুল বিপুল বিশ্ব অভিব্যক্ত হইবার পূর্ব্বে কেবল একমাত্র, সৎস্বরূপ, পরম পদার্থ রূপেই বর্ত্তমান ছিল। কেহ কেহ বলেন যে, সৃষ্টির পূর্ব্বে কিছুরই অস্তিত্ব ছিল না, তখন শুধু একমাত্র অভাবাত্মক শূন্যই বর্ত্তমান ছিল। সেই অস্তিত্বহীন একান্ত অভাবাত্মক শূন্য হইতেই এই বিপুল বিচিত্র বিশ্বের উৎপত্তি হইয়াছে।

২। কুতস্তু খলু সোম্যৈবꣳ স্যাদিতি হোবাচ কথমসতঃ সজ্জায়েতেতি সত্ত্বেব সোম্যেদমগ্র আসীদেকমেবাদ্বিতীয়ম্।

ব্যাখ্যা। হে সোম্য, কুতঃ (কস্মাৎ প্রমাণাৎ) তু (পুনঃ) খলু (নিশ্চয়ে) এবং স্যাৎ (ভবেৎ) ইতি—কথং (কেন প্রকারেণ) অসতঃ (অবিদ্যমানাৎ অভাবাত্মকাৎ কারণাৎ) সৎ (ভাবাত্মকং বস্তু) জায়েত (উৎপদ্যেত) [ন কুতশ্চিৎ এব প্রমাণাৎ এবং সম্ভবতীত্যর্থঃ] ইতি হ উবাচ। তু (কিন্তু) অগ্রে (সৃষ্টেঃ প্রাক্) ইদং (জগৎ) হে সোম্য, একম্ অদ্বিতীয়ং সদেব আসীৎ [ন অসৎ ইতি ভাবঃ]।

অনুবাদ। কিন্তু বৎস, এমন কোনও প্রমাণ দেখি না, যাহাতে ইহা স্বীকার করিতে পারা যায়; অসৎ হইতে সতের উৎপত্তি কেমন করিয়া হইতে পারে? ইহা যে অত্যন্ত বিরুদ্ধ কথা। পরন্তু নিশ্চয়ই এই বিপুল বিশ্বসৃষ্টির পূর্ব্বে এক, অদ্বিতীয়, সৎস্বরূপ পরমপদার্থরূপেই বর্ত্তমান ছিল।

৩। তদৈক্ষত বহু স্যাং প্রজায়েয়েতি তত্তেজো-ঽসৃজত তত্তেজ ঐক্ষত বহু স্যাং প্রজায়েয়েতি তদপো-ঽসৃজত তস্মাদ্ যত্র ক্ব চ শোচতি স্বেদতে বা পুরুষ-স্তেজস এব তদধ্যাপো জায়ন্তে।

ব্যাখ্যা। তৎ (পূর্ব্বোদিতং সদাত্মকং বস্তু ব্রহ্ম) ঐক্ষত (ঈক্ষাং, দর্শনং কৃতবান্) [অহং] বহু (প্রভূতং) স্যাম্ (ভবে-

য়ম্) প্রজায়েয় (প্রকর্ষেণ উৎপদ্যেয়) ইতি। [ঈক্ষণানন্তরং] তৎ (সৎস্বরূপং ব্রহ্ম) তেজঃ অসৃজত, [পুনশ্চ] তৎ (তেজ উপহিতং ব্রহ্ম) ঐক্ষত (ঈক্ষাম্ অকরোৎ) বহু স্যাং প্রজায়েয় ইতি ; [এবমীক্ষণানন্তরং পুনশ্চ] তৎ (পূর্ব্বোদিতং তেজউপহিতং ব্রহ্ম) অপঃ (জলং) অসৃজত। তস্মাৎ (তেজঃপ্রভবত্বাৎ জলস্য) পুরুষঃ যত্র ক্ব চ (যস্মিন্ কস্মিংশ্চিৎ প্রদেশে কালে বা) শোচতি (দুঃখমনুভবতি) স্বেদতে (ঘর্ম্মাক্তঃ বা ভবতি), তৎ (তত্র) তেজসঃ (অপ্ কারণাৎ) এব আপঃ (জলানি) অধিজায়ন্তে (প্রাদুর্ভবন্তি)।

অনুবাদ। জগতের সেই একমাত্র পরম কারণ সৎ, সৃষ্টি করিবার ইচ্ছায় সঙ্কল্প করিলেন,—"আমি বহু হইব, আমি ব্যক্ত হইয়া প্রকাশ পাইব" তখন তাঁহার সেই সঙ্কল্পবলে প্রথমে তেজের সৃষ্টি হইল। এই তেজোরূপে অভিব্যক্ত জগতের পরমকারণ ব্রহ্ম পুনর্ব্বার সঙ্কল্প করিলেন—"আমি বহু হইব, আমি আরও ব্যক্ত হইয়া প্রকাশ পাইব" তখন সেই তেজঃ হইতে জলের সৃষ্টি হইল। তেজঃ হইতেই জলের সৃষ্টি হইয়াছে বলিয়াই, যখন কোন লোক শোকসন্তপ্ত হয়, তখন তাহার নয়ন দুইটী হইতে

অশ্রু ঝরিতে থাকে কিংবা যখন সে গ্রীষ্মদগ্ধ হয়, তখন তাহার শরীরে ঘর্ম্মবিন্দুসকল প্রকাশ পায়।

৪। তা আপ ঐক্ষন্ত বহ্ব্যঃ স্যাম প্রজায়েমহীতি তা অন্নমসৃজন্ত তস্মাদ্ যত্র ক চ বর্ষতি তদেব ভূয়িষ্ঠমন্নং ভবত্যদ্ভ্য এব তদধ্যন্নাদ্যং জায়তে।

ইতি দ্বিতীয়ঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। তাঃ (পূর্ব্বোদিতাঃ তেজঃপ্রভবাঃ) আপঃ (জলানি জলাকারসংস্থিতং ব্রহ্ম ইত্যর্থঃ) ঐক্ষন্ত (ঈক্ষাম্ অকুর্ব্বন্) [বয়ং] বহ্ব্যঃ (প্রভূতাঃ) স্যাম (ভবেম) প্রজায়েমহি (উৎপাদ্যেমহি) ইতি [ঈক্ষাং কৃত্বা] তাঃ (আপঃ) [অবাকারসংস্থিতং ব্রহ্ম ইত্যর্থঃ] অন্নম্ (পৃথ্বীং) অসৃজন্ত, তস্মাৎ (অন্নাত্মিকায়াঃ পৃথিব্যাঃ জলপ্রভবত্বাৎ) যত্র ক চ (দেশে কালে বা) বর্ষতি (বৃষ্টির্ভবতি) তৎ (তত্র) এব [দেশে কালে ইত্যর্থঃ] ভূয়িষ্ঠং (প্রচুরতরং) অন্নং ভবতি। [অতঃ] অদ্ভ্যঃ (জলেভ্যঃ) এব তৎ অন্নাদ্যম্ (ব্রীহীযবাদিকম্) অধিজায়তে (উৎপদ্যতে ইত্যর্থঃ)।

অনুবাদ। সেই জলরূপে অভিব্যক্ত জগতের পরম কারণ ব্রহ্ম পুনর্ব্বার সঙ্কল্প করিলেন,—"আমি বহু হইব, আমি আরও ব্যক্ত হইয়া প্রকাশ

পাইব" ; তখন আবার সেই জলরাজি হইতে পৃথিবীর সৃষ্টি হইল। ধান্য যবপ্রভৃতি শস্যগুলি পার্থিব তাহারা পৃথিবীরই বিকার—পৃথিবী হইতেই উৎপন্ন হয়; আর পৃথিবীও জলেরই বিকার—জল হইতেই উৎপন্ন হইয়াছে; তাই বৃষ্টি ভাল হইলেই ধান্য যবপ্রভৃতি শস্যগুলির ফসলও ভাল হইয়া থাকে। কারণ সেগুলি জলের সাহায্যেই জন্মিয়া থাকে।

দ্বিতীয় খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

তৃতীয়ঃ খণ্ডঃ।

১। তেষাং খল্বেষাং ভূতানাং ত্রীণ্যেব বীজানি ভবন্ত্যাণ্ডজং জীবজমুদ্ভিজ্জমিতি।

ব্যাখ্যা। তেষাং (জীবাবিষ্টানাং) খলু (প্রসিদ্ধৌ) এষাং (বক্ষ্যমাণানাং) ভূতানাং (পক্ষ্যাদীনাং) ত্রীণি (ত্রিসংখ্যকানি এব, ন অতঃ অতিরিক্তানি) বীজানি (কারণানি) ভবন্তি,—[তদ্যথা] আণ্ডজং (অণ্ডজাতং পক্ষ্যাদি) [পক্ষিসর্পাদয়ঃ হি পক্ষিসর্পাদীনাং বীজম্; যতঃ পক্ষিসর্পাদিভ্যঃ এব তে পক্ষি-সর্পাদয়ঃ জায়মানাঃ দৃশ্যন্তে, এবম্ অন্যত্র]; জীবজং (জীবাৎ

জাতং জীবজং মনুষ্যপশুপ্রভৃতি – জরায়ুজমিত্যর্থঃ) ; উদ্ভিজ্জম্ (ঊর্দ্ধং ভিত্ত্বা জায়তে ইতি উদ্ভিজ্জং বৃক্ষাদি) ইতি ।

অনুবাদ। এই সমস্ত পশুপক্ষিপ্রভৃতি অচেতন ভূতবর্গের উৎপত্তির অণ্ডজ, জীবজ (জরায়ুজ) ও উদ্ভিজ্জ তিনটী মাত্র কারণ দেখিতে পাওয়া যায়। তাহার মধ্যে সর্পপ্রভৃতি অণ্ডজ জীব হইতেই সর্পাদির উৎপত্তি হইয়া থাকে বলিয়া, তাহাদের কারণ অণ্ডজ, মনুষ্য ও পশুপ্রভৃতি জীবজ অর্থাৎ জরায়ুজ প্রাণী হইতেই মনুষ্য ও পশু-প্রভৃতির উৎপত্তি হইয়া থাকে বলিয়া, তাহাদের কারণ জরায়ুজ ; সেইরূপ তরুলতাদি উদ্ভিজ্জ জীব হইতেই তরুলতাদির উৎপত্তি হইয়া থাকে বলিয়া তাহাদের কারণ উদ্ভিজ্জ।

২। সেয়ং দেবতৈক্ষত হন্তাহমিমাস্তিস্রো দেবতা অনেন জীবেনাত্মনানুপ্রবিশ্য নামরূপে ব্যাকরবাণীতি ;

ব্যাখ্যা। সা (পূর্ব্বোদিতা) ইয়ং (সদাখ্যা) দেবতা (তেজ আদীনাং কারণভূতা) ঐক্ষত (পূর্ব্বমনেন বহু স্যামিতি ঈক্ষাং কৃতবতী) [অধুনাঽপি তৎ বহুভবনমেব প্রয়োজনং স

নিবৃত্তম্ ইতি ভাবঃ) হন্ত (উৎসাহং সূচয়তি) অহম, অনেন (বুদ্ধিপথপতিতেন) [পূর্ব্বসৃষ্টৌ ময়ৈব অনুভূতেন ইত্যর্থঃ] জীবেন আত্মনা (মম চৈতন্যস্বরূপতঃ অবিশিষ্টেন, অতদ্বিকারভূতেন জীবরূপেণ ইত্যর্থঃ) ইমাঃ (তেজোঽবন্নরূপাঃ) তিস্রঃ দেবতাঃ অনুপ্রবিশ্য (তাভিঃ সংসৃজ্য) নামরূপে। নাম চ রূপং চ) ব্যাকরবাণি (অসৌনামা অয়ং ইদংরূপঃ ইতি বিস্পষ্টং করবাণি ইত্যর্থঃ)।

অনুবাদ। বিশ্বের সেই আদি দেবতা পরম পুরুষ পুনর্ব্বার সঙ্কল্প করিলেন,—"আমি বহু হইব, আমি আরও ব্যক্ত হইয়া প্রকাশ পাইব, আমি পূর্ব্ব কল্পের ন্যায় এবারও আমার স্বীয় অবিকৃত স্বরূপে চেতন জীবাত্মরূপেই তেজপ্রভৃতি ভূতত্রয়ের মধ্যে প্রবেশ করিয়া বিভিন্ন নামে ও বিভিন্নরূপে বিচিত্র ও বিপুল বিভবে বিকশিত হইয়া উঠিব।

৩। তাসাং ত্রিবৃতং ত্রিবৃতমেকৈকাং করবাণীতি সেয়ং দেবতেমাস্তিস্রো দেবতা অনেনৈব জীবেনাত্মনানুপ্রবিশ্য নামরূপে ব্যাকরোৎ।

ব্যাখ্যা। সা (পূর্ব্বোদিতা) ইয়ং (সর্ব্বেষাং ভূতানাম্

উৎপত্তেঃ হেতুভূতা) দেবতা, আসাং (পূর্ব্বোদিতানাং তেজো-জল-পৃথ্বীরূপাণাং দেবতানাং) [মধ্যে] একৈকাং (একাম্ একাং দেবতাং) ত্রিবৃতং ত্রিবৃতং করবাণি (কুর্য্যাম্) [অহমিতি শেষঃ] ইতি [সংকল্প্য] ইমাঃ (পূর্ব্বোক্তাঃ) তিস্রঃ দেবতাঃ অনেন (পূর্ব্বোক্তেন) জীবেন (চেতনরূপেণ) এব অনুপ্রবিশ্য (তাভিঃ সার্দ্ধং সংসর্গং প্রাপ্য) নামরূপে ব্যাকরোৎ (ব্যক্তীকৃতবতী)।

অনুবাদ। বিশ্বের সেই আদি দেবতা পুনর্ব্বার সঙ্কল্প করিলেন,—"আমি পূর্ব্বোক্ত মহাভূত তিনটীর প্রত্যেকটীকে ত্রিতয়াত্মক করিব, প্রত্যেককে সমান দুইভাগে ভাগ করিয়া, তাহার মধ্যে একটী ভাগ লইয়া অপর দুই ভূতের সহিত তুল্যরূপে মিশ্রিত করিব"। তাহার পর তিনি পূর্ব্ব পূর্ব্ব কল্পের ন্যায় এবারও স্বীয় অবিকৃতস্বরূপে, চেতন জীবাত্মরূপেই তেজঃপ্রভৃতি ভূতত্রয়ের মধ্যে প্রবেশ করিয়া বিভিন্ন নামে ও বিভিন্ন রূপে বিচিত্র ও বিপুলবিভবে বিকাশিত হইয়া উঠিতে লাগিলেন।

৪। তাসাং ত্রিবৃতং ত্রিবৃতমেকৈকামকরোদ্

যথা নু খলু সোম্যেমাস্তিস্রো দেবতাস্ত্রিবৃত্ত্রিবৃদেকৈকা ভবতি তন্মে বিজানীহীতি।

ইতি তৃতীয়ঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। তাসাং (তেজ আদীনাং দেবতানাং) [মধ্যে]) একৈকাং(একাম্ একাং দেবতাং) ত্রিবৃতং ত্রিবৃতম্ (ত্রিতয়াত্মিকাং অকরোৎ (কৃতবতী সা দেবতা)। হে সোম্য, ইমাঃ (পূর্বোদিতাঃ তিস্রঃ দেবতাঃ (তেজোজল--পৃথিবীরূপা) ত্রিবৃৎ ত্রিবৃৎ (ত্রিতয়াত্মকা সতী) যথা (যেন প্রকারেণ) খলু একৈকা (তেজোজলাদিরূপবিভিন্ননামভাক্) ভবতি, তৎ (রহস্যং) মে (মম সকাশাৎ) বিজানীহি [ত্বমিতি শেষঃ]।

অনুবাদ। তখন সেই আদি দেবতার সঙ্কল্পবলে পূর্বোক্ত মহাভূত তিনটীর প্রত্যেকটী ত্রিতয়াত্মক হইল, প্রত্যেকটী সমান দুইভাগে বিভক্ত হইয়া তাহার একটী ভাগ অপর দুই ভূতের সহিত তুল্যরূপে মিশ্রিত হইল। বৎস শ্বেতকেতু, এই মহাভূতগুলি ত্রিতয়াত্মক হইয়াও যে কেমন করিয়া এক একটী বিশেষ নামে পরিচিত হইতেছে, তাহা তুমি আমার নিকট হইতে জানিয়া লও।

তৃতীয় খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

চতুর্থঃ খণ্ডঃ।

১। যদগ্নে রোহিতꣳ রূপং তেজসস্তদ্রূপং যচ্ছুক্লং তদপাং যৎ কৃষ্ণং তদন্নস্যাপাগাদগ্নেরগ্নিত্বং বাচারম্ভণং বিকারো নামধেয়ং ত্রীণি রূপাণীত্যেব সত্যম্।

ব্যাখ্যা। [ইদানীম্ আধিদৈবিকপদার্থানাং ত্রিবৃৎকরণ-বিষয়ে দৃষ্টান্তঃ তাবৎ প্রদর্শ্যতে]!—অগ্নেঃ যৎ রোহিতং (লোহিতং) রূপং তৎ (লোহিতং) তেজসঃ রূপং, যৎ শুক্লং [রূপং] তৎ অপাং (জলস্য) [রূপং], যৎ কৃষ্ণং [রূপং] তৎ অন্নস্য (পৃথিব্যাঃ ইত্যর্থঃ) [রূপমিতি শেষঃ]। [তত্র এবং সতি] অগ্নেঃ অগ্নিত্বম্ অপাগাৎ (অপগতং) [রোহিতাদি-রূপত্রয়ব্যতিরেকেণ অগ্নেঃ স্বাধীন সত্তা ন বিদ্যতে ইত্যর্থঃ]; বিকারঃ (রূপত্রয়াণাং কার্য্যভূতঃ অগ্নিনামকঃ পদার্থঃ) বাচারম্ভ-ণম্ (বাগালম্বনম্ বাগাত্মকঃ শব্দাতিরিক্তস্বরূপহীনঃ ইত্যর্থঃ) নামধেয়ং (নামৈব) [তত্র অগ্ন্যাদৌ বিকারভূতে পদার্থে নামাতিরিক্তা পৃথক্‌সত্তা ন বিদ্যতে ইত্যর্থঃ] ত্রীণি রূপাণি (লোহিতশুক্লকৃষ্ণাত্মকানি) ইতি এব (তত্র অগ্নৌ) সত্যং [রূপত্রয়ব্যতিরেকেণ তত্র নাণুমাত্রমপি সত্যমস্তীত্যর্থঃ]।

অনুবাদ। বৎস শ্বেতকেতু, তিনটী ভূতের

পরস্পর সংমিশ্রণে সমুৎপন্ন লোক-প্রসিদ্ধ এই অগ্নির যে লোহিত বর্ণ দেখিতেছ, তাহা তেজেরই রূপ; আর যে ঈষৎ শুক্ল বর্ণ ফুটিয়া উঠিতে দেখিতেছ, তাহা জলের; আবার উহার মধ্যে যে অল্প একটু কৃষ্ণ আভা দীপ্তি পাইতেছে, তাহা পৃথিবীরই রূপ বলিয়া জানিবে। তাহা হইলে দেখিতেছ, অগ্নির কোন পৃথক্ সত্তা আর থাকিল না; কারণ পূর্ব্বোক্ত লোহিতপ্রভৃতি রূপগুলিকে ছাড়িয়া দিলে অগ্নি বলিতে আর কি বুঝিব? তখন অগ্নি এই নামটীতে কতকগুলি শব্দ ভিন্ন আর কিছুই বুঝিবার থাকিবে না। প্রকৃত পক্ষে তিন ভূতের তিনটী রূপই সত্য, অগ্নি সত্য নহে, অগ্নি তাহাদের বিকার একটা নাম-মাত্র।

২। যদাদিত্যস্য রোহিতꣳ রূপং তেজসস্তদ্রূপং যচ্ছুক্লং তদপাং যৎ কৃষ্ণং তদন্নস্যাপাগাদাদিত্যাদাদিত্যত্বং বাচারম্ভণং বিকারো নামধেয়ং ত্রীণি রূপাণীত্যেব সত্যম্।

ব্যাখ্যা। আদিত্যস্য (সূর্য্যস্য) যৎ রোহিতং (লোহিতং)

রূপং, তৎ (লৌহিত্যং) তেজসঃ রূপং, [তথা]- যৎ শুক্লং [রূপং] তৎ অপাং (জলস্য) [রূপমিতি শেষঃ], যৎ কৃষ্ণং তৎ অন্নস্য (অন্নহেতু-ভূতায়াঃ পৃথিব্যাঃ) [রূপমিতি শেষঃ]; [এবম্ আদিত্যে মহাভূতত্রয়াণাং রূপত্রয়াত্মকে সতি] আদিত্যাৎ (সূর্য্যাৎ) আদিত্যত্বম্ (সূর্য্যত্বং) অপাগাৎ (অপগতং)। বিকারঃ (রূপত্রয়াণাং কার্য্যভূতঃ আদিত্যনামা পদার্থঃ) বাচারম্ভণম্ (বাগালম্বনম্, বাগতিরিক্তসত্তাহীনঃ ইত্যর্থঃ) নামধেয়ং (নামমাত্রং) ত্রীণি রূপাণি (লোহিতাদীনি) ইত্যেব সত্যং [তত্র আদিত্যে রূপাদয় এব বস্তু সৎ, নাস্যৎ কিমপি ইত্যর্থঃ]।

অনুবাদ। সেইরূপ সূর্য্যের যে লোহিত রূপ, তাহাও প্রকৃতপক্ষে তেজেরই, যাহা শুভ্র, তাহা জলের, আর যাহা কৃষ্ণ, তাহা মৃত্তিকার বলিয়া জানিবে। তাহা হইলে পূর্ব্বে তুমি সূর্য্য বলিতে যাহা বুঝিতে এখন তাহার ঐ লোহিতাদি রূপ তিনটী যে প্রকৃতপক্ষে তাহার নিজের নহে, সেগুলি যে ফলত মহাভূতেরই রূপ, এই স্থানে তথ্য অবগত হওয়ায় নিশ্চয়ই তোমার সে ধারণা পরিবর্ত্তিত হইবে, তোমার কাছে সূর্য্য এই নামটী কেবল

কথার কথা হইয়া পড়িবে. সত্যরূপে প্রকাশ পাইবে কেবল মহাভূতের ঐ তিনটী রূপ।

৩। যচ্চন্দ্রমসো রোহিতংরূপং তেজসস্তদ্রূপং যচ্ছুক্লং তদপাং যৎ কৃষ্ণং তদন্নস্যাপাগাচ্চন্দ্রাচ্চন্দ্রত্বং বাচারম্ভণং বিকারো নামধেয়ং ত্রীণি রূপাণীত্যেব সত্যম্।

ব্যাখ্যা। [তথা] চন্দ্রমসঃ (চন্দ্রস্য) যৎ রোহিতং (লোহিতং) রূপং; তৎ তেজসঃ রূপম্; যৎ শুক্লং, তৎ অপাং (জলস্য [রূপং]; যৎ কৃষ্ণং, তৎ অন্নস্য (অন্নহেতুভূতায়াঃ পৃথিব্যাঃ) [রূপমিতি শেষঃ]। [এবং সতি] চন্দ্রাৎ চন্দ্রত্বং, অপাগাৎ (অপগতম্); [যতঃ] বিকারঃ [নাম] বাচারম্ভণম্ নামধেয়ং; ত্রীণি রূপাণি (লোহিতাদীনি) ইত্যেব সত্যম্।

অনুবাদ। সেইরূপ চন্দ্রের যে রক্তজ্যোতিঃ, তাহা তেজের; যাহা শুভ্র, তাহা জলের; আর যাহা কৃষ্ণ তাহা পৃথিবীর; এই তিনটী রূপকে ছাড়িলে চন্দ্রের আর কোন পৃথক্ সত্তা থাকে না; চন্দ্র তখন কেবল একটা নাম—একটা কথার কথা

হইয়া দাঁড়ায়। তাহা হইলে বলিতে হয়, ঐরূপ তিনটীই সত্য, চন্দ্র কেবল বাগ্‌বিস্তর।

৫। যদ্বিদ্যুতো রোহিতং রূপং তেজসস্তদ্রূপং যচ্ছুক্লং তদপাং যৎ কৃষ্ণং তদন্নস্যাপাগাদ্বিদ্যুতো বিদ্যুত্ত্বং বাচারম্ভণং বিকারো নামধেয়ং ত্রীণি রূপাণীত্যেব সত্যম্।

ব্যাখ্যা। [তথা] বিদ্যুতঃ যৎ রোহিতং রূপং, তৎ তেজসঃ রূপং; যৎ শুক্লং তৎ অপাং; যৎ কৃষ্ণং তৎ অন্নস্য (পৃথিব্যাঃ) [রূপমিতি শেষঃ]। [এবং সতি] বিদ্যুতঃ বিদ্যুত্ত্বং অপাগাৎ (অপগতম্ অভবৎ)। [যতঃ] বিকারঃ [নাম] বাচারম্ভণং নামধেয়ং (শব্দাত্মকনামমাত্রং) ত্রীণি রূপাণি ইত্যেব সত্যং [রূপ ত্রয়ব্যতিরেকেণ ন তত্র কাপি সত্তা বিদ্যতে]।

অনুবাদ। সেইরূপ বিদ্যুতেরও যে লোহিত জ্যোতিঃ, তাহাও তদন্তর্গত তেজেরই জ্যোতিঃ; যাহা শুভ্র জ্যোতিঃ তাহাও তদন্তর্গত জলেরই জ্যোতিঃ, আর যাহা কৃষ্ণ, তাহা তদন্তর্গত পৃথিবীর জ্যোতিঃ; তাহা হইলে দেখা যাইতেছে, মহাভূতের ঐ রূপ তিনটী ছাড়িয়া দিলে বিদ্যুৎ বলিতে কোন পৃথক্ সত্তার আর

উপলব্ধি হয় না; তখন বিদ্যুৎ কেবল একটা নাম, একটা কথার কথা হইয়া দাঁড়ায়; কেবল ঐ রূপ তিনটী সত্যরূপে অনুভূত হয়।

৫। এতদ্ধ স্ম বৈ তদ্বিদ্বাংস আহুঃ পূর্ব্বে মহাশালা মহাশ্রোত্রিয়া ন নোঽদ্য কশ্চনাশ্রুতমমতমবিজ্ঞাতমুদাহরিষ্যতীতি হেভ্যো বিদাঞ্চক্রুঃ।

ব্যাখ্যা। তৎ (পূর্ব্বোক্তং) এতৎ (ত্রিবৃৎকরণম্) বিদ্বাংসঃ (বিদিতবন্তঃ) হ বৈ (কিল), পূর্ব্বে (পূর্ব্বতনাঃ) মহাশালাঃ মহাশ্রোত্রিয়াঃ (ধনেন কুলেন চ সর্ব্বেভ্যঃ উৎকর্ষপদবীমধিগতাঃ গৃহস্থাঃ) আহুঃ স্ম (উচুঃ)—অদ্য (অধুনাপি) কশ্চন (কশ্চিদপি বিদ্বান্) নঃ (অস্মাকং) [অস্মদ্বংশজানাং মধ্যে কশ্চন ইত্যর্থঃ] অশ্রুতম্, অমতং, অবিজ্ঞাতং [কিঞ্চিদপি বস্তু অস্তীতি] ন উদাহরিষ্যতি (উদাহরণোল্লেখেন দর্শয়িতুং ন শক্ষ্যতি ইত্যর্থঃ)। হি (যস্মাৎ) [তে] এভ্যঃ (ত্রিবৃৎকৃতেভ্যঃ লোহিতাদিরূপত্রয়েভ্যঃ বিজ্ঞাতেভ্যঃ) [সর্ব্বম্ অপি অন্যৎ শিষ্টম্ এবম্ এব ইতি] বিদাঞ্চক্রুঃ (বিজ্ঞাতবন্তঃ)।

অনুবাদ। পূর্ব্বকালে যাঁহারা ধনে ও মানে গৃহস্থদিগের মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ ছিলেন, তাঁহারা সৃষ্টির এই রহস্য অবগত হইয়া বলিয়াছিলেন,

"আজ পর্য্যন্তও কেহই আমাদের কাহারও যে কোন বস্তু অশ্রুত, অজ্ঞাত বা অবুদ্ধ আছে, তাহা দেখাইতে পারেন নাই। কারণ তাঁহারা বুঝিয়াছিলেন যে, ঐ রক্ত, শুক্ল ও কৃষ্ণ জ্যোতিই এই বিরাট্ ব্রহ্মাণ্ডের আদি মূল। ইহা হইতেই নানা-রূপ-রস গন্ধে এই বিপুল বিশ্ব নিত্য অভিব্যক্ত হইয়া উঠিতেছে।

৬। যদু রোহিতমিবাভূদিতি তেজসস্তদ্রূপমিতি তদ্বিদাঞ্চক্রুর্যদু শুক্লমিবাভূদিত্যপাং রূপমিতি তদ্বিদাঞ্চক্রুর্যদু কৃষ্ণমিবাভূদিত্যন্নস্য রূপমিতি তদ্বিদাঞ্চক্রুঃ।

৭। যদ্বিজ্ঞাতমিবাভূদিত্যেতাসামেব দেবতানাং সমাস ইতি তদ্বিদাঞ্চক্রুর্যথা নু খলু সোম্যেমাস্তিস্রো দেবতাঃ পুরুষং প্রাপ্য ত্রিবৃৎত্রিবৃদেকৈকা ভবতি তন্মে বিজানীহীতি।

ইতি চতুর্থঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। [অধুনা তেষাং গৃহস্থানাং বেদনপ্রকার এবো-চ্যতে] উ (বিতর্কং সূচয়তি) [বস্তুতত্ত্ববিজ্ঞানাৎ প্রাক্] যৎ (বস্তু) রোহিতং (লোহিতম্) ইব (সম্ভাবনায়াং) অভূৎ ইতি, [তস্য বস্তুনঃ] তৎ (লৌহিত্যং) তেজসঃ রূপম্ ইতি [তে মহা-

গৃহস্থাঃ] বিদাঞ্চক্রুঃ (বস্তুতত্ত্বং বিজ্ঞায় বিদিতবন্তঃ); [তথা] যৎ (বস্তু) উ [বস্তুতত্ত্বজ্ঞানাৎ প্রাক্] শুক্লম্ ইব অভূৎ ইতি, তৎ (শৌক্ল্যং) অপাং (জলানাং) রূপম্ ইতি [বস্তুতত্ত্বং বিজ্ঞায় তে] বিদাঞ্চক্রুঃ; [তথা] যৎ (বস্তু) [তত্ত্বজ্ঞানোদয়াৎ প্রাক্] কৃষ্ণম্ ইব (সম্ভাবনায়াং [জ্ঞায়মানং] অভূৎ ইতি, তৎ (কার্ষ্ণ্যং) অন্নস্য (অন্নোপাদানভূতায়াঃ পৃথিব্যাঃ রূপম্ ইতি [তে বস্তুতত্ত্বজ্ঞানানন্তরং] বিদাঞ্চক্রুঃ।

ব্যাখ্যা। যৎ উ (নামরূপাভ্যাং দুজ্ঞেয়ম্ অত্যন্ত দুর্লক্ষ্যং বস্তু) [জ্ঞানোদয়াৎ প্রাক্] অবিজ্ঞাতমিব (বিশেষেণ অগৃহ্যমাণমিব) অভূৎ (আসীৎ) ইতি; [বস্তুতত্ত্বজ্ঞানানন্তরং] তৎ (বস্তু) এতাসাং দেবতানাং (তেজঃপ্রভৃতীনাং) সমাসঃ (সমুদায়, মিশ্রভাব ইতি শেষঃ) ইতি বিদাঞ্চক্রুঃ (বিজ্ঞাতবন্তঃ তে মহাগৃহস্থাঃ)। [হে] সৌম্য [বৎস শ্বেতকেতো, ত্বং] যথা (যেন রূপেণ) তু (পুনঃ) ইমাঃ (পূর্ব্বকথিতাঃ) তিস্রঃ দেবতাঃ (তেজ আদয়ঃ) পুরুষং (শরীরেন্দ্রিয়সঙ্ঘাতং) প্রাপ্য (তদ্ভক্ষ্যতয়া তত্র প্রবিশ্য) একৈকা (একা একা, প্রত্যেকমিত্যর্থঃ) ত্রিবৃৎ ত্রিবৃৎ (ত্রিতয়াত্মিকা) ভবতি, তৎ (আধ্যাত্মিকত্রিবৃৎকরণতত্ত্বং) মে (মৎসকাশাৎ) বিজানীহি।

অনুবাদ। তাঁহারা এই সৃষ্টিরহস্য, এই

পদার্থতত্ত্ব বুঝিবার পূর্ব্বে সমস্ত বস্তুকে লোহিত, শুক্ল কিংবা কৃষ্ণ বলিয়া মনে করিতেন, তাহাদের সেই রূপগুলি যে তেজঃপ্রভৃতি তিনটী মহাভূতেরই রূপ, এই তথ্য তাঁহারা বস্তুতত্ত্ব বিদিত হইবার পরে জানিতে পারিয়াছিলেন এবং পূর্ব্বে যে পদার্থগুলির নাম জানিতেন না এবং বড় জটিল বলিয়া রূপবিন্যাসও ভাল বুঝিতে পারিতেন না, পরে সেগুলিও যে ঐ মহাভূতেরই সমষ্টি, তাহা জানিয়াছিলেন। তখন পিতা পুত্রকে সম্বোধন করিয়া বলিলেন, বৎস শ্বেতকেতু, এই তিনটী মহাভূত নিত্য আহার্য্যরূপে মানুষের দেহে কখন প্রবেশ লাভ করে এবং ত্রয়াত্মক (ত্রিবৃৎ-কৃত) হইয়া পরস্পর অভিন্নভাবে মিশ্রিত হইয়া কেমন করিয়াই বা তাহার সেই দেহটাকে গড়িয়া তুলে, তাহা তুমি এখন আমার নিকট হইতে জানিয়া লও।

চতুর্থ খণ্ডের অনুবাদ সমাপ্ত।

পঞ্চমঃ খণ্ডঃ।

১। অন্নমশিতং ত্রেধা বিধীয়তে তস্য যঃ স্থবিষ্ঠো ধাতুস্তৎপুরীষং ভবতি যো মধ্যমস্তন্মাংসং যোঽণিষ্ঠস্তন্মনঃ।

ব্যাখ্যা। অন্নং (ভোজ্যং) অশিতং (ভুক্তং) [সৎ] ত্রেধা (ত্রিধা—ত্রিবিধপ্রকারৈরিত্যর্থঃ) বিধীয়তে (পাকানন্তরং জাঠরাগ্নিনা বিভজ্যতে)। তস্য (জাঠরাগ্নিনা পচ্যমানস্য ভোজ্যস্য) যঃ স্থবিষ্ঠঃ (স্থূলতমঃ) ধাতুঃ (বিভক্তাংশঃ) তৎ (স এব স্থূলতমো বিভক্তাংশঃ) পুরীষং (বিষ্ঠা) ভবতি; যঃ মধ্যমঃ (অংশঃ), তৎ (অংশঃ) মাংসং [ভবতি; তথা] যঃ অণিষ্ঠঃ (সূক্ষ্মতমঃ অংশঃ), তৎ মনঃ [ভবতি, মনোরূপেণ পরিণম্য তস্য উপচয়ং করোতীত্যর্থঃ]।

অনুবাদ। আমরা নিত্য যাহা ভোজন করি, তাহা জঠরাগ্নি দ্বারা পরিপক্ক হইয়া তিনটী প্রধান ভাগে বিভক্ত হয়। তাহাদের মধ্যে যেটী সর্ব্বাপেক্ষা বড় ভাগ, তাহাই বিষ্ঠার আকারে শরীর হইতে বাহির হইয়া যায়; যাহা মধ্যম, তাহা হইতে ক্রমে মাংসের উৎপত্তি হয়; আর যে ভাগটী অত্যন্ত সূক্ষ্ম, তাহাই শেষ পরিণতি লাভ করিয়া মনের পুষ্টি সাধন করে।

২। আপঃ পীতাস্ত্রেধা বিধীয়ন্তে তাসাং যঃ স্থবিষ্ঠো ধাতুস্তন্মূত্রং ভবতি যো মধ্যমস্তল্লোহিতং যোঽণিষ্ঠঃ স প্রাণঃ।

ব্যাখ্যা। [অন্নবদেব] আপঃ (জলান্যপি) পীতাঃ (সত্যঃ) ত্রেধা বিধীয়ন্তে (ত্রিভির্বিভজ্যন্তে)। তাসাং (জাঠরাগ্নিনা পচ্যমানানাম্ অপাং) যঃ স্থবিষ্ঠঃ (স্থূলতমঃ) ধাতুঃ (অংশঃ) তৎ মূত্রং ভবতি ; যঃ মধ্যমঃ [অংশঃ] তৎ লোহিতং (রক্তং) [ভবতি] ; যঃ অণিষ্ঠঃ (সূক্ষ্মতমঃ অংশঃ) সঃ প্রাণঃ (পঞ্চবায়ুরূপঃ) [ভবতীতি শেষঃ]।

অনুবাদ। সেইরূপ আমরা নিত্য যাহা পান করি, তাহাও পরিপাক পাইয়া তিনটী প্রধান ভাগে বিভক্ত হইয়া পড়ে। তাহাদের মধ্যে যেটী সর্ব্বাপেক্ষা বড় ভাগ, তাহাই মূত্রের আকারে আমাদের শরীর হইতে বাহির হইয়া যায় ; যাহা মধ্যম তাহাই পরিণত হইয়া রক্তের আকার ধারণ করে, আর যাহা অত্যন্ত সূক্ষ্ম, তাহা ক্রমে পরিণতি লাভ করিয়া অবশেষে প্রাণের পুষ্টিসাধন করে।

৩। তেজোঽশিতং ত্রেধা বিধীয়তে তস্য যঃ

স্থবিষ্ঠো ধাতুস্তদস্থি ভবতি যো মধ্যমঃ স মজ্জা যোঽ-
ণিষ্ঠঃ সা বাক্।

ব্যাখ্যা। [তথা] তেজঃ (তৈলঘৃতাদি তৈজসং ভোজ্যং) অশিতং (ভুক্তং) [সৎ] ত্রেধা বিধীয়তে (ত্রিভিঃ বিভজ্যতে), তস্য (জাঠরাগ্নিনা পরিপচ্যমানস্য ভুক্তদ্রব্যস্য) যঃ স্থবিষ্ঠঃ ধাতুঃ (স্থূলতমঃ অংশঃ), তৎ অস্থি ভবতি ; যঃ মধ্যমঃ, সঃ মজ্জা, অণিষ্ঠঃ (অণুতমঃ অংশঃ) সা বাক্ [ভবতীতি শেষঃ]।

অনুবাদ। সেইরূপ আমরা নিত্য যে তৈল, ঘৃতপ্রভৃতি, তেজোমূলক পদার্থগুলি ভক্ষণ করি, সেগুলিও জঠরাগ্নির দ্বারা পরিপক্ক হইয়া তিনটী প্রধান ভাগে বিভক্ত হইয়া পড়ে। তাহাদের মধ্যে যে ভাগটী সর্ব্বাপেক্ষা বড়, তাহা হইতে আমাদের শরীরের অস্থিগুলি গঠিত হয়। যেটী মধ্যম, তাহা হইতে মজ্জা, আর যাহা অত্যন্ত সূক্ষ্ম, তাহাই শেষ পরিণতি লাভ করিয়া আমাদের বাগিন্দ্রিয়ের পুষ্টি সাধন করে।

৪। অন্নময়ং হি সোম্য মন আপোময়ঃ প্রাণ-

স্তেজোময়ী বাগিতি ভূয় এব মা ভগবান্ বিজ্ঞাপয়ত্বিতি তথা সোম্যেতি হোবাচ।

ইতি পঞ্চমঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। [অতএব, হে] সৌম্য, মনঃ (অস্মাকম্ অন্তঃ-করণম্) হি (নিশ্চয়ে) অন্নময়ং (অন্নকার্য্যং— অন্নেনৈব হি উপ-চিতমিত্যর্থঃ), প্রাণঃ (পঞ্চবৃত্ত্যাত্মকঃ) আপোময়ঃ (জলময়ঃ) ; বাক্ (তথাস্মাকং বাগিন্দ্রিয়ং চ) তেজময়ী (তেজোবিকারভূতা)। [পুনরপ্যুবাচ শ্বেতকেতুঃ] ভগবান্ (পিতৃদেবঃ ভবান্) ভূয় এব (পুনরেব) মা (মাং) বিজ্ঞাপয়তু (বিশেষেণ বোধয়তু) ইতি [পুত্রেণ প্রার্থিতঃ পিতা] হে সোম্য, তথা [ভবতু] ইতি হ উবাচ ।

অনুবাদ। এইজন্যই বৎস, আমাদের এই অন্তঃকরণকে অন্নময়, প্রাণকে জলময়, আর বাগিন্দ্রিয়কে তেজোময় বলা হয়; কারণ ঐগুলি অন্নাদিরই সূক্ষ্ম অংশ হইতে গঠিত হইয়াছে; উহারা তাহাদের বিকার বা রূপান্তর ব্যতীত আর কিছুই নহে। শ্বেতকেতু বলিল,—"দেব, আপনি ইহা আমাকে পুনরায় বুঝাইয়া বলুন।" পিতা ইহাতে

সম্মত হইয়া এই কথাই পুনর্ব্বার দৃষ্টান্ত দিয়া স্পষ্ট করিয়া বলিতে লাগিলেন।

পঞ্চম খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

ষষ্ঠঃ খণ্ডঃ।

১। দধ্নঃ সোম্য মথ্যমানস্য যোঽণিমা স ঊর্দ্ধ্বঃ সমুদীষতি তৎ সর্পির্ভবতি।

ব্যাখ্যা। [অধুনা মিশ্রভাবেঽপি সূক্ষ্মভাগস্য কার্য্যকারণত্বে পৃথগেব ইত্যস্মিন্ বিষয়ে দৃষ্টান্তমাহ]—[হে] সোম্য, দধ্নঃ মথ্যমানস্য (সতঃ) যঃ অণিমা (তস্য সূক্ষ্মতমঃ অংশঃ) সঃ ঊর্দ্ধ্বঃ সমুদীষতি (নবনীতভাবম্ আপাদ্য দধ্নঃ উপরিভাগম্ উদ্গচ্ছতি) ; তৎ (নবনীতরূপেণ পরিণতঃ সঃ উপরিতনঃ অংশঃ) সর্পিঃ (ঘৃতং , ভবতি।

অনুবাদ। পিতা বলিলেন, 'বৎস শ্বেতকেতু, দেখিয়াছ যে দধিকে মন্থন করিবার সময় তাহার যেটুকু সূক্ষ্মতম অংশ, সেটুকু মাখন হইয়া উপরে

ভাসিয়া উঠে। তাহাই পরে আরও সূক্ষ্ম হইয়া ঘৃতরূপে পরিণত হয়।

২। এবমেব খলু সোম্যান্নস্যাশ্যমানস্য যোঽণিমা স ঊর্ধ্বঃ সমুদীষতি তন্মনো ভবতি।

ব্যাখ্যা। হে সৌম্য, এবমেব (মথ্যমানদধিবৎ এব) খলু (নিশ্চয়ে) অশ্যমানস্য (ভুজ্যমানস্য) অন্নস্য (তণ্ডুলাদেঃ) যঃ অণিমা (সূক্ষ্মতমঃ অংশঃ), সঃ সমুদীষতি (সম্যক্ উদ্‌গচ্ছতি); তৎ মনঃ ভবতি (মনোঽবয়বৈঃ সহ একীভূয় মনসঃ উপচয়ং করোতি।)

অনুবাদ। বৎস, এইরূপই আমরা নিত্য যে অন্ন ভোজন করি, তাহারও সূক্ষ্মতম অংশটুকু এইরূপেই ঊর্দ্ধে উত্থিত হইয়া আমাদের মনের অবয়বগুলির সহিত মিলিত হইয়া তাহার পুষ্টিসাধন করে।

৩। অপাং সোম্য পীয়মানানাং যোঽণিমা স ঊর্দ্ধ সমুদীষতি স প্রাণো ভবতি।

ব্যাখ্যা। [তথা] হে সৌম্য পীয়মানানাং অপাং (জলানাং) যঃ অণিমা (সূক্ষ্মতমঃ অংশঃ) সঃ ঊর্দ্ধঃ সমুদীষতি (শরীরো

র্দ্ধ্বভাগং সমুদগচ্ছতি সঃ প্রাণঃ ভবতি (প্রাণাবয়বরূপেণ পরিণমতে)।

অনুবাদ। সেইরূপ বৎস, আমরা নিত্য যাহা পান করি, তাহারও সূক্ষ্মতম অংশটুকু এইরূপেই উর্দ্ধে উত্থিত হইয়া যায়; তাহার পর সেই অংশটুকু প্রাণের অবয়বের সহিত মিলিত হইয়া তাহার পুষ্টিসাধন করে।

৪। তেজসঃ সোম্যাশ্যমানস্য যোঽণিমা স উর্ধ্বঃ সমুদীষতি সা বাগ্ ভবতি।

ব্যাখ্যা। [তথা] হে সোম্য, অশ্যমানস্য (ভক্ষ্যমাণস্য) তেজসঃ (তৈলঘৃতাদেঃ) যঃ অণিমা (অণুভাবঃ) সঃ উর্দ্ধঃ সমুদীষতি (উর্দ্ধ্বস্থঃ ভবতি)। সা বাক্ ভবতি (বাগিন্দ্রিয়াবয়বরূপেণ পরিণমতে)।

অনুবাদ। তেমনি বৎস, আমরা নিত্য যে তৈল, ঘৃতপ্রভৃতি তৈজস পদার্থগুলি ভক্ষণ করি, তাহারও সূক্ষ্মতম অংশটুকু এইরূপেই উপরে উঠিয়া যায়; তাহার পর সেই সূক্ষ্মতম অংশটুকু আরও পরিণতি লাভ করিয়া আমাদের বাগিন্দ্রিয়ের

অবয়বের সহিত মিলিত হইয়া তাহার পুষ্টিসাধন করে।

৫। অন্নময়ংহি সোম্য মন আপোময়ঃ প্রাণস্তেজোময়ী বাগিতি ভূয় এব মা ভগবান্বিজ্ঞাপয়ত্বিতি তথা সোম্যেতি হোবাচ।

ইতি ষষ্ঠঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। [অতএব] হে সোম্য, হি (নিশ্চয়ে) মনঃ অন্নময়ং (অন্নবিকারভূতমস্মাকমন্তঃকরণম্) [তথা] প্রাণঃ আপোময়ঃ (সলিলপরিণামাত্মকঃ) বাক্ (বাগিন্দ্রিয়ং) [চ] তেজোময়ী (তৈলঘৃতাদিতৈজসবিকারভূতা) ;—[পুনরপ্যুবাচ শ্বেতকেতুঃ] ভগবান্ (পূজনীয়ঃ ভবান্) ভূয় এব (পুনরপি) মা (মাং) বিজ্ঞাপয়তু (বিশেষেণ বোধয়তু) ইতি [পুত্রেণ প্রার্থিতঃ পিতা] হে সোম্য, তথা (ভবতু) ইতি হ উবাচ।

অনুবাদ। বৎস! এইজন্যই বলিতেছিলাম যে, আমাদের মনঃ অন্নেরই একটা বিকৃত অবস্থা ব্যতীত আর কিছুই নহে। সেইরূপ প্রাণও জলের এবং বাগিন্দ্রিয়ও তেজেরই এক একটা বিকার—তাহাদেরই সূক্ষ্মতম অংশ হইতে গঠিত।

তখন শ্বেতকেতু বলিল—"দেব, আপনি ইহা আমাকে আরও স্পষ্ট করিয়া বুঝাইয়া দিন।" পিতা বলিলেন—"উত্তম, আমি আরও সহজে এই তথ্যটী তোমাকে বুঝাইয়া দিতেছি; তুমি শুনিয়া যাও।"

ষষ্ঠ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

সপ্তমঃ খণ্ডঃ।

১। ষোড়শকলঃ সোম্য পুরুষঃ পঞ্চদশাহানি মাশীঃ কামমপঃ পিবাপোময়ঃ প্রাণো নপিবতো বিচ্ছেৎস্যত ইতি।

ব্যাখ্যা। হে সোম্য, পুরুষঃ (কার্য্যকরণসঙ্ঘাতরূপঃ সচেতনঃ অয়ং পিণ্ডঃ) ষোড়শকলঃ (ষোড়শ কলাঃ অবয়বাঃ যস্য সোঽয়ং); পঞ্চদশ অহানি (দিনানি ব্যাপ্য) মা আশীঃ (অশনম্ অন্নভোজনং ন কুরু); কামং (যথেচ্ছং) অপঃ (জলানি) পিব। [উভয়ত্রাপি ত্বম্ ইতি শেষঃ]; [যতঃ] ন পিবতঃ (জলপানম্ অকুর্ব্বতঃ তব) আপোময়ঃ (জলবিকারঃ) প্রাণঃ বিচ্ছেৎস্যতে (প্রাণবিগমঃ ভবিষ্যতি) ইতি।

অনুবাদ। বৎস, আমরা প্রত্যহ যাহা আহার করি, তাহারই সূক্ষ্মতম অংশ হইতেই যে আমাদের মনের অবয়বগুলি নিত্য গঠিত ও পুষ্ট হইয়া উঠিতেছে, তাহা তোমাকে পূর্ব্বেই বলিয়াছি। সম্প্রতি এই তত্ত্ব তোমাকে প্রত্যক্ষ করাইব; - এখন একদিনের উপবাসে সেই মনের যতটুকু অংশ ক্ষয় প্রাপ্ত হয় ততটুকু অংশকেই যে তাহার এক কলা বলা হয়, তাহা জানিয়া রাখ। এইরূপ ষোলকলায় পরিপূর্ণ মনই নিত্য আমাদের এই শরীরযন্ত্রটাকে চালিত করিতেছে। তুমি আজ হইতে পনর দিন পর্য্যন্ত কিছুই খাইও না, আহার একেবারেই বন্ধ করিয়া দাও; তবে ইচ্ছা হইলে তুমি জল পান করিতে পার; কেন না, জলেরই সূক্ষ্ম কণিকা হইতে আমাদের এই প্রাণের উৎপত্তি হইয়াছে বলিয়া, তাহা পান না করিলে তোমার প্রাণ বাহির হইয়া যাইবে।

২। স হ পঞ্চদশাহানি নাশাথ হৈনমুপসসাদ

কিং ব্রবীমি ভো ইত্যৃচঃ সোম্য যজূংষি সামানীতি স হোবাচ ন বৈ মা প্রতিভান্তি ভো ইতি।

ব্যাখ্যা। [মনসঃ অন্নময়ত্বং প্রত্যক্ষীকর্ত্তুমিচ্ছন্] সঃ (শ্বেতকেতুঃ) হ পঞ্চদশ অহানি (পঞ্চদশসংখ্যকানি দিনানি) [ব্যাপ্য] ন আশ (ভোজনং ন কৃতবান্)। অথ (তদনন্তরং) হ এনম্ (পিতরম্) উপসসাদ (উপগতবান্ স শ্বেতকেতুঃ); [সমীপম্ আগত্য আহ চ সঃ] ভোঃ [পিতঃ] কিং ব্রবীমি? ইতি। [পিতা পুত্রমুবাচ] হে সোম্য, ঋচঃ, যজূংষি, সামানি [যান্ ঋগাদিবেদগ্রন্থান্ পুরা ত্বয়া পঠিতান্, তান্ অধুনা ব্রূহি] ইতি [এবং পৃষ্টঃ পিত্রা] সঃ (শ্বেতকেতুঃ) হ উবাচ ভোঃ (হে পিতঃ) [পূর্ব্বাধীতানি অপি ঋগাদীনি, অধুনা] মা (মাং) প্রতি ন বৈ (নৈব) প্রতিভান্তি (প্রকাশন্তে) ইতি।

অনুবাদ। পুত্র তখন পিতার আদেশ শিরোধার্য্য করিয়া, মনের অবয়বগুলি যে সত্য সত্যই অন্নরস হইতেই গঠিত ও পুষ্ট হইয়া উঠিতেছে, তাহার প্রত্যক্ষ প্রমাণ পাইবার জন্য পনর দিন কিছুই খাইল না। তাহার পর পিতার নিকট উপস্থিত হইয়া জিজ্ঞাসা করিল যে, "বলুন পিতঃ; আমাকে এখন কি বলিতে হইবে?" পিতা বলিলেন,

"বৎস, তুমি পূর্ব্বে যে ঋগ্বেদ, সামবেদ ও যজুর্ব্বেদ অধ্যয়ন করিয়াছিলে, এখন তাহারই কোন কোন অংশ আমাকে শুনাও।" পুত্র বলিলেন, "না পিতঃ, সেগুলি কিছুই তো আমার মনে পড়িতেছে না; চেষ্টা করিয়াও তাহার কিছুই আমি মনে আনিতে পারিতেছি না, সব যেন কেমন অস্পষ্ট হইয়া যাইতেছে।

৩। তং হোবাচ যথা সোম্য মহতোঽভ্যাহিতস্যৈকোঽঙ্গারঃ খদ্যোতমাত্রঃ পরিশিষ্টঃ স্যাত্তেন ততোঽপি ন বহু দহেদেবং সোম্য তে ষোড়শানাং কলানামেকা কলাতিশিষ্টা স্যাত্তয়ৈতর্হি বেদাননুভবস্যশানাথ মে বিজ্ঞাস্যসীতি।

ব্যাখ্যা। [পিতা] তং (এবম্ উক্তবন্তং শ্বেতকেতুং) উবাচ [হে] সোম্য, (প্রিয়দর্শন) যথা অভ্যাহিতস্য (ইন্ধনৈরুপচিতস্য) মহতঃ (মহৎপরিমাণস্য, [অগ্নেঃ] খদ্যোতমাত্রঃ(খদ্যোতপরিমাণঃ) একঃ অঙ্গারঃ পরিশিষ্টঃ (অবশিষ্টঃ) স্যাৎ, তেন (অঙ্গারেণ) ততোঽপি (তৎপরিমাণাৎ ঈষদপি) বহু (অধিকং) ন দহেৎ। [হে] সোম্য, এবং (এতদ্দৃষ্টান্তানুরূপমেব) তে

(তব) ষোড়শানাং কলানাং (অন্নরসোপচিতানাং মনোবয়বানাং) [মধ্যে] একা কলা (মনোঽবয়বঃ) অতিশিষ্টা (অবশিষ্টা) স্যাৎ (আসীৎ), এতর্হি (ইদানীং) তয়া (খদ্যোতপরিমিতা-ঙ্গারতুল্যয়া কলয়া) বেদান্ (ঋগাদীন্) ন অনুভবসি (ন প্রতি-পদ্যসে); [অতোঽধুনা অগ্রে কিঞ্চিৎ] অশান (ভোজনং গৃহাণ) অথ (অনন্তরং) মে (মম) [বাক্যং] বিজ্ঞাস্যসি ইতি।

অনুবাদ। পিতা বলিলেন, 'বৎস! কোন বিপুলায়তন বহ্নিরাশির অবসান হইয়া গেলে, সেখানে যদি জোনাকি পোকার মত ক্ষুদ্র অগ্নিকণা পড়িয়া থাকে, তবে তাহার দ্বারা যেমন কোন কাজ হয় না, সেই অগ্নিকণাটুকু যেমন তাহার অপেক্ষা বড় কোন বস্তুকে দগ্ধই করিতে পারে না, জানিও বৎস, আজ তোমার মনের অবস্থাও তেমনি হইয়াছে। তুমি পনর দিন কিছুই খাও নাই বলিয়া, তোমার "ষোলকলা"মনঃ প্রত্যহ এক এক কলা করিয়া কমিয়া অবশেষে আজ একটী মাত্র কলায় দাঁড়াইয়াছে; তাই তুমি আর এখন সেই অগ্নিকণার মত ক্ষুদ্র মনের একটী মাত্র কলার দ্বারা, অধীত বিষয়ের কিছুই মনে

করিতে পারিতেছ না। আচ্ছা, এখন গিয়া চারিটী খাইয়া আইস; তাহা হইলে আমার কথাগুলি ভাল বুঝিতে পারিবে।

৪। স হাশাথ হৈনমুপসসাদ তংহ যং কিংচ পপ্রচ্ছ সর্ব্বংহ প্রতিপেদে।

ব্যাখ্যা। [পিত্রা এবমাদিষ্টঃ] সঃ (শ্বেতকেতুঃ) হ আশ (চখাদ); অথ (অনন্তরং) এনম্ (জনকমাত্মীয়ং) উপসসাদ (সমীপমাগতবান্) হ। [পিতা উদ্দালকঃ তদানীং] তং (শ্বেতকেতুং) হ যং কিঞ্চ (কিমপি) পপ্রচ্ছ (জিজ্ঞাসিতবান্), [সঃ শ্বেতকেতুঃ তং] সর্ব্বং (ঋগাদি) হ প্রতিপেদে (অর্থতঃ গ্রন্থতশ্চ প্রতিপদ্য উত্তরং দদৌ)।

অনুবাদ। শ্বেতকেতু পিতার কথামত চারিটী আহার করিয়া তাঁহার নিকট পুনরায় ফিরিয়া আসিলেন; তখন তিনি তাহাকে যাহা কিছু জিজ্ঞাসা করিলেন, সে সমস্তেরই উত্তর করিল।

৫। তংহ হোবাচ যথা সোম্য মহতোঽভ্যাহিতস্যৈকমঙ্গারং খদ্যোতমাত্রং পরিশিষ্টং তং তৃণৈরুপসমাধায় প্রাজ্বলয়েত্তেন ততোঽপি বহু দহেৎ।

৬। এবংস্তু সোম্য তে ষোড়শানাং কলানামেকা কলাতিশিষ্টাভূৎ সান্নেনোপসমাহিতা প্রাজ্জ্বালীত্তয়ৈতর্হি বেদাননুভবস্যন্নময়ংহি সোম্য মন আপোময়ঃ প্রাণস্তেজোময়ী বাগিতি তদ্ধাস্য বিজজ্ঞাবিতি বিজজ্ঞাবিতি।

ইতি সপ্তমঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। [তদা, পিতা] তং (শ্বেতকেতুং স্বতনয়ং) উবাচ হ [হে] সোম্য, যথা অভ্যাহিতস্য (ইন্ধনোপচিতস্য) মহতঃ (মহৎপরিমাণস্য অগ্নেঃ) পরিশিষ্টং (অবশিষ্টং) খদ্যোতমাত্রং তং একম্ অঙ্গারং (অগ্নিকণিকামিত্যর্থঃ) তৃণৈঃ উপসমাধায় প্রাজ্বলয়েৎ [তৃণ-কাষ্ঠচূর্ণাদিসহজদাহ্যেন্ধননিক্ষেপেণ পুনরপি তামগ্নিকণিকাং বর্দ্ধয়েৎ ইত্যর্থঃ] তেন (বর্দ্ধিতেন অগ্নিনা) ততোঽপি পূর্ব্বপরিমাণাদপি) বহু (অধিকং) দহেৎ।

ব্যাখ্যা। হে সোম্য, এবং (এতদ্ দৃষ্টান্তানুরূপমেব) তে (তব) ষোড়শানাং কলানাং (অন্নরসোপচিতানাং মনোঽবয়বানাং) [মধ্যে] একা কলা অতিশিষ্টা (অবশিষ্টা) অভূৎ (আসীৎ) ; সা (পরিশিষ্টা একা কলা) অন্নেন (ভুক্তেন) উপসমাহিতা (উপচিতা) [সতী] প্রাজ্বালীৎ (প্রাধিকং জজ্বাল) ; এতর্হি (তস্মাৎ ত্বমধুনা) তয়া (পরিশিষ্টয়া কলয়া)

বেদান্ অনুভবসি (জানাসি)। হে সোম্য, হি (এতস্মাদেব কারণাৎ) [অস্মাকঃ] মনঃ (অন্তকরণং) অন্নময়ং (অন্ন-পরিণামভূতং), [তথা] প্রাণঃ আপোময়ঃ (জলবিকারঃ), বাক্ (বাগিন্দ্রিয়ং চ) তেজোময়ী ইতি [মনসোঽন্নময়ত্বপ্রত্যক্ষী-করণেন তৎসহচরিতয়োঃ বাক্প্রাণয়োরপি তেজোময়ত্বং বেদিতব্যমেব ইতি মানয়োঃ দৃষ্টান্তঃ প্রদর্শিতঃ] [তদা শ্বেত-কেতুঃ] অস্য (পিতুরুদ্দালকস্য) তৎ উপদেশবচনং) বিজজ্ঞৌ (বিশেষেণ জ্ঞাতবান্)। দ্বিরুক্তিস্ত্রিবৃৎকরণপ্রকরণপরি-সমাপ্তি-সূচিকা।

অনুবাদ। তখন পিতা বলিলেন, 'বৎস শ্বেতকেতু, কোন বিপুলায়তন বহ্নিরাশি নির্ব্বাপিত হইয়া গেলেও, সেখানে যদি জোনাকিপোকার মত ক্ষুদ্র একটু অগ্নিকণা পড়িয়া থাকে, তবে যেমন লোকে সেই অগ্নিকণাটিকে শুষ্ক তৃণলতাদির দ্বারা ক্রমে বাড়াইয়া তুলিতে পারে এবং তখন সেই বর্দ্ধিত অগ্নির দ্বারা অনেক বড় জিনিসও দগ্ধ করা যায়, জানিও বৎস, তোমার মনের অবস্থাও এখন সেইরূপ হইয়াছে, পনর দিন উপবাস করায় তোমার যোলকলা মনের মাত্র একটী কলা অবশিষ্ট ছিল।

এখন আহার করিয়া সেই ম্রিয়মাণ একটী মাত্র কলা আবার প্রদীপ্ত হইয়া উঠিয়াছে। তাই তুমি এখন সেই দীপ্ত অগ্নিশিখার মত মনের দ্বারা তোমার সেই অতীত বিষয়গুলি সমস্ত স্মরণ করিতে পারিতেছ ; এইজন্যই বৎস, আমি বলিয়াছিলাম যে, মনঃ আমাদের ভুক্তদ্রব্যের একটী বিকার ভিন্ন আর কিছুই নহে, সেইরূপ প্রাণও জলের এবং বাগিন্দ্রিয়ও তেজেরই এক একটী বিকার, তাহাদেরই সূক্ষ্মতম অংশ হইতে গঠিত। শ্বেতকেতু তখন তাহার পিতার পূর্বাপর উপদেশগুলি সব বুঝিতে পারিল।

সপ্তম খণ্ডের অনুবাদ সমাপ্ত।

অষ্টমঃ খণ্ডঃ।

১। উদ্দালকো হারুণিঃ শ্বেতকেতুং পুত্রমুবাচ স্বপ্নান্তং মে সোম্য বিজানীহীতি যত্রৈতৎ পুরুষঃ স্বপিতি

নাম সতা সোম্য তদা সম্পন্নো ভবতি স্বমপীতো ভবতি তস্মাদেনং স্বপিতীত্যাচক্ষতে স্বং হ্যপীতো ভবতি।

ব্যাখ্যা। আরুণিঃ (অরুণনন্দনঃ) উদ্দালকঃ, পুত্রং (স্বতনয়ং) শ্বেতকেতুম্ উবাচ— হে সোম্য, মে (মম সমীপে) স্বপ্নান্তং (সুষুপ্তং) বিজানীহি ইতি। যত্র (যস্মিন্ কালে) [পুরুষস্য] এতৎ "স্বপিতি" নাম (স্বপিতীতি সংজ্ঞা) [ভবতি], হে সোম্য, তদা (তস্মিন্ সুষুপ্তিকালে) [স পুরুষঃ] সতা (পরমাত্মনা) সম্পন্নঃ (মিলিতঃ-একীভূতঃ) ভবতি, স্বম্ (আত্মস্বরূপম্) অপীতঃ (অপিগতঃ—প্রাপ্তঃ) ভবতি; তস্মাৎ (হেতোঃ) এনং (পুরুষং) "স্বপিতি" ইতি আচক্ষতে (কথয়ন্তি) [জনা ইতি শেষঃ]। হি (যতঃ) "স্বম্ অপীতঃ" ভবতি [অতঃ স্বপিতি ইতি সংজ্ঞয়া উচ্যতে সঃ পুরুষঃ]।

অনুবাদ। অরুণনন্দন মহর্ষি উদ্দালক পুনর্ব্বার স্বীয় পুত্র শ্বেতকেতুকে সম্বোধন করিয়া বলিলেন যে, 'বৎস! জীবের সুষুপ্তি অবস্থা হইতে যে কেমন করিয়া ব্রহ্মতত্ত্ব উপলব্ধি হয়, তাহা তুমি এখন আমার নিকট হইতে জানিয়া লও। লোকে যখন গাঢ় নিদ্রায় অভিভূত হইয়া পড়ে, যখন সকলে তাহার প্রতি লক্ষ্য করিয়া বলে যে "এ ব্যক্তি সুষুপ্ত" তখন সে আপনার

হৃদয়গুহাশায়ী যে পরমাত্মা, তাঁহারই সহিত মিলিয়া এক হইয়া যায়—আত্মস্বরূপের মধ্যেই বিলীন হয়; সে তখন এই স্বভাবকে আত্মস্বরূপে লাভ করে বলিয়াই—আপনারই মধ্যে লীন হয়, ডুবিয়া যায় বলিয়াই—তাহাকে স্বপিতি (স্ব+অপীত, আত্ম-গত) বলিয়া বলা হয়।

২। স যথা শকুনিঃ সূত্রেণ প্রবদ্ধো দিশং দিশং পতিত্বান্যত্রায়তনমলব্ধ্বা বন্ধনমেবোপশ্রয়ত এবমেব খলু সোম্য তন্মনো দিশং দিশং পতিত্বান্যত্রায়তনমলব্ধ্বা প্রাণমেবোপশ্রয়তে প্রাণবন্ধনং হি সোম্য মন ইতি।

ব্যাখ্যা। [দৃষ্টান্তপ্রদর্শনেন সুষুপ্তিরিদানীং স্ফুটীক্রিয়তে] সঃ (অত্রত্যঃ দৃষ্টান্তঃ যথা,—শকুনিঃ (কশ্চিৎ পক্ষী) [নিয়ামকরজ্জুনা] সূত্রেণ প্রবদ্ধঃ [বদ্ধঃ সন্] দিশং দিশং পতিত্বা (সর্বাসু দিক্ষু পরিভ্রম্য) অন্যত্র (স্থানান্তরে) আয়তনং (বিশ্রমার্থম্ আশ্রয়ম্) অলব্ধ্বা (অপ্রাপ্য) বন্ধনং (বন্ধনস্থানং) এব উপশ্রয়তে (অনন্যগতিঃ সন্ সমাশ্রয়তি); এবম্ এব (উল্লিখিতদৃষ্টান্তবদেব) – হে সোম্য, খলু (নিশ্চয়ে)

তৎ (পূর্ব্বোক্তম্ অন্নরসোপচিতং ষোড়শকলং) মনঃ [মন-উপাধিকঃ জীব ইত্যর্থঃ] দিশং দিশং পতিত্বা (নানাদিগ্‌গতেষু বিষয়েষু পরিভ্রম্য) [বিপুলবিষয়ৈকব্যবহরন্ পরিশ্রম্য ইতি ভাবঃ] অন্যত্র (বিষয়াৎ স্থানান্তরে) আয়তনং (বিশ্রামস্থানং) অলব্ধ্বা (অপ্রাপ্য) প্রাণম্ (পরমাত্মানম্) এব উপশ্রয়তে (সমাশ্রয়তি)। হি (যতঃ) হে সোম্য, মনঃ (মন উপাধিকঃ জীবঃ) প্রাণবন্ধনং (প্রাণোপাধিক পরমাত্মৈকনিলয়ম্) ইতি।

অনুবাদ। যখন কোন ব্যাধ, কোন একটী পাখীকে একটী সূত্রের অগ্রভাগে বাঁধিয়া তাহার অপর প্রান্ত নিজের হাতে ধরিয়া রাখে, তখন যেমন সেই পাখীটী ব্যাধের যেই বন্ধন হইতে মুক্ত হইবার আশায় চারিদিকে নিয়ত উড়িতে থাকে, উড়িতে উড়িতে অবশেষে পরিশ্রান্ত হইলে কোথাও আর অবলম্বন না পাইয়া বিশ্রাম করিবার আশায় আবার সেই ব্যাধের হাতেই ফিরিয়া আসে ; সেইরূপ বৎস, আমাদের এই মনোবলম্বী জীবাত্মাও স্বপ্নে ও জাগরণে বিপুল বিষয়রাশির মধ্যে নিপতিত হইয়া ঘুরিতে ঘুরিতে পরিশ্রান্ত হইলে, অবশেষে

বিশ্রামের আশায় সুষুপ্তিকালে আপনার শাশ্বত প্রতিষ্ঠাভূমি পরমাত্মজ্যোতিতেই ফিরিয়া আসেন।

৩। অশনাপিপাসে মে সোম্য বিজানীহীতি যত্রৈতৎ পুরুষোঽশিশিষতি নামাপ এব তদশিতং নয়ন্তে তদ্‌যথা গোনায়োঽশ্বনায়ঃ পুরুষনায় ইত্যেবং তদপ আচক্ষতেঽশনায়েতি তত্রৈতচ্ছুঙ্গমুৎপতিতং সোম্য বিজানীহি নেদমমূলং ভবিষ্যতীতি।

ব্যাখ্যা। [ইদানীম্ অন্নাদিকার্য্যকারণপরম্পরয়া জগতো মূলীভূতং পরমকারণং পরমাত্মানং দর্শয়িতুমভিলষন্, উবাচ উদ্দালকঃ] হে সোম্য, মে (মম সকাশে) অশনাপিপাসে (অশনায়াপিপাসয়োঃ তত্ত্বং) বিজানীহি (বিশেষেণ বিদাঙ্কুরু)। পুরুষঃ (জীবঃ) যত্র (যদা) এতৎ অশিশিষতি নাম (অশিতুম্ ইচ্ছতি অশিশিষতি—তন্নামা ভবতীত্যর্থঃ) তৎ (তদা) আপঃ (তেনৈব পুরুষেণ পীতানি জলানি) এব অশিতং (তস্য পুরুষস্য কঠিনং ভুক্তান্নং) নয়ন্তে (দ্রবীকৃত্য রসরক্তাদিভাবেন পরিণতিং প্রাপয়ন্তি)। তৎ তত্র) [অয়ং দৃষ্টান্তঃ] যথা,—গোনায়ঃ (গবাং নেতা—গোপালঃ) অশ্বনায়ঃ (অশ্বানাং নেতা অশ্বপালঃ) পুরুষনায়ঃ (পুরুষানাং নেতা—রাজা) ইতি [আচক্ষতে], এবং (গোনায়াদি দৃষ্টান্তানুরূপম্) অপঃ (পুরুষপীতানি

সলিলানি) "অশনায়া" ইতি আচক্ষতে [সংবৰ জনা ইতি শেষঃ]। হে সোম্য, তত্র (এবং সতি—অপাম্ অশিতনেতৃত্বে সতি) এতৎ (পীত ভিরদ্ভির্নীতেন, অশিতেন দিপ্যাদি ৎমিদং শরীরং) শুঙ্গং (বটবীজে উদ্গতঃ অঙ্কুর ইব কার্য্যরূপং) উৎপতিতং (উদ্গতং) বিজানীহি (সবিশেষম্ অবগচ্ছ); [অতএব] ইদম্ (শরীরং) অমূলং (বীজরহিতং) [নিষ্কারণমিত্যর্থঃ] ন ভবিষ্যতি ইতি।

অনুবাদ। বৎস, এখন আমাদের এই নিত্যানুভূত ক্ষুধা ও তৃষ্ণা হইতেও যে কেমন করিয়া ব্রহ্মকেই বিশ্বের মূল বলিয়া জানা যায়, তাহা আমি তোমাকে বলিতেছি, তুমি বুঝিয়া লও। জীব যখন ক্ষুধিত হইয়া আহার করে, তখন জলই তাহার সেই আহার্য্য দ্রব্যের কঠিন অংশগুলিকে দ্রবীভূত করিয়া রসরূপে পরিণত করে। গাভীগুলিকে চালিত করে বলিয়া রাখালকে যেমন গোনায় বলা হয়, অশ্বগুলিকে চালিত করে বলিয়া অশ্বপালকে যেমন অশ্বনায় বলা হয়, জনসমূহকে চালিত করেন বলিয়া রাজাকে যেমন জননায় বা পুরুষনায় বলা হয়, সেইরূপ আমরা নিত্য যে জল পান করি, তাহাও আমাদের ভুক্ত-

দ্রব্যকে চালিত করে এবং রসরূপে পরিণত করে বলিয়া—তাহাকেও 'অশনায়া' বলিয়া বলা হয়। জলসম্পর্কে বটের বীজকণাগুলি যেমন অঙ্কুরিত হইয়া উঠে, সেইরূপ জলের সাহায্যেই আমাদের নিত্যকার আহার্য্য দ্রব্যগুলিও রসরূপে পরিণতি লাভ করিয়া অঙ্কুরিত হইয়া, শরীররূপে আকারিত হইয়া উঠে। বটবীজগুলিই যেমন বটাঙ্কুরের মূল কারণ, তেমনি এই শরীরাঙ্কুরের মূল কারণ কি? নিশ্চয়ই ইহা মূলহীন হইতে পারে না।

৪। তস্য ক মূলং স্যাদন্যত্রান্নাদেবমেব খলু সোম্যান্নেন শুঙ্গেনাপো মূলমন্বিচ্ছাদ্ভিঃ সোম্য শুঙ্গেন তেজোমূলমন্বিচ্ছ তেজসা সোম্য শুঙ্গেন সন্মূলমন্বিচ্ছ সন্মূলাঃ সোম্যেমাঃ সর্ব্বাঃ প্রজাঃ সদায়তনাঃ সৎ-প্রতিষ্ঠাঃ।

ব্যাখ্যা। [যদি বটাঙ্কুর ইব শরীরাঙ্কুরোঽপি সমূল এব, তর্হি কুত্র তস্য মূলং? ইতি জিজ্ঞাসিতঃ সন্ উবাচ পিতা] হে সোম্য, তস্য (শরীরস্য) অন্নাৎ (আহার্য্যদ্রব্যাৎ) অন্যত্র ক (কুত্র) মূলং স্যাৎ [অন্নমেবাস্য মূলমিত্যর্থঃ]। এবম্ এব

(যথা দেহকার্য্যম্ অন্নমূলকং তথৈব) খলু (নিশ্চয়ে) অন্নেন শুঙ্গেন (কার্য্যভূতেন) আপঃ (জলং) মূলং (অন্নস্য কারণং) অন্বিচ্ছ (প্রতিপদ্যস্ব) ; [তথা] হে সোম্য, অদ্ভিঃ (জলেন) শুঙ্গেন (কার্য্যভূতেন) তেজঃ মূলম্ (অপাং কারণং) অন্বিচ্ছ (অবগচ্ছ) ; হে সোম্য, [তথা] তেজসা শুঙ্গেন (কার্য্যভূতেন) সৎ (সদাখ্যং পরমকারণং পরমাত্মানং) মূলং (তেজসোঽপি কারণং) অন্বিচ্ছ (বিজানীহি ;) হে সোম্য [কিমধিকেন] ইমাঃ (পরিদৃশ্যমানাঃ) সর্ব্বাঃ প্রজাঃ (জন্মবন্তঃ পদার্থাঃ) সন্মূলাঃ (সদুৎপত্তিকাঃ) সদায়তনাঃ (ইদানীমপি সদেবাসাম্ আশ্রয়ঃ) সৎপ্রতিষ্ঠাঃ (প্রলয়স্থানমপি তাসামসৌ সদেব) ।

অনুবাদ। বৎস, আমাদের নিত্য আহার্য্য অন্নই এই শরীরের মূল ; অন্নব্যতীত আর কিছুই তো ইহার মূল হইতে পারে না ; কারণ অন্নরস হইতে উৎপন্ন শুক্র ও শোণিতের সম্মিলনেই আমাদের এই শরীরপিণ্ড প্রথম গঠিত হয় এবং পরে তাহারই দ্বারা দিন দিন ইহা পুষ্টি ও পরিণতি লাভ করে। বৎস, অন্নই যেমন আমাদের এই দেহপিণ্ডের প্রতিষ্ঠাভূমি—মূলীভূত কারণ, সেইরূপ

জলই আবার এই অন্নগুলিরও প্রতিষ্ঠাভূমি- মূল কারণ। আবার জলও তেজেই প্রতিষ্ঠিত, তেজই তাহার আদি কারণ—তেজঃ হইতেই তাহার উৎপত্তি; আবার এই তেজোরাশিও নিত্যকালের যে পরমাত্ম-জ্যোতি বিদ্যমান আছে, তাহা হইতেই বিচ্ছুরিত হইতেছে। অধিক আর কি বলিব, এই বিপুল বিশ্বের সমস্তই এই পরমাত্মজ্যোতিঃ হইতেই সৃষ্ট হইয়াছে, বর্ত্তমানে তাহাতেই অবস্থান করিতেছে এবং ভবিষ্যতেও তাহাতে গিয়াই প্রলীন হইবে।

৫। অথ যত্রৈতৎ পুরুষঃ পিপাসতি নাম তেজ এব তৎ পীতং নয়তে তদ্‌যথা গোনায়োঽশ্বনায়ঃ পুরুষ-নায় ইত্যেবং তত্তেজ আচষ্ট উদন্যেতি তত্রৈতদেব শুঙ্গমুৎপতিতꣳ সোম্য বিজানীহি নেদমমূলং ভবিষ্য-তীতি।

ব্যাখ্যা। অথ (অর্থান্তরং সূচয়তি) যত্র (যস্মিন্ কালে) পুরুষঃ (জীবঃ) এতৎ পিপাসতি নাম (পাতুমিচ্ছতি-পিপাসতি তন্নামা ভবতীত্যর্থঃ) তৎ (তদা) তেজঃ (তস্যৈব পুরুষস্য জাঠ-রাগ্নিঃ) এব পীতং (জলেনৈব দ্রবীভূতম্ আহার্য্যং, জলবহুল-তয়া জলরূপং) নয়তে (শোষবৎ শরীরগত-শোণিতপ্রাণভাবেন

পরিণমযতি)। তৎ (তত্র) [অযমেকঃ দৃষ্টান্তঃ বর্ত্ততে] যথা, [গোপালঃ] গোনায়ঃ (গবাং নেতা), [অশ্বপালঃ] অশ্বনায়ঃ (অশ্বানাং নেতা), [তথা, পুরুষনেতা রাজা] পুরুষনায়ঃ (পুরুষাণাং জনসমূহানাং নেতা) ইতি [আচক্ষতে], এবং (এতদ্ দৃষ্টান্তানুরূপম্ এব) তৎ (পুরুষস্য জঠরাগ্নিরূপেণ বর্ত্তমানং সুপ্রসিদ্ধং) তেজঃ উদন্যা ইতি আচক্ষতে [লৌকিকা ইতি শেষঃ]। তত্র (এবং সতি পুরুষস্য জাঠরাগ্নিরূপেণ বর্ত্তমানস্য তেজসঃ, পরিপচনেন উদকনেতৃত্বে সতি) এতৎ এব (পূর্ব্বোদিতম্ অন্নরসাপচিতং শরীরমেব) শুঙ্গং (বটবীজকণিকায়াম্ উদ্গতঃ অঙ্কুর ইব কার্য্যরূপম্ অঙ্কুরস্থানীয়ম্) উৎপতিতং (উদ্গতং) বিজানীহি (বিশেষেণ অবগচ্ছ); [অতএব] ইদং (শরীরং) অমূলং (মূলহীনং নিষ্কারণমিত্যর্থঃ) ন ভবিষ্যতি ইতি।

অনুবাদ। বৎস, জীবগণ যখন পিপাসিত হইয়া জলের সাহায্যে তৃষ্ণা নিবারণ করে, তখন সেই জলের দ্বারা তরলীকৃত অন্নরস জাঠরাগ্নির সাহায্যে পরিপাক পাইয়া শরীরের পুষ্টিসাধন করে। সেই পরিপাক প্রাপ্ত অন্নরসের মধ্যে যেটুকু জলীয়াংশ থাকে, তাহাই ক্রমে শোণিত ও প্রাণরূপে পরিণতি লাভ করিয়া থাকে। গাভীগুলিকে চালিত

বলিয়া গো-পালককে যেমন 'গোনায়' বলা হয়, অশ্ব-গুলিকে চালিত করে বলিয়া অশ্বপালকে যেমন 'অশ্ব-নায়' বলা হয়, জনসমূহকে চালিত করেন বলিয়া রাজাকে যেমন জননায় বা পুরুষনায় বলা হয়; সেই রূপ আমাদের উদরাগ্নিও—ভুক্তান্নকে পরিপাক করিবার জন্য আমরা যে জল পান করি, তাহাকে শোষণ ও শুদ্ধ করিয়া চালিত করে, রক্ত ও প্রাণরূপে পরিণত করে বলিয়াই—সেই তেজোরূপী অগ্নিকেও "উদন্যা" বলা হইয়া থাকে। জলের স্পর্শে বটের বীজকণিকাগুলি যেমন অঙ্কুরিত হইয়া উঠে, সেইরূপ আমাদের প্রাত্যহিক আহার্য্যের মধ্যে যতটুকু জলীয়াংশ থাকে, তাহা আমাদের তেজোরূপী জঠরাগ্নির স্পর্শে পরিপক্ক ও পরিশুদ্ধ হইয়া অঙ্কুরিত হয়, অর্থাৎ রক্ত ও প্রাণরূপে পরিণত হইয়া শরীরকে গড়িয়া তুলে। বটাঙ্কুরের বটবীজগুলিই যেমন মূল কারণ, তেমনি এই শরীরাঙ্কুরের মূল কারণ কি? ইহা কখনই নির্মূল হইতে পারে না।

৬। তস্য ক মূলꣳ স্যাদন্যত্রাদ্ভ্যোঽদ্ভিঃ সোম্য

শুঙ্গেন তেজোমূলমন্বিচ্ছ তেজসা সোম্য শুঙ্গেন সন্মূল-মন্বিচ্ছ সন্মূলাঃ সোম্যেমাঃ সর্ব্বাঃ প্রজাঃ সদায়তনাঃ সৎপ্রতিষ্ঠা যথা তু খলু সোম্যেমাস্তিস্রো দেবতাঃ পুরুষং প্রাপ্য ত্রিবৃত্ত্রিবৃদেকৈকা ভবতি তদুক্তং পুরস্তা-দেব ভবত্যস্য সোম্য পুরুষস্য প্রয়তো বাঙ্মনসি সং-পদ্যতে মনঃ প্রাণে প্রাণস্তেজসি তেজঃ পরস্যাং দেব-তায়াম্।

ব্যাখ্যা। হে সোম্য, তস্য (শরীরস্য) অদ্ভ্যঃ (জলেভ্যঃ) অন্যত্র ক (কুত্র) মূলং স্যাৎ [জলমেবাস্য মূলং] [তস্মাৎ] অদ্ভিঃ শুঙ্গেন (কার্য্যভূতেন জলেন) মূলং (অপাং কারণং) তেজঃ অন্বিচ্ছ (অবগচ্ছ); [তথা] হে সোম্য, তেজসা শুঙ্গেন (কার্য্যভূতেন) সৎ (সদাখ্যং পরমকারণং পরব্রহ্ম) মূলং (তেজসঃ কারণং) অন্বিচ্ছ (বিজানীহি)। হে সোম্য, [কিম-ধিকং কথয়ামি] ইমাঃ (পরিদৃশ্যমানাঃ) সর্ব্বাঃ প্রজাঃ (বিশ্ব-বাসিনঃ সর্ব্বে) সন্মূলাঃ (সত এব আসামুৎপত্তিঃ) সদায়তনাঃ (সদেবাসামধুনাপি আশ্রয়ঃ) সৎপ্রতিষ্ঠাঃ (প্রলয়স্থানমপি আসাম্ অন্তে সদেব)। হে সোম্য, ইমাঃ (পূর্ব্বোদিতাঃ) তিস্রঃ দেবতাঃ (তেজোজলপৃথিবীরূপাঃ) পুরুষং (জীবদেহং) প্রাপ্য যথা (যেন প্রকারেণ) তু (পুনঃ) খলু (নিশ্চয়ে) একৈকা (একা

একা দেবতা) [প্রত্যেকমিত্যর্থঃ] ত্রিবৃৎ ত্রিবৃৎ (ত্রিতয়াত্মিকা) ভবতি, তৎ (ত্রিবৃৎকরণং) পুরস্তাৎ (পূর্ব্বস্মিন্ এব পঞ্চমাখ্যে খণ্ডে) উক্তং (উপদিষ্টং) ভবতি । [অধুনা মৃত্যুদ্বারেণাপি তেজোজলাদীনাং সদাখ্যপরমকারণকার্য্যত্বং সাধয়তি] হে সোম্য, প্রয়তঃ (ম্রিয়মাণস্য) অস্য পুরুষস্য (জীবস্য) বাক্ (বাগিন্দ্রিয়ং) মনসি সম্পদ্যতে (উপসংহ্রিয়তে) মনঃ প্রাণে [সম্পদ্যতে], প্রাণঃ তেজসি [সম্পদ্যতে], তেজঃ পরস্যাং দেবতায়াং (পরমাত্মনি) [সম্পদ্যতে] ।

অনুবাদ । বৎস, আমাদের নিত্য পেয় পিপাসার জল ব্যতীত এই শরীরের মূল আর কি হইতে পারে ? রসরক্তাদি ভাগের মধ্যে এই জলের অস্তিত্ব তো আমরা স্পষ্টই উপলব্ধি করি । বৎস, জল যেমন আমাদের এই শরীর-পিণ্ডের মূলকারণ—প্রতিষ্ঠাভূমি, সেইরূপ তেজই আবার এই জলেরও প্রতিষ্ঠাভূমি—মূল কারণ ; এই তেজোরাশিও, নিত্যকাল ধরিয়া যে পরমাত্মজ্যোতিঃ দীপ্তি পাইতেছে, তাহা হইতেই বিচ্ছুরিত হইতেছে । অধিক আর কি বলিব বৎস, এই বিরাট্ ব্রহ্মাণ্ডের বিপুল বিচিত্রতা ঐ পরমাত্মজ্যোতিঃ হইতেই আসিতেছে, ভাসিতেছে, আবার

দু'দিন পরে তাঁহারই মধ্যে বিলীন হইয়া যাইতেছে। বৎস! পার্থিব, জলীয় ও তৈজস অংশের পরস্পর সংমিশ্রণে (ত্রিবৃৎকৃত হইয়া)কেমন করিয়া আমাদের এই স্থূল জড়দেহ ও তাহার অন্তবর্ত্তী সূক্ষ্ম শক্তিকেন্দ্র-(ইন্দ্রিয়) গুলি গড়িয়া উঠে, তাহা তোমাকে পূর্ব্বেই বলিয়াছি। এখন মৃত্যুকালে ঐ সূক্ষ্ম শক্তিকেন্দ্র-গুলিই আবার কেমন করিয়া সেই পরমাত্মজ্যোতির মধ্যেই বিলীন হইয়া যায়, তাহা তোমাকে বলিতেছি মনোযোগ দিয়া শুনিও! বৎস শ্বেতকেতু, মানুষ যখন মরণোন্মুখ হয়, তখন সকলের পূর্ব্বে তাহার ইন্দ্রিয়শক্তিগুলি আপন আপন কেন্দ্রস্থল হইতে উপসংহৃত হইয়া মনে আসিয়া মিলিত হয়। মনঃ আবার সেই ইন্দ্রিয়শক্তিগুলিকে সঙ্গে করিয়া প্রাণে আসিয়া মিলিত হয়; প্রাণ তেজে, তেজঃ আবার সেই পরমদেবতা পরমাত্মজ্যোতিরই মধ্যেই বিলীন হইয়া যায়।

৭। স য এষোঽণিমৈতদাত্ম্যমিদং সর্ব্বং তৎ

সত্যং স আত্মা তত্ত্বমসি শ্বেতকেতো ইতি ভূয় এব মা ভগবান্ বিজ্ঞাপয়ত্বিতি তথা সোম্যেতি হোবাচ।

ইত্যষ্টমঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। স যঃ (সদাখ্যঃ) এষঃ (পূর্ব্বোক্তঃ) অণিমা (জগতঃ মূলীভূতঃ অণুভাবঃ); [বর্ত্ততে] ইদং সর্ব্বং (জগৎ) ঐতদাত্ম্যং [এতেন জগন্মূলেন অণুভাবেন, সদাখ্যেন আত্মনা মূলবৎ, আত্মবৎ সর্ব্বমিদং জগৎ ইতি ভাবঃ] তৎ (জগতঃ মূলীভূতঃ সঃ অণুভাবঃ) সত্যং, সঃ (জগৎকারণং অণুভাবঃ) আত্মা (সর্ব্বেষাং জীবানাং) [অতএব] হে শ্বেতকেতো, ত্বং (ত্বমপি) তৎ (জগন্মূলং সদাখ্যং পরমতত্ত্বং) অসি ইতি [উপদিষ্টঃ শ্বেতকেতুরুবাচ] ভগবান্ (পূজনীয়ঃ ভবান্) ভূয়ঃ (পুনঃ অপি, মা (মাং) বিজ্ঞাপয়তু (সবিশেষং বোধয়তু) ইতি [প্রার্থিতঃ পিতা] হে সোম্য, তথা (ভবতু ইতি শেষঃ) হ উবাচ।

অনুবাদ। এতক্ষণ ধরিয়া যে সদ্রূপী সূক্ষ্ম চেতনশক্তির মহিমা বর্ণন করিলাম, বৎস! তাহারই দ্বারা এই বিপুল বিশ্ব বিধৃত হইয়া স্থিতি লাভ করিতেছে—তাহারই মধ্যে ওতপ্রোত থাকিয়া, তন্ময় হইয়াই প্রকাশ পাইতেছে। তাহাই সত্য, তাহাই আত্মা। হে শ্বেতকেতু, তুমিও তাহাই। তখন-

শ্বেতকেতু বলিল,দেব! আমি এই কথাটী ভাল বুঝিতে পারিতেছি না যে, সুষুপ্তিকালে নিত্য আমরা পরমাত্মজ্যোতিতে মিলিত হইয়াও জাগরণে তাহা বুঝিতে পারি না কেন? আপনি ইহা পুনরায় আমাকে বুঝাইয়া দিন। পিতা ইহাতে সম্মত হইয়া বলিলেন, বৎস, আমি পুনরায় এই তত্ত্ব দৃষ্টান্ত দ্বারা আরও পরিস্ফুট করিয়া তোমাকে বুঝাইতেছি, তুমি শুনিয়া যাও।

অষ্টম খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

নবমঃ খণ্ডঃ।

১। যথা সোম্য মধু মধুকৃতো নিস্তিষ্ঠন্তি নানাত্যয়ানাং বৃক্ষাণাং রসান্ সমবহারমেকতাং রসং গময়ন্তি।

২। তে যথা তত্র ন বিবেকং লভন্তেঽমুষ্যাহং বৃক্ষস্য রসোঽস্ম্যমুষ্যাহং বৃক্ষস্য রসোঽস্মীত্যেবমেব খলু সোম্যেমাঃ সর্ব্বাঃ প্রজাঃ সতি সম্পদ্য ন বিদুঃ সতি সম্পদ্যামহ ইতি।

ব্যাখ্যা। [সর্ব্বে প্রাণিনঃ প্রত্যহং সুষুপ্তৌ সৎসম্পন্ন বয়-মধুনা সৎসম্পন্নাঃ ভবাম ইতি যৎ ন বিদুঃ তত্র অজ্ঞানে কারণ-ভূতাঃ দৃষ্টান্তয়ঃ প্রদর্শ্যন্তে] হে সোম্য, যথা মধুকৃতঃ (মধুমক্ষিকাঃ) [আদৌ] নানাত্যয়ানাং (ভিন্নদিগ্‌বর্ত্তিনাং নানাপ্রকারাণাং) বৃক্ষাণাং রসান্ (পুষ্পরসান্) সমবহারং (সমাহৃত্য) একতাং (একীভাবং) গময়ন্তি প্রাপয়ন্তি) [ততঃ, তং] রসং (পুষ্প-রসং) মধু নিস্তিষ্ঠন্তি (মধুরূপেণ পরিণময়ন্তি) ।

ব্যাখ্যা। তে (মধুরূপতাম্ অধিগতাঃ রসাঃ) যথা তত্র (তস্যাম্ একীভাবাবস্থায়াম্) অহম্ অমুষ্য (আম্রস্য পনসস্য) বৃক্ষস্য রসঃ ইতি (ইত্থং) বিবেকং (ভেদবুদ্ধিং) ন লভন্তে ; হে সোম্য, এবমেব (প্রদর্শিতদৃষ্টান্ত ইব) খলু (নিশ্চয়ে) ইমাঃ সর্ব্বাঃ প্রজাঃ (বিশ্ববাসিনঃ সর্ব্বে জীবাঃ) সতি (সদাখ্যে ব্রহ্মণি) সম্পদ্য (একতাং প্রাপ্য) "সতি সম্পদ্যামহে" (বয়মধুনা ব্রহ্ম-ভূতাঃ) ইতি ন বিদুঃ (জানন্তি) ।

অনুবাদ। দেখ বৎস, মধুমক্ষিকা যেমন দিগ্‌দিগন্তের বিবিধ বৃক্ষরাজি হইতে বিভিন্ন পুষ্পরস সংগ্রহ করিয়া আনিয়া তাহাদিগকে একত্র মিলিত করিয়া মধুরূপে পরিণত করে, তখন যেমন তাহাদের কোন্ বিন্দুটী কোন্ বৃক্ষের কতটুকু পুষ্পরসের পরি-

ণাম তাহার কোনই নির্ণয় থাকে না ; সেইরূপ বৎস, নিত্য আমরা সুষুপ্তিকালে পরমাত্মজ্যোতির সহিত সম্মিলিত হইয়াও জানিতে পারি না যে,আমরা তাঁহারই সহিত মিলিত হইয়াছি।

৩। ত ইহ ব্যাঘ্রো বা সিংহো বা বৃকো বা বরাহো বা কীটো বা পতঙ্গো বা দংশো বা মশকো বা যদ্ যদ্ভবন্তি তদা ভবন্তি।

ব্যাখ্যা। [যস্মাৎ আত্মনঃ সদ্রূপতামেবগম্যৈব সংসম্পন্নাঃ, অতঃ] তে (সুষুপ্তৌ সংসম্পন্নাঃ প্রাণিনঃ) ইহ (অস্মিন্ লোকে) [জাগ্রদবস্থায়াম্ ইত্যর্থঃ] ব্যাঘ্রঃ বা, সিংহো বা, বৃকো বা, বরাহো বা, কীটো বা, পতঙ্গো বা দংশো বা, মশকো বা, যদ্ যদ্ ভবন্তি (সুষুপ্তেঃ প্রাক্ যৎকর্মনিমিত্তাং যাং যাং জাতিং প্রতিপন্না আস) তদা ভবন্তি (তৎকর্মজ্ঞানবাসনান্বিতাঃ সন্তঃ সংপ্রবিষ্টা অপি তদ্ভাবেনৈব পুনরাভবন্তি)।

অনুবাদ। এই অজ্ঞতার—এই না জানিতে পারার জন্যই, সুষুপ্তির পূর্ব্বে যাহারা এই পৃথিবীতে ব্যাঘ্ররূপে বা সিংহরূপে বা শূকররূপ কিংবা অন্য যে কোনরূপে জীবনযাপন করিতেছিল, সুষুপ্তিকালে

পরমাত্মজ্যোতিতে মিলিত হইয়া—তাহার সহিত এক হইয়াও, সুষুপ্তির অবসানে তাহাদিগকে আবার সেই পূর্ব্বরূপেই ফিরিয়া আসিতে হয়।

৪। স য এষোঽণিমৈতদাত্ম্যমিদং সর্ব্বং তৎ সত্যং স আত্মা তত্ত্বমসি শ্বেতকেতো ইতি ভূয় এব মা ভগবান্ বিজ্ঞাপয়ত্বিতি তথা সোম্যেতি হোবাচ।

ইতি নবমঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। সঃ যঃ (প্রকরণপ্রাপ্তঃ) এষঃ (উক্তঃ) অণিমা (জগতো মূলীভূতঃ অণুভাবঃ সৎপদার্থঃ) [বর্ত্ততে] ইদং সর্ব্বম্ ঐতদাত্ম্যং (এতেনৈব প্রকৃতেন জগন্মূলীভূতেন সূক্ষ্মসদ্রূপিণা আত্মনা নামরূপাভিব্যক্তং সর্ব্বং জগৎ আত্মময়ম্), তৎ (প্রকরণপ্রাপ্তোঽয়ং জগন্মূলীভূতঃ সৎপদার্থঃ) সত্যং, সঃ [এব, সর্ব্বেষাং জীবানাম্] আত্মা। [অতএব] হে শ্বেতকেতো, ত্বং (ত্বমপি) তৎ (জগন্মূলীভূতং সদাখ্যং পরমতত্ত্বমেব) অসি ইতি [উপদিষ্টঃ শ্বেতকেতুরুবাচ] ভগবান্ (পূজনীয়ঃ ভবান্) ভূয় (পুনরপি) মা (মাং) বিজ্ঞাপয়তু (বিশেষেণ বোধয়তু) ইতি [পুত্রেণ প্রার্থিতঃ পিতা] হে সোম্য, তথা [ভবতু ইতি] হ উবাচ।

অনুবাদ। পূর্ব্বে যে সদ্‌রূপী সূক্ষ্ম চৈতন্য-শক্তির কথা বলিয়াছি, বৎস! এই বিপুল বিশ্ব সেই শক্তিতেই বিধৃত হইয়া স্থিতিলাভ করিতেছে—তাহারই মধ্যে ইহা ওতপ্রোতভাবে অবস্থান করিয়া নিত্য তন্ময় হইয়াই প্রকাশ পাইতেছে। হে শ্বেতকেতু, তুমিও তাহাই। তখন শ্বেতকেতু বলিল, দেব! আমি এখনও এই তত্ত্বটী ভাল বুঝিতে পারি নাই; আপনি পুনর্ব্বার আমাকে ইহা বুঝাইয়া দিন। পিতা বলিলেন, বৎস, আমি পুনর্ব্বার এই তত্ত্বটীই তোমাকে আরও পরিস্ফুটরূপে দৃষ্টান্ত দিয়া বুঝাইতেছি; তুমি মনোযোগ দিয়া শুনিয়া যাও।

নবম খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

দশমঃ খণ্ডঃ।

১। ইমাঃ সোম্য নদ্যঃ পুরস্তাৎ প্রাচ্যঃ স্যন্দন্তে পশ্চাৎ প্রতীচ্যস্তাঃ সমুদ্রাৎ সমুদ্রমেবাপিযন্তি সমুদ্র এব ভবতি তা যথা তত্র ন বিদুরিয়মহমস্মীতি।

২। এবমেব খলু সোম্যেমাঃ সর্ব্বাঃ প্রজাঃ সত আগত্য ন বিদুঃ সত আগচ্ছামহ ইতি ত ইহ ব্যাঘ্রো বা সিংহো বা বৃকো বা বরাহো বা কীটো বা পতঙ্গো বা দংশো বা মশকো বা যদ্ যদ্ভবন্তি তদা ভবন্তি।

ব্যাখ্যা। হে সোম্য ইমাঃ (গঙ্গাদ্যাঃ) প্রাচ্যঃ (পূর্ব্বদিগ্বর্ত্তিন্যঃ, নদ্যঃ পুরস্তাৎ (পূর্ব্বাং দিশং) স্যন্দন্তে (স্রবন্তি), [তথা] প্রতীচ্যঃ (পশ্চিমদিগ্বর্ত্তিন্যঃ) [সিন্ধুপ্রভৃতয়ঃ নদ্যঃ] পশ্চাৎ (পশ্চিমাং দিশং) স্যন্দন্তে (গচ্ছন্তি)। তাঃ (উভয়দিক্প্রবাহিন্যঃ নদ্যঃ) সমুদ্রাৎ [মেঘৈরাকৃষ্টাঃ পুনর্বৃষ্টিরূপেণ পতিতাঃ সত্যঃ] সমুদ্রম্ এব অপিযন্তি (অপিগচ্ছন্তি, তত্র এব প্রলীয়ন্তে ইত্যর্থঃ)। তাঃ (নদ্যঃ) সমুদ্রে গতাঃ সত্যঃ যথা (যেন প্রকারেণ) "ইয়ং (গঙ্গা) অহম্ অস্মি"; ইয়ং (যমুনা) অহং অস্মি ইতি ন বিদুঃ (জানন্তি), [তথৈব] সঃ (প্রসিদ্ধঃ) সমুদ্র এব (সমুদ্রাত্মক এব) ভবন্তি।

ব্যাখ্যা। হে সোম্য, এবমেব (প্রদর্শিতদৃষ্টান্তানুরূপমেব) খলু (নিশ্চয়ে) ইমাঃ সর্ব্বাঃ প্রজাঃ (বিশ্ববাসিনঃ সর্ব্বে প্রাণিনঃ) সতঃ (সদাখ্যাৎ ব্রহ্মণঃ) আগত্য "[বয়ং] সতঃ আগচ্ছামহে" ইতি ন বিদুঃ (জানন্তি); তে (সদাগতাঃ জীবাঃ) ইহ (অস্মিন্ লোকে) [জাগ্রদবস্থায়াম্ ইত্যর্থঃ] ব্যাঘ্রো বা, সিংহো বা, বৃকো বা, বরাহো বা, কীটো বা, পতঙ্গো বা, দংশো বা

মশকো বা যদ্ যৎ (স্বকর্মবাসনানুসারেণ যথারূপাঃ) ভবন্তি (সুষুপ্তেঃ প্রাক্ আসন্) তদা ভবন্তি (তদ্ভাবেনৈব পুনরাভবন্তি)।

অনুবাদ। বৎস। সিন্ধু, গঙ্গা, যমুনা প্রভৃতি নদ-নদীগুলির কোনটী পূর্ব্ব দিকে কোনটী পশ্চিম দিকে প্রবাহিত হইতেছে। তাহারা প্রত্যেকেই সমুদ্র হইতেই উৎপন্ন হইতেছে; সমুদ্রেরই জল বাষ্পাকারে উত্থিত হইয়া মেঘরূপ ধারণ করিতেছে; তাহারাই আবার দিকে দিকে সঞ্চারিত হইয়া বৃষ্টিরূপে ঝরিয়া পড়িতেছে; তাহাতেই এই জলধারাগুলি নিত্য পুষ্ট ও পরিণত হইয়া রহিয়াছে। অন্তিমে আবার ইহারা প্রত্যেকই এক সমুদ্রে গিয়াই বিলীন হইতেছে, ইহাদের বিভিন্ন প্রবাহ সাগর-সলিলের সহিত মিশিয়া এক হইয়া যাইতেছে, তখন কোন্‌টী সিন্ধুর আর কোন্‌টী বা গঙ্গার প্রবাহ তাহার কোনই নির্ণয় করিতে পারা যায় না। সেইরূপ বৎস, নিত্য আমরা সুষুপ্তির অবসানে পরমাত্মজ্যোতিঃ হইতে উত্থিত হইয়াও জানিতে পারি না যে, আমরা তাঁহারই নিকট হইতে

আসিতেছি। সেইজন্য সুষুপ্তির পূর্ব্বে যাহারা এই পৃথিবীতে ব্যাঘ্র, সিংহ বা শূকর কিংবা অন্য যাহা যাহা ছিল, সুষুপ্তির পর পরমাত্মজ্যোতিঃ হইতে উত্থিত হইয়াও ঠিক সেই সেই রূপই থাকে।

৩। স য এষোঽণিমৈতদাত্ম্যমিদꣳ সর্ব্বং তৎ সত্যꣳ স আত্মা তত্ত্বমসি শ্বেতকেতো ইতি ভূয় এব মা ভগবান্ বিজ্ঞাপয়ত্বিতি তথা সোম্যেতি হোবাচ।

ইতি দশমঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। সঃ যঃ (প্রকরণপ্রাপ্তঃ) এষঃ (উক্তঃ) অণিমা (জগন্মূলীভূতঃ সূক্ষ্মসদ্রূপী ব্রহ্মপদার্থঃ) [বর্ত্ততে ইতি শেষঃ] ইদং সর্ব্বম্ ঐতদাত্ম্যং (অনেনৈব প্রকৃতেন জগন্মূলীভূতেন সূক্ষ্মসদ্রূপিণা আত্মনা নামরূপাভিব্যক্তং সর্ব্বম্ ইদং জগৎ আত্মময়ং) তৎ (প্রকরণপ্রাপ্তোঽয়ং জগদাত্মকঃ সৎপদার্থঃ) সত্যম্, সঃ [এব সর্ব্বেষাং জীবানাম্] আত্মা; [অতএব] হে শ্বেতকেতো, ত্বং (ত্বমপি) তৎ (জগন্মূলীভূতং সদাখ্যং পরমতত্ত্বমেব) অসি (ভবসি) ইতি [উপদিষ্টঃ শ্বেতকেতুরুবাচ] ভগবান্ ভূয়ঃ (পুনরপি) মা (মাং) বিজ্ঞাপয়তু (বিশেষেণ বোধয়তু) ইতি [পুত্রেণ প্রার্থিতঃ পিতা] হে সোম্য, তথা (ভবতু ইতি) হ উবাচ।

অনুবাদ। পূর্ব্বে যে সদ্রূপী সূক্ষ্ম চৈতন্ত-শক্তির কথা বলিয়াছি, বৎস! এই বিপুল বিশ্ব তাহাতেই বিধৃত হইয়া স্থিতিলাভ করিতেছে, তাহারই মধ্যে ওতপ্রোত হইয়া অবস্থান করিতেছে, নিত্য তন্ময় হইয়াই প্রকাশ পাইতেছে। হে বৎস শ্বেতকেতু, তুমিও সেই সূক্ষ্মসদ্রূপী চৈতন্যশক্তি। তখন শ্বেতকেতু বলিল, দেব এই তত্ত্বটী আমি এখনও ভাল বুঝিতে পারি নাই; আপনি পুনরায় ইহা আমাকে বুঝাইয়া দিন। পিতা বলিলেন, বৎস, মনোযোগ দিয়া শোন, আমি পুনরায় এই তত্ত্বটী আরও পরিস্ফুট করিয়া দৃষ্টান্ত দ্বারা তোমাকে বুঝাইতেছি।

দশম খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

একাদশঃ খণ্ডঃ।

১। অস্য সোম্য মহতো বৃক্ষস্য যো মূলে-ঽভ্যাহন্যাজ্জীবন্ স্রবেদ্যো মধ্যেঽভ্যাহন্যাজ্জীবন্

স্রবেদ্ যোঽগ্রেঽভ্যাহন্যাজ্জীবন্ স্রবেৎ স এষ জীবে-
নাত্মনানুপ্রভূতঃ পেপীয়মানো মোদমানস্তিষ্ঠতি।

ব্যাখ্যা। হে সোম্য, যঃ (যদি কশ্চিৎ জনঃ) অস্য (পু'রা-হবস্থিতস্য) মহতঃ বৃক্ষস্য মূলে (মূলদেশে) অভ্যাহন্যাৎ (কুঠারাদিনা সকৃদেব আঘাতং কুর্য্যাৎ) [তদা অয়ং বৃক্ষঃ] জীবন্ [সজীব এব] [তিষ্ঠতি; কেবলমস্য রসঃ] স্রবেৎ। [তথা] যঃ (যদি কশ্চিৎ জনঃ) মধ্যে (বৃক্ষস্য মধ্যদেশে) অভ্যাহন্যাৎ (সকৃদেব আঘাতং কুর্য্যাৎ) [তদা অয়ং বৃক্ষঃ] জীবন্ (সজীব এব) [তিষ্ঠতি; কেবলমস্য রসঃ] স্রবেৎ (ক্ষরেৎ) [তথা যদি] যঃ (কশ্চিৎ জনঃ) অগ্রে (বৃক্ষস্য অগ্রভাগে) অভ্যাহন্যাৎ (অভিঘাতং কুর্য্যাৎ) [তদা অয়ং বৃক্ষঃ] জীবন্ (সজীব এব) [তিষ্ঠতি; কেবলমস্য রসঃ] স্রবেৎ। স এষঃ (কুঠারাদিনা মূলে, মধ্যে, অগ্রে বা প্রাপ্তাঘাতঃ বৃক্ষঃ) [ইদানী-মপি] জীবেন (জীবভূতেন) আত্মনা [জীবাত্মনা ইত্যর্থঃ] অনুপ্রভূতঃ (অনুব্যাপ্তঃ) [অতএব] পেপীয়মানঃ (শরীরপোষ-ণায় ভূমিরসোদকাদীন্ আতিশয্যেন পিবন্) মোদমানঃ (হর্ষং লভমানঃ) [সরসৈঃ পত্রপুষ্পৈঃ শোভনং দৃশ্যমানশ্চ ইত্যর্থঃ] তিষ্ঠতি।

অনুবাদ। বৎস, আমাদের সম্মুখভাগে এই যে একটী বিশাল বৃক্ষ, তাহার প্রকাণ্ড শাখা-

প্রশাখাগুলিকে উর্দ্ধে উত্তোলিত করিয়া দাঁড়াইয়া আছে, যদি কোন লোক ইহার মূলদেশে কুঠার দ্বারা একবার মাত্র আঘাত করে, তবে যেমন সেই একটী মাত্র আঘাতেই ইহা শুষ্ক হইয়া মরিয়া যায় না; জীবিতই থাকে; কেবল সেই আহত স্থান হইতে একটু রস ক্ষরিত হয় মাত্র, সেইরূপ বৎস, যদি কেহ ইহার মধ্যদেশে বা অগ্রভাগে আঘাত করে তাহাতেও ঠিক্ এইরূপই হইয়া থাকে—বৃক্ষটী মারা যায় না, কেবল কয়েকদিন ধরিয়া সেই কর্ত্তিত স্থান হইতে একটু রস ঝরিতে থাকে মাত্র। এরূপ হইবার কারণ এই যে, ঐ বৃক্ষটীর যিনি জীবাত্মা তিনি তখনও উহার অন্তর বাহির ব্যাপিয়া অবস্থান করেন বলিয়া বৃক্ষটী তাহার শিকড়গুলি দিয়া মৃত্তিকার রস শোষণ করিয়া সরস পত্রে ও পুষ্পে শোভমান হইয়াই অবস্থান করে।

২। অস্য যদেকাং শাখাং জীবো জহাত্যথ সা শুষ্যতি দ্বিতীয়াং জহাত্যথ সা শুষ্যতি তৃতীয়াং জহাত্যথ সা শুষ্যতি সর্ব্বং জহাতি সর্ব্বঃ শুষ্যত্যেবমেব খলু সোম্য বিদ্ধীতি হোবাচ।

ব্যাখ্যা। জীবঃ (আত্মা) যৎ (যদা) অস্য (এতস্য বৃক্ষস্য) একাং শাখাং জহাতি (তস্যামেব শাখায়াং বিপ্রসৃতম্ আত্মাংশম্ উপসংহরতি) অথ (তদনন্তরং) সা (শাখা) শুষ্যতি (শুষ্কা ভবতি); [যদা] দ্বিতীয়াং (শাখাং) জহাতি (তত এব আত্মাংশম্ উপসংহরতি) অথ (আত্মাংশোপসংহরণানন্তরং) সা (দ্বিতীয়া শাখা) শুষ্যতি; [তথা, যদা] তৃতীয়াং (শাখাং) জহাতি, অথ সা (তৃতীয়া শাখা) শুষ্যতি। [অথ যদা] সর্ব্বং (বৃক্ষস্য সমগ্রাবয়বং) জহাতি, অথ সর্ব্বঃ (বৃক্ষস্য সমগ্রাবয়ব এব, বৃক্ষ এব ইত্যর্থঃ) শুষ্যতি [মরণমেব আপদ্যতে ইত্যর্থঃ]।

অনুবাদ। কিন্তু বৎস, যদি কেহ এই বৃক্ষের একটী শাখা কাটিয়া একেবারে দ্বিখণ্ডিত করিয়া ফেলে, তবে সেই শাখার সহিত এই বৃক্ষের যিনি জীবাত্মা তাঁহার সম্বন্ধটী চিরদিনের জন্য বিচ্ছিন্ন হইয়া যাওয়ায় উহা আর জীবিত থাকে না, শুষ্ক হইয়া মরিয়া যায়। এইরূপ আরও একটী বা দুইটী শাখা কাটিয়া ফেলিলে তাহাদেরও সহিত জীবাত্মার সম্বন্ধ বিচ্ছিন্ন হওয়ায় তাহারাও মরিয়া যাইবে। এমন কি, যখন এই বৃক্ষটীর সমগ্র অবয়বের সহিত জীবাত্মার

সম্পর্ক বিচ্ছিন্ন হইবে তখন সমুদয় বৃক্ষটাই শুষ্ক হইয়া মরিয়া যাইবে।

৩। জীবাপেতং বাব কিলেদং ম্রিয়তে ন জীবো ম্রিয়ত ইতি স য এষোঽণিমৈতদাত্ম্যমিদꣳ সর্ব্বং তৎ সত্যꣳ স আত্মা তত্ত্বমসি শ্বেতকেতো ইতি ভূয় এব ভগবান্ বিজ্ঞাপয়ত্বিতি তথা সোম্যেতি হোবাচ।

ইত্যেকাদশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। হে সোম্য, এবমেব (প্রদর্শিতদৃষ্টান্ত ইব) খলু (নিশ্চয়ে) বিদ্ধি (বিজানীহি) ইতি হ উবাচ [উদ্দালকঃ]; [কিং তাবৎ বিজ্ঞেয়ং? ইত্যাহ] জীবাপেতং (জীবাত্মনা পরিত্যক্তং) বাব (এব) কিল ইদং (শরীরং) ম্রিয়তে; জীবঃ ন ম্রিয়তে ইতি। সঃ যঃ এষ অণিমেত্যাদ্যংশঃ পূর্ব্ব ইব; অতঃ ন পুনর্ব্যাখ্যাতঃ।

অনুবাদ। তাহা হইলে বৎস, তুমি এখন বুঝিয়া দেখ যে, জীবাত্মা যখন এই জড় শরীর-পিণ্ডটাকে পরিত্যাগ করিয়া চলিয়া যান, তখন ইহার যে বিকৃতি ঘটে, তাহাই মৃত্যু। জীবাত্মার পক্ষে মৃত্যু

বলিয়া বাস্তবিক কিছুই নাই। অবশিষ্ট অংশটুকুর অনুবাদ অষ্টমাদি খণ্ডের ন্যায়।

দ্বাদশঃ খণ্ডঃ।

১। ন্যগ্রোধফলমত আহরেতীদং ভগব ইতি ভিন্ধীতি ভিন্নং ভগব ইতি কিমত্র পশ্যসীত্যণ্ব্য ইবেমা ধানা ভগব ইত্যাসামঙ্গৈকাং ভিন্ধীতি ভিন্না ভগব ইতি কিমত্র পশ্যসীতি ন কিঞ্চন ভগব ইতি।

ব্যাখ্যা। [স্থূলস্য কার্য্যস্য সূক্ষ্মমূখ্যকারণতাং দর্শয়িতুং দৃষ্টান্তমবতারয়তি] [হে সোম্য,] অতঃ (অস্মাৎ পুরো দৃশ্যমানাঃ বটবৃক্ষাৎ) ন্যগ্রোধফলং (একং বটফলং) আহর (আনয়) ইতি [পিত্রা আদিষ্টঃ শ্বেতকেতুরাহৃত্য ফলম্ উবাচ] ভগবঃ (হে ভগবন্) ইদম্ [এব ফলমানীতং ময়া] ইতি [ফলং দর্শিতবন্তং তনয়ং প্রতি আহ পিতা] ভিন্ধি (ফলমিদং বিদারয়) ইতি [নিশম্য পিতুরাজ্ঞাং পরিপাল্য চোবাচ] ভগবঃ (ভগবন্) ভিন্নম্ [ময়া ফলং] ইতি [শ্রুত্বা] পিতা পুনরুবাচ] অত্র (অস্মিন্ ফলে) কিং পশ্যসি ? ইতি [জিজ্ঞাসিতঃ পিত্রা পুত্রোঽপ্যাহ] ভগবঃ (ভগবন্) অণ্ব্যঃ ইব (অণুবৎঅতিসূক্ষ্মাঃ) ইমাঃ ধানাঃ (বীজকণিকাঃ) [এবাত্র পশ্যামি] ইতি [পুত্রস্যোত্তরমাকর্ণ্য

পুনরপ্যুবাচ পিতা] অঙ্গ (ভোঃ বৎস,) আসাং (ধানানাং) একাং (ধানাং) ভিন্ধি (বিদারয়) ইতি ['আঞ্জপুঃ শ্বেত-কেতুরুবাচ] ভগবঃ (ভগবন্) ভিন্নাঃ (বিদারিতাঃ) [ময়া ধানাঃ] ইতি [পুত্রবাক্যমাকর্ণ্য পুনরপি পৃচ্ছামকরোৎ পিতা] 'অত্র (ফলগর্ভে) কিং পশ্যসি ? ইতি [পৃষ্টঃ শ্বেতকেতুরুবাচ] ভগবঃ (হে ভগবন্) ন কিঞ্চন [অত্র বীজ-গর্ভে কিঞ্চিদপি ন পশ্যামি] ইতি।

অনুবাদ। পিতা বলিলেন—"বৎস, ঐ বটগাছ হইতে একটা ফল পাড়িয়া আন।" পুত্র বলিল—"এই আনিয়াছি দেখ"। পিতা বলিলেন—"ফলটী ভাঙ্গিয়া ফেল।" পুত্র বলিল—"হাঁ ভাঙ্গিলাম"। পিতা বলিলেন—"ইহার মধ্যে কি দেখিতে পাইতেছ?" পুত্র বলিল—"কতকগুলি অণুর মত সূক্ষ্ম সূক্ষ্ম বীজকণা রহিয়াছে দেখিতেছি"। পিতা বলিলেন "আচ্ছা, ঐ সূক্ষ্ম বীজকণার একটা লইয়া ভাঙ্গিয়া ফেল"। "হাঁ ভাঙ্গিয়াছি"। পিতা জিজ্ঞাসা করিলেন—"এবার উহার মধ্যে কি দেখিতে পাইতেছ?" পুত্র উত্তর দিল—"কৈ? এবার তো আর কিছুই দেখিতে পাইতেছি না।

২। তং হোবাচ যং বৈ সোম্যৈতমণিমানং ন নিভালয়স এতস্য বৈ সোম্যৈষোঽণিম্ন এবং মহান্যগ্রোধস্তিষ্ঠতি।

ব্যাখ্যা। তং (এবম্ উক্তবন্তং পুত্রং) হ উবাচ [পিতা] (হে সোম্য, যং বৈ (এব) এতং (বীজকণিকায়াং বর্ত্তমানং) অণিমানং (অণুভাবং) ন নিভালয়সে (ন পশ্যসি)—হে সোম্য, এতস্য অণিম্নঃ (বীজাণোঃ) [এব] এবং (সফলপুষ্পপলাশঃ শাখাপ্রশাখাবিমান্) এষঃ (অভিব্যক্ততয়া সর্ব্বৈরুপলক্ষ্যঃ) [কার্য্যভূতঃ] মহান্যগ্রোধঃ (বিশালঃ বটবৃক্ষঃ) তিষ্ঠতি [উৎপন্নঃ সন্ বর্ত্ততে ইত্যর্থঃ] [এতাদৃশসূক্ষ্মবীজকণিকাতঃ অত্যন্তস্থূলস্য বৃক্ষস্য উৎপত্তিরুপলব্ধেঃ] হে সোম্য, [সত এব অণুভূতাৎ নামরূপাভিব্যক্তং কার্য্যভূতং স্থূলং জগৎ উৎপন্নমিতি যা মে উক্তিস্তত্র] শ্রদ্ধৎস্ব (বিশ্বস্তো ভব), ইতি।

অনুবাদ। পুত্রের এই উত্তর শুনিয়া পিতা বলিতে লাগিলেন, "বৎস, যদিও তুমি নিতান্ত ক্ষুদ্র বলিয়া ঐ বীজকণাটীর মধ্যে যে একটী অত্যন্ত সূক্ষ্ম অঙ্কুর-কণিকা জন্মিয়াছে, তাহা দেখিতে পাইতেছ না; তাহা হইলেও জানিও বৎস, এইরূপ অদৃশ্যপ্রায় অতি সূক্ষ্ম অঙ্কুরকণিকা হইতেই শাখাপ্রশাখাশালী

এই বিশাল বটবৃক্ষটীর উৎপত্তি হইয়াছে। এখন বোধ হয় তুমি এই দৃষ্টান্ত দেখিয়া বুঝিতেছ যে, পূর্ব্বে আমি যে সদ্রূপী সূক্ষ্ম পরমকারণ হইতে এই বিপুল বিশ্বের অভিব্যক্তির কথা বলিয়াছি তাহা অসঙ্গত নহে। অতএব বৎস, তুমি এখন নিঃসন্দেহে আমার কথায় বিশ্বাস স্থাপন কর, মনে আর বিন্দুমাত্র সংশয় রাখিও না।

৩। শ্রদ্ধৎস্ব সোম্যেতি স য এষোঽণিমৈতদাত্মামিদꣳ সর্ব্বং তৎ সত্যꣳ স আত্মা তত্ত্বমসি শ্বেতকেতো ইতি ভূয় এব মা ভগবান্ বিজ্ঞাপয়ত্বিতি তথা সোম্যেতি হোবাচ।

ইতি দ্বাদশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। সঃ যঃ এষঃ অণিমা ইত্যাদের্ব্যাখ্যা প্রাগেব কৃতা।

অনুবাদ। অবশিষ্ট অংশটুকুর অনুবাদ অষ্টমাদি খণ্ডের মত।

দ্বাদশ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

ত্রয়োদশঃ খণ্ডঃ।

১। লবণমেতদুদকেঽবধায়াথ মা প্রাতরুপসীদথা ইতি স হ তথা চকার তং হোবাচ যদ্দোষা লবণমুদকেঽবাধা অঙ্গ তদাহরেতি তদ্ধাবমৃশ্য ন বিবেদ।

ব্যাখ্যা। [বিদ্যমানমপি বস্তু কদাচিৎ যেন প্রকারেণ নোপলভ্যতে প্রকারান্তরেণ তু উপলভ্যতে ইত্যত্র দৃষ্টান্তং দর্শয়িতুমভিলষন্ পিতা পুত্রমাহ] এতৎ লবণং (সৈন্ধবখণ্ডং) উদকে (জলপূর্ণে ঘটাদৌ) অবধায় (প্রক্ষিপ্য) অথ (অনন্তরং) প্রাতঃ (প্রভাতে) মা (মাং) উপসীদথাঃ (উপগচ্ছেথাঃ) ইতি [আদিষ্টঃ সঃ (শ্বেতকেতুঃ) হ (এব) তথা চকার [পিতুরাদেশং পর্য্যপালয়ৎ ইতি]; [পিতা, সমীপাগতং] তম্ (শ্বেতকেতুং) উবাচ হ, অঙ্গ (হে বৎস!) দোষা (রাত্রৌ) যৎ লবণং (সৈন্ধবপিণ্ডং) উদকে (জলপাত্রে) অবাধাঃ (প্রক্ষিপ্তবান্ অসি) তৎ (লবণং) আহর (আনয়) ইতি [পিত্রাদিষ্টঃ শ্বেতকেতুঃ] তৎ হ (লবণখণ্ডং) অবমৃশ্য (অনুসন্ধায় অপি) ন বিবেদ (পূর্ব্ববৎ খণ্ডরূপেণ ন বিদিতবান্ ইত্যর্থঃ)।

অনুবাদ। পিতা বলিলেন—"বৎস, তুমি আজ রাত্রে এই লবণখণ্ডটী কোন জলপূর্ণ পাত্রে ফেলিয়া রাখিও; তাহার পর কাল সকালে উহা লইয়া আমার কাছে আসিও।" শ্বেতকেতু তাহাই

করিল ; তখন পিতা বলিলেন—"বৎস ! কাল রাত্রে তুমি যে লবণখণ্ডটী জলে ফেলিয়া রাখিয়াছিলে তাহা জল হইতে তুলিয়া আন দেখি।" পুত্র জলের মধ্যে অনুসন্ধান করিয়া কিছুই পাইল না।

২। যথা বিলীনমেবাঙ্গাস্যান্তাদাচামেতি কথমিতি লবণমিতি মধ্যাদাচামেতি কথমিতি লবণমিত্যন্তাদাচামেতি কথমিতি লবণমিত্যভিপ্রাস্যৈনদথ মোপসীদথা ইতি তদ্ধ তথা চকার তচ্ছশ্বৎ সংবর্ত্ততে তং হোবাচাত্র বাব কিল সৎ সোম্য ন নিভালয়সেঽত্রৈব কিলেতি।

ব্যাখ্যা। অঙ্গ ! (হে বৎস !) যথা (যদ্যপি) বিলীনং (দ্রবীভূততয়া জলরূপেণ পরিণতং লবণপিণ্ডং) [দর্শন-স্পর্শনাভ্যাং ন ত্বয়া জ্ঞায়তে, তথাপি তৎ অত্র বিদ্যতে] এব [ত্বামহমধুনা তদ্ উপায়ান্তরেণ বোধয়িতুমিচ্ছামি, অতএব বৎস,] অস্য [লবণময়জলস্য) অন্তাৎ (প্রান্তভাগাৎ) [কিঞ্চিৎ উদ্ধৃত্য] আচাম ইতি [আদিশ্য, তনয়ং তথা কৃতবন্তং পুনরুবাচ] কথম্ ? ইতি [জিজ্ঞাসিতঃ শ্বেতকেতুঃ উবাচ] লবণং (সলিলমেতৎ লবণাক্তং স্বদতে) [তথা] মধ্যাৎ (মধ্যভাগাৎ পুনরুদ্ধৃত্য) আচাম ইতি কথং ? [কিং প্রকারোঽস্য আস্বাদঃ] ইতি [জিজ্ঞাসিতঃ পুত্রঃ]

উবাচ] লবণম্ ইতি ; [তথা] অস্মাৎ (অপোভাগাৎ) আচাম ইতি ; কথম্ ? ইতি [পিতুর্জ্জিজ্ঞাসায়াঃ] লবণম্ ইতি [পুত্রস্য প্রতিবচনং] । [শ্বেতকেতোরুত্তরমাকর্ণ্য পুনরপ্যুবাচ পিতা] এতৎ (লবণময়ং জলং) অভিপাস্য (পরিত্যজ্য) অথ (তদনন্তরং) মা (মাং) উপসীদথাঃ (উপগচ্ছঃ) ইতি [আদিষ্টঃ শ্বেতকেতুঃ] তৎ হ তথা চকার (পিতুরাজ্ঞাং পরিপালিতবান্) [লবণজলং পরিত্যজ্য পিতৃসমীপম্ আজগাম ইত্যর্থঃ] ; [আগতঞ্চোবাচ "তস্মিন্ এব উদকে যৎ ময়া রাত্রৌ ক্ষিপ্তং লবণপিণ্ডং] তৎ শশ্বৎ (নিত্যং)সংবর্ত্ততে"(দ্রবীভাবেন উদকে বর্ত্ততে)। [এবম্ উক্তবন্তম] তম্ (শ্বেতকেতুং) উবাচ হ [পিতা] হে সৌম্য, [যথা ইদং লবণং দর্শনস্পর্শনাভ্যাং পূর্ব্বং গৃহীতং পুনরুদকে বিলীনং সৎ তাভ্যাম্ অগৃহ্যমাণমপি জিহ্বয়া উপলভ্যমানত্বাৎ বিদ্যতে এব, এবম্] অত্র বাব (অস্মিন্নেব তেজোঽবন্নাদিকার্য্যে দেহে) সৎ (এতেষাং মূলীভূতং পরমকারণং ব্রহ্ম) [বিদ্যমানমপি] সৎ সকলং ন নিভালয়সে (চক্ষুরাদিভির্দর্শনোপায়ৈঃ ন পশ্যসি) [তথাপি তৎ সদ্রূপং পরমকারণং] অত্রৈব (দেহে) কিল (নিশ্চয়ে) ইতি [বর্ত্ততে উপায়ান্তরেণ লবণমিব উপলপ্স্যসে চ] ।

অনুবাদ। পিতা তখন পুত্রকে সম্বোধন করিয়া বলিলেন যে, বৎস! যদিও তুমি কল্যকার

সেই লবণপিণ্ডটাকে চোখে দেখিতে বা হাতে স্পর্শ করিতে পারিতেছ না, তাহা হইলেও জানিও যে, উহা এখনও এই জলের মধ্যেই বিলীন হইয়া রহিয়াছে। তুমি ঐ জলের উপরিভাগ হইতে একটু লইয়া পান কর, আমি এখনই তোমাকে ইহা বুঝাইয়া দিতেছি। পুত্র তাহা করিলে পিতা জিজ্ঞাসা করিলেন, "কিসের আস্বাদ পাইতেছ"? পুত্র বলিল—"লবণের" : পিতা বলিলেন—"আচ্ছা, এবার তুমি ঐ জলের মধ্যভাগ হইতে লইয়া একটু পান কর। পুত্র তাহা করিলে, পিতা জিজ্ঞাসা করিলেন ; "কিসের আস্বাদ পাইলে?" পুত্র উত্তর দিল, "লবণের"। পিতা পুনরায় বলিলেন "বৎস, এবার তুমি ঐ জলের নিম্নভাগ হইতে একটু লইয়া পান কর ; পুত্র তাহা করিলে, পিতা জিজ্ঞাসা করিলেন—"কিসের আস্বাদ পাইলে?" পুত্র এবারও উত্তর করিল—"লবণের"। তখন পিতা বলিলেন—এবার তুমি ঐ জলটুকু ফেলিয়া দিয়া আমার কাছে এস"। শ্বেতকেতু পিতার আদেশ পালন করিয়া

তাঁহার কাছে ফিরিয়া আসিয়া বলিল "কাল রাত্রে আমি যে লবণপিণ্ডটী ঐ জলের মধ্যে ফেলিয়া রাখিয়াছিলাম, তাহা দেখিতেছি উহার মধ্যে বিলীন হইয়াই ছিল"। পিতা পুত্রের মুখে ঐরূপ কথা শুনিয়া তাহাকে সম্বোধন করিয়া বলিলেন, যে "বৎস, ঐ লবণ যেমন জলে বিলীন হওয়ায় তাহাকে আর দেখিতে বা হাত দিয়া স্পর্শ করিতে না পারিলেও জিহ্বায় আস্বাদন করিয়া অন্য উপায়ে বুঝিতে পারিলে,সেইরূপ জানিও বৎস! পৃথিবী,জল ও তেজের অংশ হইতে গঠিত আমাদের এই ভৌতিক দেহের যাহা মূল কারণ-সেই সদ্‌রূপী সূক্ষ্ম চৈতন্যকে যদিও কেহ স্থূল ইন্দ্রিয় দ্বারা উপলব্ধি করিতে পারে না,তাহা হইলেও, উহা আমাদের এই দেহেরই মধ্যে নিত্য বর্ত্তমান রহিয়াছে এবং ইচ্ছা করিলে আমরা তাঁহাকে অন্য উপায়েও উপলব্ধি করিতে পারি।

৩। স য এষোঽণিমৈতদাত্ম্যমিদং সর্ব্বং

তৎ সত্যꣳ স আত্মা তত্ত্বমসি শ্বেতকেতো ইতি ভূয় এব মা ভগবান্ বিজ্ঞাপয়ত্বিতি তথা সোম্যেতি হোবাচ।

ইতি ত্রয়োদশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। সঃ যঃ অণিমা ইত্যাদেরবশিষ্টাংশস্য ব্যাখ্যা আদৌ এব কৃতা।

অনুবাদ। অবশিষ্ট অংশের অনুবাদ অষ্টমাদি খণ্ডের ন্যায়।

ত্রয়োদশ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

চতুর্দ্দশঃ খণ্ডঃ।

১। যথা সোম্য পুরুষং গন্ধারেভ্যোঽভিনদ্ধাক্ষমানীয় তং ততোঽতিজনে বিসৃজেৎ স যথা তত্র প্রাঙ্ বোদঙ্ বাধরাঙ্ বা প্রত্যঙ্ বা প্রধ্মায়ীতাভিনদ্ধাক্ষ আনীতোঽভিনদ্ধাক্ষো বিসৃষ্টঃ।

ব্যাখ্যা। [কথং স উপায়ঃ যেন তৎ সদ্রূপং পরমকারণং বিজানীয়াত ইতি পুত্রেণ পৃষ্টঃ পিতা লৌকিকদৃষ্টান্তপ্রদর্শন-

মুখেনৈব তাবৎ কথয়তি] হে সোম্য, যথা (যদ্বৎ) অভিনদ্ধাক্ষং (বদ্ধচক্ষুষং) পুরুষং (কঞ্চিৎ জনং) গন্ধারেভ্যঃ (তন্নামধেয়েভ্যঃ জনপদেভ্যঃ) আনীয় ততঃ (তদনন্তরং) তং (পিহিতনয়নং পুরুষং) অতিজনে (বিজনে প্রদেশে অরণ্যাদৌ ইত্যর্থঃ) বিসৃজেৎ (পরিত্যজেৎ) [অপহর্ত্তা তস্করাদিরিতি শেষঃ] সঃ (তস্করৈরপহৃতসর্ব্বস্বঃ পিহিতলোচনশ্চ পুরুষঃ) তত্র (বিজনে অরণ্যে) [দিগ্‌ভ্রমোপেতঃ সন্] যথা প্রাঙ্‌ (পূর্ব্বমুখঃ সন্) বা (অথবা দিগভ্রান্ততয়া) উদঙ্‌ বা, অধরাঙ্‌ বা, প্রত্যঙ্‌ বা (উত্তরাদিকাং যাং কাংচিৎ দিশম্ অভিমুখীভূয়) "অভিনদ্ধাক্ষঃ আনীতঃ (তস্করৈরহংস্বজনপদেভ্যঃ বদ্ধচক্ষুরত্রৈব নির্জনে কান্তারে বলাদাকৃষ্টঃ) অভিনদ্ধাক্ষঃ বিসৃষ্টঃ।

অনুবাদ। বৎস, যেমন কোন দুষ্ট দস্যু বা তস্কর গন্ধারদেশীয় কোন লোকের নয়ন দুইটী বস্ত্রাবৃত করিয়া তাহাকে স্বীয় জনপদ হইতে অতিদূরে কোন বিজন বনভূমিতে আনিয়া ছাড়িয়া দিলে, নিতান্ত নিঃসহায় সেই ব্যক্তি দিগ্‌ভ্রমবশতঃ পূর্ব্ব কিংবা পশ্চিম অথবা উত্তর কিংবা দক্ষিণ দিকে ফিরিয়া উচ্চৈঃস্বরে আর্ত্তনাদ করিতে থাকে, "আমি বড়ই বিপন্ন, বড়ই নিঃসহায়, চোরে আমাকে চোখে বাঁধিয়া আনিয়া সর্ব্বস্ব লুণ্ঠন করিয়া এই-

নির্জ্জন বনভূমিতে ফেলিয়া রাখিয়া গিয়াছে; আমি কিছুই দেখিতে পাইতেছি না, কোথাও যাইতে পারিতেছি না।

২। তস্য যথাভিনহনং প্রমুচ্য প্রব্রূয়াদেতাং দিশং গন্ধারা এতাং দিশং ব্রজেতি স গ্রামাদ্ গ্রামং পৃচ্ছন্ পণ্ডিতো মেধাবী গন্ধারানেবোপসম্পদ্যেতৈবমেবেহাচার্য্যবান্ পুরুষো বেদ তস্য তাবদেব চিরং যাবন্ন বিমোক্ষ্যেঽথ সম্পৎস্য ইতি।

ব্যাখ্যা। [সর্ব্বমপহৃত্য তৈর্ব্বদ্ধচক্ষুরেবাহমত্র পরিত্যক্তঃ, অতঃ গন্তব্যাং দিশং নোপলভে, ইতি] প্রধ্মায়ীত (উচ্চৈঃ শব্দং কুর্য্যাৎ)। [তদানীম্ উচ্চৈর্নদন্তং তমাকর্ণ্য কশ্চিৎ কারুণিকঃ] যথা (যদ্বৎ) তস্য (বদ্ধচক্ষুষঃ) অভিনহনং (নয়নবন্ধনং প্রমুচ্য (অপনীয়) প্রব্রূয়াৎ (উপদিশেৎ), এতাং (ময়ৈব লক্ষ্যমাণাং) দিশং [উত্তরতঃ] গন্ধারাঃ [নাম জনপদাঃ তবতো নিবাসভূমির্বর্ত্তন্তে ; অতএব ত্বম্] এতাং দিশং [অভিলক্ষ্য] ব্রজ (গচ্ছ) ইতি [উপদিষ্টঃ] সঃ (বিপন্মুক্তঃ পুরুষঃ) পণ্ডিতঃ (উপদেশবান্) মেধাবী (পরোপদিষ্টগ্রামপ্রবেশনমার্গাবধারণসমর্থশ্চ সন্) [যথা] গ্রামাৎ গ্রামং পৃচ্ছন্ (তত্তন্নামাদিকং (জিজ্ঞাসমানঃ গন্ধারান্ এব (তন্নামিকাং স্ববাসভূমিমেব) উপসম্পদ্যেত (প্রাপ্নুয়াৎ); এবমেব (প্রোক্তদৃষ্টান্তবদেব) ইহ (জগন্মূলপরমকারণ

সদ্‌বিজ্ঞানবিষয়ে) আচার্য্যবান্ (ব্রহ্মজ্ঞেন আচার্য্যেণ উপদিষ্টঃ) পুরুষঃ বেদ [তদ্ জগদেককারণসদ্‌ব্রহ্ম ইতি শেষঃ]। তস্য (বিজ্ঞানবতঃ পুরুষস্য) তাবৎ এব (তাবন্তং কালং ব্যাপ্য) চিরং (ব্রহ্মপ্রাপ্তৌ বিলম্বঃ) [বর্ত্ততে ইতি শেষঃ] যাবৎ (যাবন্তং কালং ব্যাপ্য) ন বিমোক্ষ্যে (প্রারব্ধকর্ম্মণা ন স বিমোক্ষ্যতে) অথ (তদৈব) সম্পৎস্যে (ব্রহ্ম সম্পৎস্যতে অসৌ)।

অনুবাদ। তখন যদি কোন করুণহৃদয় ব্যক্তি সেই আর্ত্তনাদ শুনিয়া নিকটে আসিয়া তাহার নয়নাবরণ অপসারিত করিয়া উপদেশ দেন, "তুমি এই দিক্ দিয়া গমন কর ; ইহারই উত্তরধারে গন্ধার প্রদেশ", তখন যেমন উপদেশগ্রহণে নিপুণ প্রতিভাশালী সেই ব্যক্তিটীও গ্রামের পর গ্রাম অতিক্রম করিয়া জিজ্ঞাসা করিতে করিতে অবশেষে স্বদেশে আসিয়াই উপস্থিত হয় ; সেইরূপ বৎস, যিনি কোন করুণহৃদয় আত্মতত্ত্বজ্ঞ মহাপুরুষকে গুরুরূপে লাভ করিয়াছেন, তিনিই কেবল সেই পরমপদার্থ পরমাত্মাকে জানিতে পারেন। যতদিন পর্য্যন্ত না প্রারব্ধ কর্ম্মগুলি ভোগের দ্বারা নিঃশেষে ক্ষয় প্রাপ্ত হয়, ততদিন পর্য্যন্ত সেই ব্রহ্মজ্ঞ

ব্যক্তিকে তাহার জন্য অপেক্ষা করিতে হয়। তাহার পর সেই কর্ম্মগুলির ক্ষয়ের সঙ্গে সঙ্গেই তাঁহার মুক্তি হইয়া থাকে।

৩। স য এষোঽণিমৈতদাত্ম্যমিদংসর্ব্বং তৎ সত্যংস আত্মা তত্ত্বমসি শ্বেতকেতো ইতি ভূয় এব মা ভগবান্বিজ্ঞাপয়ত্বিতি তথা সোম্যেতি হোবাচ।

ইতি চতুর্দ্দশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। সঃ যঃ এষ অণিমেত্যাদ্যংশঃ আদাবেব ব্যাখ্যাতঃ।

অনুবাদ। অবশিষ্ট অংশের অনুবাদ অষ্টমাদি খণ্ডের ন্যায়।

চতুর্দ্দশ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

পঞ্চদশঃ খণ্ডঃ।

১। পুরুষং সোম্যোতোপতাপিনং জ্ঞাতয়ঃ পর্য্যুপাসতে জানাসি মাং জানাসি মামিতি তস্য যাবন্ন বাঙ্মনসি সম্পদ্যতে মনঃ প্রাণে প্রাণস্তেজসি তেজঃ পরস্যাং দেবতায়াং তাবজ্জানাতি।

ব্যাখ্যা। [আচার্য্যবান্ পুরুষো বিদ্বান্ যেন ক্রমেণ সৎ সম্পদ্যতে তং ক্রমমিদানীং বিজ্ঞাপয়তু মাং দেব ইতি পুত্রেণ প্রার্থিতঃ পিতা পুনরুবাচ।] হে সোম্য, উপতাপিনং (জ্বরাদ্যুপতাপবন্তং) [মুমূর্ষুমিত্যর্থঃ] পুরুষং জ্ঞাতয়ঃ (বান্ধবাঃ) পর্য্যুপাসতে (পরিতঃ বেষ্টয়িত্বা পৃচ্ছন্তি) মাং (তব পিতরং) জানাসি কিং? মাং (তব ভ্রাতরং) জানাসি কিং? ইতি। যাবৎ (যৎকাল-পর্য্যন্তং) তস্য (মুমূর্ষোঃ) বাক্ (বাগিন্দ্রিয়ং) মনসি সম্পদ্যতে (মনোলীনা ভবতি), মনঃ প্রাণে [সম্পদ্যতে], প্রাণঃ তেজসি [সম্পদ্যতে], তেজঃ পরস্যাং দেবতায়াং (পরমাত্মনি) [সম্পদ্যতে], তাবৎ (তৎকালপর্য্যন্তং) [সঃ মুমূর্ষুঃ] জানাতি [বান্ধবান্ পরিচিনোতীত্যর্থঃ]।

অনুবাদ। বৎস, রোগাক্রান্ত ব্যক্তি যখন মরণোন্মুখ হইয়া আসে,তখন তাহার বন্ধুবান্ধব আত্মীয় পরিজনপ্রভৃতি সকলে আসিয়া তাহাকে ঘেরিয়া চারিদিকে উপবেশন করে। তাহারা সকলে আকুল হইয়া জিজ্ঞাসা করিতে থাকে, "আমি তোমার পিতা, আমাকে কি তুমি জানিতে পারিতেছ"? "আমি তোমার ভ্রাতা, আমাকে কি তুমি জানিতে পারি-তেছ"? সেই মুমূর্ষু ব্যক্তির যতক্ষণ পর্য্যন্ত না বাক্য-

মনে, মনঃ প্রাণে, প্রাণ তেজে এবং তেজঃ পরমাত্ম-জ্যোতিতে গিয়া বিলীন হয়, ততক্ষণ পর্য্যন্ত সে সকলকেই জানিতে পারে।

২। অথ যদাস্য বাঙ্মনসি সম্পদ্যতে মনঃ প্রাণে প্রাণস্তেজসি তেজঃ পরস্যাং দেবতায়ামথ ন জানাতি।

ব্যাখ্যা। অথ (তদনন্তরং) যদা (যস্মিন্ কালে) অস্য (মুমূর্ষোঃ) বাক্ (বাগিন্দ্রিয়ং) মনসি সম্পদ্যতে (মনোলীনা ভবতি) [তথা] মনঃ প্রাণে, প্রাণঃ তেজসি, তেজঃ পরস্যাং দেবতায়াং [সম্পদ্যতে] অথ (ততঃ পরং) ন জানাতি (বান্ধবাদীন্ ন পুনঃ পরিচিনোতি স মুমূর্ষুঃ)।

অনুবাদ। কিন্তু যখন তাহার বাক্য মনে, মনঃ প্রাণে, প্রাণ তেজে এবং তেজঃ পরমাত্মজ্যোতিতে গিয়া বিলীন হইয়া যায়, তখন আর সে কাহাকেও জানিতে পারে না।

৩। স য এষোঽণিমৈতদাত্ম্যমিদং সর্ব্বং তৎ সত্যং স আত্মা তত্ত্বমসি শ্বেতকেতো ইতি ভূয় এব মা ভগবান্ বিজ্ঞাপয়ত্বিতি তথা সোম্যেতি হোবাচ।

ইতি পঞ্চদশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। সঃ যঃ এষঃ ইত্যাদের্ব্যাখ্যা প্রাগেব কৃতা।

অবশিষ্ট অংশের অনুবাদ অষ্টমাদি খণ্ডের মত।

পঞ্চদশ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত

ষোড়শঃ খণ্ডঃ।

১। পুরুষং সোম্যোত হস্তগৃহীতমানয়ন্ত্যপহার্ষীৎ স্তেয়মকার্ষীৎ পরশুমস্মৈ তপতেতি। স যদি তস্য কর্ত্তা ভবতি তত এবানৃতমাত্মানং কুরুতে, সোঽনৃতাভিসন্ধোঽনৃতেনাত্মানমন্তর্ধায় পরশুং তপ্তং প্রতিগৃহ্ণাতি স দহ্যতেঽথ হন্যতে।

ব্যাখ্যা। [যদি মরিষ্যতো মুমুক্ষতশ্চ তুল্যা এব সংসম্পত্তিস্তদা বিদ্বান্ সংসম্পন্নঃ সন্ নাবর্ত্ততে, আবর্ত্ততে চাবিদ্বান্ ইতি কথং স্যাদিতি সংশয়িতং শ্বেতকেতুং দৃষ্টান্তেন বোধয়িতুমভিলষন্ পিতা পুনরপি উবাচ]—হে সোম্য [যথা, রাজপুরুষাঃ, অয়ং জনঃ] অপহার্ষীৎ (ধনাহরণমসৌ কৃতবান্) স্তেয়ং (চৌর্য্যম্) অকার্ষীৎ, অস্মৈ (চৌরতয়া সন্দিগ্ধায় পুরুষায়) পরশুং (কুঠারং) তপত (তপ্তং কুরুত যূয়মিতি শেষঃ) [অগ্নৌ তত্ত্ব-

কুঠারগ্রহণেন আত্মনঃ শুদ্ধিং প্রদর্শয়তু অয়ং জন ইতি ভাবঃ] ইতি [এবং বদন্তঃ সন্তঃ], [চৌরতয়া সন্দিহ্যমানং] পুরুষং হস্তগৃহীতং (বদ্ধহস্তম্) আনয়ন্তি (বিচারকসমীপে উপস্থাপয়ন্তি)। সঃ (সন্দিহ্যমানঃ পুরুষঃ) যদি তস্য (চৌর্য্যস্য) কর্ত্তা ভবতি, [বহিশ্চাপহ্নুতে, তদা] তত এব (অনৃতাভিসন্ধত্বাদেব) আত্মানম্ অনৃতং কুরুতে [চৌরোঽপি অচৌরতয়া আত্মানং প্রতিপাদয়ন্তি ইত্যর্থঃ]; [অতএব] অনৃতাভিসন্ধঃ (অসত্যাভিসন্ধঃ, মিথ্যাবদনশীল ইত্যর্থঃ) সঃ (পুরুষঃ) অনৃতেন (অসত্যেন) আত্মানম্ (স্বং) অন্তর্ধায় (ব্যবহিতং কৃত্বা) তপ্তং পরশুং (কুঠারং) প্রতিগৃহ্ণাতি [মোহবশাদিত্যর্থঃ] সঃ (চৌরঃ পুরুষঃ) [পরশুমাদদানঃ সনঃ] দহ্যতে। অথ (তদনন্তরং) হন্যতে (তাড়্যতে) [পরধনাপহারিতয়া মিথ্যাবাদিতয়া চ রাজপুরুষাস্তং নিগৃহ্ণন্তীত্যর্থঃ]।

অনুবাদ। বৎস, কাহারও উপর সন্দেহ হইলে যেমন রাজকর্ম্মচারিগণ তাহার হাত বাঁধিয়া বিচারকের নিকট আনিয়া বলিতে থাকে, এ ব্যক্তি উহার ধন অপহরণ করিয়াছে, চুরি করিয়াছে; অথচ এখন কিছুতেই তাহা স্বীকার করিতেছে না। অতএব ইহার জন্য একটা কুঠার অগ্নিতে উত্তপ্ত করা হউক; সেই উত্তপ্ত

কুঠার গ্রহণ করিয়া ঐ ব্যক্তি সকলের সমক্ষে আপনার বিশুদ্ধতা প্রমাণ করুক।' সে ব্যক্তি যদি সত্য সত্যই চুরি করিয়া এখন কেবল দণ্ডের ভয়ে সত্য গোপন করিতে থাকে, তবে সেই মিথ্যার প্রতি অত্যধিক আসক্তিবশতঃ সে মনে করে, "আমি এই মিথ্যাকে আশ্রয় করিয়া মিথ্যার সাহায্যেই বাঁচিয়া যাইব।" অতএব অনৃতকে—মিথ্যাকেই যে জীবনে একমাত্র অবলম্বন বলিয়া বরণ করিয়া লইয়াছে, সে সেই মিথ্যার দ্বারাই আবৃত হইয়া—মোহগ্রস্ত হইয়া সেই উত্তপ্ত লৌহকুঠার গ্রহণ করে এবং তাহার দ্বারা দগ্ধ হয়। তখন রাজপুরুষগণ তাহাকে চোর ও মিথ্যাবাদী বলিয়া গালি দিতে দিতে নানাপ্রকারে নিগৃহীত করিতে থাকেন।

২। অথ যদি তস্যাকর্ত্তা ভবতি, তত এব সত্যমাত্মানং কুরুতে স সত্যাভিসন্ধঃ সত্যেনাত্মানমন্তর্ধায় পরশুং তপ্তং প্রতিগৃহ্লাতি, স ন দহ্যতেঽথ মুচ্যতে।

ব্যাখ্যা। অথ (পক্ষান্তরে) [চৌর্য্যকর্ম্মণি সন্দিহ্যমানতয়া

রাজপুরুষৈর্গৃহীতো জনঃ] যদি তস্য (চৌর্য্যস্য) অকর্ত্তা (অনমুষ্ঠাতা) ভবতি [চৌরঃ যদি ন ভবতীত্যর্থঃ], [তদা] তত এব (চৌর্য্যস্য অকর্ত্তৃত্বাদেব) আত্মানং সত্যং কুরুতে (ন চৌরোহমিতি বদন্ সত্যবাদিতয়া আত্মানং প্রমাণীকরোতি) । সত্যাভিসন্ধঃ (সত্যনিষ্ঠঃ) সঃ (পুরুষঃ) সত্যেন (বর্ম্মরূপেণ) আত্মানং (শরীরং) অন্তর্ধায় (ব্যবহিতং কৃত্বা) তপ্তং পরশুং প্রতিগৃহ্লাতি ; [অতএব, বর্ম্মস্থানীয়েন সত্যেন পিহিতকায়তয়া তপ্তং পরশুং গৃহ্নন্নপি] সঃ (সত্যনিষ্ঠঃ জনঃ) ন দহ্যতে ; অথ (তদনন্তরং) মুচ্যতে [পরধনানপহারিতয়া সত্যবাদিতয়া চ রাজপুরুষাঃ তং মুক্তবন্ধনং কুর্ব্বন্তি ইত্যর্থঃ] ।

অনুবাদ। আর, সত্য সত্যই যদি সে ব্যক্তি চুরি না করিয়াই থাকে, তবে চুরি না করিয়াই 'চুরি করি নাই' বলায় সে আপনার সত্যবাদিতাই প্রমাণ করে। অতএব যে সত্যের প্রতি শ্রদ্ধাশীল, যে সত্যকেই জীবনের একমাত্র অবলম্বন বলিয়া বরণ করিয়া লইয়াছে, সে সেই সত্যের দ্বারাই ব্যবহিত—বর্ম্মাবৃত হইয়া অগ্নিময় লোহিত লৌহকুঠার গ্রহণ করিয়াও দগ্ধ হয় না। তখন রাজপুরুষগণ তাহাকে সাধু ও সত্যবাদী জানিয়া বন্ধন হইতে মুক্ত করিয়া দেন।

৩। স যথা তত্র নাদাহ্যেতৈতদাত্ম্যমিদꣳ সর্ব্বং তৎ সত্যꣳ স আত্মা তত্ত্বমসি শ্বেতকেতো ইতি তদ্ধাস্য বিজজ্ঞাবিতি বিজজ্ঞাবিতি।

ইতি ষোড়শঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। সঃ (সত্যাভিসন্ধঃ জনঃ) যথা তত্র (তপ্তপরশু-গ্রহণে) [সত্যব্যবহিতকরতলতয়া] নাদাহ্যেত (ন দহ্যেত) [এবং বিদ্বদবিদুষোঃ শরীরপাতকালে তুল্যায়াং চ সংসম্পত্তৌ, বিদ্বান্ সদব্রহ্মসত্যাভিসন্ধতয়া মুক্তঃ, ইতরস্তু অনৃতবিষয়াভিসন্ধতয়া বদ্ধো ভবতীতি শেষঃ]। ইদং সর্ব্বং (জগৎ ঐতদাত্ম্যং এতদাত্ম-ময়ং); তৎ (সদ্রূপং ব্রহ্ম) সত্যং; সঃ (সৎপদার্থ এব) আত্মা; হে শ্বেতকেতো! ত্বম্ [অপি চ] তৎ (সদাত্মস্বরূপম্) অসি (ভবসি) ইতি। অস্য (পিতুরুদ্দালকস্য) তৎ (সর্ব্বমুপদেশ-বচনং) বিজজ্ঞৌ (বিশেষেণ জ্ঞাতবান্ সঃ শ্বেতকেতুরিতি শেষঃ) দ্বিরুক্তিরধ্যায়পরিসমাপ্তিসূচিকা।

অনুবাদ। 'বৎস, সত্যনিষ্ঠ, সত্যের প্রতি শ্রদ্ধাশীল সেই ব্যক্তি যেমন সত্যের দ্বারাই ব্যবহিত-বর্ম্মাবৃত হইয়াই অগ্নিময় লোহিত লৌহকুঠার স্পর্শ করিয়াও দগ্ধ হইলেন না, সেইরূপ জানিও, যিনি ব্রহ্মকে জানেন, আর যিনি জানেন না এই উভয়েই মৃত্যু-

কালে পরমাত্মজ্যোতিতে লীন হইলেও, যিনি ব্রহ্মকে জানেন—তাঁহাকেই একমাত্র সত্তা বলিয়া বিশ্বাস করিয়াছেন, তিনিই মুক্ত হন—আর যিনি জানেন না, যিনি মিথ্যাকেই—মায়াময় নিত্যবিনাশী নশ্বর বিষয়রাশিকেই সত্য বলিয়া বিশ্বাস করিয়াছেন—তাঁহাকেই আবার সেই পরমাত্মজ্যোতিঃ হইতে উত্থিত হইয়া বিশ্বের বন্ধনাগারে ফিরিয়া আসিতে হয়। বৎস, এতক্ষণ ধরিয়া যে সদ্রূপ সূক্ষ্ম চৈতন্যশক্তির কথা বলিয়া আসিলাম, জানিও এই বিপুল বিশ্ব তাঁহারই দ্বারা বিধৃত হইয়া স্থিতিলাভ করিতেছে; তাঁহারই মধ্যে ইহা ওতপ্রোত হইয়া অবস্থান করিতেছে, নিত্য তন্ময় হইয়াই প্রকাশ পাইতেছে। হে বৎস! শ্বেতকেতু, তুমিও তাহাই। পুত্র তখন পিতার পূর্ব্বাপর সমস্ত উপদেশগুলিই বেশ বুঝিতে পারিলেন।

ষোড়শ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

ষষ্ঠ অধ্যায় সমাপ্ত।

সপ্তমোঽধ্যায়ঃ।

প্রথমঃ খণ্ডঃ।

১। অধীহি ভগব ইতি হোপসসাদ সনৎকুমারং নারদস্তং হোবাচ যদ্বেত্থ তেন মোপসীদ ততস্ত ঊর্দ্ধং বক্ষ্যামীতি।

ব্যাখ্যা। ভগবঃ (হে ভগবন্!) অধীহি (অধ্যাপয় মাং) ইতি [উক্ত্বা] নারদঃ হ (ঐতিহ্যে) সনৎকুমারম্ (যোগীশ্বরং ব্রহ্মিষ্ঠং) উপসসাদ (তস্য সমীপম্ আজগাম)। তং (শিষ্যোচিতভাবেন উপসন্নঃ নারদং) হ উবাচ (উক্তবান্) [সনৎকুমারঃ]—যৎ বেত্থ (ত্বং যৎ জানাসি) তেন (বিদিতবিষয়বিজ্ঞাপনেন) মা (মাং) উপসীদ (উপস্থিতঃ ভব); ততঃ (ত্বদ্বিজ্ঞাতাৎ) ঊর্দ্ধং (অবিজ্ঞাতং যৎ বিজ্ঞেয়ং) বক্ষ্যামি (জ্ঞাপয়িষ্যামি) ইতি।

অনুবাদ। এক সময়ে নারদ ঋষি, মহাযোগী সনৎকুমারের নিকট উপস্থিত হইয়া বলিলেন — "ভগবন্! অনুগ্রহ করিয়া আমাকে ব্রহ্মবিদ্যাবিষয়ে উপদেশ প্রদান করুন।" সনৎকুমার নারদের এই প্রার্থনা শুনিয়া বলিলেন—"আচ্ছা, তুমি কোন্

কোন্ বিষয় অবগত আছ,—তাহা আগে আমাকে জানাও, আমি তাহার পর হইতে তোমাকে উপদেশ প্রদান করিতেছি।

২। স হোবাচর্গ্বেদং ভগবোঽধ্যেমি যজুর্বেদং সামবেদমাথর্বণং চতুর্থমিতিহাসপুরাণং পঞ্চমং বেদানাং বেদং পিত্র্যং রাশিং দৈবং নিধিং বাকোবাক্যমেকায়নং দেববিদ্যাং ব্রহ্মবিদ্যাং ভূতবিদ্যাং ক্ষত্রবিদ্যাং নক্ষত্রবিদ্যাং সর্পদেবজনবিদ্যামেতদ্ভগবোঽধ্যেমি।

ব্যাখ্যা [এবমাদিষ্টঃ নারদঃ উবাচ] ভগবঃ (হে ভগবন্!) [অহম্] ঋগ্বেদম্ অধ্যেমি (স্মরামি জানামীত্যর্থঃ)। [তথা] যজুর্বেদং, সামবেদং, চতুর্থম্ আথর্বণম্ (অথর্ববেদং), পঞ্চমং (পঞ্চমবেদস্থানীয়ং) ইতিহাসপুরাণম্, বেদানাং (মহাভারত-পঞ্চমানাং) বেদং (ব্যাকরণম্), পিত্র্যং (শ্রাদ্ধকল্পং), রাশিং (গণিতবিদ্যাং), দৈবং (দিব্যাদিব্যোৎপাতবিজ্ঞানং), নিধিং (ভূগর্ভস্থরত্নাদিবিজ্ঞানশাস্ত্রং), বাকোবাক্যং (তর্কশাস্ত্রং), একায়নং (নীতিশাস্ত্রং), দেববিদ্যাং (দেবতানিরূপকনিরুক্ত-শাস্ত্রং), ব্রহ্মবিদ্যাং (বেদাঙ্গানি শিক্ষাকল্পাদীনি) ভূতবিদ্যাং (ভূতবিজ্ঞানতন্ত্রং) ক্ষত্রবিদ্যাং (ধনুর্বেদং), নক্ষত্রবিদ্যাং (জ্যোতিষং), সর্পদেবজনবিদ্যাং (গারুড়তন্ত্রং, কুঙ্কুমাদিসৌগন্ধ-

সম্পাদনন্ত্যগীতাত্তনুষ্ঠানকলাবিদ্যাং চ) ভগবঃ (হে ভগবন্ !) এতৎ (যথা কথিতং সর্ব্বং) অধ্যেমি (অহং জানামীত্যর্থঃ)।

অনুবাদ। নারদ বলিলেন—"প্রভো, আমি ঋগ্বেদ, যজুর্ব্বেদ, সামবেদ, অথর্ব্ববেদ, পঞ্চমবেদস্থানীয় ইতিহাস ও পুরাণসমূহ, ব্যাকরণ, শ্রাদ্ধপদ্ধতি, গণিতবিদ্যা, ভূমিকম্পপ্রভৃতি দৈব অমঙ্গলের কালনির্ণায়ক শাস্ত্র, পৃথিবীর উপরিতলের মৃত্তিকা পর্য্যবেক্ষণ করিয়া তাহার নিম্নভাগে কোথায় কোন্ রত্ন নিহিত আছে তাহা নির্ণয় করিবার বিদ্যা; তর্কশাস্ত্র, শিক্ষাকল্পপ্রভৃতি বেদের ছয়টী অঙ্গবিদ্যা, পঞ্চভূতের তত্ত্বনির্ণায়ক শাস্ত্র, ধনুর্বিদ্যা, জ্যোতিষশাস্ত্র, সর্পচিকিৎসাবিজ্ঞান এবং নানাবিধ সূক্ষ্ম শিল্পবিদ্যাও অধ্যয়ন করিয়াছি।

৩। সোঽহং ভগবো মন্ত্রবিদেবাস্মি নাত্মবিং-শ্রুতং হ্যেব মে ভগবদ্দৃশেভ্যস্তরতি শোকমাত্মবিদিতি সোঽহং ভগবঃ শোচামি তং মা ভগবাঞ্ছোকস্য পারং

তারয়ত্বিতি তং হোবাচ যদ্বৈ কিংচৈতদধ্যগীষ্ঠা নামৈ-
বৈতৎ।

ব্যাখ্যা। ভগবঃ (হে ভগবন্!) সোঽহং [এতৎ সর্ব্বং জানন্নপি] মন্ত্রবিৎ (শব্দার্থমাত্রবিজ্ঞানবান্) এব অস্মি (ভবামি), ন আত্মবিৎ (আত্মানং ন বেদ্মি)। হি (যতঃ) ভগবদ্দৃশেভ্যঃ (ভবাদৃশেভ্যঃ) এব মে (ময়া) শ্রুতং [যৎ] আত্মবিৎ (আত্মজ্ঞঃ) শোকং তরতি [অকৃতার্থবুদ্ধিজন্যং মনস্তাপম্ অতিক্রামতি] ইতি। হে ভগবঃ (ভগবন্!) সোঽহং (সর্ব্বং জানন্নপি অনাত্মজ্ঞতয়া) শোচামি (অকৃতার্থবুদ্ধ্যা সদৈব সন্তপ্যে); তং (তস্মাৎ হেতোঃ) ভগবান্ (দেবো ভবান্) মা (মাং) শোকস্য (শোকসাগরস্য) পারং (অন্তং) তারয়তু (আত্মজ্ঞানোড়ুপেন গময়তু), ইতি (এবমুক্তবন্তং) তং (নারদং) হ (ঐতিহ্যে) উবাচ [সনৎকুমার ইতি শেষঃ]—যদ্ বৈ কিঞ্চ এতৎ (ঋগ্‌বেদাদি সর্ব্বং) অধ্যগীষ্ঠাঃ (অধীতবান্ জ্ঞাতবান্ অসি),—এতৎ বৈ (তৎ সর্ব্বং) নামৈব (বাগাত্মকঃ বিকার এব)।

অনুবাদ। 'কিন্তু দেব, এত জানিয়াও আমার সব না জানার মতই হইয়াছে; আমি আত্মতত্ত্বের আলোচনা করি নাই, কেবল কতকগুলি শব্দ ও তাহাদের অর্থ শিখিয়াছি মাত্র। দেব,

আমি আপনাদের মত লোকের মুখেই শুনিয়াছি যে, যিনি আত্মাকে জানিতে পারেন, তাঁহার আর কোন কষ্ট থাকে না। ভগবন্! আমিও তাই এত জানিয়াও—সেই আত্মতত্ত্বটুকু জানিতে পারি নাই বলিয়াই—একটার পর একটী করিয়া দুঃখের তরঙ্গাঘাতে নিত্য উৎপীড়িত হইতেছি। অতএব হে আমার করুণাময় প্রভো! দয়া করিয়া এবার আমাকে এই দুরন্ত শোকসাগর হইতে উদ্ধার করুন।' সনৎকুমার নারদের এই কথা শুনিয়া বলিলেন, তুমি যাহা কিছু জানিয়াছ, সেগুলি কেবল কতকগুলি বিকারাত্মক শব্দসমষ্টি ছাড়া আর কিছুই নহে।

৪। নাম বা ঋগ্বেদো যজুর্বেদঃ সামবেদ আথর্ব-ণশ্চতুর্থ ইতিহাসপুরাণঃ পঞ্চমো বেদানাং বেদঃ পিত্র্যো রাশির্দৈবো নিধির্বাকোবাক্যমেকায়নং দেববিদ্যা ব্রহ্ম-বিদ্যা ভূতবিদ্যা ক্ষত্রবিদ্যা নক্ষত্রবিদ্যা সর্পদেবজনবিদ্যা নামৈবৈতন্নামোপাস্বেতি।

ব্যাখ্যা। নাম বৈ (বাগাত্মকঃ বিকার এব) ঋগ্বেদঃ, যজুর্বেদঃ,

সামবেদঃ, চতুর্থঃ অথর্ব্বণঃ (অথর্ব্ববেদঃ), ইতিহাসপুরাণঃ পঞ্চমঃ [বেদ ইতি শেষঃ], বেদানাং বেদঃ (ব্যাকরণং), পিত্র্যঃ (শ্রাদ্ধকল্পঃ), রাশিঃ (গণিতবিদ্যা), দৈবঃ (উৎপাতশাস্ত্রং), (নিধিঃ (ভূগর্ভতত্ত্ববিজ্ঞান-বিদ্যা), বাকোবাক্যম্, একায়নম্ নীতিবিদ্যা, দেববিদ্যা (নিরুক্তং), ব্রহ্মবিদ্যা (শিক্ষাকল্পাদিঃ), নক্ষত্রবিদ্যা (জ্যোতির্বিদ্যা), সর্পদেবজনবিদ্যা (গারুড়বিদ্যা কলাবিদ্যা চ), এতৎ ঋগ্বেদাদিকং সর্ব্বং (নামৈব) বাগাত্মকঃ বিকার এব) নাম উপাসস্ব (দেবতাজ্ঞানেন প্রতিমামিব ব্রহ্মজ্ঞানেন ঋগাদিনিখিলবাগাত্মকবিকারজাতম্ উপাস্স্ব) ইতি।

অনুবাদ। ঋগ্বেদপ্রভৃতি শাস্ত্রগুলি প্রকৃত পক্ষে কতকগুলি নাম-সমষ্টি শব্দবিকার ব্যতীত অন্য কিছুই নহে। এক পরমাত্মাই সত্য; আর সমস্তই বিনাশশীল; অতএব যেমন প্রতিমাকে দেবতা মনে করিয়া উপাসনা করিয়া থাক, সেইরূপ এই নামগুলিকেও পরমাত্মা মনে করিয়া উপাসনা করিতে পার।

৫। স যো নাম ব্রহ্মেত্যুপাস্তে যাবন্নাম্নো গতং তত্রাস্য যথাকামচারো ভবতি যো নাম ব্রহ্মেত্যুপাস্তে-

ঽস্তি ভগবো নাম্নো ভূয় ইতি নাম্নো বাব ভূয়োঽস্তীতি তন্মে ভগবান্ ব্রবীত্বিতি।

ইতি প্রথমঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। সঃ যঃ (কশ্চিৎ জনঃ) নাম (বাগাত্মকং বিকারজাতং) ব্রহ্মেতি (পরমাত্মজ্ঞানেন) উপাস্তে, অস্য (উপাসকস্য) যাবৎ (যাবন্তং প্রদেশং ব্যাপ্য) নাম্নঃ গতং (গোচরং) তত্র (তস্মিন্ নামবিষয়ে) যথা কামচারঃ (যথেচ্ছম্ অধিকারঃ) ভবতি। "যঃ নাম ব্রহ্মেতি উপাস্তে" [ইতি তু দ্বিরুক্তিঃ খণ্ডোপসংহারসূচনায় ইতি শেষঃ]। [সনৎকুমারেণ এবমুপদিষ্টোঽপি নারদঃ শংসিতঃ সন্ উবাচ] ভগবঃ, নাম্নঃ ভূয়ঃ (অধিকং) কিঞ্চিৎ অস্তি (পূর্বোক্ত কিং) ইতি [প্রার্থিতঃ সনৎকুমারঃ আহ] নাম্নঃ ভূয়ঃ অস্তি বাব (এব) ইতি [শ্রুত্বা পুনঃ প্রার্থিতবান্ সঃ নারদঃ], ভগবান্ (পূজনীয়ঃ ভবান্) মে (মহ্যং) তৎ (অবিজ্ঞাতং বস্তু) ব্রবীতু (উপদেশদানেন কথয়তু) ইতি।

অনুবাদ। যে কোন লোক এই নামগুলিকে ব্রহ্মজ্ঞানে উপাসনা করেন, তিনিই এই শব্দ—বিকার নামসমষ্টির দ্বারা বিশ্বের যতটুকু অংশ ব্যাপ্ত তাহাতে স্বাধীনতা লাভ করেন। এই কথা শুনিয়া নারদ জিজ্ঞাসা করিলেন, "দেব, নামের

অপেক্ষা শ্রেষ্ঠ কিছু আছে কি?" সনৎকুমার উত্তর দিলেন—"হাঁ, নামের অপেক্ষা শ্রেষ্ঠ আছে বৈ কি?" নারদ বলিলেন "তবে দেব, আমাকে তাহাই বলুন"।

প্রথম খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

দ্বিতীয়ঃ খণ্ডঃ।

১। বাগ্বাব নাম্নো ভূয়সী বাগ্বা ঋগ্বেদং বিজ্ঞাপয়তি যজুর্বেদংং সামবেদমাথর্বণং চতুর্থমিতিহাস-পুরাণং পঞ্চমং বেদানাং বেদং পিত্র্যংং রাশিং দৈবং নিধিং বাকোবাক্যমেকায়নং দেববিদ্যাং ব্রহ্মবিদ্যাং ভূতবিদ্যাং ক্ষত্রবিদ্যাং নক্ষত্রবিদ্যাংং সর্পদেবজনবিদ্যাং দিবং চ পৃথিবীং চ বায়ুং চাকাশং চাপশ্চ তেজশ্চ দেবাংশ্চ মনুষ্যাংশ্চ পশূংশ্চ বয়াংসি চ তৃণবনস্পতীং, শ্বাপদাপদান্যাকীটপতঙ্গপিপীলকং ধর্ম্মং চাধর্ম্মং চ সত্যং চানৃতং চ সাধু চাসাধু চ হৃদয়জ্ঞং চাহৃদয়জ্ঞং চ যদ্বৈ বাঙ্নাভবিষ্যন্ন ধর্ম্মো নাধর্ম্মো ব্যজ্ঞাপয়িষ্যন্ন সত্যং

নানৃতং ন সাধু নাসাধু ন হৃদয়জ্ঞো নাহৃদয়জ্ঞো বাগে-
বৈতৎ সর্ব্বং বিজ্ঞাপয়তি বাচমুপাস্স্বেতি।

ব্যাখ্যা। [অধুনা নাম্নাং বর্ণাত্মকানাম্ অভিব্যক্তের্বাগি-ন্দ্রিয়াধীনত্বা তস্মাৎ বাচঃ ভূয়স্ত্বমুচ্যতে] বাক্ বাব (বাগিন্দ্রিয়-মেব) নাম্নঃ (বর্ণাত্মকশব্দাৎ) ভূয়সী (অধিকতরা); বৈ (যতঃ) বাক্ (বাগিন্দ্রিয়ং) ঋগ্বেদং বিজ্ঞাপয়তি (অয়ম্ ঋগ্বেদ ইতি জ্ঞাপয়তি), [তথা] যজুর্ব্বেদং, সামবেদং, চতুর্থম্ আথর্ব্বণং, পঞ্চমম্ ইতিহাসপুরাণং, বেদানাং বেদং, পিত্র্যং, রাশিং, দৈবং নিধিং, বাকোবাক্যম্, একায়নম্, দেববিদ্যাং, ব্রহ্মবিদ্যাং, ভূতবিদ্যাং, ক্ষত্রবিদ্যাং, সর্পদেবজনবিদ্যাং, দিবং (দ্যুলোকং) চ, পৃথিবীং চ, বায়ুং চ, আকাশং চ, অপঃ চ, তেজঃ চ, দেবান্ চ, মনুষ্যান্ চ, পশূন্ চ, বয়াংসি (পক্ষিণঃ) চ, তৃণবনস্পতীন্ চ, শ্বাপদানি (হিংস্রপ্রাণিনঃ) [কিং বহুনা] আকীটপতঙ্গপিপীলকং (কীটপতঙ্গপিপীলিকাপর্য্যন্তং সর্ব্বং জীবজাতং); [তথা পুনঃ] ধর্ম্মং চ, অধর্ম্মং চ, সত্যং চ, অনৃতং চ, সাধু চ, অসাধু চ, হৃদয়জ্ঞম্ (মনোরমং), অহৃদয়জ্ঞং চ (সর্ব্বং নামধেয়ং) [বিজ্ঞাপয়তি]। যৎ (যদি) বৈ (নিশ্চয়ে) বাক্ (শব্দোচ্চারণসাধনং বাগিন্দ্রিয়ং) ন অভবিষ্যৎ [তদা] ন ধর্ম্মঃ, ন অধর্ম্মঃ ব্যজ্ঞাপয়িষ্যৎ (অজ্ঞৈর্বিজ্ঞাতঃ ন অভবিষ্যৎ); [তথা], ন সত্যং, ন অনৃতং (অসত্যং), ন সাধু, ন অসাধু, ন হৃদয়জ্ঞঃ,

ন অহৃদয়জ্ঞঃ, [এতেঽপি পূর্ব্ববদেব নষ্টৈর্বিজ্ঞাতাঃ অভবিষ্যন্নেব]; বাক্ এব এতৎ সর্ব্বং (ঋগ্বেদাদি) বিজ্ঞাপয়তি (শব্দোচ্চারণেন জ্ঞানগোচরতামাপাদয়তি); [অতঃ] বাক্ (বাগিন্দ্রিয়ং) উপাস্ব [বিষ্ণুবুদ্ধ্যা শালগ্রামমিব ব্রহ্মবুদ্ধ্যেতি শেষঃ]।

অনুবাদ। সনৎকুমার বলিতে লাগিলেন, 'বৎস, পূর্ব্বোক্ত শব্দসমষ্টি অপেক্ষা আমাদের এই বাগিন্দ্রিয়ই শ্রেষ্ঠ। কারণ আমরা ইহারই সাহায্যে শব্দাক্ষরগুলিকে উচ্চারণ করিয়া থাকি, পূর্ব্বোক্ত ঋগ্বেদাদি শাস্ত্র, ধনুর্ব্বেদাদি বিদ্যা, দ্যুলোক, ভূলোক, আকাশ, জল, বায়ু, অগ্নি, দেবতা, মানুষ, পশু, পক্ষী, কীট, পতঙ্গ, পিপীলিকা, পাপ, পুণ্য, সুখ, দুঃখপ্রভৃতি যাবতীয় শব্দ আমরা এই বাক্যের দ্বারাই বুঝিতে পারি।

২। স যো বাচং ব্রহ্মেত্যুপাস্তে যাবদ্বাচো গতং তত্রাস্য যথাকামচারো ভবতি যো বাচং ব্রহ্মেত্যুপাস্তেঽস্তি ভগবো বাচো ভূয় ইতি বাচো বাব ভূয়োঽস্তীতি তন্মে ভগবান্ ব্রবীত্বিতি।

ইতি দ্বিতীয়ঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। সঃ যঃ (কোঽপি জনঃ) বাচং (বাগিন্দ্রিয়ং) ব্রহ্মেতি (ব্রহ্মজ্ঞানেন) উপাস্তে, যাবৎ (যাবন্তং প্রদেশং ব্যাপ্য) বাচঃ (বাগিন্দ্রিয়স্য) গতং (গোচরং) তত্র (বাগিন্দ্রিয়স্য অধিকৃতবিষয়ে) অস্য (উপাসকস্য) যথাকামচারঃ (যথেচ্ছম্ অধিকারঃ) ভবতি। যঃ বাচং ব্রহ্মেতি উপাস্তে, ইতি তু দ্বিরুক্তিঃ প্রস্তুপরিসমাপ্তিসূচনায় ইতি শেষঃ]; [সনৎকুমারেণ এবমুপদিষ্টঃ নারদঃ পুনরপি উবাচ] ভগবঃ (হে ভগবন্) বাচঃ (বাগিন্দ্রিয়াদপি) বাব (এব) ভূয়ঃ (অধিকতরং কিমপি) অস্তি? ইতি [জিজ্ঞাসিতঃ সন্ সনৎকুমারঃ আহ] বাচঃ বাব ভূয়ঃ অস্তি। ইতি [এতদাকর্ণ্য নারদঃ পুনরপি প্রার্থিতবান্] ভগবান্ (পূজনীয়ঃ ভবান্) মে (মহ্যং) তৎ (ময়া অবিজ্ঞাতং বাচোঽধিকং বস্তু) ব্রবীতু ইতি।

অনুবাদ। যদি কোন লোক এই বাগিন্দ্রিয়কে ব্রহ্মজ্ঞানে উপাসনা করেন, তবে তিনি এই বিপুল বিশ্বের যতটুকু বাগিন্দ্রিয়ের অধিকারভুক্ত, তাহাতে স্বাধীনতা লাভ করেন। নারদ জিজ্ঞাসা করিলেন—'দেখ, বাক্যের অপেক্ষাও শ্রেষ্ঠ কিছু আছে কি?' সনৎকুমার উত্তর দিলেন, 'হাঁ, আছে বৈ কি? বাক্যের অপেক্ষাও শ্রেষ্ঠ আছে।' নারদ ইহা

শুনিয়া বলিলেন, 'তবে দেব, আমাকে তাহাই উপদেশ দিন'।

দ্বিতীয় খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

তৃতীয়ঃ খণ্ডঃ।

১। মনো বাব বাচো ভূয়ো যথা বৈ দ্বে বামলকে দ্বে বা কোলে দ্বৌ বাক্ষৌ মুষ্টিরনুভবত্যেবং বাচং চ নাম চ মনোহনুভবতি, স যদা মনসা মনস্যতি মন্ত্রানধীয়ীয়েত্যথাধীতে, কর্ম্মাণি কুর্ব্বীয়েত্যথ কুরুতে পুত্রাংশ্চ পশূংশ্চেচ্ছেয়েত্যথেচ্ছত ইমং চ লোকমমুং চেচ্ছেয়েত্যথেচ্ছতে, মনো হ্যাত্মা মনো হি লোকো মনো হি ব্রহ্ম মন উপাস্স্বেতি।

ব্যাখ্যা। মনঃ (অন্তঃকরণস্থ মননশক্তিঃ) বাব (এব) বাচঃ (বাগিন্দ্রিয়াৎ) ভূয়ঃ (অধিকতরং); যথা, মুষ্টিঃ (অস্মাকং করমুষ্টিঃ) দ্বে বা আমলকে (আমলকফলে), দ্বে বা কোলে (বদরফলে) দ্বৌ বা অক্ষৌ (বিভীতকফলে) অনুভবতি (ব্যাপ্নোতি) [মুষ্টিমধ্যে তৎ ফলদ্বয়মন্তর্ভবত্যেব] এবং (প্রদ-

র্শিতমুষ্টাস্থ ইব) মনঃ (মননশক্তিঃ) বাচং (বাগিন্দ্রিয়ং) চ নাম (শব্দসমষ্টিং) চ অনুভবতি (ব্যাপ্য অবতিষ্ঠতে) [মনসা বস্তুতত্ত্বমাদৌ নির্দ্ধার্য্য ততো বাচা বদতীত্যর্থঃ]। [তথাহি] সঃ (পুরুষঃ) যদা মন্ত্রান্ অধীয়ীয় (পঠেয়ং) ইতি মনসা মনস্যতি (চিন্তয়া নিরূপয়তি) অথ (অনন্তরম্) অধীতে; [তথা] কর্ম্মাণি কুর্ব্বীয় ইতি [যদা মনসা নিরূপয়তি] অথ (তদা, নিরূপণানন্তরং) কুরুতে (কর্ম্মাণি অনুতিষ্ঠতি); [তথা] পুত্রান্ চ, পশূন্ চ, ইচ্ছেয় (প্রাপ্তুমিচ্ছামি) ইতি [যদা চিন্তয়া নির্ণয়তি], অথ (নির্ণয়ান্তরং) ইচ্ছতে [তৎপ্রাপ্ত্যুপায়ানুষ্ঠানেন পুত্রাদীন্ প্রাপ্নোতি ইত্যর্থঃ]; [তথা] ইমং চ লোকং, অমুং চ লোকং (ইহপরোভয়লোকমেব) ইচ্ছেয় (লভেয়) ইতি [যদা মনসা অবধারয়তি], অথ (অবধারণানন্তরং) ইচ্ছতে যথাযথোপায়ানুষ্ঠানেন লভতে ইত্যর্থঃ)। [যস্মাৎ] মনঃ হি (এব) আত্মা (আত্মনঃ কর্ত্তৃত্বাদিসম্পাদকং) মনঃ হি (এব) লোকঃ (স্বর্গাদিলোকলাভোপায়ভূতঃ) [তস্মাৎ] মনঃ হি (এব) ব্রহ্ম; [অতঃ] মনঃ উপাস্স্ব [ব্রহ্মবুদ্ধ্যেতি শেষঃ]।

অনুবাদ। সনৎকুমার বলিলেন, 'দেখ, বাক্য অপেক্ষা আমাদের মানসিক চিন্তাশক্তিই বড়, কারণ দুইটী কুল, আমলকী বা বহেড়াকে আমরা যেমন একটী মাত্র মুষ্টির মধ্যেই অনায়াসে গ্রহণ

করিতে পারি, সেইরূপ বাক্য এবং শব্দসমষ্টিও আমাদের এক চিন্তাশক্তির মধ্যেই গৃহীত হইয়া রহিয়াছে। তাই লোকে "এই মন্ত্রগুলি আমি এখন পড়িব" মনে মনে এইরূপ নিরূপণ করিয়া তবে তাহা পড়িতে আরম্ভ করে। সেইরূপ "আমি কর্ম্ম করিব" "আমি পুত্র ও পশু—সম্পদ্ লাভ করিব" "আমি ইহলোক ও পরলোক জয় করিব" মনে মনে এইরূপ আগে নিরূপণ করিয়া, তবে তাহা করিতে প্রবৃত্ত হয়। এই মনই আত্মা, কারণ কর্ত্তৃত্বপ্রভৃতি গুণগুলি আত্মা মনের নিকট হইতেই পাইয়াছে। আবার এই মনই লোক, কারণ মনঃ আছে বলিয়াই স্বর্গাদি লোকের অনুভূতি হইয়া থাকে। অতএব মনঃ ব্রহ্মও বটে ; সেইজন্য তাহাকে ব্রহ্ম বুদ্ধিতেও উপাসনা করিবে।

২। স যো মনো ব্রহ্মেত্যুপাস্তে যাবন্মনসো গতং তত্রাস্য যথাকামচারো ভবতি যো মনো ব্রহ্মেত্যুপাস্তেঽস্তি ভগবো মনসো ভূয় ইতি মনসো বাব ভূয়োঽস্তীতি তন্মে ভগবান্ ব্রবীত্বিতি।

ইতি তৃতীয়ঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। সঃ যঃ (কশ্চিৎ জনঃ) মনঃ (মননশক্তিং) ব্রহ্মেতি (পরমাত্মজ্ঞানেন) উপাস্তে, অস্য (উপাসকস্য) যাবৎ (যাবন্তং প্রদেশং ব্যাপ্য) মনসঃ (চিন্তাশক্তেঃ) গতং (গোচরং) তত্র (তস্মিন্ মনোবিষয়ে) যথাকামচারঃ (যথেচ্ছম্ অধিকারঃ) ভবতি। যঃ মনঃ ব্রহ্মেতি উপাস্তে ইতি দ্বিরুক্তিরুপসংহারার্থ খণ্ডস্য। [এবম্ উপদিষ্টঃ নারদঃ পুনরুবাচ] ভগবঃ (হে ভগবন্) মনসঃ ভূয়ঃ (কিমপি অধিকং) অস্তি (বিদ্যতে) ? ইতি [প্রার্থিতঃ সন্ সনৎকুমারঃ আহ] মনসঃ বাব ভূয়ঃ অস্তীতি। [নারদঃ আহ] ভগবন্ তৎ (মনোঽধিকং বস্তু) মে ব্রবীতু (উপদিশতু) ইতি।

অনুবাদ। যিনি মনকে ব্রহ্মজ্ঞানে উপাসনা করেন, মনোঽধিকৃত প্রদেশে তাঁহার যথেষ্ট অধিকার স্থাপিত হয়। নারদ জিজ্ঞাসা করিলেন,—"ভগবন্! মনেরও অধিক কিছু আছে না কি ?" সনৎকুমার বলিলেন, "হাঁ, আছে বৈ কি ?" নারদ বলিলেন,—"তবে দেব, আপনি আমাকে তাহাই বলুন।"

তৃতীয় খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

চতুর্থঃ খণ্ডঃ।

১। সঙ্কল্পো বাব মনসো ভূয়ান্ যদা বৈ সঙ্কল্পয়তেঽথ মনস্যত্যথ বাচমীরয়তি তামু নাম্নীরয়তি নাম্নি মন্ত্রা একং ভবন্তি মন্ত্রেষু কর্ম্মাণি।

ব্যাখ্যা। সঙ্কল্পঃ (কর্ত্তব্যাকর্ত্তব্যবিষয়বিভাগেন স্থিরনিশ্চয়ঃ) মনসঃ (মননশক্তেঃ) ভূয়ান্ (অধিকঃ); [তথাহি পুরুষঃ] যদা বৈ সঙ্কল্পয়তে (ইদমিদানীং কর্ত্তুমুচিতং ন বেতি, বিবিচ্য কর্ত্তব্যার্থে স্থিরনিশ্চয়ো ভবতি) অথ (তদনন্তরং) মনস্যতি (ইদমহং কুর্ব্বীয় ইতি মনসা নিরূপয়তি) অথ (মননানন্তরং) বাচম্ ঈরয়তি (শব্দম্ উচ্চারয়তি), তাং (বাচং) উ নাম্নি ঈরয়তি (নাম্না যোজয়তি); নাম্নি (শব্দসামান্যে) মন্ত্রাঃ (শব্দবিশেষাঃ) একং ভবন্তি (তত্রৈব অন্তর্ভবন্তি)। [তথা] মন্ত্রেষু কর্ম্মাণি [একং ভবন্তি] [মন্ত্রোচ্চারণপূর্ব্বকং হি কর্ম্মাণি ক্রিয়ন্তে]।

অনুবাদ। তখন সনৎকুমার বলিলেন, "দেখ, আমাদের মনের চিন্তাশক্তি অপেক্ষা তাহার ইচ্ছাশক্তিই শ্রেষ্ঠ; কারণ কোন কিছুই করিতে হইলে আগে আমাদের সেই বিষয়ে ইচ্ছা হওয়া আবশ্যক; ইচ্ছা হইলে তবে আমরা তাহা চিন্তা

করিয়া নিরূপণ করি; চিন্তা করার পর তাহা কথায় প্রকাশ করিতে চেষ্টা করি। প্রথমতঃ আমরা সাধারণ শব্দ দ্বারা নির্দ্দেশ করি; পরে বিশেষ শব্দ ব্যবহার করিয়া তবে কর্ম্মটী সম্পন্ন করিয়া থাকি।

২। তানি হ বা এতানি সঙ্কল্পৈকায়নানি সঙ্কল্পাত্মকানি সংকল্পে প্রতিষ্ঠিতানি সমকৢপতাং দ্যাবাপৃথিবী সমকল্পেতাং বায়ুশ্চাকাশং চ সমকল্পন্তাপশ্চ তেজশ্চ তেষাং সংকৢপ্ত্যৈ বর্ষং সংকল্পতে বর্ষস্য সংকৢপ্ত্যা অন্নং সংকল্পতেঽন্নস্য সংকৢপ্ত্যৈ প্রাণাঃ সংকল্পন্তে প্রাণানাং সংকৢপ্ত্যৈ মন্ত্রাঃ সংকল্পন্তে মন্ত্রাণাং সংকৢপ্ত্যৈ কর্ম্মাণি সংকল্পন্তে কর্ম্মণাং সংকৢপ্ত্যৈ লোকঃ সংকল্পতে লোকস্য সংকৢপ্ত্যৈ সর্ব্বং সংকল্পতে স এষ সংকল্পঃ সংকল্পমুপাস্স্বেতি।

ব্যাখ্যা। তানি (পূর্ব্বোদিতানি) এতানি (মননাদীনি) হ বৈ (এব) সঙ্কল্পৈকায়নানি (সঙ্কল্পে এব বিলয়নশীলানি) সঙ্কল্পাত্মকানি (সঙ্কল্পাদেব জননশীলানি) সঙ্কল্পে প্রতিষ্ঠিতানি (তত্রৈব স্থিতিশীলানি ইত্যর্থঃ)। [তথা] দ্যাবাপৃথিবী (দ্যৌশ্চ পৃথিবী চ) সমকৢপতাং [নিশ্চলতয়া লক্ষ্যমাণত্বাৎ সঙ্কল্পং কৃত-

যন্তৌ ইব ইত্যর্থঃ], বায়ুশ্চ আকাশঞ্চ সমকল্পেতাং (নিশ্চলতয়া দৃশ্যমানত্বাৎ সঙ্কল্পং কৃতবন্তৌ ইব); [তথা] আপঃ (জলানি) চ তেজঃ চ সমকল্পন্ত। তেষাং (দ্যাবাপৃথিব্যাদীনাং) সংক্লৃপ্ত্যৈ (সঙ্কল্পনিমিত্তং) বর্ষং (বৃষ্টিঃ) সঙ্কল্পতে (কার্য্যসম্পাদনে সমর্থা ভবতি); [তথা] বর্ষস্য সংক্লৃপ্ত্যৈ অন্নং (শস্যাদিকং) সঙ্কল্পতে (কার্য্যযোগ্যং ভবতি); অন্নস্য সংক্লৃপ্ত্যৈ প্রাণাঃ সংকল্পতে (অন্নেন পুষ্টাঃ স্থিতিশীলাঃ ভবন্তি), প্রাণানাং সংক্লৃপ্ত্যৈ (সংকল্পাৎ) মন্ত্রাঃ সঙ্কল্পন্তে (উচ্চার্য্যন্তে). মন্ত্রাণাং সংক্লৃপ্ত্যৈ কর্ম্মাণি (যজ্ঞাদীনি) সংকল্পন্তে (ফলদানায় সমর্থানি ভবন্তি), কর্ম্মণাং সঙ্‌ক্লৃপ্ত্যৈ লোকঃ (স্বর্গাদিভোগভূমিঃ) সঙ্কল্পতে (সফলকর্ম্মণে যজমানায় ভোগপ্রদানে সমর্থঃ ভবতীত্যর্থঃ) লোকস্য সঙ্‌ক্লৃপ্ত্যৈ সর্ব্বং (জগৎ) সঙ্কল্পতে (অবৈকল্যেন তিষ্ঠতি) স এষঃ (যথোক্তমহিমঃ) সঙ্কল্পঃ; [অতঃ] সঙ্কল্পম্ উপাস্‌ব [ব্রহ্মবুদ্ধ্যেতি শেষঃ]।

অনুবাদ। আমাদের চিন্তাপ্রভৃতি মানসিক বৃত্তিনিচয়ের মূলও এই ইচ্ছাশক্তি বা সঙ্কল্প; তাহারা ইহা হইতেই উত্থিত হইতেছে, ইহারই মধ্যে স্থিতি লাভ করিতেছে, আবার অন্তিমকালে ইহাতেই বিলীন হইয়া যাইতেছে। বহির্জগতের দিকে দৃষ্টিপাত করিলে, সেখানেও এই ইচ্ছাশক্তিরই প্রভাব দেখিতে পাই।

ঊর্দ্ধে সমুন্নত দ্যুলোক, নিম্নে তাহার সুবিস্তৃতা ধরিত্রী; আর মধ্যে বায়ু, অগ্নি ও সলিলরাশি স্তরে স্তরে সজ্জিত; এই সমগ্রকে ব্যাপিয়া আবার অনন্ত নভোমণ্ডল নিত্য বিরাজিত। ইহারা প্রত্যেকেই যুগ যুগ ধরিয়া নীরবে নিজের কাজ করিয়া যাইতেছে। যেন ইহারা কোন একদিন দৃঢ়সঙ্কল্প করিয়াই এই কর্ম্মে প্রবৃত্ত হইয়াছে; তাই কিছুতেই আর ইহা হইতে বিরত হইতেছে না। ইহাদের কর্ম্মধারার অখণ্ডপ্রবাহে ঋতুচক্র ঘুরিতেছে; প্রাবৃটসমাগমে বৃষ্টিধারা অবিশ্রান্ত ঝরিয়া ধরণীতল সিক্ত করিতেছে; তাহাতে ধান্য-ধনে পৃথ্বীতল ভরিয়া উঠিতেছে; সেই অন্ন ভক্ষণ করিয়া জগতের জীব-নিবহ নিত্য প্রাণশক্তি লাভ করিতেছে; তাহারই শক্তিতে শক্তিমান্ হইয়া তাহারা মন্ত্রোচ্চারণ করিয়া যজ্ঞানুষ্ঠানে সমর্থ হইতেছে; তাহারই ফলে স্বর্গাদি-লোক সকল লাভ করিতেছে। এইরূপে এক সঙ্কল্প-বলেই বিপুল বিশ্ব নিত্য নিয়ন্ত্রিত হইতেছে। অতএব এই মহিমান্বিত সঙ্কল্পকে—ইচ্ছাশক্তিকে, তুমি ব্রহ্ম-জ্ঞানেই উপাসনা করিবে।

৩। স যঃ সঙ্কল্পং ব্রহ্মেত্যুপাস্তে কৢপ্তান্ বৈ স লোকান্ ধ্রুবান্ ধ্রুবঃ প্রতিষ্ঠিতান্ প্রতিষ্ঠিতোঽব্যথমানানব্যথমানোঽভিসিধ্যতি। যাবৎ সঙ্কল্পস্য গতং তত্রাস্য যথাকামচারো ভবতি যঃ সঙ্কল্পং ব্রহ্মেত্যুপাস্তে ঽস্তি ভগবঃ সঙ্কল্পাদ্ভূয় ইতি সঙ্কল্পাদ্বাব ভূয়োঽস্তীতি তন্মে ভগবান্ ব্রবীত্বিতি।

ইতি চতুর্থঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। সঃ যঃ সঙ্কল্পং ব্রহ্মেতি (ব্রহ্মবুদ্ধ্যা) উপাস্তে, সঃ (উপাসকঃ), ধ্রুবঃ (অত্যন্তধ্রুবাপেক্ষয়া স্থিরঃ) প্রতিষ্ঠিতঃ (আত্মীয়োপকরণসম্পন্নঃ) অব্যথমানঃ (রিপুভয়বিরহিতঃ) [চ সন্] ধ্রুবান্ (আপেক্ষিকনিত্যান্), প্রতিষ্ঠিতান্ (উপকরণসম্পন্নান্), অব্যথমানান্ (রিপুভয়রহিতান্) কৢপ্তান্ (তদর্থং ধাত্রা নির্দ্দিষ্টান্) লোকান্ অভিসিধ্যতি (অভিপ্রাপ্নোতি), [তথা] যাবৎ সঙ্কল্পস্য গতং (গোচরং) তত্র (সঙ্কল্পবিষয়ে) অস্য (উপাসকস্য) যথাকামচারঃ (যথেচ্ছম্ অধিকারঃ) ভবতি যঃ সঙ্কল্পং ব্রহ্মেতি (ব্রহ্মবুদ্ধ্যা) উপাস্তে, ইতি খণ্ডোপসংহারায় দ্বিরুক্তিঃ। [নারদঃ জিজ্ঞাসিতবান্] ভগবঃ, সঙ্কল্পাৎ ভূয়ঃ অস্তি? ইতি। [সনৎকুমার উবাচ] সঙ্কল্পাৎ বাব (এব) ভূয়ঃ অস্তি। [নারদঃ আহ] ভগবান্ তৎ মে ব্রবীতু ইতি।৩

অনুবাদ। যে ব্যক্তি ইচ্ছাশক্তি অর্থাৎ সঙ্কল্পকে ব্রহ্মজ্ঞানে ভাবনা করেন, তিনি নিজে চির-জীবী ও নির্ভীক হইয়া এবং বিবিধ সুখের সামগ্রী-সম্ভারে পরিবেষ্টিত থাকিয়াও রিপুভয়বিরহিত, নিত্য নব নব সুখের আগার, বিধাতৃনির্দ্দিষ্ট ধ্রুবলোকেই আশ্রয়-স্থান লাভ করিয়া থাকেন। ইচ্ছাশক্তির বিষয়ীভূত নিখিল পদার্থেই তাঁহার যথেচ্ছ অধিকার স্থাপিত হয়। নারদ বলিলেন,—"দেব, আমি জিজ্ঞাসা করিতেছি, এই ইচ্ছাশক্তি হইতেও বড় কিছু আছে কি?" সনৎকুমার বলিলেন,—"আছে বৈ কি? এই ইচ্ছাশক্তি হইতেও তো শ্রেষ্ঠ পদার্থ দেখিতে পাওয়া যায়। নারদ বলিলেন, "তবে আমাকে দেব, তাহাই বলুন।"

চতুর্থ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

পঞ্চমঃ খণ্ডঃ।

১। চিত্তং বাব সঙ্কল্পাদ্ভূয়ো যদা বৈ চেতয়তেঽথ

সঙ্কল্পয়তেঽথ মনস্যত্যথ বাচমীরয়তি তামু নাম্নীরয়তি নাম্নি মন্ত্রা একং ভবন্তি মন্ত্রেষু কর্ম্মাণি।

ব্যাখ্যা। চিত্তং (মনসঃ অতীতানাগতবিষয়প্রয়োজননিরূপণসামর্থ্যং) বাব সঙ্কল্পাৎ ভূয়ঃ। যদা বৈ (যস্মিন্নেব কালে) [পুরুষঃ, ইদং বস্তু এবং প্রাপ্তুমিতি] চেতয়তে (বুধ্যতে), অথ (চেতনানন্তরং) সঙ্কল্পয়তে (কর্ত্তব্যনিরূপণে দৃঢ়নিশ্চয়ঃ ভবতি) অথ (অনন্তরং) মনস্যতি (চিন্তয়তি), অথ বাচম্ ঈরয়তি (শব্দোচ্চারণে প্রবৃত্তঃ ভবতি), তাং (বাচং) উ নাম্নি ঈরয়তি (নাম্না যোজয়তি); নাম্নি (শব্দসামান্যে) মন্ত্রাঃ (শব্দবিশেষাঃ) একং ভবন্তি (তত্রৈব অন্তর্ভবন্তি) [তথা] মন্ত্রেষু কর্ম্মাণি [একং ভবন্তি] [মন্ত্রোচ্চারণপূর্ব্বকং হি কর্ম্মাণ্যনুষ্ঠীয়ন্তে ইত্যর্থঃ]।

অনুবাদ। তখন সনৎকুমার বলিতে লাগিলেন, দেখ, ইচ্ছাশক্তি হইতে আমাদের মনের যে পূর্ব্বাপর বিচার করিয়া নির্দ্ধারণ করিবার ক্ষমতা তাহাই বড়; কারণ দেখা যায়, কেহ কিছু করিতে হইলে আগে তাহা পূর্ব্বাপর বিচার করিয়া দেখে; তাহার পর সেই বিষয়ে তাহার ইচ্ছা হয়; ইচ্ছা হইলে পর তবে উহা কেমন করিয়া করিলে

ভাল হইবে, তাহা চিন্তা করিতে থাকে। তাহার পর কথায় তাহা প্রকাশ করে। প্রথমতঃ সাধারণ শব্দ দ্বারা নির্দ্দেশ করিয়া পরে বিশেষ শব্দ উচ্চারণপূর্ব্বক তবে কর্ম্মটী নিষ্পন্ন করে।

২। তানি হ বা এতানি চিত্তৈকায়নানি চিত্তাত্মানি চিত্তে প্রতিষ্ঠিতানি তস্মাদ্ যদ্যপি বহুবিদচিত্তো ভবতি নায়মস্তীত্যেবৈনমাহুর্যদয়ং বেদ যদ্বা অয়ং বিদ্বান্নেত্থমচিত্তঃ স্যাদিতি। অথ যদ্যল্পবিচ্চিত্তবান্ ভবতি তস্মা এবোত শুশ্রূষন্তে চিত্তং হ্যেবৈষামেকায়নং চিত্তমাত্মা চিত্তং প্রতিষ্ঠা চিত্তমুপাস্বেতি।

ব্যাখ্যা। তানি (পূর্ব্বোদিতানি) হ বৈ (এব) এতানি (সঙ্কল্পাদীনি) চিত্তৈকায়নানি (চিত্তে এব বিলয়নশীলানি) চিত্তাত্মকানি (তত এব জননশীলানি) চিত্তে (স্থিতিকালে তত্রৈব) প্রতিষ্ঠিতানি। তস্মাৎ যদি বহুবিদ্ (বহুশাস্ত্রাভিজ্ঞঃ) অপি অচিত্তঃ (প্রাপ্তাদিচেতয়িতৃসামর্থ্যবিরহিতঃ ভবতি) [তর্হি] অয়ং (অচিত্তঃ জনঃ) ন অস্তি (বিদ্যমানোঽপি অসৎসম এব) ইতি এব এনম্ আহুঃ [জনা ইতি শেষঃ]। যৎ (যদি) অয়ং (জনঃ) বেদ (কিঞ্চিৎ শাস্ত্রাদি অধীতবান্) যৎ (যদি) বৈ অয়ং বিদ্বান্ [স্যাৎ], [তদা] ইত্থং (ঈদৃক্)

অচিত্তঃ ন স্যাৎ। অথ (পক্ষান্তরে) যদি অল্পবিৎ চিত্তবান্ ভবতি, তস্মৈ (চিত্তবতে) এব শুশ্রূষন্তে (তদুক্তার্থগ্রহণায় এব শ্রোতুমিচ্ছন্তি)। হি (যতঃ) চিত্তমেব এষাং (সঙ্কল্পাদীনাং) একায়নং (লয়ভূমিঃ), চিত্তম্ আত্মা (স্থিতিকারণং) চিত্তং প্রতিষ্ঠা চ [অতঃ] চিত্তম্ উপাস্স্ব।

অনুবাদ। আমাদের চিন্তা, ইচ্ছা প্রভৃতি মানসিক বৃত্তিগুলির প্রতিষ্ঠাভূমিও এই পূর্ব্বাপর অনুসন্ধান করিয়া বিচার করিবার ক্ষমতা। তাহারা ইহা হইতেই উত্থিত হইতেছে, ইহারই উপর প্রতিষ্ঠিত রহিয়াছে, আবার অন্তিমকালে ইহাতেই বিলীন হইয়া যাইতেছে। সেইজন্য কেহ যদি বহুবিষয়ে অভিজ্ঞ হইয়াও এই বিচারণাশক্তি-শূন্য হন, তাহা হইলে লোকে তাঁহাকে নিশ্চয়ই বলিয়া থাকে যে, "ও লোক থাকিয়াও নাই। ও লোক যদি কিছু জানিত, যদি সত্য সত্যই বিদ্বান্ হইত, তাহা হইলে কখনই এমন পূর্ব্বাপর বিচার করিয়া বুঝিবার শক্তি হারাইত না।" আর যদি কেহ বিশেষ কিছু না জানিয়াও পূর্ব্বাপর সামঞ্জস্য রাখিয়া বলিতে পারে, বিচারণশক্তিশূন্য না হয়,

চবে লোকে তাহার কথা শুনিতে ইচ্ছা করে। এই চিত্ত অর্থাৎ বিচারণাশক্তিই ইচ্ছাপ্রভৃতি অন্যান্য মানসিকশক্তিগুলির একমাত্র প্রলয়ভূমি; ইহাদের প্রতিষ্ঠাভূমিও উহাই; উহাই আবার ইহাদের স্বরূপ।

৩। স যশ্চিত্তং ব্রহ্মেত্যুপাস্তে চিত্তান্ বৈ স লোকান্ ধ্রুবান্ ধ্রুবঃ প্রতিষ্ঠিতান্ প্রতিষ্ঠিতোঽব্যথমানানব্যথমানোঽভিসিধ্যতি যাবচ্চিত্তস্য গতং তত্রাস্য যথাকামচারো ভবতি, যশ্চিত্তং ব্রহ্মেত্যুপাস্তেঽস্তি ভগবশ্চিত্তাদ্ভূয় ইতি. চিত্তাদ্ বাব ভূয়োঽস্তীতি তন্মে ভগবান্ ব্রবীত্বিতি।

ইতি পঞ্চমঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। সঃ যঃ (কশ্চিৎ) চিত্তং ব্রহ্মেতি উপাস্তে, সঃ (উপাসকঃ) [স্বয়ং] ধ্রুবঃ প্রতিষ্ঠিতঃ অব্যথমানশ্চ [সন্] ধ্রুবান্ প্রতিষ্ঠিতান্ অব্যথমানান্ [চ] চিত্তান্ (বুদ্ধিমদ্গুণৈঃ-রুপচিতান্) লোকান্ (ভোগভূমীঃ) অভিসিধ্যতি (প্রাপ্নোতি); চিত্তস্য যাবৎ গতং (গোচরং) অস্য (উপাসকস্য) তত্র (বিষয়ে) যথাকামচারঃ ভবতি। যঃ চিত্তং ব্রহ্মেতি উপাস্তে ইতি বিরক্তিঃ

খণ্ডোপসংহারায়। [নারদঃ জিজ্ঞাসয়ামাস] ভগবঃ, চিত্তাৎ ভূয়ঃ অস্তি? ইতি। [সনৎকুমারশ্চোত্তরং দদৌ] চিত্তাৎ বাব ভূয়ঃ অস্তি ইতি। [নারদঃ আহ] ভগবান্ তৎ মে ব্রবীতু ইতি।

অনুবাদ। "যে ব্যক্তি এই চিত্ত অর্থাৎ বিচারণাশক্তিকেই ব্রহ্মজ্ঞানে উপাসনা করেন, তিনি নিজেও চিরজীবী ও নির্ভীক হইয়া বিবিধ সুখকর সামগ্রী-সম্ভারে পরিবেষ্টিত থাকিয়াই শত্রুভয়শূন্য, নিত্য নব নব সুখের আগার স্বকর্ম্মসংগৃহীত ধ্রুব লোক প্রাপ্ত হন। এই বিচারণাশক্তির বিষয়ীভূত নিখিল পদার্থেই তাঁহার যথেচ্ছ অধিকার স্থাপিত হয়।" নারদ জিজ্ঞাসা করিলেন; 'দেব, এই বিচারণা-শক্তি হইতেও বড় কিছু আছে কি?' সনৎকুমার বলিলেন—'হাঁ, এই ইচ্ছাশক্তি হইতেও শ্রেষ্ঠ বস্তু রহিয়াছে বৈ কি?' নারদ বলিলেন, 'তবে দেব, আমাকে তাহাই বলুন।'

পঞ্চম খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

ষষ্ঠঃ খণ্ডঃ।

১। ধ্যানং বাব চিত্তাদ্ভূয়ো ধ্যায়তীব পৃথিবী ধ্যায়তীবান্তরিক্ষং ধ্যায়তীব দ্যৌর্ধ্যায়ন্তীবাপো ধ্যায়ন্তীব পর্ব্বতা ধ্যায়ন্তীব দেবমনুষ্যাস্তস্মাদ্য ইহ মনুষ্যাণাং মহত্তাং প্রাপ্নুবন্তি ধ্যানাপাদাংশা ইবৈব তে ভবন্ত্যথ যেঽল্পাঃ কলহিনঃ পিশুনা উপবাদিনস্তেঽথ যে প্রভবো ধ্যানাপাদাংশা ইবৈব তে ভবন্তি ধ্যানমুপাস্স্বেতি।

ব্যাখ্যা। ধ্যানং (চিত্তৈকাগ্রতা) বাব চিত্তাৎ (পূর্ব্বোদিতাৎ) ভূয়ঃ। [দৃশ্যতে চ] পৃথিবী ধ্যায়তীব, অন্তরিক্ষং ধ্যায়তীব, দ্যৌঃ (দ্যুলোকঃ) ধ্যায়তীব, আপঃ (জলানি) ধ্যায়ন্তীব পর্ব্বতাঃ ধ্যায়ন্তীব। [নিশ্চলতয়া লক্ষ্যমাণত্বাদেষাং ধ্যানং যোগিবদুৎপ্রেক্ষ্যতে] [তথা] দেবমনুষ্যাঃ (দেবাশ্চ মনুষ্যাশ্চ) ধ্যায়ন্তীব। তস্মাৎ ইহ (জগতি) যে (জনাঃ) মনুষ্যাণাং [মধ্যে] মহত্তাং (ধনাদিনিমিত্তং মহত্বং) প্রাপ্নুবন্তি (লভন্তে); তে (জনাঃ) ধ্যানাপাদাংশাঃ (ধ্যানফলাংশমাত্রভাগিনঃ) ইব (এব) ভবন্তি; অথ (পক্ষান্তরং সূচয়তি) যে অল্পাঃ (ধ্যানফলস্য অল্পাংশমাত্রভাগিনঃ) তে কলহিনঃ (কলহশীলাঃ) পিশুনাঃ (পরদোষাবিষ্কারকাঃ) উপবাদিনঃ (পরসমীপে পরদোষকথকাঃ) [ভবন্তি ইতি শেষঃ]। অথ (পক্ষান্তরে) যে প্রভবঃ (ধনাদিনিমিত্তং মহত্ত্বগুণবিশিষ্টাঃ প্রভাববন্তঃ) তে ধ্যানাপাদাংশা ইব (ধ্যান-

কলাংশভাগিনঃ ইব) এব (নিশ্চয়ে) ভবন্তি ; [অতএব] ধ্যানম্ উপাসস্ব [ব্রহ্মবুদ্ধ্যা ইতি শেষঃ] ।

অনুবাদ। চিত্তের বিচারণা শক্তি অপেক্ষা তাহার ধ্যান বা একাগ্রতাশক্তিই বড়। ঊর্দ্ধে ঐ দ্যোতমান দ্যুলোক, নিম্নে এই ধনধান্যময়ী ধরণী, অনুক্ষণ কল্লোলময় এই বিপুল বারিরাশি, ঊর্দ্ধোন্মুখী ঐ পর্ব্বতমালা, ঐ দিগন্তপ্রসারী অনন্ত নভোমণ্ডল — এ সমস্তই যেন যোগনিরত যোগীর মত নিশ্চল হইয়া ধ্যানই করিতেছে। সেইরূপ দেবতা ও মনুষ্যগণও যেন তাহার ধ্যানই করিতেছে। মানব-সমাজের মধ্যে যাঁহারা ধনে ও জ্ঞানে শ্রেষ্ঠ পদবী লাভ করেন, তাঁহারা যেন এই ধ্যানফলেরই অংশভাগী হইয়া থাকেন। ধ্যানের দ্বারা, চিত্তের এই একাগ্রতা শক্তির দ্বারাই তাঁহারা জগদ্বরেণ্য হন,—বিশ্ববাসীর প্রভু হইয়া উঠেন। আর যাহারা চঞ্চলপ্রকৃতির, একাগ্র হইয়া কাজ করিবার ক্ষমতা যাহাদের নাই, তাহারা ক্ষুদ্র, ধনার্জ্জনে ও জ্ঞানার্জ্জনে অসমর্থ হইয়া বিশ্বের বিপুল তুচ্ছতাকেই তাহারা শির পাতিয়া লয়।

ঈর্ষা, স্তুতি ও কলহ করাই তাহাদের জীবনের এক মাত্র কর্ম হইয়া দাঁড়ায়। অতএব এই ধ্যানকে—চিত্তের এই একাগ্রতাশক্তিকে—ব্রহ্মজ্ঞানে উপাসনা করিবে।

২। স যো ধ্যানং ব্রহ্মেত্যুপাস্তে যাবদ্ধ্যানস্য গতং তত্রাস্য যথাকামচারো ভবতি যো ধ্যানং ব্রহ্মেত্যুপাস্তেঽস্তি ভগবো ধ্যানাদ্ভূয় ইতি ধ্যানাদ্ বাব ভূয়োঽস্তীতি তন্মে ভগবান্ ব্রবীত্বিতি।

ইতি ষষ্ঠঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। সঃ যঃ (কশ্চিৎ) ধ্যানং ব্রহ্মেতি উপাস্তে ধ্যানস্য যাবৎ গতং (গোচরং) তত্র অস্য (উপাসকস্য) যথাকামচারঃ (যথেচ্ছম্ অধিকারঃ) ভবতি, যো ধ্যানং ব্রহ্মেতি উপাস্তে ইতি দ্বিরুক্তিরুপসংহারার্থা। ভগবঃ, ধ্যানাৎ ভূয়ঃ অস্তি ইতি [নারদস্য পৃচ্ছা] ধ্যানাদ্ ভূয়ঃ অস্তি বাব ইতি [সনৎকুমারস্য উত্তরং], ভগবান্ মে তৎ ব্রবীতু ইতি (নারদস্য পুনঃ প্রার্থনা)।

অনুবাদ। যিনি এই ধ্যানকে ব্রহ্মজ্ঞানে উপাসনা করেন, তিনি ইহার অধিকৃত প্রদেশে, যথেচ্ছ স্বাধীনতা লাভ করেন। নারদ জিজ্ঞাসা করিলেন,

প্রভু, এই ধ্যান হইতেও বড় কিছু আছে না কি? সনৎকুমার বলিলেন ধ্যান হইতেও বড় আছে বৈ কি; নারদ বলিলেন, তবে দেব, আমাকে তাহাই বলুন।

ষষ্ঠ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত

সপ্তমঃ খণ্ডঃ।

১। বিজ্ঞানং বাব ধ্যানাদ্ভূয়ো বিজ্ঞানেন বা ঋগ্বেদং বিজানাতি যজুর্ব্বেদং সামবেদমাথর্ব্বণং চতুর্থমিতিহাসপুরাণং পঞ্চমং বেদানাং বেদং পিত্র্যং রাশিং দৈবং নিধিং বাকোবাক্যমেকায়নং দেববিদ্যাং ব্রহ্মবিদ্যাং ভূতবিদ্যাং ক্ষত্রবিদ্যাং নক্ষত্রবিদ্যাং সর্পদেবজনবিদ্যাং দিবং চ পৃথিবীং চ বায়ুং চাকাশং চাপশ্চ তেজশ্চ দেবাংশ্চ মনুষ্যাংশ্চ পশূংশ্চ বয়াংসি চ তৃণবনস্পতীঞ্ছ্বাপদান্যাকীটপতঙ্গপিপীলকং ধর্ম্মং চাধর্ম্মং চ সত্যং চানৃতং চ সাধু চাসাধু চ হৃদয়জ্ঞং চাহৃদয়জ্ঞং চান্নং চ রসং চেমং চ লোকমমুং চ বিজ্ঞানেনৈব বিজানাতি বিজ্ঞানমুপাস্স্বেতি।

ব্যাখ্যা। বিজ্ঞানং (শাস্ত্রার্থবিষয়কং জ্ঞানং) বাব ধ্যানাৎ (উক্তলক্ষণাৎ) ভূয়ঃ, বিজ্ঞানেন বৈ (এব) ঋগ্বেদং বিজানাতি; [তথা] যজুর্ব্বেদং, সামবেদং, চতুর্থম্ আথর্ব্বণম্, পঞ্চমম্ ইতিহাস পুরাণং, বেদানাং বেদং, পিত্র্যং, রাশিং, দৈবং, নিধিং, বাকোবাক্যং, একায়নং, দেববিদ্যাং, ব্রহ্মবিদ্যাং, ভূতবিদ্যাং, ক্ষত্রবিদ্যাং, নক্ষত্রবিদ্যাং, সর্পদেবজনবিদ্যাং, দিবং চ, পৃথিবীং চ, বায়ুং চ, আকাশং চ, আপশ্চ, তেজশ্চ, দেবাংশ্চ, মনুষ্যাংশ্চ, পশূন্ চ, বয়াংসি চ, তৃণবনস্পতীন্, শ্বাপদানি, আকীটপতঙ্গপিপীলকং, ধর্ম্মং চ, অধর্ম্মং চ, সাধু চ, অসাধু চ, হৃদয়জ্ঞং চ, অহৃদয়জ্ঞং চ, [এতানি পদানি আনাদেব ব্যাখ্যাতানি ইতি ন পুনর্ব্যাখ্যাতানি] অন্নং চ, রসং চ, ইমং চ লোকং, অমুং চ লোকং, বিজ্ঞানেন এব (শাস্ত্রার্থজ্ঞানেনৈব) বিজানাতি। [অতএব] বিজ্ঞানং উপাস্স্ব (ব্রহ্মবুদ্ধ্যা) ইতি।

অনুবাদ। তখন সনৎকুমার বলিলেন, "দেখ, শাস্ত্রবিষয়ক জ্ঞানকেই ধ্যান অপেক্ষা শ্রেষ্ঠ বলিতে হইবে। কারণ এই শাস্ত্রজ্ঞান দ্বারাই আমরা বেদ, পুরাণ, ইতিহাস ও বিবিধ শাস্ত্র বা বিদ্যা সমস্তই জানিতে পারি; এমন কি ইহার দ্বারা এই ভূলোক, দ্যুলোক, অন্তরীক্ষলোক, জল, বায়ু, অগ্নি, ধর্ম্ম,

অধর্ম্ম, মানুষ, পশু পক্ষী, কীট, পতঙ্গ, পিপীলিকাপর্য্যন্ত জগতের নিখিল বস্তুই আমরা জানিয়া থাকি। অতএব এই বিজ্ঞানকে—শাস্ত্রার্থজ্ঞানকেই ব্রহ্ম মনে করিয়া উপাসনা করিবে।

২। স যো বিজ্ঞানং ব্রহ্মেত্যুপাস্তে বিজ্ঞানবতো বৈ স লোকাঞ্জ্ঞানবতোঽভিসিধ্যতি যাবদ্বিজ্ঞানস্য গতং তত্রাস্য যথাকামচারো ভবতি যো বিজ্ঞানং ব্রহ্মেত্যুপাস্তেঽস্তি ভগবো বিজ্ঞানাদ্ভূয় ইতি বিজ্ঞানাদ্বাব ভূয়োঽস্তীতি তন্মে ভগবান্ ব্রবীত্বিতি।

ইতি সপ্তমঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। সঃ যঃ (কশ্চিৎ জনঃ) বিজ্ঞানং ব্রহ্ম ইতি উপাস্তে, সঃ (উপাসকঃ) বিজ্ঞানবতঃ, জ্ঞানবতশ্চ লোকান্ অভিসিধ্যতি (প্রাপ্নোতি)। [তথা] বিজ্ঞানস্য যাবৎ গতং, তত্র অস্য (উপাসকস্য) কামচারঃ (যথেচ্ছম্ অধিকারঃ) ভবতি। যঃ বিজ্ঞানং ব্রহ্মেতি উপাস্তে ইতি [পূর্ব্ববদ্ বিবৃতিঃ] [নারদঃ জিজ্ঞাসয়ামাস] ভগবঃ, বিজ্ঞানাৎ ভূয়ঃ অস্তি ইতি? [সনৎকুমারঃ আহ] বিজ্ঞানাৎ বাব ভূয়ঃ অস্তি। [নারদ উবাচ] তৎ মে (মহ্যং) ব্রবীতু ইতি।

অনুবাদ। যিনি এই বিজ্ঞানকে ব্রহ্মজ্ঞানে উপাসনা করেন, তিনি জ্ঞান ও বিজ্ঞানবিশিষ্ট লোকসমূহ লাভ করেন এবং বিজ্ঞানের বিষয়ীভূত পদার্থনিচয়ে তাঁহার যথেচ্ছ অধিকার স্থাপিত হয়। নারদ জিজ্ঞাসা করিলেন, ভগবন্, বিজ্ঞান হইতেও কিছু বড় আছে না কি? সনৎকুমার উত্তর করিলেন, হাঁ বিজ্ঞান হইতেও বড় আছে বৈ কি। নারদ বলিলেন, তবে দেব, আমাকে তাহাই বলুন।

সপ্তম খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

অষ্টমঃ খণ্ডঃ।

১। বলং বাব বিজ্ঞানাদ্ভূয়োঽপি হ শতং বিজ্ঞানবতামেকো বলবানাকম্পয়তে স যদা বলী ভবত্যথোত্থাতা ভবত্যুত্তিষ্ঠন্ পরিচরিতা ভবতি পরিচরন্নুপসত্তা ভবত্যুপসীদন্দ্রষ্টা ভবতি শ্রোতা ভবতি মন্তা ভবতি বোদ্ধা ভবতি কর্তা ভবতি বিজ্ঞাতা ভবতি বলেন বৈ পৃথিবী তিষ্ঠতি বলেনান্তরিক্ষং বলেন

দ্যৌর্বলেন পর্বতা বলেন দেবমনুষ্যা বলেন পশবশ্চ বয়াংসি চ তৃণবনস্পতয়ঃ শ্বাপদান্যাকীটপতঙ্গপিপীলকং বলেন লোকস্তিষ্ঠতি বলমুপাস্স্বেতি।

ব্যাখ্যা। বলং (অন্নভক্ষণজনিতং মনসো বিজ্ঞানে প্রতিভানসামর্থ্যং) বাব বিজ্ঞানাৎ ভূয়ঃ; হ (যস্মাৎ) একঃ বলবান্ (অন্নাদিপ্রাণী) বিজ্ঞানবতাং (বুদ্ধিজীবিনাং মানবানাং) শতম্ আকম্পয়তে। সঃ (পুরুষঃ) যদা বলী ভবতি, অথ (তদা) উত্থাতা (উত্থানশীলঃ উদ্যোগশীল ইত্যর্থঃ) ভবতি; উত্তিষ্ঠন্ চ পরিচরিতা (গুরুশুশ্রূষায়াঃ কর্তা) ভবতি; পরিচরন্ উপসত্তা (সমীপগঃ প্রিয় ইত্যর্থঃ) ভবতি, উপসীদন্ (সামীপ্যং গচ্ছন্) দ্রষ্টা ভবতি (গুরোর্দর্শনং লভতে), [ততঃ] শ্রোতা (গুরূপদেশগ্রহীতা) ভবতি, মন্তা (তদুপদেশস্য মননশীলঃ) ভবতি, বোদ্ধা (তদর্থানুভবকর্তা) ভবতি; কর্তা (তত উপদেশানুরূপকর্মানুষ্ঠাতা চ) ভবতি; বলেন বৈ (এব) পৃথিবী তিষ্ঠতি, [তথা] বলেন অন্তরিক্ষং, বলেন দ্যৌঃ, বলেন পর্বতাঃ, বলেন দেবমনুষ্যাঃ, বলেন পশবশ্চ বয়াংসি (পক্ষিণঃ) চ তৃণবনস্পতয়ঃ, শ্বাপদানি আকীটপতঙ্গপিপীলকং [তিষ্ঠন্তীতি শেষঃ]। [তথা] বলেন লোকঃ (স্বর্গাদিভোগভূমিঃ) তিষ্ঠতি; [অতঃ] বলম্ উপাস্স্ব ইতি।

অনুবাদ। মানসিক শারীরিক ও প্রাকৃতিক

এই ত্রিবিধ বলই উক্ত বিজ্ঞান হইতে শ্রেষ্ঠ; কারণ দেখা যায়, একটী মাত্র বলবান্ মত্ত হস্তী শত শত বুদ্ধিমান্ মনুষ্যকে কম্পিত করিয়া তুলে। মানুষও যখন আহার করিয়া শক্তিসম্পন্ন হয়, তখনই সে উদ্যমশীল হইয়া গুরুপ্রভৃতির পরিচর্য্যা করিতে সমর্থ হয়; পরিচর্য্যায় সমর্থ হইলে সে তাঁহাদের নিকট গমন করিয়া তাঁহাদের দর্শন লাভ করে। তাহার পর শুশ্রূষার দ্বারা সন্তুষ্ট করিয়া সে তাঁহাদের মুখ হইতে শাস্ত্রীয় উপদেশসকল শ্রবণ করে; দিবা রাত্রি ধরিয়া সে সেইগুলি মনন করিয়া তাহাদের যথার্থ অর্থটী হৃদয়ঙ্গম করিতে সমর্থ হয়; তখন তাহার অনুষ্ঠান করিয়া তবে সেই অনুষ্ঠানের ফল লাভ করিয়া থাকে। আর দ্যুলোক, ভূলোক ও অন্তরীক্ষলোক এবং পর্ব্বতমালাও এই বলের দ্বারাই অবস্থান করিতেছে; বলের দ্বারাই দেবতা, মনুষ্য, পশু, পক্ষী, তৃণ, বনস্পতি, ব্যাঘ্রাদি হিংস্রপ্রাণী, কীট, পতঙ্গ, পিপীলিকা স্বর্গাদি ভোগভূমি সমস্তই বিধৃত হইয়া অবস্থান করিতেছে; অতএব বলকে ব্রহ্মজ্ঞানে উপাসনা করিবে।

২। স যো বলং ব্রহ্মেত্যুপাস্তে যাবদ্বলস্য গতং তত্রাস্য যথাকামচারো ভবতি যো বলং ব্রহ্মেত্যুপাস্তে-ঽস্তি ভগবো বলাদ্ভূয় ইতি বলাদ্বাব ভূয়োঽস্তীতি তন্মে ভগবান্ ব্রবীত্বিতি।

ইত্যষ্টমঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। সঃ যঃ (কশ্চিৎ) বলং ব্রহ্ম ইতি (ব্রহ্মজ্ঞানেন) উপাস্তে; বলস্য যাবৎ গতং, অস্য (উপাসকস্য) তত্র যথা-কামচারঃ ভবতি। যঃ বলং ব্রহ্মেতি উপাস্তে [ইতি খণ্ডোপ-সংহারায় দ্বিরুক্তিঃ]। [নারদঃ পপ্রচ্ছ] ভগবঃ, বলাৎ ভূয়ঃ অস্তি? ইতি। [সনৎকুমার আহ] বলাৎ বাব ভূয়ঃ অস্তি। তৎ মে ভগবান্ ব্রবীতু ইতি।

অনুবাদ। যিনি বলকে ব্রহ্মজ্ঞানে উপাসনা করেন, তিনি তাহার অধিকৃত প্রদেশে যথেচ্ছ স্বাধীনতা লাভ করেন। নারদ জিজ্ঞাসা করিলেন, দেব, বল হইতেও শ্রেষ্ঠ আর কিছু আছে কি? সনৎকুমার উত্তর করিলেন, হাঁ বল হইতেও শ্রেষ্ঠ আছে বৈ কি। নারদ বলিলেন, তবে দেব, আমাকে তাহাই বলুন।

অষ্টম খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

নবমঃ খণ্ডঃ।

১। অন্নং বাব বলাদ্ভূয়স্তস্মাদ্ যদ্যপি দশরাত্রী-র্নাশ্নীয়াদ্‌যদ্যুহ জীবেদথবাঽদ্রষ্টাঽশ্রোতাঽমন্তাঽবোদ্ধা-ঽকর্ত্তাঽবিজ্ঞাতা ভবত্যথান্নস্যায়ৈ দ্রষ্টা ভবতি শ্রোতা ভবতি মন্তা ভবতি বোদ্ধা ভবতি কর্ত্তা ভবতি বিজ্ঞাতা ভবত্যন্নমুপাস্স্বেতি।

ব্যাখ্যা। অন্নং বাব বলাৎ ভূয়ঃ (বলহেতুত্বাৎ তস্য ইতি ভাবঃ]; [যস্মাৎ বলকারণমন্নম্] তস্মাৎ যদি দশ রাত্রীঃ অপি [ব্যাপ্য] ন অশ্নীয়াৎ [তদা অন্নপযোগনিমিত্তস্য বলস্য হান্যা ন ম্রিয়েত]; অথবা যদ্যু (যদি) হ জীবেৎ, [তথাপি] অদ্রষ্টা (শক্তিহানতয়া গুরুমপি দ্রষ্টুং ন সমর্থঃ ভবতি); [তথা] অশ্রোতা (গুরুদর্শনাভাবাৎ তদুপদেশশ্রবণেঽপি অশক্তঃ); অমন্তা (তদর্থবিচারণেঽপি অসমর্থঃ), অবোদ্ধা (তত এব তদর্থবিজ্ঞানেঽপি নষ্টসামর্থ্যঃ), অকর্ত্তা (তত এব কারণাৎ তদনুষ্ঠানেঽপি অসমর্থঃ) অবিজ্ঞাতা (ততঃ কারণাৎ অনুষ্ঠান-ফলানামপি অলব্ধা) ভবতি। অথ (পক্ষান্তরে) [পুরুষঃ যদা] অন্নস্য আয়ৈ (আয়ী—ভোক্তা ভবতীত্যর্থঃ) [তদা পূর্ব্ববদা-চার্য্যাণাং] দ্রষ্টা ভবতি, শ্রোতা ভবতি, মন্তা ভবতি, বোদ্ধা ভবতি, কর্ত্তা ভবতি, বিজ্ঞাতা ভবতি। [অতএব] অন্নম্ উপাস স্ব [ব্রহ্মবুদ্ধ্যা] ইতি।

অনুবাদ। সনৎকুমার বলিলেন, বল অপেক্ষা অন্নই শ্রেষ্ঠ; কারণ দেখা যায়, কেহ যদি দশ রাত্রি ধরিয়া কিছুই না খায়, তবে সে মরিয়া যায়; যদি বা বাঁচিয়া থাকে, তাহা হইলেও শক্তি না থাকায় গুরু বা আচার্যাদিগের নিকট গমন করিয়া তাঁহাদের দর্শন লাভ করিতে পারে না বলিয়া তাঁহাদের মুখ হইতে উপদেশ শুনিতে পায় না, সুতরাং তাহা চিন্তার দ্বারা হৃদয়ঙ্গম করিয়া অনুষ্ঠান করিবার সুযোগও পায় না বলিয়াই কোন ফলও লাভ করিতে পারে না। আর এই ব্যক্তিই যদি ঐ দীর্ঘ উপবাসের পর চারিটী অন্ন ভক্ষণ করিতে পায়, তাহা হইলে শরীরে বল পাইলেই সে আবার গুরুর দর্শন লাভ করিতে পারে, আবার তাঁহাদের সেই উপদেশবাণী শ্রবণ করিতে পায়, আবার তাহা মনন করিয়া হৃদয়ঙ্গম করিয়া অনুষ্ঠান করিবার সুযোগ পায়; সুতরাং তাহার ফলও লাভ করিয়া থাকে। অতএব এই অন্নকে ব্রহ্মজ্ঞানে উপাসনা করিবে।

২। স যোঽন্নং ব্রহ্মেত্যুপাস্তেঽন্নবতো বৈ স লোকান্‌পানবতোঽভিসিধ্যতি যাবদন্নস্য গতং তত্রাস্য যথাকামচারো ভবতি যোঽন্নং ব্রহ্মেত্যুপাস্তেঽস্তি ভগবোঽন্নাদ্ভূয় ইত্যন্নাদ্বাব ভূয়োঽস্তীতি তন্মে ভগবান্‌-ব্রবীত্বিতি।

ইতি নবমঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। সঃ যঃ (কশ্চিৎ) অন্নং ব্রহ্মেতি উপাস্তে, সঃ (উপাসকঃ) অন্নবতঃ পানবতঃ (প্রভূতোদকান্নযুতান্) লোকান্ অভিসিধ্যতি (প্রাপ্নোতি), অন্নস্য যাবৎ গতং, তত্র অস্য যথা-কামচারঃ ভবতি; যঃ অন্নং ব্রহ্মেতি উপাস্তে [ইতি দ্বিরুক্তি-রুক্তোপসংহারায়]। [নারদঃ আহ] অস্তি ভগবঃ, অন্নাদ্ ভূয়ঃ? ইতি [সনৎকুমার আহ] অন্নাদ্ বাব ভূয়ঃ অস্তি ইতি। [নারদঃ উবাচ] ভগবান্ মে (মহ্যং) তৎ (বস্তু) ব্রবীতু ইতি।

অনুবাদ। যে কোন ব্যক্তি ব্রহ্মজ্ঞানে অন্নের উপাসনা করেন, তিনিই প্রভূত অন্ন ও পানীয়-যুক্ত লোকসকল লাভ করিয়া থাকেন; যে পর্য্যন্ত অন্নের অধিকার সে পর্য্যন্ত তাঁহারও যথেচ্ছ অধিকার স্থাপিত হয়। নারদ পুনরায় জিজ্ঞাসা করিলেন; দেব,

অন্নের অপেক্ষাও অধিক কিছু আছে কি ? সনৎকুমার বলিলেন, হাঁ, অন্নের অপেক্ষাও অধিক আছে বৈ কি ? নারদ বলিলেন, তবে দেব, আমাকে ইহাই বলুন ।

নবম খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত ।

দশমঃ খণ্ডঃ ।

১। আপো বাবান্নাদ্ভূয়স্তস্মাদ্‌যদা সুবৃষ্টির্ন ভবতি ব্যাধীয়ন্তে প্রাণা অন্নং কনীয়ো ভবিষ্যতীত্যথ যদা সুবৃষ্টির্ভবত্যানন্দিনঃ প্রাণা ভবন্ত্যন্নং বহু ভবিষ্যতী-ত্যাপ এবেমা মূর্ত্তা যেয়ং পৃথিবী যদন্তরিক্ষং যদ্‌ দ্যৌর্যৎ পর্ব্বতা যদ্দেবমনুষ্যা যৎ পশবশ্চ বয়াংসি চ তৃণবনস্পতয়ঃ শ্বাপদান্যাকীটপতঙ্গপিপীলকমাপ এবেমা মূর্ত্তা অপ উপাস্স্বেতি ।

ব্যাখ্যা । আপঃ বাব (জলান্যেব) অন্নাদ্‌ ভূয়ঃ ; তস্মাৎ যদা সুবৃষ্টিঃ ন ভবতি, [তদা] অন্নং কনীয়ঃ (অল্পতরং) ভবিষ্যতীতি [মত্বা] প্রাণাঃ ব্যাধীয়ন্তে (দুঃখিনঃ ভবন্তি) ;

অথ যদা সুবৃষ্টিঃ ভবতি, [তদা] অন্নং বহু ভবিষ্যতি ইতি [মত্বা] প্রাণাঃ আনন্দিনঃ ভবন্তি। যা ইয়ং (দৃশ্যমানা) পৃথিবী, যৎ অন্তরিক্ষং যৎ (যা) দ্যৌঃ, যৎ (যে) পর্ব্বতাঃ, যৎ (যে) দেবমনুষ্যাঃ, যৎ (যে) পশবঃ চ বয়াংসি চ, তৃণ-বনস্পতয়ঃ, শ্বাপদানি, আকীটপতঙ্গপিপীলকং ইমাঃ (ইমে সর্ব্বে) মূর্ত্তাঃ (মূর্ত্ত্যাকারভেদপরিণতাঃ) আপঃ এব ; [অতঃ] অপঃ উপাস্স্ব ইতি।

• অনুবাদ। সনৎকুমার বলিলেন, জলই অন্ন অপেক্ষা শ্রেষ্ঠ ; তাই অনাবৃষ্টি হইলে দুর্ভিক্ষের আশঙ্কায় প্রাণিগণ বিষাদগ্রস্ত হয়, আর বেশ সুবৃষ্টি হইলে প্রভূত শস্যোৎপত্তির সম্ভাবনায় তাহারা আনন্দময় হয়। এই ধনধান্যময়ী সুবিস্তৃতা ধরণী, ঊর্দ্ধে ঐ দ্যোতমান দ্যুলোক, দিগন্তপ্রসারী ঐ অনন্ত নভোমণ্ডল, ব্যোমস্পর্শী উন্নত পর্ব্বতমালা, দেবতা, মনুষ্য, পশু, পক্ষী, তৃণ-বনস্পতি ব্যাঘ্রাদি-শ্বাপদ প্রাণী, কীট, পতঙ্গ, পিপীলিকা প্রভৃতি সমস্ত জলেরই বিকার ; জলই সংহত হইয়া মূর্ত্তি পরিগ্রহ করিয়া এই বিপুল বিশ্বরূপে বিকশিত হইয়া উঠিয়াছে, অতএব জলকে ব্রহ্ম মনে করিয়া উপাসনা করিবে।

২। স যোঽপো ব্রহ্মেত্যুপাস্তে আপ্নোতি সর্ব্বান্ কামাংস্তৃপ্তিমান্ ভবতি যাবদপাং গতং তত্রাস্য যথাকামচারো ভবতি যোঽপো ব্রহ্মেত্যুপাস্তেঽস্তি ভগবোঽদ্ভ্যো ভূয় ইত্যদ্ভ্যো বাব ভূয়োঽস্তীতি তন্মে ভগবান্ ব্রবীত্বিতি।

ইতি দশমঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। সঃ যঃ (কশ্চিৎ) অপঃ ব্রহ্মেতি উপাস্তে সঃ সর্বান্ কামান্ (ভোগান্) আপ্নোতি, তৃপ্তিমাংশ্চ ভবতি; অপাং যাবৎ গতং তত্রাস্য কামচারঃ ভবতি, যঃ অপঃ ব্রহ্মেতি উপাস্তে [ইতি দ্বিরুক্তিঃ পূর্ববৎ]। [নারদ আহ] ভগবঃ, অদ্ভ্যঃ ভূয়ঃ অস্তি? ইতি [সনৎকুমার উবাচ] অস্তি বাব অদ্ভ্যঃ ভূয়ঃ ইতি। [নারদ আহ] ভগবান্ তৎ মে (মহ্যং) ব্রবীতু ইতি।

অনুবাদ। যে কেহ জলকে ব্রহ্মজ্ঞানে উপাসনা করে, সেই প্রচুর ভোগ্য বস্তুর উপভোগে তৃপ্তিলাভ করিয়া থাকে। জলের অধিকৃত বিষয়সমূহে তাঁহার যথেচ্ছ অধিকার হইয়া থাকে। নারদ জিজ্ঞাসা করিলেন, জল হইতেও শ্রেষ্ঠ কিছু আছে না কি? সনৎকুমার বলিলেন, হাঁ জল হইতেও শ্রেষ্ঠ

আছে বৈ কি? নারদ বলিলেন, তবে দেব, আমাকে তাহাই বলুন।

দশম খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

একাদশঃ খণ্ডঃ।

১। তেজো বাবাদ্ভ্যো ভূয়স্তদ্বা এতদ্বায়ুমাগৃহ্যা-কাশমভিতপতি তদাহুর্নিশোচতি নিতপতি বর্ষিষ্যতি বা ইতি তেজ এব তৎ পূর্ব্বং দর্শয়িত্বাঽথাপঃ সৃজতে তদেতদূর্দ্ধ্বাভিশ্চ তিরশ্চীভিশ্চ বিদ্যুদ্ভিরাহ্রাদাশ্চরন্তি তস্মাদাহুর্বিদ্যোততে স্তনয়তি বর্ষিষ্যতি বা ইতি তেজ এব তৎ পূর্ব্বং দর্শয়িত্বাঽথাপঃ সৃজতে তেজ উপাস্স্বেতি।

ব্যাখ্যা। তেজঃ বাব (এব) অদ্ভ্যঃ ভূয়ঃ; [যদা] তৎ এতৎ (তেজঃ) বৈ বায়ুম্ আগৃহ্য (স্বাত্মনা নিশ্চলীকৃত্য) আকাশম্ অভিতপতি (আকাশং ব্যাপ্য তাপং দদাতি) [তদা] আহুঃ (লৌকিকাঃ) নিশোচতি (সামান্যেন জগৎ সন্তপতি),

নিতপতি (দেহং তপতি); [অতঃ] বর্ষিষ্যতি বৈ (এব)। তেজঃ এব পূর্ব্বং তৎ (আত্মনঃ রূপং) দর্শয়িত্বা অথ (অনন্তরং) অপঃ (জলানি) সৃজতে (জনয়তি)। তৎ এতৎ (তেজঃ) ঊর্দ্ধাভিশ্চ (ঊর্দ্ধগাভিশ্চ) তিরশ্চীভিশ্চ (বক্রীভূতাভিশ্চ) বিদ্যুদ্‌ভিঃ [সহ] আহ্লাদাঃ (মেঘধ্বনয়ঃ) [ভূত্বা] চরন্তি, তস্মাৎ আহুঃ [জনাঃ] বিদ্যোততে স্তনয়তি (শব্দায়তে), বর্ষিষ্যতি বৈ (এব) ইতি; তেজ এব পূর্ব্বং তৎ দর্শয়িত্বা অথ অপঃ (জলানি) সৃজতে (জনয়তি)। [অতঃ] তেজঃ উপাস্স্ব [ব্রহ্মবুদ্ধ্যা] ইতি।

অনুবাদ। সনৎকুমার বলিলেন যে, জল অপেক্ষা তেজই বড়; তাই এই তেজই স্বীয় প্রভাবে বায়ুকে নিশ্চল করিয়া সমগ্র নভোমণ্ডল ব্যাপিয়া যখন তাপ প্রদান করিতে থাকে, তখন লোকেও বলিতে থাকে যে, আজ বড় গরম পড়িয়াছে, শরীর পুড়িয়া যাইতেছে, নিশ্চয়ই বৃষ্টি হইবে। অতএব দেখা যাইতেছে যে, তেজই প্রথমে স্বরূপে প্রকটিত হইয়া, পরে জলের সৃষ্টি করে; উহাই আবার যখন জলদমালায় বিদ্যুৎরূপে, কখন সরল কখনও বা বক্রভাবে দীপ্তি পাইতে পাইতে, গভীর গর্জ্জন করিতে

থাকে, তখন লোকে বলিতে থাকে যে, বিদ্যুৎ চমকাইতেছে, মেঘ ডাকিতেছে, বৃষ্টি হইবে, অতএব এখানেও সেই তেজই প্রথমে স্বরূপে প্রকটিত হইয়া পরে জলের সৃষ্টি করে দেখিতেছ, অতএব তেজকেই ব্রহ্মজ্ঞানে উপাসনা করিবে।

২। স যস্তেজো ব্রহ্মেত্যুপাস্তে তেজস্বী বৈ স তেজস্বতো লোকান্ ভাস্বতোঽপহততমস্কানভিসিধ্যতি যাবত্তেজসো গতং তত্রাস্য যথাকামচারো ভবতি যস্তেজো ব্রহ্মেত্যুপাস্তেঽস্তি ভগবস্তেজসো ভূয় ইতি তেজসো বাব ভূয়োঽস্তীতি তন্মে ভগবান্ ব্রবীত্বিতি।

ইত্যেকাদশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। যঃ সঃ (কশ্চিৎ) তেজঃ ব্রহ্মেতি উপাস্তে, সঃ (উপাসকঃ) তেজস্বী [সন্] তেজস্বতঃ (তেজোময়ান্) ভাস্বতঃ (প্রকাশস্বভাবান্) অপহততমস্কান্ (বাহ্যাধ্যাত্মিকাজ্ঞানান্ধকাররহিতান্) লোকান্ অভিসিধ্যতি (প্রাপ্নোতি)। তেজসঃ যাবৎ গতং, তত্র অস্য (উপাসকস্য) যথাকামচারঃ ভবতি। যঃ তেজঃ ব্রহ্মেতি উপাস্তে [ইতি খণ্ডসমাপ্তিসূচিকা দ্বিরুক্তিঃ]। [নারদঃ আহ] ভগবঃ, তেজসঃ ভূয়ঃ অস্তি বাব (এব)? ইতি

[সনৎকুমারঃ আহ] তেজসঃ বাব ভূয়ঃ অস্তি ইতি। [নারদঃ পুনরপি আহ] ভগবান্ তৎ মে (মহ্যং) ব্রবীতু ইতি।

অনুবাদ। যে কেহ তেজকে ব্রহ্মজ্ঞানে উপাসনা করে; সেই নিজে তেজস্বী হইয়া তেজোময়, ভাস্বর, বাহ্য ও আধ্যাত্মিক অজ্ঞানান্ধকারবিরহিত লোকসকল লাভ করে। যে পর্য্যন্ত তেজের অধিকার সে পর্য্যন্ত তাহারও যথেচ্ছ অধিকার স্থাপিত হয়। নারদ জিজ্ঞাসা করিলেন, ভগবন, তেজের অপেক্ষাও বড় কিছু আছে না কি? সনৎকুমার বলিলেন, হাঁ তেজের অপেক্ষাও বড় আছে বৈ কি। নারদ বলিলেন, তবে দেব, আমাকে তাহাই বলুন।

একাদশ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

দ্বাদশঃ খণ্ডঃ।

১। আকাশো বাব তেজসো ভূয়ানাকাশে বৈ সূর্য্যাচন্দ্রমসাবুভৌ বিদ্যুন্নক্ষত্রাণ্যগ্নিরাকাশেনাহ্বয়ত্যা-

কাশেন শৃণোত্যাকাশেন প্রতিশৃণোত্যাকাশে রমত আকাশেন রমত আকাশে জায়ত আকাশমভিজায়ত আকাশমুপাস্স্বেতি।

ব্যাখ্যা। আকাশঃ বাব তেজসঃ ভূয়ান্ বৈ (যতঃ) উভৌ সূর্য্যাচন্দ্রমসৌ (তেজোরূপৌ) বিদ্যুৎ, নক্ষত্রাণি, অগ্নিশ্চ (সর্ব্বাণ্যেতানি তেজোরূপাণি) আকাশে [বর্ত্তন্তে]। [কিঞ্চ একমপরঃ] আকাশেন আহ্বয়তি, আকাশেন শৃণোতি, আকাশেন প্রতিশৃণোতি, আকাশে রমতে (সর্ব্বঃ অন্যোন্যং ক্রীড়তি), [তথা] আকাশে ন রমতে [ক্রীড়াসহচর-বিয়োগে সতীত্যর্থঃ], [সর্ব্বঃ প্রাণী] আকাশে [এব, ন মূর্ত্তেন অবষ্টব্ধে] জায়তে। [তথা, অঙ্কুরাদিঃ] আকাশম্ অভি (লক্ষীকৃত্য) জায়তে, [অতঃ] আকাশম্ উপাস্স্ব ইতি।

অনুবাদ। সনৎকুমার বলিলেন যে, বায়ুর সহচর তেজঃ হইতে আকাশই শ্রেষ্ঠ। কারণ সূর্য্য,চন্দ্র, গ্রহ, নক্ষত্রপ্রভৃতি জ্যোতিষ্মণ্ডল, বিদ্যুৎ, অগ্নিপ্রভৃতি তৈজস পদার্থ সমস্ত আকাশেই প্রকাশ পায়, আবার আকাশেই বিলীন হইয়া যায়। পরস্পর পরস্পরকে আহ্বান করা, তাহার প্রত্যুত্তর প্রদান করা, আবার সেই প্রত্যুত্তর শ্রবণ করা, এ সমস্ত ব্যাপারও এই

এক আকাশের সাহায্যে সম্পন্ন হইয়া থাকে। আকাশেই ক্রীড়াকৌতুক করিয়া থাকে, আবার অভাব তাহার আকাশেই হইয়া থাকে। জীবগণ আকাশেই জন্মলাভ করে, উদ্ভিদনিচয়ও আকাশকেই লক্ষ্য করিয়া উর্দ্ধমুখে অঙ্কুরিত হইয়া উঠে; অতএব আকাশকেই ব্রহ্মস্থানে উপাসনা করিবে।

২। স য আকাশং ব্রহ্মেত্যুপাস্ত আকাশবতো বৈ স লোকান্ প্রকাশবতোঽসংবাধানুরুগায়বতোঽভিসিধ্যতি যাবদাকাশস্য গতং তত্রাস্য যথাকামচারো ভবতি য আকাশং ব্রহ্মেত্যুপাস্তেঽস্তি ভগব আকাশাদ্ভূয় ইত্যাকাশাদ্বাব ভূয়োঽস্তীতি তন্মে ভগবান্ ব্রবীত্বিতি।

ইতি দ্বাদশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। যঃ সঃ আকাশং ব্রহ্মেতি উপাস্তে, সঃ (উপাসকঃ) আকাশবতঃ (বিস্তারযুক্তান্), প্রকাশবতঃ (জ্যোতির্ম্ময়ান্), অসংবাধান্ (পরস্পরবাধ-বিরহিতান্) উরুগায়বতঃ (বিস্তীর্ণপ্রচারান্) লোকান্ অভিসিধ্যতি (প্রাপ্নোতি)। আকাশস্য যাবৎ গতং তত্র অস্য যথাকামচারঃ ভবতি যঃ

আকাশং ব্রহ্মেতি উপাস্তে। [নারদঃ আহ] ভগবঃ, আকাশাৎ ভূয়ঃ অস্তি ইতি [সনৎকুমার আহ] আকাশাৎ বাব ভূয়ঃ অস্তি ইতি। [নারদঃ আহ] ভগবান্ তৎ মে (মহ্যং) ব্রবীতু ইতি।

অনুবাদ। যিনি আকাশকে ব্রহ্ম ভাবিয়া উপাসনা করেন, তিনিই বিস্তারশালী, বাধাবিরহিত, বহুদূরব্যাপী দীপ্তিময় লোকসকল লাভ করিয়া থাকেন; অনন্ত ব্যোমমণ্ডল তাঁহার আয়ত্তীকৃত—স্বেচ্ছাচারের লীলাভূমি হইয়া উঠে। নারদ জিজ্ঞাসা করিলেন, দেব, এই আকাশ হইতেও বড় আর কিছু আছে কি? সনৎকুমার বলিলেন, হাঁ এই আকাশ হইতেও বড় আছে বৈ কি। নারদ বলিলেন, তবে দেব, আমাকে তাহাই বলুন।

দ্বাদশ খণ্ডের অনুবাদ সমাপ্ত।

ত্রয়োদশঃ খণ্ডঃ।

১। স্মরো বাবাকাশাদ্ভূয়স্তস্মাদ্‌যদ্যপি বহব

আসীরন্নস্মরন্তো নৈব তে কঞ্চন শৃণুয়ুর্ন মন্বীরন্ন বিজানীরন্ যদা বাব তে স্মরেয়ুরথ শৃণুয়ুরথ মন্বীরন্নথ বিজানীরন্ স্মরেণ বৈ পুত্রান্ বিজানাতি স্মরেণ পশূন্ স্মরমুপাস্স্বেতি।

ব্যাখ্যা। স্মরঃ (স্মরণনামা অন্তঃকরণবৃত্তিবিশেষঃ) বাব (এব) আকাশাৎ ভূয়ঃ (ভূয়ানিত্যর্থঃ)। তস্মাৎ যদ্যপি বহবঃ [অপি জনাঃ অন্যোন্যং মিলিত্বা অপি] ন স্মরন্তঃ (স্মৃতিবিষয়মকুর্বাণাঃ) আসীরন্ (একত্র উপবিশেয়ুঃ [তদা] তে কঞ্চন (শব্দং) নৈব শৃণুয়ুঃ, ন মন্বীরন্, অথ বিজানীরন্; তে বাব (এব) যদা স্মরেয়ুঃ, অথ (তদা) শৃণুয়ুঃ, অথ মন্বীরন্ (মননং কুর্য্যুঃ) অথ বিজানীরন্ [তথা] স্মরেণ (স্মৃত্যা এব) পুত্রান্ [এতে মম পুত্রা ইতি] বিজানাতি, স্মরেণ পশূন্ [এতে মম পশবঃ ইতি বিজানাতি], [অতঃ] স্মরম্ উপাস্স্ব ইতি।

অনুবাদ। সনৎকুমার বলিলেন যে, স্মৃতিশক্তিই আকাশ হইতেও শ্রেষ্ঠ, কারণ এই স্মৃতিশক্তির উপরেই সেই আকাশাদির অস্তিত্ব নির্ভর করিতেছে। সেইজন্য দেখা যায়, বহুলোক একত্র সমবেত হইলেও যদি তাহাদের স্মৃতিশক্তি না থাকে,

তবে তাহারা পরস্পরের কথাবার্ত্তা শুনিয়াও কিছু বুঝিতে পারে না এবং বস্তুজ্ঞান হয় না বলিয়া তাহা লইয়া চিন্তা বা ধ্যানও করিতে পারে না। আবার তাহারাই যখন স্মৃতিশক্তি লাভ করে, তখন পরস্পরের কথাবার্ত্তা শুনিয়া তাহা বুঝিতে পারে এবং তাহা লইয়া চিন্তা বা ধ্যানও করিতে পারে। স্মৃতিশক্তির সাহায্যেই লোকে কোনটী আপনার পুত্র বা কোনটী আপনার পশু তাহা চিনিয়া লইতে পারে। অতএব এই স্মৃতিশক্তিকেই ব্রহ্ম বলিয়া উপাসনা করিবে।

২। স যঃ স্মরং ব্রহ্মেত্যুপাস্তে যাবৎ স্মরস্য গতং তত্রাস্য যথাকামচারো ভবতি যঃ স্মরং ব্রহ্মেত্যুপাস্তে ইস্তি ভগবঃ স্মরাদ্ভূয় ইতি স্মরাদ্বাব ভূয়োঽস্তীতি তন্মে ভগবান্ ব্রবীত্বিতি।

ইতি ত্রয়োদশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। সঃ যঃ (কশ্চিৎ) স্মরং ব্রহ্মেতি উপাস্তে; স্মরস্য যাবৎ গতং, তত্র অস্য (উপাসকস্য) যথাকামচার ভবতি, যঃ স্মরং ব্রহ্মেতি উপাস্তে [ইতি দ্বিরুক্তিঃ]; [নারদঃ জিজ্ঞাসিতবান্] ভগবঃ স্মরাৎ ভূয়ঃ অস্তি ? ইতি। [সনৎকুমার আহ]

স্মরাৎ বাব ভূয়ঃ অস্তি ইতি । [নারদঃ পুনরুবাচ] ভগবান্, মে তৎ ব্রবীতু ।

অনুবাদ । যিনি এই স্মৃতিশক্তিকে ব্রহ্মজ্ঞানে উপাসনা করেন, তিনিই ইহার আয়ত্তীকৃত বিষয়ে যথেচ্ছ অধিকার লাভ করেন। নারদ জিজ্ঞাসা করিলেন, এই স্মৃতিশক্তি হইতেও শ্রেষ্ঠ কিছু আছে কি ? সনৎকুমার বলিলেন, হাঁ, এই স্মৃতিশক্তি হইতেও শ্রেষ্ঠ কিছু আছে বৈ কি ? নারদ বলিলেন, তবে দেব, আমাকে তাহাই বলুন ।

চতুর্দ্দশঃ খণ্ডঃ ।

১। আশা বাব স্মরাদ্ভূয়স্যাশেদ্ধো বৈ স্মরো মন্ত্রানধীতে কর্ম্মাণি কুরুতে পুত্রাংশ্চ পশূংশ্চেচ্ছত ইমং চ লোকমমুং চেচ্ছত আশামুপাস্স্বেতি ।

ব্যাখ্যা । আশা (অপ্রাপ্তবস্ত্বাকাঙ্ক্ষা) বাব (এব) স্মরাৎ (স্মৃতিজ্ঞানাৎ) ভূয়সী (অধিকতরা) । বৈ (যতঃ) আশেদ্ধঃ

(আশয়া উদ্দীপিতঃ) স্মরং (স্মৃতিশক্তিঃ স্মৃতিশক্তি—সম্পন্নো-জন ইত্যর্থঃ) মন্ত্রান্ (ঋগাদীন্) অধীতে, কর্ম্মাণি (যজ্ঞাদীনি) কুরুতে (অনুতিষ্ঠতি), পুত্রাংশ্চ পশূংশ্চ (যজ্ঞফলভূতান্) ইচ্ছতে, ইমং চ অমুং চ (ইহপরোভয়মেব) লোকম্ ইচ্ছতে (স্বর্গাদিকং কাময়তি)। [অতঃ] আশাম্ উপাসস্ব।

অনুবাদ। সনৎকুমার বলিলেন যে, আশাকেই স্মৃতিশক্তির হইতেও শ্রেষ্ঠ বলিতে হয়; কারণ, যাহা কিছু আমরা পাইতে আশা করি, তাহাই পুনঃ পুনঃ স্মরণ করিয়া থাকি; সেইজন্য দেখা যায়, কাহাকেও কোন কামনার বিষয় লাভ করিতে হইলে আগে তাহার সে বিষয়ে মনে মনে অভিলাষ হওয়া চাই; তাহার পর সেই একান্ত অভিলাষের দ্বারা স্মৃতিশক্তি উদ্দীপিত হইলে, তখন সে মন্ত্রগুলি স্মরণ করিয়া যাগ করিতে প্রবৃত্ত হয়। অবশেষে সে এই যজ্ঞের ফলস্বরূপ পুত্রাদি ঐহিক ও স্বর্গাদি পারলৌকিক সম্পৎ লাভ করিয়া থাকে। অতএব এই আশাকেই ব্রহ্মজ্ঞানে উপাসনা করিবে।

২। স য আশাং ব্রহ্মেত্যুপাস্তে আশয়াস্য সর্ব্বে

কামাঃ সমৃদ্ধ্যন্ত্যমোঘা হাস্যাশিষো ভবন্তি যাবদাশায়া গতং তত্রাস্য যথাকামচারো ভবতি য আশাং ব্রহ্মে-ত্যুপাস্তেঽস্তি ভগব আশায়া ভূয় ইত্যাশায়া বাব ভূয়োঽস্তীতি তন্মে ভগবান্ ব্রবীত্বিতি।

ইতি চতুর্দ্দশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। সঃ যঃ (কশ্চিৎ) আশাং ব্রহ্মেতি উপাস্তে, অস্য (উপাসকস্য) সর্ব্বে কামাঃ (ভোগ্যাঃ বিষয়াঃ) আশয়া (অতি লাঘবেনৈব) সমৃধ্যন্তি (সম্যগ্‌রূপেণ বৃদ্ধিমাপ্নুবন্তি)। অস্য (উপাসকস্য) আশিষঃ (প্রার্থনাঃ) অমোঘাঃ (সফলাঃ) ভবন্তি। আশায়াঃ যাবৎ গতং (বিষয়ঃ) তত্র অস্য যথাকাম-চারঃ ভবতি, যঃ আশাং ব্রহ্মেতি উপাস্তে। [নারদঃ পপ্রচ্ছ] ভগবঃ আশায়াঃ [অপি] ভূয়ঃ অস্তি ? ইতি। [সনৎকুমারঃ আহ] আশায়া [অপি] ভূয় অস্তি বাব (এব) ইতি। [নারদঃ পুনঃ প্রার্থিতবান্] ভগবান্, তৎ মে ব্রবীতু ইতি।

অনুবাদ। যিনি আশাকে ব্রহ্ম মনে করিয়া তাহার উপাসনা করেন, আশার দ্বারা তাঁহার সমস্ত কামনা পরিপূর্ণ হয় তাঁহার প্রার্থনা কখনই ব্যর্থ হয় না। তিনি আশার আয়ত্তীকৃত বিষয়ে যথেচ্ছ

অধিকার লাভ করেন। নারদ জিজ্ঞাসা করিলেন, ভগবন্ এই আশা হইতেও শ্রেষ্ঠ কিছু আছে কি? সনৎকুমার বলিলেন, হাঁ এই আশা হইতেও শ্রেষ্ঠ আছে বৈ কি। নারদ বলিলেন, তবে দেব, আমাকে তাহাই বলুন।

চতুর্দ্দশ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

পঞ্চদশঃ খণ্ডঃ।

১। প্রাণো বা আশায়া ভূয়ান্যথা বা অরা নাভৌ সমর্পিতা এবমস্মিন্ প্রাণে সর্ব্বং সমর্পিতং প্রাণঃ প্রাণেন যাতি প্রাণঃ প্রাণং দদাতি প্রাণায় দদাতি প্রাণো হ পিতা প্রাণো মাতা প্রাণো ভ্রাতা প্রাণঃ স্বসা প্রাণ আচার্যঃ প্রাণো ব্রাহ্মণঃ।

ব্যাখ্যা। প্রাণঃ বৈ (এব) আশায়াঃ ভূয়ান্; অরাঃ (চক্রস্থ শলাকাঃ) যথা নাভৌ (চক্রস্থ মধ্যগর্ত্তে) সমর্পিতাঃ [ভবন্তীতি শেষঃ] এবং (উক্তদৃষ্টান্ত ইব) অস্মিন্ প্রাণে (লিঙ্গশরীর-সমুদায়াত্মকে জীবাত্মনি) সর্ব্বং (নামাদ্যাশান্তং) সমর্পিতং (অন্তর্ভূতম্) [অস্তীতি শেষঃ]। [অতঃ স্বাধীনঃ] প্রাণঃ

প্রাণেন (স্বশক্ত্যা এব) যাতি, প্রাণঃ প্রাণং দদাতি, প্রাণায় দদাতি [যৎ দদাতি, যস্মৈ চ দদাতি তৎ সর্ব্বমস্য আত্মভূত-মেব]; হ (অতএব) প্রাণঃ পিতা, প্রাণঃ মাতা, প্রাণঃ ভ্রাতা, প্রাণঃ স্বসা, প্রাণঃ আচার্য্যঃ, প্রাণঃ ব্রাহ্মণঃ [এতৎ সর্ব্বং প্রাণাৎ নাতিরিক্তমিতি ভাবঃ]।

অনুবাদ। সনৎকুমার বলিলেন যে, আমাদের প্রাণশক্তিই এই আশা বা কামনা হইতেও শ্রেষ্ঠ। কারণ রথচক্রের শলাকাগুলি যেমন তাহার মধ্যবর্ত্তী নাভিগহ্বরে একটীর পর একটী করিয়া গ্রাথিত থাকে, সেইরূপ পূর্ব্বোক্ত নামপ্রভৃতি যাবতীয় পদার্থই আমাদের এই প্রাণশক্তিতেই এক একটীর পর এক একটী করিয়া গ্রথিত হইয়া রহিয়াছে। প্রাণ আপনার শক্তিতে আপনিই গমন করে, আপনার উদ্দেশে আপনাকেই আকার দান করে; প্রাণ নিজেই পিতা, নিজেই মাতা নিজেই ভ্রাতা, নিজেই ভগিনী, নিজেই আচার্য্য, নিজেই ব্রাহ্মণ। অর্থাৎ জগতে আমরা যাহা কিছু দেখিতেছি এ সমস্তই এই এক প্রাণশক্তিতেই বিধৃত হইয়া স্থিতিলাভ করিতেছে।

২। স যদি পিতরং বা মাতরং বা ভ্রাতরং বা স্বসারং বাচার্যং বা ব্রাহ্মণং বা কিঞ্চিদ্ ভৃশমিব প্রত্যাহ ধিক্ ত্বাস্ত্বিত্যেবৈনমাহুঃ পিতৃহা বৈ ত্বমসি মাতৃহা বৈ ত্বমসি ভ্রাতৃহা বৈ ত্বমসি স্বসৃহা বৈ ত্বমস্যাচার্যহা বৈ ত্বমসি ব্রাহ্মণহা বৈ ত্বমসীতি। ২

৩। অথ যদ্যপ্যেনানুৎক্রান্তপ্রাণান্ শূলেন সমাসং ব্যতিষন্দহেৎ নৈবৈনং ব্রূয়ুঃ পিতৃহাসীতি ন মাতৃহাসীতি ন ভ্রাতৃহাসীতি ন স্বসৃহাসীতি নাচার্যহাসীতি ন ব্রাহ্মণহাসীতি।

ব্যাখ্যা। [পিত্রাদিষু প্রাণে সতি পিত্রাদিশব্দানাং প্রযুজ্যমানত্বাৎ, অন্যথা চ অপ্রযুজ্যমানত্বাৎ তেষাং প্রসিদ্ধার্থোৎসর্গেণ প্রাণবিষয়তা ইতি দৃষ্টান্তপ্রদর্শনেন সমর্থয়তি]। সঃ (কশ্চিৎ জনঃ) যদি পিতরং বা, মাতরং বা, ভ্রাতরং বা, স্বসারং বা, আচার্যং বা, ব্রাহ্মণং বা কিঞ্চিৎ ভৃশমিব (তেষামননুরূপমিব) প্রত্যাহ (প্রতি-বদতি) [তদা পার্শ্বস্থাঃ বিবেকবন্তঃ সাধবঃ] ত্বা (ত্বাং) ধিক্ অস্তু ইতি এব এনম্ (অপ্রিয়-বাদিনম্) আহুঃ ; [অপি চ] ত্বং পিতৃহা বৈ (পিতৃহন্তৈব) অসি, [তথা] ত্বং মাতৃহা বৈ অসি, ত্বং ভ্রাতৃহা বৈ অসি, ত্বং স্বসৃহা বৈ অসি, ত্বম্ আচার্যহা বৈ অসি, ত্বং ব্রাহ্মণহা বৈ অসি ইতি।

ব্যাখ্যা। অথ (পক্ষান্তরে) এনান্ (পূর্ব্বোক্তান্ পিত্রাদীন্) [এব] উৎক্রান্তপ্রাণান্ (ত্যক্তদেহান্) [সতঃ, এতেষাং মৃত্যোঃ অনন্তরমিত্যর্থঃ] শূলেন সমাসং (সমস্য—পুঞ্জীকৃত্য) ব্যতিষন্দহেৎ (ব্যত্যস্য সন্দহেৎ) [অবয়বান্ বিভজ্য ভস্মীকুর্য্যাদিত্যর্থঃ], [তথাপি] এনং (অবয়বান্ ছিত্ত্বা ভিত্ত্বা অপি দাহকারিণং) নৈব [কেচন] ব্রূয়ুঃ, [ত্বং] পিতৃহা অসি ইতি; [তথা] ন [ব্রূয়ুঃ ত্বং] মাতৃহা অসীতি, ন [ব্রূয়ুঃ ত্বং] ভ্রাতৃহা অসীতি, ন [ব্রূয়ুঃ ত্বং] স্বসৃহা অসীতি, ন [ব্রূয়ুঃ ত্বং] আচার্য্যহা অসীতি, ন [ব্রূয়ুঃ ত্বং] ব্রাহ্মণহা অসীতি।

অনুবাদ। [মাতাপিতাপ্রভৃতিকে যে প্রাণ বলিয়াই বলা হইল, তাহার কারণ এই যে, তাঁহাদের সেই শরীরপিণ্ডের মধ্যে যতদিন পর্য্যন্ত এই প্রাণশক্তির স্পন্দন অনুভূত হয়, যতদিন পর্য্যন্ত তাঁহারা জীবিত থাকেন ততদিন পর্য্যন্তই আমরা তাঁহাদিগকে পিতা বা মাতা বলিয়া ডাকিয়া থাকি এবং তাঁহাদিগের সহিত সেইরূপ আচরণ করি; কিন্তু মৃত্যু আসিয়া যখন তাঁহাদের প্রাণশক্তিকে শরীর হইতে বিচ্ছিন্ন করিয়া দেয়, অর্থাৎ তাঁহারা মৃত্যুমুখে পতিত হন, তখন আমরা আর সেই জড় শরীর-পিণ্ডকে

পিতা বা মাতা বলিয়া ডাকি না বা তাহার সহিত সেরূপ আচরণও করি না, এই অর্থটাই এখানে দৃষ্টান্তের সাহায্যে বলা হইতেছে।] কেহ যদি পিতা, মাতা, ভ্রাতা, ভগিনী, আচার্য্য কিংবা ব্রাহ্মণকে কোন অনুচিত কথাই বলে, তাহা হইলে সমীপস্থ সাধুপ্রকৃতির লোকেরা তাহাকে নিশ্চয়ই এই বলিয়া তিরস্কার করিয়া থাকেন যে, "ধিক্ তোমাকে, তুমি পিতৃহত্যাকারী, মাতৃহত্যাকারী, তুমিই ভ্রাতৃহন্তা, ভগিনীহন্তা আবার তুমিই আচার্য্য ও ব্রাহ্মণের ঘাতক। কিন্তু প্রাণস্পন্দন যখন থামিয়া যায়, তাঁহারা যখন মৃত্যুমুখে পতিত হন, তখন যদি কেহ পিতামাতাপ্রভৃতির সেই প্রাণহীন জড় শরীর-পিণ্ডগুলিকে শূলের অগ্রভাগের দ্বারা পুঞ্জীকৃত বা তাহার তাড়নে ছিন্ন ভিন্ন করিয়া দগ্ধ করে, তবু কেহ বলিতে আসে না যে, তুমি পিতৃহত্যা করিতেছ, বা মাতৃহত্যা করিতেছ, কিংবা ভ্রাতৃহত্যা বা ভগিনীহত্যা করিতেছ, অথবা তুমি গুরু বা ব্রাহ্মণকে হনন করিতেছ।

৪। প্রাণো হ্যেবৈতানি সর্ব্বাণি ভবতি স বা এষ এবং পশ্যন্নেবং মন্বান এবংবিজানন্নতিবাদী ভবতি তং চেদ্ ব্রূয়ুরতিবাদ্যসীত্যতিবাদ্যস্মীতি ব্রূয়ান্নাপহ্নু-বীত।

ইতি পঞ্চদশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। [তস্মাৎ] প্রাণঃ হি এব এতানি (পিত্রাদীনি) সর্ব্বাণি ভবতি। সঃ এষঃ (প্রাণোপাসকঃ) বৈ (এব) এবং (যথোক্তপ্রকারেণ) পশ্যন্ (ফলতোঽনুভবন্) এবং মন্বানঃ (উপপত্তিভিশ্চিন্তয়ন) এবং বিজানন্ (এবমেবেতি নিশ্চয়ং কুর্ব্বন্) অতিবাদী (নামাদ্যাশাস্তম্ অতীত্য বদনশীলো ভবতি)। চেৎ (যদি) [কেচন] তম্ (উপাসকং) "অতিবাদী অসি" ইতি ব্রূয়ুঃ [তদা সোঽপি] "অতিবাদী অস্মী" ইতি ব্রূয়াৎ; ন অপহ্নুবীত (স্বকীয়াম্ অতীত্যবদনশীলতাং ন গোপায়ীত)।

অনুবাদ। আমরা যাহা কিছু দেখিতেছি, স্পর্শ করিতেছি, অনুভব করিতেছি এ সমস্ত প্রাণই; এই প্রাণশক্তি—প্রাণস্পন্দনই সংহত হইয়া এই বিপুল বিশ্বরূপে গঠিত হইয়াছে। যে প্রাণোপাসক, এই প্রাণশক্তিকে এইরূপে অনুভব করিয়াছেন, বিচার করিয়া হৃদয়ঙ্গম করিয়াছেন, তিনিই "অতিবাদী"

তিনিই নাম হইতে আশাপর্য্যন্ত যত কিছু বলা হইয়াছে, তাহারও অতীত-তত্ত্ব—গূঢ় রহস্যের কথা—বলিতে পারেন। প্রাণের এই উপাসককে যদি কেহ বলে যে, "তুমি অতিবাদী" তবে তিনি বলিবেন যে, "হাঁ, আমি অতিবাদী;" নিজের এই যথার্থস্বরূপকে অস্বীকার করিয়া গোপন করিবার কোনই কারণ নাই।

পঞ্চদশ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

ষোড়শঃ খণ্ডঃ।

১। এষ তু বা অতিবদতি যঃ সত্যেনাতিবদতি সোঽহং ভগবঃ সত্যেনাতিবদানীতি। সত্যং ত্বেব বিজিজ্ঞাসিতব্যমিতি সত্যং ভগবো বিজিজ্ঞাস ইতি।

ইতি ষোড়শঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। [এবং প্রাণরূপিণঃ বিকারানৃতব্রহ্মণঃ বিজ্ঞানেন পরিতুষ্টং পরমার্থসত্যাভিবাদিনমাত্মানং মন্যমানং যোগ্যশিষ্যং নারদং মিথ্যাগ্রহবিশেষাৎ বিপ্রচ্যাবয়ন্নাহ ভগবান্ সনৎ-

কুমারঃ] তু (কিন্তু) যঃ সত্যেন (পরমার্থসত্যবিজ্ঞানবত্তয়া) অতিবদতি, এষঃ বৈ (এব) অতিবদতি [যস্তু ভূমাখ্যং সর্ব্বাতিক্রান্তং তত্ত্বং পরমার্থসত্যং বেদ, সোঽতিবাদী ইতি ভাবঃ] [এতদাকর্ণ্য নারদঃ সুহৃঃখিতঃ সন্ আহ] ভগবঃ (হে ভগবন্) সঃ (ত্বদাশ্রিতঃ) অহং সত্যেন (পরমার্থসত্যবিজ্ঞানবত্তয়া) অতিবদানি (অতিবাদী ভবেয়ম্) ইতি [প্রার্থিতঃ সন্ সনৎকুমারঃ আহ, যদি সত্যেন অতিবদিতুমিচ্ছসি— তদা] সত্যম্ এব তু (পুনঃ) বিজিজ্ঞাসিতব্যম্ [ত্বয়া] ইতি [উপদিষ্টঃ নারদঃ আহ] ভগবঃ (হে ভগবন্) সত্যং বিজিজ্ঞাসে [অতঃ সত্যমেব বিশেষেণ জ্ঞাতুমিচ্ছামি অহমিতি শেষঃ]।

অনুবাদ। নারদ এই সর্ব্বাত্মক প্রাণশক্তিকেই পরমাত্মা মনে করিয়া ইহা হইতেও শ্রেষ্ঠ কিছু আছে কি না, তাহা আর জিজ্ঞাসা করিলেন না দেখিয়া, সনৎকুমার তাঁহার মত উপযুক্ত শিষ্যের এই বিষম ভ্রম নিরাকরণ করিবার জন্য তাহাকে সম্বোধন করিয়া বলিলেন যে, "যিনি পরমার্থ সত্য ভূমাকে—পরমাত্মাকেই—জানিয়াছেন, তিনিই যথার্থ অতিবাদী ; ইহা শুনিয়া নারদ বলিলেন, 'দেব, আমি আপনার আশ্রিত, আমি সেই পরমাত্মা

সত্যতত্ত্ব অবগত হইয়াই যথার্থ অতিবাদী হইতে চাই। সনৎকুমার বলিলেন, 'তুমি যদি যথার্থ অতিবাদী হইতেই ইচ্ছা কর, তবে তোমাকে এখন "সত্য কি" তাহাই জিজ্ঞাসা করিতে হইবে। নারদ বলিলেন;—"দেব, আমি এখন তাহাই জিজ্ঞাসা করিতেছি, আপনি আমাকে সেই সত্যতত্ত্বই বুঝাইয়া দিন।"

ষোড়শ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

সপ্তদশঃ খণ্ডঃ।

১। যদা বৈ বিজানাত্যথ সত্যং বদতি নাবিজানন্ সত্যং বদতি বিজানন্নেব সত্যং বদতি বিজ্ঞানং ত্বেব বিজিজ্ঞাসিতব্যমিতি বিজ্ঞানং ভগবো বিজিজ্ঞাস ইতি।

ইতি সপ্তদশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। [সনৎকুমার আহ,—"পুরুষঃ] যদা বৈ (এব) বিজানাতি, অথ (তদা) সত্যং বদতি, অবিজানন্ সত্যং ন

বদতি ; [অপি তু] বিজানন্ এব সত্যং বদতি ; [তস্মাৎ] বিজ্ঞানং তু এব বিজিজ্ঞাসিতব্যম্ ইতি। [নারদঃ আহ] ভগবঃ, বিজ্ঞানং বিজিজ্ঞাসে ইতি।

অনুবাদ। সনৎকুমার বলিলেন, লোকে যখন কোন বিষয়ে বিশেষরূপে জ্ঞান লাভ করে, তখনই সে তাহা সত্যরূপে প্রকাশ করিতে পারে। বিশেষরূপে জানা থাকিলেই সত্য বলিবার অধিকার হয়, কিন্তু না জানা থাকিলে হয় না। অতএব দেখা যাইতেছে সত্যতত্ত্ব জানিতে হইলে, বিশেষ-বিজ্ঞান কি তাহাই আগে তোমার জিজ্ঞাসা করা উচিত নারদ বলিলেন,—দেখ, আমি এখন সেই "বিশেষ বিজ্ঞান কি" তাহাই জানিতে ইচ্ছা করিতেছি।

সপ্তদশ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

অষ্টাদশঃ খণ্ডঃ।

১। যদা বৈ মনুতেঽথ বিজানাতি নামত্বা

বিজানাতি মত্বৈব বিজানাতি মতিস্ত্বেব বিজিজ্ঞাসিতব্যেতি। মতিং ভগবো বিজিজ্ঞাস ইতি।

ইত্যষ্টাদশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। [সনৎকুমার আহ "পুরুষঃ] যদা বৈ (যস্মিন্নেব কালে) মনুতে (মননং বিদধাতি), অথ (তদা মননানন্তরমিত্যর্থঃ) বিজানাতি (বিশেষেণ অবগচ্ছতি); অমত্বা (মননমনন্নুষ্ঠায়) ন বিজানাতি, [অপি তু] মত্বা এব বিজানাতি; [তস্মাৎ] মতিঃ (মননং) তু (পুনঃ) এব বিজিজ্ঞাসিতব্যা (জ্ঞাতুমিচ্ছা কর্ত্তব্যা) ইতি। [এতদাকর্ণ্য নারদ আহ] ভগবঃ মতিং (মননমেব) বিজিজ্ঞাসে ইতি।

অনুবাদ। সনৎকুমার বলিলেন যে, লোকে যখন মনন করিতে থাকে, কোন বিষয় বুঝিবার জন্য এক মনে চিন্তা করিতে থাকে, তখনই সে তাহা বুঝিতে পারে। চিন্তা করিলে তবে বুঝিবার সামর্থ্য হয়, না করিলে হয় না। অতএব দেখা যাইতেছে, কোন বিষয়ে বিশেষ-বিজ্ঞান লাভ করিতে হইলে চিন্তা বা মননব্যাপার কি, তাহাই আগে তোমার জানিতে ইচ্ছুক হওয়া উচিত। নারদ

বলিলেন—'ভগবন্! আমি এখন সেই "মননব্যাপারই যে কি" তাহাই জানিতে চাই।

অষ্টাদশ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

ঊনবিংশঃ খণ্ডঃ।

১। যদা বৈ শ্রদ্দধাত্যথ মনুতে নাশ্রদ্দধন্মনুতে শ্রদ্দধদেব মনুতে শ্রদ্ধা ত্বেব বিজিজ্ঞাসিতব্যেতি শ্রদ্ধাং ভগবো বিজিজ্ঞাস ইতি।

ইত্যেকোনবিংশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। [সনৎকুমা ঃ আহ, "পুরুষঃ] যদা বৈ শ্রদ্দধাতি (মন্তব্যবিষয়ে শ্রদ্ধালুর্ভবতি) অথ (তদনন্তরমেব) মনুতে, অশ্রদ্দধৎ (মন্তব্যবিষয়ে শ্রদ্ধামকুর্ব্বাণঃ) ন মনুতে (নৈব মননং বিদধাতি); [অপি তু] শ্রদ্দধৎ (শ্রদ্ধাশীলঃ) এব মনুতে, [তস্মাৎ] শ্রদ্ধা (আস্তিক্যবুদ্ধিঃ, মন্তব্যবিষয়ে আদর ইতি যাবৎ) তু এব বিজিজ্ঞাসিতব্যা ইতি ; [এবমুক্তঃ নারদঃ আহ] ভগবঃ (হে ভগবন্) শ্রদ্ধাম্ [এবাহং] বিজিজ্ঞাসে ইতি।

অনুবাদ। সনৎকুমার বলিলেন যে,

মন্তব্যবিষয়ে শ্রদ্ধা জন্মিলে তবে লোকে সেই বিষয়ে মনন করিতে প্রবৃত্ত হয়। শ্রদ্ধাশীল ব্যক্তিরাই মনন করিতে পারেন, শ্রদ্ধাহীনেরা পারে না। অতএব মননব্যাপার অবগত হইতে হইলে শ্রদ্ধা কি তাহাই আগে তোমার জানিতে অভিলাষী হওয়া উচিত। নারদ বলিলেন, দেখ, আমি সেই শ্রদ্ধাকেই জানিতে ইচ্ছা করি।

ঊনবিংশতিতম খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

বিংশঃ খণ্ডঃ।

১। যদা বৈ নিস্তিষ্ঠত্যথ শ্রদ্দধাতি নানিস্তিষ্ঠন্ শ্রদ্দধাতি নিস্তিষ্ঠন্নেব শ্রদ্দধাতি নিষ্ঠা ত্বেব বিজিজ্ঞাসিতব্যেতি নিষ্ঠাং ভগবো বিজিজ্ঞাস ইতি।

ইতি বিংশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। [সনৎকুমার আহ "পুরুষঃ] যদা বৈ নিস্তিষ্ঠতি (গুরুং সেবমানঃ তৎসমীপে নিরন্তরং তিষ্ঠতি) অথ (তদা) শ্রদ্দধাতি (শ্রদ্ধাযুক্তো ভবতি), অনিস্তিষ্ঠন্ (গুরুশুশ্রূষাদৌ নিষ্ঠাম্

অলভমানঃ) ন শ্রদ্দধাতি ; [অপি তু] নিস্তিষ্ঠন্ এব শ্রদ্দধাতি ; [তস্মাৎ] নিষ্ঠা তু এব বিজিজ্ঞাসিতব্যা। [এতদাকর্ণ্য নারদ আহ] ভগবঃ, নিষ্ঠাং বিজিজ্ঞাসে ইতি।

অনুবাদ। সনৎকুমার বলিলেন যে, লোকে যখন গুরুশুশ্রূষাপ্রভৃতি বিষয়ে নিষ্ঠাবান্ হয়, তখনই সে শ্রদ্ধালু হইতে শিক্ষা করে। নিষ্ঠাশীল ব্যক্তিরা শ্রদ্ধা করিতে পারেন, নিষ্ঠাহীনেরা পারে না। অতএব শ্রদ্ধার বিষয় অবগত হইতে হইলে নিষ্ঠা কি তাহাই অগ্রে জানিতে অভিলাষী হওয়া উচিত। নারদ বলিলেন, দেখ, আমি সেই নিষ্ঠাকেই তো জানিতে চাহিতেছি।

বিংশতিতম খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

একবিংশঃ খণ্ডঃ।

১। যদা বৈ করোত্যথ নিস্তিষ্ঠতি নাকৃত্বা নিস্তিষ্ঠতি কৃত্বৈব নিস্তিষ্ঠতি কৃতিস্ত্বেব বিজিজ্ঞাসিতব্যেতি কৃতিং ভগবো বিজিজ্ঞাস ইতি।

ইত্যেকবিংশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। [সনৎকুমারঃ আহ, পুরুষঃ] যদা বৈ করোতি (ইন্দ্রিয়সংযমায় প্রযততে) অথ (তদা) নিস্তিষ্ঠতি (গুরুশুশ্রূষাদৌ নিষ্ঠাং লভতে); অকৃত্বা (ইন্দ্রিয়সংযমায় প্রযত্নমননুষ্ঠায়) ন নিস্তিষ্ঠতি, [অপি তু] কৃত্বা এব নিস্তিষ্ঠতি; [তস্মাৎ] কৃতিঃ (ইন্দ্রিয়সংযমায় প্রযত্নঃ) তু এব বিজিজ্ঞাসিতব্যা ইতি। [এতদাকর্ণ্য নারদঃ আহ] ভগবঃ, কৃতিং বিজিজ্ঞাসে।

অনুবাদ। সনৎকুমার বলিলেন যে, লোকে যখন ইন্দ্রিয়গুলিকে সংযত করিতে চেষ্টা করে, তখনই সে নিষ্ঠাকে লাভ করিয়া থাকে। চেষ্টা না করিলে নিষ্ঠাকে লাভ করিতে পারে না; পরন্তু ঐরূপ করিয়াই লাভ করিয়া থাকে। অতএব নিষ্ঠাবিষয়ে জ্ঞানলাভ করিতে হইলে, কৃতি কি তাহাই আগে জিজ্ঞাসা করিতে হইবে। নারদ বলিলেন - দেব, আমি তো সেই কৃতির কথাই জিজ্ঞাসা করিতেছি।

একবিংশ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

দ্বাবিংশঃ খণ্ডঃ।

১। যদা বৈ সুখং লভতেঽথ করোতি নাসুখং

লব্ধ্বা করোতি সুখমেব লব্ধ্বা করোতি সুখং ত্বেব বিজিজ্ঞাসিতব্যমিতি সুখং ভগবো বিজিজ্ঞাস ইতি।

ইতি দ্বাবিংশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। [সনৎকুমার আহ, পুরুষঃ] যদা বৈ সুখং লভতে, অথ (তদা) করোতি (প্রযততে); অসুখং লব্ধ্বা (সুখমলব্ধ্বা) ন করোতি; [অপিতু] সুখং লব্ধ্বা এব করোতি। [তস্মাৎ] সুখং তু এব বিজিজ্ঞাসিতব্যমিতি। [এতদাকর্ণ্য নারদ আহ] ভগবঃ, সুখং বিজিজ্ঞাসে ইতি।

অনুবাদ। সনৎকুমার বলিলেন. মানুষ নিরতিশয় আনন্দ প্রাপ্তির আশায় ইন্দ্রিয়গুলিকে সংযত করিতে চেষ্টা করিয়া থাকে, আনন্দ-প্রাপ্তির আশা না থাকিলে করে না। অতএব কৃতিবিষয়ে জ্ঞান লাভ করিতে হইলে, নিরতিশয় আনন্দ কি, তাহাই আগে জানিতে ইচ্ছুক হওয়া উচিত। নারদ বলিলেন, “দেব, আমি সেই নিরতিশয় আনন্দকেই জানিতে চাহিতেছি।”

দ্বাবিংশ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

ত্রয়োবিংশঃ খণ্ডঃ।

১। যো বৈ ভূমা তৎসুখং নাল্পে সুখমস্তি ভূমৈব সুখং ভূমা ত্বেব বিজিজ্ঞাসিতব্য ইতি ভূমানং ভগবো বিজিজ্ঞাস ইতি।

ইতি ত্রয়োবিংশঃ খণ্ডঃ।

[এবং পরমার্থতত্ত্বেঽভিমুখীকৃত্য নারদমাহ সনৎকুমারঃ] যঃ বৈ (এব) ভূমা (নিরতিশয়ঃ মহান্) [কস্যচিদপ্যপেক্ষয়া ন যৎ অল্পমিত্যর্থঃ] তৎ (নিরতিশয়ং মহৎ পরমার্থতত্ত্বং ব্রহ্মএব) সুখং (সুখস্বরূপং)। অল্পে (ভূমাতিরিক্তে পরিচ্ছিন্নে বস্তুনি) সুখং ন অস্তি ; [অপি তু] ভূমা (অনন্তং ব্রহ্ম) এব সুখং (আনন্দস্বভাবঃ) ; [অতঃ] ভূমা তু এব বিজিজ্ঞাসিতব্যঃ। [এতদাকর্ণ্য নারদ আহ] ভগবঃ, ভূমানং (সুখস্বভাবং পরমাত্মানমেবাহং) বিজিজ্ঞাসে (বিশেষেণ জ্ঞাতুমিচ্ছামি) ইতি।

অনুবাদ। সনৎকুমার বলিলেন, 'যিনি ভূমা, যিনি মহান্, তিনিই সুখস্বরূপ ; পরিচ্ছিন্ন ক্ষুদ্র বস্তুতে সুখ নাই, কিন্তু সেই ভূমা—সেই মহান্ই আনন্দস্বরূপ। অতএব নিরতিশয় আনন্দ লাভ করিতে হইলে, সেই ভূমা—পরমার্থতত্ত্ব পরমাত্মা

কি, তাহাই জানিতে অভিলাষী হওয়া উচিত।' নারদ বলিলেন, "দেব, আমি তো সেই ভূমাকেই—পরমার্থ তত্ত্ব পরমাত্মাকেই জানিতে চাহিতেছি।"

ত্রয়োবিংশ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

চতুর্বিংশঃ খণ্ডঃ।

১। যত্র নান্যৎ পশ্যতি নান্যচ্ছৃণোতি নান্যদ্ বিজানাতি স ভূমাঽথ যত্রান্যৎ পশ্যত্যন্যচ্ছৃণোত্যন্যদ্বিজানাতি তদল্পং যো বৈ ভূমা তদমৃতমথ যদল্পং তন্মর্ত্ত্যং স ভগবঃ কস্মিন্ প্রতিষ্ঠিত ইতি স্বে মহিম্নি যদি বা ন মহিম্নীতি।

ব্যাখ্যা। যত্র (যস্মিন্ ভূমাখ্যে পরমাত্মনি) অন্যৎ (স্বতঃ ভিন্নং) ন পশ্যতি [আত্মানমেব পশ্যতীত্যর্থঃ], [তথা] অন্যং ন পশ্যতি, অন্যৎ ন বিজানাতি, সঃ (দ্রষ্টৃ দৃশ্যাদিভেদবিরহিতঃ) ভূমা। অথ (পক্ষান্তরে) যত্র (অবিদ্যাধিকারে দ্বৈতবিষয়ে [অন্যঃ] অন্যৎ পশ্যতি, অন্যৎ শৃণোতি, অন্যৎ বিজানাতি, তৎ অল্পম্ (অচিরস্থায়ি, দ্বৈতকালভাবীত্যর্থঃ)। যঃ বৈ (এব) ভূমা তৎ অমৃতং (অবিনাশি) অথ (পক্ষান্তরে) যৎ অল্পং

ম্বিতকালভাবি) তৎ মর্ত্ত্যং (মরণশীলং)। [এতদাকর্ণ্য নারদঃ প্রাহ] ভগবঃ (হে ভগবন্) সঃ ভূমা কস্মিন্ প্রতিষ্ঠিতঃ? [সনৎকুমারঃ উবাচ] স্বে (আত্মীয়ে) মহিম্নি (স্বশক্তাবিত্যর্থঃ) [প্রতিষ্ঠিতঃ ইতি শেষঃ]। যদি বা (অথবা) মহিম্নি [অপি] ন [প্রতিষ্ঠিতঃ] [ক্বচিদপি অনাশ্রিত এব ভূমা ইত্যর্থঃ]।

অনুবাদ। যেখানে আপন হইতে পৃথগ্‌রূপে পদার্থান্তরের দর্শন, শ্রবণ বা প্রতীতি হয় না তাহাই ভূমা—তাহাই অনন্ত। আর যেখানে তাহা হয়, দ্রষ্টা যেখানে আপন হইতে পৃথগ্‌রূপে পদার্থান্তরের দর্শন, শ্রবণ ও প্রতীতি করেন, তাহাই অল্প—তাহাই পরিমিত। যাহা ভূমা, তাহাই অমৃত, যাহা অল্প, তাহাই মর্ত্ত্য। সনৎকুমারের নিকট নারদ এই অপূর্ব্ব তত্ত্ব শ্রবণ করিয়া জিজ্ঞাসা করিলেন, 'দেব, সেই ভূমা কোথায় অবস্থিত আছেন?' সনৎকুমার উত্তর করিলেন, তিনি আত্মমহিমায় নিত্য প্রতিষ্ঠিত রহিয়াছেন। প্রকৃতপক্ষে কিন্তু সে মহিমাও তাঁহার প্রতিষ্ঠাভূমি নহে, তিনি কাহারও আশ্রয় গ্রহণ না করিয়াই অবস্থান করিতেছেন।

২। গোঅশ্বমিহ মহিমেত্যাচক্ষতে হস্তিহিরণ্যং দাসভার্য্যং ক্ষেত্রাণ্যায়তনানীতি নাহমেবং ব্রবীমি ব্রবীমীতি হোবাচান্যো হ্যন্যস্মিন্ প্রতিষ্ঠিত ইতি।

ইতি চতুর্বিংশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। ইহ (জগতি) গো-অশ্বং, হস্তি-হিরণ্যং, দাস-ভার্য্যং, ক্ষেত্রাণি (ভূসম্পত্তিঃ), আয়তনানি (বাসভবনানি) [চ, যথা জনানাং] মহিমা (বিভূতিঃ) ইতি আচক্ষতে (কথয়ন্তি [লৌকিকাঃ]. অহম্ এবম্ (গবাদিবৎ স্বতো ভিন্নং) [ভূম্নঃ পরমাত্মনঃ মহিমানং] ন ব্রবীমি ইতি হ উবাচ সনৎ-কুমারঃ; হি (যতঃ) অন্যঃ অন্যস্মিন্ প্রতিষ্ঠিতঃ [ভবতি], [অত্র তু এক এবাদ্বিতীয়ে ভূম্নি তথা ন সম্ভবতীত্যর্থঃ]।

অনুবাদ। জগতে দেখা যায় যে, ঘোড়া, গরু, হাতীপ্রভৃতি লোকের বাহ্য সম্পত্তিগুলিকেই তাহাদের মহিমা বলিয়া মনে করা হয়। আমি কিন্তু সেরূপ বলিতেছি না। কারণ যেখানে দ্বৈতাধিকার— অন্য পরভেদ বর্ত্তমান আছে, সেখানেই কেবল একটী আর একটীর উপর প্রতিষ্ঠিত থাকিতে পারে, কিন্তু অনন্ত, অদ্বয় ভূমাতে ইহা সম্ভব হইতে পারে না।

চতুর্বিংশ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

পঞ্চবিংশঃ খণ্ডঃ।

১। স এবাধস্তাৎ স উপরিষ্টাৎ স পশ্চাৎ স পুরস্তাৎ স দক্ষিণতঃ স উত্তরতঃ স এবেদꣳ সর্ব্বমিতি। অথতোঽহঙ্কারাদেশ এবাহমেবাধস্তাদহমুপরিষ্টাদহং পশ্চাদহং পুরস্তাদহং দক্ষিণতোঽহমুত্তরতোঽহমেবেদꣳ সর্ব্বমিতি।

ব্যাখ্যা। সঃ (ভূমা) এব অধস্তাৎ (অধোদেশে), সঃ (ভূমা) উপরিষ্টাৎ (উর্দ্ধদেশে), সঃ পশ্চাৎ (পশ্চাদ্দেশে), সঃ পুরস্তাৎ (অগ্রদেশে), সঃ দক্ষিণতঃ (দক্ষিণভাগে), সঃ উত্তরতঃ (বামভাগে); [কিম্বিকং ব্রবীমি] সঃ (ভূমা) এব ইদং (দৃশ্যমানং) সর্ব্বং (সমগ্রং জগৎ) ইতি [অতঃ সর্ব্বাত্মকত্বাদেবাসৌ ন কচিৎ প্রতিষ্ঠিত ইত্যর্থঃ]। অথ (অনন্তরং) অতঃ (ভূমঃ জীবাদনন্যতাদর্শনায়) অহংকারাদেশঃ (অহংশব্দপুরঃসরমুপদিশ্যতে) এব, অহম্ এব অধস্তাৎ, অহম্ উপরিষ্টাৎ, অহং পুরস্তাৎ, অহং পশ্চাৎ, অহং দক্ষিণতঃ, অহম্ উত্তরতঃ, অহমেব ইদং সর্ব্বং (জগদিতি শেষঃ) ইতি।

অনুবাদ। অনন্ত বলিয়া এই ভূমা হইতে পৃথক্ কোন পদার্থই নাই; সুতরাং ইনিই ঊর্দ্ধে এবং অধোভাগে, ইনিই পূর্ব্বে এবং পশ্চাতে, ইনিই উত্তরে এবং দক্ষিণে নিত্য বর্ত্তমান রহিয়াছেন। এই বিপুল

বিশ্বসৃষ্টির যাহা কিছু আমরা দেখিতেছি, অনুভব করিতেছি—এ সমস্তই তিনি। আবার আমি বলিতে যাহা বুঝায়, তাহাও এই অনন্ত অদ্বয় ভূমা ব্রহ্মপদার্থই। অতএব আমিই ঊর্দ্ধে অধঃ, পূর্ব্বপশ্চিমে, উত্তর-দক্ষিণে নিত্য বর্ত্তমান রহিয়াছি এবং আমিই এই বিপুল বিশ্বাকারে নিত্য বিকশিত হইয়া অবস্থান করিতেছি।

২। অথাত আত্মাদেশ এবাত্মৈবাধস্তাদাত্মো-পরিষ্টাদাত্মা পশ্চাদাত্মা পুরস্তাদাত্মা দক্ষিণত আত্মো-ত্তরত আত্মৈবেদং সর্ব্বমিতি। স বা এষ এবং পশ্যন্নেবং মন্বান এবং বিজানন্নাত্মরতিরাত্মক্রীড় আত্মমিথুন আত্মানন্দঃ স স্বরাড্ ভবতি, তস্য সর্ব্বেষু লোকেষু কামচারো ভবতি। অথ যেঽন্যথাঽতো বিদুরন্যরাজা-নস্তে ক্ষয্যলোকা ভবন্তি; তেষাং সর্ব্বেষু লোকেষ-কামচারো ভবতি।

ইতি পঞ্চবিংশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। অথ (অহঙ্কারাদেশানন্তরং) অতঃ (দেহাদৌ অহংশব্দপ্রয়োগেণ ভ্রান্তানাং ভূম্নঃ আত্মন এবাধন্যত্বপ্রদর্শনেন

ভ্রমনিরসনায়) আত্মাদেশঃ (আত্মশব্দপুরঃসরমুপদিশ্যতে), আত্মা এব অধস্তাৎ, আত্মা উপরিষ্টাৎ, আত্মা পশ্চাৎ, আত্মা পুরস্তাৎ, আত্মা দক্ষিণতঃ, আত্মা উত্তরতঃ, আত্মা এব ইদং সর্ব্বমিতি। সঃ বৈ (এব) এষঃ (বিদ্বান্) এবং (আত্মন এব সর্ব্বাত্মতয়া অদ্বিতীয়ত্বাৎ) পশ্যন, এবং মন্বানঃ, এবং বিজানন্ (শ্রবণমননাভ্যাম্ উপলভ্য ইত্যর্থঃ) আত্মরতিঃ, আত্মক্রীড়ঃ, আত্মমিথুনঃ, আত্মানন্দঃ [ভবতীতি শেষঃ]। [সর্ব্বাত্মকতয়া তস্য রতিক্রীড়ানন্দাদয়ঃ সর্ব্বে আত্মন্যেব নান্যত্র ইত্যর্থঃ]। [কিঞ্চ] সঃ (বিদ্বান্) স্বরাট্ (স্বয়মেব স্বস্য রাজা) ভবতি, সর্ব্বেষু লোকেষু (ভোগভূমিষু) তস্য (উপাসকস্য) কামচারঃ (যথেচ্ছমধিকারঃ) ভবতি, অথ (পক্ষান্তরে) যে (জনাঃ) অতঃ (এতস্মাৎ সর্ব্বাত্মভাবাৎ) অন্যথা (বিপরীতভাবেন) বিদুঃ (আত্মানমিতি শেষঃ) তে (জনাঃ) অন্যরাজানঃ (পরাধীনাঃ) ক্ষয্যলোকাঃ (নশ্বরভোগভূময়ঃ) ভবন্তি; তেষাং সর্ব্বেষু লোকেষু অকামচারঃ ভবতি।

অনুবাদ। আবার আত্মা বলিতে যাহা বুঝায়, তাহাও এই অনন্ত অদ্বয় ভূমা ব্রহ্ম-চৈতন্যই। অতএব আত্মাই ঊর্দ্ধে, পূর্ব্বপশ্চিমে, উত্তর দক্ষিণে নিত্য বর্ত্তমান রহিয়াছেন এবং তিনিই এই বিপুল আকারে নিত্য অভিব্যক্ত হইয়া অবস্থান করিতেছেন।

যিনি দর্শন ও মননের দ্বারা আমাকে পূর্ব্বোক্তরূপে জানিতে পারিয়াছেন, তাঁহার সমস্ত প্রীতি—সমস্ত আনন্দ, তাঁহারই উপর স্থাপিত হয়; লৌকিক কোন আনন্দই তখন আর তাঁহাকে মুগ্ধ করিতে পারে না। তিনি স্বাধীন হইয়া সমস্ত লোকে যথেচ্ছ অধিকার স্থাপন করেন। আর যাহারা ইহার বিপরীত জ্ঞান লাভ করে, বিপুল এই বিশ্বের প্রত্যেক পদার্থকে যাহারা আত্মা হইতে পৃথগ্‌রূপে দর্শন করে, তাহারা পরাধীন হইয়া অচিরস্থায়ী ভোগসম্পৎ লাভ করে; কোথাও তাহাদের যথেচ্ছ অধিকার স্থাপিত হয় না।

পঞ্চবিংশ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

ষড়্‌বিংশঃ খণ্ডঃ।

১। তস্য হ বা এতস্যৈবং পশ্যত এবং মন্বানস্যৈবং বিজানত আত্মতঃ প্রাণ আত্মত আশাত্মতঃ

স্মর আত্মত আকাশ আত্মতস্তেজ আত্মত আপ আত্মত আবির্ভাবতিরোভাবাবাত্মতোঽন্নমাত্মতো বল-মাত্মতো বিজ্ঞানমাত্মতো ধ্যানমাত্মতশ্চিত্তমাত্মতঃ সংকল্প আত্মতো মন আত্মতো বাগাত্মতো নামাত্মতো মন্ত্রা আত্মতঃ কর্ম্মাণ্যাত্মত এবেদং সর্ব্বমিতি।

ব্যাখ্যা। (তস্য (পূর্ব্বোক্তস্য) হ বৈ এতস্য (স্বরাজ্য-মুনিগতস্য) [বিদুষ ইত্যর্থঃ] এবং (যথোক্তরূপং) পশ্যতঃ, এবং মন্বানস্য, এবং বিজানতঃ (বিজ্ঞানবতঃ সতঃ) আত্মতঃ (আত্মনঃ) প্রাণঃ [উৎপদ্যতে, তস্মিন্ প্রলীয়তে চ; তথা] আত্মতঃ আশা, আত্মতঃ স্মরঃ, আত্মতঃ আকাশঃ, আত্মতঃ তেজঃ, আত্মতঃ আপঃ, আত্মতঃ আবির্ভাবতিরোভাবৌ, আত্মতঃ অন্নং, আত্মতঃ বলং, আত্মতঃ বিজ্ঞানং, আত্মতঃ ধ্যানং, আত্মতঃ চিত্তং, আত্মতঃ সঙ্কল্পঃ, আত্মতঃ মনঃ, আত্মতঃ বাক্ আত্মতঃ নাম, আত্মতঃ মন্ত্রাঃ, আত্মতঃ কর্ম্মাণি, আত্মতঃ এব [নান্যস্মা-দিত্যর্থঃ] ইদং সর্ব্বং (পরিদৃশ্যমানং জগদিত্যর্থঃ) উৎপদ্যতে চ প্রলীয়তে চ তস্মিন্]

অনুবাদ। এইরূপে দর্শন ও মননের দ্বারা যাঁহার আত্মজ্ঞান প্রতিষ্ঠা লাভ হইয়াছে, তাঁহার নিকট এই আত্মা হইতেই প্রাণ উৎপন্ন

হইতেছে, আবার ইহাতেই বিলীন হইয়া যাইতেছে। আত্মা হইতে আশা জন্মিতেছে, আত্মা হইতেই স্মৃতি, আত্মা হইতে আকাশ, তেজঃ, জল; আত্মা হইতেই সকল বস্তুর আবির্ভাব ও তিরোভাব নিষ্পন্ন হইতেছে। আত্মা হইতে অন্ন, আত্মা হইতে বল, আত্মা হইতে বিজ্ঞান, আত্মা হইতে ধ্যান, আত্মা হইতে চিত্ত, আত্মা হইতে সঙ্কল্প ও ও মনঃ আত্মা হইতেই বাক্, নাম, মন্ত্র ও কর্ম্মসমূহ প্রাদুর্ভূত হইতেছে। এই বিপুল বিচিত্র বিশ্বও আত্মা হইতে উৎপন্ন হইয়া আত্মাতেই বিলীন হইতেছে।

২। তদেষ শ্লোকো ন পশ্যো মৃত্যুং পশ্যতি ন রোগং নোত দুঃখতাং সর্ব্বং হ পশ্যঃ পশ্যতি সর্ব্বমাপ্নোতি সর্ব্বশ ইতি স একধা ভবতি ত্রিধা ভবতি পঞ্চধা সপ্তধা নবধা চৈব পুনশ্চৈকাদশ স্মৃতঃ শতং চ দশ চৈকশ্চ সহস্রাণি চ বিংশতিঃ। আহারশুদ্ধৌ সত্ত্বশুদ্ধিঃসত্ত্বশুদ্ধৌ ধ্রুবা.স্মৃতিঃ স্মৃতিলম্ভে সর্ব্বগ্রন্থীনাং বিপ্রমোক্ষস্তস্মৈ মৃদিতকষায়ায় তমসঃপারং দর্শয়তি ভগবান্

সনৎকুমারস্তং স্কন্দ ইত্যাচক্ষতে তং স্কন্দ ইত্যাচক্ষতে।

ইতি ষড়্বিংশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। তৎ (এতস্মিন্ বিষয়ে) এষঃ (বক্ষ্যমাণঃ) শ্লোকঃ (মন্ত্রঃ) [অপি বর্ত্ততে], পশ্যঃ (যথোক্তদর্শী বিদ্বান্) মৃত্যুং ন পশ্যতি (নানুভবতি), রোগং ন, দুঃখতাং (দুঃখিভাবং দুঃখমিশ্রত্বং) উত (অপি) ন [পশ্যতীতি শেষঃ]; পশ্যঃ (তত্ত্বদর্শী) সর্ব্বং হ (এব) পশ্যতি (আত্মরূপতয়া অনুভবতীত্যর্থঃ); [তুতঃ সঃ] সর্ব্বশঃ (সর্ব্বৈপ্রকারৈঃ) সর্ব্বম্ আপ্নোতি ইতি। [কিঞ্চ] সঃ বিদ্বান্) একধা (সৃষ্টেঃ প্রাক্ একরূপ এব) ভবতি; [সৃষ্টিকালে পুনঃ] ত্রিধা, পঞ্চধা, সপ্তধা, নবধা চ এব ভবতি [ত্রিধাদিভেদৈরনন্তভেদপ্রকারঃ ভবতীতি ভাবঃ]। পুনশ্চ (প্রকারান্তরেণ) একাদশঃ স্মৃতঃ, শতং চ, দশ চ, একঃ চ, সহস্রাণি, বিংশতিঃ চ [স্মৃতা]। [অধুনা পূর্ব্বোক্তায়াঃ বিদ্যায়াঃ সম্যগববোধহেতুভূতং বিশুদ্ধিকারণং সাধনমুপদিশ্যতে], আহারশুদ্ধৌ (আহারঃ শব্দাদিবিষয়জ্ঞানং, তস্য শুদ্ধিঃ রাগদ্বেষ-মোহদোষৈরসংস্পৃষ্টিঃ, তস্যাং সত্যাং) সত্ত্বশুদ্ধিঃ (সত্ত্বস্য পূর্ব্বোক্তশুদ্ধিমতঃ অন্তঃকরণস্য শুদ্ধিনির্ম্মলতা) ভবতীতি শেষঃ]। সত্ত্বশুদ্ধৌ [সত্যাং যথাবগতভূমাত্মনি] ধ্রুবা (অবিচ্ছিন্না) স্মৃতিঃ (অবিস্মরণম্) [ভবতি]।

স্মৃতিলম্ভে (ভূমাত্মনি তৈলধারাবদবিচ্ছিন্নপ্রবৃত্তায়াং স্মৃতৌ লব্ধায়াং সত্যাং) সর্ব্বগ্রন্থীনাং (অবিদ্যাকৃতানর্থপাশরূপাণাং) বিপ্রমোক্ষঃ (সমূলমুচ্ছেদঃ) [ভবতি]। [ইদানীমাখ্যায়িকোপসংহারায় স্বয়ং শ্রুতিরেব বক্তি], ভগবান্ সনৎকুমারঃ মৃদিতকষায়ায় (জ্ঞান-বৈরাগ্যাদিনা নাশিতরাগাদিচিত্তমলায়) তস্মৈ (নারদায়) তমসঃ (অজ্ঞানাৎ) পারং (পৃথগ্‌ভূতং পরমার্থতত্ত্বং) দর্শয়তি (দর্শিতবান্)। তং (দর্শয়িতারং দেবং সনৎকুমারং) স্কন্দ ইতি আচক্ষতে (কথয়ন্তি) [তত্ত্ববিদ ইতি শেষঃ]।

অনুবাদ। এ বিষয়ে এইরূপ একটী কথা প্রচলিত আছে যে, তত্ত্বদর্শী ব্যক্তির নিকট মৃত্যু, রোগ বা দুঃখ বলিয়া কিছুই থাকে না; কারণ তিনি সমস্ত বস্তুই আত্মময় দেখিয়া থাকেন। আত্মনিরপেক্ষ, কোন বস্তুর সত্তাই তাঁহার নিকট প্রকাশ পায় না। সুতরাং সকল বস্তুই তিনি সর্ব্বপ্রকারে লাভ করিয়া থাকেন। সৃষ্টির এই বিচিত্রতার পূর্ব্বে তিনি একরূপই ছিলেন; সৃষ্টিকালে তিনি ত্রিধাদিভেদে বহুবিধ হইয়াই প্রকাশ পাইয়াছেন। শব্দ-স্পর্শ প্রভৃতি বিষয়জ্ঞানগুলি যখন চিত্তকে আর আলোড়িত

করিয়া সুখ-দুঃখের তরঙ্গে উত্তোলিত করে না, তখনই সেই শান্ত চিত্তে ভূমা পরমাত্মার খণ্ডস্মৃতিধারা স্পষ্টরূপে জাগিয়া উঠে এবং সেই সময়েই জীবের জন্মজন্মান্তরের সঞ্চিত বাসনাবশে কঠিনীকৃত মায়ার মোহজাল হইতে চিরদিনের জন্য মুক্তিলাভ ঘটিয়া থাকে। জ্ঞান ও বৈরাগ্যের নিরন্তর অভ্যাসের দ্বারা নারদের বিষয়ের প্রতি অনুরাগ বা বিরাগরূপ মনোমালিন্য যখন চিরদিনের জন্য বিদূরিত হইয়া গেল, তখন ভগবান্ সনৎকুমার তাঁহাকে মায়াতীত পরমার্থ তত্ত্বের উপদেশ প্রদান করিলেন। এই সনৎকুমারের আর এক নাম স্কন্দ বা কার্ত্তিকেয়।

ষড়্বিংশ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

সপ্তম অধ্যায় সমাপ্ত।

অষ্টমোঽধ্যায়ঃ।

১। অথ যদিদমস্মিন্ ব্রহ্মপুরে দহরং পুণ্ডরীকং বেশ্ম দহরোঽস্মিন্নন্তরাকাশস্তস্মিন্যদন্তস্তদন্বেষ্টব্যং তদ্বাব বিজিজ্ঞাসিতব্যমিতি।

ব্যাখ্যা। অথ (নির্ব্বিশেষব্রহ্মোপদেশানন্তরং) [অধুনা সবিশেষমুপদিশ্যতে ব্রহ্মেত্যর্থঃ] অস্মিন্ (অনুভূয়মানে) ব্রহ্মপুরে (পরমাত্মনগরে তদুপলব্ধিস্থানে দেহে ইত্যর্থঃ) যৎ ইদং দহরং (অল্পং) পুণ্ডরীকং (পঙ্কজাকারং) বেশ্ম (গৃহং গৃহাকারং ব্রহ্মোপলব্ধ্যধিষ্ঠানং হৃদয়ম্) [অস্তি]; অস্মিন্ অন্তঃ (এতদ্ হৃদয়পুণ্ডরীকমধ্যে) দহরঃ (অল্পঃ) আকাশঃ (আকাশাখ্যং ব্রহ্ম) তস্মিন্ অন্তঃ (এতদাকাশাখ্যব্রহ্মমধ্যে) যৎ [অস্তি], তৎ অন্বেষ্টব্যং (আশ্রয়েণ সহ অনুসন্ধেয়ং) তদ্ বাব (এব) বিজিজ্ঞাসিতব্যং (বিশেষেণ গুরুসমীপগমনাদিনা সাক্ষাৎ করণীয়ম্) ইতি।

অনুবাদ। ব্রহ্মের নির্ব্বিশেষরূপের কথা বলিয়া এখন তাঁহার সবিশেষ রূপের কথা বলা হইতেছে। আমাদের এই শরীরের মধ্যস্থলে যে ক্ষুদ্র হৃদয়-পদ্মটী ফুটিয়া রহিয়াছে, তাহারই ভিতর

যে অল্পপরিসর স্থানটুকু ব্যাপিয়া আকাশের মত সূক্ষ্ম ও সর্ব্বগত ব্রহ্ম অবস্থান করিতেছেন, এই বিপুল বিশ্ব বিস্তৃত হইয়া তাঁহারই মধ্যে নিত্য বর্ত্তমান রহিয়াছে। বিচিত্র এই বিশ্বের সহিত হৃদ্‌পদ্মগত এই বিশ্বনাথকে আমাদের অনুসন্ধান করিয়া জানিতে হইবে।

২। তং চেদ্ ব্রূয়ুর্যদিদমস্মিন্ ব্রহ্মপুরে দহরং পুণ্ডরীকং বেশ্ম দহরোঽস্মিন্নন্তরাকাশঃ কিং তদত্র বিদ্যতে যদন্বেষ্টব্যং যদ্বাব বিজিজ্ঞাসিতব্যমিতি।

৩। স ব্রূয়াদ্‌যাবান্ বা অয়মাকাশস্তাবানেষোঽন্তর্হৃদয় আকাশ উভে অস্মিন্ দ্যাবাপৃথিবী অন্তরেব সমাহিতে উভাবগ্নিশ্চ বায়ুশ্চ সূর্য্যাচন্দ্রমসাবুভৌ বিদ্যুন্নক্ষত্রাণি যচ্চাস্যেহাস্তি যচ্চ নাস্তি সর্ব্বং তদস্মিন্ সমাহিতমিতি।

ব্যাখ্যা। তং (এবম্ উক্তবন্তমাচার্য্যং) চেৎ (যদি) [শিষ্যাঃ] ব্রূয়ুঃ (আধ্যোক্তোপদেশে আপত্তিমুখাপ্য কথয়েয়ুঃ) অস্মিন্ ব্রহ্মপুরে যৎ ইদং দহরং পুণ্ডরীকং বেশ্ম, অস্মিন্ (বেশ্মনি) দহরঃ অন্তরাকাশঃ, অত্র (অল্পতরে অন্তরাকাশে) তৎ কিং বিদ্যতে, যৎ অন্বেষ্টব্যং, যৎ বাব বিজিজ্ঞাসিতব্যং [ভবেৎ কিন্তু

তত্র অল্পতরপরিমাণে হৃদয়াকাশে অন্বেষণার্হং কিমপি ন স্থাতুমর্হতীত্যর্থঃ] ইতি (এবং জিজ্ঞাসিতঃ) সঃ (আচার্য্যঃ) ব্রূয়াৎ (তান্ শিষ্যান্ কথয়েৎ) ।

ব্যাখ্যা। অয়ং (বহিরনুভূয়মানো ভৌতিকঃ) আকাশঃ যাবান্ বৈ (যৎপরিমাণ এব) এষঃ অন্তর্হৃদয়ে (হৃদয়পুণ্ডরীকমধ্যে) আকাশঃ (আকাশাখ্যং ব্রহ্ম), তাবান্ (তৎপরিমাণ এব)। উভে (দ্বে) দ্যাবাপৃথিবী (দ্যুলোকভূলোকৌ) অস্মিন্ (হৃদয়পুণ্ডরীকাকাশে) অন্তরেব (মধ্যে এব) সমাহিতে (সম্যক্ সন্নিবেশিতে)। অগ্নিশ্চ বায়ুশ্চ উভৌ; সূর্য্যাচন্দ্রমসৌ (দিনকররজনীনাথৌ) উভৌ বিদ্যুৎ, নক্ষত্রাণি চ [অন্তরেব সমাহিতানি]। [কিমধিকেন] ইহ (অস্মিন্ লোকে) অস্য (দেহিনঃ) [আত্মীয়ত্বেন] যৎ চ অস্তি, যৎ চ নাস্তি, তৎ সর্ব্বং অস্মিন্ (অস্মিন্ হৃদয়াকাশে) সমাহিতম্ ইতি।

অনুবাদ। আচার্য্য এই কথা বলিলে শিষ্যগণ যদি তাঁহাকে জিজ্ঞাসা করে—'দেব,আমাদের এই শরীরের মধ্যস্থলে যে হৃদয়পদ্মটী ফুটিয়া রহিয়াছে, তাহারই ভিতর যে অল্পপরিসর স্থানটুকু ব্যাপিয়া সূক্ষ্ম ব্রহ্মাকাশ অবস্থান করিতেছেন, তাহার মধ্যে এমন কি থাকিতে পারে, যাহা অনুসন্ধান করিয়া বিশেষরূপে জানিতে হইবে ?' তবে সেই আচার্য্য

শিষ্যগণকে বলিবেন যে, 'বাহিরের এই আকাশ যেরূপ বিপুলায়তন, হৃদয়াকাশও ঠিক্ সেইরূপ। এ আকাশেও সূর্য্য, চন্দ্র উদিত হইতেছে, নক্ষত্রমালা ও বিদ্যুৎ দীপ্তি পাইতেছে, অগ্নি জ্বলিতেছে, বায়ু বহিতেছে, দ্যুলোক ও ভূলোক ইহারও মধ্যে ওতপ্রোতভাবে অবস্থান করিতেছে। অধিক আর কি বলিব, এই দেহী আত্মার ইহলোকে যাহা বিদ্যমান আছে, আর যাহা নাই, যাহা অতীতের গর্ভে বিলীন হইয়াছে বা ভবিষ্যতের ক্রোড়ে নিহিত রহিয়াছে, সে সমস্তই ইহারই মধ্যে সমাহিত হইয়া অবস্থান করিতেছে।

৪। তং চেদ্ ব্রূয়ুরস্মিংশ্চেদিদং ব্রহ্মপুরে সর্ব্বং-সমাহিতং সর্ব্বাণি চ ভূতানি সর্ব্বে চ কামা যদৈনজ্জরা-মাপ্নোতি প্রধ্বংসতে বা কিং ততোঽতিশিষ্যত ইতি।

ব্যাখ্যা। চেৎ (যদি) তং (এবমুক্তবন্তম্ আশ্চর্য্যাং) ব্রূয়ুঃ (কথয়েয়ুঃ) [শিষ্যা ইতি শেষঃ] অস্মিন্ ব্রহ্মপুরে (ব্রহ্মপুরো-পলক্ষিতে অন্তরাকাশে) ইদং সর্ব্বং (পরিদৃশ্যমানং জগৎ) সমাহিতম্, সর্ব্বাণি চ ভূতানি (প্রাণিনঃ), সর্ব্বে কামাঃ (অভি-

লাবাঃ) [সমাহিতাঃ], [তর্হি] যদা (যস্মিন্ কালে) এনৎ (শরীরং) জরাঃ (বলিপলিতাদিলক্ষণাঃ) বা অপ্নোতি বা (অথবা) প্রধ্বংসতে (বিনশ্যতি) ততঃ তস্মাৎ (শরীরাৎ) [অন্যৎ] কিম্ অতিশিষ্যতে (অবশিষ্যতে)? [নান্যৎ কিমপি ইত্যর্থঃ]।

অনুবাদ। আচার্য্যের এই কথা শুনিয়া শিষ্যগণ যদি পুনর্ব্বার তাহাকে জিজ্ঞাসা করে যে, 'যদি এই শরীরের মধ্যে এই সমস্ত জড়জগৎ, সমস্ত ভূতবর্গ এবং সমস্ত কামনা অন্তর্নিবিষ্ট হইয়া থাকে, তবে যখন এই শরীর জরাপীড়িত হয় বা একেবারেই বিধ্বস্ত হইয়া যায়, তখন সেই শরীর ছাড়া আর কি অবশিষ্ট থাকে?

৫। স ব্রূয়ান্নাস্য জরয়ৈতজ্জীর্য্যতি ন বধেনাস্য হন্যত এতৎসত্যং ব্রহ্মপুরমস্মিন্‌কামাঃ সমাহিতা এষ আত্মাপহতপাপ্মা বিজরো বিমৃত্যুর্বিশোকো বিজিঘৎসোঽপিপাসঃ সত্যকামঃ সত্যসংকল্পো যথা হ্যেবেহ প্রজা অন্বাবিশন্তি যথানুশাসনং যং যমন্তমভিকামা ভবন্তি যং জনপদং যং ক্ষেত্রভাগং তং তমেবোপজীবন্তি।

৬। তদ্ যথেহ কর্ম্মজিতো লোকঃ ক্ষীয়ত এবমেবামুত্র পুণ্যজিতো লোকঃ ক্ষীয়তে। তদ্ য ইহাত্মানমননুবিদ্য ব্রজন্ত্যেতাংশ্চ সত্যান্ কামাংস্তেষাং সর্ব্বেষু লোকেষকামচারো ভবতি। অথ য ইহাত্মানমনুবিদ্য ব্রজন্ত্যেতাংশ্চ সত্যান্ কামাংস্তেষাং সর্ব্বেষু লোকেষু কামচারো ভবতি।

ইতি প্রথমঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। [শিষ্যৈরেবং জিজ্ঞাসিতঃ] সঃ (আচার্য্যঃ) ব্রূয়াৎ (শিষ্যশঙ্কামপহাতুং কথয়েৎ), অস্য (দেহস্য) জরয়া (বয়োহান্যা) এতৎ (যথোক্তমন্তরাকাশাখ্যং ব্রহ্ম) ন জীর্য্যতি (জীর্ণং ন ভবতি), অস্য (দেহস্য) বধেন এতৎ (অন্তরাকাশাখ্যং ব্রহ্ম) ন হন্যতে। এতৎ (অন্তরাকাশাখ্যং ব্রহ্ম) সত্যং (অবিতথং) ব্রহ্মপুরং (ব্রহ্মৈব পুরং); অস্মিন্ (সত্যে ব্রহ্মপুরে) কামাঃ (সর্ব্বে অভিলাষাঃ) সমাহিতাঃ [সন্তি]। এষঃ (হৃদয়পুণ্ডরীকাকাশঃ) অপহতপাপ্মা (ত্যক্তধর্ম্মাধর্ম্মঃ) বিজরঃ (জরারহিতঃ) বিমৃত্যুঃ (মরণাতীতঃ) বিশোকঃ (বিগতেষ্টাদিবিয়োগসন্তাপঃ) বিজিঘৎসঃ (বিগতাশনেচ্ছঃ) অপিপাসঃ (পিপাসারহিতঃ) সত্যকামঃ (অমোঘাভিলাষঃ) সত্যসঙ্কল্পঃ (কামহেতুঃ সঙ্কল্পোঽপি অবিতথ এবাস্য), (এবংলক্ষণঃ] আত্মা [জীবানাং স্বরূপঃ। এব এবাত্মা স্বারাজ্য-

কামৈরাত্মসংবেদ্যতয়া গুরুভ্যঃ শাস্ত্রতশ্চ বিজ্ঞেয়ঃ, অন্যথা অযাথাত্ম্যরূপঃ দোষঃ স্যাৎ; তথাহ দৃষ্টান্তেন] ইহ (জগতি) যথৈব হি প্রজাঃ (জনাঃ) যথানুশাসনং (রাজশাসনমনতিক্রম্য) অন্বাবিশন্তি (অনুবর্ত্তন্তে), যং যম্ অন্তং (সন্নিহিতং), যং জন-পদং, যং ক্ষেত্রভাগং চ অভিকামাঃ (অভিলাষুকাঃ) ভবন্তি, তং তম্ (আত্মনাভিমতং) এব উপজীবন্তি (আশ্রিত্য জীবন্তি) [ন তু স্বাতন্ত্র্যেণ ইত্যর্থঃ]।

ব্যাখ্যা। তৎ (তত্র বিষয়ে) [অপরমপরঃ দৃষ্টান্তঃ] ইহ (অস্মিন্ জগতি) কর্ম্মজিতঃ (সেবাদিজিতঃ) লোকঃ (ভোগ্যঃ শস্যাদিঃ) যথা ক্ষীয়তে (অন্তবান্ নশ্বরো ভবতি) এবমেব (উক্তদৃষ্টান্তবদেব) অমুত্র (পরলোকে) পুণ্যজিতঃ (অগ্নি-হোত্রাদ্যনুষ্ঠানোৎপন্নেন পুণ্যেন অর্জ্জিতঃ) লোকঃ (স্বর্গাদি-ভোগভূমিঃ) ক্ষীয়তে (নশ্যতি)। তৎ (তস্মাৎ কারণাৎ) ইহ (অস্মিন্ লোকে) যে (জনাঃ) আত্মানং, এতান্ সত্যান্ কামাংশ্চ অননুবিদ্য (আত্মসংবেদ্যতামকৃত্বা) ব্রজন্তি (অস্মাৎ দেহাৎ প্রয়ান্তি) তেষাম্ (অনাত্মবিদাং) সর্ব্বেষু লোকেষু (ভোগভূমিষু) অকামচারঃ (অস্বাতন্ত্র্যং) ভবতি। অথ (পক্ষা-ন্তরে) যে (জনাঃ) ইহ (লোকে) আত্মানম্ এতান্ সত্যান্ কামাংশ্চ অনুবিদ্য (আত্মসংবেদ্যতামাপাদ্য) ব্রজন্তি (লোকা-ন্তরং গচ্ছন্তি) তেষাং সর্ব্বেষু লোকেষু কামচারঃ (স্বাতন্ত্র্যং) ভবতি।

অনুবাদ। তখন আচার্য্য সেই শিষ্যগণকে বলিলেন যে, এই শরীরের জরা দ্বারা ইহার অন্তর্নিবিষ্ট হৃৎপদ্মাকাশ জীর্ণ হয় না, ইহার বধেও সে হত হয় না; ইহাই যথার্থ ব্রহ্মপুরী, জীবের সমগ্র কামনা ইহারই মধ্যে সমাহিত হইয়া রহিয়াছে। জরামরণহীন ইনিই জীবের শোকশূন্য নিষ্পাপ আত্মা। ইহাঁর ক্ষুধা ও পিপাসার পীড়ন নাই। ইনি যাহা সঙ্কল্প করেন, কামনা করেন, তাহাই পূর্ণ হয়। জগতে যেমন দেখিতে পাওয়া যায় যে, প্রজাগণ রাজার শাসন অনুসরণ করিয়া যে যে সন্নিহিত জনপদ বা ভূভাগ পাইতে অভিলাষী হয়, তাহাই পাইয়া থাকে এবং রাজসেবার দ্বারা অর্জ্জিত তাহাদের সেই ঐহিক সম্পদ্ যেমন এক দিন ক্ষয়প্রাপ্ত হয়, জীবগণের পুণ্যার্জ্জিত পারলৌকিক সম্পদ্ও তেমনই একদিন ক্ষয় পাইয়া থাকে। যাহারা এই পৃথিবীতে শোকশূন্য, পাপহীন, অমর এই আত্মাকে এবং তাহার সত্যসঙ্কল্প-প্রভৃতি গুণগুলিকে না জানিয়াই মৃত্যুমুখে পতিত হয়, তাহারা কোন লোকেই স্বাধীনতা লাভ করিতে

পারে না, আর যাঁহারা ঐ অমর আত্মাকে এবং ঐ সত্যসঙ্কল্পপ্রভৃতি গুণগুলিকে বিশেষরূপে হৃদয়ঙ্গম করিয়া লোকান্তরে প্রস্থান করেন, নিখিল ভোগভূমিতে তাঁহারা নিরঙ্কুশ স্বাধীনতা লাভ করিয়া থাকেন।

প্রথম খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

দ্বিতীয়ঃ খণ্ডঃ।

১। স যদি পিতৃলোককামো ভবতি সঙ্কল্পাদেবাস্য পিতরঃ সমুত্তিষ্ঠন্তি তেন পিতৃলোকেন সম্পন্নো মহীয়তে।

ব্যাখ্যা। সঃ (আত্মানম্, আত্মগুণাংশ্চ প্রত্যক্ষীকুর্ব্বন্ ত্যক্তদেহঃ), যদি পিতৃলোককামঃ (পিত্রাদিপূর্ব্বপুরুষৈঃ মিলনেচ্ছুঃ) ভবতি [তর্হি] অস্য (আত্মানং সাক্ষাৎকৃত্য ত্যক্তদেহস্য) সঙ্কল্পাৎ (ইচ্ছামাত্রাৎ) এব পিতরঃ সমুত্তিষ্ঠন্তি (আত্মসন্নিধিতামাপদ্যন্তে)। [ত্যক্তদেহঃ স পুরুষঃ] তেন পিতৃলোকেন (সুখহেতুত্বাৎ ভোগভূতেন পিতৃগণেন) সম্পন্নঃ (মিলিতঃ সন্) মহীয়তে (মাহাত্ম্যম্ অনুভবতি)

অনুবাদ। যিনি শোকশূন্য, পাপহীন অমর এই আত্মাকে এবং তাঁহার সত্যসঙ্কল্পপ্রভৃতি গুণগুলি হৃদয়ঙ্গম করিয়া লোকান্তরে প্রস্থান করেন, তিনি যদি সেখানে পিতৃপুরুষগণের সহিত সম্মিলিত হইতে অভিলাষী হন, তবে ইচ্ছা করিবা মাত্রই তাঁহারা আসিয়া উপস্থিত হন এবং তিনিও তাঁহাদের সহিত সম্মিলিত হইয়া আপনার মাহাত্ম্য অনুভব করেন।

২। অথ যদি মাতৃলোককামো ভবতি সঙ্কল্পাদেবাস্য মাতরঃ সমুত্তিষ্ঠন্তি। তেন মাতৃলোকেন সম্পন্নো মহীয়তে।

ব্যাখ্যা। অথ [পূর্ব্বোক্তঃ আত্মসাক্ষাৎকারী ত্যক্তদেহঃ পুরুষঃ] যদি মাতৃলোককামঃ (মাতৃভির্মিলনেচ্ছুঃ) ভবতি, [তর্হি] অস্য (আত্মানং প্রত্যক্ষীকৃত্য ত্যক্তদেহস্য পুরুষস্য) সঙ্কল্পাৎ এব মাতরঃ সমুত্তিষ্ঠন্তি (তৎসমীপমাগচ্ছন্তি)। [স ত্যক্তদেহঃ পুরুষঃ] তেন (আত্মসমীপস্থেন) মাতৃলোকেন (ভোগভূতেন মাতৃগণেন) সম্পন্নঃ (মিলিতঃ সন্) মহীয়তে (বর্দ্ধতে)।

অনুবাদ। সেইরূপ তিনি যদি সেখানে

মাতৃমাতামহীদিগের সহিত সম্মিলিত হইতে অভিলাষী হন, তবে সঙ্কল্প করিবা মাত্র তাঁহারা আসিয়া উপস্থিত হন এবং তিনিও তাঁহাদের সহিত মিলিত হইয়া আপনার মাহাত্ম্য অনুভব করেন।

৩। অথ যদি ভ্রাতৃলোককামো ভবতি, সঙ্কল্পাদেবাস্য ভ্রাতরঃ সমুত্তিষ্ঠন্তি। তেন ভ্রাতৃলোকেন সম্পন্নো মহীয়তে।

ব্যাখ্যা। অথ (পূর্ব্বোক্তঃ ত্যক্তদেহঃ সঃ পুরুষঃ) যদি ভ্রাতৃলোককামঃ ভবতি, অস্য সঙ্কল্পাৎ এব ভ্রাতরঃ সমুত্তিষ্ঠন্তি; [সঃ পুরুষঃ] তেন ভ্রাতৃলোকেন সম্পন্নঃ [সন্] মহীয়তে।

অনুবাদ। আর তিনি যদি সেখানে ভ্রাতাদিগের সহিত মিলিত হইতে ইচ্ছা করেন, তবে সঙ্কল্প করিবামাত্র তাঁহারা আসিয়া উপস্থিত হন এবং তিনি তাঁহাদিগের সহিত মিলিত হইয়া আপনার মাহাত্ম্য অনুভব করেন।

৪। অথ যদি স্বসৃলোককামো ভবতি, সঙ্কল্পাদেবাস্য স্বসারঃ সমুত্তিষ্ঠন্তি। তেন স্বসৃলোকেন সম্পন্নো মহীয়তে।

ব্যাখ্যা। অথ (সঃ) যদি স্বসৃলোককামঃ (ভগিনী-ভিমিলনেচ্ছুঃ) ভবতি, অস্য সঙ্কল্পাৎ এব স্বসারঃ সমুত্তিষ্ঠন্তি। [সঃ] তেন স্বসৃলোকেন সম্পন্নঃ মহীয়তে।

অনুবাদ। আর তিনি যদি সেখানে ভগিনীদিগের সহিত মিলিত হইতে ইচ্ছা করেন, তবে সঙ্কল্প করিবামাত্র তাঁহারা আসিয়া উপস্থিত হন এবং তিনি তাঁহাদের সহিত মিলিত হইয়া আপনার মাহাত্ম্য অনুভব করেন।

৫। অথ যদি সখিলোককামো ভবতি, সঙ্কল্পাদেবাস্য সখায়ঃ সমুত্তিষ্ঠন্তি। তেন সখিলোকেন সম্পন্নো মহীয়তে।

ব্যাখ্যা। অথ [সঃ] যদি সখিলোককামঃ ভবতি, [তদা] অস্য সঙ্কল্পাৎ এব সখায়ঃ সমুত্তিষ্ঠন্তি, [সঃ] তেন সখিলোকেন সম্পন্নঃ [সন্] মহীয়তে।

অনুবাদ। আর তিনি যদি সেখানে লোকান্তরিত বন্ধুবান্ধবদিগের সহিত মিলিত হইতে ইচ্ছা করেন, তবে সঙ্কল্প করিবামাত্র তাহারা আসিয়া উপস্থিত হয়। তিনি তাহাদের সহিত সম্মিলিত হইয়া আপনার মাহাত্ম্য অনুভব করেন।

৬। অথ যদি গন্ধমাল্যলোককামো ভবতি, সঙ্কল্পাদেবাস্য গন্ধমাল্যে সমুত্তিষ্ঠতস্তেন গন্ধমাল্য-লোকেন সম্পন্নো মহীয়তে ।

ব্যাখ্যা। অথ [সঃ] যদি গন্ধমাল্যলোককামঃ (গন্ধমাল্য-ধারণেচ্ছুঃ) ভবতি, [তদা] অস্য সঙ্কল্পাৎ এব গন্ধমাল্যে সমুত্তি-ষ্ঠতঃ ; [সঃ] তেন গন্ধমাল্যলোকেন সম্পন্নঃ [সন্] মহীয়তে।

অনুবাদ। আর তিনি যদি সেখানে চন্দনাদি গন্ধদ্রব্য ও পুষ্পমালা ধারণ করিতে অভিলাষী হন, তবে মনে মনে সঙ্কল্প করিবামাত্র তাহারা আসিয়া উপস্থিত হয় এবং তিনি সেই গন্ধদ্রব্য ও পুষ্পমালা ধারণ করিয়া সমৃদ্ধিসম্পন্ন হইয়া থাকেন।

৭। অথ যদ্যন্নপানলোককামো ভবতি, সঙ্কল্পা-দেবাস্যান্নপানে সমুত্তিষ্ঠতস্তেনান্নপানলোকেন সম্পন্নো মহীয়তে।

ব্যাখ্যা। অথ [সঃ] যদি অন্নপানলোককামঃ ভবতি, [তদা] অস্য সঙ্কল্পাৎ এব অন্নপানে সমুত্তিষ্ঠতঃ ; [সঃ] তেন অন্নপানলোকেন সম্পন্নঃ [সন্] মহীয়তে।

অনুবাদ। আর তিনি যদি সেখানে ভোজ্য দ্রব্য ও পানীয় জল পাইতে ইচ্ছা করেন, তবে সঙ্কল্প করিবামাত্র সেগুলি সেখানে আসিয়া উপস্থিত হইবে এবং তিনি সেগুলির দ্বারা সমৃদ্ধ হইয়া আপনার মাহাত্ম্য অনুভব করিবেন।

৮। অথ যদি গীতবাদিত্রলোককামো ভবতি, সঙ্কল্পাদেবাস্য গীতবাদিত্রে সমুত্তিষ্ঠতস্তেন গীতবাদিত্র-লোকেন সম্পন্নো মহীয়তে।

ব্যাখ্যা। অথ [সঃ] যদি গীতবাদিত্রলোককামঃ (গীত-বাদ্যশ্রবণেচ্ছুঃ) ভবতি, [তদা] অস্য সঙ্কল্পাৎ এব গীতবাদিত্রে সমুত্তিষ্ঠতঃ; [সঃ] তেন গীতবাদিত্র লোকেন সম্পন্নঃ [সন্] মহীয়তে।

অনুবাদ। আর তিনি যদি সেখানে গীতবাদ্য শ্রবণ করিতে অভিলাষী হন, তবে মনে মনে সঙ্কল্প করিবামাত্র সেগুলি আসিয়া সেখানে উপস্থিত হইবে এবং তিনি সেই গীতবাদ্যের দ্বারা সমৃদ্ধ হইয়া আপনার মহিমা অনুভব করিবেন।

৯। অথ যদি স্ত্রীলোককামো ভবতি, সঙ্কল্পা-

দেবাস্য স্ত্রিয়ঃ সমুত্তিষ্ঠন্তি। তেন স্ত্রীলোকেন সম্পন্নো মহীয়তে।

ব্যাখ্যা। অথ [সঃ] যদি স্ত্রীলোককামঃ ভবতি, [তদা] অস্য সঙ্কল্পাৎ এব স্ত্রিয়ঃ সমুত্তিষ্ঠন্তি ; [সঃ] তেন স্ত্রীলোকেন সম্পন্নঃ [সন্] মহীয়তে।

অনুবাদ। আর তিনি যদি সেখানে রমণীদিগকে লাভ করিতে ইচ্ছা করেন, তবে সঙ্কল্প করিবামাত্র তাহারা তাঁহার নিকটে আসিয়া উপস্থিত হইবে এবং তিনি সেই রমণীদিগের দ্বারা সমৃদ্ধ হইয়া আপনার মহিমা অনুভব করিবেন।

১০। যং যমন্তমভিকামো ভবতি, যং কামং কাময়তে, সোঽস্য সঙ্কল্পাদেব সমুত্তিষ্ঠতি। তেন সম্পন্নো মহীয়তে।

ইতি দ্বিতীয়ঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। [কিমধিকেন] যং যম্ অন্তং (প্রদেশং প্রতি) অভিকামঃ (অভিলাষী) ভবতি, যং চ কামং কাময়তে (ইচ্ছতি, অস্য সঙ্কল্পাৎ এব সঃ (অভিলাষতঃ প্রদেশঃ কামশ্চ) সমুত্তিষ্ঠতি ; [সঃ] তেন সম্পন্নঃ [সন্] মহীয়তে।

অনুবাদ। বেশী আর কি বলিব, তিনি সেখানে যে যে বস্তু বা বিষয় লাভ করিতে অভিলাষী হন, ইচ্ছা করিবামাত্র তখনই সেগুলি আসিয়া তাঁহার নিকট উপস্থিত হয়; এবং তিনি সেই গুলির দ্বারা সমৃদ্ধ হইয়া আপনার মহিমা অনুভব করেন।

দ্বিতীয় খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

তৃতীয়ঃ খণ্ডঃ।

১। ত ইমে সত্যাঃ কামা অনৃতাপিধানাস্তেষাং সত্যানাং সতামনৃতমপিধানং, যো যো হ্যস্যেতঃ প্রৈতি ন তমিহ দর্শনায় লভতে।

ব্যাখ্যা। তে ইমে (পূর্ব্বোক্তাঃ) সত্যাঃ কামাঃ (অমোঘাভিলাষাঃ) অনৃতাপিধানাঃ (অজ্ঞানাবৃতাঃ) [অতো ন সুলভাঃ]। সতাং (আত্মনি বর্ত্তমানানামপি) তেষাং সত্যানাম্ [কামানাং] অনৃতং (মিথ্যাজ্ঞানমেব) অপিধানং (আচ্ছাদনম্)। হি (যতঃ) অস্য (জীবস্য) যঃ যঃ (পুত্রাদিঃ

ইষ্টজনঃ) ইতঃ (অস্মাৎ লোকাৎ) প্রৈতি (প্রগচ্ছতি ম্রিয়তে ইত্যর্থঃ), ইহ (অস্মিন্ লোকে) [স্থিতঃ স জীবঃ ইচ্ছন্নপি] তং (প্রেতং) দর্শনায় ন লভতে (ন তং পশ্যতীত্যর্থঃ)।

অনুবাদ। পূর্ব্বের এই সত্যকামগুলি মিথ্যা জ্ঞান দ্বারা সমাবৃত; তাই জীবের হৃদয়াকাশে সেগুলি নিত্য বিদ্যমান থাকিলেও মিথ্যাজ্ঞানই তাহাদের আবরক বলিয়া, অজ্ঞান জীবের যে যে পুত্রাদি প্রিয়জন ইহলোক হইতে প্রস্থান করে, ইচ্ছা থাকিলেও ইহলোকে থাকিয়া সে আর তাহাদের দর্শন লাভ করিতে পারে না।

২। অথ যে চাস্যেহ জীবা যে চ প্রেতা যচ্চান্য-দিচ্ছন্ন লভতে সর্ব্বং তদত্র গত্বা বিন্দতেঽত্র হ্যস্যৈতে সত্যাঃ কামা অনৃতাপিধানাঃ। তদ্ যথাপি হিরণ্যনিধিং নিহিতমক্ষেত্রজ্ঞা উপর্য্যুপরি সঞ্চরন্তো ন বিন্দেয়ুরেব-মেবেমাঃ সর্ব্বাঃ প্রজা অহরহর্গচ্ছন্ত্য এতং ব্রহ্মলোকং ন বিন্দন্ত্যনৃতেন হি প্রত্যূঢ়াঃ।

ব্যাখ্যা। অথ (পক্ষান্তরে) অস্য (বিদ্যাবতঃ প্রাণিনঃ) যে জীবাঃ (পুত্রাদয়ঃ জীবিতাঃ ইষ্টজনাঃ) ইহ (অস্মিন্ লোকে)

[বিদ্যমানাঃ] যে চ প্রেতাঃ (লোকান্তরিতাঃ), যৎ চ (যদপি) অন্যৎ (ইষ্টং বস্তু) ইচ্ছন্ (অভিলষন্নপি) ন লভতে ; অত্র (হৃদয়াকাশাখ্যে ব্রহ্মণি) গত্বা (তৎ প্রাপ্য) তৎ সর্ব্বং (প্রাগ্‌লব্ধং বস্তুজাতং) বিন্দতে (লভতে) ; হি (যস্মাৎ) অস্য (অবিদ্যাবতঃ প্রাণিনঃ) এতে সত্যাঃ কামাঃ (পূর্ব্বোক্তাঃ আত্মস্থাঃ অমোঘাভিলাষাঃ) অনৃতাপিধানাঃ (অজ্ঞানাবৃতাঃ) ৷ তৎ (তত্র বিষয়ে) [অয়মেকঃ দৃষ্টান্তঃ বিদ্যতে —] যথা অক্ষেত্রজ্ঞাঃ (নিধিশাস্ত্রৈর্নিধিক্ষেত্রমজানন্তঃ জনাঃ) উপর্য্যুপরি (নিধেক্ষ-পরিভাগে) সঞ্চরন্তঃ (পরিভ্রমন্তঃ) অপি নিহিতং (ভূম্যন্তর্ধ-স্থানিক্ষিপ্তং) হিরণ্যনিধিং (পুনর্গ্রহণায় নিধাতৃভির্নিহিতং হিরণ্যং) ন বিন্দেয়ুঃ (ন লভেরন্), এবমেব (উক্তদৃষ্টান্তবদেব) ইমাঃ সর্ব্বাঃ প্রজাঃ (প্রাণিনঃ) অহরহঃ (প্রত্যহং) এতং ব্রহ্ম-লোকং (হৃদয়াকাশাখ্যং ব্রহ্মৈব) গচ্ছন্ত্যঃ [অপি] ন বিন্দন্তি (তদেব হৃদয়াকাশাখ্যং ব্রহ্ম ন লভন্তে ইতি শেষঃ) ; হি (যস্মাৎ) [তাঃ প্রজাঃ]] অনৃতেন (অজ্ঞানেন) প্রত্যূঢ়াঃ (আবৃতাঃ) [এতদজ্ঞানাবরণমেব ব্রহ্মাপ্রাপ্তিহেতুঃ]।

অনুবাদ। আর জ্ঞানী পুরুষের যে সকল প্রিয়জন ইহলোকে জীবিত আছে বা পরলোকে প্রস্থান করিয়াছে, কিংবা তাঁহার অন্য কোন প্রিয় বস্তু—যাহা তিনি ইচ্ছা করিয়াও লাভ

করিতে পারেন নাই, তাহা—তিনি এই হৃৎপদ্মচারী ব্রহ্মের উপাসনায় লাভ করিয়া থাকেন। কারণ অজ্ঞ লোকের পক্ষেই এই সকল সত্যকামনাগুলি তাহাদের অজ্ঞান দ্বারা আবৃত থাকে, জ্ঞানীর পক্ষে নহে। যাহারা গুপ্ত ধন কোথায় নিহিত আছে, তাহা জানে না; তাহারা যেমন সেই ক্ষেত্রের উপরিভাগে পুনঃ পুনঃ বিচরণ করিয়াও ভূগর্ভ-নিহিত সেই হিরণ্যাদি গুপ্ত ধন লাভ করিতে পারে না, ঠিক্ তেমনি এই সমস্ত প্রাণিগণ অজ্ঞান দ্বারা আবৃত বলিয়া প্রতিদিন সুষুপ্তিকালে এই হৃদয়কমলচারী ব্রহ্মকে পাইয়াও তাঁহাকে লাভ করিতে পারে না।

৩। স বা এষ আত্মা হৃদি তস্যৈতদেব নিরুক্তং হৃদ্যয়মিতি তস্মাদ্ধৃদয়মহরহর্বা এবংবিৎ স্বর্গং লোকমেতি।

ব্যাখ্যা। সঃ বৈ (পূর্ব্বোক্তম্ অপহতপাপ্মত্বাদিগুণকম্ আত্মানং স্মারয়তি) এষঃ আত্মা হৃদি (হৃদয়পুণ্ডরীকে) [আকাশশব্দেন অভিহিতঃ]। তস্য (হৃদয়স্য) এতদেব (বক্ষ্যমাণং) নিরুক্তং (নির্ব্বচনং যৌগিকার্থঃ)—হৃদি অয়ম্

(আত্মা বর্ত্ততে) ইতি, তস্মাৎ [হেতোঃ] হৃদয়ম্ [উচ্যতে ইতি শেষঃ]। এবংবিৎ (হৃদি অয়ম্ আত্মা বর্ত্ততে ইতি যো জানাতি সঃ) বৈ (এব) অহরহঃ (প্রত্যহং) স্বর্গং লোকং (হার্দ্দং ব্রহ্ম) এতি (প্রতিপদ্যতে। [সুষুপ্তিকালে ইত্যর্থঃ]।

অনুবাদ। পূর্ব্বের সেই পাপহীন, অমর আত্মা আমাদের এই হৃদয়েই অবস্থান করিতে-ছেন। সেইজন্য এই হৃদয়শব্দের যৌগিকার্থ এই যে, "এই আত্মা হৃদয়ে" (হৃদি + অয়ম্ = হৃদয়ম্) এবং এইজন্যই ইহার নাম "হৃদয়" হইয়াছে। যিনি জানেন যে আত্মা আমাদের এই হৃদয়েই অবস্থান করিতেছেন, তিনি প্রতিদিন সুষুপ্তিসময়ে সেই হৃৎপদ্মচারী ব্রহ্মকে লাভ করিয়া থাকেন।

৪। অথ য এষ সংপ্রসাদোঽস্মাচ্ছরীরাৎ সমুত্থায় পরং জ্যোতিরুপসম্পদ্য স্বেন রূপেণাভিনিষ্পদ্যত এষ আত্মেতি হোবাচৈতদমৃতমভয়মেতদ্ ব্রহ্মেতি তস্য হ বা এতস্য ব্রহ্মণো নাম সত্যমিতি।

ব্যাখ্যা। অথ যঃ এষঃ সম্প্রসাদঃ (সুষুপ্তৌ সম্যক্ প্রসন্নচিত্তঃ পূর্ব্বোক্তঃ বিদ্বান্ জীবঃ) অস্মাৎ (শরীরাৎ) সমুত্থায়

(শরীরাত্মভাবং পরিত্যজ্য) পরং (নিরতিশয়ং) জ্যোতিঃ (প্রকাশস্বভাবং ব্রহ্ম) উপসম্পদ্য (প্রাপ্য) স্বেন (আত্মীয়েন) রূপেণ (স্বভাবেন) অভিনিষ্পদ্যতে (আত্মস্বরূপমাপদ্যতে)। এষঃ (সুষুপ্তৌ সম্যক্ প্রসন্নচিত্তঃ জীবঃ) আত্মা ইতি উবাচ হ। [কিঞ্চ] এতৎ (পূর্ব্বপ্রকৃতম্ আত্মস্বরূপং পরং জ্যোতিঃ) অমৃতং (অবিনাশি). অভয়ং (সর্ব্বভয়নিবারকং), এতৎ (পরং জ্যোতিঃ) ব্রহ্ম ইতি। তস্য (পূর্ব্বপ্রকৃতস্য) এতস্য (পরজ্যোতিঃস্বভাবস্য ব্রহ্মণঃ হ বৈ সত্যম্ ইতি নাম।

অনুবাদ। সুষুপ্তিকালে সর্ব্বদুঃখের অবসান হওয়ায় যিনি সম্যক্ প্রসন্ন ও প্রশান্ত হইয়া আপনার জ্ঞানপ্রভাবে জড় শরীরের প্রতি মিথ্যা মমতা পরিত্যাগ করেন এবং পরমাত্মজ্যোতিকে লাভ করিয়া আপনার যথার্থ স্বরূপ প্রাপ্ত হন, তিনিই আত্মা, সর্ব্বভয়নিবারক, মরণাতীত ব্রহ্ম। তাঁহারই অপর একটী নাম "সত্য"।

৫। তানি হ বা এতানি ত্রীণ্যক্ষরাণি সতীয়মিতি, তদ্ যৎ সত্তদমৃতমথ যত্তি তন্মর্ত্ত্যমথ যদ্ যং তেনোভে

যচ্ছতি যদনেনোভে যচ্ছতি তস্মাদ্ যমহরহর্বা এবংবিৎ স্বর্গং লোকমেতি।

ইতি তৃতীয়ঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। তানি এতানি (পূর্ব্বোক্তানি) ত্রীণি (ত্রিসংখ্যকানি) [ব্রহ্মণঃ] নামাক্ষরাণি "সতীয়ম্" ইতি (সকারঃ, তকারঃ, যম্ ইতি চ) [তকারে ঈকারঃ উচ্চারণার্থঃ] তৎ (তেষু অক্ষরেষু মধ্যে) যৎ সৎ (সকারঃ) তৎ অমৃতং, অথ (অনন্তরং) যৎ তি (তকারঃ) তৎ মর্ত্ত্যং (বিনাশি) অথ (তকারানন্তরং) যৎ যম (যমক্ষরং) তেন (যমক্ষরেণ) উভে (অমৃতমর্ত্ত্যাখ্যে সকারতকারে পূর্ব্বাক্ষরে) যচ্ছতি (নিয়ময়তি) [প্রযোক্তা ইতি শেষঃ]। যৎ (যস্মাৎ) অনেন (যমক্ষরেণ) উভে (সকারতকারে পূর্ব্বাক্ষরে) যচ্ছতি (নিয়ময়তি) তস্মাৎ যম্ ইতি [উচ্যতে পণ্ডিতৈঃ]। এবংবিৎ (ব্রহ্মণঃ সত্যনামজ্ঞঃ) অহরহঃ (প্রত্যহং) বৈ স্বর্গং লোকং (হৃদয়াকাশাখ্যং ব্রহ্ম) এতি (প্রতিপদ্যতে)।

অনুবাদ। সকার, তকার ও যম্ এই তিনটী অক্ষরে ব্রহ্মের "সত্য" এই নামটী গঠিত হইয়াছে। তাহার মধ্যে সকারের অর্থ শাশ্বত এবং তকারের অর্থ নশ্বর; আর "যম্" এই অক্ষরটী

ঐ শাশ্বত এবং নশ্বরকে, সকার ও তকারকে একত্র সংযত করিয়া রাখিয়াছে; আর ঐ দুইটীকে সংযমিত করিয়া রাখার জন্যই উহার নাম "যম্" হইয়াছে। যিনি ব্রহ্মের এই "সত্য" নামটীর এইরূপ অর্থ জানেন, তিনি প্রতিদিন সুষুপ্তিসময়ে হৃদয়কমলচারী ব্রহ্মকে লাভ করিয়া থাকেন।

তৃতীয় খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

চতুর্থঃ খণ্ডঃ।

১। অথ য আত্মা স সেতুর্বিধৃতিরেষাং লোকানামসংভেদায় নৈতং সেতুমহোরাত্রে তরতো ন জরা ন মৃত্যুর্ন শোকো ন সুকৃতং ন দুষ্কৃতং সর্ব্বে পাপ্মানোঽতো নিবর্ত্তন্তেঽপহতপাপ্মা হ্যেষ ব্রহ্মলোকঃ।

ব্যাখ্যা। অথ (বাক্যান্তরারম্ভে) যঃ আত্মা (পূর্ব্বোক্তরূপেণ সুষুপ্তৌ সম্প্রসন্নঃ) সঃ (আত্মা) এষাং (ভূরাদীনাং) লোকানাম্ অসম্ভেদায় (অবিনাশায়) বিধৃতিঃ (বিধারণহেতুঃ)

সেতুঃ (সেতুরিব)। অহোরাত্রে (অহর্দিনং) এনং (সেতুরূপম্ আত্মানং) ন তরতঃ (নাতিক্রামতঃ)। জরা (বার্দ্ধকং) ন এনং তরতি ; অত্র তরতীত্যস্য প্রাপ্নোতীত্যর্থঃ]। [তথা] মৃত্যুঃ নঃ, শোকঃ ন, সুকৃতং (পুণ্যং) ন, দুষ্কৃতং ন, [সর্ব্বত্র এনং তরতীত্যধ্যাহৃত্যান্বয়ঃ কর্ত্তব্যঃ]। সর্ব্বে পাপ্মানঃ (পাপানি) অতঃ (অস্মাৎ আত্মসেতোঃ সকাশাৎ) নিবর্ত্তন্তে (তম্ অপ্রাপ্যৈব প্রত্যাবর্ত্তন্তে) ; হি (যতঃ) এষঃ (সেতুরূপী আত্মা) অপহতপাপ্মা (সর্ব্বপাপবিবর্জ্জিতঃ) ব্রহ্মলোকঃ (লোকরূপি ব্রহ্মৈব)।

অনুবাদ। পূর্ব্বের সেই সুষুপ্তিসময়ে সম্প্রসন্ন ও প্রশান্ত আত্মাই সেতুরূপে এই বিপুল বিশ্বের বিচিত্রতা রক্ষা করিয়া আসিতেছেন। দিবস ও রাত্রি এই সেতুরূপী পরমাত্মাকে পরিমাণ করিতে পারে না। জরা, মৃত্যু, শোক এবং সুকৃতি ও দুষ্কৃতি কিছুই তাঁহাকে অধিকার করিতে পারে না। সমস্ত পাপই তাঁহার নিকট হইতে দূরে সরিয়া যায় ; এই-জন্যই ব্রহ্মকে নিষ্পাপ বলা হইয়া থাকে।

২। তস্মাদ্বা এতৎ সেতুং তীর্ত্বাহন্ধঃ সন্ননন্ধো ভবতি বিদ্ধঃ সন্নবিদ্ধো ভবত্যুপতাপী সন্ননুপতাপী

ভবতি তস্মাদ্বা এতৎ সেতুং তীর্ত্বাপি নক্তমহরেবাভি-
নিষ্পদ্যতে সকৃদ্বিভাতো হ্যেবৈষ ব্রহ্মলোকঃ।

ব্যাখ্যা। [যস্মাৎ পাপকাম্যম্ আন্ধ্যাদি শরীরসম্বন্ধাদেব ভবতি ন তু অশরীরস্য] তস্মাৎ বৈ এতং (পূর্ব্বোক্তম্ আত্মস্বরূপম্) সেতুং তীর্ত্বা (প্রাপ্য) অন্ধঃ (শরীরসম্বন্ধাৎ পূর্ব্বং দৃষ্টিহীনোঽপি সন্) অনন্ধঃ ভবতি (পশ্চাদ্ব্রিজ্ঞানবোধেন দৈহিকম্ অন্ধত্বম্ আত্মনি নাভিমন্যতে ইতি ভাবঃ)। বিদ্ধঃ সন্ (দেহসম্বন্ধাদাদৌ দুঃখসম্বন্ধী সন্) অবিদ্ধঃ (পশ্চাদ্ দেহবিয়োগে সেতুস্বরূপমাত্মানমধিগম্য নির্দুঃখঃ) ভবতি। [তথা] উপতাপী (রোগাদিভিঃ পীড্যমানঃ সন্) অনুপতাপী (দেহাভিমানং পরিত্যজ্য তাপহীনঃ) ভবতি। [কিঞ্চ, যস্মাৎ সেতুস্বরূপে আত্মনি অহোরাত্রে ন বিদ্যেতে] তস্মাৎ এতং (পূর্ব্বোক্তং) সেতুং (সেতুস্বরূপম্ আত্মানং) তীর্ত্বা (প্রাপ্য) [স্থিতস্য বিদুষঃ] নক্তং (তমিস্রারজনিরপি) অহঃ (প্রকাশাত্মকং দিনমেব) অভিনিষ্পদ্যতে (উপজায়তে); হি (যতঃ) ব্রহ্মলোকঃ (ব্রহ্মৈব লোকঃ) সকৃদ্বিভাতঃ (সদৈব প্রকাশাত্মকঃ)।

অনুবাদ। যাহারা এই জড় শরীরকেই আত্মা বলিয়া মনে করে, তাহারা শরীরের ক্ষতিতে আপনারই ক্ষতি হইল বলিয়া ধারণা করে, এইজন্য

দেখা যায় যে, আত্মবোধ জাগ্রত হইবার পূর্ব্বে যাহারা আপনাকে অন্ধ, দুঃখী বা রোগ-পীড়িত বলিয়া মনে করে, তাহারাই আবার আত্মবোধ জাগ্রত হইলে, আর সেরূপ মনে করে না। আর এক কথা এই যে, এই সেতুরূপী আত্মা দিন বা রাত্রির দ্বারা পরিচ্ছিন্ন হন না বলিয়াই যাঁহারা ইঁহাকে লাভ করেন, তাঁহাদের নিকট তমিস্রা রজনীও আলোকোদ্ভাসিত দিবসে পরিণত হয়; কারণ ঐ সেতুরূপী আত্মা বা ব্রহ্ম নিত্য প্রকাশস্বরূপ।

৩। তদ্ য এবৈতং ব্রহ্মলোকং ব্রহ্মচর্য্যেণানুবিন্দন্তি তেষামেবৈষ ব্রহ্মলোকস্তেষাং সর্ব্বেষু লোকেষু কামচারো ভবতি।

ইতি চতুর্থঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। তৎ (তত্র—এবং সতি) যে (জনাঃ) এব ব্রহ্মচর্য্যেণ (ললনাদিবিষয়তৃষ্ণাত্যাগেন) এতং ব্রহ্মলোকম্ অনুবিন্দন্তি (শাস্ত্রাচার্য্যোপদেশেন আত্মসংবেদ্যতামাপাদয়ন্তি), তেষাং (ব্রহ্মচর্য্যসাধনবতাং ব্রহ্মবিদাং) এষঃ (পূর্ব্বোক্তঃ)

ব্রহ্মলোকঃ [ন ত্বন্যেষাং ললনাবিষয়বাসনাবতাং ব্রহ্মবিদামপি]। তেষাং (ব্রহ্মচর্য্যসাধনবতাং ব্রহ্মবিদাং) সর্ব্বেষু লোকেষু (নিখিল-ভোগভূমিষু) কামচারঃ (স্বাতন্ত্র্যং) ভবতি।

অনুবাদ। অতএব এইরূপই যখন সিদ্ধান্ত হইল, তখন একমাত্র যাঁহারা শাস্ত্র ও আচার্য্যের উপদেশে ব্রহ্মচর্য্যসাধনার দ্বারা ব্রহ্মজ্ঞান প্রাপ্ত হন, তাঁহারাই পূর্ব্বোক্ত ব্রহ্মলোক লাভ করিয়া থাকেন এবং তাঁহারাই কেবল সমগ্র ভোগভূমিতে অখণ্ড স্বাধীনতা প্রাপ্ত হন।

চতুর্থ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

পঞ্চমঃ খণ্ডঃ।

১। অথ যদ্ যজ্ঞ ইত্যাচক্ষতে ব্রহ্মচর্য্যমেব তদ্ ব্রহ্মচর্য্যেণ হ্যেব যো জ্ঞাতা তং বিন্দতেঽথ যদিষ্টমিত্যা-চক্ষতে ব্রহ্মচর্য্যমেব তদ্ ব্রহ্মচর্য্যেণ হ্যেবেষ্ট্বাত্মানমনু-বিন্দতে।

ব্যাখ্যা। অথ (বাক্যান্তরারম্ভে) যদ্ যজ্ঞঃ ইতি আচক্ষতে

(যজ্ঞ ইতি নামধেয়েন লোকে পরমপুরুষার্থসাধনত্বেন কথয়ন্তি শিষ্টাঃ) তৎ ব্রহ্মচর্য্যমেব [যজ্ঞস্যাপি যৎ ফলং, তৎ ব্রহ্মচর্য্যবান্ লভতে, অতো যজ্ঞোঽপি ব্রহ্মচর্য্যমেবেতি প্রতিপত্তব্যম্ এতদেবাধুনা দর্শয়তি—] হি (যতঃ) যঃ জ্ঞাতা (তত্ত্ববিৎ) [সঃ] ব্রহ্মচর্য্যেণ এব তং (যজ্ঞস্যাপি পারম্পর্য্যেণ ফলভূতং ব্রহ্মলোকং) বিন্দতে (লভতে)। অথ (বাক্যান্তরারম্ভে) যৎ ইষ্টম্ (পূজনম্) ইতি আচক্ষতে (শিষ্টাঃ কথয়ন্তি) তৎ [অপি] ব্রহ্মচর্য্যমেব (ব্রহ্মচর্য্যাৎ নাতিরিচ্যতে ইতি ভাবঃ), হি (যস্মাৎ) ব্রহ্মচর্য্যেণ এব ইষ্ট্বা (অভীষ্টদেবং পূজয়িত্বা) আত্মানম্ অনুবিন্দতে (শাস্ত্রাচার্য্যোপদেশেন লভতে)।

অনুবাদ। লোকে যাহাকে যজ্ঞ বলিয়া থাকে, ব্রহ্মচর্য্যই সেই যজ্ঞ; কারণ যিনি জ্ঞানী, তিনি ব্রহ্মচর্য্য দ্বারাই—লোকে যজ্ঞ করিয়া যে ব্রহ্মলোক প্রাপ্ত হয়—তাহা লাভ করিয়া থাকেন। আর যাহাকে পূজা বলিয়া নির্দ্দেশ করা হয় প্রকৃতপক্ষে তাহাও এই ব্রহ্মচর্য্য; কারণ যিনি ব্রহ্মচর্য্য অবলম্বন করিয়া আত্মার আরাধনা করেন, তিনিই কেবল তাঁহাকে লাভ করিয়া থাকেন।

২। অথ যৎ সত্রায়ণমিত্যাচক্ষতে ব্রহ্মচর্য্যমেব

তদ্ ব্রহ্মচর্য্যেণ হ্যেব সত আত্মনস্ত্রাণং বিন্দতেহথ যন্মৌনমিত্যাচক্ষতে ব্রহ্মচর্য্যমেব তদ্ ব্রহ্মচর্য্যেণ হ্যেবাত্মানমনুবিদ্য মনুতে।

ব্যাখ্যা। অথ যৎ সত্রায়ণম্ (বহুযজমানকং বৈদিকং কর্ম্ম) ইতি আচক্ষতে, তৎ ব্রহ্মচর্য্যমেব; হি (যতঃ) ব্রহ্মচর্য্যেণ এব সতঃ (পরমাত্মনঃ সকাশাৎ) আত্মনঃ (জীবাত্মনঃ) ত্রাণ (রক্ষাং) বিন্দতে (লভতে) [তত্ত্বজ্ঞঃ পুরুষ ইতি শেষঃ]। অথ যৎ মৌনং (মুনিভাবঃ মননম্) ইতি আচক্ষতে, তৎ [অপি] ব্রহ্মচর্য্যমেব; হি (যস্মাৎ) ব্রহ্মচর্য্যেণ (তদাখ্যেন সাধনবিশেষেণ) আত্মানম্ অনুবিদ্য (উপলভ্য) মনুতে (পশ্চাদ্ ধ্যায়তি)।

অনুবাদ। লোকে যাকে সত্রায়ণ (যে যজ্ঞের অনেকগুলি যজমান, তাহার নাম সত্রায়ণ) বলিয়া থাকে ব্রহ্মচর্য্যই সেই সত্রায়ণ; কারণ লোকে ব্রহ্মচর্য্য অবলম্বন করিয়াই পরমাত্মার নিকট হইতে জীবাত্মার পরিত্রাণ সাধন করিয়া থাকে। আর যাহাকে মনন বা ধ্যান বলা হইয়া থাকে, তাহাও এই ব্রহ্মচর্য্য; কারণ লোকে ব্রহ্মচর্য্যসাধনসম্পন্ন

হইয়াই আত্মাকে লাভ করিয়া তবে তাঁহার মনন বা ধ্যান করিয়া থাকে।

৩। অথ যদনাশকায়নমিত্যাচক্ষতে ব্রহ্মচর্য্যমেব তদেষ হ্যাত্মা ন নশ্যতি যং ব্রহ্মচর্য্যেণানুবিন্দতে? অথ যদরণ্যায়নমিত্যাচক্ষতে ব্রহ্মচর্য্যমেব তত্তদরশ্চ হ বৈ ণ্যশ্চার্ণবৌ ব্রহ্মলোকে তৃতীয়স্যামিতো দিবি। তদৈরং মদীয়ং সরস্তদশ্বত্থঃ সোমসবনস্তদপরাজিতা পূর্ব্বহ্মণঃ প্রভুবিমিতং হিরণ্ময়ম্।

ব্যাখ্যা। অথ (বাক্যান্তরারম্ভে) যৎ অনাশকায়নম্ (উপবাসপরায়ণত্বম্) ইতি আচক্ষতে, তৎ ব্রহ্মচর্য্যমেব; হি (যতঃ) যম আত্মানং ব্রহ্মচর্য্যেণ অনুবিন্দতে (লভতে) [সঃ] এষঃ আত্মা [ব্রহ্মচর্য্যসাধনবতঃ] ন নশ্যতি। অথ যৎ অরণ্যায়নম্ (অরণ্যবাসঃ) ইতি আচক্ষতে, তৎ ব্রহ্মচর্য্যমেব। ইতঃ (অস্মাৎ ভূর্লোকাৎ) তৃতীয়স্যাং (তৃতীয়সংখ্যকায়াং) দিবি ব্রহ্মলোকে অরশ্চ হ বৈ ণ্যশ্চ (তত্তন্নামপ্রসিদ্ধৌ) অর্ণবৌ (সমুদ্রৌ) [বিদ্যেতে]। তৎ (তত্র) ঐরং (অন্নময়ং) মদীয়ং (মদকরং হর্ষোৎপাদকং) সরঃ (সরোবরঃ) [অস্তি]। তৎ (তত্র ব্রহ্মলোকে) সোমসবনঃ (অমৃতস্রাবী) অশ্বত্থঃ (তন্নামধেয়ঃ বৃক্ষঃ) [বর্ত্ততে]। তৎ (তত্র ব্রহ্মলোকে) ব্রহ্মণঃ (হিরণ্যগর্ভস্য) অপরাজিতা (ব্রহ্মচর্য্যসাধনবদ্ভোঽ-

ক্ষৈর্ন জীয়তে লভ্যতে ইত্যপরাজিতা নাম) পূঃ (পুরী [বিদ্যতে]; [তত্র চ] প্রভুবিমিতং (ব্রহ্মণা বিশেষেণ নির্ম্মিতং) হিরণ্ময়ং (সুবর্ণময়ং) [মণ্ডপম্ অস্তীতি শেষঃ]।

অনুবাদ। লোকে যাহাকে উপবাস-পরায়ণতা বলিয়া থাকে, তাহাও এই ব্রহ্মচর্য্য; কারণ এই ব্রহ্মচর্য্যের দ্বারা যিনি আত্মাকে লাভ করেন, তাঁহার সেই আত্মা আর কখনও বিনাশ প্রাপ্ত হয় না। আর যাহাকে অরণ্যবাস বলা হয়, তাহাও এই ব্রহ্মচর্য্য। এই পৃথিবীকে লইয়া গণনায় তৃতীয় সেই ব্রহ্মলোকে "অর" ও "ণ্য" নামে প্রসিদ্ধ দুইটী সমুদ্র, মত্ততা-জনক ও হর্ষবর্দ্ধক অন্নময় সরোবর এবং অমৃতস্রাবী অশ্বত্থ বৃক্ষ আছে। আর সেখানে ব্রহ্মার অপরাজিতা নামে একটী পুরী এবং সেই পুরীমধ্যে তাঁহার স্বহস্তনির্ম্মিত হিরণ্ময় গৃহরাজী বিদ্যমান রহিয়াছে।

৪। তদ্য এবৈতাবরং চ ণ্যং চার্ণবৌ ব্রহ্মলোকে ব্রহ্মচর্য্যেণানুবিন্দন্তি, তেষামেবৈষ ব্রহ্মলোকস্তেষাং সর্ব্বেষু লোকেষু কামচারো ভবতি।

ইতি পঞ্চমঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। তৎ (তত্র) ব্রহ্মলোকে যে এব [জনাঃ] অরং চ ণ্যং চ (অরণ্যনামধেয়ৌ) অর্ণবৌ ব্রহ্মচর্য্যেণ (সাধনবিশেষেণ) অনুবিন্দন্তি (শাস্ত্রাচার্য্যোপদেশানুসারেণ লভন্তে)। তেষাম্ এব এষঃ (পূর্ব্বোক্তঃ) ব্রহ্মলোকঃ, তেষাং সর্ব্বেষু লোকেষু কামচারঃ (স্বাতন্ত্র্যং) ভবতি।

অনুবাদ। যাঁহারা ব্রহ্মচর্য্যব্রত অবলম্বন করিয়া ব্রহ্মলোকের সেই "অর" ও "ণ্য" নামক সমুদ্র দুইটীকে আপন অধিকারে প্রাপ্ত হন; তাঁহারাই ব্রহ্মলোক লাভ করিয়া থাকেন এবং অন্যান্য ভোগ-ভূমিতে তাঁহাদের যথেচ্ছ স্বাধীনতাও লাভ হইয়া থাকে।

পঞ্চম খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

ষষ্ঠঃ খণ্ডঃ।

১। অথ যা এতা হৃদয়স্য নাড্যস্তাঃ পিঙ্গলস্যাণিম্নস্তিষ্ঠন্তি শুক্লস্য নীলস্য পীতস্য লোহিতস্যেত্যসৌ বা আদিত্যঃ পিঙ্গল এষ শুক্ল এষ নীল এষ পীত এষ লোহিতঃ।

ব্যাখ্যা। [অধুনা ব্রহ্মচর্য্যাদিসাধনসম্পন্নস্য ব্রহ্মোপাসকস্য মূর্দ্ধন্যযা নাড্যা গতিঃ কথয়িতুমযং নাড়ীখণ্ড আরভ্যতে] অথ (বাক্যান্তরারম্ভে) যাঃ এতাঃ (বক্ষ্যমাণাঃ) হৃদয়স্য (পুণ্ডরীকাকারস্য ব্রহ্মোপাসনস্থানস্য) [সম্বন্ধিনাঃ] নাড্যঃ [আদিত্যমণ্ডলাৎ রশ্ময় ইব হৃদয়মাংসপিণ্ডাৎ সর্ব্বতো বিনিঃসৃতাঃ সত্যঃ বর্ত্তন্তে ইতি শেষঃ]। তাঃ (পূর্ব্বোক্তাঃ নাড্যঃ) পিঙ্গলস্য (পিঙ্গলবর্ণবিশিষ্টস্য) [তথা] শুক্লস্য নীলস্য, পীতস্য, লোহিতস্য (তত্তদ্বর্ণবিশেষবিশিষ্টস্য) অণিম্নঃ (সূক্ষ্মরসস্য) [অন্নরসেন পূর্ণাঃ সত্যঃ] তিষ্ঠন্তি ইতি। [কথমাসাং পিঙ্গলাদিবর্ণসম্বন্ধঃ জায়তে ইত্যাহ] অসৌ (উপরি দৃশ্যমানঃ) আদিত্যঃ (সূর্য্যঃ) বৈ (এব) পিঙ্গলঃ, এষঃ, (সূর্য্যঃ) শুক্লঃ এষঃ নীলঃ, এষঃ পীতঃ এষঃ লোহিতঃ [তত্তদ্বর্ণানামাকর এবাসৌ সূর্য্যঃ, অতএব সূর্য্যরশ্মিসম্পর্কাৎ আসামপি তত্তদ্বর্ণসম্বন্ধ ইত্যর্থঃ]।

অনুবাদ। হৃদয়ে যে সমস্ত নাড়ী আছে, তাহারা কেহ পিঙ্গল, কেহ শুক্ল, কেহ নীল, কেহ পীত ও কেহ বা লোহিতবর্ণের কণিকাময় অন্নরসের দ্বারা পরিপূর্ণ হইয়া রহিয়াছে। আকাশের সূর্য্যই পূর্ব্বোক্ত পিঙ্গলাদি পাঁচটী বর্ণের আকর;

তাঁহারই রশ্মিসম্পর্কে নাড়ীগুলিতে ঐ বর্ণ পাঁচটী সঞ্চারিত হইয়াছে।

২। তদ্ যথা মহাপথ আতত উভৌ গ্রামৌ গচ্ছতীমং চামুং চৈবমেবৈতা আদিত্যস্য রশ্ময় উভৌ লোকৌ গচ্ছন্তীমং চামুং চামুষ্মাদাদিত্যাৎ প্রতায়ন্তে তা আসু নাড়ীষু সৃপ্তা আভ্যো নাড়ীভ্যঃ প্রতায়ন্তে তেঽমুষ্মিন্নাদিত্যে সৃপ্তাঃ।

ব্যাখ্যা। [দৃষ্টান্তেন সূর্য্যস্য নাড়ীসম্বন্ধমাহ] তৎ (তত্র সূর্য্যস্য নাড়ীসম্বন্ধবিষয়ে) [অয়মেকঃ দৃষ্টান্তঃ] যথা আততঃ (বিস্তীর্ণঃ) মহাপথঃ (রাজমার্গঃ) উভৌ গ্রামৌ ইমম্ (সন্নিহিতং) অমুং (বিপ্রকৃষ্টং গ্রামং) গচ্ছতি (ব্যাপ্নোতি); এবম্ এব (উক্তদৃষ্টান্তবদেব) আদিত্যস্য (সূর্য্যস্য) এতাঃ (পূর্ব্বোক্ত-পিঙ্গলাদিবর্ণবিশিষ্টাঃ) রশ্ময়ঃ উভৌ লোকৌ ইমং (সন্নিহিতং পুরুষদেহং) চ অমুং (বিপ্রকৃষ্টমাদিত্যং) চ গচ্ছন্তি (ব্যাপ্নুবন্তি)। তাঃ (সূর্য্যরশ্ময়ঃ) অমুষ্মাৎ (সূর্য্যমণ্ডলাৎ) প্রতায়ন্তে (প্রসৃতাঃ ভবন্তি) [তদনন্তরং] আসু (পিঙ্গলাদিবর্ণাসু নাড়ীষু) সৃপ্তাঃ (প্রবিষ্টাঃ ভবন্তি), [তথা] তে (রশ্ময়ঃ) আভ্যঃ নাড়ীভ্যঃ প্রতায়ন্তে (প্রসৃতাঃ ভবন্তি) [ততশ্চ] অমুষ্মিন্ (সূর্য্যে) সৃপ্তাঃ (প্রবিষ্টাঃ ভবন্তি)।

অনুবাদ। বিস্তীর্ণ রাজপথ যেমন সন্নিহিত ও দূরবর্ত্তী উভয় গ্রামেই গমন করে, তেমনি সূর্য্যের বিবিধবর্ণময় রশ্মিগুলিও পৃথিবীতে পুরুষদেহে এবং সূর্য্যমণ্ডলে সূর্য্যদেহে প্রবেশ করে। প্রথমতঃ ঐ রশ্মিগুলি সূর্য্য হইতে বহির্গত হইয়া মনুষ্যদেহে নাড়ীমধ্যে প্রবেশ করে; তাহার পর আবার নাড়ী হইতে নির্গত হইয়া পুনর্ব্বার সেই সূর্য্যমণ্ডলে প্রবিষ্ট হয়।

৩। তদ্ যত্রৈতৎ সুপ্তঃ সমস্তঃ সংপ্রসন্নঃ স্বপ্নং ন বিজানাত্যাসু তদা নাড়ীষু সৃপ্তো ভবতি তন্ন কশ্চন পাপ্মা স্পৃশতি তেজসা হি তদা সম্পন্নো ভবতি।

ব্যাখ্যা। তৎ (তত্র, এবং সতি পূর্ব্বোক্তরীত্যা নাড়ীসম্বন্ধে [সম্বন্ধে সতি) যত্র (যস্মিন্ কালে) এতৎ (স্বপন্নঃ সন্ যথা স্যাৎ তথা) সুপ্তঃ (নিদ্রিতঃ) [পুরুষঃ] সমস্তঃ (উপসংহৃতসর্ব্বেন্দ্রিয়বৃত্তিঃ) [অতো বাহ্যবিষয়সম্পর্কজনিতকালুষ্যাভাবাৎ] সম্প্রসন্নঃ (নিরুদ্বেগঃ) [সন্] স্বপ্নং ন বিজানাতি (নানুভবতি), তদা আসু (পূর্ব্বোক্তাসু পিঙ্গলাদিবর্ণাসু) নাড়ীষু সৃপ্তঃ (প্রবিষ্টঃ) ভবতি [নাড়ীভিরুপসৃতাভিরুদয়াকাশঃ

গতো ভবতীত্যর্থঃ]। কশ্চন (কশ্চিদপি) পাপ্মা (ধর্ম্মাধর্ম্মরূপঃ) এং (সৎসম্পন্নং সুষুপ্তং পুরুষং) ন স্পৃশতি ; হি (যতঃ) তদা (সুষুপ্তিসময়ে) [স সুষুপ্তঃ পুরুষঃ] তেজসা (নাড্যন্তর্গতেন সূর্য্যকিরণেন) সম্পন্নঃ (সর্ব্বতো ব্যাপ্তঃ) [ভবতি, অতো ন স্পৃশত্যিত্যর্থঃ]।

অনুবাদ। লোকে যখন এরূপ প্রগাঢ় নিদ্রায় অভিভূত হয় যে, তাহার সমস্ত ইন্দ্রিয়ই আপন আপন কার্য্য পরিত্যাগ করিয়া একেবারে নিশ্চেষ্ট হইয়া পড়ে, এমন কি তাহাদের স্বপ্নদর্শনপর্য্যন্ত করাইবার একটুকু শক্তিও আর অবশিষ্ট থাকে না, তখন সেই সুপ্ত ব্যক্তি পূর্ব্বের সেই বিবিধবর্ণময়ী নাড়ীগুলির মধ্যে প্রবিষ্ট হয় এবং সেখানে যে সূর্য্যকিরণ সঞ্চিত আছে, তাহার দ্বারা সে পরিব্যাপ্ত হয় বলিয়া পাপ বা পুণ্য কিছুই আর তাহাকে স্পর্শ করিতে পারে না।

৪। অথ যত্রৈতদবলিমানং নীতো ভবতি তমভিত আসীনা আহুর্জানাসি মাং জানাসি মামিতি। স যাবদস্মাচ্ছরীরাদনুৎক্রান্তো ভবতি তাবজ্জানাতি।

ব্যাখ্যা। অথ (আরম্ভার্থকঃ, নাড়ীভিরূর্দ্ধগমনপ্রদর্শনায়

আদৌ মরণকালবর্ণনা আরভ্যতে ইত্যর্থঃ) যত্র (যস্মিন কালে। এতৎ (মরণকালপ্রসিদ্ধং) অবলিমানং (অবলভাবং চরমাবসাদমিত্যর্থঃ) নীতঃ (রোগাদিনা প্রাপিতঃ) ভবতি (মুমূর্ষুর্ভবতীত্যর্থঃ) [তদা তস্য স্বজনাঃ] তম্ (মুমূর্ষুং) অভিতঃ (সর্ব্বতঃ) [চতুর্দ্দিক্ষু বেষ্টয়িত্বা ইত্যর্থঃ] আসীনাঃ (উপবিষ্টাঃ সন্তঃ) আহুঃ, মাং জানাসি ? (তব পুত্রং পিতরং বা মাম্ অবগচ্ছসি কিম্ ?) সঃ (মুমূর্ষুঃ) যাবৎ (যৎকালপর্য্যন্তং) অস্মাৎ শরীরাৎ অনুৎক্রান্তঃ (অনির্গতঃ) ভবতি, তাবৎ (তৎকালপর্য্যন্তং) জানাতি [পুত্রাদীন্ স্বজনান্ ইতি শেষঃ] ।

অনুবাদ। লোকে যখন ভীষণ অবসাদগ্রস্ত হইয়া আসন্নমৃত্যু হয়, তখন তাহার আত্মীয়গণ তাহাকে চারিদিকে বেষ্টন করিয়া বলিতে থাকে, "আমাকে চিনিতে পারিতেছ ? "আমাকে চিনিতে পারিতেছ ?" যতক্ষণ ঐ মুমূর্ষু তাহার সেই জড় দেহ ত্যাগ করিয়া না যায়, ততক্ষণ সে তাহাদিগকে চিনিতে পারে।

৫। অথ যত্রৈতদস্মাচ্ছরীরাদুৎক্রামত্যথৈতৈরেব রশ্মিভিরূর্দ্ধমাক্রমতে স ওমিতি বা হোদ্বা মীয়তে স যাবৎ ক্ষিপ্যেন্মনস্তাবদাদিত্যং গচ্ছত্যেতদ্বৈ খলু লোকদ্বারং বিদুষাং প্রপদনং নিরোধোঽবিদুষাম্।

ব্যাখ্যা। অথ (প্রারব্ধকর্ম্মাবসানে) যত্র (যদা) এতৎ (উৎক্রমণং যথা স্যাৎ তথা) এতস্মাৎ শরীরাৎ উৎক্রামতি (বহি-র্নির্গচ্ছতি) অথ (তদা) সঃ [অবিদ্বাংশ্চেৎ] এতৈঃ (পূর্ব্বো-দিতৈঃ) এব রশ্মিভিঃ (সূর্য্যমণ্ডলাদাগতৈঃ নাড়ীষু প্রসৃতৈঃ সূর্য্য-কিরণৈঃ) ঊর্দ্ধং (স্বকর্ম্মানুসারেণ স্বর্গাদিভোগভূমিম্) আক্রমতে (অধিকরোতি, তত্র গচ্ছতি), বা (অথবা) [বিদ্বাংশ্চেৎ] সঃ (মুমূর্ষুঃ) ওমিতি (ওঙ্কারেণ আত্মানং ধ্যায়ন্) হ (প্রসিদ্ধৌ) উদ্বা (ঊর্দ্ধমেব) মীয়তে (গচ্ছতি)। সঃ (বিদ্বান্) যাবৎ (যাবতা কালেন) মনঃ ক্ষিপেৎ (কচিদ্ বিষয়ে মনো যায়াৎ) তাবৎ (তাবতা—তৎপরিমিতেন কালেন) [অতিশীঘ্রমিত্যর্থঃ] আদিত্যং (সূর্য্যলোকং) গচ্ছতি। এতৎ (আদিত্যরূপং) বৈ (প্রসিদ্ধং) লোকদ্বারং (ব্রহ্মলোকপ্রবেশমার্গঃ); [অতএব] খলু (নিশ্চয়ে) বিদুষাং (উপাসকানাং) প্রপদনং (ব্রহ্মলোক-প্রাপ্তিসাধনং) অবিদুষাং (কেবলকর্ম্মিণাং) নিরোধঃ (ব্রহ্ম-লোকপ্রবেশপ্রতিকূলমিত্যর্থঃ)।

অনুবাদ। তাহার পর সে যখন তাহার সেই জড়দেহ হইতে বাহির হইয়া আসে, তখন সে যদি সমস্ত জীবন ধরিয়া কেবল পুণ্যকর্ম্মেরই অনুষ্ঠান করিয়া থাকে আত্মতত্ত্ব না জানে—তবে সূর্য্যমণ্ডল হইতে সূর্য্যের যে রশ্মিগুলি আসিয়া নাড়ীগুলির

মধ্যে প্রসৃত হইয়া রহিয়াছে সে সেই রশ্মিগুলিকে অবলম্বন করিয়া পুণ্যকর্ম্মের ফলভোগ করিবার জন্য স্বর্গলোকে প্রস্থান করে। আর সে যদি তত্ত্বজ্ঞ হয়—আত্মাকে যথার্থরূপে জানিয়া থাকে তবে সে ওঙ্কারের ধ্যান করিতে করিতে ঊর্দ্ধেই গমন করে। কোন বিষয়ে একটীবার মনঃসংযোগ করিতে যতটুকু সময় লাগে, ততটুকু সময়ের মধ্যে সে সূর্য্যলোকে গিয়া উপস্থিত হয়। এই সূর্য্য যেন ব্রহ্মলোকের তোরণদ্বার। বিদ্বানের উপস্থিতিতে ইহা উন্মুক্ত হইয়া তাহাকে ব্রহ্মলোকের পথ ছাড়িয়া দেয়; আর অবিদ্বানের উপস্থিতিতে রুদ্ধ থাকিয়া তাহার গতি বন্ধ করে।

৬। তদেষ শ্লোকঃ—

শতং চৈকা চ হৃদয়স্য নাড্য-
স্তাসাং মূর্দ্ধানমভিনিঃসৃতৈকা।
তয়োর্দ্ধমায়ন্নমৃতত্বমেতি
বিষঙ্ঙন্যা উৎক্রমণে ভবন্তি উৎক্রমণে ভবন্তি॥

ইতি ষষ্ঠঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। তৎ (তত্র, নাড়ীবিভাগবিষয়ে) এষঃ (বক্ষ্যমাণ)

শাকঃ (মন্ত্রঃ) [বিদ্যতে] ;—শতং চ একা চ (একাধিকশতং) হৃদয়স্য (তন্নামকমাংসপিণ্ডস্য) [সম্বন্ধিন্যঃ] নাড্যঃ (মুখ্যা ইতি শেষঃ) [সন্তীত্যর্থঃ] ; তাসাং (একাধিকশতসংখ্যকানাং নাড়ীনাং) [মধ্যে] একা (সুষুম্নাখ্যা) [নাড়ী] মূর্দ্ধানম্ মস্তকদেশম্) অভি (লক্ষীকৃত্য) নিঃসৃতা (নির্গতা) ; তয়া নাড্যা) ঊর্দ্ধম্ আয়ন্ (গচ্ছন্) [মুমূর্ষুঃ জনঃ] অমৃতত্বম্ অমৃতভাবং মোক্ষমিত্যর্থঃ) এতি (প্রাপ্নোতি) বিষক্ (সর্ব্বতো-গত্যঃ) অন্যাঃ (তদপরাঃ শতসংখ্যকাঃ নাড্যঃ) উৎক্রমণে (দেহাৎ নির্গমনায়ৈব) ভবন্তি । [দ্বিরুক্তিঃ প্রকরণসমাপ্তিসূচিকা] ।

অনুবাদ। এবিষয়ে এরূপ একটী শ্লোক আছে—'হৃদয়ের মূল প্রদেশ হইতে বাহির হইয়া যে একশত একটী নাড়ী শরীরের সর্ব্বত্র ছড়াইয়া আছে, তাহাদের মধ্যে একটী (নাড়ী) ঊর্দ্ধে মূর্দ্ধাস্থল পর্য্যন্ত গিয়াছে। যে সকল মুমূর্ষু ব্যক্তি এই পথে শরীর পরিত্যাগ করিয়া ঊর্দ্ধগামী হন, তাঁহারাই কেবল অমৃতলোকের যাত্রী ; আর যে একশত নাড়ী শরীরের অন্যান্যদিকে গিয়াছে, তাহার দ্বারা কেবল শরীর হইতে বাহির হওয়া যায় মাত্র ; কিন্তু মুক্তি লাভ হয় না।

সপ্তমঃ খণ্ডঃ।

১। য আত্মাপহতপাপ্মা বিজরো বিমৃত্যুর্বিশোকোঽবিজিঘৎসোঽপিপাসঃ সত্যকামঃ সত্যসংকল্পঃ সোঽন্বেষ্টব্যঃ স বিজিজ্ঞাসিতব্যঃ স সর্ব্বাংশ্চ লোকানাপ্নোতি সর্ব্বাংশ্চ কামান্ যস্তমাত্মানমনুবিদ্য বিজানাতীতি হ প্রজাপতিরুবাচ।

ব্যাখ্যা। [অধুনা নির্গুণব্রহ্মতামাপরোক্ষ্যেণ নিদর্শয়িষু রাত্মানং নিরূপয়িষ্যন্ আত্মবিদামহত্ত্বস্তচকাম্যারিকামবত্তাং রয়তি] যঃ আত্মা (সম্প্রসাদাখ্যঃ) অপহতপাপ্মা (পাপপুণ্যবর্জ্জিতঃ , বিজরঃ (জরাহীনঃ), বিমৃত্যুঃ (মরণাতীতঃ), বিশোকঃ (শোকরহিতঃ), বিজিঘৎসঃ (ক্ষুধাহীনঃ), অপিপাসঃ (পিপাসাশূন্যঃ), সত্যকামঃ (অমোঘাভিলাষঃ), সত্যসঙ্কল্পঃ (কামহেতুঃ সঙ্কল্পোঽপি অমোঘ এবাস্য) । সঃ (এষঃ আত্মা) অন্বেষ্টব্যঃ (অনুসন্ধেয়ঃ) বিজিজ্ঞাসিতব্যঃ (বিশেষেণ জ্ঞাতুমেষ্টব্যঃ) । [কিং তস্য অনুসন্ধানাৎ বিজিজ্ঞাসনাৎ চ ভবেদিতি আহ] যঃ তম্ (এতম্) আত্মানম্ অনুবিদ্য (শাস্ত্রাচার্য্যোপদেশেন অধিগত্য ইতি বিজানাতি (স্বসংবেদ্যতামাপাদয়তি) সঃ (অনুসন্ধাতা) সর্ব্বাংশ্চ লোকান্, (ভোগস্থানানি) সর্ব্বাংশ্চ কামান্, (অভিলাষান) আপ্নোতি (অধিগচ্ছতি) । ইতি হ (ঐতিহ্যে) প্রজাপতিঃ উবাচ।

অনুবাদ। এক সময়ে প্রজাপতি বলিয়াছিলেন যে. আমাদের এই আত্মা—যিনি সুষুপ্তিকালে নিত্য আমাদের হৃদয়কমলে প্রসন্ন মূর্ত্তিতে দেখা দেন, তিনি—পাপ ও পুণ্যের অতীত, জরা বা শোক তাঁহাকে স্পর্শ করিতে পারে না, তিনি মৃত্যুঞ্জয়, তাঁহার ক্ষুধা বা পিপাসা নাই, সমস্ত সঙ্কল্প, সমস্ত কামনা তাঁহার অমোঘ। শোকশূন্য অমর এই আত্মাকে অনুসন্ধান করিতে হইবে, আপনার হৃৎপদ্মে তাঁহাকে অনুভব করিতে হইবে। যিনি ইঁহাকে অনুসন্ধান করিয়া আপনার হৃৎপদ্মে অনুভব করিতে পারেন, এই বিপুল ব্রহ্মাণ্ড তাহার সমগ্র ঐশ্বর্য্যের সহিত তাঁহার চরণতলে লুটাইয়া পড়ে।

২। তদ্ধোভয়ে দেবাসুরা অনুবুবুধিরে তে হোচুর্হন্ত তমাত্মানমন্বিচ্ছামো যমাত্মানমন্বিষ্য সর্ব্বাংশ্চ লোকানাপ্নোতি সর্ব্বাংশ্চ কামানিতীন্দ্রো হৈব দেবানামভিপ্রবব্রাজ বিরোচনোঽসুরাণাং তৌ হাসংবিদানাবেব সমিৎপাণী প্রজাপতিসকাশমাজগ্মতুঃ।

ব্যাখ্যা। উভয়ে দেবাসুরা (দেবা অসুরাশ্চ) হ (ঐতিহ্যে)

তৎ (পূর্ব্বোদিতং প্রজাপতিবচনম্) অনুবুবুধিরে (লোকপরম্পরয়া বিজ্ঞাতবন্তঃ)। তে (দেবাসুরাঃ) হ (ঐতিহ্যে) উচুঃ (পরস্পরং স্বপরিষদি কথিতবন্তঃ)—হন্ত (যদি অনুমতিভেদো ভবতাম্,) তম্ (প্রজাপতিনা উক্তম্) আত্মানং অন্বিচ্ছামঃ (অন্বেষণং কুর্ম্মঃ), যম্ আত্মানম্, অন্বিষ্য (অনুসন্ধায়) সর্ব্বাংশ্চ লোকান, সর্ব্বাংশ্চ কামান্ আপ্নোতি ইতি। [অথ] দেবানাং [মধ্যে] ইন্দ্র এব, অসুরাণাং মধ্যে বিরোচন এব, হ (ঐতিহ্যে) অভি (প্রজাপতিং লক্ষীকৃত্য) প্রবব্রাজ (প্রতস্থে)। তৌ (ইন্দ্রবিরোচনৌ) হ (কিল) অসংবিদানৌ (পরস্পরং সংবাদমকুর্বাণৌ) [বিদ্যা-ফলংপ্রতি অন্যোন্যমীর্য্যাং দর্শয়ন্তৌ ইত্যর্থঃ] এব সমিৎপাণী (সমিদ্‌ভারহস্তৌ) প্রজাপতিসকাশম্ আজগ্মতুঃ (আগত-বন্তৌ)।

অনুবাদ। প্রজাপতির এই মহতী বাণী লোকপরম্পরায় দেবতা ও অসুর উভয়েরই কর্ণ-গোচর হইল। তাঁহারা পরস্পরের মধ্যে বলাবলি করিতে লাগিলেন যে, যদি কাহারও অমত না হয়, তবে প্রজাপতি যে আত্মার কথা বলিয়াছেন—যাঁহাকে অনুসন্ধান করিয়া হৃৎপদ্মে অনুভব করিতে পারিলে, এই বিপুল ব্রহ্মাণ্ডের নিখিল ঐশ্বর্য্য চরণপ্রান্তে লুটাইয়া পড়ে—আমরা সেই আত্মাকে অনুসন্ধান

করিয়া জানি। তাহার পর দেবতাদিগের মধ্য হইতে ইন্দ্র ও অসুরদিগের মধ্য হইতে বিরোচন প্রজাপতির উদ্দেশে যাত্রা করিলেন; কিন্তু তাঁহারা পরস্পর পরস্পরের বন্ধু না হইয়া উভয়ে উভয়কে বিদ্যালাভ বিষয়ে ঈর্ষা করিতে লাগিলেন; অবশেষে তাঁহারা সমিৎকাষ্ঠ হস্তে লইয়া প্রজাপতির নিকট আসিয়া উপস্থিত হইলেন।

৩। তৌ হ দ্বাত্রিংশতং বর্ষাণি ব্রহ্মচর্য্যমূষতুস্তৌ হ প্রজাপতিরুবাচ কিমিচ্ছন্তাববাস্তমিতি তৌ হোচতুর্য আত্মাপহতপাপ্মা বিজরো বিমৃত্যু র্বিশোকো'হবিজিঘৎসোহপিপাসঃ সত্যকামঃ সত্যসংকল্পঃ সোহন্বেষ্টব্যঃ স বিজিজ্ঞাসিতব্যঃ সর্ব্বাংশ্চ লোকানাপ্নোতি সর্ব্বাংশ্চ কামান্ যস্তমাত্মানমনুবিদ্য বিজানাতীতি ভগবতো বচো বেদয়ন্তে তমিচ্ছন্তাববাস্তমিতি।

ব্যাখ্যা। তৌ (ইন্দ্রবিরোচনৌ) হ (ঐতিহ্যে) দ্বাত্রিংশতং বর্ষাণি (দ্বাত্রিংশদ্বৎসরান্, ব্যাপ্য) ব্রহ্মচর্য্যং (অষ্টবিধমৈথুনত্যাগরূপং সাধনবিশেষম্,) [অবলম্ব্য] ঊষতুঃ (গুরুশুশ্রূষা-

পয়ো ভূত্বা তদ্‌গৃহবসতিং চক্রতুঃ) । প্রজাপতিঃ হ (প্রীতিয়ে) তৌ (ইন্দ্রবিরোচনৌ) উবাচ (জিজ্ঞাসিতবান্) কিম্ (প্রয়োজনম্) ইচ্ছন্তৌ (অভিলষন্তৌ) অবাস্তম্ (মদ্‌গেহে বসতিং কৃতবন্তৌ) [যুবামিতি শেষঃ] ইতি। তৌ হ ঊচতুঃ (কথিতবন্তৌ) ভগবতঃ (পূজনীয়স্য ভবতঃ) য আত্মা অপহতপাপ্মা, বিজরঃ, বিমৃত্যুঃ [ইত্যাদ্যংশঃ আদাবেব কৃতব্যাখ্যাতঃ] ইতি বচঃ (বাক্যং) বেদয়ন্তে (জানন্তি) [শিষ্টা ইতি শেষঃ] [অতঃ] তম্ (আত্মানম্) ইচ্ছন্তৌ (জ্ঞাতুমভিলষন্তৌ) অবাস্তম্ (বসতিং কৃতবন্তৌ) [আবামিতি শেষঃ] । [অত্রাবাস্বেতি বক্তব্যেঽপ্যবাস্তমিতি প্রয়োগঃ প্রজাপতিবাক্যানুকরণমাত্রং দ্রষ্টব্যম্] ইতি।

অনুবাদ। তাঁহারা দুইজন বত্রিশ বৎসর কাল ব্রহ্মচর্য্য ব্রত অবলম্বন করিয়া প্রজাপতির নিকট বাস করিলেন। তাহার পর প্রজাপতি একদিন তাঁহাদিগকে জিজ্ঞাসা করিলেন, "তোমরা কিজন্য এখানে অবস্থান করিতেছ?" তাঁহারা বলিলেন, একদা আপনি বলিয়াছিলেন যে, আমাদের এই আত্মা—যিনি সুষুপ্তিকালে নিত্য আমাদের হৃৎকমলে প্রসন্নমূর্ত্তিতে বিরাজ করেন — তিনি পাপ ও পুণ্যের অতীত; জরা বা শোক

তাঁহাকে স্পর্শও করিতে পারে না, তিনি মৃত্যুঞ্জয়; তাঁহার ক্ষুধা বা পিপাসা নাই এবং সমস্ত সঙ্কল্প ও সমস্ত কামনা তাঁহার অমোঘ। শোকশূন্য, অমর এই আত্মাকে অনুসন্ধান করিয়া আপনার হৃৎপদ্মে তাঁহাকে অনুভব করিতে হইবে। অনুসন্ধান করিয়া যিনি ইহাঁকে আপনার হৃৎপদ্মে অনুভব করিতে পারেন, এই বিপুল ব্রহ্মাণ্ড তাহার সমগ্র ঐশ্বর্য্যের সহিত তাঁহার চরণতলে লুটাইয়া পড়ে।" আপনার এই মহতী বাণী বিশ্বের সমগ্র সাধু ব্যক্তিই সর্ব্বত্র ঘোষণা করিতেছেন। আমরা তাহা শুনিয়া শোকশূন্য অমর সেই আত্মাকে জানিবার অভিপ্রায়ে আপনার নিকট আসিয়া অবস্থান করিতেছি।

৪। তৌ হ প্রজাপতিরুবাচ য এষোঽক্ষিণি পুরুষো দৃশ্যত এষ আত্মেতি হোবাচৈতদমৃতমভয়মেতদ্ ব্রহ্মেতি। অথ যোঽয়ং ভগবোঽপ্সু পরিখ্যায়তে যশ্চায়মাদর্শে কতম এষ ইত্যেষ উ এবৈষু সর্ব্বেষ্বেতেষু পরিখ্যায়ত ইতি হোবাচ।

ইতি সপ্তমঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। প্রজাপতিঃ হ (ঐতিহ্যে) তৌ (ইন্দ্রবিরোচনৌ) উবাচ (উপদিদেশ)—যঃ এষঃ অক্ষিণি (নয়নমধ্যে) পুরুষঃ দৃশ্যতে (যোগিভিরনুভূযতে),—এষঃ (উক্তঃ পুরুষঃ) আত্মা (মদুক্তঃ অপহতপাপ্মাত্বাদিগুণকঃ) ইতি। এতৎ (নয়ন-মধ্যবর্ত্তী পুরুষঃ) অমৃতং (মরণাতীতং) [অতএব] অভয়ম্ (নিখিলভয়বিরহিতম্) এতৎ ব্রহ্ম (ভূমাখ্যং বৃদ্ধতমং) ইতি। [তৌ চ অনধিকারিতয়া অক্ষিপুরুষং ছায়ারূপেণ জগৃহতুঃ। গৃহীত্বা চ দৃঢ়ীকরণায় প্রজাপতিং পৃষ্টবন্তৌ] অথ (প্রশ্নজিজ্ঞাসায়াং) ভগবঃ, (হে ভগবন্!) যঃ অয়ম্ (আত্মনঃ প্রতিবিম্বাকারঃ) অপ্সু (জলেষু) যশ্চায়ম্ আদর্শে (দর্পণে) পরিখ্যায়তে (পরিজ্ঞায়তে) কতমঃ (এষাং মধ্যে কঃ পুনঃ) এষঃ? (ভবদুক্তঃ আত্মা?) ইতি। [প্রজাপতিশ্চ আত্মনোক্তং মনসি ভাসমানমক্ষিপুরুষমেবাভিপ্রেত্য] উবাচ হ উ (ভোঃ) এষঃ (ময়োক্তঃ) এব এষু সর্ব্বেষু (যুষ্মদুক্তেষু জলাদিষু) অন্তেষু (মধ্যেষু) পরিখ্যায়তে (পরিজ্ঞায়তে—দৃশ্যতে)।

অনুবাদ। তখন প্রজাপতি তাঁহাদিগকে বলিলেন যে, যোগিগণ বিষয়বাসনা পরিত্যাগ করিয়া আমাদের এই নয়নমধ্যে যে পুরুষকে অবলোকন করিয়া থাকেন, তিনিই সেই আত্মা। এই অমর

আত্মাই আবার সর্ব্বভয়নিবারক ব্রহ্ম। ইন্দ্র ও বিরোচন উভয়েই প্রজাপতির এই উপদেশের প্রকৃত মর্ম্ম হৃদয়ঙ্গম করিতে না পারিয়া "নয়ন মধ্যবর্ত্তী পুরুষ" অর্থে চোখে যে মানুষের প্রতিবিম্ব পতিত হয়, তাহাই বুঝিয়া জিজ্ঞাসা করিলেন, 'দেব, জলে এবং দর্পণাদিতেও আমরা মানুষের প্রতিবিম্ব পতিত হইতে দেখি, ইহাদের মধ্যে কোনটী সেই আত্মা?' প্রজাপতি আপনার অভিপ্রায় অনুসারেই বলিলেন যে, কেবল চক্ষুঃ, জল বা দর্পণাদি বলিয়া কোন কথা নাই, নিখিল পদার্থের অন্তস্তলে আমরা তাঁহাকেই দেখিয়া থাকি।

ইতি সপ্তম খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

অষ্টমঃ খণ্ডঃ।

১। উদশরাব আত্মানমবেক্ষ্য যদাত্মনো ন বিজানীথস্তন্মে প্রব্রূতমিতি। তৌ হোদশরাবেঽবেক্ষাং-

চক্রাতে তৌ হ প্রজাপতিরুবাচ কিং পশ্যথ ইতি। তৌ হোচতুঃ সর্ব্বমেবেদমাবাং ভগব আত্মানং পশ্যাব আলোমভ্য আনখেভ্যঃ প্রতিরূপমিতি।

ব্যাখ্যা। [তয়োর্বিপরীতগ্রহণনিবৃত্ত্যর্থমিদানীমারভ্যতে]—উদশরাবে (জলপূর্ণপাত্রে) আত্মানম্ (স্বয়ম্) অবেক্ষ্য (অবলোক্য), আত্মানঃ যৎ ন বিজানীথঃ (বিজ্ঞাতুং নার্হথঃ), তৎ (অবিদিতং) মে (মম সকাশে) প্রব্রূতম্ ইতি [তাবুবাচ প্রজাপতিঃ]। তৌ (ইন্দ্রবিরোচনৌ) হ (ঐতিহ্যে) উদশরাবে (উদকপূর্ণপাত্রে) অবেক্ষাঞ্চক্রাতে (অবলোকনং চক্রতুঃ)। প্রজাপতিঃ হ তৌ (দর্শনং কৃতবন্তৌ ইন্দ্র-বিরোচনৌ) উবাচ (জিজ্ঞাসিতবান্) কিং পশ্যথঃ? ইতি। তৌ হ উচতুঃ ভগবঃ (ভগবন্), আবাম্ আত্মানং [আত্মনস্বকিং চ] সর্ব্বমিদং আলোমভ্যঃ আ চ নখেভ্যঃ (নখলোমপর্য্যন্তং) প্রতিরূপং (প্রতিবিম্বং) পশ্যাবঃ ইতি।

অনুবাদ। ইন্দ্র ও বিরোচন ভ্রম করিতেছেন দেখিয়া প্রজাপতি তাহা দূর করিবার জন্য তাঁহাদিগকে লক্ষ্য করিয়া বলিলেন, "তোমরা ঐ জলপূর্ণশরাবমধ্যে আপন আপন আত্মাকে অবলোকন করিয়া তাহার সম্বন্ধে যাহা বুঝিতে না পার, তাহা

আমাকে জিজ্ঞাসা করিও।" তাঁহারাও জলপূর্ণ সেই শরাবমধ্যে নিবিষ্টচিত্তে দেখিতে লাগিলেন; কিন্তু কিছুই জিজ্ঞাসা করিতেছেন না দেখিয়া প্রজাপতি বলিলেন, 'কি দেখিতেছ?' তখন তাঁহারা বলিলেন, "দেব, আমরা আত্মাকে এবং তাহার লোম হইতে নখপর্য্যন্ত সমগ্র প্রতিবিম্বটীকে দেখিতে পাইতেছি।"

২। তৌ হ প্রজাপতিরুবাচ সাধ্বলঙ্কৃতৌ সুবসনৌ পরিষ্কৃতৌ ভূত্বোদশরাবেঽবেক্ষেথামিতি। তৌ হ সাধ্বলঙ্কৃতৌ সুবসনৌ পরিষ্কৃতৌ ভূত্বোদশরাবেঽবেক্ষাঞ্চক্রাতে। তৌ হ প্রজাপতিরুবাচ কিং পশ্যথ ইতি।

ব্যাখ্যা। [ছায়াত্মনিশ্চয়াপনয়ায় পুনশ্চ]—প্রজাপতিঃ হ (ঐতিহ্যে) তৌ (ইন্দ্রবিরোচনৌ) উবাচ (কথিতবান্)—সাধ্বলঙ্কৃতৌ সুবসনৌ (দিব্যবস্ত্রভূষণৈঃ সুবেশৌ) [তথা] পরিষ্কৃতৌ (ছিন্নলোমনখৌ) ভূত্বা উদশরাবে (জলপূর্ণপাত্রে) অবেক্ষেথাম্ (আত্মানং পশ্যতম্) [যুবামিতি শেষঃ]। তৌ হ (ঐতিহ্যে) সাধ্বলঙ্কৃতৌ, সুবসনৌ পরিষ্কৃতৌ চ ভূত্বা উদশরাবে

অবেক্ষাকক্রাতে [আত্মানমিতি শেষঃ] প্রজাপতিঃ হ তৌ উবাচ কিং পশ্যথ? ইতি।

অনুবাদ। প্রজাপতি দেখিলেন যে, ইহাঁদের ভ্রম এখনও অপনীত হয় নাই। তাই তিনি পুনরায় বলিলেন যে, তোমরা তোমাদের ঐ দীর্ঘ কেশ লোম ও নখগুলিকে কাটিয়া, বেশ পরিষ্কৃত ও পরিচ্ছন্ন হইয়া, দিব্য বসন, ভূষণ পরিধান করিয়া এই জলের মধ্যে আর একবার দেখ। তখন ইন্দ্র ও বিরোচন তাঁহাদের সেই পরিষ্কৃত দীর্ঘ কেশ, লোম ও নখগুলিকে কাটিয়া বেশ পরিষ্কৃত ও পরিচ্ছন্ন হইয়া দিব্য বসন ভূষণ পরিধান করিয়া সেই জলের মধ্যে আর একবার দেখিতে লাগিলেন। প্রজাপতি আবার জিজ্ঞাসা করিলেন, "তোমরা কি দেখিতেছ?"।

৩। তৌ হোচতুর্যথৈবেদমাবাং ভগবঃ সাধ্বলঙ্কৃতৌ সুবসনৌ পরিষ্কৃতৌ চ এবমেবেমৌ ভগবঃ সাধ্বলঙ্কৃতৌ সুবসনৌ পরিষ্কৃতাবিত্যেষ আত্মেতি হোবাচৈতদমৃতমভয়মেতদ্ ব্রহ্মেতি, তৌ হ শান্তহৃদয়ৌ প্রবব্রজতুঃ।

ব্যাখ্যা। তৌ (ইন্দ্রবিরোচনৌ) হ উচতুঃ (প্রজাপতয়ে উত্তরং দদতুঃ)—ভগবঃ (হে ভগবন্) আবাং যথৈব (যাদৃশাবেব) ইদং (প্রত্যক্ষং যথা স্যাৎ তথা) সাধ্বলঙ্কৃতৌ, সুবসনৌ, পরিষ্কৃতৌ চ স্বঃ (ভবাবঃ), এবমেব (প্রত্যক্ষদৃষ্টাত্মবদেব) [উদশরাবেঽপি] ইমৌ (দৃশ্যমানৌ ছায়াত্মানৌ) সাধ্বলঙ্কৃতৌ, সুবসনৌ পরিষ্কৃতৌ [দৃশ্যেতে] ইতি। [প্রজাপতিঃ পুনরধুনাপোতয়োঃ বিপরীতগ্রহমপগতমনবগম্য কেনচিৎ স্বদোষেণৈব প্রতিবদ্ধবিবেকবিজ্ঞানসামর্থ্যৌ এতৌ ইতি মত্বা শান্তিপ্রেতমেবাত্মানং মনসি নিধায়] উবাচ হ—এষঃ আত্মা ইতি, এতৎ অমৃতম্ অভয়ম্ এতৎ ব্রহ্ম ইতি। তৌ (বিবেকজ্ঞানহীনৌ ইন্দ্রবিরোচনৌ) হ (ঐতিহ্যে) শান্তহৃদয়ৌ (কৃতার্থবুদ্ধিতয়া তুষ্টান্তঃকরণৌ প্রবব্রজতুঃ (স্বস্বাবাসাভিমুখং প্রস্থিতবন্তৌ)।

অনুবাদ। তখন ইন্দ্র ও বিরোচন উত্তর করিলেন যে, 'দেব, আমরা নিজেরা যেমন দীর্ঘ কেশ, লোম ও নখগুলি কাটিয়া, দিব্য বস্ত্রাভরণে ভূষিত হইয়া পরিষ্কৃত ও পরিচ্ছন্ন হইয়াছি, এই জলের মধ্যে যে ছায়াপুরুষকে দেখিতেছি, তিনিও ঠিক তেমনই। 'প্রজাপতি দেখিলেন যে' এখনও ইহাদের ভ্রম দূর হয় নাই, তিনি মনে করিলেন যে পুনঃ পুনঃ এমন সরল ও সুস্পষ্ট করিয়া উপদেশ দিলেও যখন

ইহারা কিছুই হৃদয়ঙ্গম করিতে পারিতেছে না, তখন নিশ্চয়ই কোন আভ্যন্তরিক কারণে ইহাদের বিবেকবুদ্ধি প্রতিহত হইতেছে। যাহা হউক, কালে ইহারা আমার এই উপদেশবাক্য পুনঃ পুনঃ চিন্তা করিয়া নিজেদের ভ্রম বুঝিতে পারিবে। এইরূপ মনে করিয়া তিনি আপনার অভিমত আত্মারই উদ্দেশে তাহাদিগকে বলিলেন যে, 'ইনিই সেই সর্ব্বভয়নিবারক অমর আত্মা এবং ইনিই ব্রহ্ম।' তখন ইন্দ্র ও বিরোচন শান্তহৃদয়ে গৃহাভিমুখে প্রস্থান করিলেন।

৪। তৌ হান্বীক্ষ্য প্রজাপতিরুবাচানুপলভ্যাত্মানমননুবিদ্য ব্রজতো যতর এতদুপনিষদো ভবিষ্যন্তি দেবা বাসুরা বা তে পরাভবিষ্যন্তীতি স হ শান্তহৃদয় এব বিরোচনোঽসুরান্ জগাম, তেভ্যো হৈতামুপনিষদং প্রোবাচাত্মৈবেহ মহয্য আত্মা পরিচর্য্য আত্মানমেবেহ মহয়ন্নাত্মানং পরিচরন্নুভৌ লোকাববাপ্নোতীমং চামুং চেতি।

ব্যাখ্যা। প্রজাপতিঃ হ (ঐতিহ্যে) তৌ (ইন্দ্রবিরোচনৌ)

অথাঁদ্য (দূরতো গচ্ছন্তাববলোক্য) উবাচ (উক্তবান্) —আত্মানম্ (অপহতপাপ্মত্বাদিগুণকম্) অনুপলভ্য (অনধিগম্য) অননুবিদ্য (স্বাত্মপ্রত্যক্ষং চাকৃত্বা) ব্রজতঃ (গৃহাভিমুখং গচ্ছতঃ) যতরে (যে যে) দেবা বা অসুরা বা [বিশেষিতেনালম্] এতদুপনিষদঃ (ইন্দ্রবিরোচনবদনাত্মাত্মতত্ত্বজ্ঞাঃ) ভবিষ্যন্তি, তে (দেবাশ্চাসুরাশ্চ) পরাভবিষ্যন্তি (শ্রেয়োমার্গাৎ প্রভ্রষ্টাঃ ভবিষ্যন্তি) ইতি। সঃ হ বিরোচনঃ শান্তহৃদয়ঃ এব (কৃতার্থবুদ্ধিতয়া সন্তুষ্টচিত্ত এব সন্) অসুরান্ জগাম ; [গমনানন্তরং] তেভ্যঃ (অসুরেভ্যঃ) এতাম্ (শরীরাত্মবুদ্ধিরূপাং) উপনিষদং (আত্মবিদ্যাং) প্রোবাচ (উপদিদেশ)—ইহ (জগতি) আত্মা (দেহঃ) এব মহয্যঃ (পূজনীয়ঃ), আত্মা (দেহঃ) পরিচর্য্যঃ (সেবনীয়ঃ)। ইহ (জগতি) আত্মানং (দেহরূপং) এব মহয়ন্ (পূজয়ন্) আত্মানং পরিচরন্ উভৌ লোকৌ – ইমং (দৃশ্যমানং ভূলোকং) অমুম্ (পরলোকং চ) অবাপ্নোতি।

অনুবাদ। দূর হইতে তাঁহাদিগকে দেখিয়া প্রজাপতি বলিলেন যে, ইহারা উভয়েই আত্মাকে উপলব্ধি বা স্বয়ং অনুভব না করিয়াই ফিরিয়া যাইতেছে। দেবতাই হউক বা অসুরই হউক, যাহারা ইহাদের নিকট হইতে আত্মবিশ্বাসম্বন্ধে এই ভ্রান্ত মতবাদ গ্রহণ করিবে,

তাহারা নিশ্চয়ই শ্রেয়ের পথ হইতে চিরদিনের জন্য বিচ্যুত হইবে। অসুরদিগের রাজা বিরোচন বেশ শান্ত হৃদয়েই স্বদেশে ফিরিয়া আসিলেন। তিনি আত্মবিদ্যা সম্বন্ধে তাঁহার ভ্রান্ত মতবাদ দেশবাসীর মধ্যে প্রচার করিতে আরম্ভ করিলেন। তিনি বলিলেন যে, 'এই শরীরই আত্মা' জগতে ইহাই একমাত্র মহনীয়; আমাদের ইহারই সেবা করিতে হইবে। ইহাকে পূজা ও সেবা করিয়া লোকে ইহলোক ও পরলোক উভয় লোকই লাভ করিয়া থাকে।

৫। তস্মাদপ্যদ্যেহাদদানমশ্রদ্দধানমযজমানমাহু-রাসুরো বতেত্যসুরাণাং হ্যেষোপনিষৎ প্রেতস্য শরীরং ভিক্ষয়া বসনেনালঙ্কারেণেতি সংস্কুর্বন্ত্যেতেন হ্যমুং লোকং জেষ্যন্তো মন্যন্তে।

ইত্যাষ্টমঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। তস্মাৎ (তদুপদেশাদেব) অদ্যাপি ইহ জগতি অদদানং (দানমকুর্বাণং), অশ্রদ্দধানং (সৎকার্য্যেষু শ্রদ্ধাহীনং)

অযজমানম্ (যজ্ঞমকুর্ব্বন্তং) [জনং] আহুঃ (কথয়ন্তি) [শিষ্টা ইতি শেষঃ] । বত (খেদে) আসুরঃ (অসুরপ্রকৃতিকোহয়ং জন ইতি ভাবঃ) ইতি। হি (যতঃ) অসুরাণাং এষা উপনিষৎ (আত্মবিদ্যা), যৎ প্রেতস্য (মৃতস্য) শরীরং ভিক্ষয়া (গন্ধ-মাল্যাদিভিঃ) বসনেন, অলঙ্কারেণ চ সংস্কুর্ব্বন্তি ইতি ; হি (যতঃ) এতেন (শবশরীরসংস্কারেণ) অমুং লোকং (পরলোকং) জেষ্যন্তঃ ইতি মন্যন্তে [অসুরা ইতি শেষঃ] ।

অনুবাদ। বিরোচন সেই সময়ে স্বজাতির মধ্যে যে দেহাত্মবাদ প্রচার করিয়াছিলেন, বর্ত্তমান কালেও তাহার প্রভাব জগতে যথেষ্ট পরিমাণে বিদ্যমান রহিয়াছে। সেইজন্য যাহারা দানশীল নহে, সৎকার্য্যে যাহাদের শ্রদ্ধা নাই, যজ্ঞানুষ্ঠান করিতে যাহারা ভালবাসে না, সজ্জনেরা তাহাদিগকে অসুরপ্রকৃতির লোক বলিয়া থাকেন। এই অসুর-প্রকৃতির লোকদিগের আত্মবিশ্বাসসম্বন্ধে এইরূপ ভ্রান্ত ধারণা আছে যে, তাহারা মনে করে, "মৃত ব্যক্তির শবদেহটাকে যদি গন্ধমাল্যাদির দ্বারা চর্চ্চিত করিয়া দিব্য বস্ত্রাভরণে ভূষিত করা যায়, তবে ইহারই দ্বারা সে পরলোকে সুখী হইয়া থাকে।"

অষ্টম খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

নবমঃ খণ্ডঃ।

১। অথ হেন্দ্রোঽপ্রাপ্যৈব দেবানেতদ্ভয়ং দদর্শ যথৈব খল্বয়মস্মিঞ্ছরীরে সাধ্বলঙ্কৃতে সাধ্বলঙ্কৃতো ভবতি সুবসনে সুবসনঃ পরিষ্কৃতে পরিষ্কৃত এবমেবায়মস্মিন্নন্ধেঽন্ধো ভবতি স্রামে স্রামঃ পরিবৃক্ণে পরিবৃক্ণোঽস্যৈব শরীরস্য নাশমন্বেষ নশ্যতি, নাহমত্র ভোগ্যং পশ্যামীতি।

ব্যাখ্যা। অথ (অনন্তরং) ইন্দ্রঃ (দেবরাজঃ) দেবান্ অপ্রাপ্যৈব (দেবসমীপগমনাৎ প্রাগেব) [পথীত্যর্থঃ] এতৎ (বক্ষ্যমাণং) ভয়ং (আত্মত্বেন পুরুষপ্রতিবিম্বগ্রহণনিমিত্তম্ অনিষ্টং) দদর্শ। যথৈব খলু (নিশ্চয়ে) অয়ম্ (ছায়াত্মা) অস্মিন্ শরীরে সাধ্বলঙ্কৃতে (সুভূষিতে) সাধ্বলঙ্কৃতঃ (সুভূষিতঃ), সুবসনে সুবসনঃ, পরিষ্কৃতে (ছিন্নলোমনখে) পরিষ্কৃতঃ (ছিন্নলোমনখঃ) [চ] ভবতি, এবমেব (শরীরস্য নখাদ্যপগমে ছায়াত্মনোঽপি তদপগমবৎ) অয়ম্ (ছায়াত্মা) অস্মিন্ (শরীরে) অন্ধে [সতি] অন্ধঃ, স্রামে [সতি] স্রামঃ [যস্য চক্ষুঃ নাসিকা বা সদা স্রবতি, সঃ] পরিবৃক্ণে (হস্তপদাদৌ ছিন্নে) পরিবৃক্ণঃ (ছায়াত্মাঽপি ছিন্নঃ) ভবতি, [কিমধিকেন] অস্য (শরীরস্য) এব (নিশ্চয়ে) নাশম্ (ধ্বংসম্) অনু (পশ্চাৎ) এষঃ (ছায়াত্মা) নশ্যতি। অহম্ অত্র (ছায়াত্মদর্শনে) ভোগ্যং (কিমপি ফলম্) ন পশ্যামি ইতি।

অনুবাদ। এদিকে ইন্দ্র স্বর্গে ফিরিবার পথেই প্রজাপতির কথা বার বার ভাবিতে ভাবিতে যাইতে লাগিলেন, তাঁহার মনে হইতে লাগিল যে, প্রজাপতি তাঁহাকে যে তত্ত্ব বুঝাইবার জন্য বিবিধ দৃষ্টান্তের সহিত নানা যুক্তিতর্কের অবতারণা করিয়াছিলেন, তাহা যেন এখন তিনি কতকটা হৃদয়ঙ্গম করিতে পারিতেছেন। তখন তিনি মনে মনে ভাবিতে লাগিলেন যে, লোম ও নখগুলিকে কাটিয়া এই শরীরকে বেশ পরিষ্কার পরিচ্ছন্ন করিয়া যখন দিব্য বস্ত্রাভরণে ভূষিত করা হয়, তখন জলে তাহার যে প্রতিবিম্ব পড়ে, তাহাও যেমন বেশ পরিষ্কার, পরিচ্ছন্ন ও দিব্য বসনভূষণে ভূষিতই দেখিতে পাওয়া যায়, সেইরূপ কেহ যদি অন্ধ হয় বা হাত পা কাটিয়া ফেলে, কিংবা ব্যাধির প্রবল আক্রমণে তাহার চক্ষুঃ বা নাসিকা হইতে অনবরত জলস্রাব হইতে থাকে, তাহা হইলে তাহার প্রতিবিম্বটীও ঠিক্ তেমনই দেখাইবে। তাহার পর এই শরীরনাশের সঙ্গেই প্রতিবিম্বটীও নিশ্চয়

নষ্ট হইবে। অতএব আমাদের এই জড় দেহেরই মত নশ্বর ঐ প্রতিবিম্ব বা ছায়াকে আত্মা বলিয়া জানিয়া আমার কোন লাভ দেখিতেছি না।

২। স সমিৎপাণিঃ পুনরেয়ায়,তং হ প্রজাপতিরুবাচ মঘবন্ যচ্ছান্তহৃদয়ঃ প্রাব্রাজীঃ সার্দ্ধং বিরোচনেন কিমিচ্ছন্ পুনরাগম ইতি স হোবাচ যথৈব খল্বয়ং ভগবোঽস্মিঞ্ছরীরে সাধ্বলঙ্কৃতে সাধ্বলঙ্কৃতো ভবতি সুবসনে সুবসনঃ পরিষ্কৃতে পরিষ্কৃত এবমেবায়মস্মিন্নন্ধেঽন্ধো ভবতি স্রামে স্রামঃ পরিবৃক্ণে পরিবৃক্ণোঽস্যৈব শরীরস্য নাশমন্বেষ নশ্যতি নাহমত্র ভোগ্যং পশ্যামীতি।

ব্যাখ্যা। সঃ (ইন্দ্রঃ) সমিৎপাণিঃ (হস্তাভ্যাং সমিৎ-কাষ্ঠভারং বিধৃত্য) পুনঃ এয়ায় (উপদেশার্থী সন্ প্রজাপতি-সকাশং পুনরাজগাম) প্রজাপতিঃ হ (ঐতিহ্যে) তম্ (ইন্দ্রম্) উবাচ হে মঘবন্ ! যৎ (যস্মাৎ) শান্তহৃদয়ঃ (সন্তুষ্টচিত্তঃ সন্) বিরোচনেন (অসুররাজেন) সার্দ্ধং (সহ) প্রাব্রাজীঃ (প্রস্থিত-বান্ অসি), তৎ (তস্মাৎ) কিম্ (প্রয়োজনং) ইচ্ছন্ [ত্বং] পুনঃ আগমঃ ! (আগতবানসি) ইতি। সঃ (ইন্দ্রঃ) হ উবাচ হে ভগবঃ যথৈব খলু অয়ং (ছায়াত্মা) অস্মিন্ শরীরে সাধ্বলঙ্কৃতে সাধ্বলঙ্কৃতঃ, সুবসনে সুবসনঃ পরিষ্কৃতে পরিষ্কৃতঃ [চ] ভবতি,

এবমেব অয়ম্ (ছায়াত্মা) অস্মিন্ (শরীরে) অন্ধে অন্ধঃ স্রামে স্রামঃ, পরিবৃক্ণে পরিবৃক্ণঃ [চ] ভবতি; অস্য শরীরস্য এব নাশম্ অনু এষঃ (ছায়াত্মাঽপি) নশ্যতি; অত্র অহং ভোগ্যং ন পশ্যামি ইতি। [কৃতব্যাখ্যানোঽয়মংশঃ]।

অনুবাদ। ইন্দ্র এইরূপ ভাবিয়া পুনরায় গুরুগৃহে ব্রহ্মচারী হইয়া বাস করিবার অভিপ্রায়ে কতকগুলি সমিৎ হস্তে লইয়া প্রজাপতির নিকট ফিরিয়া আসিলেন। প্রজাপতি তাঁহাকে দেখিয়া বলিলেন, "ওহে ইন্দ্র, এই যে তুমি বিরোচনের সহিত সন্তুষ্টচিত্তে চলিয়া গেলে; আবার কি মনে করিয়া ফিরিয়া আসিয়াছ? তখন ইন্দ্র বলিলেন, প্রভো, লোম ও নখগুলিকে কাটিয়া এই শরীরকে বেশ পরিষ্কার পরিচ্ছন্ন করিয়া যখন দিব্য বস্ত্রাভরণে ভূষিত করা হয়, তখন জলে তাহার যে প্রতিবিম্ব পতিত হয়, তাহাও যেমন বেশ পরিষ্কার পরিচ্ছন্ন ও দিব্য বসনভূষণে ভূষিতই দেখিতে পাওয়া যায়; সেইরূপ কেহ যদি অন্ধ হয়, বা হাত পা কাটিয়া ফেলে কিংবা ব্যাধির প্রবল-

তাড়নায় তাহার চক্ষুঃ দুইটী বা নাসিকা হইতে অনবরত জলস্রাব হইতে থাকে, তবে তাহার প্রতিবিম্বটীও ঠিক তেমনি দেখাইবে। আবার এই দেহ নষ্ট হওয়ার সঙ্গে সঙ্গেই ইহার প্রতিবিম্বও নিশ্চয় নষ্ট হইবে; তবে দেখুন, জড়স্বরূপ আমাদের এই দেহেরই মত নশ্বর, ঐ প্রতিবিম্ব বা ছায়াকে আত্মা বলিয়া জানিয়া আমার কোন লাভ দেখিতেছি না।

৩। এবমেবৈষ মঘবন্নিতি হোবাচৈতং ত্বেব তে ভূয়োঽনুব্যাখ্যাস্যামি বসাপরাণি দ্বাত্রিংশতং বর্ষাণীতি। স হাপরাণি দ্বাত্রিংশতং বর্ষাণ্যুবাস তস্মৈ হোবাচ।

ইতি নবমঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। [প্রজাপতিঃ] হ (ঐতিহ্যে) উবাচ (উক্তবান্) হে মঘবন্! (ভোঃ দেবরাজ!) এষঃ (মদুপদিষ্টঃ আত্মা) এবমেব (ভবদনুভূতেরনুরূপ এব) [ছায়া ন আত্মা ভবিতুমর্হতীত্যর্থঃ] ইতি। এতম্ (ময়ৈব প্রাগুপদিষ্টমাত্মানং) এব তু তে (তুভ্যং) ভূয়ঃ (পুনরপি) অনুব্যাখ্যাস্যামি। [কেনচিৎ দোষেণৈষ প্রতিবন্ধগ্রহণসামর্থ্যাৎ; অকল্মষত্বকল্পনায়] অপরাণি দ্বাত্রিংশতং

বর্ষাণি বস (ব্রহ্মচর্য্যমবলম্ব্য অত্রৈব তিষ্ঠ) ইতি। সঃ (ইন্দ্রঃ) হ অপরাণি দ্বাত্রিংশতং বর্ষাণি উবাস (ব্রহ্মচর্য্যমবলম্ব্য তত্রৈব বসতিং চকার) ; [তদনন্তরঞ্চ প্রজাপতিঃ] তস্মৈ (ব্রহ্মচর্য্য-ব্রতানুষ্ঠানেন ক্ষপিতদোষায় ইন্দ্রায়) উবাচ (উপদিদেশ) হ (ঐতিহ্যে) ।

অনুবাদ। প্রজাপতি বলিলেন "ওহে ইন্দ্র! তুমি যাহা বলিলে, তাহা যথার্থ; পুরুষের প্রতিবিম্ব বা ছায়া কখন আত্মা হইতে পারে না। আমি তোমাকে পূর্ব্বে যে আত্মোপদেশ দিয়াছিলাম, তাহাই আবার তোমাকে বলিব; কারণ আমি তোমাকে যাহা বলিয়াছিলাম, তাহা তোমার তৎকালেই বোঝা উচিত ছিল; যখন বোঝ নাই, তখন নিশ্চয়ই কোন কারণে তোমার বিবেক-বুদ্ধি প্রতিহত হইয়া গিয়াছে; অতএব তোমার বুদ্ধির এই দোষ দূর করিবার জন্য তোমাকে আরও বত্রিশ বৎসর এখানে ব্রহ্মচর্য্যব্রত অবলম্বন করিয়া অবস্থান করিতে হইবে। ইন্দ্রও প্রজাপতির কথামত আরও বত্রিশ বৎসর সেখানে ব্রহ্মচর্য্যব্রত অবলম্বন

করিয়া বাস করিলেন। তাহার পর প্রজাপতি তাঁহাকে উপদেশ দিলেন।

নবম খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

দশমঃ খণ্ডঃ।

১। য এষ স্বপ্নে মহীয়মানশ্চরত্যেষ আত্মেতি হোবাচৈতদমৃতমভয়মেতদ্ ব্রহ্মেতি। স হ শান্তহৃদয়ঃ প্রবব্রাজ স হাপ্রাপ্যৈব দেবানেতদ্ভয়ং দদর্শ তদ্ যদ্ যদ্যপীদং শরীরমন্ধং ভবত্যনন্ধঃ স ভবতি যদি স্রামমস্রামো নৈবৈষোঽস্য দোষেণ দুষ্যতি।

ব্যাখ্যা। যঃ এষঃ (সক্ষপ্রত্যক্ষঃ) স্বপ্নে মহীয়মানঃ (ললনাদিভিঃ পূজ্যমানঃ) চরতি (অনেকবিধান্ স্বাপ্নভোগান্ অনুভবতি) এষঃ (স্বাপ্নপুরুষঃ) আত্মা (পূর্ব্বোক্তঃ অপহতপাপ্মত্বাদিগুণকঃ) ইতি; এতৎ (এষঃ) অমৃতং (অবিনাশি), [অতএব] অভয়ম্ (সর্ব্বভয়নিবারকং), এতৎ (এষঃ) ব্রহ্ম, ইতি হ উবাচ [প্রজাপতিঃ]। সঃ (ইন্দ্রঃ) হ (ঐতিহ্যে) শান্তহৃদয়ঃ (কৃতার্থবুদ্ধিত্বাৎ সন্তুষ্টচিত্তঃ) [সন্] প্রবব্রাজ (পূর্ব্ববৎ

গুহাভিমুখং প্রস্থিতঃ)। সঃ (ইন্দ্রঃ) হ (ঐতিহ্যে) দেবান্ অপ্রাপ্যৈব (দেবসমীপগমনাৎ প্রাগেব) [পথীত্যর্থঃ] এতৎ (বক্ষ্যমাণং) ভয়ং (আত্মত্বেন স্বাপ্নপুরুষগ্রহণানিমিত্তমনিষ্টং) দদর্শ (চিন্তয়া বিদিতবান্) তৎ (স্থূলত্বেন প্রসিদ্ধং) ইদং শরীরং যদ্যপি অন্ধং (দৃষ্টিশক্ত্যা বিহীনং) ভবতি, [তথাপি] সঃ (স্বাপ্নঃ আত্মা) অনন্ধঃ ভাতি (শরীরবৎ ন তস্য দৃষ্টিশক্তেঃ হানিঃ প্রজায়তে)। যদি স্রামং (যস্য চক্ষুর্নাসিকা বা সদা স্রবতি, তৎ) [তথাপি সঃ স্বপ্নাত্মা অস্রামঃ [এব, ভবতি]; [অতএব] এষঃ (স্বপ্নাত্মা) অস্য (দেহস্য) দোষেণ [ছায়াত্মবৎ] নৈব দুষ্যতি (ন কদাপি কলুষীভবতীত্যর্থঃ)।

অনুবাদ। প্রজাপতি বলিলেন যে, স্বপ্নাবস্থায় যিনি বিবিধ ভোগে পরিপূজিত হইয়া বিচরণ করেন, তিনিই সেই সর্ব্বভয়নিবারক অমর আত্মা, তিনিই ব্রহ্ম। প্রজাপতির নিকট এই উপদেশ লাভ করিয়া ইন্দ্র হৃষ্টচিত্তে প্রস্থান করিলেন। কিন্তু তিনি স্বর্গে প্রত্যাবর্ত্তনের পথেই প্রজাপতির উপদেশগুলি ভাবিতে ভাবিতে যাইতে লাগিলেন। সহসা তাঁহার মনে একটী সংশয় উপস্থিত হইল। তিনি ভাবিতে লাগিলেন যে, যদি কোন লোক জাগ্রত অবস্থায় অন্ধ থাকিয়াও নিদ্রাকালে স্বপ্ন দেখিবার সময় নিজেকে আর অন্ধ

বলিয়া মনে করে না; যদি কোন লোকের বা পীড়ার তাড়নায় তাহার চক্ষুঃ ও নাসিকায় জল অবিরল ঝরিতে থাকিলেও নিদ্রাকালে স্বপ্ন দেখিবার সময় আর আপনাকে সে সেরূপ পীড়িত মনে করে না. সেইরূপ অধিক আর কি বলিব শরীরের কোনরূপ দোষই এই স্বাপ্ন পুরুষকে অনুমাত্রও কলুষিত করিতে পারে না।

২। ন বধেনাস্য হন্যতে নাস্য স্রামোণ স্রামো ঘ্নন্তি ত্বেবৈনং বিচ্ছাদয়ন্তীবাপ্রিয়বেত্তেব ভবত্যপি রোদিতীব নাহমত্র ভোগ্যং পশ্যামীতি।

ব্যাখ্যা। অস্য (শরীরস্য) বধেন (হননেন) [স্বপ্নাত্মা] ন হন্যতে (ছায়াত্মবৎ ন বিনশ্যতি), অস্য (শরীরস্য) স্রাম্যেণ (চক্ষুরাদিগতানবরতসলিলগলনেন) [স্বপ্নাত্মা] ন স্রামঃ [ভবতি]। তু (কিন্তু) এনং ছায়াত্মানং [কেচিদর্থাদয়ঃ] ঘ্নন্তি এব (ঘ্নন্তীব, নতু বস্তুতঃ এব ঘ্নন্তি কেচিৎ "ন হন্যতে" ইতি প্রাগেব হনননিষেধাৎ) [তথা] বিচ্ছাদয়ন্তি (বিদ্রাবয়ন্তি) ইব [অর্থ্যাদয়ঃ, পুর্ব্বোক্তমেনং স্বপ্নাত্মানমিতি শেষঃ]? [অয়ং চ] অপ্রিয়বেত্তা (পুত্রাদিপ্রিয়জনমরণনিমিত্তদুঃখানুভবিতা) ইব ভবতি; অপি চ রোদিতি (ক্রন্দতি) ইব; [অতএব]

অহন্ অন্যে (স্বপ্নাত্মদর্শনে) [ছায়াত্মদর্শনবৎ] (ভোগ্যং কিমপি ফলঃ) ন পশ্যামি ইতি।

অনুবাদ। শরীর গ্লানিযুক্ত হইলে বা একেবারে তাহা নষ্ট হইয়া গেলে সেই সঙ্গেই পুরুষ-প্রতিবিম্ব যেমন গ্লানিযুক্ত বা নষ্ট হইয়া যায়, সেই-রূপ এই স্বাপ্ন পুরুষ গ্লানিযুক্ত বা নষ্ট হন না; কিন্তু তাহা হইলেও কাহারা যেন নিত্য এই স্বাপ্ন পুরুষকে হত্যা করিতেছে, তাড়না করিতেছে, আবার ইনি নিজেও প্রিয়জনের মরণদুঃখে দুঃখিত হইয়া যেন রোদন করিতেন। অতএব যিনি এখনও সাংসারিক তুচ্ছ দুঃখশোকের অতীত হইতে পারেন নাই সেই স্বাপ্ন পুরুষকে আত্মা বলিয়া জানিয়া আমার লাভ কি?

৩। স সমিৎপাণিঃ পুনরেয়ায় তংহ প্রজাপতি-রুবাচ মঘবন্ যচ্ছান্তহৃদয়ঃ প্রাব্রাজীঃ কিমিচ্ছন্ পুন-রাগম ইতি স হোবাচ তদ্ যদ্ যদীদং ভগবঃ শরীর-মন্ধং ভবত্যনন্ধঃ স ভবতি যদি স্রামমস্রামো নৈবৈষো-ঽস্য দোষেণ দুষ্যতি।

৪। ন বধেনাস্য হন্যতে নাস্য স্রাম্যেণ স্রামো ঘ্নন্তি ত্বেবৈনং বিচ্ছাদয়ন্তীবাপ্রিয়বেত্তেব ভবত্যপি-রোদিতীব, নাহমত্র ভোগ্যং পশ্যামীত্যেবমেবৈষ মঘবন্নিতি হোবাচৈতং ত্বেব তে ভূয়োঽনুব্যাখ্যাস্যামি বসাপরাণি দ্বাত্রিংশতং বর্ষাণীতি। স হাপরাণি দ্বাত্রিংশতং বর্ষাণ্যুবাস তস্মৈ হোবাচ।

ইতি দশমঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। সঃ (ইন্দ্রঃ) সমিৎপাণিঃ (সমিৎকাষ্ঠভারহস্তঃ সন্) পুনঃ এয়ায (প্রজাপতিসকাশং পুনরাজগাম)। প্রজাপতিঃ হ (ঐতিহ্যে) তম্ (ইন্দ্রং) [পুনরাগতমবলোক্য] উবাচ মঘবন্ (হে ইন্দ্র,) [ত্বং] যৎ (শান্তহৃদয়ঃ, কৃতার্থবুদ্ধ্যা সন্তুষ্টচিত্তঃ) [সন্] প্রাব্রাজীঃ (স্বগৃহাভিমুখং প্রস্থিতবানসি) [তৎ] কিং (প্রয়োজনম্) ইচ্ছন্ (অভিলষন্) পুনঃ আগমঃ (মৎসকাশং পুনরাগতোঽসি)। সঃ (ইন্দ্রঃ) হ উবাচ (উক্তবান্) ভগবঃ, (হে ভগবন্), যদ্যপি তৎ (স্থূলদেহেন সর্বজনবিদিতং) ইদং শরীরম্ অন্ধং ভবতি, সঃ [তু] অনন্ধঃ ভবতি; যদি স্রামম্ (ইদং শরীরং) [তথাপি সঃ স্বপ্নাত্মা] অস্রামঃ [এব ভবতি] [কিমধিকেন] অস্য (শরীরস্য) দোষেণ (অন্ধত্বাদিনা) [ছায়াত্মবৎ] এষঃ (স্বপ্নাত্মা) নৈব দুষ্যতি (ন কদাপি কলুষীভবতি)।

ব্যাখ্যা। [অপি চ] অস্য (শরীরস্য) বধেন (নাশেন) [ছায়াত্মপদবাচ্যঃ স্বপ্নাত্মা] ন হন্যতে (ন নশ্যতি); অস্য (শরীরস্য) স্রামোণ (চক্ষুরাদিগতানবরতসলিলস্রাবেণ) স্রামঃ ন [ভবতি] তু (পুনঃ) এনং (স্বপ্নাত্মানং) ঘ্নন্তীব (কেচন হিংসন্তীব); বিচ্ছাদয়ন্তি ইব (বিদ্রাবয়ন্তীব); [এবং চ] অপ্রিয়বেত্তা ইব রোদিতীব চ [অতএব] অহম্ অত্র (স্বপ্নাত্মদর্শনে) ভোগ্যং (কিমপি ফলং) ন পশ্যামি ইতি (এতদিন্দ্রবচনমাকর্ণ্য) [প্রজাপতিঃ উবাচ মঘবন্ (হে ইন্দ্র), এষঃ (স্বপ্নদ্রষ্টা আত্মা) এবমেব (ত্বদভিপ্রায়েণ অপ্রিয়বেত্তাদিদোষসম্পন্ন এব ন তু মদভিপ্রায়েণ ইত্যর্থঃ)। [অতঃ] এতং (ময়ৈবাদৌ উপদিষ্টমদভিপ্রেতমাত্মানং) ত্বেব তে (তুভ্যং) ভূয়ঃ (পুনরপি) অনুব্যাখ্যাস্যামি। [যতো যুক্তিমুখিথ্য বিরূপদিষ্টমপি ময়া, ন ত্বয়া সকৃদপি যথাবদং গৃহীতমতঃ পূর্ববং তবাদ্যাপি প্রতিবন্ধকারণং বিদ্যতে, তস্মাৎ তৎক্ষপণায] অপরাণি দ্বাত্রিংশতং বর্ষাণি [ব্যাপ্য] বস (ব্রহ্মচর্য্যব্রতমনুষ্ঠায় অত্র তিষ্ঠ) ইতি। সঃ (ইন্দ্রঃ) হ (ঐতিহ্যে) অপরাণি দ্বাত্রিংশতং বর্ষাণি উবাস (ব্রহ্মচর্য্যমবলম্ব্য তত্রাবস্থানং চকার)। তস্মৈ (ক্ষপিতকল্মষায় ইন্দ্রায়) উবাচ (আত্মতত্ত্বমুপদিদেশ) হ [প্রজাপতিঃ]।

অনুবাদ। এইরূপ চিন্তা করিয়া ব্যাকুল চিত্তে ইন্দ্র আবার কতকগুলি সমিৎকাষ্ঠ হস্তে লইয়া

প্রজাপতির নিকট উপস্থিত হইলেন। প্রজাপতি তাঁহাকে পুনর্ব্বার আসিতে দেখিয়া জিজ্ঞাসা করিলেন, "কি গো ইন্দ্র, এই তো তুমি হৃষ্টচিত্তে চলিয়া গেলে, আবার কি মনে করিয়া আসিয়াছ? তখন ইন্দ্র বলিতে লাগিলেন, হে দেব, কোন লোক যথার্থ অন্ধ হইলেও কিংবা পীড়ার তাড়নায় তাহার চক্ষুঃ ও নাসিকায় জল ঝরিতে থাকিলেও সে যখন নিদ্রাবস্থায় স্বপ্ন দর্শন করে, তখন আর নিজেকে অন্ধ বা তাহার চক্ষুঃ ও নাসিকা দিয়া জল ঝরিতেছে বলিয়া মনে করে না; এমন কি শরীরের কোনরূপ দোষই আর তখন তাহাকে অল্পমাত্রও কলুষিত করিতে পারে না। শরীর গ্লানিযুক্ত হইলে বা একেবারে তাহা চিরদিনের মত নষ্ট হইয়া গেলে সঙ্গে সঙ্গে ছায়াত্মা যেমন গ্লানিযুক্ত বা নষ্ট হইয়া যায়, এই স্বপ্নাত্মা কখনও সেরূপ হন না; কিন্তু তাহা হইলেও কাহারা যেন নিত্য এই স্বপ্নাত্মাকে মারিয়া ফেলিতেছে, ইঁহাকে তাড়াইয়া দিতেছে, আবার ইনি নিজেও প্রিয়জনের মরণ দুঃখে যেন সন্তপ্ত হইতেছেন, যেন রোদনই করিতেছেন।

অতএব যিনি এখনও তুচ্ছ দুঃখশোকের দোলায় নিত্য দোদুল্যমান, সেই স্বপ্নপুরুষকে যদি আমি সর্ব্বভয়-নিবারক অমর আত্মা বলিয়া স্বীকার করি, তবে তাহাতে আমার লাভ কি? প্রজাপতি বলিলেন, "ইন্দ্র! তুমি সত্যই বলিয়াছ; তুমি যেরূপ বুঝিয়াছ, তাহাতে স্বপ্নদ্রষ্টা ঐ পুরুষটী সত্যসত্যই এখনও দুঃখশোকের দোলায় দোদুল্যমান; কিন্তু আমার উপদেশের তাৎপর্য্য সেরূপ নহে; অতএব আত্মার সম্বন্ধে পূর্ব্বে আমি তোমাকে যে উপদেশ দিয়াছি, এবারও তাহাই বুঝাইয়া বলিতেছি; তবে দুইবার যখন আমার উপদেশের তাৎপর্য্য তুমি গ্রহণ করিতে পার নাই, তখন নিশ্চয়ই তোমার বুদ্ধি কোন কারণে প্রতিহত হইতেছে বুঝিতে হইবে। তাই বলিতেছি যে, তোমার বুদ্ধিবৃত্তির এই দোষটুকু দূর করিবার জন্য তোমাকে আরও বত্রিশবৎসর ব্রহ্মচর্য্য ব্রত অবলম্বন করিয়া এখানে অবস্থান করিতে হইবে।" ইন্দ্র প্রজাপতির এই কথায় সম্মত হইয়া আরও বত্রিশ বৎসর ব্রহ্মচর্য্য ব্রত ধারণ করিয়া

সেখানে অবস্থান করিলেন। তখন প্রজাপতি তাঁহার বুদ্ধিবৃত্তি শুদ্ধ হইয়াছে মনে করিয়া তাঁহাকে উপদেশ দিলেন।

দশম খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

একাদশঃ খণ্ডঃ।

১। তদ্ যত্রৈতৎ সুপ্তঃ সমস্তঃ সম্প্রসন্নঃ স্বপ্নং ন বিজানাত্যেষ আত্মেতি হোবাচৈতদমৃতমভয়মেতদ্-ব্রহ্মেতি। স হ শান্তহৃদয়ঃ প্রবব্রাজ স হাপ্রাপ্যৈব দেবানেতদ্ভয়ং দদর্শ নাহ খল্বয়মেবং সম্প্রত্যাত্মানং জানাত্যয়মহমস্মীতি, নো এবেমানি ভূতানি বিনাশ-মেবাপীতো ভবতি নাহমত্র ভোগ্যং পশ্যামীতি।

ব্যাখ্যা। যত্র (যস্মিন্ কালে) তৎ (প্রসিদ্ধঃ) এতৎ (জীবাত্মা) সুপ্তঃ (নিদ্রিতঃ) সমস্তঃ (উপসংহৃতসর্বেন্দ্রিয়প্রসরঃ) [অতএব বাহ্যবিষয়সম্পর্কজনিতকালুষ্যাভাবাৎ] সম্প্রসন্নঃ (নির-মলঃ) [সন] স্বপ্নং ন বিজানাতি (স্বাপ্নভোগং নানুভবতী-ত্যর্থঃ) এষঃ (ত্যক্তবাহ্যান্তরভোগঃ সুষুপ্তৌ সম্প্রসন্নঃ পুরুষঃ) আত্মা (পূর্বোক্তঅপহতপাপ্মত্বাদিগুণকঃ) এতৎ অমৃতং (মৃত্যুরহিতং) [অতএব] অভয়ম্ (সর্বভয়নিবারকং) এতৎ

ব্রহ্ম ইতি। সঃ (ইন্দ্রঃ) হ শান্তহৃদয়ঃ প্রবব্রাজ, স হ দেবান্ অপ্রাপ্যৈব এতৎ ভয়ং দদর্শ ;—অয়ং (সুষুপ্তাত্মা) খলু সম্প্রতি (সুষুপ্তিকালে) এবং (জাগ্রৎ-স্বপ্নকাল ইব) আত্মানং (স্বং) 'অয়ম্ অহম্ অস্মি' ইতি নাহ (নৈব) জানাতি ; [তথা] নো এব (নৈব) ইমানি (দৃশ্যমানানি) ভূতানি [জানাতীতি শেষঃ] । [অতঃ] বিনাশম্ এব অপীতঃ (প্রাপ্তঃ) ভবতি, [জ্ঞানে সতি হি জ্ঞাতুঃ সদ্ভাবঃ প্রতীয়তে, অসতি তু নৈব প্রতীয়তে ; সুষুপ্তস্য পুনর্জ্ঞানং নৈব দৃশ্যতে, অতো বিনষ্ট ইব স উত্যাভি-প্রায়ঃ] ; [অত এব] অহম্ অত্র (সুষুপ্তাত্মদর্শনে) ভোগ্যং (ফলং) ন পশ্যামি ইতি ।

অনুবাদ। লোকে যখন এরূপ প্রগাঢ় নিদ্রায় অভিভূত হয় যে, তাহার ইন্দ্রিয়গুলি পর্য্যন্ত আপন আপন কার্য্য করিতে না পারিয়া নিশ্চেষ্টভাবে থাকে ; এমন কি, স্বপ্নদর্শন ঘটাইবার মত একটুকু শক্তিও আর তাহাদের অবশিষ্ট থাকে না ; তখন বাহিরের সহিত অন্তরের যোগবন্ধনটা একেবারেই স্খলিত হয় বলিয়া, ক্ষোভশূন্য প্রশান্ত সেই অন্তঃকরণের গভীরতম অন্তঃস্তলে যে সদা প্রসন্ন, আনন্দময় অন্তরতম পুরুষ আপন মহিমায় আপনি

ফুটিয়া উঠেন, তিনিই সর্ব্বভয়নিবারক অমর আত্মা, তিনিই ব্রহ্ম। ইন্দ্র প্রজাপতির নিকট এই উপদেশ লাভ করিয়া হৃষ্টচিত্তে প্রস্থান করিলেন; কিন্তু স্বর্গে ফিরিবার পথেই প্রজাপতির কথাগুলি ভাবিতে ভাবিতে তাঁহার মনে একটা সংশয় উপস্থিত হইল। তিনি চিন্তা করিতে লাগিলেন যে, গাঢ় সুষুপ্তিকালে যিনি আমাদের অন্তরের অন্তস্তলে আপন মহিমায় আপনি দীপ্ত হইয়া উঠেন, তিনিই যদি যথার্থ আত্মা হন, তবে জাগরণে ও স্বপ্নে আমরা যেমন 'আমি অমুক' এই প্রকারের আত্মোপলব্ধিটুকু এবং নিজের সত্তাটুকু কখনই হারাই না সুষুপ্তিকালে আমরা তাহাও হারাইয়া ফেলি কেন? অথচ প্রজাপতি তো বলিয়াছিলেন যে, আত্মা সৎস্বরূপ ও জ্ঞানস্বরূপ। আবার স্বপ্নে ও জাগরণে আমরা বাহিরের বস্তুগুলিকে সর্ব্বদাই উপলব্ধি করিতে পারি; কিন্তু সুষুপ্তিতে আমাদের সে অনুভূতিও আর থাকে না। তবে কেমন করিয়া বলিব যে, সুষুপ্তিকালে যিনি আমাদের হৃদয়ে জাগ্রত থাকেন,

তিনিই সেই জ্ঞানস্বরূপ স্বপ্রকাশ আত্মা। অথচ বলিতে ইচ্ছা হয় যে, তখন আত্মা বলিয়া কিছুই থাকে না, সে একেবারেই নষ্ট হইয়া যায়; কারণ অহংজ্ঞানে বা বিষয়দর্শনে জীবনব্যাপী এই যে আমাদের চিরন্তনের অস্পষ্ট আত্মোপলব্ধি, ইহাও আমরা তখন হারাইয়া ফেলি; অতএব এই সুষুপ্তপুরুষকে আত্মা বলিয়া জানিয়া আমার কোন লাভ দেখিতেছি না।

২। স সমিৎপাণিঃ পুনরেয়ায় তং হ প্রজাপতিরুবাচ মঘবন্‌যচ্ছান্তহৃদয়ঃ প্রাব্রাজীঃ কিমিচ্ছন্ পুনরাগম ইতি। স হোবাচ নাহং খল্বয়ং ভগব এবত্থ সম্প্রত্যাত্মানং জানাত্যয়মহমস্মীতি নো এবেমানি ভূতানি, বিনাশমেবাপীতো ভবতি নাহমত্র ভোগ্যং পশ্যামীতি।

ব্যাখ্যা। সঃ (ইন্দ্রঃ) [এবং সঞ্চিন্ত্য] সমিৎপাণিঃ [সন্] পুনঃ [গুরুসমীপম্] এয়ায়; প্রজাপতিঃ হ (ঐতিহ্যে) তম্ (ইন্দ্রং) উবাচ মঘবন্! (হে ইন্দ্র) যৎ (যস্মাৎ) শান্তহৃদয়ঃ প্রাব্রাজীঃ (প্রস্থিতবান্ অসি) তৎ (তস্মাৎ) কিমিচ্ছন্ পুনঃ আগমঃ (আগতবান্ অসি) ইতি। সঃ (ইন্দ্রঃ) হ উবাচ অয়ং

(সুষুপ্তাত্মা) খলু সম্প্রতি এবং (জাগ্রৎস্বপ্নকাল ইব) আত্মানম্ অযম্ অহম্ অস্মি ইতি নাহ (নৈব) জানাতি ; [তথা] নো এব (নৈব) ইমানি ভূতানি [জানাতীতি শেষঃ] ; বিনাশম্ এব অপীতঃ (প্রাপ্তঃ) ভবতি, অত্র (সুষুপ্তাত্মদর্শনে) ভোগ্যং ন পশ্যামি ইতি।

অনুবাদ। ইন্দ্র আবার কতকগুলি সমিৎসংগ্রহ করিয়া পথ হইতেই ফিরিয়া আসিলেন, প্রজাপতি তাঁহাকে দেখিতে পাইয়া জিজ্ঞাসা করিলেন—ইন্দ্র, এইত তুমি সন্তুষ্ট হইয়া চলিয়া গেলে, আবার কি মনে করিয়া ফিরিয়া আসিয়াছ? তখন ইন্দ্র বলিলেন যে, দেব। প্রগাঢ় সুষুপ্তিসময়ে যিনি আমাদের অন্তরের অন্তস্তলে, আপন মহিমায় আপনি দীপ্ত হইয়া ফুটিয়া উঠেন, তিনিই যদি যথার্থ আত্মা হন, তবে স্বপ্নে ও জাগরণে আমাদের যে আত্মসত্তানুভূতি—"অহম্" আকারের জ্ঞানধারা—নিত্য প্রবাহিত হইতেছে, তাহা তখন রুদ্ধ হইয়া যায় কেন? অথচ আপনি বলিয়াছিলেন যে, আত্মা সৎস্বরূপ। তেমনি আবার দেখিতে পাই, স্বপ্নে ও জাগরণে আমরা বাহিরের

বস্তুগুলিকে উপলব্ধি করিয়া থাকি, কিন্তু সুষুপ্তিতে আমাদের সে অনুভূতিও লুপ্ত হইয়া যায়। তবে আর কেমন করিয়া বলিব যে, সুষুপ্তিকালে যিনি আমাদের হৃদয়পদ্মে আপন মহিমায় দীপ্তি পাইতে থাকেন, তিনিই সেই জ্ঞানস্বরূপ, স্বপ্রকাশ আত্মা। বরং বলিতে ইচ্ছা হয় যে, তখন আত্মা বলিয়া আর কিছুই থাকে না, তাহা একেবারেই বিনষ্ট হইয়া যায়; কেন না 'অহং জ্ঞানে' বা 'বিষয়দর্শনে' জীবনব্যাপী এই যে আমাদের চিরন্তনের অস্পষ্ট আত্মোপলব্ধি—এটুক পর্যান্ত তখন আমরা হারাইয়া ফেলি। অতএব সুষুপ্তিকালে যিনি আমাদের হৃদয়পদ্মে প্রকাশিত হন, তাঁহাকে আত্মা বলিয়া জানিয়া আমি কোনও লাভ দেখিতেছি না।

৩। এবমেবৈষ মঘবন্নিতি হোবাচৈতং ত্বেব তে ভূয়োঽনুব্যাখ্যাস্যামি নো এবাণ্যত্রৈতস্মাদ্বসাঽপরাণি পঞ্চবর্ষাণীতি। স হাপরাণি পঞ্চ বর্ষাণ্যুবাস তাস্মৈ-

শতং সম্পেদুরেতত্তদ্যদাহুরেকশতং হ বৈ বর্ষাণি মঘবান্ প্রজাপতৌ ব্রহ্মচর্য্যমুবাস তস্মৈ হোবাচ।

ইত্যেকাদশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। [প্রজাপতিঃ] হ উবাচ—মঘবন্ (হে ইন্দ্র) এষঃ (সুষুপ্তাত্মা) এবম্ এব (তবাভিপ্রায়েণ সুষুপ্তিকালে জাগ্রৎস্বপ্নকালবৎ স্বাত্মানুভূতিবিরহদোষদুষ্ট এব, ন তু মদাভিপ্রায়েণ ইত্যর্থঃ) এতম্ (অপহতপাপ্মত্বাদিগুণকম্ আত্মানং) এব তে (তুভ্যং) ভূয়ঃ (পুনরপি) অনুব্যাখ্যাস্যামি, এতস্মাৎ (আত্মনঃ) অন্যত্র (কঞ্চন অন্যং) নো এব (নৈব) [অনুব্যাখ্যাস্যামীতি-শেষঃ] অপরাণি পঞ্চ (পঞ্চসংখ্যকানি) বর্ষাণি বস (অত্রৈব তিষ্ঠ) ইতি। সঃ (ইন্দ্রঃ) হ (ঐতিহ্যে), অপরাণি পঞ্চ বর্ষাণি উবাস। [ততশ্চ] তানি (পূর্ব্বোক্তানি বর্ষাণি) [একীভূয়] একশতং (একাধিকশতসংখ্যকানি বর্ষাণি) সম্পেদুঃ (সম্পন্নানি বভূবুঃ)। মঘবান্ হ বৈ (ঐতিহ্যে) একশতং বর্ষাণি প্রজাপতৌ ব্রহ্মচর্য্যম্ উবাস ইতি যদাহুঃ [লোকে শিষ্টাঃ] তৎ এতদেব। তস্মৈ (মৃদিতকষায়াদিদোষায় মঘবতে) হ (ঐতিহ্যে) উবাচ [আত্মতত্ত্বমুপদিদেশ প্রজাপতিরিতি শেষঃ]।

অনুবাদ। প্রজাপতি বলিলেন,—তুমি "যাহা বলিলে তাহা যথার্থ বটে; কিন্তু আমার উপদেশের তাৎপর্য্য ওরূপ ছিল না। যাহা হউক,

এবারও আমি তোমাকে সেই উপদেশই প্রদান করিব; অন্য উপদেশ প্রদান করিবার কোন আবশ্যক দেখিতেছি না। কারণ তোমার বুদ্ধি এখনও একটু মলিন আছে বলিয়া তুমি আমার উপদেশ ঠিক্ হৃদয়ঙ্গম করিতে পার নাই; আর পাঁচ বৎসর তুমি আমার এখানে থাক, তাহা হইলে চিত্তের যে সামান্য মালিন্যটুকু তোমার বুদ্ধি-বৃত্তিকে রুদ্ধ করিতেছে, তাহা দূরীভূত হইয়া যাইবে, তখন তুমি আমার সমস্ত কথাই বেশ স্পষ্ট বুঝিতে পারিবে। ইন্দ্র প্রজাপতির কথা মত আরও পাঁচ বৎসর বাস করিলেন। তাঁহার ব্রহ্মচর্য্যের কাল, এইরূপে একশত এক বৎসরে পরিণত হইয়াছিল। 'ইন্দ্র একশত এক বৎসর প্রজাপতির নিকট ব্রহ্মচর্য্য ব্রত পালন করিয়া অবস্থান করিয়াছিলেন' বলিয়া যে কথাটা লোকে প্রবাদ বাক্যের মত প্রসিদ্ধ হইয়া গিয়াছে, তাহা এই ঘটনাকেই লক্ষ্য করিয়া যাহা হউক অবশেষে প্রজাপতি তাঁহাকে উপদেশ দিলেন।

একাদশ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

দ্বাদশঃ খণ্ডঃ।

১। মঘবন্মর্ত্ত্যং বা ইদং শরীরমাত্তং মৃত্যুনা তদস্যা-মৃতস্যাশরীরস্যাত্মনোঽধিষ্ঠানমাত্তো বৈ সশরীরঃ প্রিয়া-প্রিয়াভ্যাং, ন বৈ সশরীরস্য সতঃ প্রিয়াপ্রিয়য়োরপহ-তিরস্ত্যশরীরং বাব সন্তং ন প্রিয়াপ্রিয়ে স্পৃশতঃ।

ব্যাখ্যা। [প্রজাপতিরুবাচ -] মঘবন্ (হে ইন্দ্র,) ইদং (স্থূলং) শরীরম্ (ইন্দ্রিয়মনোভিঃ সার্দ্ধম্) বৈ (এব) মর্ত্ত্যং (বিনাশ্যং) মৃত্যুনা (কালেন) আত্তং (অনুক্ষণং গ্রস্তম্); তৎ (এতৎ শরীরং) অস্য (পূর্ব্বোক্তস্য) অমৃতস্য (অমরণ-ধর্ম্মিণঃ) অশরীরস্য (শরীরশূন্যস্য) [চ] আত্মনঃ অধিষ্ঠানম্ (ভোগায়তনম্) [স এব আত্মা] সশরীরঃ (শরীরাভিমানী সন্) প্রিয়াপ্রিয়াভ্যাম্ (সুখদুঃখাভ্যাম্) আত্তঃ (ব্যাপ্তঃ)। বৈ (যতঃ) সশরীরস্য (শরীরাভিমানবতঃ) প্রিয়াপ্রিয়য়োঃ (সুখ-দুঃখয়োঃ) অপহতিঃ (বিনাশঃ) ন অস্তি। [পক্ষান্তরে, নিব-র্ত্তিতাবিবেকজ্ঞানং তমাত্মানং] অশরীরং (শরীরাভিমানরহিতং) সন্তং প্রিয়াপ্রিয়ে (সুখদুঃখে) ন স্পৃশতঃ (নাধিগচ্ছতঃ)।

অনুবাদ। বৎস ইন্দ্র, আমাদের এই জড় দেহ মরণশীল; মৃত্যু যেন অনবরত ইহাকে গ্রাস করিয়া রাখিয়াছে; কিন্তু আমি যে আত্মার কথা বলিয়াছি, তিনি অমর; মৃত্যু তাঁহাকে স্পর্শও

করিতে পারে না। আমাদের এই জড় দেহই সেই অশরীরী অমর আত্মার ভোগভূমি। অজ্ঞতাবশতঃ যিনি এই নশ্বর শরীরকেই আত্মা বলিয়া মনে করেন, তিনি সম্পূর্ণরূপে সুখদুঃখের অধীন হইয়া থাকেন। কেন না শরীরের উপর যাহার 'আমার' বলিয়া একটা ভ্রান্ত অভিমান থাকে, কিংবা এই জড়পিণ্ডকেই যিনি 'আমি' বলিয়াই মনে করেন, তাঁহার কখনও সুখদুঃখের অবসান হয় না; কিন্তু যিনি এই শরীরকে একটা তুচ্ছ জড়পিণ্ড বলিয়া জানেন, ইহার উপর যাহার কোন প্রকারের মিথ্যা অভিমান নাই, তাঁহাকে সুখদুঃখ স্পর্শও করিতে পারে না।

২। অশরীরো বায়ুরভ্রং বিদ্যুৎ স্তনয়িত্নুরশরীরাণ্যেতানি, তদ্যথৈতান্যমুষ্মাদাকাশাৎ সমুত্থায় পরং জ্যোতিরুপসম্পদ্য স্বেন রূপেণাভিনিষ্পদ্যন্তে।

ব্যাখ্যা। [দেহাদিতাদাত্ম্যাপাঃ সশরীরতামপহায় অসঙ্গ-পরমার্থনিরাকারস্বরূপাবস্থিতৌ দৃষ্টান্তমাহ—] বায়ুঃ অশরীরঃ (হস্তপদাদ্যবয়বরহিতঃ); অভ্রং (মেঘঃ), বিদ্যুৎ (তড়িৎ) স্তনয়িত্নুঃ (মেঘধ্বনিঃ) এতানি [চ] অশরীরাণি (হস্তপদাদ্য-বয়বরহিতানি); তৎ (তত্র—এবং সতি—বায়ুপ্রভৃতীনামশরীরত্বে

সতি) এতানি (বায়্বাদীনি যথা অমুষ্মাৎ (দ্যুলোকসম্বন্ধিনঃ) আকাশাৎ সমুত্থায় (আকাশসমানরূপতাং পরিত্যজ্য) পরং জ্যোতিঃ (প্রকৃষ্টং সৌরতেজঃ) উপসম্পদ্য (অধিগম্য) স্বেন (স্বকীয়েন অসাধারণেন) (রূপেণ পুরোবাতাদিনামকেন আকারেণ) অভিনিষ্পদ্যন্তে (পরিণমন্তে)।

অনুবাদ। সাধারণতঃ বায়ুর কোন আকার দেখা যায় না; সেইরূপ মেঘ, মেঘের গর্জ্জন ও বিদ্যুৎ, ইহাদেরও কোন আকার নাই। ইহারা যেন ঐ অনন্ত নভোমণ্ডলের মধ্যে বিলীন হইয়া তাহার সহিত এক হইয়া গিয়াছে। তাহার পর নিদাঘে যখন সূর্য্যকিরণ খরতর হইয়া উঠে, তখন যেমন উত্তাপদগ্ধ সুদূর ঐ ব্যোমমণ্ডলের কোন্ এক প্রান্ত হইতে নভোলীন সুপ্ত বায়ু আপনার ঝটিকাময়ী মূর্ত্তিতে পৃথিবীবক্ষে ছুটিয়া আসে; নব নীরদমালা তাহার বিপুল কায়ায় গগনতল ছাইয়া ফেলে; বিদ্যুৎ জ্যোতির্ম্ময়ী লতার মত চঞ্চল হইয়া খেলিতে থাকে; মেঘগর্জ্জন ঘন ঘন বজ্রনিনাদে আকাশ পাতাল কাঁপাইয়া তুলে; প্রত্যেকেই যেমন আপন আপন বিশিষ্ট মূর্ত্তিতে অভিব্যক্ত হইয়া উঠে,

সেইরূপ সুষুপ্তিকালে যিনি আমাদের হৃদয়ের অন্তস্তলে আপন মহিমায় দীপ্ত হইয়া উঠেন, আমাদের সেই সদাপ্রসন্ন আনন্দময় অন্তরাত্মারও প্রথমে কোন আকার—কোন চিহ্ন—আমরা অনুভব করিতে পারি না, শরীরগুহায় বিলীন হইয়া তিনি যেন তাহার সহিত এক হইয়াই যান। তাহার পর সেই গুহা হইতে তিনি যখন উত্থিত হন, শরীরের উপর হইতে মিথ্যা মমতা যখন তাঁহার একেবারেই চলিয়া যায়, তখন তিনি পরমাত্মাকে লাভ করিয়া আপনরূপে আপনি প্রকটিত হইয়া উঠেন।

৩। এবমেবৈষ সম্প্রসাদোঽস্মাচ্ছরীরাৎ সমুত্থায় পরং জ্যোতিরূপসম্পদ্য স্বেন রূপেণাভিনিষ্পদ্যতে স উত্তমঃ পুরুষঃ। স তত্র পর্য্যেতি জক্ষন্ ক্রীড়ন্ রমমাণঃ স্ত্রীভির্বা যানৈর্বা জ্ঞাতিভির্বা নোপজনঁ স্মরন্নিদঁ শরীরঁ স যথা প্রয়োগ্য আচরণে যুক্ত এবমেবায়মস্মিচ্ছরীরে প্রাণো যুক্তঃ।

ব্যাখ্যা। এবম্ এব (বায়ুপ্রভৃতীনাম্ আকাশসাম্যে যথায়ং দৃষ্টান্তঃ উক্তঃ, তথৈব) এষঃ (পূর্ব্বোক্তঃ) সম্প্রসাদঃ (সুষুপ্তৌ বিষয়সম্পর্কজকালুষ্যাভাবাৎ সম্যক্ প্রসন্নঃ জীবাত্মা) অস্মাৎ

(স্থূলত্বেন প্রসিদ্ধাৎ) শরীরাৎ (দেহাৎ) সমুত্থায় (দেহাত্ম-ভাবনাং বিহায়) পরং জ্যোতিঃ (পরমাত্মানং) উপসম্পদ্য (তদ-ভিন্নতামধিগম্য) স্বেন রূপেণ (সদাত্মনা এব) অভিনিষ্পদ্যতে (সম্পদ্যতে) [পরমার্থস্বরূপেণ স্থীয়তে ইত্যর্থঃ]। সঃ (সোঽয়ং পরমার্থস্বরূপেণ অভিনিষ্পন্নঃ, সঃ) উত্তমপুরুষঃ (বাক্যাবাক্য-সংজ্ঞকানক্ষিস্বপ্নবুদ্ধপুরুষানপেক্ষ্য পরমার্থস্বরূপতামধিগতো-ঽয়ং পুরুষঃ, পুরুষোত্তমঃ পরমাত্মা)। সঃ (পরমাত্মস্বরূপাভিন্ন-তামধিগতঃ আত্মা) তত্র (পরমাত্মনি স্থিতঃ সন্) জক্ষৎ (হসন্) ক্রীড়ন্ (সঙ্কল্পাদেব সমুত্থিতৈঃ মানসৈঃ বিষয়ৈঃ ক্রীড়াং কুর্ব্বন্) স্ত্রীভির্বা, যানৈর্ব্বা, জ্ঞাতিভির্ব্বা [মনসৈব] রমমাণঃ [কিন্তু] উপজনং (আত্মাভিব্যক্তিস্থানতয়া জায়মানং) ইদং (স্থূলং) শরীরং ন স্মরন্ (তৎস্মৃতিহিতুঃখকরীতি জ্ঞাত্বা তদ্বিষয়ে চিন্তাম-কুর্ব্বন্) পর্য্যেতি (সর্ব্বত্র পর্য্যটনং করোতি)। সঃ (প্রসিদ্ধঃ) প্রয়োগ্যঃ (রথাদিচালনকর্ম্মণি প্রয়োগযোগ্যঃ অশ্বো, বলীবর্দ্দো বা) যথা আচরণে (রথাদ্যাকর্ষণে) যুক্তঃ (নিযুক্তো ভবতীত্যর্থঃ) এবম্ এব (উক্তদৃষ্টান্তবদেব) অয়ং প্রাণঃ (প্রজ্ঞাত্মা, জীবঃ) অস্মিন্ (রথস্থানীয়ে) শরীরে যুক্তঃ (স্বকর্ম্মফলোপভোগনিমিত্তং নিযুক্তঃ) ।

অনুবাদ। বায়ুপ্রভৃতি যেরূপ আকাশাদির সাম্য প্রাপ্ত হয়, সেইরূপ এই সুষুপ্ত জীবাত্মা এই শরীর হইতে নির্গত হইয়া পরমাত্মস্বরূপ লাভ-

করতঃ স্বরূপসম্পন্ন হইয়া থাকেন। অর্থাৎ আকাশাদির মধ্যে বায়ুপ্রভৃতি অবস্থান করিলে তাহাদের পার্থক্য হঠাৎ অনুভূত হয় না, কিন্তু বায়ুপ্রভৃতি আকাশাদি হইতে সমুত্থিত হইলেই উহাদের পার্থক্য বেশ বুঝিতে পারা যায়, সেইরূপ দেহাভিমানী জীব প্রথম দেহের সহিত অভিন্নভাবেই অবস্থান করেন, কিন্তু যেমন তাঁহার জ্ঞান হয় যে, তিনি দেহধর্ম্মবিশিষ্ট বা ইন্দ্রিয়ধর্ম্মবিশিষ্ট নহেন, তিনি সেই ব্রহ্ম, অমনই তিনি দেহাত্মবোধ পরিত্যাগপূর্ব্বক স্বস্বরূপ প্রাপ্ত হন। সেই সুষুপ্ত জীবাত্মাই উত্তম পুরুষ, তিনি পরমাত্মা-স্বরূপে অবস্থান করিয়া হাস্য বা ভোজন এবং ক্রীড়া করেন, এবং তত্রত্য স্ত্রীগণ অশ্বাদিযান এবং জ্ঞাতি-সমূহের সহিত মনঃকল্পিত আমোদ উপভোগকরতঃ আত্মভাবে সমুৎপন্ন এই শরীরের বিষয় স্মরণ না করিয়া অবস্থান করেন। অশ্বাদি যেরূপ রথাদির আকর্ষণে নিযুক্ত হয়, সেইরূপ এই প্রজ্ঞাত্মা জীবও এই শরীরে কর্ম্মফলভোগের নিমিত্ত নিযুক্ত রহিয়াছে।

৪। অথ যত্রৈতদাকাশমনুবিষণ্ণং চক্ষুঃ স চাক্ষুষঃ

পুরুষো দর্শনায় চক্ষুরথ যো বেদেদং জিঘ্রাণীতি স আত্মা গন্ধায় ঘ্রাণমথ যো বেদেদমভিব্যাহরাণীতি স আত্মাহভিব্যাহারায় বাগথ যো বেদেদং শৃণবানীতি স আত্মা শ্রবণায় শ্রোত্রম্।

ব্যাখ্যা। অথ (বাক্যান্তরারম্ভে) যত্র (যস্মিন্ আত্মাধিষ্ঠানে দেহে) আকাশং (আকাশাত্মকং ছিদ্রাত্মকং) এতৎ (প্রসিদ্ধং) চক্ষুঃ (কৃষ্ণতারোপলক্ষিতং অক্ষিগোলকম্) অনুবিষণ্ণং (অনুগতং প্রোথিতমিত্যর্থঃ) [অস্তীতি শেষঃ], [তস্মিন্ দেহে] সঃ (পূর্ব্বোক্তঃ) চাক্ষুষঃ (চক্ষুরুপলক্ষিতঃ) পুরুষঃ (দ্রষ্টা আত্মা) [এব বর্ত্ততে]; [তস্য দ্রষ্টৃপুরুষস্য] দর্শনায় (রূপগ্রহণায়) চক্ষুঃ (চক্ষুর্নামকং প্রাসিদ্ধমিন্দ্রিয়গোলকম্) [সৃষ্টমিত্যর্থঃ]। অথ যঃ (চৈতন্যময়ঃ পুরুষঃ) বেদ (জানাতি) ইদং (সুগন্ধি দুর্গন্ধি বা বস্তু) জিঘ্রাণি (তদ্বস্তুনঃ গন্ধমনুভবানি) ইতি, সঃ (গন্ধানুভবিতা) আত্মা [এব]; [তস্য গন্ধানুভবিতুরাত্মনঃ] গন্ধায় (গন্ধগ্রহণায) ঘ্রাণং (নাসিকানামধেয়ং ঘ্রাণেন্দ্রিয়ং সৃষ্টমিত্যর্থঃ)। অথ যঃ (পুরুষঃ) বেদ (মন্যতে) ইদং (বচনং) অভিব্যাহরাণি (অহমেব কথয়ামি) ইতি সঃ আত্মা,- [তস্য অভিব্যাহারকর্ত্তুরাত্মনঃ] অভিব্যাহারায় (শব্দোচ্চারণায়) বাক্ (বাগিন্দ্রিয়ং সৃষ্টং)। অথ যঃ বেদ ইদং (বাক্যং) শৃণবানি ইতি সঃ আত্মা, শ্রবণায় (তস্য শ্রবণকর্ত্তুরাত্মনঃশব্দোপলব্ধয়ে। শ্রবণং (শ্রবণসাধনমিন্দ্রিয়ং সৃষ্টমিতি শেষঃ)।

অনুবাদ। এই চক্ষুঃ-স্বরূপ আকাশ বা রন্ধ্র, যাহার অনুগত, তাহাই সেই চাক্ষুষ (চক্ষুর মধ্যে অভিব্যক্ত) পুরুষ, চক্ষুঃ তাহার রূপ উপলব্ধি করিবার কারণ। যিনি মনে করেন, আমি এই গন্ধ অনুভব করি, তিনিই আত্মা; নাসিকা তাঁহার গন্ধগ্রহণের উপায়স্বরূপ। যিনি মনে করেন, আমি এই বাক্য উচ্চারণ করিব, তিনি আত্মা; বাগিন্দ্রিয় তাঁহার উচ্চারণক্রিয়ার উপায়। যিনি মনে করেন, আমি ইহা শ্রবণ করিব, তিনিই আত্মা; কর্ণ তাঁহার শ্রবণক্রিয়ার সাধন।

৫। অথ যো বেদেদং মন্বানীতি স আত্মা মনো-ঽস্য দৈবং চক্ষুঃ, স বা এষ এতেন দৈবেন চক্ষুষা মনসৈতান্ কামান্ পশ্যন্ রমতে য এতে ব্রহ্মলোকে।

ব্যাখ্যা। অথ যঃ বেদ (বিজানাতি) ইদং মন্বানি (অস্মিন্ বিষয়ে মননব্যাপারমহং করবাণি) ইতি, সঃ (মননকর্ত্তা) আত্মা [এব]; মনঃ (মানসেন্দ্রিয়ং) অস্য (মননকর্ত্তুরাত্মনঃ) দৈবং (অপ্রাকৃতম্ ইতরেন্দ্রিয়ৈরসাধারণমিত্যর্থঃ) চক্ষুঃ (দর্শন-সাধনং)। সঃ এষঃ (পরমাত্মনা একীভূয় সর্ব্বাত্মভাবমাপন্নঃ মুক্তাত্মা) বৈ (এব) এতেন দৈবেন (পূর্ব্বোক্তেন অলৌকি-

কেন) চক্ষুষা (চক্ষুষেব দৃষ্টিসাধনেন) মনসা (মানসেন্দ্রিয়েন) এতান্ কামান্ (বিবিধবিচিত্রভোগান্) পশ্যন্ (অনুভবন্) রমতে (প্রীতো ভবতি), যে এতে (কামাঃ) ব্রহ্মলোকে [বিদ্যন্তে]।

অনুবাদ। যিনি মনে করেন, আমি ইহা মনন করিব, তিনি আত্মা ; মনঃ তাঁহার অসাধারণ চক্ষুঃ। ব্রহ্মরূপ লোকে অর্থাৎ ব্রহ্মে যে সমস্ত কাম্য বিষয় আছে, সেই আত্মা এই অসাধারণ চক্ষুঃস্বরূপ মনের দ্বারাই সেই কাম্য বিষয়সমূহ দর্শন করিয়া আনন্দ উপভোগ করেন।

৬। তং বা এতং দেবা আত্মানমুপাসতে তস্মাত্তেষাং সর্ব্বে চ লোকা আত্তাঃ সর্ব্বে চ কামাঃ, স সর্ব্বাংশ্চ লোকানাপ্নোতি সর্ব্বাংশ্চ কামান্, যস্তমাত্মানমনুবিদ্য বিজানাতীতি হ প্রজাপতিরুবাচ প্রজাপতিরুবাচ।

ইতি দ্বাদশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। [এবম্ আত্মানমুপদিশ্য অধুনা তজ্জ্ঞানফলমাহ] দেবাঃ বৈ (প্রসিদ্ধৌ) তং (প্রজাপতিনা ইন্দ্রায় উক্তং) এতম্ (ইন্দ্রেণ চ দেবেভ্যঃ উপদিষ্টম্) আত্মানম্ উপাসতে। তস্মাৎ

(আত্মোপাসনাৎ) তেষাং (দেবানাং) সর্ব্বে চ লোকাঃ (ভোগস্থানানি) সর্ব্বে চ কামাঃ (ভোগবিষয়াঃ) আত্তাঃ (প্রাপ্তাঃ); [ইদানীন্তনঃ দেবেভ্যোঽন্যোঽপি] যঃ (কশ্চিৎ) তম্ (পূর্ব্বোক্তম্) আত্মানম্ অনুবিদ্য (ইন্দ্রাদিবৎ শাস্ত্রাচার্য্যোপদেশতঃ অধিগম্য) বিজানাতি (স্বসংবেদ্যতামাপাদয়তি) সঃ [অপি] সর্ব্বাংশ্চ লোকান্ সর্ব্বাংশ্চ কামান্ আপ্নোতি (অধিগচ্ছতি), ইতি হ (ঐতিহ্যে) প্রজাপতিঃ উবাচ [দ্বিরুক্তিঃ প্রকরণসমাপ্তিসূচিকা]।

অনুবাদ। [অধুনা এই ব্রহ্মবিদ্যার ফল কথিত হইতেছে] প্রজাপতি ইন্দ্রকে যে আত্মার বিষয় বলিয়াছিলেন, দেবগণ সেই আত্মারই উপাসনা করেন, সেই আত্মোপাসনা হইতেই তাঁহারা উৎকৃষ্ট ভোগস্থানসমূহ এবং কাম্য বিষয় প্রাপ্ত হইয়াছেন, অপর কোন ব্যক্তি যদি গুরুর নিকট আত্মবিষয়ক জ্ঞান লাভ করিয়া উপাসনা করেন, তিনিও সমস্ত লোক এবং কাম্য বিষয়সমূহ প্রাপ্ত হইয়া থাকেন। ইহাই প্রজাপতি বলিয়াছিলেন। [প্রকরণ সমাপ্তির জন্য দ্বিরুক্তি হইয়াছে]।

ত্রয়োদশঃ খণ্ডঃ।

১। শ্যামাচ্ছবলং প্রপদ্যে শবলাচ্ছ্যামং প্রপদ্যে-ঽশ্ব ইব রোমাণি বিধূয় পাপং চন্দ্র ইব রাহোর্মুখাৎ-প্রমুচ্য ধূত্বা শরীরমকৃতং কৃতাত্মা ব্রহ্মলোকমভি-সম্ভবামীত্যভিসম্ভবামীতি।

ইতি ত্রয়োদশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। [অয়ং পবিত্রঃ মন্ত্রো ধ্যানার্থো জপার্থো বা।] শ্যামাৎ (গম্ভীরাৎ, হৃদয়াভ্যন্তরস্থিতাৎ অত এব অতীব দুর্জ্ঞেয়াৎ ব্রহ্মণঃ, ধ্যানেন তৎ বিজ্ঞায় ইত্যর্থঃ) শবলং (শবলমিব। বাচস্ত-মিব, শবলং নানাকামমিশ্রং ব্রহ্মলোকং) প্রপদ্যে (আপন্নো-ঽস্মি)। [তথা] শবলাৎ (ব্রহ্মলোকাৎ) শ্যামং (অন্তস্থং দুর্জ্ঞেয়ং ব্রহ্ম) প্রপদ্যে (প্রাপ্তোঽস্মি)। [কথং শবলং ব্রহ্মলোকং প্রপদ্যে ইতি উচ্যতে] অশ্বঃ ইব রোমাণি (স্বগাত্রলোমানি) বিধূয় (বিকম্প্য, কম্পনেন ধূলিপ্রভৃতীনি রোমতোঽপনীয়) পাপং বিধূয় (পরিত্যজ্য), চন্দ্রঃ ইব (যথা) রাহোঃ মুখাৎ প্রমুচ্য [দীপ্তিমান্ ভবতি তথা] শরীরং (সর্বানর্থাশ্রয়ং দেহং) ধূত্বা (পরিত্যজ্য) কৃতাত্মা (কৃতকৃত্যঃ সন্) অকৃতং (নিত্যং) ব্রহ্ম-লোকং অভিসম্ভবামি (অভিতঃ প্রাপ্নোমি)। [দ্বিরুক্তির্মন্ত্র-পরিসমাপ্ত্যর্থা]।

অনুবাদ। [এই পবিত্র মন্ত্রটী ধ্যান অথবা

জপের নিমিত্ত ব্যবহৃত হয়] আমি শ্যাম অর্থাৎ হৃদয়স্থ দুর্জ্ঞেয় ব্রহ্ম ধ্যানের দ্বারা অবগত হইয়া শবল অর্থাৎ নানাকামমিশ্রিত ব্রহ্মলোক প্রাপ্ত হইতেছি এবং সেই শবল হইতে আবার শ্যামকে প্রাপ্ত হইতেছি। [এই শবল ব্রহ্মলোকপ্রাপ্তি কিরূপে হয়, সেইজন্য বলিতেছেন] অশ্ব যেরূপ গাত্রলোমসকল কম্পিত করিয়া ঐ লোম হইতে ধূলিপভৃতি অপসারিত করতঃ উজ্জ্বল হয় এবং চন্দ্র যেরূপ রাহুর গ্রাস হইতে নির্ম্মুক্ত হইয়া দীপ্তিমান্ হয়, সেইরূপ আমি পাপ পরিত্যাগ করিয়া সকল অনর্থের আধারস্বরূপ দেহ ত্যাগকরতঃ কৃতার্থ হইয়া নিত্য ব্রহ্মলোক প্রাপ্ত হইতেছি। [মন্ত্র-সমাপ্তির জন্য দ্বিরুক্তি হইয়াছে]।

ত্রয়োদশ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

চতুর্দ্দশঃ খণ্ডঃ।

১। আকাশো বৈ নাম নামরূপয়োর্নির্ব্বহিতা, তে যদন্তরা তদ্ ব্রহ্ম তদমৃতং স আত্মা। প্রজাপতেঃ সভাং বেশ্ম প্রপদ্যে যশোঽহং ভবামি ব্রাহ্মণানাং যশো-

রাজ্ঞাং যশো বিশাং যশোঽহমনুপ্রাপৎসি, স হাহং যশসাং যশঃ শ্যেতমদৎ কমদৎকশ্যৈ শ্যেতং লিন্দু মাভিগাং লিন্দু মাভিগাম্।

ইতি চতুর্দ্দশঃ খণ্ডঃ।

ব্যাখ্যা। [অথ ব্রহ্মণো লক্ষণনির্দ্দেশার্থমাহ] আকাশঃ বৈ নাম (শ্রুতিষু প্রসিদ্ধ আত্মা, আকাশ ইব অশরীরত্বাৎ সূক্ষ্মত্বাচ্চ ইতি ভাবঃ] নামরূপয়োঃ নির্ব্বহিতা (নির্ব্বাহকঃ)। তে (নামরূপে) যদন্তরা (যস্য ব্রহ্মণঃ অন্তরা মধ্যে) [বর্ত্তেতে], তৎ (নামরূপাভ্যামস্পৃষ্টং তথাপি তয়োর্নির্ব্বাহকং) ব্রহ্ম, তৎ অমৃতং (অবিনাশি), সঃ আত্মা। [অত ঊর্দ্ধং মন্ত্র উচ্যতে] অহং প্রজাপতেঃ (চতুর্ম্মুখস্য) সভাং বেশ্ম (গৃহং) প্রপদ্যে (গচ্ছেয়ম্)। অহং ব্রাহ্মণানাং যশঃ [আত্মা] ভবামি, রাজ্ঞাং (ক্ষত্রিয়াণাং) যশঃ, বিশাং (বৈশ্যানাং) যশঃ (আত্মা)। [তৎ] যশঃ অহম্ অনুপাপৎসি (অনুপ্রাপ্তুমিচ্ছামি)। স হ অহং যশসাং দেহেন্দ্রিয়মনোবুদ্ধিলক্ষণানাম্ আত্মনাং) যশঃ (আত্মা)। [কিমর্থম্ অহম্ এবং প্রপদ্যে ইতি উচ্যতে] শ্যেতম্ (বর্ণতঃ পক্কবদরসমম্) অদৎকম্ (দন্তরহিতমপি) অদৎকং (ভক্ষয়িতৃ-স্বোপাসকানাং তেজোবলবীর্য্যবিজ্ঞানধর্ম্মাণাম্ অপহন্তৃ ইত্যর্থঃ) শ্যেতং লিন্দু (স্ত্রীব্যঞ্জকং চিহ্নরূপং) মা অভিগাং (ন অভিগচ্ছেয়ম্) [দ্বির্ব্বচনম্ অত্যন্তানর্থহেতুত্বপ্রদর্শনার্থম্]।

অনুবাদ। [অনন্তর ব্রহ্মের লক্ষণনির্দ্দেশের জন্য বলিতেছেন :—] শ্রুতি-প্রসিদ্ধ আকাশ বা আত্মাই (আকাশের ন্যায় অশরীর এবং সূক্ষ্ম বলিয়া আত্মাকে আকাশ বলা হয়) নাম এবং রূপের নির্ব্বাহক। সেই নাম এবং রূপ যাহার মধ্যে বর্ত্তমান, তাহাই ব্রহ্ম, তাহাই অমৃত বা অবিনাশী এবং তাহাই আত্মা। [অতঃপর মন্ত্র কথিত হইতেছে] আমি চতুর্ম্মুখের সভাগৃহ প্রাপ্ত হইতেছি, আমি ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য-গণের আত্মা, আমি উক্ত আত্মস্বরূপ প্রাপ্ত হইতে ইচ্ছা করি। আমি দেহ, ইন্দ্রিয়, মনঃ এবং বুদ্ধিরূপ-লক্ষণবিশিষ্ট আত্মসমূহের আত্মা। [কিজন্য আমি ইহা প্রাপ্ত হই? ইহাই বলিতেছেন!] পক্ক কুলের ন্যায় বর্ণবিশিষ্ট এবং দন্তরহিত হইয়াও যাহা নিজোপাসকগণের তেজঃ, বল, বিজ্ঞান, বীর্য্য-প্রভৃতির নাশক, সেই শেতলিন্দু বা অনর্থকর স্ত্রীত্বব্যঞ্জক চিহ্নবিশেষ যেন প্রাপ্ত না হই—উহা যেন প্রাপ্ত না হই।

চতুর্দ্দশ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

পঞ্চদশঃ খণ্ডঃ।

১। তদ্ধৈতদ্ ব্রহ্মা প্রজাপতয় উবাচ প্রজাপতির্মনবে মনুঃ প্রজাভ্যঃ আচার্য্যকুলাদ্বেদমধীত্য যথাবিধানং গুরোঃ কর্ম্মাতিশেষেণাভিসমাবৃত্য কুটুম্বে শুচৌ দেশে স্বাধ্যায়মধীয়ানো ধার্ম্মিকান্ বিদধদাত্মনি সর্ব্বেন্দ্রিয়াণি সম্প্রতিষ্ঠাপ্যাহিংসন্ সর্ব্বভূতান্যন্যত্র তীর্থেভ্যঃ, স খল্বেবং বর্ত্তয়ন্ যাবদায়ুষং ব্রহ্মলোকমভিসম্পদ্যতে ন চ পুনরাবর্ত্ততে ন চ পুনরাবর্ত্ততে।

ইতি পঞ্চদশঃ খণ্ডঃ।

ওঁ আপ্যায়ন্তু মমাঙ্গানি বাক্প্রাণশ্চক্ষুঃ শ্রোত্রমথো বলমিন্দ্রিয়াণি চ সর্ব্বাণি। সর্ব্বং ব্রহ্মোপনিষদং মাহং ব্রহ্ম নিরাকুর্য্যাং মা মা ব্রহ্ম নিরাকরোদনিরাকরণমস্ত্বনিরাকরণং মেঽস্তু তদাত্মনি নিরতে য উপনিষৎসু ধর্ম্মাস্তে ময়ি সন্তু তে ময়ি সন্তু।

ওঁ শান্তিঃ ওঁ শান্তিঃ ওঁ শান্তিঃ।

ব্যাখ্যা। [অধুনা শাস্ত্রার্থমুপসংহরতি] ব্রহ্মা তৎ এতৎ হ (সোপকরণম্ আত্মজ্ঞানম্) প্রজাপতয়ে (কশ্যপায়) উবাচ (উক্তবান্), প্রজাপতিঃ মনবে, মনুঃ প্রজাভ্যঃ [উবাচ]।

[ব্রহ্মজিজ্ঞাসুর্জনঃ] যথাবিধানং (যথাশাস্ত্রং) গুরোঃ (আচার্য্যস্য) কর্ম্ম (শুশ্রূষাদিকং) [কৃত্বা] অতিশেষেণ (অবশিষ্টকালেন) বেদম্ অধীত্য (সংার্থতো অধ্যয়নং কৃত্বা) আচার্য্যকুলাৎ (গুরুকুলাৎ) অভিসমাবৃত্য (নিবৃত্য) [দারান্ সংগৃহ্য] কুটুম্বে [স্থিত্বা] (গার্হস্থ্যে বিহিতে কর্ম্মণি তিষ্ঠন্নিত্যর্থঃ) শুচৌ (বিবিক্তে) দেশে [যথাবৎ আসীনঃ] স্বাধ্যায়ম্ অধীয়ানঃ, ধার্ম্মিকান্ (পুত্রান্ শিষ্যাংশ্চ) বিদধৎ (কুর্ব্বন্) আত্মনি (স্বহৃদয়ে কার্দ্দে ব্রহ্মণি) সর্ব্বেন্দ্রিয়াণি সংপ্রতিষ্ঠাপ্য (উপসংহৃত্য) তীর্থেভ্যঃ অন্যত্র সর্ব্বভূতানি (স্থাবরজঙ্গমানি) অহিংসন্ (অপীড়য়ন্) সঃ (মুমুক্ষুঃ) খলু যাবদায়ুষং (যাবজ্জীবং) এবং (যথোক্তেন প্রকারেণ) বর্ত্তয়ন্ (বৃত্তিং কুর্ব্বন্) [দেহান্তে] ব্রহ্মলোকম্ অভিসম্পদ্যতে, ন চ পুনরাবর্ত্ততে [শরীরগ্রহণায়]। [দ্বিরুক্তিঃ উপনিষদ্বিদ্যা পরিসমাপ্ত্যর্থা]।

অনুবাদ। [অধুনা শাস্ত্রোক্ত বিষয়ের উপসংহার করিতেছেন] ব্রহ্ম ঐ সোপকরণ আত্মজ্ঞানবিষয় কশ্যপকে বলিয়াছিলেন, কশ্যপ মনুকে এবং মনু প্রজাগণকে বলিয়াছিলেন। ব্রহ্মজ্ঞান লাভেচ্ছু ব্যক্তি স্মৃতিশাস্ত্রানুসারে গুরুশুশ্রূষাদি কর্ম্মকরণতঃ অবশিষ্টকাল অর্থের সহিত বেদাধ্যয়ন করিয়া গুরুকুল হইতে প্রতিনিবৃত্ত হইবে। অনন্তর দারপরিগ্রহ

করিয়া, গার্হস্থ্য কর্ম্মের অনুষ্ঠানকরতঃ পবিত্র স্থানে যথানিয়মে উপবেশন করিবে। পরে বেদাধ্যয়ন করতঃ পুত্র এবং শিষ্যগণকে ধার্ম্মিক করিয়া নিজহৃদয়স্থিত ব্রহ্মে সমস্ত ইন্দ্রিয় ও তৎকার্য্যসমূহের বিলয়সাধন করিবে। তীর্থভিন্ন অন্যস্থানে স্থাবরজঙ্গম জীবকে পীড়াদান করিবে না। সেই মুমুক্ষু যাবজ্জীবন এইরূপে বর্ত্তমান থাকিয়া দেহান্তে ব্রহ্মলোক প্রাপ্ত হয়। সেই স্থান হইতে শরীরগ্রহণের নিমিত্ত পুনরায় আগমন করে না। [উপনিষৎবাক্যসমাপ্তির জন্য দ্বিরুক্তি হইয়াছে]।

পঞ্চদশ খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।

ইতি ছান্দোগ্যোপনিষৎ সম্পূর্ণা।